## विश्वक्या

#### पर्शाद

বাবতীর সংক্ত, বালালা ও প্রান্ধ প্রক্রের আর্থ ও ব্যুৎপত্তি; আরম্ম, পার্ক্ত, ছিলি প্রকৃতি ভাষার চলিত পদ ও ভাষাদের আর্থ; প্রাচীন ও আধ্নিক ধর্মনাথার ও ভাষাদের মত ও বিধান; মনুষ্ত্র এবং আর্থ ও অনার্থা জাতির বৃত্তাত্ত; বৈধিক, পৌরাদিক ও ঐতিহানিক সর্ব্বরাতীর প্রনিদ্ধ ব্যক্তি-পণের বিবরণ; বেল, বেলাল, প্রাণ, তত্র, ব্যাক্তরণ, অলভার, ছলোবিলা, ভার, জ্যোতিব, অল, উত্তিব, রনারণ, ভূতত্ব, প্রাণিত্ত্ব, বিজ্ঞান, আলোপ্যাণী, হোমিওপ্যাণী, বৈধ্যক ও হকিনীলভের চিকিৎসাপ্রণালী ও ব্যবহার, পির, ইপ্রধান, কৃষ্টিত্ব, পাক্বিলা প্রভৃতি লাম। পাছের সারসংগ্রহ অকার্যাকি বর্ণাভ্রক্ষিক ব্যক্তিহাল।

ষষ্ঠ ভাগ।

ঘ—জন্।

শ্রীনগেন্দ্রনাথ বস্থ সঙ্কলিত ও প্রকাশিত।

কলিকাতা

৬ নং ভীম বোষের দেন, গ্রেট ইভিন্ প্রেদে ইউ, দি, বহু এগু কোম্পানি দারা মুক্তিত।

১७०२ माम।

1, 8



# বিশ্বকোষ।

#### ষষ্ঠ ভাগ।

ঘ

### ঘ

স্থা ঘকার, ব্যঞ্জনের চতুর্ধ বর্ণ। মুগ্ধবোধের মতে ইহার
উচ্চারণভান কঠ। পাণিনি প্রথমে ইহাকে কঠা বলিয়া
গণনা করিয়াপরে শিক্ষাগ্রন্থে জিহ্বাম্লীয় বলিয়া স্বীকার
করিয়াছেন।[শিক্ষাদেখ।]

কামণেমুভজের মতে এই বণ্টী চতুংকাণযুক্ত, পঞ্লেবভা-ময় ও অফণ্থাভ।

ইহার উচ্চারণে আভাস্তর প্রযন্ত্র প্রশাস্থ পার্শ করিয়া উচ্চারিত হইয়া থাকে। এই কারণে ইহাকে স্পর্শ বর্ণ বলে। বাফ্প্রযন্ত্রবাধ, নাদ, সংবার ও মহাপ্রাণ। (সি॰ কৌ॰)

ইহার বঙ্গে লেখনপ্রাণালী—প্রথমে বামদিকে অধোদ্ঞাগে একটা বক্ররেথা টানিয়া ভাহার অত্যে কুগুলী করিয়া অধোদ্যা বক্রভাবেই বাড়াইবে। এই কুঞ্জিত রেখাটার নিয় অগ্র হইতে একটা সরল রেখা উর্জমুখে টানিবে। ইহা ছাড়া অপরাপর অক্ররের ভার মাত্রাও দিতে হর।

ইহার নাম—থজ্গী, ঘুর্যুর, ষষ্টি, মুগুলি, ত্রিপুরান্তক, বায়ু, শিবোন্তম, সত্যা, কিছিণী, ঘোরনাদক, মরীচি, বরুণ, মেধা, কালরূপী, দান্তিক, সমোদর, লখোদরী, জালমালা, নদ্দেশ, হনন, ধ্বনি, ত্রৈলোক্যবিদ্যা, সংহত্তা, কামাখ্যা, মন্বা ও মহা।

ইহার গ্রান — বর্ণ মালজী পুলোর ভার, ছরটা জুল, নরন রক্তবর্ণ, পরিধানে শুক্লবৈজ্ঞ, গলার শালাফ্লের মালা, মুথ-খানি সর্বলাই ক্লবং হাজমুক্ত, ইহার নরন তিন্টা অভিশন্ন মনোহর । সাধক ঘকারের এইরপ ধ্যান করিয়া মূলমন্ত ১০ বার জপ:করিবে। ইহার প্রণামের মন্ত্র—

"निश्चर्यः विश्वरगारमञ्जः नना विरगानमःश्रृष्ठम् ।

নর্কাণ শাত্তং ঘকারং প্রণামান্তম্ ॥" (বর্ণোদ্ধারতজ্ঞ)

মাতৃকাভাগে ডান হাতে অসুনীতে ইহার ভাগ করিতে
হর। [মাতৃকাভাগ দেখ।]

ছ (পুং) ঘটরতি ঘর্ষরাদি শব্দং করোতি ঘট বাহলকাৎ ড।
> ঘণ্টা। ২ ঘর্ষরশব্দ। (মেদিনী) ও বংসর।

ঘক†র (পুং) ঘ-স্বরূপে কার (বর্ণস্বরূপে কারভকারো)। বৈয়া-করণং)। ঘক্ষরপ বর্ণ, ঘ।

"এবং ধ্যাত্বা অকারত্ত ত্যাত্রং দশধা জপেং।" (বর্ণোদ্ধারতন্ত্র)

ঘট (পুং) ঘটতে ঘট-অচ্। > কত্থীবাদি গুকু মৃত্তিকাদি
নির্মিত পাত্র, কলস।

"যন্ত রত্জ্ং ঘটং কুশান্ধরেদভিন্দ্যান্ত যঃ প্রপাম্।" (মহ ৮।৩১৯)

[ইহার পরিমাণাদি কলশ শব্দে দ্রষ্টব্য।] ২ প্রাণায়াম বিশেষ, কুন্তক। এই প্রাণায়ামে ঘটের স্থায় নিশ্চল হইতে পারা যায়, ভাই উহাকে ঘট নামে উল্লেখ করা হইরা থাকে। [কুন্তক ও প্রাণায়াম দেখ।] ৩ হতিক্ত। ৪ কুন্তরাশি। "হরিকীটঘটেন চ।" (স্ব্যোতিক্তম)

৫ পরিমাণবিশেষ, জোণ। (বৈদ্যকপরিভাষা) ৬ কৃত্ত-পরিমাণ, কুড়িজোণ।

"দশলোণো ভবেৎ থারী কুস্তম্ভ জোণবিংশভিঃ।" (প্রারশ্চিস্ততং) ( দেশল ) ৭ শরীরের অন্তর্গত অবরব বিশেষ। "বৃদ্ধি নাইকো ঘটে ?" বর্গগাধা। ম্পর্শ করিবে না।

ঘটক (পুং) ঘটরতি পরস্পরসম্বাদিকং ঘট-ণিচ্। > কুলা-চার্য্য। ঘটক ছয় প্রকার—ধাবক, ভাবক, অংশক, যোজক, দূবক ও তাবক।

"ধাবকো ভাবকলৈতব বোজক দাংশক তথা।
দূবক তাবক লৈতব বড়েতে ঘটকা: মৃতা:॥" (কুলদী॰)
মহিষমৰ্দিনীত জ্বের মতে বাদ্দণ ঘটক হইলে তাহাকে

্ঘটকং ব্রাহ্মণং দেবি । স্পর্যেত্তন্তাকেং ।\*
( পাক্তানন্দত্ত ১৬ উলাস )

এদেশে কুলাচার্য্যের গ্রন্থে লিখিত আছে—
"অংশং বংশং তথা দোবং বে জানস্তি মহাজনা:।
ত এব ঘটকা জেয়া ন নাম-গ্রহণাৎ পুনঃ॥"
স্মর্গাহ যে ব্যক্তি অংশ বংশা ও কলেব দোবাদোর বি

অর্থাৎ যে ব্যক্তি অংশ, বংশ ও কুলের দোষাদোষ নির্ণয় করিতে পারেন, তাহাকেই ঘটক বলে। কেবল নাম জানা থাকিলে তাহাকে ঘটক বলা যায় না।

(ত্রি) ২ বোজক, বে যোজনা করে। ৩ ভারপ্রসিদ্ধ পারিভাষিক পদার্থ বিশেষ। যাহার জ্ঞান না হইলে যাহার জ্ঞান হইতে পারে না, ভাহাকে ভাহার ঘটক বলে। যেরপ "বহ্নিমান্ পর্কতঃ" এইরপ জ্ঞান বহি ও পর্কত এই হরের জ্ঞান না হইলে হইতে পারে না, অভএব "বহ্নিমান্ পর্কতঃ" ইহার ঘটক বহি ও পর্কত। ভারমতে ইহার লক্ষণ— "স্ববিষ্মাভাব্যাপক্ষবিষ্যভাক্তং ঘটকত্বং। যং স্বার্ঘটকার্যক্র স্থার্থায়্মিনি বোধনে।" (শ্রশক্তিং) (পুং) ৪ বনস্পতি, পুল্প ব্যভিরেকে যে বুক্লের ফল হয়।

ঘটকর্পর (পুং) > মহারাজ বিক্রমাদিত্যের সভাস্থ একজন কবি। (জ্যোভির্বিদাণ) ইনি নীতিসার্থ্য নামে একথানি কাব্য প্রণয়ন করেন।

ঘটস্থ কর্পর: ৬ডৎ। ২ ভগ্গঘটাদির অবর্যব, ধাবরা। "ভবৈদ্ম বহেয়মুদকং ঘটকর্পরেণ" (নীতিসার)

ঘটকার ( অ ) ঘটং করোতি ঘট-ক্ত-অণ্ উপপদসং। কুস্তকার, কুমার। "ঘটকারপুরোহিভান্সজাং"। ( বৃহৎসং ১৬ আঃ) ঘটকারক ( অ ) ঘটত কারকঃ ৬৩ৎ। ঘটনির্মাতা, কুস্তকার। ঘটকালি ( দেশক ) ঘটকের কর্ত্তব্য কার্জ, ঘটকতা। ঘটকী ( জী ) ঘটকের জী। ২ যে জীলোক ঘটকালি করে। ঘটকুৎ ( অ ) ঘটং করোতি ঘট-ক্ত-কিপ্। কুস্তকার। "বিষদমাত্যবণিক্জনঘটকচিত্রাস্ত্যকান্তিফলাঃ।" (বৃহৎসং ১৬ আঃ) ঘটগ্রহ ( অ ) ঘটং গৃহাতি ঘট-গ্রহ-অচ্ ( শক্তিলাকলাস্থা-ভোমরয়ষ্টিঘটঘটাধহঃত্ম গ্রহেরপস্থান্ম। পা এহা৯ বার্ত্তিকং) কুম্বগ্রহক, যে কুম্ব গ্রহণ করে।

ঘটজ (পুং) ঘটাৎ কারতে জন-ড। কুন্তসন্তব, জগতামুনি।
"কিংবছক্তেন ঘটজা কাশীপ্রাপ্তাথ তেন বৈ।" (কাশীথ ৩০ জা)
ঘটজাতাদি শক্ত এই অর্থেব্যবহৃত হয়।

ঘটদাসী (স্ত্রী) ঘটরভি নারকৌ পরস্পরং ঘোজরতি ঘট অচ্ টাপ্ ঘটাচাসে দাসীচেতি কর্মধা হবক। কুটনী। পর্যার—কৃষ্টনী, ইজ্ঞা, রতভালী, গণেককা। (ব্রিকাও॰) ঘটন (ক্লী) ঘট-সূচ্ট। ঘোজনা, সংমেশন।

"ভণ্ডেন ভণ্ডময়সা ঘটনায় যোগ্যম্।" (বিভা॰)

ঘ্টনা (স্ত্রী) ঘট-ণিচ্-যুচ্-টাপ্। ১ সংহতকরণ। ২ হতীসমূহ।
"করিণাং ঘটনা ঘটাঃ।" (অমর)

৩ যোজনা। ৪ মেলন।

"প্রিয়জনঘটনামাশুড়:শীলতাঞ্চ"।" ( বৃহৎসং ৫২ আ: )

৫ আক্ষিক ব্যাপার, যে বিষর্টী সহসাহইরা পড়ে। ৬ দৈবগতি, বিধিনির্বন্ধ।

ঘটনাসুভাবকতা, যে বৃতিহারা ঘটনার অনুভব করিছে পারা যায় না।

ঘটনীয় ( তি ) घট-জনীয়ন । घটনার যোগ্য, যাহা ঘটবে । ঘটভব ( পুং ) ঘটে ভবঃ ৭তং । ১ ঘটজ, কুস্তযোনি । ( তি ) ২ যাহা ঘটে উৎপন্ন হয় ।

ঘটভোদনক (পুং) ঘটত ভেদনক: ৬তৎ। যে যদ্তে ঘটের ভেদ প্রস্তুত হয়।

चृहेश्चित्र (অ) ঘট-পিচ্-তব্য। ১ ঘটনার যোগ্য। ২ যাহার ঘটনা করা উচিত।

"কথমেতং মহচ্ছিত্তং ঘটয়িতবাস্।" (পঞ্জয়)

ঘটযোনি (পুং) ঘটা যোনি: উৎপত্তিস্থানং যত বছরী। কুস্তবোনি, অগত্তা মুনি। [কুস্তযোনি দেখ।]

ঘটপর্য্যসন (ক্লী) ঘটতা পর্য্যসনং ৬তৎ। ধর্মণান্ত্রাম্সারে পতিত ব্যক্তি প্রায়লিত্ত না করিলে তাহাকে পরিত্যাগ করিবার অন্ত তাহার জ্ঞাতিগণের অন্ত প্রের ক্রিয়াবিশেষ, জীব-দশার পতিতের প্রেতকার্যা। মিভাক্ষরার মতে পতিত ব্যক্তি ওক্ষত্রশতঃ প্রায়লিত্ত না করিলে তাহার সপিও জ্ঞাতি ও মাতৃপক্ষীর বান্ধবগণ মিলিত হইরা প্রামের বাহিরে জীবদশাতেই তাহার প্রেতকার্য্য করিবে। সকলে মিলিত হইরা দাসীঘারা জলপূর্ণ একটা কুম্ব আনয়ন করিয়া স্থাপন করাইবে। পরে সকলে মিলিত হইরা বিধানাম্পারে ভাহার উদকপিওদানাদি সমস্ত প্রেতকার্য্য শেষ করিবে। কার্যাশেষ হইলে দাসী দক্ষিণমুখিনী হইরা পদাখাতে সেই জলপ্র কুন্তীকে ফেলিরা দিবে, যেন তাহাতেই কুন্তটী জলশ্র হর, ইহার নাম ঘটপর্যাসন। রিক্ষাপ্রভৃতি নিক্ষিত তিথিতে

লারাকে ইহার অহাচান করিতে হয়। পরে মুক্তশিও ও প্রাচীনাধীতী হইরা লান করিরা প্রামে প্রবেশ করিবে। পতিত ব্যক্তিকে লকণে মিলিত হইরা প্রার্শিত্ত করিতে বলিবে। তাহাতে সে প্রার্শিত্ত না করিলে এইরূপ ভাবে ভাহাকে ভ্যাগ করা উচিত। ইহার পরে সেই পতিভের সহিত সন্তাবণ ও একাসনে উপবেশনাদি কিছুই করিবে না, সকল কার্য্যেই তাহাকে পরিভ্যাগ করিবে। স্কেহনশতঃ আলাপাদি করিলেও প্রায়শিত্ত করিতে হয়। মহুর টীকাকার কুরুক্তট্রের মতে ঘটপর্যাসনের পর সমানোদক ও স্পিও সকলেই একরাত্ত অশৌচ প্রতিপালন করিবে। [বিশেষ বিবরণ পতিত শক্ষে প্রব্য।]

ঘটপ্রক্রেপ (পুং) ঘটক প্রক্রেপ: ৬তং। প্রার্গ্রির পর অন্তর্ভির কর্মবিশেষ। পতিত ব্যক্তি প্রার্গিত করিয়া কোন পুণ্যপ্রদ জলাশরে স্নান করিবে। সেই জলাশর হইতে এক কলসী জল লইয়া সপিপ্রগণের সমক্ষে আসিয়া অপ্রর্জ্জন করিবে। ইহার নাম ঘটপ্রক্রেপ।

গৌতমের মতে প্রায়শ্চিত করিয়া তদ্ধ হইলে পরে একটা স্থবর্ণ কুন্ত কোন একটা পুণ্যতম হন হইতে পূর্ব করিয়া আনরন করিবে। কুতপ্রায়শ্চিত ব্যক্তি ঐ কুন্তটীকে স্পর্শ করিয়া, "শান্তা দ্যো:পৃথিবী" ইত্যাদি মন্ত্র লপ ও হোম করিয়া ব্যাহ্মণকে দক্ষিণা দিবে।

কোন সংগ্রহকারের মতে—সকল রকম প্রায়শ্চিত্তের পরেই ঘটপ্রকেপ বিধি অনুষ্ঠের। আবার কোন কোন সংগ্রহকার কেবল পতিত প্রায়শ্চিত্তের পরেই ইহার অনুষ্ঠান স্বীকার করিয়া থাকেন। [প্রায়শ্চিত্ত দেখ।]

ঘটরাজ (পুং) ঘটেন যোজনেন রাজতে রাজ অচ্। কুন্ত, ঘড়া। ঘটরিকা (স্ত্রী) একপ্রকার বীণা। [বীণা দেখ।]

ঘটসম্ভব (পুং) ঘট: সম্ভব উৎপত্তিস্থানমস্থ বছরী। কুম্ভ-সম্ভব, অগন্তামূনি।

ঘটস্প্রয় (পুং) [বছব] ১ দক্ষিণস্থানপদবিশেষ। ভারতে ভীমপর্বে এই জনপদের উল্লেখ আছে।

ঘটস্থাপন (ক্লী) ঘটস্থাপনং ৬তৎ। মন্ত্রপুর্বক ঘটের স্থাপনা। [পূলাশন্দে বিস্তৃত্ বিবরণ দেখ।] ঘটা (স্থা) ঘট অন্ত্-টাপ্। ১ সমূহ।

"যদাগারঘটাটুকুটিমস্রবদিন্দুপলতুন্দিলাপয়া।" ( নৈষ্ধচ°)

২ ঘটনা। ও গোটা। ৪ সভা। (মেদিনী) ৫ যুদ্ধতে হাতীপ্তলিকে এক অৰ্ক্রণ। ও ধুমধাম, উৎসব।

"আরামবস্তি: করিণাং ঘটাশতৈ:।" ( মাঘ )

७ घটन । (८ तभक) १ औं विकासक।

ঘটাটোপ (পুং) ঘটরা জাটোপ: ৩তৎ। > আড়মর। ২ যান ও আসবাবাদির জাবরণ।

ঘটাভ ( পুং ) হিরণ্যকশিপুর দেনাপতি অহারবিশেষ।

( হরিবংশ ২৩২ জঃ)

ঘটাল (ি । খটা নিন্দিতা ঘটনা অস্তান্ত । খটা-লচ্ (সিগ্নাদি-ভাল্চ । পা ৫।২।৫৭) কুৎসিত ঘটনাযুক্ত ।

ঘটালাবু(জী) ঘটইবালাবু:। কুন্ততুষী, গোললাউ।(রাজনিণ)
ঘটিক (জি) ঘটেন তরতি ঘট-ঠন্। ১ যে ঘটবারা নদী
প্রভৃতি উত্তরণ করিতে পারে, নৌকা বিশেব।(পুং) ঘটং
কারতি বাদয়তি ঘটবাদনেন সময়ং জ্ঞাপয়তীতি যাবং।
কৈ ক পূর্বত্রম্ম:। ২ যে ঘটবন্ধ বাজায়। (ক্লী) ৩ নিতম।
ঘটিকা (জী) ১ কালের পরিমাণ বিশেব, একদণ্ড।

"গুর্ককরাণামুদিতঞ ষট্টা পলং পলানাং ঘটকা কিলৈকা।" ( ল্যোভিবিি )

ঘটনতি বিহিতকার্য্যকরণার ঘট-ণিচ্ গুল্-টাপ্। ২ মুহুর্ত, চুইদণ্ড। আলোঘটঃ ঘট-ভীপ্ আর্থে কন্। ও কুল ঘট। ৪ পাশ্চাত্য মতে ২২ দণ্ডে এক ঘটকা হয়।

ঘটিকাচল, মাল্রাজ নগরের পূর্বাংশে স্থিত চিতোরনগরের নিকটবর্ত্তী একটা পর্বত। এথানে নৃসিংহের মন্দির আছে। ঘটিকাচল মাহাছ্যে ইহার বিস্তুত বিবরণ আছে।

ঘটিকাযন্ত্র (ক্নী) সমন্ত্রনিগারক যন্ত্রবিশেষ। [ ঘটাযন্ত্র দেখ। ] ঘটিঘট ( পুং) ঘট্যা ঘটতে ঘট-অচ্ সংজ্ঞাত্বাৎ ক্রত্বঃ। মহাদেব।

"নমো ঘটার ঘণ্টার নমো ঘটঘটার চ।" (হরিবং ২৭৮ আ:)
ঘটিত ( ত্রি ) ঘট-ণিচ্-জা। ১ যোজিত। ২ রচিত। ৩ সংক্রান্ত।
৪ স্থারপ্রসিদ্ধ পারিভাষিক পদার্থ। যাহার জ্ঞান হইতে
অপরের জ্ঞানের আবশ্রুক, তাহাকে সেই অপর পদার্থ ঘটিত
বলে। যেমন "বহ্নিমান্ পর্বতঃ" এই জ্ঞান করিতে হইলে
অবশ্রই বহ্নি ও পর্বতের জ্ঞান হইরা থাকে, অতএব
"বহ্নিমান্ পর্বতঃ" ইহা বহ্নি ও পর্বত এই উভর হারা
ঘটিত। ইহার লক্ষণ—

"স্ববিষয়তা ব্যাপ্যবিষয়তাকত্বং ষ্টিভত্বং"। ষ্টিভিব্য ( ক্রি ) ষ্ট-ভব্য । বাহা ষ্টিবে । ষ্টিন্ ( পুং ) ঘটস্তদাকারোহস্তান্ত ঘট-ইনি । ১ কুম্ভরালি । "মংসৌ ষ্টান্মিথুনং সগদং স্বীণং ।" (স্যোভিস্তম্ব )

( জি ) ২ কুভযুক্ত, যাহার কুভ আছে।

चिक्तिम ( আ ) ঘটীং ধনতি ঘটী-খা থশ্মুন্তুর ৮ । যে ব্যক্তি মুধ্রারা ঘটী বাজার ।

ঘটিকায় (অি) ঘটীং ধরতি ঘটা ধেট্-থশ মুম্ হ্লস্চ। যে কুন্ত ঘট পান করে, ঘটাধারক। घिष्टिश्व [ घणिवद्य (नथ । ]

ঘটিল (ত্রি) ঘটোহস্তাক ঘট পিচ্ছাদিং ইশচ্। (লোমাদি পামাদি পিচ্ছাদিন্তা শনেলচঃ। পা ৫।২।১০০) ঘটর্ক, বাহার ঘট আছে।

ঘটিলেওড়া, একপ্রকার কুর বৃক্ষ।

ঘটা (প্রী) ঘট: কালমানজ্ঞাপক: সচ্ছিত্র:, কুন্ত: জ্ঞাপকতর।
অন্তঃত্যাং ঘট-আচ্ গৌরাদি তীষ্। ১ দওপরিমাণকাল।
নিকান্তশিরোমণির মতে ১০টা গুরু অক্ষর উচ্চারণ করিতে
যত সময় লাগে, তাহার নাম অন্ত, ৬ অন্ত্বা ৬০ গুর্মক্রের
এক পল এবং ৬০ পলে এক দণ্ড হয়।

ঘট অন্নার্থে ঙীপ্। ২ কুদ্রকুস্ক, ছোট ঘট। ঘটীকার (জী) ঘটীং কনোভি ঘটীক অণ্ উপপদসং। কুম্বকার, যে কুদ্র ঘট নির্মাণ করে।

ঘটী প্রাক্ত ( জি ) ঘটীং গৃহাতি ঘটী গ্রহ-স্মন্। ঘটী গ্রহণ করে। উদ্যামন ব্রাইলে স্বণ্ প্রভার হইয়।
ঘটী গ্রাহ শক হয়।

ঘটীযুদ্ধ (ক্নী) ঘট্যাঃ দণ্ডরপকালত জ্ঞাপকং যরং। কালনির্ণা-য়ক বছ্ৰবিশেষ, খড়ী। প্ৰাচীন ভাৰতবাদী আৰ্ব্যগণ স্বীয় **अ**ि छात्र न नानातिथ कालनिर्नाष्ठक रक्ष आतिकात कतिया-ছেন। যথন অপর দেশীয় লোকেরা ঘটীবন্ত বা কালমান-জ্ঞাপক কোন যন্ত্রের বিষয় কিছুই জানিত না, অপর কোন দেশেই ঘটাযন্ত্র উদ্ধাবিত হয় নাই, সে সময়েও ভারতে ঘটায়ত্তের চলন ছিল। অনেক প্রাচীন গ্রন্থেই ঘটাযন্তের উল্লেখ দেখিতে পাওয়া যায়। স্থাসিদাভের মতে ইহার অপর নাম কপালক্ষর। ঘটের অধোভাগের ন্যায় একটা ভাশ্রময় পাত্র নির্মাণ করিয়া তাহার তলদেশে এরূপ ভাবে একটী ছিড্র कतित्व, त्यन के किसाँ विकास भीति भीति कन अत्यम कतिया ঠিক একদণ্ড সময়ে ঐ পাত্রটী অবপূর্ণ হইতে পারে এবং ভুবিয়া বায়। পাত্রে প্রথম জলপ্রবেশ হইতে ভুবিয়া বাওয়া পর্যাস্ত এক দণ্ডের অধিক না হয় এ বিষয়ে বিশেষ যত্ন করিতে হয়। যে পাত্রটী অহোরাতে ৬০ বার মাত্র জলমর হয়, তাহাই ঠিক হইল জানিবে। পরে একটা জলপুর্ণ পাত্তে তাম্মর ঐ পাত্রটা রাখিরা দিবে, পাত্রের জলে নিমজ্জনাছ-সারে কালের পরিমাণ স্থির করিবে (১)।

ক্র্যাসিদ্ধান্তটীকাকার রঙ্গনাথের মতে দশপল তামাদারা ঘটের অধন্তন ভাগের ন্যায় একটা পাত্র নির্মাণ করিবে। পাত্রটীর উচ্চতা ৬ আঙ্গুল এবং মুবের বিস্তার ভাহার বিশুণ করিতে হয়। ৩২ মাত্র শরিবিত অর্ণে চারি আছুল পরিমাণ শলাকা প্রান্ত করিয়া ঐ তাদ্রগাত্রে বিদ্ধ করিবে। ইহার নাম বটীযন্ত্র। এই পাত্রটী কোন একটা জলপূর্ণ পাত্রে রাথিলে একদণ্ডে জল পূর্ণ হইরা থাকে (২)।

বিদ্ধান্ত শিরোমণির মতে— খটের অধোভাগের স্থার একটা তামার পাত্র নির্মাণ করিবে। একটা ছিন্ত যুক্ত করিরা একটা জলপূর্ণ টবে রাখিরা দিবে। এই পাত্রের কোন পরিমাণ নাই, ইচ্ছাম্পারে যক্ত ইচ্ছা পরিমাণ করা যায়। উহার পরে বিশেষ লক্ষ্য রাখিরা দেখিবে বে, বে দিনরাত্রে করবার নিমজিত হয়। যতবার নিমম্ম হয়, তাহার কর্মণাত অফুগারে প্রত্যেক বারে কত সময় হয়, তাহা ছিল্ল করিবে। ইহার নাম ঘটাযাল্ল। কোন কোন মতে এই যন্ত্রের নির্দিষ্ট পরিমাণের উল্লেখ দেখিতে পাওয়া যায়, কিন্ত তাহা সক্ষত নহে, কারণ তাহার কোন যুক্তি নাই (৩)।

বিষ্ণুরাণের মতে ১২২ পল তামাদারা মগধ দেশে চলিত প্রস্পরিষিত উর্দায়ত একটী পাত্র নির্দাণ করিবে। চারিমায় সোণায় চারি অঙ্গুলি পরিমাণ-শলাকা প্রস্তুত করিয়া পাত্রটী ছিন্ত করিবে, ইহার নাম ঘটাযন্ত্র। ইহাকে জলে রাখিয়া দিলে ঠিক একদত্তে জ্বলপূর্ণ হইয়া থাকে (৪)। ভারতের গৌরবের সহিত দিন দিন এই সকল ভারকীর যন্ত্রের ব্যবহারও কমিয়া আসিতেছে। বর্তমান সময়ে পাশ্চাত্য কালনির্ণায়ক যন্ত্রই বছল পরিমাণে প্রচলিত। কোন কোন স্থানে বর্ত্তমান সময়ে ইহার ব্যবহার দেখিতে পাওয়া যায়। চলিত কথায় ইহাকে তান্রী বা তামী বলে। [ইহার অপর বিবরণ যন্ত্র শক্ষে ক্রপ্তরা।]

(২) "তদ্ঘটনস্ত ···

ওৰত নিগ্ৰিছিতং পলৈৰ্যৎ বড়জুলোক বিশুণারতাশ্বন্ধ।
তদন্তনা ষ্ট্ৰপলৈ: এপুৰ্যাং পালং ঘটাৰ্ব্ধতিসং ঘটা ভাবে।
সত্ৰ্যাংশনাবত্ৰরনির্দ্ধিতা যা হেল: শলাকা চড়ুরজুলা ভাবে।
বিশ্বং তলা আভ্যনমত্র পালং প্রপুর্যাতে নাড়িকরামুভিন্তং "

( সৃ পি ১৩.২৩ রজনাথ )

(৩) "ৰটজালরণা ৰটিভা বটিকা ভাষী তলে পৃথুছিত।। দুলিশনিসজ্জনসিভা ভক্তং হালিশং ঘটামংনম্ ॥"

আন দশভি: শুষ্ক পলৈরিড্যাদিযদ্ঘটালকণং কৈলিও কুডং ওদ্যুক্তিশুক্তং হুইটঞ্চেত্যেতহুপেক্ষিতং। ইউপ্নাণাকারস্বিদ্ধং পারং ঘট সংজ্ঞমলীকৃতন্ ।" (ব্যাধ্যার ৮ লো:)

(8) "নাড়িকা তু প্রমাণেন করা দশত পঞ্চ।
উন্মানেনাজস: সাতু পরাজভিত্রেলাদশ।
হেমবাবৈঃ কৃতজিন্তা চতুর্ভিশ্চতুরজুলৈঃ।
মাসংখ্য প্রমাণেন জক্ষরজ্ঞ সংস্কৃতঃ। (বিকুপ্রাধ)

<sup>(&</sup>gt;) "ভারপারেমধান্ছিরং ভতঃ কুভেংমলাছিন। ষ্টির্মজভাহোরারে ফুটং বরং কপালকম্য" (,সুর্বাসি ১৭৫৬)

২ কুণানি ছইতে জল জুলিবার যুদ্ধ জল তোলার কল।
৩ গুমবিলেপন্যস্ত্রিশেষ। - (আ্রেরী), ৪ গ্রহণীরোগ
বিশেষ। স্ব্রি, পার্শপূল ও পেটের ভিতর জলপূর্ণ
ঘটার ভাগ শব্দ হইলে ভাহার নাম ঘটাযন্ত্র গ্রহণীরোগ। ইহা
অসাধ্য। (বিজয়ণ)

ঘটোৎকচ (পুং) ভীমের ওরসে ছিড়িছা রাক্ষসীর গর্জে উৎপর একজন রাক্ষ্য। মহাভারতে লিখিত আছে—
জতুগৃহ লাহের পর পাঞ্জবগণ প্রাক্ষরভাবে বনপথে পলায়ন
করেন। তাঁহারা পথে হিড়িছ নামক একটা রাক্ষরের
রাজ্যে উপস্থিত হন। রাক্ষ্য তাহালিগের সংহার-কামনার
নিজ্প ভগিনী হিড়িছাকে প্রেরণ করে। হিড়িছা বলশালী
ভীমের রূপে মুগ্র হইয়া তাহাকে বিবাহ করে। তাহার
গর্জে ঘটোৎকচের উৎপত্তি হয়। রাক্ষ্যপ্রাক্তি স্বতন্ত্র,
জন্মাত্রেই ঘটোৎকচ এক ভয়ানক বীর হইরা উঠিল।
বালক একদিন মাতাপিতার নিকট উপস্থিত হইলে
হিড়িছা "বটোহাস্তোৎকচঃ" এই শক্ষ করিয়া ভাকে, তাহা
হইতে ঘটোৎকচ নাম হয়। ইহার চক্ষ্ ত্ইটা বিবর্ণ, মুখণানি
অতিশয় বৃহৎ, কাণ ত্ইটা খোঁটার ভায়, ওঠ তাত্রবর্ণ ও
শরীর সমধিক বলশালী ছিল। কুরুক্ষেত্রযুদ্ধে কর্ণের হাতে
ইহার মৃত্যু হয়। [ভীম ও কর্ণ দেখ।]

ঘটোৎকচান্তক (পুং) ঘটোৎকচভান্তক: ৬৩৫। কর্ণ। ঘটোৎকচারি প্রভৃতি শক্ষ এই অর্থে ব্যবস্থাত হয়।

ঘটোদর (পুং) ঘটইব উদরমস্থ বছতী। অংশুরবিশেষ, হিরণ্যকশিপুর একজন সেনাপতি। (হরিব ২৩২ অ:) এই অংশুরটা বরুণসভার এক সভ্য ছিল।

খাটো দুবে (পুং) ঘটউদ্ভব উৎপতিস্থানং যস্ত বছরী। আগস্তাম্নি। ঘট্ট (পুং) ঘটতে হিমান্ ঘট্ট-ঘঞ্। ১ যে স্থান দিয়া পুক্রিণী প্রাকৃতি জলাশয়ে নামা যায়, ঘাট। ২ শুক্র গ্রহণের স্থান, ঘাট, কুতঘাট। (আমর) ঘট ভাবে ঘঞ্। ৩ চালন।

ঘটুকুটীপ্রভাত (ফ্রী) ঘটুড়া কুটী তত্ত প্রভাতমিব। ছায়-বিশেষ। [ভায় দেখ।]

चहुता (जो) ननीविष्य । (त्राकनिः)

ঘট্টজীবিন্ (পুং) ষটেন ঘট্টে দেয়তরপণোন শুকাদিনা
ভীবতি জীব-ণিনি। বর্ণসঙ্কর জাতিবিশেষ, পাট্নি, যাহারা
পার করে। বিবাদর্শবিসেত্র মতে বৈশ্রার গর্ভে রক্তকের
উরসে এই জাতির উৎপত্তি। [পাট্নি দেখা]

घट्टेन (क्री) घडे-ना्हे। हानन।

"হুপ্তদৰ্শ ইব দণ্ডখন্তনাৎ" (রঘু ১১।৭১)

ষ্ট্রনা ( जी ) षष्टे-यूर् होल्। ( षष्टि-वन्ति-विनिष्डात्म्हिः वाहास्।

পা এ৩১•৭ বার্ত্তিক ) ১ চালন। "রণস্কিরাঘট্টনরা নভস্বতঃ।" ( মাঘ ১৷১• ) ২ বৃত্তি। (হেম• )

घद्वीनम् ( प्रः ) इत्नार्छम्।

ঘট্টিকা (জী) ঘটকা।

ঘট্টিত ( আ ) ঘট-কর্মণি-জ । ১ নির্দ্মিত ।২ চালিত । ৩ কলপী দিরা যাহা ঘোটা হইরাছে। ( শসার্থচি• )

ঘট্টীত ( জি ) ঘট্ট-তৃচ্। চালক।

ঘ্ড়া (ঘটশক্জ) জলপাত্রবিশেষ, বড় কলস।

ঘডি ( ঘটা শক্ষ ) ১ ঘড়ী। ২ আড়াইদও।

ঘডিয়া (ঘণ্টিকাশক্ষ) একপ্রকার মংস্ত।

ঘডিয়াল (দেশৰ) যে ঘড়ী বালায়।

ঘ্টী [ঘটা শব্দ] ১ কালনির্ণায়ক যন্ত্রনিশেষ।

"রাত্রিদিন আটপর ঘড়ী পিটে মরে।

তার ঘড়ী কে বাজায় তলাস না করে ॥" ( বিদ্যান্ত )

একাল পর্যান্ত কাল-বিভাগজ্ঞাপক যত প্রকার উপার ও যন্ত্র প্রকাশিত হইরাছে, তর্মধ্যে ইংল্ডীর ঘড়িই সর্কোং-কুই। ঘড়ির এ উরতি একলনের অন্ত্রনান, পরিশ্রম বা অধাবসায়ের ফল নহে। বিলাতী ঘড়ির ইতিহাস অন্ত্রন করিয়া দেখিতে গেলে দেখা যার যে আলে প্রায় ৪০০ বংসবের চেটার ঘড়ির এই উরতি দাঁড়াইয়াছে। [ঘটীযন্ত্র দেখা]

গ্রহাদির গতি দেখিয়া সময়কে প্রাণমতঃ বংসর, মাস. দিন এই তিন সুলভাগে বিভক্ত করা হয়, শেষে যথন দিনকে আবার কুলাংশে বিভাগ করিবার প্রয়োজন হইল, তথন नाना छेलाग छेडाविक इटेट नागिन। नर्खश्रापमं नम्छाद স্থাপিত একটা শুন্ত, ধ্বল্প ব। বংশকাণ্ঠাদি নিৰ্মিত সরল দীর্ঘ দভের ছায়া দুষ্টে দণ্ডাদি নিরূপণ করা হইত। পাশ্চাত্য দেশাদিতেও ঐ উপায়ে দিবসকে কএকটি সমভাগে বিভাগ করিয়া লইত। ইহার পরই সুর্বাঘ্ডি (Sun-dials) বা রবিচক্র, অবলমভি (Clepsydra) ও বালুমভি (Sand-glass) উদ্ভাবিত হয়। রবিচক্রে সুর্য্যের উদয় কাল হঠতে অন্তকাল প্রান্ত ছায়াসম্পাত দেখিয়া সময় নিরূপণ করা হ্ইত। জলঘড়ি ও বালুখড়িতে কোন একটা নির্দিষ্ট সময় বুঝা ঘাইত। জলঘড়ির ছইটী আমার থাকিত, তন্মধ্যে একটা প্রায় জলপুর্ণ থাকিত ও অপরটা শুন্য পাকিত । এই উভয় আধার একপ ভাবে সংযুক্ত ণাকিত যে তন্মধো বাহ্ বায়ু বা তাণাদি প্রবেশ করিতে পারিত না। উভয় আধারের সংযোগত্বে এরপ একটা হল ছিত্র থাকিত যে সেই ছিদ্র ছারা এক আখারের ধাল ক্রমশ: নিঃস্ত হুইর।

অপর আবারে আসিরা জমিত। এক আবার হইতে অপর আবারে জলগমনকালকে কালের কোন এক নির্দাত আংশ ধরিয়া লওয়া হইত। বালুবড়িও ঠিক এইরপে প্রস্তুত হইত, তবে তাহাতে জলের পরিবর্তে শুক্ত স্ক্রমাপুকা ব্যব্দত হইত। কিন্তু ইহাতে স্ক্রমণে সমর নির্দাত হইত না, কারণ জলগড়িতে জলের ভার বাজ্তাপালি, জলের ঘনতা বা তারলা ও বালুর শুক্তা, স্ক্রতা এবং সংযোগ হলের হিজ্ঞীর বেধের হাসর্দ্ধি অক্সারে অনেকটা ব্যত্যর ঘটত। [রবিচক্রে, জলঘড়িও বালুঘড়ি দেখ।]

এখন আমরা যাহাকে সাধারণতঃ एक বলিয়া থাকি. ভাষার সময়েই পাশ্চাভাদেশাদিতে প্রস্তুত এবং একমাত্র গতিবিজ্ঞানের সাহায্যে গঠিত। যড়ি আপাতত: ৪ প্রকার त्मथा यात्र :-( > ) चिक ( Clock ) हेटाएक यसमध्यक लोह-मनाकात्र माहार्या निवल्तत्र बान्निही नमान व्यःम (चन्ही, दहाता) फेक चरमभाराभत ध्वाकाक ब्यामत घष्टारम ( मारकक ) নিক্লপিত ও প্রাদর্শিত হয় এবং প্রত্যেক হাদশাংশ উত্তীর্ণ হইবার সময় ঘণ্টাধ্বনি ছারা প্রত্যেক উত্তীর্ণ ছাদশাংশের সংখ্যা জাপন করে। (২) টাইমপিস্ (Time-piece) ইহাতেও ঐ এক উপারে দিবদের ঐ সকল বিভাগ নিজ-পিত ৩ প্রদর্শিত হয়, কেবল ঘণ্টাধ্বনি হয় না। (৩) টাক-বড়ি (Watch or pocket-timepiece) অতি কুদ্ৰ-काब, माश्रु हेरा नातरात कतिरा भारत। हेरा अपूर्वाङ উপান্ধে এবং অপেক্ষাক্বত অতি ক্ষুদ্র যন্ত্র সাহায্যে দিবসের ঐ সকল বিভাগ নির্নপিত ও প্রদর্শিত হয় এবং ঘণ্টাধ্বনি হয় না। (৪) ক্রনোমিটার—ইহাতে দিবসের সমস্তই বিভাগ নিরূপিত ও প্রদর্শিত হইরা থাকে. অথচ তৎসঙ্গে সজে সম্প্রাদিতে দেশান্তর নিরূপণ করা যার। স্থান ও কালের ভারতমান্ত্রারে, এই বভির গতির ভারতমা যাহাতে না হয় অর্থাৎ সময়নির্দেশের অভি কুল পার্থকাও না ঘটে, তাছার উপায়ও সংলগ্ন করা পাকে। এত দ্বির ঘড়ি ও ট্যাক্ছড়িতে মাস, বার ও দিবসের নাম নিরূপণ করিবার **छेशांब्र अश्वा क्या रहेबा थारक। पिक्रिक निवास**त ব্যবস্থা করা হইয়া থাকে। ট্যাক ঘড়িতেও ইচ্ছামত বাজি-বার ব্যবস্থা করা যায়। এরপ ট্যাক্লড়িকে রিপিটার (Repeater) বলে। ঘড়িতে ও টাইমপিলে ঘণ্টাধ্বনি বাতীত আর একপ্রকার নির্ঘোষ্যর সংলগ্ধ করা যাইতে পারে (य. ज्याता (गारकत रकाम धकरी चातकक मज नमरद्र थे বন্ধ বাজাইয়া লওৱা ঘাইতে পারে। ইহাছে নিজালু অন্ত- শনত আৰ্জপরতত লোকের বড় প্রবিধা হয়, এই যত্ত্র সাহায্যে তাহালা প্রোজন মত সময়ে যত্ত্বের ক্রত ও কর্কণ শব্দ শুনিরা কর্মে প্রবৃত্ত হইতে পারে। এই যুৱের নাম 'চৈতভোৎপাদক' (Alarm)।

नर्स्त श्रथ्या एक अहे चित्रमञ्जूषाविकात करत. जाहा निक-भग कतियात छेभाग्र नाहे। शृक्षकाटन ग्रुद्धारभत्र नानाकाटन क्रक् वा छ।हमिनिन् भरकत्र भतिवर्द्ध चिक वृकाहेवात अछ 'हतन-कित्रम्' (Horologium) भक् वावक्ष इहेड, कांत्र म्मग्र-বিভাকক শান্তকে উক্তখানে হরলজি (Herology) বলে। यणीश्विमयुक्त चिक्रत वावहात आहीनकात गुरतारात व मकन (मान इरेंछ, जनात्या रेहानी (मान रेडिसाम नर्सार्यका প্রাচীনকালের কথা পাওরা যার। সেথানে অয়োদশ শতাকীর মধ্যভাগে ঘড়ির প্রচলন ছিল ভাহা জানা যায়। ইংল্ডের हे जिहान भार्क काना यात्र (य. ১২৮৮ चुहारक किक्न रावक (King's Bench) নামক আদালভের প্রধান বিচারকের যে व्यर्ग ७ हत्र, जाहार ७ ७ दब्र हिमिनिष्ठात हल नामक धानारमत নিকট যে বিখ্যাত ঘড়িঘর (Clock-house) আছে, ভাহারই প্রথম ছড়ি প্রস্তুত হইরাছিল। ইংলপ্রের রালা বর্চ হেনরি मिण्डिएक शिक्कात क्षश्राम यास्रक উहे निग्रम श्रावित्क कहे ঘডির জন্ম প্রতিদিন ৬ পেন্স করিয়া থরচ দিতেন। বোলগনার প্রথম ঘড়ি ১৩৫৬ খুষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়। হেনরি-ডি-ওয়াইক নামক একজন জর্মণ শিল্পী ফ্রান্সের রাজা পঞ্চম চার্লসের প্রাসাদে ১৩৬৪ খুষ্টান্দে এক एড়ি স্থাপন করেন। ইহার পুর্ব্বে যে সকল যড়ি ছিল অর্থাৎ যে নিয়মে ঘড়ি প্রস্তুত হইত ইনি তাহার অনেক উন্নতি সাধন করেন। রাইমার নামক কবির 'ফিডেরা' নামক কাব্যে দেখা যায়--তয় এডওয়ার্ড তিনজন ঘটিশাল্পবিং ওললাজকে প্রতিপালন कतिराजन। हैहाता (एक) ( Delft ) इहेरज ১०৬৮ थुडोरक ইংলপ্তে আগমন করেন। ১৩৭ - সালে ষ্টাসবর্গ নগরে এক ঘড়ি নির্দ্মিত হয়, কনরেডাস ডাসিপোডিয়াস এই ঘড়ির বিশেষ বিবরণ লিথিয়া গিয়াছেন। ফ্রইসার্টের মতে এই সমরে कूर्तित्र अक पि हिन, अहे पि >०४२ थृष्टीत्म फिकेक चक् वाम्रगाशि काजिया गरेया चात्मन। ১०৯৫ चुहात्स স্পারারে একটা ঘড়ি ছিল। লেমান ইহার বিবরণ লিপি-বছ করিয়া গিয়াছেন।

তুর্ণবর্গে ১৪৬২ খৃষ্টাব্দে, অক্জিরারে ১৪৮০ খুইাব্দে, ও ভিনিসে ১৪৯৭ খৃষ্টাব্দে এক একটি দৃদ্দি ছিল জানা যায়। আন্থোসিয়ান কামাল খুলেনসিস্ ক্লোরেজা নগরে নিকোলাদকে যে পতা লেখেন, সেই পত্তে (Lib av epis. 4)

জানা বায়, ১৫শ শতাকীর শেষভাগে যুরোপের প্রায় সকল দেশে বত লোকের গ্রে चভিত্র ব্যবহার প্রচলিত হইরাছিল। ইহা হইতেই অনুমান করা যার বে হেনরি ডি ওরাইকের ছড়ির পর আরও দেড়শত ছইশত বংসরের মধ্যে রুরোপে কেহ ঘড়ি চুৰ্লন্ত আক্ৰহ্য পদাৰ্থ বলিয়া বোধ করিত না, সাধারণ লোকের বাটীতেও বডির ব্যবহার চলিয়াছিল। হেনরি-ডি-ব্যাইকের পর যড়ির এতটা উর্তি অবল্ল একজনের टिहोत हत नाहे. अरकत भन्न व्यभन लाटक धकरे अकरे कतिया वह ८७ होत्र छेन्नछिमाधन कतिन्नारहन, अन्नाहेरकत नगर যে স্থাল ঘড়ি স্থাপন করিবার প্রারোজন হইত, সেই ভালেই ঘড়িট প্রস্তুত করিতে হইড, প্রস্তুত করা বড়ি এক স্থান চইতে অপর ভলে নড়াইবার উপযোগী ছিল না : কিন্তু ১৫শ भंजाकीत (भवजारण यथन खेटा जाशात्रण वावहादी हहेता छितिन. তথন বুঝা ধাইতেছে বে. উহা ভানান্তর-করশোপবোণী হইয়া-हिल। এই अञ्चान हटेटक देहा अनुवा वात्र (व तहनति-छि ওয়াইকের ঘড়ি তৎপুর্ববর্তী ঘড়ি-নিশ্মিতগণের সমবেত **८** इंडिंग क्ला

তথন ঘড়ির পেঞ্লম্বা দোলক ছিল না, তৎপরিবর্তে ঘড়ির গতি-স্প্তির নিমিত একটা মোটা রোলার বা গিলি-ভারের মুখে দড়ি জড়াইয়া দেই দড়ির এক মুখে একটা ভার ঝুলাইরা দেওয়া হইত। এই ভারবশে রোলার বা গিলিভার হইতে দড়ির পাক খুলিবার সমর তৎসংলগ্ন অভান্য চাকা শুলিতে গতি উৎপাদন করিত।

১৬শ শতাব্দী পর্যাম্ভ এই কলেরই ঈবং উন্নতি করিয়া ঘড়ি নির্মাণ চলিত। ঘড়ি-নির্মাতৃগণের মধ্যে বিনি যত পরবর্ত্তী তিনিই এই কলের একটু না একটু উন্নতি সাধন করিয়া ঘড়ি নির্মাণ করিয়া গিয়াছেন। এই শ্রেণীর ঘড়িকে সাধা-রণত: ব্যাল্যাব্দুক (Balance Clock) বলিত। ইহাতে শ্রিং বা পেপুলম্ ছিল না, অণচ ইহাবারা যে কার্য্য কিছু কম হইত তাহা নহে। জ্যোতিবতক আলোচনার জন্ম ১৪৮৪ थष्टीत्म अग्राभात करे वालाम क्रक वावहात करतन. তাঁহার পর জ্যোতির্বিৎ ল্যাণ্ডপ্রেডও ঐ উদ্দেশ্যে ব্যবহার করেন। কেমা ফ্রিসিয়াস্ ১৫৩০ খুষ্টাকে সমুক্রে দেশান্তর-निज्ञानार्थ द्वानास्त्रकत्रागान्यात्री चिक्रिनिर्मात्नत्र श्रदाव करतन। ১৫७० थृष्टारम जाहरकारबहित हातिही चिक हिन, ভাহাতে ঘণ্টা, মিনিট ও সেকেও জানিবার উপায় ছিল। ইহার মধ্যে সর্বাপেকা খেটা বড ভাহাতে কেবল ভিন্থানি ৰাজ চাকা ছিল, ভন্মধ্যে একখানির ব্যাস ৩ ফিট। এই **ठाकाषानिए ১२०० माँ कांग्रे हिन। छाहेरकारबहि धहे** 

সকল বড়িতে শৈত্যতাপের হ্রাস বৃদ্ধিতে সময় নিরপণের অনেকটা গোলমাল লক্ষ্য করিয়া ছিলেন, কিন্তু তথন ব্ঝিতে পারেন নাই যে কিলে এমন হর। ১৫৭৭ খুষ্টাব্দে মোএইলিনের একটা ঘড়ি ছিল, তাহাতে ২৫২৮ বার আঘাত (টক টক শব্দ ) হইত। সুর্য্যের উদয়ান্তের মধ্যে এই বড়ির আঘাতের শক্সংখ্যা গণিয়া কুর্যোর ব্যাস নিরূপণ করা হয়: ভির হয় যে সুর্য্যের ব্যাস ৩৪: ৩ । কোন সময় হইতে আরেভ हत जांका कित कांना यात्र ना : किन्द हेहा (य ১৫৪৪ श्रेट्राटकत शृद्ध हरेगाहिन जारा निकत्र, कात्रण के शृहीत्म भाती নগরের ৰজি-নির্মাতারা ১ম ফ্রান্সিদের নিকট হইতে অমুমতি नम त्य त्य वाकि चिष् निर्मानभेषे विनम्ना हिक्कि ना इहेत्. ঘড়ি কি টাকেঘড়ি কি বড বা ছোট আকারে প্রস্তুত করিতে পাইবে না। স্থানাস্তর-করণোপযোগী ঘড়ি প্রস্তুতের নঙ্গে মঙ্গেই বা তাহার কিছু পূর্বে ভার ঝুলাইয়া গতি উৎ-পাদনের ছলে ভি: আবিষ্কৃত ও বাবহৃত হইতে থাকে। স্প্রিং বাবহারের কাল হইতে ঘড়ির উন্নতির দ্বিতীয় যগ আরম্ভ। এই সমর হইতে ভিংরের গতিপ্রদায়ক 'ফুদি' নামক চক্রের ব্যবহার আরম্ভ হয়। (Beckmann's History of Inventions, Vol. I. p. 340 - 355. বড়ির পুরাতত্ত ভাইব্য ।)

ঘডির উন্নতি যথন এতটা হইয়াছে, তখন গ্যালিলিও ত্তির করেন যে কোন ভার যদি তাহার সমদীর্ঘ হতে লম্বিত হয়, তবে তাহা একবার ছলিয়া যে অগ্রপশ্চাৎ গতি উৎপাদন করে, তাহাতে যে পরিমিত কাল অতীত হয় বিতীয়বার ভলিবার সময়েও কালের পরিমাণ প্রায় সমান থাকে। ইহা হইতেই পেপুলমের সৃষ্টি হয়। লগুন নগরের রিচার্ড হ্যারিস্ नामक এककन निज्ञी ১७৪১ शृष्टीत्म ध्येषम (প्रभूतम् निर्मात করেন। তিনি পেণ্ডুলম্যুক্ত ছড়িও ঐ সালে নির্দাণ करतन। পেঞ্লম আবিষ্ণত इटेंगে পর হাইছেন্স নামক এক ব্যক্তি জেমা ফ্রিনিয়ানের মত অবলম্বন করিয়া নাবিক-বাবহারার্থ দেশান্তর-নিরূপক ঘডি নির্দ্ধাণ করেন। তিনি ঘড়ির সাহায্যে পৃথিবীর আকারও নিরূপণ করেন। তাঁহার এই ঘড়ি বিষ্বরেথার যত নিকটবর্ত্তী হুইছ, ইহার পেঞ্-লমের গতি ভতই কমিয়া আসিত, ইহা হইতেই তিনি দ্বির करतन (व পृथिवी ठिक वर्ड नाकात नरह, स्मक्रम ७ त উত্তत-मिक्कामितक किছू (हल्टी। उरशात ३७१७ शृहीत्म मश्चरमत वार्जा नामक अकसन भिन्नी चिष्ठित वास्तिवात यन वाहित করেন। তৎপরে খড়িতে বিশুদ্ধ সময় নিরূপণার্থ নানাবিধ উপার অবলম্বিত হইতে থাকে। ১৬৮০ খুটান্দে লগুনবাসী ক্লেমেণ্ট নামক শিল্পী "একর এক্লেপমেণ্ট" চক্রের

উদ্ভাবন করেন, ইহাছারাই পেঙুল্মের দোলকের পরিবর্তে পাতলা ইস্পাত প্রিংরের ব্যবহার আরম্ভ হয়। সেকেও নিরপণের পেঙুলম্ এইরপ প্রিংরের সহিত সংযুক্ত হইলে 'রয়াল পেঙুলম্' আথা পাইত। তৎপরে ১৭১৫ খুটাকে কর্ত্ত গ্রেহাম নামক এক ব্যক্তি ছারা পেঙুল্মের একটা মহক্ষের সহিত পেঙুল্মের ধাতুর ছারা পেঙুল্মের একটা মহক্ষের সহিত পেঙুল্মের ধাতুর আরুক্ষন ও প্রসারপ ছারা তাহার গতির তারতম্য ঘটে, স্থতরাং সময় নিরপণ বিশুদ্ধ ভাবে হয় না। তিনি অসুসন্ধান করিয়া এই দোব নই করিলে হারিসন নামক অপর একজন সেই ব্যবছার আরও উরতি সাধন করেন। তৎপরে গ্রেহাম আপনার উদ্ধাবিত শক্ষীন এক্ষেপ্মেণ্ট চক্র (Dead-beat escapement) ব্যবহার করেন। এই স্থান হইতেই ঘড়ির উন্নতির তৃতীয় যুগ আরম্ভ হয়।

তৎপরে এই একশত বংসরের মধ্যে আবার ভড়ির কলের এত উরতি হইয়াছে যে ঘড়িতে সেকেণ্ডের অপেকাও স্কু কালবিভাগ নিরূপিত হইতে পারে। এতভিন্ন এক वरशरतत गर्धा चक्, मांग, शक, विन, वंकी, मिनिष्ठ, जिथि, বার, মাসের তারিও ইত্যাদি নিরূপণের ব্যবস্থা হইয়াছে। জাহাজে, রেলগাড়ীতে, হিমালয় শিথরে বা বিবুবরেখার উপরিত্মকৃভূমিতে লইয়া গেলেও এখনকার ঘড়ির গতির তারতম্য হয় না। গির্জাও প্রাসাদকভাদিতে ব্যবহারের টানেটক্লক বলে, ইহা ক্লক বড়ির যন্ত্র হইতে শ্বতন্ত্র প্রণালীতে নির্মাণ ক্রা হয়। টেলিগ্রাফ বিভাগে বা জ্যোতি-র্নিদ্গণের ব্যবহারার্থ একপ্রকার ঘড়ি প্রস্তুত হইরাছে। ভাহার গতি বৈহাতিক বলে সম্পন্ন হইয়া থাকে, ইহাকে देवज्ञा जिक चिष्ठि वरण । विज्ञार नाशाया निवरन व मस्या दकान একটা বিশেষ সময় নিরপণের জভা টাইমবল্বা সময়-গোল-(क्र रुष्टि इहेग्राट्ड।

রাজিতে গির্জা বা স্তস্তোপরি স্থাপিত ঘড়ি দেখিবার ক্ষম্ম ঘড়িতে ক্ষছে ভারেল ব্যবহার করিরা তাহার মধ্যে আলোক দিবার ব্যবহা করা হর। এই আলোক এরপ কৌশলে সংযোগ করিতে হয় যে ঘড়ির মধ্যস্থ যাদের ছারা যেন ভারেলের উপর না পড়ে। এতভির ঘড়ির সলে নানাবিদ দৃগ্র সংযোজিত হইয়া থাকে। কোন ফেনি ফেরিত ঘণ্টা বালিবার সময় ঘড়ির এক্সানের একটী ক্ষ্মে গর্জের ভালা খুলিরা যায় ও তর্মধাস্থ একটী ঘুদু পাথী বাহির হইয়া যে কয় ঘণ্টা বালিবে, সেই কয়বার 'ঘু' 'ঘু' শশ করে।

কোন বড়িছে প্রতি বক্টার অর্জ্যণীয় একটা বানর বা মহ্যান্ত্রি বাহির হইরা একটা লহমান বক্টার হাতুছির বা মারিয়া বাজার। কোনটাতে প্রতিবক্টার গান বাজিতে থাকে। কোনটাতে বর্ষাত্রী ঠাকুরবিসর্জন ও বাল্যভাগুনহ মহ্যান্ত্রি বাহির হইরা থাকে। কোন বজিতে আবার একটা কটকগুরানা কাঠের ক্রকার বাজী সংযুক্ত থাকে, তাহার সক্ষণে একটা দরওয়ান মূর্ত্তি থাকে, প্রতি সেকেণ্ডের গতির পহিত্ত ব্রিয়া অপর নিকে যায় ও ফটক একবার সম্পূর্ণ বন্ধ ইইয়া আবার প্রায়া যায়। এইয়প নানাবিধ দুপ্রস্কুক্ত ঘড়ি দেখা বার।

রুরোপে যত দেশে ঘড়ি প্রান্তত হর, তরাধ্যে লগুনের ঘড়িই সর্কাপেকা উৎকৃষ্ট ও মূল্যবান্, কিন্ত অইন্সলগুও ও জর্মণিতে সর্কাপেকা অধিক ঘড়ি প্রান্তত হর। স্মান্তকাল খড়ির ব্যবহার এত বাড়িরাছে বে সুইন্সলগুর কোন এক কার্থানার বংসরে ২ লক্ষ ট্যাক্ষড়ি প্রান্তত হইরা থাকে।

কলিকাতার করেকটা বিধ্যাত মদন্ধিদ, আইালিকা ও গির্জ্জার চূড়ার বড় বড় ঘড়ি দেওয়া আছে, তাহাতে পথিকের বড় স্থবিধা হয়।

আমেরিকার জীলোক, বালক ও বালিকারা সাধারণতঃ ঘড়ির নানাবিধ কার্যা করিয়া থাকে। ভারতে যদিও সকল পল্লীগ্রামে ঘড়ির ব্যবহার এখনও হর নাই, কিন্তু এতটা হইরাছে যে অন্ততঃ বালালার যে কোন গ্রামে সাবেক হিসাবে দশুপলালি ঘারা দিবা পরিমাণ না বলিয়া ঘণ্টা মিনিট হিসাবে দিবার পরিমাণ বলিলে সকলেই বৃষ্ঠিতে পারে।

২ এক দণ্ড। ৩ পাশ্চাত্য মতে আড়াই দণ্ড। ঘড়ীয়াল (দেশজ ) ১ বাহারা ঘটাযন্ত্র বাজায়। ২ পক্ষীবিশেষ। ৩ মৎত্বিশেষ।

ঘুড়েল ( দেশৰ ) যে ঘটাযন্ত্ৰ বাজায়, গড়ীয়াল।

"আর রামা বলে সই এত ওনি ভাল।

খড়েল পতির জালে আমি হৈত্ব কাল n" ( বিদ্যাস্থ )

ঘড়্ঘড়িয়া (দেশজ ) > যাহার কঠে ঘড়্ঘড়্ শক্করে। ২ হারনা নামক বাঘ।

ঘড়্ঘড়ী (দেশৰ) মৃত্যুকালীন কণ্ঠস্র।

ঘণ্ট (পুং) ঘণ-ক্ত। ১ দীপ্তিযুক্ত। ২ স্বনামধ্যাত মংক্ত ও শাক প্রাভৃতির ব্যঞ্জনবিশেষ। ইহার গুণ — বলবর্দ্ধক, রুচিকর ও বাতনাশক। (রাজনি॰)

ঘান ক (পুং) ঘান সংজ্ঞায়াং কন্। ক্পবিশেষ, ঘটকাণ।
(রাজনি॰) ইহার ম্লের গুণ---ক্ফনাশক, কটুপাক ও পিত্তবৃদ্ধিকর। (বাজবল্জ )

ঘণ্টকর্প (পুং) বুন্টোদীপ্তঃ কর্ণইন প্রজনত বছরী। কুপ বিশেষ, ঘট্টাণ। [ঘণ্টক দেখ।]

ঘুন্টা (প্রী) ঘট লক্ষরণে অচ্ ে কাংজানি নির্মিত বাদ্যবন্ত্র-বিশেষ। "ঘন্টাং বা প্রক্তং বাশি বাস্তঃ সন্তিবেশারেও।" (তুর্গাধ্যান)

সাম ও পূজা কালে ইহার বাদ্য প্রাক্ত। য়ন্দপ্রাণের
মতে বাহ্নদেবের নিকটে পূজাকালে কটা বাজাইলে একশত
কোটি হাজার বংসর দেবলোক বাস হর এবং মনোহারিনী
অপারাগণ তাহার পরিচর্গা করে। ঘণ্টা সর্কবাদামরী
বিফুর অতিশর প্রিয়া, অপর বাদ্যের অভাবে কেবল ঘণ্টা
বাজাইলেও পূজা দিদ্ধি হয়। ঘণ্টা দভের উপরে গরুড় মৃষ্ঠি ও
চক্র নির্মাণ করিতে হয়। এরূপ ঘণ্টা বাজাইলে বিঞু
সর্বাচাই তথায় উপস্থিত থাকেন।

বিষ্ণুধর্মোন্তরের মতে গরুড়মূর্ত্তিযুক্ত বন্টা বাজাইলে তাহার আর জন্মগৃত্যর ভর থাকে না। ঘন্টা দণ্ডের অগ্রভাগে চক্রযুক্ত গরুড়মূর্ত্তি ছাপন করিলে ত্রিভূবন ছাপনের ফল হইয়া থাকে। যে গৃহে গরুড়মূর্ত্তিযুক্ত ঘন্টা থাকে, তথায় দর্শভর নিবারিত হয়। যাহার ঘন্টা নাই, তাহাকে বিষ্ণুভক্ত বা ভাগবত বলা যাইতে পারে না। অভ্যাত্রব সমস্ত বৈষ্ণবের পক্ষেই গরুড়মূর্তিযুক্ত ঘন্টা রাখা উচিত। (ইহার বিশেষ নিবরণ ফ্রম্পুরাণ, বিষ্ণুধর্মোন্তর ও ছরিভক্তিবিলাদ প্রভৃতি গ্রেছ দ্রন্থীব্য।)

ঘণ্টা ছই প্রকার দেখা যার। যে সকল ঘণ্টা হিন্দু, বৌদ্ধ ও কৈনেরা নিত্য পূজা ও উপাসনার সমর ব্যবহার করেন, তাহা ক্রকার। মুঠা করিয়া ধরিরা বাজাইবার জ্বন্থ এই সকল ঘণ্টার উপরিভাগে দীর্ঘ হাতল থাকে। এতত্তির মন্দিরা-দির বারদেশে বা দেবগৃহের সম্মুখের দালানে একপ্রকার ঘণ্টা ঝুলান থাকে, তাহাতে হাতলের পরিবর্তে কড়া দেওয়া হর। ঐ কড়ায় ঘণ্টার ভার জ্বহুসারে দড়ি বা লোহশৃথাল দিয়া ঝুলান থাকে।

মন্দিরাদিতে ঘণ্টা ঝুলাইবার ব্যবহার যদিও অতি প্রাচীনকাল হইতেই ভারতে প্রচলিত আছে, তবু রুরোণে গিজাদিতে যেরূপ রুহ্দাকার ঘণ্টা দেখিতে পাওয়া যায়, এদেশে ভত বড় ঘণ্টা নাই।

মিসরবাসী, প্রাচীল গ্রীক ও রোমকের মধ্যেও হাতে ধরিয়া বাজাইবার উপযুক্ত ঘণ্টার যথেষ্ট প্রচলন ছিল।
মিসরে 'ওরিসিলের ভোজ' নামক উৎসবের সময় ঘণ্টা বাজাইরা সাধারণতে জানাদ হইত। প্রাচীন রিছনীদিগের মধ্যে আরন নামক প্রধান যাজকপ্রেণী কুল্ল কুল্ল কর্ণবণ্টা

জন্মধায় গাঁথিয়া পরিধান করিতেন। আবেল নগরে
নিবিলির যাত্রকেরা পূজার ঘণ্টা ব্যবহার করিতেন। গ্রীকগণ শিবিরে ও ছাউনিতে ঘণ্টা (কোড়া) ব্যবহার করিত।
রোমকেরা 'টনটিরাবুলান্" বাজাইরা সানের ও বৈধ্যিক
কার্বো প্রবৃত্ত হইবার সমর সাধারণকে জানাইত।

৪০০ খুটাকে ক্যাম্পানিয়ার অন্তর্গন্ত নোঝার বিশপ পলিনিয়াস্ সর্কপ্রথম বৃহদবণ্টা ব্যবহার করেন। ক্যাম্পোনিয়াতে ঘণ্টা প্রথম প্রান্তত হয় বলিয়া কিছুদিন ঘণ্টাকে 'ক্যাম্পোনি' বলিত এবং তাহা হইতেই এখনকার গিজ্জার বে চূড়ায় বৃহৎ ঘণ্টা ঝুলাইয়া রাধা হয়, তাহাকে 'ক্যাম্পেনাইল' বলে।

क्यांत्म ६६० चुटेरिक चन्छेति वावहात चात्रच हत । উहेतात-मत्थेत जावि व्यानिष्कृते ७৮० जात्म हेहानी हट्ड এकती ঘণ্টা নিজ পিজ্জার জন্ত আনাইয়াছিলেন। পোপ সাবি-नियान (७०० पुष्टांत्य ) नियम कतियाहितन (व व्यक्तियनीय গিজ্জা হইতে বৃহৎ ঘণ্টা বালান হইবে, কারণ তাহাতে সাধারণে উপাসনার সমর জানিতে পারিবে। এই সকল चिंछ। तृहमोकोरत्रत अवर मिक्किन प्रतारिपेट रिम्था साटेख। য়ুরোপের পূর্বাংশে ১ম শতাকীতে এবং কুইজর্গও ও কর্মণিতে ১১শ শতাকীতে ঘণ্টা প্রচলিত হয়। আয়র্লগু, স্কটলও ও ওয়েল্নে স্তক্তলা পুরাতন ঘণ্টা স্তর্কিত আছে, তুনা যায় এগুলি ষষ্ঠ শতাক্ষীতে নিৰ্দ্মিত। পেটা লৌছের চাদর বাঁকাইয়া চৌপলা করিয়া রিভেট দিয়া জুড়িয়া এই সকল ঘণ্টা প্রস্তুত হইয়াছে, ইহাদের উপর পিতলের রঙ লাগান আছে। ইহার মধ্যে একটীর माम त्म के भाषि त्कन पर्छ।, हेहा ७ देशि डेक, ६ देशि B अ इ कि गड़ीत ; हेरा धकती शिखरनत को देश রক্ষিত। কোটাটী রত্বথচিত ও রৌপোর কার্চ্চ করা। আইরিস শুলের (Irish Shews) একটা খোদিত লিপি পাঠে জানা বায় যে এই ঘণ্টাটী ১০৯১ হইতে ১১০৫ খুটান্দের মণো নিৰ্দ্ধিত হয়। The Annals of Ulster নামৰ প্ৰক্ৰে नाकि वहे चणाति व्वर शृष्टीत्म हिन विभा उद्भाष चाहि। (मण्डेभण नामक धककम चाहित्रम मिमनतीत ( ७८७ धृष्टीएफ ) धकरी होशना चन्हा हिन। यह चन्हारी अथन प्रदेवनं छ नामक नगतीत गर्छ वर्जमान चाहि । मकनाक रमशान इहेशा थाएक।

অর্লিকা নগরের গির্জায় কোন রাজা একটা ঘণ্টা দান করেন। ব্দীর একাদশ শতাব্দীতে এই ঘণ্টা বড় প্রাসিদি লাভ করে, ইহার ওজন ইংরাজী ২৬০০ পাউও অর্থাৎ প্রার ১৩০০ সের বা ৩২৪০ মণ। ১৩শ শতাব্দীতে ইহা অংগক্ষাও বৃহৎ বৃহৎ ঘণ্টা প্রস্তুত হইতে আরস্ত হর। ১৪০০ খুটাকে
প্যারীনগরে "জ্যাকেলিন্" নামক ঘণ্টা ঢালাই হর, ইহা
ওলনে ১৫০০০ পাউও অর্থার্থ ১৮৭৪০ মণ। প্যারীনগরের
আর একটা ঘণ্টা ১৪৭২ খুটাকে ঢালাই হয়, তাহা ওলনে
২৫০০০ পাউও বা ৩১২৪০ মণ। য়য়য় নগরের বিধ্যাত শ্রুটাটা
১৫০১ খুটাকে ঢালাই করা হয়, তাহা ওলনে ১৬০৬৪ পাউও
অর্থার প্রার ৪৫৪৪১ সের।

ক্ষির মন্ধাউনগরে যে বৃহৎ ঘণ্টাটী আছে, ভাছার ভার বৃহৎ ঘণ্টা র্রোপে আরে ইতিপুর্বে ছিল না। ইহা কথন প্রথম প্রস্তুত হয় তাহা জানা যার না। কিন্তু পঞ্চদশ मां जो की त मार्थ है वार्ष । हे होत नाम किन "कात (कारना-কোল" অর্থাৎ ঘণ্টারাজ। শুনা যার, মস্কাউনগরে একসময়ে ১৭০৬টা বৃহৎ খ**টা ছিল। ই**হার মধ্যে একটা এত বড ছিল যে তাহার মধ্যের আঘাত-দওটা তুলাইয়া বাজাইবার बज्ज २८ बन लांक्त्र थायांबन रहेछ। हेरात अबन हिन ২৮৮০০০ পাউও অর্থাৎ ৩৬০০ মণ। ইহা একবার ছিঁড়িয়া বার এবং ১৬৫৪ খুটান্দে পুনর্গঠিত হয়। তাহার পর আবার পড়িয়া বায়; সেই সময় ভাঙ্গিয়া চুরিয়াও আরও ধাতু মিশাইরা বড় করিয়া (১৭৩৪ খুটালে ) পুনরায় ঢালাই করা হয়। এইবার এই ঘণ্টার নাম হয় "জার কোলোকোল।" এই ঘণ্টারাজ ১৯ ফিট ৩ ইঞ্চ উচ্চ, বেড় ৬০ ফিট ৯ ইঞ্চ, ও ২ ফিট পুরু, ইহাতে ধর্চ পড়ে প্রায় ১৭০০০ পাউও অর্থাৎ (>• ) हिमारत भाष्ठेख धतिरल ) ७१००० होका। हेहात अजन : २४ हेन व्यर्थाए थ्यात्र >००७ मन। वहानिन भ्याञ्च বিশাস ছিল যে এই ঘণ্টা এক সময়ে ব্যবহার হইত, পরে ১৭৩৭ খৃষ্টাব্দের অগ্নিকাণ্ডে ইহা পড়িরা গিয়া মাটীর মধ্যে वित्रश यात्र, किन्छ ८ मध्य दम खम शिवाद्य । व्यत्नक स्वामनी अ धीतन्क्रित विविष्ठनांत्र वित्र ब्हेग्नाएक एव बेबा क्लानित यूनान इस नाहे, (य छाटा हेश छानाहे हहेशाहिन, त्महे छाँछ रहेट हैरा कथन छकात रुप्र नारे। এই क्र १ ৮ • हेन अस्त স্মার একটা ঘণ্টা মস্বাউ নগরে স্মাছে। এ ছাড়া রুরোপের नानारमध्मत व्यथान शिक्षांत्छ ১৮ इटेंटफ ६ छेन असरनत অনেক ঘণ্টা দেখা যায়।

মস্বাউএর "ঘণ্টারাক্র" সম্বন্ধে ক্লাব্রের ভ্রমণর্ত্তান্ত হইতে জানা যায় যে ইহার ধাতু যথন গলান হইতেছিল, তথন সাধারণ ও সম্রান্তলোকে ধর্ম্মোদেশে ইহাতে এত স্বর্ণ, মূদা, অলক্ষার, তৈক্লাদি নিক্ষেণ করিয়াছে যে ইহাঁ দেখিতে যেন সমন্তটা রূপার গঠিত বলিয়া বোধ হয়। স্মাট্ নিকোলাদ্ এই ঘণ্টা ভূগ্র হইতে উঠাইয়া একটা এেশাইট

প্রক্রেরীর উপরে বসাইরা ছিলেন। সেই সময় ইহার একপার্শ ভালিরা বাওরার সেই ভয়মুখ ঘণ্টাগর্ভের বার অরপ হওরাতে ইহা একংশ কুলু গির্জা (Chapel) অরপে ব্যবস্থুত হর। ভালা অংশ ওজনে প্রার্হ ১১ টন।

थुडीरनता এইक्रां वहकान इटेंट्ड गिर्व्हात वन्ती वावहात कतिता आजिएलाइम। पुत्रनमानितात मर्था খণ্টার কোন রূপ বাবছার নাই: উপাসনার সময় উপত্বিত कडेटन माधादगढन कानाहेवात कब शिक्ताय (यमन चर्छ।ध्यनि कतिवात वावष्टा चाटक, मुननमारनहा रमहेक्रण मनिवार खेठिता 'আলোন' দিয়া থাকেন। এই 'আজোন' দিবার ব্যবস্থা বোধ इत्र हिम्मू ७ शृष्टीत्मत्र घण्टे। वावशात्रत्र व्यक्ति विषय तम्याह-বার জন্মই অবলম্বিত হয়। হিন্দুদিগের মধ্যে যেমন বছ ব্যবহারে ঘণ্টার পবিত্রতা, ঘণ্টার লক্ষণালক্ষণ ও ঘণ্টার দেব-श्रिया की खिंछ बहेबाहि. खातीन श्रुष्टानामत्र माथा अ मिहेका ঘণ্টার পবিক্রতা ও ঘণ্টা-পবিত্রীকরণ প্রচলিত ছিল। ঘণ্ট। প্রস্তুতের সময় নানাবিধ ধর্মাত্রছান করা হইত, শেষে তাহাকে মহুবোর ন্যার অভিবেক (ব্যাপটাইজ) করিয়া নামকরণ ও সুগন্ধাদির দারা লেপন করা হইত, এবং শাদা বা লাল রঙের বেরাটোপ বা অন্য কোন প্রকার স্বত্ত चाट्टाम्रास होका इहेछ। এই मकन बावहात चानकुहरनत সময় চইতে চলিয়া আসিতেচে এবং এই উনবিংশ শতানীতেও রোমান ক্যাথলিকদিগের মধ্যে প্রচলিত আছে। খুষ্টানেরা चन्हे। दक এত পবিত্র মনে করিত যে, তাহার গাতে নানাবিধ পৰিত্ৰ শ্লোকাদি থুদিয়া দিত, বিশ্বাস ছিল যে, বণ্টায় ঘা দিলে ভালতে বাদোর ঐ মন্ত্রেণিত অংশোৎপর শক্ত মিশ্রিত इहेबा मझन विधान कतित्व धवः अङ्, मङ्क, भळ्त छत्रज्ञिकि, काशिल्य এहे चलीवारमा नहे इहेरव । स्थापूर्ण धात्र मकल चन्छाटा निम्ननिथिज सोक्षी (थानिज रहेज-

"Funera plango, fulgura frango, Sabbata pango, Excito lentos, dissipo ventos, paco cruentos."

এই সকল কুনংস্কার সেকালের লোকের মনে বছমূল হইরা গিয়াছিল, তাহার বড় স্থলর ছবি ওরাশিংটন আর-ভিংরের Sketch book নামক পুস্তকে দেখা যার। ঘণ্টা-বাদ্যে যে ঝড় নিবারণ হর এ বিশ্বাস এই উনবিংশ শতাকীতে স্থান্তা স্থানিকিত মুরোপীরের মন হইতে দুর হয় নাই। ১৮৫২ খুষ্টাব্দে মাল্টার উপকৃলে বিষম ঝড় উপস্থিত হইলে মাল্টার বিশপ নিজে সমস্ত গির্জার আদেশ পাঠাইরা দেন যে, ঝড় নিবারণার্থ যেন করেক ঘণ্টা ক্রমাগত বৃহৎ ঘণ্টা-শুলি বাজান হয়।

शृद्धि (कान धृष्ठीरमत मृजूा हरेरन वकी वाजान हरेक। क्याय मुकात ठिक कावावहिक शृत्स वन्छ। वाकारिवात वावहाँ इत । कहे क्लीटक मुजाबकी वर्षाय Passing bell विनिष्ठ ; धहे খাবলা প্রচলনের সমর লোকের বিখাস হইরাছিল বে ঘণ্টাধ্বনি মুমুবু ব্যক্তির কর্ণে প্রবিষ্ট হইলে ভাহার দেহ পবিত্র ছইত এবং ঘণ্টাধ্বনি গুনিরা পিশাচার্দি প্লায়ন করিত। ১৭শ मजामीटि ब थेवा प्रहित हत्र बदः "मृत्राचरी।" बहे नामिति লোপ পার, কিন্তু মৃত ব্যক্তিকে লইয়া গোরস্থানে উপস্থিত হওরা অবধি যতকণ না ভাঁহার সমাধি শেষ হইত, ততকণ ঘণ্টা বাজান হইড, ইহাতে কোন কুদংস্কার ছিল না, সুতের প্রতি কেবল সন্মান প্রদর্শনই ইহার উদ্দেশ্য, এ প্রণা এখনও चारक करन चारह। द्रामान क्यांशनिक निर्धित मर्धा अथन আর এক প্রকার ঘণ্টা-বাদনাত্মঠান প্রচলিত আছে। গিজ্জার উপাসনা আরম্ভ হইবার সময় ঘণ্টা বাজাইয়া সকলকে জড় করিয়া উপাদনায় প্রবৃত্ত হইবার পূর্ফো মেরীর উপাসনা করিয়া এবং উপাসনা শেষ হইলে ক্ষমা প্রার্থনা-পূর্বক উপাসনা করিবার সময় পুনরায় ঘণ্টা বাজান হইত। এই হুইবার বাদনকে "ক্মাবাদন" অর্থাৎ pardon-bell বলিত। খুষীয় সমাজসংস্কারের ( Reformation ) পুর্বের এই বাৰহার সকল গির্জায় ছিল; কিন্তু ভাহা প্রোটেষ্টান্ট গিৰুছা হইতে উঠিয়া যায়। কিন্তু 'মৃত্যুঘণ্টা' বাজাইবার প্রথা এককালে উঠিয়া যায় নাই।

একাদশ শতাকীর প্রারম্ভে ইংলতে "কার্ফিউবেল" নামক এক প্রকার ঘণ্টাবাদন প্রচলিত ছিল। ইহাতে ধর্মসংশ্রব ছিল না। রাত্রি ৮টার সমর সমস্ত লোককে জ্বিয়ি এবং আলোক নিবাইরা ফেলিতে হইবে বলিরা প্রথম উইলিরম আলেশ প্রচার করেন, এই আদেশমত সকলকে সত্তর্ক করিবার জন্য সহরে সহরে যণাসময়ে ঘণ্টা বাজাইবার ব্যবস্থা করা হর, উইলিরম রুফাসের সময় পর্যান্ত এই নিরম প্রচলিত ছিল। এখনও ইংলতে ও স্কট্লতের অনেক স্থলে রাত্রি ৮টার সময় ঘণ্টা বাজান হয়, তবে সলে সলে অধিবাসীদিগকে আলোকাকি নিবাইতে হয় না।

অবশেষে ঘণ্টায় সঙ্গীতধ্বনি উৎপাদনের কৌশল অবলখিত হইয়াছে। এই উপায়টী সর্বপ্রথমে নেদারলপ্তের
লোকেরা বাহির করে। সে দেশের অনেক গির্জ্জায় ঘণ্টা
সর্বিদাই মৃত্ হস্বেরে বাজিতেছে, এবং ঘণ্টায় ঘণ্টায় ঘড়ির
ন্যায় সিকি ঘণ্টা, অর্জ ঘণ্টা ও এক ঘণ্টা বাজিয়া থাকে,
ইহার কতকগুলি ব্যারেল দেওয়া অর্গ্যান নামক বাদ্যযন্ত্রের
নিয়মে বাজান হয়, আর কতকগুলি চাবির সাহায্যে বাদক

আসিরা বাজার। ফরাসীরা এরূপ সঙ্গীতকে 'ক্যারিল্ডা' বলে। ইংলণ্ডেও এরপ ঘণ্টা আছে, কিন্তু ভাষা একটা न (इ. ६७) वर्षे। अत मिनाहेत्रा को नत्न व्यवस्था त्रार्थ रव वाकियात्र नमत्र त्नहे कश्री चंछा हहेरछ विश्वित হুর উঠিয়। বড় হুন্দর ধ্বনি উৎপাদন করে। ইংরা-**ब्लिश (क्रिक्स पर्कारक क्रिक्स) वर्षा, वार्राम् नगरतत्र** 'नि इल' नामक थानान-पृक्षात्र এই तभ कातिनचा नामक चणी चाह्, ममक बृत्रार्थ रमक्र मर्काच चन्त्र मर्कार कृष्टे স্থারবাদক ঘণ্ট। আর নাই। লগুনের অনেক ঘণ্টারও ক্যারিলন্হতীর ন্যায় ৫।৬ ঘটার স্থর নিলান থাকে. ভবে তাহার মত গান বাবে না—টিং টাং ঢং টং টাং ঢং করিয়া বেশ স্থমিষ্ট স্বরে বাজিতে থাকে অথচ অতি উচ্চ দুরপ্রাবী শব্দ হয়। এই বাজনার এতদুর উন্নতি হইয়াছে যে ১২টি ঘণ্টা মিলাইয়া ৪৭৯, • • ১, ৬ • • ভির ভির স্থার বাজিতে থাকে। চিপ্সাইড্ নামক স্থানের দেণ্ট মেরি-লি-বো নামক গিৰ্জার ঐ প্রকার ঘণ্টা এত বিখ্যাত বে তাহা হইতে ইংলও সম্বন্ধে একটি প্রবাদ আছে যে, কোন ব্যক্তির লগুন নগরে জন্মস্থান এই কথা বলিয়া পরিচয় দিতে হইলে বলিয়া থাকে "Born within the sound of bowbells" ৷ এই সকল ঘণ্টা কোন এক নির্দিষ্ট সময়ে বাজাইবার জন্ত প্রতিদিন লোকে অর্থ দান করিয়া থাকে। পুর্বোক্ত Bowbells প্রতিদিন প্রাত:-কালে গভীররবে বাজিয়া থাকে। লগুনবাসী এক ব্যক্তি এই বাদ্যের জনা যথেষ্ট অর্থ দিয়া গিয়াছেন। ইহার উদ্দেশ্র যে এই শক শুনিয়া লগুনের শিক্ষকগণ কাগিয়া স্ব স্ব কার্য্যে गियुक इहेरव।

যুরোপে রোমকেরা অখাদি পশুর গলার ক্ষুদ্র ঘণ্টা বাঁধিয়া দিবার নিয়ম প্রচলিত করে। ঘোড়ার গলায় সন্ধা-কালে ঘণ্টা বাঁধিয়া দিলে অন্ধকারে পথিকেরা অখের আগো-মন বুঝিতে পারে। গোরু, ছাগল, ভেড়ার গলায় ঘণ্টা বাঁধিয়া দিলে তাহা বনে জঙ্গলে পাহাড়ে হারাইয়া গেলে খুঁজিবার স্থ্বিধা হয়।

সাহেবদিগের বাড়ীতে কোন লোকের আগমন সংবাদ আনাইবার জন্ম যে সকর ঘণ্টা ঝুলান থাকে, ভাহা ইংলও রাজ্ঞী আ্যানির রাজত্বলৈ ছিল না, তৎপরে প্রচলিত হয়। সাহেবেরা চাকরদিগকে ডাকিবার জন্ম বাজালীর ন্যায় গলাবালী করেন না। এক প্রকার ঘণ্টা বাজাইয়া থাকেন। এই ঘণ্টাকে 'আহ্বান-ঘণ্টা' (Calling bell) বা গৃহঘণ্টা (Room-bell) অথবা টেবিল ঘণ্টা (Table bell) বলে।

সাহেবেরা হোটেল, বাসাবাড়ী প্রভৃতির প্রতিষরে সংবাদাদি দিবার জ্বন্ত একপ্রকার তারে বাঁধা ঘটা ব্যবহার করেন। এই সকল তারের এক এক মুধ চাকরদিসের ঘরে, এক এক মুথ ছারের নিকট থাকে, সেইস্থানে কোন এক তারের মুধ ধরিয়া নাড়া দিলে অভিশিক্ত গৃহে ঘটা বাজিয়া উঠে।

এসিয়ার দকিণপূর্বাংশে বৃহদ্দেশীর ব্যবহার অভ্যন্ত অদিক। এক্সদেশের কতকগুলি ঘণ্টার মধ্যে আবাতক দোলক থাকে না, উপরে হরিণশৃলের মৃগুর মারিয়া বাজাইতে হয়। একে প্রার সকল প্রধান মন্দিরে ঘণ্টা আছে। রেঙ্গুনের গুরে দাগন মন্দিরের ঘণ্টা ১৮৪২ খুটান্দে ঢালাই হয়, ইহার ওজন ৪২ টন ৫ হালার ৪০ পাউও। ইহা উচ্চে ১২ হাত, ইহার ব্যাস ৫ হাত, মোটা ১৫ ইঞ্চ। মেলুনের ঘণ্টা ১৮ ফিট উচ্চ, ওজনে ৮৮ টন ৭ হালার ১০৬ পাউও অর্থাৎ প্রার ২৫০০ মণ্ড।

পিকিন চীনের রাজধানী। এথানে একটা কুল সাঠে একটা ঘণ্টা আছে, ভাহার ওজন ৫৩২ টন, ইহার উপর চীন ভাবার সহস্র সহত্র উচ্চ অক্ষরে বৌদ্ধর্মের অনেক উপদেশ খোদিত আছে। তল্পারা এই মঠের স্থলর ইতিহাসে জানা যার। কারণ প্রত্যেক মঠখানীর মৃত্যুর পূর্ব্বে ইহার গায়ে কিছু না কিছু থোলাইরা গিয়াছেন। পিকিনের ৭টা ঘণ্টা ৫০ টন বা ভাহার কিছু অধিক ওজনের হইবে। ইহার মধ্যে একটা ঘণ্টা পৃথিবীর মধ্যে দ্বর্মাপেক্ষা বৃহৎ এবং মন্ধা উয়ের ঘণ্টারাজটা পৃথিবীর মধ্যে দ্বিতীয়।

হিন্দ্রাও দেবমন্দিরে ঘণ্টা ঝুলাইরা থাকে। প্রত্যেক দর্শনার্থী এই ঘণ্টা বাজাইরা থাকে। বিলাজী ক্যারিলন্দের জ্ঞার হাণ্টহাট ঘণ্টা একত্র প্রস্তুত করিবার নির্ম হিন্দুর মধ্যে বছকাল প্রচলিত আছে। কোন কোন মন্দিরে এইরপ ১০৮ ঘণ্টাও দেখা যায়, তবে মুরোপীয় ক্যারিলক্ষ্ যেমন প্রর মিলাইয়া রাখা হর, ইছা তেমন নহে।

নেগালের কোন কোন প্রাচীন দেবমন্দিরে হাজার দেড় হাজার বর্ষের পুরাতন ঘণ্টা দৃষ্ট হয়।

দেওটা ধরিয়া বাজান উচিত। তল্পারের মতে অলুমত্রে (ফট্) ঘণ্টার পূজা করিবার বিধান আছে।

ং ঘণ্টাপটেলী বৃক্ষ। ৩ অভিবলা। ৪ নাগবলা। (রাজনিণ)
ঘণ্টাক (পুং) ঘণ্টাইব কামতি কৈ-ক। ঘণ্টাপাটলী বৃক্ষ।
ঘণ্টাকর্ণ (পুং) ঘণ্টাবং কর্ণোয়স্ত বছত্রী। ১ শিবের
এক্তন অতি প্রিয় অন্নচর। মীন সংক্রান্তিতে সূহী বৃক্ষের
মৃত্যে ইহার পুলা ক্রিতে হয়। পুলার মন্ত্র—

"क्कांकर्गः । महाबीत । नर्सवाधिविनामन ।

वित्कार्वेक्छत थारथ तक तक महानग !" (किथानिक्य) चकीकर्भव निराष्ट्रक बहेबात विषय धहेत्रभ खेलाबान थानिक चाइ - देनि मन्द्रतत शुख, दमधात गर्धकांक, देशत অপর নাম বটেখর। ইনি অভিশপ্ত হইয়া উজ্জবিনী नगरत मञ्चाकाल कमाध्रक करतन खरा महाताक विक्रमा-मिट्डात मुख्या ध्रांन तक हरेगांत कछ भिट्यत आताधना करतन। भिन मुख्छे इहेरनन, यत्र पिराज्ध चानिरनन, कि इ रेरांत अ औं है भूर्ग रहेग ना। भिव वत मिलम বে "তুমি কালিদাস বাঙীত অপর সকলকেই পরাজিত कतिएक शांतिरव। कांनिमान नत्रचकीत वत्रशूख, खाहारक পরাজর করিবে এরপ বর দেওয়া আমার সাধ্য নছে। যদি তাহাকে পরাজয় করিবার ইচ্ছা থাকে, তবে সরস্বতীর আরাধনা কর।" ঘণ্টাকর্ণ তাহাতে সন্মত হইলেন না. তিনি পুনর্কার শিবেরই আরাধনা আরম্ভ করিলেন কিন্ত ভাহাতেও মনোভীষ্ট পূরণ হইল না। তথন তিনি প্রতিজ্ঞা कतिराम रा राष्ट्र थाकिए मूर्थ जात निव नांम नहेव ना । কিন্তু শিবের চরণে তাঁহার অচলা ভক্তি ও বিখান কিছুতেই হ্রাস কইল না। পরিশেবে বিক্রমণভার সভাদিগকে পরাজর করিতে ঘণ্টাকর্ণ রাজধানী অভিমুখে বাতা করেন। ভাঁছার विश्वाम रय भिरवत हत्ररा कहना छक्ति थाकिरन जिनि कानि-দাস প্রভৃতি সকল পশুতকেই পরাত্তর করিতে পারিবেন। দেবাদিদেব মহাদেবও অলক্ষিত ভাবে তাঁছার পশ্চাৎ পশ্চাৎ গমন করিলেন।

এদিকে ভিনি যে মহাদেবের নাম পরিভ্যাগ করিয়াছেন এই কথা রাজধানীতে রাষ্ট্র হইল। ঘণ্টাকর্ণ রাজসভায় প্রবেশ করিয়া কালিদাস ব্যভীত অপর সকলকে পরাজয় করিলেন। কালিদাস দেখিলেন যে গতিক বড় ভাল নহে। তিনি বিচারে প্রায়ত্ত হইবার পূর্বে বলিয়া বসিলেন যে "মহাশয়! আপনি যদি দীর্ঘছন্দে মহাদেবের তাব করিতে পারেন, তবে আপনার সহিত বিচার করিতে পারি।" এরপ বলিবার তাৎপর্য্য এই বে সন্তবতঃ আপন প্রতিজ্ঞা রক্ষা করিতে ইনি শিবের তাব করিবেন না, চালাক কালিদাস বিবাদ না করিয়াই জয় লাভ করিতে পারিবেন। কিছম মহাদেবের প্রতি ইহার অভক্তি নাই, কেবল মনের ছংখে নাম উচ্চারণ করিবেন না এই প্রতিজ্ঞা করিয়াছেন, ক্রত্রাং ইনি শিবের নামশৃত তাব আনরক্ত করিলেন। যথা—

"কিংবাচ্যো মহিলা মহাজলনিধে ইজেক্সবক্সাহতি অতো ভূভূদমজ্জনক্নিচয়ে কৌনিরপোভাকৃতিঃ। বৈনাকো হতিগভীরনীরবিলসং পাঠীনপৃঠোলসং শৈবালাল্বকোটিকোটরক্টীক্টান্তরে নির্ভঃ। ভাবং সপ্তসমুদ্রমুদ্রিতম্হী ভূভ্তিরভ্রকবৈঃ ভাবত্তিঃ পরিবারিতাঃ পৃথুপৃথু দীপা সমস্তাদিরং, যদ্য ক্লারফণামণৌ বিলুলিতে ধতে কলকাক্রতিং শেষঃ সোপাগমংযদলদপদং কলৈচিদলৈ নমঃ॥"

এই তথ তানিয়া সভাতক সকলেই তাঁহার প্রশংসা করিতে লাগিল। মহারাজ সন্তুট হইলেন। কালিদাস বিনা বিচারেই পরাজর শীকার করিলেন। ঘণ্টাকর্ণ শাপ মুক্ত হইলেন। মহাদেব ইহার আচলা ভক্তি দেখিয়া ইহাকে আপনার প্রিয় পার্যদ করিলেন।

ষ্-টাগার (পুং) ঘন্টারা আগার: ৬তৎ। যে গৃহে ঘন্টা রাথাহয়।

ঘণ্টা ভাড় (পুং) ঘণ্টাং কালজ্ঞাপকঘণ্টাং তাড়য়তি ঘণ্টা ভাড়ি-অণ্ উপপদসং। ১ কালস্চক ঘণ্টাবাদক, বৰ্ণসঙ্কর জাতিবিশেষ। নৃপতিগণের প্রবোধ সমরে যাহারা ঘণ্টা বাজায়, ডুাহাকে ঘণ্টাতাড় কহে।

> "বৈজেয়কস্ত বৈদেহো মাধুকং সম্প্রস্য়তে। নুন্ প্রশংসভাজ্ঞং যো ঘণ্টাভাড়ো ১রুণোদয়ে॥"

> > ( মফু ১০।৩৩ )

ঘণ্টানাদ (পুং) ঘণ্টায়া নাদঃ ৬তং। ১ ঘণ্টার শব্দ। ঘণ্টায়া নাদইব নাদোহত্ত বছত্রী। ২ কুবেরের একজন মন্ত্রী।

( भकार्थि हि॰ )

ঘণ্টাপথ (পুং) ঘণ্টানাং ঘণ্টাদিবাদ্যানাং ঘণ্টাযুক্তহন্ত্যা-দীনাং বা পছা: ৬তৎ সমা আচ্ (ঋক্পুরকু: পথামানক্ষে। পা ৫।৪:৭৪) বৃহৎ রাজপথ, হন্ত্যাদির গমনযোগ্য গ্রামমার্গ। চাণক্যের মতে দশধ্য বিস্তুত রাজপথের নাম ঘণ্টাপথ।

"नमध्यख्रता ताक्रमार्गा घण्टाशयः चुछः।" ( চाণकाः )

ঘণ্টাপাটলৈ ( ত্রী ) ঘণ্টাচাসৌ পাটলিশ্চেতি কর্মধাণ। বৃক্ষবিশেষ। বঙ্গভাষার ঘণ্টাপারুল ও হিন্দীতে মোষা বলে।
(Biguonia Suaveolens) পর্যায়—গোলীচ, ঝাটল, মোক,
মুকক, গোলিহ, ক্ষারক্র, কালমুক্তক, পাটলি, ঘণ্টাক, ঝাট,
তীক্ষ্প, ঘণ্টক, মোকক, কার্চপাটলী, কালাস্থালী, কাচস্থলী।
(ভাবপ্রকাশ)

ঘণ্টাভ ( তি ) ঘণ্টায়া ইব আভা যন্ত বহুবী। [ ঘটাভ দেও। ] ঘণ্টারবা ( স্ত্রী) ঘণ্টারবহুৎ রবঃ প্রক্ষণের মুখ্ত বহুবী টাপ্। বৃক্ষবিশেষ। চলিত কথায় বনশণ ও স্থানবিশেষে ঝন্ঝনিয়া বলে। পর্যায়—শণপুপ্পেকা, শণপুষ্পী।

यणे दिवी ( जी ) चणे दिव वाहनकार डीश्। विली दिवा ( वर्ष । ]

ঘণ্টালিকা (স্ত্রী) ঘণ্টালী স্বার্থে কন্টাপ্ পূর্বে হ্রম্পত।
[ ঘণ্টালী দেখ । ]

ঘণ্টালী (ত্রী) ঘণ্টাং ডচ্ছন্ধং অনতি অন-অণ্ ঙীপ্। ১ কোষা-তকী। ২ ঘণ্টানামালী ৬তং। ঘণ্টাশ্রেণী। ঘণ্টাবং (ত্রি) ঘণ্টা মতুপ্ অত বঃ। ঘণ্টাযুক্ত, যাহার ঘণ্টা

ঘণ্টাবং (ত্রি) ঘণ্টা মতুপ্ অন্ত বঃ। ঘণ্টাযুক্ত, যাহার ঘণ্টা আহে।

ঘণ্টাবীজ্র (পুং) ঘণ্টের বীজ্ঞ বছরী। জরপাল রুক্ষ। ঘণ্টাশব্দ (পুং) ঘণ্টারা: শব্দ: ৬তং। ১ ঘণ্টারব। ঘণ্টারা: শব্দইব শব্দোয়ঞ্চ বছরী। ২ কাংশু। (হেমণ)

ঘ্ ভিক (পুং) জলজন্তবিশেষ, ঘড়িয়াল।

ঘণ্টিকা (স্ত্রী) ঘণ্টা অরার্থে ভীপ্ততঃ স্বার্থে কন্ হুস্কু । ১ কুজু ঘণ্টা । ২ ভালুছ কিহলা ।

"ৰণ্টিকাং চিত্ৰৰণ্টাচ মহামায়া চ তালুকে।" ( চণ্ডীক্বচ )

ত গলরোগবিশেষ। (হারীত, চিকিৎসিত ৪৫ আ:)
ঘণ্টিন্ (ত্রি) ঘণ্টাহভান্তি ঘণ্টাইনি। ১ ঘণ্টাযুক্ত, যাহার
ঘণ্টা আছে।

ঘণ্টিনীবীজ (ক্নী) ঘণ্টিভা বীজং ৬তং। জয়পাল। (রাজনিং)
ঘণ্ট্র (পুং) ঘটি-উণ্। ১ গজঘণ্টা। ২ প্রতাপ। (উণাদিকোষ)
ঘণ্টেশ্বর (পুং) মঙ্গলের ঔরদে মেধার গর্ত্তে উৎপন্ন দেববিশেষ। ইনি এণ দান করেন। ইহার পূজা করিলে এণরোগ
আরোগ্য হয়। (এজবৈং)

च (की मत ( पूर ) [ घटो नत (नथ । ]

ঘ্ঞা (পুং) ঘণিতি শব্দং কুর্বন্ ডয়তে উড্ডীয়তে ঘণ-ডী-ড। ভ্ৰময়। (সংক্ষিপ্ত॰)

( তি ) হস্তি হন্মুম্ নিপাতনে সাধু। মারক, যাহা হিংসা করে। (উণাদিবৃত্তি)

হান (পুং) হন্ অপ্ ঘনাদেশ দে। (মূর্ডে ঘনঃ। পা ৩৩।৭৭) ১ মেঘ। ভাস্বোপ্যন্যগাংশস্মীপোপগতান্ ঘনান্।

( ভারত ১৷১৩৭৷২৪)

২ মুক্তক, মুণা। ৩ সমূহ। ৪ দার্চা। ৫ বিস্তার লোহমুলচার। (মেদিনী) "প্রেতি জঘান ঘনৈরিব মুটিভিঃ।" (ভারবি ১৮৷১) ৭ শরীর।৮ কফ। ৯ অন্তক। (ত্রি) ১০ নিবিড়, নিরস্তর।

"তদলৰূপদং হৃদি শোক্ঘনে

প্রতিঘাতমিবান্তিক মদ্য গুরো:।" (রঘু ৮।৯১)

>> पृष्

"यक्ठकांत्र विवतः मिनांचरन।" (त्रणू ১১।১১৮)

১২ পূর্ব। "কিংবিদাপুর্য্যতে ব্যোম জলধারা ঘটনর্ঘটন:।" ( ভারত ১।১৩৬।২৮)

১৩ সম্পূট। ( শব্দর )

Vſ

১৪ क्रब्रांनानि कारख्याना। ১६ मध्यम न्छा। (समिनी)
১৬ लोह। ১९ एह। (ब्रांकिनिः) ১৮ প্রু, ছুन। ১৯ অবিরত,
অবিভিন্ন।

"ঘনবাজে ঘন ঘোর দামামা দগড়।" ( জীধর্মার ২।১৭২)
( পুং ) ২০ বেদপাঠবিশেষ।

"क्रोमूकाः विপर्याश्च चनमाहर्मनीयिनः।"

[ श्रक्नरम विष्ठु विवत्र अष्ठेवा । ]

২১ গণিত বিশেষ, সমান তিন আছের বাত, আর্থাং প্রণ করিয়া গুণফলকে পুনর্বার তাহাবারা গুণ করিলে বাহা হয়, তাহার নাম ঐ রাশির ঘন। যেমন ৩এর ঘন করিতে হইলে ৩কে ৩ দিয়া গুণ করিলে ফল হইলে ৯; গুণফলকে পুন-বার ৩ দিয়া গুণ করিলে ফল হয় ২৭; অতএব তিনের ঘন হইল সাতাইশ। ছই বা ততোধিক রাশির ঘন করিবার সহজ নিয়ম লীলাবতীতে লিখিত আছে।

একটা মাত্র রাশির ঘন করিতে হইলে সেই রাশিটীকে তাহাঘারা গুণ করিয়া গুণফলকে পুনর্কার সেই রাশিঘারা গুণ করিলে যাহা হইবে তাহাই সেই রাশির ঘন। ছই বা তাহার অধিক রাশির ঘন করিবার নিয়ম।

১ম নিরম।—বে ছইটী রাশির ঘন করিতে হইবে, তাহার **डानिंग्दित्रिक असा ७ वाम्य अक्री**क जानि वरन। প্রথমে অস্তা অন্ধটীর খন স্থাপন করিবে। তৎপরে অস্ত্যের বৰ্গকে ও আদি বারা ৩৭ করিয়া পূর্ব স্থাপিত অঙ্কের নীচে একস্থান পরিত্যাগ করিয়া রাখিবে এবং আদির বৰ্গকে ৩ ও অস্তা দারা গুণ করিয়া দিতীয় পঙ্কির নীচে এক স্থান পরিত্যাগ করিয়া স্থদ্ধ ঘন করিবে। পরে আদির ঘনকে তৃতীয় পঙ্ক্তির নীচে এক স্থান পরিত্যাগে शानन कतिया यांग कतिरव । এই वांगकनहे थे इहे त्रानित ঘন হইবে। ইহার বামদিকে আরও রাশি থাকিলে त्य इटेंगे त्रानित्र चन कत्रा इटेग्राह, উरानिशक अञ्चा ও তৎপূর্কবর্তী একটা রাশিকে আদি করনা করিয়া পূর্ক নিয়মে প্রক্রিরা করিবে। তৃতীর অকটাকে আদি কলনা করিয়া প্রক্রিয়া করিতে হইলে উপরের পঞ্জির ছই অছ পরিত্যাগ করিয়া তাহার নীচে অপর পঙ্ক্তির ছাপন করিতে হয়। এই প্রকার তৎপরবর্তী রাশি থাকিলে তাহাদেরও প্রক্রিয়া করিবে।

উদাহরণ।—२१ ७ ১२৫, ইহাদের ঘন हित कर १

প্রক্রিরা।— ২৭ এই ছইটা রাশির খন করিতে হইলে ৭ অস্তা ও ২ আদি। ৭ এর খন ৩৪৩কে এক পঙ্ক্তিতে স্থাপন কর। অস্তাবর্গ ৪৯ আদি ২×৩ ছারা প্রণ করিলে ফল হইল ২৯৪, ইহা পূর্বা পঙ্ক্তির নীচে এক স্থান পরি-ত্যাগ করিরা রাখিরা দেও; এবং আদি ২এর বর্গ ৪কে অস্তা ৭×৩ বারা ৩৭ করিলে ফল হইল ৮৪; ইহাকে বিতীর পঙ্ক্তির নীচে একস্থান পরিত্যাগে স্থাপন কর। পরে আদির বন ৮কে একস্থান পরিত্যাগ স্থাপন করিরা যোগ করিলে ফল হইবে ১৯৬৮০। অতএব ২৭এর ঘন ১৯৬৮০। স্ইটী রাশির ঘন প্রক্রিয়া ৪টী পঙ্কিত হর, তাহার রাথিবার প্রণালী।

প্রক্রিয়া।— ১ম প্রক্রিয়াস্থ্যারে ৫ অস্তাও ছই আদি কয়না করিয়া প্রক্রিয়া করিলে ২৫ ঘন ইইবে ১৫৬২৫। তৎপরে ২৫কে অস্তাও ১কে আদি কয়না করিয়া প্রক্রিয়া করিবে। অস্তা২৫এর বর্গ ১৫৬২৫কে এক পঙ্ক্তিতে 'হাপন কর। অস্তোর বর্গ ৬২৫কে আদি ১×০ ঘারা গুণ করিলে ফল ইইল ১৮৭৫; ইহাকে প্রথম পঙ্ক্তির ছইয়ান পরিত্যাগে রাখিয়া দেও। আদির বর্গ ১কে ২৫×০ ঘারা গুণ করিলে ফল ইবৈ ৭৫, ইহাকে ঘিতীর পঙ্কির নীচে ছই স্থান পরিত্যাগে রাখ, পরে ১এর ১কে তৃতীম পঙ্কির নীচে ছই স্থান পরিত্যাগে স্থাপন করিয়া যোগ করিলে ফল ইবৈ ১৯৫১২৫। অতএব ১২৫এর ঘন ইইল ১৯৫০১২৫। পঙ্কি রাখিবার প্রণালী—

এই নিয়মে আদি অন্ত হইতে প্রক্রিয়া আরম্ভ করিলেও চলিতে পারে।

২য় নিয়ম ।—বে রাশির ঘন করিতে হইবে, ইচ্ছামূদারে তাহাকে ছইথও করিয়া থওছরের ঘাতকে ঐ রাশিদারা পূরণ করিলে যাহা হইবে, তাহাকে ওছারা ওণ করিয়া ভাণন করিবে, পৃথক্রণে থওছয়ের ঘন করিয়া তাহার বোগফলকে পূর্ব হাপিতে রাশির সহিত যোগ করিলে যাহা হইবে, তাহাই ঐ রাশির ঘন। এইরপ ছানে রাশিকে বে থওছয়ে বিভক্ত

করিলে প্রক্রিয়া সহজে নিশার হয়, সেইরূপে খণ্ডে বিভক্ত করিবে।

উলাহরণ ।— ৯ ও ২৭ এই ছুইটা রাশির ঘন ছির কর।
১ প্রাক্রিয়া।— ৯কে ৫ ও ৪ এই ছুই খণ্ডে বিভক্ত কর।
উভরের ঘাত ২০ ছারা ৯কে পূর্ব করিয়া তাহাকে ৩ ছারা
ত্তব করিলে কল হইবে ৫৪০। উভর খণ্ডের ঘন ৬৪ ও ১২৫
এর বোগকল ১৮৯কে পূর্ব ছাপিত ৫৪০ এর সহিত যোগ
করিলে কল হইল ৭২৯। অতএব ২য় নির্মাল্পারে ৯এর
ঘন হইল ৭২৯।

চর্ম্ম ও খুর পরিকার এবং চিক্কণ। ইহাদের মধ্যে ধুসরবর্ণের
ঘোড়া বেশী আদরণীর, সম্পূর্ণ ক্লফকার, অধিক মূল্যবান্ ও
সচরাচর অপ্রাণ্য। এদেশে সেই ঘোড়া 'নীলা' ও ধুসরবর্ণের
ঘোড়া 'সব্লা' নামে ধ্যাত।

তুরুক্ত দেশজাত বোড়ার মধ্যে দামান্তনের বোড়া এবং সিরীয়ার বোড়া বিশেষ বিধ্যাত। আরবীয় বোড়ার পরই তুরুকের বোড়ার বিশেষ আদর।

গিরীয়ায় ৫ শ্রেণীর খোড়া আছে, ইহাদের 'ধামশা' বলে। বেছইনেরা এই দকল খোড়ার পালনে ও উৎপাদনে যর লয়। থামশা ৫ তাগে বিভক্ত—(১) কেহিলান্— সর্বাণেকা জ্তগামী, কিন্তু সর্বাণেকা দৃঢ়কায় নহে। জ্লকার বেগারা, মর্দিন প্রভৃতি হানে ইহাদের উৎপত্তি। জ্ল্কার ঘোড়া অধিক ম্ল্যবান্। (২) সেগলাবী—ইহার মধ্যে সেগলাবি গর্জন নামক শ্রেণীই প্রধান।(৩) আবেয়— ক্লুকায়। কিন্তু বড় স্থাশন। (৪) হামদানী— সাধারণতঃ ছ্প্রাণ্য, কিন্তু উৎকৃষ্ট। (৫) হাদ্বান— অল্লই পাওয়া যায়। তুরুক্ষের ঘোড়া কলমে কল্যে চলিতে গোলে ডাহিনে বামে হেলিতে চলিতে থাকে।

তুর্কী ঘোড়া তুর্কী স্থানে পাওরা যায়। দেখিতে বড় স্থানর।
তুর্কদের ঘোড়া অপেকা কার্যক্রম। হিন্দুক্শের নিকটে এই
কাতীয় অখের আদর বেশী, সেধানকার লোকেরা ইহাদের
উৎপাদনে বিশেষ যত্ন লইরা থাকে। ইহাদের তুল্য কইনহিঞ্
ঘোড়া পৃথিবীতে আর নাই। পারভের মরু স্থান দিরা
ইহারা একদিনে এক শত মাইল যাতায়াত করিতে পারে।
পুরাণেও বাহুলীক দেশীর অখের বিশেষ স্থ্যাতি আছে।
বল্থ, অরুকু ও মৈমানা হইতে এই লাতীয় অম্ব অরপরিমাণে
ভারতে আসে। ভাতারদেশীয় ঘোড়ার মধ্যে মানাঠির
আর্গমক, বোথারার উজ্বক, সমরকণ্ডের কোকাণ, কিরঘিজের করবে আইরি ও কাজক প্রধান। আর্গমক দীর্ঘকায়
ও স্থান্দি, উজবক বলবান্ এবং কোকাণ দৃঢ়কায়। কাজক
ঘোড়া ছুটতে পটু। কাজক ঘোড়ার বহুদ্র যাইতে
হইলে মধ্যে মধ্যে তাহাকে কুরুত নামক এক প্রকার দুধি
খাইতে দিলে কুধা ভ্ষার জন্ম তাহার বিশেষ কট হর না।

এনিয়ার ক্ষিয়ার তর্পণ ও খুসিন নামক অখ আছে।
ইহারা বশীভূত হর না। মধাএনিয়াতেও একপ্রকার জ্ঞাতগামী স্থানর বস্ত অখাদেখা যায়। ইহারা দলে দলে অমণ
করে, কিছুতেই মানবের বশীভূত হয় না। প্রাণীত ছবিদেরা

বলিয়া থাকেন যে দিন ইহারা বশীভূত হইবে, সে দিন হইতে ইহাদের অস্তিত্ব লোপ পাইতে থাকিবে।

থিরগিজে মুস নামে এক কাতীয় বস্ত অখ আছে।
দক্ষিণ আমেরিকার বন্য অখ ইহা হইতে খতন্ত। ইহারা
গর্মত অপেকাও কুদ্রকায়, কিন্তু দেখিতে বড় সুন্দর।

অট্রেলিয়ার ঘোড়া ভারতবর্ষে ওয়েলার নামে খ্যাত। ওয়েলার পাড়ী টানিবার পক্ষে অতি উপযুক্ত। [ঘোড়া সম্বন্ধে অপর বিবরণ অখ ও অখ্যমেধ শক্ষ ও বিলাতী অখ্যের বিস্তৃত বিবরণ জানিতে হইলে Encyclopædia Brittanica ও English Cyclopædia ক্রষ্টব্য।]

বোটক মুখ (পুং) ঘোটক ভ মুখনিব মুখং যন্ত বছত্রী। ১ কিল্পবিশেষ। ২ প্রবর ঋষিবিশেষ। (হেমাজি )

ত্যেটিক সেনা (জী) ঘোটকারোহী সৈভ, যাহার। খোড়ায় চড়িয়া যুদ্ধ করে।

(ঘাটকারি (পুংস্ত্রী) ঘোটকস্থ অরি: ৬তৎ। ১ মহিষ।
(শব্দার্থচি ) স্ত্রীলিকে বিকল্লে ভীপ্হয়। (পুং) ২ হ্যারি
বুক্ত, করবীর। [হ্যারি দেখ।]

হোট্কী (স্ত্রী) খোটক ভীপ্। > ঘোটক জাতীয় স্ত্রী।

২ সিন্ধুপ্রদেশের শিকারপুর জেলার একটি তালুক, পরিমাণ ৩৭২ বর্গমাইল।

এই তালুকের প্রধান সহর ঘোট্কী, ২৮०• ॔১৫ ॔ উঃ, অক্ষা• ৬••২১ ১৫ পৃ: দ্রাঘিমার অবস্থিত। অধিবাসীর মধ্যে भूगनभागरे अधिक। अहे महत्र है ১१८१ शृहीरक शांभिक रहा। পীর মুদাশা এই নগরের স্থাপনকর্তা। তাঁহার একটী দরগা আছে, তাহা লম্বে ১১৩ ফিট ও প্রন্থে ৬৫ ফিট। ইহার जूना दृहद पत्रशा निस् शामा नाहे, मूननमारनता धहे पत्रशास्क व प्रविध्व विषया मान करता। हेहा अकि दित्र हिमान, नी ल. শশম ও ইক্ এথানকার প্রধান বাণিজ্য দ্রব্য। ঘোট্কীর ধাতু ও কার্ছের খোদিত দ্রব্য এবং রং করা কার্য্য বিশেষ থ্যাত। (ঘাটান, সিজু প্রদেশের হায়দরাবাদ জেলার একটা সহর। অক। ২৫ । ৪৪ ৪৫ উঃ, জাবি । ৬৮ । ২৭ পুঃ। এখানে হিন্ অধিবাদীর মধ্যে মুহানো ও লোহানো জাতিই অধিক। এট সহরে শিকারপুর, আদম্জো, তালো প্রভৃতি সহরের উৎপন্ন জব্য আসিয়া রপ্তানীর জন্ম প্রস্তুত থাকে। এখান হইতে প্রতি-বর্ষে বহু পরিমাণে শহা, তুলা, বীজ ও ক্লার প্রভৃতি রপ্তানী হয়। বোটিকা (জী) ঘোটতে পরিবর্ততে ঘুট গুল্-টাপ্ অত ইত্বং। > বৃক্ষবিশেষ, কর্কটী। পর্যায়—কর্কটী, ভুরঙ্গী, চতুরঙ্গ। ইহার ওণ-ক টু, উষা, মধুর এবং বাত, ত্রণ, কপু, কুষ্ঠ ও খার্থু-নাশক। (রাজনি॰) ২ লোনী শাকবিশেষ। ৩ ঋখী, যুড়ী।

খোটিকাম ত্রী) লোনীশাক। (ভাবপ্রকাশ)
ঘোটী (ত্রী) ঘোটতে পরিবর্ততে ঘট-পরিবর্তনে অচ্ত্রীলিক্ষে
ভীপ্। ঘোটকী, ঘোড়ী।

"ঘোটা ছেষা বিক্ত-বিক্লতং হেতৃহীনং হসন্তী"। (সাহিত্যদ•) ঘোড (দেশব্দ) ১ জুতার পশ্চাদংশ।

২ বোষাই প্রাদেশের পূণা জেলার অন্তর্গত থেড়বিভাগের আহিগাঁওয়ের অন্তঃপাতী কুটী কুদ্র নদী। এই নদাঁতীরে ঘোড়ে নামক গ্রাম। এই গ্রামে প্রতি শুক্রবারে হাট হয়। এখানে ডাকঘর, থানা ও সুল আছে। এথানে একটি তিন থিলানবিশিষ্ট পূরাতন মদ্ভিদ্ আছে। এই থিলানগুলি হুটি পাথরের থামের উপর অবস্থিত। এক একটি থাম এক একথানি পাথরে প্রস্তুত। প্রতিশুভে পারসী ভাষায় থোদিত লিপি আছে। তাহা হইতে জানা যায় যে, মীর মহম্মদ নামে এক ব্যক্তি ১৫৮০ খুটান্দে এই মদ্ভিদ্ নির্মাণ করান। ১৮০৯ খুটান্দে কোলি জাতীয় একদল লোক কেপিয়া উঠিয়া থাজনাথানা লুটবার চেটা করে। তথনকার সহকারী কালেক্টার সাহেবের চেটায় তাহাদের অনেকেই বন্দী হয়।

যোড়করণ (ঘোটকর্ণ শব্দ) এক জাতীয় বৃহৎ গাছ, ইহাতে তক্তা হয়। (Ailanthus excelsa.)

ঘোড়গোতা (দেশজ) একপ্রকার মাছ।

বোড়চড়া ( দেশজ ) ১ ঘোড়ার আরোহণ। ২ অখারোহী।
ঘোড়চেলা ( দেশজ ) এক জাতীর চেলা মাছ। [চেলা দেখ ।]
ঘোড়দৌড় ( দেশজ ) ঘোটকচালনরপ ক্রীড়াবিশেষ। এই
ক্রীড়ার অনেকগুলি ঘোড়াকে একেবারে দৌড় করান হয়।
যাহার ঘোড়া সর্বাগ্রে নির্দিষ্ট স্থানে উপস্থিত হয়, তাহারই
জয় হইয়া পাকে। সকল সভ্যদেশে ঘোড়দৌড়ের আদর আছে।
ঘোড়বেড় (দেশজ) চারিদিকে আচ্ছাদিত, চারিপাশে ঘেরা।
ঘোড়শালা ( দেশজ ) অখশালা, যে গৃহে অখ বাঁদিরা রাথা
হয়, আস্তাবল।

বোড়া ( থাটক শক্ষ) ঘোটক। [ ঘোটক দেখ।]

(ঘাড়ানিম (দেশজ) এক জাতীয় বৃক্ষ। (Melia Az dirachta.)

ঘোড়ামুগ (দেশজ) এক প্রকার বন্য মুগ, ঘোড়া এই জাতীয় মুগ খাইতে ভালবাদে। ইহা দেখিতে অনেকটা দেশীয় মুগের সদৃশ। (Phaseoeus lobatus.)

বোড়ায়নী (জী) এক প্রকার গাছ। (Phellandrum Catifolirum, Buch.)

বোড়ারু, এক জাতীর রুরু মুগ। (Elk.)

(ঘাড়াশালা, অখশালা, যে গৃহে ঘোড়া রাণা হয়, আন্তাবল ।

বোড়ী (বোটকী শক্ষ) বোটক জাতীর স্ত্রী, জন্বী, ত্রজী। বোণস (পুং) বোনস প্ৰোনরাদিবৎ সাধু। সপ্বিশেষ। [গোনস দেখা]

ভোণা ( ত্রী ) ঘূণ-জচ্টাপ্। ১ অখের নাসিকা।

"জবনিরোধক্ষীতরোব্যুর্বুরায়মাণবোর-বোণেন।" (কাদ্বরী)

২ নাসিকা।

"গৌর: প্রালঘোজ্জলচার্রবোণ:।" (ভারত ১।১৮৯ আ:)
ভোণিন্ (পুংস্ত্রী) প্রালভা বোণা অভ্যত বোণা-ইনি।
শুকর। স্ত্রীলিকে ভীপ্ হর।

ত্যাণ্টা (জী) খুণাতে গৃহতে ভক্ষার খুণ বাহলকাৎ ট:।
> বৃক্ষবিশেষ, চলিত কথার খেয়াকুল বলে। পর্যায়—বদর,
গোপঘণ্টা, খুগাল, কোলি, কশিকোলি, হস্তিকোলি,
বদরীচ্ছদা, কর্মভূ। ২ পুগবৃক্ষ। (মেদিনী)

বোতন, বোষাই প্রদেশে আক্ষনগর জেলার একটা বড় প্রাম। শিবগ্রাম (শিবগাঁও) হইতে ৬ মাইল উত্তরে অব-স্থিত। ইহাতে একটা প্রাতন শিবমন্দির আছে। মন্দিরটা গ্রামের মধ্যস্থলে অবস্থিত। গৃহটীর চতুর্দিকে কারুকার্য্য, সারি সারি প্রস্তরের থাম, তাহার উপর কারুকার্য্য থোদিত প্রস্তরের ছাল, দেখিতে মনোহর। গৃহটীর শেষে একটা ছার, এই ছার দিয়া কয়েক ধাপ সিঁড়ি নামিয়া গর্ত্বগৃহে বা দেবভানে পড়িতে হয়, এইখানে জলের একটা কুগু বা লহর আছে।

তোনিস ( পুং ) সর্পবিশেষ। [ ঘোণস দেখ। ]
তোপ ( কুপশকজ ) কুপ, কুদ্র বৃক্তবেষ্টিত হান, ঝোপ।
তোপিঘাপ ( দেশজ ) বৃহৎ ঝোপ, গোপনীয় হান।
তোপনগর, বলর, উপক্ল।

বোপাল (দেশজ) ঘোপযুক্ত, যে স্থানে ঘোপ আছে।
ঘোমটা (দেশজ) অবশুঠন, মুখাচ্ছাদন। এদেশীয় ভদ্ৰমিচলাগণ যৌবনকালে ঘোমটা ছারা মুখ ঢাকিরা রাখেন।
পরিধের বস্ত্রের প্রাস্তভাগ ছারাই খোমটা টানা হয়।
কোন কোন স্থানে উত্তরীয় বস্ত্রে বা বস্তাস্তরেও ঘোমটা
দেওয়া হইয়া থাকে। অনেকের বিশ্বাস যে অতি প্রাচীনকালে সভ্য মহিলারা ছোম্টা দিতেন না। মুসলমান
আধিপত্যের সময় হইডেই ঘোমটা দেওয়া চলিত হইয়াছে।
কিন্তু মহাকবি কালিদাসের অভিজ্ঞানশকুন্তল পাঠে জানা
ঘার যে, বনবাসী শকুন্তলা যখন ত্রান্তের রাজসভায়
উপস্থিত হন, তথন তিনি ঘোমটা দিয়া আসিরাছিলেন।
এরপ স্থলে ছোমটা দিবার নিরম যে বহু পূর্বকাল হইতেই
ছিল, তাহাতে সন্দেহ নাই।

ভোর ( ফ্রী ) হস্ততে বধ্যতে হনেন হন্ আচ্ ঘুরাদেশ: ( হন্তেরচ্
ঘুর্চ। উণ্ ৫।৬৪।) ১ বিষ। (রাজনিং) ( পুং) ২ শিব।
ভোরত ১৩।১৭।৪) ( তি) ও ভরানক, ভীবণ।

"বহুন্ বর্ষগণান্যোরান্নরকান্ প্রাপ্য তৎক্ষরাৎ।" (মহু ১২।৫৪)

৪ আফগানখানের পশ্চিমাংশে দ্বিত আফগান জাতির এক পূর্বতন পার্বতীর রাজ্য। হিরাটের ১২০ মাইল দক্ষিণপূর্বে ইহার রাজধানী অবস্থিত, একণে কালকবলে বিধ্বস্ত।

গজনী ও বোররাজ্যে পরস্পর বছদিন হইতে বিবাদ বিস্
বাদ চলিরাছে। গজনীপতি মাক্ষুদ্দ ১০১০ খৃষ্টান্দে ঘোর
আক্রমণ করেন। কিন্তু প্রার ১০৫১ খুষ্টান্দে ঘোরপতি গজনী
আক্রমণ করিরা তথাকার অধিবাসীদিগকে বোরে তাড়াইরা
আনেন এবং তাহাদের কণ্ঠ বিচ্ছিন্ন করিরা সেই রক্তে ছুর্যনির্মাণের মসলা প্রস্তুত করাইরা ছিলেন। বছদিন যুদ্ধের পর
১১৫২ খুষ্টান্দে ঘোরপতি সম্পূর্ণরূপে গজনীবংশের উপর
আধিপত্য বিস্তার করেন। শেষে গজনীরাজ লাহোরে
পলাইরা আসেন। ১১৮৬ খুষ্টান্দে মুহ্মাদ ঘোরী (বিখ্যাত
সহাবৃদ্দীন্) পঞ্জাব জয় করেন। তাঁহার সহিত বছবার
হিন্দুরাজগণের বৃদ্ধ ঘটে, শেষে তিনি ১১৯০ খুষ্টান্দে দিলীশ্বর
পৃথীরাজকে পরান্ত করিয়া হিন্দুস্বাধীনতা ও হিন্দুসাদ্রাত্র
বিল্প্র করিবার পথ প্রদর্শন করেন।

ঘোররাজ্যে অর্জ্বাধীন মোগল ও হাজারাগণের বাস।
ইত্তথরি ও ইবন্ হকলের মতে ঘোররাজ্যের চতুঃসীমার হিরাট,
ফরা, দবার, রবৎ, কুরবান্ ও ঘজিস্থান ছিল। ইহার চতুঃসীমার মুসলমানগণের বাস থাকিলেও এথানে হিন্দু প্রভৃতি
তির ধর্মাবলস্থীগণের বাস এবং খোরাসানের ভাষা হইতে
তাহাদের ভাষাও স্বতন্ত্র ছিল। পুরাবিদ্গণের মতে ঘোররাজ্যে
ঘোর, ফিরোজকো ও বামিয়ান এই কয়টী প্রধান নগর ছিল।
(ঘারক (পুং) [বছ] দেশবিশেষ।

"কাশ্মীরশ্চ কুমারাশ্চ ঘোরকা হংসকায়না:।"(ভারত ২০৫১ জ:) দোরভৃত্তি, ১ কীকটের অন্তর্গত একটা জনপদ। (ব্রহ্মথ ৩১।৩২)। ২ দেশাবলী মতে অঙ্গের অন্তর্গত একটা নগর।

ভোরিঘুষ্য (ক্লী) বোরং খুষাতে ক্যপ্। কাংজ। (রাজনি°) কোন কোন গ্রাছে খোরখুয়া ছলে ঘোরঘুষ্ট পাঠ দৃষ্ট হয়।

খোরছোরতার (পুং) ঘোর প্রকারে দিখং তত ভারপ্। >শিব। (ত্রি)২ অবতাত দোর।

খোরতর (আ) খোর-তরপ্। অত্যস্ত খোর, অতিশর ভীষণ খোরতা (স্ত্রী) খোরত ভাব: খোর-তল্টাপ্। অতিভীষণতা। খোরদর্শন (পুং স্ত্রী) খোরং ভ্রানকং দর্শনং যত বছরী। উলুক্। (রাজনিণ)(আ) ২ ভ্রানক্রপ। "কৰদ্ধং নাম রূপেণ বিকৃতং ঘোরদর্শনম্।" (রামায়ণ ১।১।৫৫) খোররাসন (পুং স্ত্রী) ঘোরং ভরানকং রাসনং শব্দোহত ৰছ্বী। ১ শৃগাল। (ত্রি) ২ ঘোরতর শক্ষুক্ত। স্ত্রীলিকে ভীষ্ হয়।

বোররাসিন্ (পুং জী) বোরং রসতি রস-ণিনি। > শৃগাল।
(হেমণ) জীলিকে তীপ্ হর। (ত্ত্তি) ২ বে বোরতর শব্দ করে।
বোরক্রপ (পুং) বোরং উগ্রং রূপং বস্ত বছত্রী। > মহাদেব।
"বোরার বোরক্রপান্ধ বোরবোরতরার চ।" (ভারত ১০)১৭।৪৯)
(ত্ত্তি) ২ উপ্রক্রপবিশিষ্ট।

লোররপা (জী) খোরং উগ্রং রূপং যতাঃ বছরী টাপ্। চঙী, হুর্গা।

> "বোররপা ঘোরতম ঘোর বে ভ্বন। ঘোররব কৈলে ঘন ঘণ্টার বাজন ।" (ক্বিক্ছণ)

খোরবর্পস্ (অ ) ঘোরং বর্প: রূপং যত বছরী। উগ্ররূপ-বিশিষ্ট। "যে ভুলা ঘোরবর্পন: স্কুক্তালো রিশাদন:।" (ঋক ১০১৯।৫) 'ঘোরবর্পন উগ্ররূপধরা:' (সারণ।)

(घांत्वन्छ वा ट्यांतवन्म, मक्तांन धारमध्म त्य ममण भवःमा-ৰশিষ্ট প্ৰাচীর আছে ও এখানকার পর্বত হইতে যে যে স্থানে व्यवन (या क्रनाव्यां विद्या शाष्ट्र महे पार देहेकापि निर्मिष्ठ (य সমুদার বাঁধ आছে তাহার নাম খোরবন্দ। বর্ত্ত-মান মক্রাণ-অধিবাদীরা এই "ঘোরবন্দ" নির্মাতাদিগকে বোরবন্দ বা খোরবস্ত নামে অভিহিত করিয়াছে। য়ুরোপের স্থানে স্থানে যেরূপ কাইক্লোপীয়দিগের নির্শিত প্রাচীরাদির श्वः नावरणव रावा यात्र, এह रचात्रवन्न निरात शृक्त कीर्छि छ ठिक তদ্মুরপ। বর্ত্তমান মক্রাণবাদীরা এই দেশে আসি-বার বছপুর্বে এই হানে ঘোরবল্লাতির বাস ছিল। মক্রাণবাসীরা তাহাদের প্রাচীর ভবনাদির কোন প্রক্লত ভত্তাদি নিরাপণ করিতে না পারিয়া কেবলমাত্র ইস্লাম্-ধর্ম বিৰেষী কোন কাফেরজাতি কর্তৃক নির্মিত বলিয়। মনে করিয়া থাকে। বাঘবানার নিকটবর্ত্তী উপত্যকা ও ঝালা-वन ध्यापाम हेशापत कुछ जानक जाम्हर्गाम्हर्गा की हिं দেখিতে পাওয়া যায়।

কেছ কৈছ অমুমান করেন যে সময়ে বোরবল্জাতি কর্তৃক প্রাচীন গুল্পক নগরী নির্মিত হয়। সেই সময়কার ইহাদিগের অসংখ্য কীর্ত্তি দেখিয়া বিলক্ষণ বোধ হয় যে এই জাতির সংখ্যা অত্যন্ত অধিক ছিল। ইহারা মানসিক বল, সহিস্তাও নিজ বুদ্ধিকৌশলে আত্মকা করিবার অভ্ন সীমান্ত প্রদেশে এইরপ ছর্ভেদ্য প্রাচীর ও গড় প্রভৃতি নির্মাণ করিরাছিল। সম্ভবতঃ ইহারা মক্রাণ হইতে

পূর্কাভিমুথে পর্কতের উপরে বাস করিত। কালক্রে ইহাদের লোকসংখ্যা বৃদ্ধি হওয়ায় ইহারা উত্তর ও পূর্কাভি-মুথে ছড়াইয়া পড়ে। ক্রমে ইহারা কলাৎ (থিলাৎ) উপত্যকার আইসে এবং এই স্থান হইতে মূলা গিরিস্কট দিয়া ভারতবর্ষের সমতল ক্ষেত্রে আসিয়া বাস করে। অদ্যাবধি এই জাতির কোন প্রকৃত ইতিহাস জানিতে পারা যার নাই।

প্রীদের কাইক্লোপীয়ার প্রাচীর নির্দ্ধান্তা পেলাদ্গি জাতি এবং এই ঘারবন্দজাতি সম্বন্ধে হই একটা বিশেষ সৌদাদ্র্যা দৃষ্ঠ হয়। তন্ধারা জাম্মান করা বার বেইহারা পরস্পরে একজাতি ও একপ্রকার প্রকৃতিবিশিষ্ট। গ্রীস ইতিহাসে লিখিত আছে যে এই পেলাস্গিলাতি এসিয়াখণ্ড হইতে আসিয়াছে, কিন্তু ইহারা এসিয়া মাইনর, সিয়ীয়া, এসিয়ীয়া বা পারভালেশ হইতে আসে নাই। এসিয়ায়াজ্যের যে থণ্ড হইতে ভূমণ্ডলের সমস্ত সভালাতিই বিভ্তুত হইয়াছে, সম্ভবতঃ এই পেলাস্গিলাতিও সেইম্থান হইতে আসিয়া থাকিবে। সেইক্লপ বেলুচিম্বানবাদী এই ঘোরবন্দ জাতিও সেই ম্থান হইতে মক্রাণ অভিমুখে আসিয়াছিল। যথন ইহারা কলাৎ উপভাকা হইতে ম্লা সকট দিয়া ভারতের সমতল ক্ষেত্রে আসিয়া বাস করে, ভাহার বহুপুর্ম হইতেই ইহারা প্রাচীর ও ভবনাদি নির্দ্ধাণ কৌশল ও বহুতর শিল্পকাৰ্য্য অবগত ছিল।

ভোরবাশন (পুং) ঘোরং বাশতে শকায়তে বাশ-সা। স শ্গাল। জীলিকে ভীপ্। (ত্রি) ২ ভয়ানক শক্কারী।

**ভোরবাশিন্ (পুং)** ভোরং বাশতে শকারতে বাশ-ণিনি। ১ শুগাল। জীলিকে ভীষ্। (জি) ২ ভরানকশক্কারী।

খোরা (জী) খুর আচ্টাপ্। > দেবতাড়ী লতা, চলিত কণার খোষাল্যতা। ২ রাজি। ৩ সাজ্যানত্সিদ্ধ রাজ্সিক মনোবৃত্তি। ৪ রবিসংক্রান্তিবিশেষ, ভরণী, মধা, পুর্বক্সন্তুনী, পূর্বাধানা ও পূর্বভাজপদ এই কয়টী নক্ষত্রের কোন একটী নক্ষত্রে রবিসংক্রান্তি হইলে তাহাকে খোরা বলে।

"রবাব্থভে সংক্রমে ভাস্করভ ভবেদ্খোরনা**মী।" ( জ্যোতি**°)

খোরাল (খোর শক্ষ) ১ ঘ্ণায়মান। ২ অক্করার।
ঘোরাস্ব, বোষাই প্রদেশে ওজরাটের অন্তর্গত মহীকান্তা
এজেজীর মধ্যন্থ একটা ক্ষুত্র রাজ্য। এথানে তুলা প্রধান
উৎপর দ্ব্য। এথানকার রাজার উপাধি ঠাকুর, তিনি
জাতিতে কোলি। রাজার জ্যেষ্ঠ পুত্রই রাজ্যপ্রাপ্ত হর।
রাজার পোষ্যপুত্র লইবার ক্ষমতা নাই। প্রধান নগর
ঘোরাস্র ২০০ ২৮ উত্তর অক্লাংশে ও ৭০০ ২০ পুর্ব দ্রাঘ্যার
ক্বিতি। এথানে তুইটা বিদ্যালয় আছে।

বোল (পুং) ঘুর কশ্বণি ঘঞ্ ডক্স नः। > মথিত দধি, তক্র । প্র্যায়-দ্রাহত, কালদেয়, অরিষ্ট, গোরস, ঘল, মলিন, কেবল ও ভগ্নক্ষিক। সুশ্রুতের মতে নির্জাণ দধি মহন করিরা नवनौ जूनिया नहेल (चान श्रञ्ज इय। यज श्रकांत्र इत्य मिं इम, खंड शकांत कृत्य (चान हहेंगा थात्क। दान जिन ध्यकात-भानजन, अर्द्धन ७ निर्क्षन। याहार् निकि ভাগ जन थाक जाहां कि भागजन, पार्क्षक जन थाकिता व्यक्तिका ও कार्न ना मिनान हरेला जाहारक निर्कान राज। স্কুশত ও ভাবপ্রকাশের মতে নির্জল দ্ধি হইতেই ঘোল হয়। কৈছ এখন পাদলল ও অর্জলমুক্ত দধি মথিত হইলেও ভাহাকে ঘোল বলে। কিন্তু পূর্বকালে ইহার নাম ভেন ছিল। [ তক্ৰ শব্দে বিশেষ বিবরণ দেখ। ] ইহার গুণ— मधुत, अम, कशांत, उक्किवीर्गा, नणू, ऋक, अधिवर्क्तक, शांदक অনেক, শুল, মেল, শেলা, মৃত্যকুচ্ছ ও বার্নাশক, সেহপান 😉 ভক্ষণজনিত রোগে শাস্তিকর ও তেজোদীপক।

নির্জন ও শরযুক্ত ঘোলের গুণ—বায়ু ও পিত্তনাশক।
দধির মাত ফেলিরা একথানি শালা কাপড়ের উপরে রাথিবে।
ফলীরাংশ ভালরপে নিঃস্ত হইলে তাহাতে জীরে ও দৈদ্ধব
মিশাইবে। এইরূপে এক প্রকার ঘনতর ঘোল উৎপর হয়।
ইহার গুণ—বাতনাশক, অতাসার ও অগ্রিমান্দ্যে হিতকর,
ফুচিকনক ও বলকারী। (শকার্থচিণ) ভাবপ্রকাশের মতে
ঘোলের সহিত হিঙ্কু, জীরেও সৈদ্ধব মিশাইলে তাহার গুণ—
বাতনাশক, অর্শ ও অতীসারে উপকারী, ফুচিকর, প্রিজনক,
বলকারী, বস্তি ও শ্লনাশক। গুড়ের সহিত ঘোল থাইলে
ম্রক্তছু এবং চিতা মিশাইয়া ঘোল থাইলে পাণ্ডুরোগ ভাল
হয়। আরব, পারস্থ এবং বিলাতেও ঘোলের মথেই আদের।
বিলাতের সকল লোকই প্রায় ঘোল থাইতে ভালবাদেন।
তথার প্রতিবর্ধে লক্ষ লক্ষ টাকার ঘোল বিক্রেয় হইয়া থাকে।
গরম ভাতে ঘোল থাইবার বিধান আছে—

শপাস্তাতে আচার পেলে বড় মজা হয়। পটিভাতে পাতিনের সর্কাশাস্ত্রে কর ॥ কড় কড় হলে কাঁচা ভেঁতুলের ঝোল। তথ্য ভাতে বড় মজা যদি মেলে খোল॥"

যোলঘাট, হগলীর নিকটবর্জী পর্জু গীজদিগের পুরাতন গড়। ইহাকে পর্জু গীজেরা "গলগোথা" নামে বর্ণনা করিয়া গিয়া-ছেন। ইহার ভগাবশেষ পড়িয়া আছে। [হুগলী দেখ।] ঘোলজ (ফ্রী) ঘোলাং জারতে ঘোল-জন্ড। ঘোল হইতে উৎপন্ন দ্বত। ঘোলমন্থন (রী) খোলভ মন্থনং ৬৩৫। খোল প্রস্তুত করিবার জন্ম দধির আলোড়ন। (यानमञ्जी (जी) > यानमञ्ज मछ, त्य मछी बाता त्यान মন্থন করা হয়। ২ এক প্রকার বৃক্ষ, খোলমৌনী গাছ। বোলবটক (পুং) ঘোলমিপ্রিতো বটক: মধ্যলো । বটক-वित्मय। मननशालित माल चानविषेक विनारी ७ वालनामक। (ए) ला (पमा) > विक्रुड, अभितिष्ठुड। २ विकात, अभितिष्ठात । (घालां हिंगू। (तमक) [ त्वानात्मथ । ] (घोलांन (पणम) कर्ममयुक्त, व्यावित। (घालां नियां ( दम्म ) काना छ । (घालि (जी) पूर्-हेन् एक नः वा डी भ्। त्यांनी भाक। (च) लिका ( को ) वानी-वार्य-कन् छान् भूर्त्साइवः। वानि শাক। [হোলীদেশ।] (चाली (जी) (चालि डीप्। भवभाकि वित्मव, त्वान त्योनी। পর্যায়—বোলিকা, ঘোলি, কলরু, কুবকালুকা। কেত্রজাত বোলীশাকের ৩৪ণ—লবণ, রস, রুচিকর, অনুসু, ৰায়ু <u>ও</u> क्षना भक ।

বনজাত ঘোলীশাকের গুণ——অস্ন, রুক্ত, রুটিকর, বার্-নাশক এবং পিত ও শ্লেমবৃদ্ধিকর।

স্ক্রেবোলীশাকের গুণ-জীর্গ জ্বনাশক। (রাজনি॰)
ভোষ (পুং) ঘোষস্তি শকায়তে গাবোযস্মিন্ ঘূব-জাধারে ঘঞ্।
(হল শচ। পা ৩। ১২১)

১ আভীরপলী, গোয়ালা-পাড়া। বোষতি শকারতে ঘ্য-কর্ত্রি-অচ্। ২ গোপাল, গোয়াল। "হৈয়লবীনমাদার ঘোষর্কার্পস্থিতান্।" (রঘু১।৪৫) ঘ্য ভাবে ঘঞ্। ৩ ধ্বনি।৪ মশক। (ত্রিকাণ্ড॰) ৫ বর্ণ উচ্চারণ করিবার বাহ্ প্রেফ্রিশেষ। (শিক্ষা) (ক্রী) ৬ কাংস্ত। ৭ বলীয় কায়স্থ, গোপ প্রভৃত্রির উপাধিবিশেষ।

"বহুবংশে চ মুখ্যে বৈ নামা লক্ষণপূৰণে। বোষেষু চ সমাথ্যতে চতু ভূ জো মহাকৃতী ॥" (কাম্ভ কুলদীপিকা) ৮ হিমালমভ জনপদবিশেষ।

ভোষক (পুং) ঘোষ-স্বার্থে কন্। ১ [ খোষ দেখ। ] খোষ-সংজ্ঞাবে কন্। ২ ঘোষালতা। পর্যায়—ধামার্গব, ঘোষকা-কৃতি, আদানী, দেবদানী, ভুরদক, ঘোষ, ঘোষালতা ও ঘোষকাল। ( ফটাধর)

খোষকাকৃতি (পুং) ঘোষকস্থাকৃতিরিবাকৃতির্য়ন্ত বছবী।
১ খেত কোষাভকীলতা। ২ মহাকাল, মাকাল। (রাজনি॰)
ঘোষকৃত্ (জি) ঘোষং করোতি কু-কিপ্ তুগাগমল্চ। ১ যে
শব্দ করে, শব্দকারী। ২ যে আভীরপলী নির্মাণ করে।

चোষকোটি (ন্ত্ৰী) একটা পৰ্বত পৃত্ৰ।

ভোষণ (ক্লী) ঘূষ্-ভাবে লাট। সংবলি। দুষ-ণিচ্-ভাবে লাট। ২ ইতস্ততঃ বিজ্ঞাপন প্রচার, সাধারণ লোকের বিদিভার্থে উচ্চঃশব্দে কোন ঘটনা প্রকাশ করা। "বীর্যবিক্রম-শৌর্যাণাং ঘোষণং সহিতং ভবেং।" (রামারণ ৬.৫৮ আঃ)

ভোষণা ( জী ) ঘূৰির বিশব্দনে ঘূৰ যুচ্টাপ্ ( ণ্যাসপ্রছো যুচ্। পা ৩।৩ ১০৭ ) [ খোষণ দেখ। ]

ভোষণীয় (তি) ঘুৰ-জনীয়র। বাহার ঘোষণা করা হইবে, বাহা ঘোষণা করিবার যোগা।

বোষপাড়া, নদীয়াজেলাম্থ একটা বিখ্যাত পলীগ্রাম। এখানে কর্ত্তাভলাদিগের প্রধান ও প্রাচীন আড্ডা আছে। [কর্ত্তাভলাদেখ।]

খোষয়িজু (পুং জী) ঘ্ৰ-ণিচ্ বাহলকাৎ ইদুচ্। ১ বাদাণ। ২ কোকিল। (ত্রি) ও যে বন্দনা করে, বন্দী। (শক্ষরাং)

বোষবং (তি) খোবো ধ্বনিঃ বর্ণবিশেষো বাহ্ণপ্রযন্ত্রিশেষো বা অন্ত্যক্ত খোষ-মতুপ্ মস্য বঃ। ১ যে সকল বর্ণের উচ্চা-রণে খোষরূপ বাহ্ণপ্র আবিশ্রক হর, তাহাকে খোষবং বলে। কলাপের মতে গ ঘ ভ, জ ঝ ৩০, ড ঢ শ, দ ধ ন, ব ভ ম, য র ল ব হ এই কয়টা বর্ণকে খোষবং বলে।

( ঘোষৰজো হলো। কলাপ ১।১।১২) ২ ধ্বনিযুক্ত। "তং বজ্ৰমতূলং ঘোষং ঘোষবাংছং বলাছক:।"

(ভারত ১৷২৫ জ:)

খোষবতী (ত্রী) খোষবং তীপ্। বীণা। (হেমচং)
খোষবস্থ (পুং) কারবংশীয় একজন রাজা। (বিফুপুং)
খোষা (ত্রী) খ্বাতে, ত্রমরৈরিয়ং কর্মণি-যঞ্। ১ মধুরিকা,
মৌরী। (মেদিনী) ২ শতপুসা। ৩ কর্কটশৃলী, কাঁকড়াশৃলী। ৪ কোশাতকী। ৫ গলা।

"দ্রাণতুষ্টিকরী ঘোষা ঘনানদা ঘনপ্রিরা।" (কাশীখঃ ২৯।৫৫) ৬ গায়ত্রী স্বরূপা মহাদেবী।

"ঘুণি মন্ত্রময়ী ঘোষা ঘনসম্পাতদায়িনী।" (দেবীভাগ ১২।৬।৪৪)
ঘোষাতকী ( ত্রা ) কোশাতকী প্যোদরাদিবৎ সাধু:। কোষাতকীলভা, কোন আভিধানিকের মতে খেত কোশাতকীর
নাম ঘোষাতকী। (রত্নমালা)

তোষাদি (পুং) ঘোষ আদির্যত বহুত্রী। পাণিনীর একটা গণ, এই গণ পরবর্তী হইলে পূর্ববর্তী পদের আদি স্বর উদাত্ত হয়। ঘোষ, কট, বল্লভ, ব্লুদ, বদরী, পিকল, পিশক, মালা, রক্ষা, শালা, কুটশাআলী, অখখ, তৃণ, মুনি, প্রেক্ষা, ইহা-দিগকে ঘোষাদিগণ বলে।

খোষ্যাত্রা (জী) খোষে বাজা ৭তং। ঘোষপদ্ধীতে বাজা।
পূর্বে রাজগণ সর্বাদাই অধীনত্ব ঘোষপদ্ধীতে বাইরা গোসমুলায়ের ভত্বাবধান করিতেন, তাহাই ঘোষবাজা নামে
প্রসিদ্ধ। কুরুরাজ হ্রোধন বুধিটিরকে আপনার সমৃদ্ধি
দেপাইবার জন্ম একটা বিরাট ঘোষবাজার আরোজন
করিরাছিলেন। (ভারত)

ঘোষাল্তা (ত্রী) একপ্রকার স্থনামপ্রসিদ্ধ লতা। [ঘোষ দেখ।] ঘোষিত (ত্রি) পুৰ-জ্ঞা যাহার ঘোষণা করা হইরাছে, ব্যক্ত, সাধারণের নিক্ট প্রকাশিত।

খোষিতব্য ( আ ) ঘূৰ-ভব্য । বাহার খোষণা করা উচিত, খোষণীর।

ভোষিন্ ( তি ) খুব-পিনি। যে ভোষণা করে।

ত্যার (পুং) খোরত ঝবেরপত্যং বোর-অণ্। কাংগোতীর একজন প্রবর ঋষি। (আখলাং ১২।১৩)১)

শ্রংস (পুং) গ্রন্থন্তে রসা অসিন্ প্রস্-আধারে ঘঞ্ পুবোদরাদিবৎ সাধু। ১ দিবস। (নিখণ্টু) "থো অবৈ জংস
উত য উধনি।" (ঋক্ ১০৪০) 'জংস ইত্যক্র্নাম গ্রন্থতেও ইস্মিন্ রসাঃ" (সায়ণ) (অি) ২ দীপ্ত। "পরিজংসমোমনা
বাং বয়োগাৎ।" (ঋক্ ৭৬৯৪৪) 'জংসং দীপ্তম্' (সায়ণ।)

ত্রাণ (ক্রী) আ করণে পূটে। > নাসিকেক্সির। [ইক্সির দেখ।]
নৈয়ায়িক মতে আণেক্সির পার্ণিব, গদ্ধ প্রহণ করাই ইহার
ব্যাপার। সাংখ্যাদি মতে আণেক্সির অহঙ্কারজ ভৌতিক নহে।
( আ ) আ কর্মাণিক্স বিকল্পে তকারত নকার:। ২ আত,
যাহার আণ লওয়া হইয়াছে। (ক্রী)০ গদ্ধ গ্রহণ, সোঁখা।

"গাবো ছাণেন পশুন্তি চক্ষ্ড্যামিতরে জনা:।" (নীতিশার)
আ্রাণ্জ (ক্নী) ছাণে জায়তে ছাণ-জন-ড। নাসিকেন্দ্রিজাত
জ্ঞানবিশেষ। "ছাণকাদিপ্রভেদেন প্রত্যক্ষং বড়্বিধং মতং।"
(ভাষাপরিং)

আগণতপুণ (পুং) আগং নাসিকেন্দ্রিয়ং তর্পরতি তৃপ-পিচ্ন্যু। স্থগন্ধ, যে গদ্ধ নাসিকার প্রবেশ করিলে স্থথ হয়।

আণকুঃথদা (জী) ভাণত হংখং দদাতি দা-ক-টাপ্। ছিন্ধনী। আণশ্রেস্ (পুং) ভাণমিব শ্রবং কর্ণোহত বছবী। কার্তি-কেন্ধ-দৈগুবিশেষ। (ভারত ১৩।৪৬ অঃ)

আ্রান্ত (অি) দ্রাণ কর্মণি-ক্ত। ১ বাহার দ্রাণ লওরা হইরাছে।
(রী) দ্রা-ভাবে ক্ত। ২ গন্ধ গ্রহণ।

আতি (ত্রী) বিষত্তানয়া জা করণে কিন্। ১ নাসিকা। (শক্চণ) জা-ভাবে কিন্। ২ আজান।

"ব্ৰাক্ণনা কলঃ কুত্যা ছাতিরছেরমন্যরোঃ।" (মহু ১১।৬৮।)

## S

ত্তি, ব্যঞ্জনবর্ণের পঞ্চয় অক্ষর। ইহার উচ্চারণ স্থান জিহ্বান্
মূল ও নাসিকা। "জিহ্বাম্লেডু কু: প্রোক্ত:" "অমোহসুনাসিকা নহোঁ" (শিকা।) ইহার উচ্চারণে আভ্যন্তরপ্রাত্তর,
কণ্ঠমূলে জিহ্বামূল স্পর্শ। বাহ্য প্রযন্ত্র সংবার, নাদ, ঘোষ
ও অল প্রাণ। মাতৃকাদ্যাসে ডান হাতের অঙ্গুলীর অগ্রভাগে ইহার স্থাস করিতে হয়। ইহার নাম—শন্ত্রী, ভৈরব,
চণ্ড, বিন্দৃত্তংস, শিশু, প্রিয়, এক, রুদ্র, দক্ষনথ, ধর্পর, বিষয়স্পৃহ, ক্রান্তি, থেটাহ্বয়, ধীর, বিজ্ঞাত্মা, জ্ঞালিনী, বিয়ৎ,
য়ন্ত্রপঞ্জি, মদন, বিদ্বেশী, আত্মনায়ক, একনেত্র, মহানন্দ,
ছর্মর, চন্দ্রমাঃ, মতি, শিব্যোবা, নীলকণ্ঠ, কামেশী, ময়
ও অংগুক। (বর্ণোদ্ধারতন্ত্র)

ইহার ধ্যান—ইনি স্ক্দেৰ্ময়. প্রকুণ্ডলী হরপ, ত্রিশুণাদ্মক ও পঞ্চপ্রাণমর। ইহার বর্ণ ধ্যু, দেখিতে অভিশয়
ভয়ানক, চারিথানি হাত, জিহ্বা বহির্গত, পরিধানে পীত্রসা।
ইহার ধ্যান করিলে সাধকের সকল অভীইপূর্ণ হয়। (বর্ণোদ্ধার ভন্ত।) কোন কাব্যের আদিতে ভকার হাপন করিতে
নাই, করিলে রচয়িতায় অ্যশ হইয়া থাকে। "কঃ থঃ গোলংচ
লক্ষীং বিতরতি বি্যশো ভন্তথা চঃ স্বুখং ছঃ।"

(বুতরত্বাকরটীকা)

ঙ্ (পুং) ঙ্ বাহুলকাৎ ড। ১ বিষয়। ২ বিষয়স্পৃহা। (মেদিনী)
ত ভৈরব। (একাক্ষরকোষ)

"ঙ বন্দিতে ঙ লিপ্সিতে ঙকারবর্ণরূপিণী।" ( স্কৃতিপঞ্াশ্¢ )

## 5

**চি,** বাঞ্জনবর্ণের ষষ্ঠ অক্ষর, বিতীয়বর্ণের প্রথম। ইহার উচ্চারণ স্থান তালু।

"কণ্ঠা বহা বিচ্যশান্তালব্যা ওঠজাবৃপু।" (শিক্ষা) ইহার উচ্চারণে আভ্যন্তরীণ প্রাযত্ন—ভালুতে জিহ্বার মধ্যস্পর্শ। ৰাফ প্রাযত্ন—খাস, বিবার, ঘোষ ও জন্নপ্রাণ। মাতৃকাভাসে বামবাহর মূলে ইহার ভাস করিতে হয়। [মাতৃকাভাস দেখ।]

ইহার নাম—পুক্র, হলী, বাণী, আআশক্তি, স্থদশন, চম্মুগুধর, ভৌম, মহিষাস্থরদন্ধিনী, একরপ, রুচি, কৃর্ম, চামুগু, দীর্ঘবালুক, বামবাভ্যুল, মায়া, চতুমুর্তিক্রিরপণী, দয়িত, দিনেত্র, লক্ষী, ত্রিতয়লোচন, চলন, চলামা, দৈল, চেতন, বৃশ্চিক, বৃধ, দেবী, কেটমুথ, ইচ্ছায়া, কুমারী, পুর্কফ্রনী, আনক্ষমেথলা, বায়ু, মেদিনী ও মূলাবতী।

বলাক্ষরে ইহার লেখন প্রণালী—বার্জাকুর ভায় বর্তু লাকার রেথাক্রমে উর্জ ও অধোগামী করিবে। ইহাকেই চ বলে। অপরাপর অক্ষরের ভার ইহাতেও একটী মাত্রা দিতে হয়। এই অক্ষরটীতে গোলাকার বার্ত্তাকুর সাদৃশু আছে, এই কারণে বালকদিগতে উপদেশ দিবার সময়ে বৃদ্ধেরা উহাকে বেগুনিয়া চ বলিয়া উল্লেখ করিতেন।

ধ্যান—ইহার বর্ণ তুষার অথব। কুন্দপুশোর স্থার অতিশয় শুল, শরীর নানাবিধ মনোহর অলভারে পরি-শোভিত, বরস ষোলবৎসর, একহাতে বরও অপর হাতে অভয়, পরিধানে শুক্রবস্ত্র কটিদেশে আঁটা, শুক্রবস্তের উত্তরীয় ও আটথানি হাত। এই প্রকারে চকারের ধ্যান করিয়া মূলমন্ত্র দশবার জপ করিবে। (বর্ণোদ্ধারতন্ত্র।) চকারের রেথা তিনটীকে ম্থাক্রমে চল্রা, স্থ্য ও অগ্রির স্থায় ভাবনা করিতে হয়। মাত্রাটীকে শক্তিশারপ চিন্তা করিবে। কাব্যের আদিতে চকারের বিভাস করিলে রচয়িতার অযশহয়। [ও দেখ।]

চ (অব্য ) চণতি চণ বাহুলকাৎ ড, অথবা চিনোতি চি—
বাহুলকাৎ ড। সমুচ্চয়। "পরস্পরনিরপেক্ষস্থানেকস্থ এক স্মিন্
অষ্যঃ—সমুচ্চয়ঃ।" (সি॰ কৌ॰) যে স্থলে পরস্পর আকাজ্ফাশৃন্থ ছই বা ততোধিক পদার্থের একধর্মাবিচ্ছিল্লে অর্থাৎ এক
ক্রিয়াদিরপ পদার্থে অষ্য হয়, সেইস্থলে চকারের অর্থ সমুচ্চয়।
যথা "চৈত্রোগচ্ছতি পচতি চ।" এই স্থলে পরস্পর নিরপেক্ষ
গাচ্ছতি ও পচতি" এই পদ্ধর-প্রতিপাদ্য গমন ও পাক
এই পদার্থন্ন একধর্মাবিচ্নিল্ল চৈত্রপদার্থে অন্বিত। অতএব এই স্থলে ক্রিয়ার সমুচ্চ্য হইল। "ঈশ্বরং শুরুঞ্চ ভল্লস্থ"
এই স্থলে পরস্পর নিরপেক্ষ ঈশ্বর ও শুরু এই পদার্থন্য একধর্মাবিচ্ছিল্ল ভল্লনদ্ধ পদার্থে অন্বিত। অতএব এই স্থলে
দ্রোর সমুচ্চ্য ইইল।

২ অঘাচয়। "য়য় একসা প্রাধান্তেলাপরস্ত গৌণোল অয়য়: সোহ্বাচয়:।" যে ছলে একটা পদার্থের প্রাধান্তে ও অপরটার অপ্রধানভাবে অয়য় হয় সেই ছলে চকারের অর্থ অয়াচয়। য়গা "ভো বটো! ভিক্ষামট গাঞ্চানয়" এই এই ছলে ভিক্ষা আহরণপদার্থের প্রাধান্তে ও গ্রানয়ন-পদার্থের অপ্রধান্তে অয়য় হইয়াছে। অয়াচয় ছলে বাকারে ভাৎপ্র্যা এইরপ—ভিক্ষা অর্ভাই করিবে, যদি গোরু দেখিতে পাও তবে গোরুও লইয়া আসিবে। ও ইতরেতর যোগ। "মিলিভানাময়য় ইতরেতরযোগ:।" যে ছলে উড্তাবয়বভেদ পরস্পরসাপেক পদার্থসমূহের একধ্যাবিভিন্নে অয়য় হয়, সেইছলে চকারের অর্থ ইতরেতর :

বোগ। ৪ সমাহার। "সমূহ: সমাহার:।" ( সি° কৌ°) যে स्रा अस्डु उ विश्व र अनिमार्थन मृत्र अन्धर्मा विस्ति अवश् इश, ख्याद हकारतत व्यर्थ नमाहात्र। व्ययत्रीकाकात कत-তের মতে—যে ছলে এক ক্রিয়ার অনেক পদার্থের আধান্তে অবর হয়, তথায় সমাধার হটরা থাকে। কিন্তু সমাহার ছলে त्य क्राणी भागार्थित ध्याबारना अवस इस. ध्यात्र (मह क्स्मी हकांत्र व्यव्यागरे त्मिष्ठ शास्त्रा यात्र। यथा-- यताः ह थनित्रांश्म कि कि।" ( शानश्रुत्रण। इन्तः भारञ्ज नित्रमा-श्मादि ब्राइना बादा दुख्नादित भूत्रम ना श्हेरम दक्रम भाम-পুরণ উদ্দেশ্যেই চ বৈ প্রভৃতি কডকগুলি অব্যয়ের প্রবােগ कत्रा इहेग्रा थात्क, त्महे इत्नत हकात्रक भानभूतभार्थक চকার বলে। বাস্তবিক তথার চকারের কোন অর্থ থাকে ना, दक्रवन भाषभूतरभन्न जनाई वावक्ष इत्र । ज्ञानकात्रिकगरभन्न মতে রচনায় এইরপ চকার বিন্যাস করিলে নির্থক্তা-(माय क्रेब्रा थाटक। "निवर्शकः ठानि भानभुत्रदेनकश्रद्धाः-জনম্।" (চন্তালোক) ৬ পক্ষান্তর, অথবা।

<sup>শ</sup>শাস্তমিদমাশ্রমপদং ক্রেডি চ বাহ: কুত: ফলমিহান্ত।\*
( শাক্রল ১ ক্র

৭ অবধারণ। (মেদিনী) ৮ হেডু। (ত্রিকাও॰) ৯ ডুলা যোগিছ, উভরের সাম্য। এই অর্থে চকার তুলাযোগিতা-লক্ষারের দ্যোতক হইরাথাকে।

"সঙ্কৃচন্তি সরোজানি খৈরিণী-বদনানি চ।" (চন্ত্রালোক)
কোন কোন আলকারিকের মতে চকার দীপকালফারেরও
দ্যোতক হইরা থাকে। [দীপক দেখ।]

চ (পুং) চণতি চিনোতি বা চণ বা চি ড। (অন্যেদ্ধি দৃশ্রতে।
পা ৩২।১ •১ ।) ১ চন্ত্র। ২ কছ্প। ৩ চৌর। ৪ চংগুখর।
৫ চর্বণ। (মেদিনী) ( ত্রি) ৬ নির্বীজ। ৭ হর্জন। (শক্ষরে)
চই ( চবি শক্ষ) চবিকা, লতাকার একপ্রকার বৃক্ষবিশেষ,
ইহা খাইতে কটুরস, লভাবা মরিচের ন্যায় ইহাত ব্যঞ্জনাদিতে দেওবা হর। ইহাতে ব্যঞ্জন স্প প্রভৃতি খাদ্য
সামগ্রী ক্ষাদ হইরা থাকে। [চবিকা শক্ষ দেখ।]

চংসিলে, পঞ্চাবের বসাহর রাজ্যের অন্তর্গত একটা পর্কতশ্রেণী।
আক্ষাণ ৩০০ ৫৬ হিইতে ৩১০ ২০ উ: ও দ্রাঘিণ ৭৭০ ৫৪ হিইতে
৭৮: ২২ পৃ:। হিমালয় শ্রেণী হইতে দক্ষিণপশ্চিমাভিদুধে
কুণাবারের দক্ষিণদীমা পর্যান্ত আসিয়াছে। এথানে ১৬১৪
হাজার ফিটু উচ্চে অনেকগুলি গিরিস্কট আছে।

চক্ (চক্র বাচতুক শক্ষ) ১ চতুংশালার মধ্যবান। ২ বাজা-বের ছান বিশেষ। ৩ চতুংসীমা বন্ধ বিভ্ত ছান বা ক্ষেত্র। গ্রামের মধ্যে কিয়ৎ পরিমাণ ভূমিকেও চক বলিয়া থাকে। ৪ উত্তর তিকাতবাসী ভোট জাতির এক শাখা। ৫ খড়ি।

চক (পুং) চক প্ৰভীষাভে অচ্। ১ খল। ২ সাধু। চকট্যোদন, ধারাণ ভাত। (দিব্যাবদান ৪৯৬)।

চকার ( খং ) চ-শ্বরপার্থে কার। (বর্ণস্বরূপে কারভকারে)। বৈরাক্ষণ) বিভীয় বর্গের প্রথম বর্ণ, চ।

চকিত (রী) চক-ভাবে জ্ঞা ১ ভর। ২ সন্তম। ৩ নারি-কার সান্ধিক ভাগনার বিশেষ। সাহিত্যদর্শণের মতে কোন কারণে নারকের সন্মুখে নারিকার ভর সন্তমের নাম চকিত। "কুতোহপি দরিতভাৱো চকিতং ভরসন্তমঃ।" (সাহিত্য ৩ পরিং)

( আ ) চক কর্ত্তরি জ্ঞা। ৪ জীত। ৫ শক্কিত। (মেদিনী)
চকিতা ( জৌ) ছলোবিশেষ। বে সমর্ত্তর প্রত্যেক চরণ
যোলটী অক্ষর বা শ্বরবর্ণে নিবন্ধ এবং প্রত্যেক চরণে প্রথম,
মঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ ও যোড়শ অক্ষর গুরু,
ইহা ছাড়া অপর শুলি শঘু. তাহাকে চকিতা বলে। ইহার
অষ্টম অক্ষরে যতিস্থান।

"ভাৎসমতনলৈ রहेक्ट्रिक जानिह हिक्का।" (. इत्नांमअही ) চকোর (পুং) চকতে চন্দ্রকিরণেন তৃপ্যান্তি চক-ওরন্ (কঠি চকিত্যামোরন्। উণ্১।७৫) পর্যায়─চকোরক, জীবঞ্জীব, कीवकीव, कीवकीवक, ठनहकू, ब्लाब्झाव्यम, वियनर्भन-মৃত্যুক, চল্লিকাপায়ী ও চল্লিকানীবন। এই পাথী অভিশয় कू जाकृष्ठि, त्रिथिष्ठ व्यत्नकाश्यम ठिएक त्र प्रमुम । व्यत्न क्रि ইহাকে একজাতীয় চটক বলিয়া অসুমান করেন। हेशा वर्ग त्यातककाल, मन्तात मभरत आकारण छे छित्रा (त्राप्ता क्वि-त्रमद्गिकि व्यस्तादि हैराता চাঁদের ब्गारका भान कवित्रा थाका। ज्यानक श्रीहीन कार्या চকোরের চক্রিকাপানের কথা দেখিতে পাওয়া যায়। পুর্বকালে এদেশীর প্রায় রাজ রাজড়াই যত্ন করিয়া চকোর পালন করিতেন। খাইবার সময়ে সমস্ত খান্য সামগ্রী প্রথমে চকোরকে দেখাইরা পরে খাওরা হইত। ইহার কারণ বে খাদ্য সামগ্রীর মধ্যে বিব থাকিলে তদর্শনে চকোরের চকু লাল হইবা উঠে ও ক্রমে চকোরের মৃত্য इत्र। এই कान्नर्ग চरकारतत्र अक्षी नाम विवनर्गनम् कृति त्राथा **इ**हेबार्ट्स । इहात माश्त्मत खन-नीजन, क्रिकत, द्वा अ পুষ্টিকর। (রাজনি॰) হারীভসংহিতার মতে চকোরের মাংস বাতখ্যেকর, ওক্রবর্দ্ধক, জন্মরীনাশক, বিশদ ও বলকারী।

ইছার ডিমের গুণ-কাল, ক্ত ও ছারোগে কিংব। অধিক পরিমাণে রেডঃক্ষরে বিশেষ উপকারী, নধুর ও ল্লাঃ বল্কর। (চরক ত্রু ২৭ আঃ) চকোরক (পুং) চকোর এব স্বার্থে কন্। চকোর পাবী।
চকোরী (জী) চকোর-ভীপ্। চকোর-জাতীয় ল্রী।
"চকোর্য্য এব চতুরাশ্চল্লিকাপান-কর্মনি।"(সাহিত্যরু ১০ পরিং)
চক্ক (পুং) চক পীড়ারাং চুরানিং অপ্। ১ পীড়ন, পীড়া।
চক্কন (জী) চক-সাট্। পীড়ন। এই শন্ধটী পাণিনীয়চুর্বাদি প্রশাস্ত্র (ভাষা১৩৪)

চক্চক্ (চাক্চিক্য শগল) ১ বছচা, উজ্জলতা, দীৱি। ২ ডেক্ষী, প্ৰভাশালী।

চক্চকি ( চাকচিকা শক্ষ ) উক্ষণতা, দীপ্তি।

চক্চকানি (দেশৰ) উজ্জলতা, প্ৰভা, লাবণ্য।

চকচকিয়া (দেশৰ) উজ্জন, প্রভাশালী।

চক্দার (হিন্দি) যে অপরের জমিতে ইন্দারা কাটিরা লয় ও উক্ত জমির জন্য থাজনা দেয়।

চক্দিলাবাড়ী, পৃথিয়া জেলার অন্তর্গত একটা পরগণা। তুপরিমাণ ৩৮.৩৬ বর্গ মাইল। এই পরগণার মধ্যে ৫টা জমিদারী আছে। রাজস্ব প্রায় ৫১৪•্টাকা। এখানকার বিচারকার্য্য ক্রকগঞ্জের মাজিপ্টেট ও মুস্ফেফি আদালতের এলাকাধীন। এধানে কলাই, নীল, তিলি, লরিষা ও ভাদই ধান্তের চাব হইরা থাকে।

চক্দীঘি বৰ্দ্ধননের অন্তর্গত একটা বিখ্যাত স্থান। এধানে অনেক ভদ্রলোকের বাদ আছে। তর্মধ্য একবর পুরাতন खमीनात वर्भहे श्राधान । धे जभीनात्रवर्भ "हकनोचित्र वाव्" বা "চকদীয়ির রায়" নামে খ্যাত। এই বংশের আদিপুরুষের নাম নলসিংছ রায়। নলসিংহ জাতিতে ছত্রী বা ক্ষরিয়। हैनि भूक्तिनाम बाजभूजाना इहेटज आंगिबा वर्क्तगारन वाम करतन। देनि समीनाती कार्या जान वृक्षिरजन वनिया मुङ्गकारन यर्थष्ट कमिनात्री ताथिता यान । हैशांत करानी, टमवी, टेखतव व इति मास्य हातिष्ठ श्रृष्ट हिन। खवानी अ দেবী নি:দন্তান-ছিলেন। ভৈরবের অধিকা নামে এক পুত্র ও তুর্গা ঝামে এক কন্যা ছিল। তুর্গার তুই পুত্র কুঞ্চক্র धावः बुम्मावनहत्त्र धार्मिक हिल्लन। हक्तीचित्र निकरिहे ইহারা মণিয়ামবাটী নামে গ্রাম স্থাপন করিয়া তথায় অবস্থান करतम । कृष्य निःगञ्जाम । तुम्मावरनत शूल र्यारशलमाथ गिःह হুগলী কলেজের একজন প্রশংসাই ছাত্র। অভিকার সারদা নামে এক পুত্র হর। সারদা বাবু বিশেষ খ্যাতি ও প্রতিপত্তি লাভ করেন। লারদা নিঃস্স্তান। ইনি মৃত্যু कारन निक छिनिन कीर्याताञ्चलगीत रकार्छ भूख ननिष्टाबाहन निংহকে উত্তরাধিকারী দ্বির করিয়া গিরাছেন। সারদা বার্ম অর্থেই চকদীবিদ লাভয় হাঁদপাতাল ও ভাক্লাদ্ধানা স্থাপিত হইরাছে। ইহার অন্যান্য সংকর্মের মধ্যে চকলীখির টোল, অনাথনিবাস এবং মেমারী হইতে চকলীখি পর্যন্ত পাকা রাজা প্রধান। ইহাদের বল্পে এথানে একটা পোট আপিস হইরাছে। ললিতমোহন কোর্ট অক্ ওরার্ডসের অধীনে শিক্ষিত হন। নলসিংহের ফনির্চ পুত্র হরিসিংহের ছন্ধনলাল ও শশিভূবণ নামে তুই পুত্র হর। ইহারা পৃথক্ হইরা চক্দীখিতেই বাস করিতেছেন।

চক্মামা (দেশক ও পারদী মিপ্রিত) কোন জমির স্বত্ত মিশায়ক নিদর্শনপুর ।

চক্ৰদ্দী (নেশল ও পারদী মিশ্রিত) > চতু:শালার চারিদিকের গৃহগুলি গরস্পর মিলিত ও সমানাকারের হইলে তাহাকে চক্ৰদী বলে। ২ কোন অমির কিখা কোম লম্পত্তির সীমা মিরূপণ করা। ৩ যতদুর পর্যান্ত পুলিবের অধীনে খাকে। ৪ গ্রামদীয়া নিরূপণ।

চক্বালা, জেলম্ জেলার অন্তর্গত একটা তহনীল। জেলার মধ্যস্থল হইতে আরম্ভ করিয়া লবণশৈল পর্যন্ত বিভ্ত। অক্ষাণ ৩২° ৪৫ হিইতে ৩৩° :০ উ: ৪ জাবিং ৭২° ৩১ হইতে ৭৩° ১৭ পৃঃ। ভূপরিমাণ ৮১৮ বর্গনাইল। এখানকার কমি—জমিদারী, পট্টালারী ও ভ্রাচারা সর্তে বিলি আছে। বিচারবিভাগে একজন তহনীলার ও মুক্ষেফ আছে। তাঁহারা দেওয়ানী ও ফৌলারী উভয় আলালভের কার্যা করিয়া থাকেন। এণানে অনেকগুলি পুলিস আছে।

২ উক্ত তহসীলের সদর ও প্রধান নগর। পিওলাদন থাঁ ও রাবলপিত্তির নধ্যক্ষলে এবং জেলম্নগর হইতে ৫৪ মাইল দক্ষিণপূর্বে অবস্থিত। অক্ষাণ ৩২ ৫৫ ৫ ৫ % উ: ও জাঘি ৭২ ৫৪ পৃ:। জন্ম হইতে মহৈর বংশীয় কোন রাজপুত আসিয়া এই নগর স্থাপন করেন। তাঁহার বংশ-ধরেরা অন্যাপি এখানকার ভূমি ভোগ দখল করিতেছেন। এখানে জ্তা ও কার্পাসবস্ত তৈয়ার হইরা নানাস্থানে বিক্রমার্থ প্রেরিত হইয়া থাকে। এখানে ঔষধালয়, বিদ্যালয় ও চোলাই-ভাটী আছে।

চক্মক্ (দেশৰ) প্ৰভামগুল, ঔজ্জন্য। চক্মকানি, উজ্জনতা, প্ৰভা বিভার।

চক্মকিপাথর, অগ্নিপ্রদ একরকম পাথর। ইহাতে ইম্পাত বারা কোরে আবাত করিলে অগ্নিকণা বাহির হয়। যথন পাশ্চাত্য বৈজ্ঞানিকগণ দেশলাইর আবিকার করিতে পারেন নাই, সঙ্গে আগুন রাধিবার অন্ত কোন সহজ উপায়ও ছিলনা, তথন এদেশীর লোকেরা এই পাথর ব্যবহার করিতিন। প্রত্যেক ধরেই আবিশ্রক্ষত ইহা হইতে আগুন বাহির

করিয়া কার্যানির্নাহ করা হইত। একথানি শুক্না শোলা বা যাহা সহজেই আগুনে ধরে এমন কোন পদার্থ রাথিয়া তাহার উপরে চক্মকি পাথরে এরপভাবে আঘাত করিতে হয় যেন চক্মকি হইতে নির্গত আগ্রি কণাগুলি দাহ পদার্থের উপরে পড়ে। তাহাতেই ঐ শোলা বা দাহ পদার্থ ধরিয়া ক্রমে আগুন র্দ্ধি হয়। বিলাতী দেশলাই প্রচলিত হওয়া অবধি চক্মকিপাথরের ব্যবহার একরূপ উঠিয়া গিয়াছে।

চক্মিলি, ত্রিন্তত জেলার অন্তর্গত একটা পরগণা। ইহাতে ৮৮খানি গ্রাম আছে। বিচারকার্য্য ছারভালার মুক্ষফি আদালতের এলাকাধীন। এই পরগণা ছই ভাগে বিভক্ত। দক্ষিণপূর্ব অংশের উত্তরসীমা জ্বালপূর ও অহিলবাড়, দক্ষিণে হামিদ্পূর, পূর্ব্বে তর্গান ও উত্তরে উ্থারা, পশ্চিমে ভাদবাড় ও উ্থারা। বাল্মতী, কমলা ও করাই নদী এই পরগণার মধ্য দিয়া প্রবাহিত। দিংহিয়া, হরদেব, দলাপূর, স্লহৌল ও হ্যৌরী নামক গ্রামগুলি প্রদিদ্ধ। হ্যৌরী গ্রামে নীলকুঠী ও বাজার আছে।

চক্মা, চট্গ্রামের পার্সভীয় প্রদেশবাসী এক জাতি। কাহারও মতে—ইহারা থেয়োজ্থাজাতির এক শ্রেণীভূক। [থেয়োজ্থা দেখ।] কোথাও ইহারা শক ও কোথাও ঠেক নামে খ্যাত।

চক্মাদিগের উৎপত্তি সম্বন্ধে এইরূপ প্রবাদ আছে-১, তাহাদের পূর্বপুরুষেরা চক্রবংশীয় ক্ষত্রিয় ও চম্পানগরে তাঁহাদের বাস ছিল, খুষীয় ১৪শ শতাকে পার্বতীয় প্রদেশ অধিকার করিয়া এথানে আসিয়া তাঁহারা বসবাস ও এথান-কার রমণীর পাণিগ্রহণ করেন। ২, পুর্বকালে চক্মাদিগের আদিপুরুষেরা মলয় উপদীপ হইতে এথানে আসিয়াছে। ৩, আরাকানরাজকে জয় করিবার জভ চট্টগ্রামের উজীর মোগলদৈক্ত পাঠাইয়াছিলেন, উজীর একজন বৌদ্ধ ফুঞ্জির উপহার গ্রহণ না করায়, ইক্রজাশ-বলে প্রেরিত মোগলদৈক্ত পরাজিত হয়। আরাকানরাজ তাহাদিগকে আপনার কুতদাস করিয়া রাখেল। তাহারা দেশীয় রমণী বিবাহ করিয়া ও রাজ্ঞার নিকট জাম লইয়া বাস করিতে থাকে। চক্সারা তাহা-দেরই বংশধর। পুরের চক্মা রাজাদিগের মধ্যেও "থান্" উপাধি দৃষ্ট হইত।

যাহা হউক, চক্মারা প্রকৃত প্রস্তাবে কোথা হইতে আসিয়াছে এবং কোন্ জাতি-সন্তুত তাহা ঠিক জানা যায় না। আরাকানী মখদিগের সহিত্ত উহাদের কোন সংস্ত্র নাই। থান্ উপাধি দৃষ্টেও ইহাদিগকে মোগলজাতীয়

বলিতে পারা যায় না, কারণ মোগল-শাসনের সময় হইতে অনেক হিন্দুরাজও "থান" উপাধি গ্রহণ করিয়াছিলেন, তবে চট্টগ্রামের মোগলশাসনকর্তার অফুকরণে চক্মা সন্দারেরা যে "থান" উপাধি গ্রহণ করিয়াছিল, তাহাতে সন্দেহ নাই।

ইহাদের মধ্যে তিন্টী প্রধান শ্রেণী আছে—চক্মা, দোইজনক, তুল্জৈছ বা তংজ্য। এতহাতীত এই তিন শ্রেণীর মধ্যে অনেকগুলি "গোজ" বা গুছে আছে। যথা—চক্মা শ্রেণীর মধ্যে অমু, বামু, ইচপোচা, কলা, কুর্যা, কুরুরা, কুরা, কেংরাগতি, থলে, থিওজ্জে, বড়ুবা, বর্বরা, বতলিয়া, বোগ, বোরমেগে, বুং, বুংজা, দরজিয়া, দবিন্, ধওনা, ধ্রিয়া, লর্মা, লেবা, লহ্বরা, মোলিমা, পীরভঙ্গা, ফেহংলা ইত্যাদি।

তংজন্যদিগের মধ্যে আরুয়াই, বাদাল, বালাল, ভূমর, ইচা, কড়ই করুয়া, মললা, পুমা ইত্যাদি।

প্রাচীন গ্রীক বা রোমকদিগের প্রথমাবস্থায় রাজনৈতিক কার্য্যাদির যেরপ ব্যবস্থা ছিল, এই চক্মা জাতিরও সেইরূপ ব্যবস্থা প্রচলিত আছে। প্রত্যেক শ্রেণীর মধ্যে এক একজন "দেওয়ান" আছেন। ঐ "দেওয়ান" পদ একণে তাহার বংশাহুগত উপাধি ও কর্মস্থান হইয়া দাঁড়াইয়াছে। তুঙ্গ জৈন্তেরা এই দেওয়ানকে "অহুন" বলিয়া থাকে। এই ব্যক্তি করসংগ্রহ করিয়া কতকাংশ নিজের জ্ঞা রাথিয়া অবশিষ্টাংশ জাতীয় সন্ধারকে দিয়া থাকে।

বিবাহাদি বা কোন পৈত্রিক সম্পত্তি লইয়া গোলযোগ উপস্থিত হটলে দেওয়ান তাহা নিম্পত্তি করিয়া দেয় এবং ঐ সম্পর্কে যদি কোন জরিমানা আনায় হয় তাহাও সদ্ধার স্মাণে পাঠাইতে বাধ্য হয়। যেথানে ইহাদের সংখ্যা অধিক স্বোনে দেওয়ান নিজ অধীনে 'থেজা'দিগকে নিযুক্ত করিয়া থাকেন।

ইহাদের মধ্যে বালাবিবাহ প্রাচলিত নাই। কিন্তু ২৪০০ বংসরের অধিক বয়স্ত যুবকদিগকে অবিবাহিত অবস্থায় দেখিতে পাওয়া যায় না। প্রথমতঃ পিতা মাতা বা পুত্র কলা অনুসন্ধান করে। পরে বরের পিতা এক বোতল মদা লইয়া কলার বাড়ী যার এবং কলার পিতাকে বলে যে "আপনার বাটীর নিকটে একটা স্থলর বৃক্ষ দেখিতেছি, আমি ইহার ছায়ায় বপন করিতে ইচ্ছা করি।" অতঃপর সদক্ষানে বিদারগ্রহণপূর্কক যাইবার ও ফিরিয়া আসিবার কালে যদি বরের পিতা শুভ চিহাদি দেখিতে পান, তাহা হইলে ঐ সম্বন্ধ ছির হইয়া যায়। পুনর্কার অপর এক সময়ে বর ও কলা উভয় পকীয় কুটুম্বরা

क्षक छ है। विवाद इस विशेष्ठ ममख विषय हु कि कश्चित्र। লয়। বর ক্ঞার বাড়ীতে আসিয়া ক্ঞার স্হিত একখানি ক্ষাদ্র তক্তার উপর বলে এবং বরের পশ্চাতে "কোবালা" ও কন্তার পশ্চাতে "দোবালি" নামে এক এক জন পুরুষ ও ন্ত্ৰী বৃদিয়া থাকে। ইহারা স্কলের অভুষ্তি প্রহণ করিরা বর ও কতাকে গাঁটছড়া দিয়া আবদ্ধ করে। এই সময়নব দম্পতী একজ ভোজনে ৰসে এবং বর ক্সাকে এবং ক্তাব্রকে প্রম্পর ভোজন ক্রাইয়। দের। ভোজন শেষ হইলে প্রামের প্রধান বাকি আসিয়া উভয়েত্র মন্তকে নদীর অব ছিটাইয়া দিবে উভয়ে পতিপদ্মীরূপে গণা হয়। সকল বিবাহই এরপ স্থনার প্রথায় সম্পর হয় না। কোথাও কোথাও পাত্র স্বয়ং করা মনোনীত করিয়া লয়। কিন্তু পিতামাতা এ বিবাহে হন্তকেপ করেন না। এরপ ভলে পাতী পাতের স্ভিত প্লায়ন करत; यनि भावीत भिछा ध विवारहत्र विक्रफाठात्री हन, তাহা হটলে বিবাহ নামঞ্র হটতে পারে এবং পাতী তাহার নায়কের সঙ্গলাভে বঞ্চিত হ্ইয়া থাকে।

বিবাহের পূর্বে যদি কোন স্ত্রীলোক পরপুরুষ গমন করে, ভাহাকে কোনরূপ বিশেষ সাজা পাইভে হয় না, বিবাহ হইয়া গেলে ভাহার পূর্বকৃত অপবাদ ঘুচিয়া যায়। কোন পূর্ব্য বাশিকাহরণ করিলে ভাহাকে ৬০০ টাকা জরিমানা দিতে হয়। কোন স্ত্রীলোক আন্যাসভাম বিবাহ- চ্ছাতির আনবেদন করিলে ভাহাকে পূর্বপ্রদত্ত ক্ত্রাপণ, বিবাহের থ্রচাদিও ভাতিরিক্ত ৫০০ কি৬০০ টাকা জরিমানা- স্বরূপ স্বামীকে ফিরাইয়া দিতে হয়।

বিধবারা নিজ দেবরকে পুনরায় বিবাহ করিতে পারে, কিন্তু তাহা বলিয়া সকল সমরে বিবাহ করিতে বাধা নছে।

চক্মাদিগের মধ্যে শ্বশ্রেণী বা থাকে বিবাহ নিষিদ্ধ,
কিন্তু ইহারা মাতৃলগোত্রে বিবাহ করিতে পারে। ইহাদিগকে সংমা, মাসী, ভগিনী, ভাগিনেয়ী, মাতৃলকভা,
পিসির কভা, জীর জোঠা ভগিনী প্রভৃতি সম্পর্কে বিবাহ
করিতে নাই, কিন্তু জীর মৃত্যুর পর ভাহার কনিঠা ভগিনীকে
বিবাহ করিতে গারে।

ইহারা সকলেই বৌদ্ধর্মাবল্ছী। কিন্তু বর্ত্তমান সময়ে ইহাদের বৌদ্ধর্মে পূর্কবিলের হিন্দুধর্মের বহু ক্রিয়াকলাপে রঞ্জিত দেখা যায়, এরপা ভাব চক্সারাজ ধর্মবিক্র থাঁও তদীয় পদ্ধী ক্রালিন্দীয়াণীর সময় হইভেই ঘটিয়াছে। রাণী কালিন্দী সমস্ত হিন্দুপর্কাদি পালন করিতেন এবং কালীর প্রাত্তহিক পূজার জভ চট্টগ্রাম হইজে একজন

ব্রাক্ষণ জানাইরা নিযুক্ত করিরা দিয়াছিলেন। কয়েক
বৎসর গত হইল রাজার মৃত্যুর পর জারাকান প্রদেশ
হইতে একজন বৌদ্ধ ফুলি আসিয়া বৌদ্ধার্ম প্রচারে
বিশেষ চেটা পান। তাঁহারই য়েদ্ধ পরিশেষ রানী পর্যান্ত
বৌদ্ধার্ম আছা প্রদর্শন করেন।

ভূক কৈ ভেরা কলীমাতার উপাসনা করে। বৌদ্ধর্ম প্রাবর্তিত হইবার পূর্কে ইহারা যে অসভা ছিল, ভাহা অন্যাপি "শোনবাসা" পর্কে লক্ষিত হয়। তৎকালে ইহারা মশা, কলপ্রোত, বিস্চিকা, জর প্রভৃতির পূজা ও তত্পলক্ষে জীবাদি উৎসর্গ করে।

কিছুদিন হইল বৈরাণী বৈষ্ণবেরা পার্বত্য প্রদেশ পরিদর্শনে ৰাইরা চক্মাদিগের মধ্যে অনেকগুলি শিষ্য করিয়াছেন। ইহারা সকলেই তুলসীমালা লইয়া হরিনাম জ্প
করে। কোন মাছ মাংসাদি ভোজন করে না।

ইহারা মৃতদেহ দাহ করে। শবের মন্তক পশ্চিমমুথে রাথে। ওলাউঠা বা বসন্তরোগে মৃত্যু হইলে তাহাদিগকে পুঁতিয়া ফেলে। যদি ভাইনের উপদ্রবে কোন ব্যক্তির মৃত্যু হইয়াছে এরূপ জানিতে পারে, তাহা হইলে তাহাকে ছিথও করিয়া বাক্সমধ্যে রাথিয়া পোড়ান হয়। মৃত্যুর সাতদিন পরে পুরোহিত যাইয়া মৃতের মঙ্গলকামনায় মন্ত্রীকরে। মাসের শেষেও এইরূপ করিবার নিয়ম আছে।

ইহারা 'ঝুম' প্রণালীতে চাষ করিয়া জীবিকানির্কাহ করে। ইহাদের "নবাল্ল" পর্ব্বে বিশেষ ধ্মধাম হইয়া থাকে। চক্ম্কী ( তুর্কীশক্ষ ) [চক্মকী পাণর দেথ।]

চিক্র (পুং) ক্রিয়তে হনেন ক্ল ঘঞর্থে ক নিপান্তনাৎ দ্বিজং।
১ চক্রবাক পক্ষী। [চক্রবাক দেখা] (ক্রী) ২ রথাঙ্গ,
চিশিত কথায় চাকা বলে। "যণাহেকেন চক্রেণ রথখন গতিভবিষ্য' (যাজ্ঞবন্ধ্য ১৩৫১)

ত দৈৱা। ৪ সম্হ, সম্দায়। ৫ রাষ্ট্রাক্স দেখা।
"জাবিচালিতচাক্সচক্রোরক্রাগাত্পগৃত্রোঃশ্রিন।" (মাঘ)
৬ দক্তবিশেষ। ৭ কজ্ফকাবের মদল্ট পেছেকি বিশ্যেকার

ভ দস্তবিশেষ। ৭ কুস্তকারের মৃদ্ঘট প্রভৃতি নির্মাণে। যোগী উপকরণ বিশেষ।

"য়ুদ্দ ওচক্র সংযোগাৎ কুন্ত কারো যথা ঘটম্।" ( যাক্তঃ ৩:১৪৬)

৮ অন্নবিশেষ, চক্রাকৃতি তীক্ষধার একপ্রকার সাংগ্রামিক অন্তর, পূর্বকালে যুদ্ধ সময়ে এই অন্তর ব্যবহার করা হইত। শুক্রনীতির মতে এই অন্তর তিনপ্রকার—উত্তম, অধম ও মধাম। চক্র আটটা শলাকাধ্বক হইলে উত্তম, ছর্মটী শলাকা-ৰুক্ত হইলে মধাম এবং চারিটী শলাকা থাকিলে সেই চক্রকে আধম বলে (১)। আবার পরিমাণভেলে চক্র তিন প্রকার হইরা থাকে, বালকের পক্ষে ঘাদশপলে যে চক্র নির্মিত হর তাহা উত্তম, একাদশপলে নির্মিত হইলে মধ্যম ও দশপলে যাহা নির্মিত হয়, তাহাকে অধম বলে। কিন্তু যুবকের পক্ষেপঞাশপল ওজনের চক্র উত্তম, ৪০ পল ওজনের চক্র মধ্যম ও ০০ পল ওজনের চক্র অধম। বিস্তার ভেদেও তিন প্রকারের চক্র ইয়া থাকে। বালকের পক্ষে আট আলুল বিস্তৃত চক্র উত্তম, ৭ আলুল বিস্তৃত মধ্যম ও ৬ আলুল বিস্তৃত চক্রকে অধম জানিবে। যুবকের পক্ষে যোল আলুল উত্তম, ১৪ আলুল মধ্যম ও ১২ আলুল চক্র অধম (২)। চক্রের নেমি সৈক্যলোহ্ছারা নির্মাণ করিতে হয়। নেমির পরিমাণ তিন আলুল হইলে উত্তম, ২২ আলুল হইলে মধ্যম ও ২ আলুল হইলে মধ্যম ও ২ আলুল করিতে হয়। নেমির পরিমাণ তিন আলুল হইলে উত্তম, ২২ আলুল হইলে মধ্যম ও ২ আলুল করিতে হয়। নেমির পরিমাণ তিন আলুল হবলৈ উত্তম, ২২ আলুল হইলে মধ্যম ও ২ আলুল করিতে হয়। নেমির পরিমাণ তিন আলুল হবলৈ উত্তম, ২২ আলুল হইলে মধ্যম ও হ আলুল করিতে

৯ ব্যহ্বিশেষ। [ব্যহ্চক্র শব্দে ইহার বিশেষ বিবরণ দ্রন্তব্য।]১০ জলবর্ত্ত। (মেদিনী)১১ গ্রামজাল। (ত্রিকাও॰) ১২ তগরপূষ্ণ। (রাজনি॰)১৩ তৈলযন্ত্র।

"সেহময়ান্ পীড়য়তঃ কিং চক্রেণাপি তৈলকারত।"
(আর্য্যাসপ্তশতী ১৯২ ।) ১৪ তল্তোক্ত মূলাধারাদি নামক ষট্-পদ্ম। [মূলাধারাদি শক্ষে বিশেষ বিবরণ দ্রন্তা।] ১৫ সর্কতো-ভ্রাদি। ১৬ দেবতার্চন যন্ত্র।

"শীচক্রমেতত্বদিতং পরদেবতায়া:।'' ( তন্ত্রসা• )

১৭ অকড়মাদি, এই সকল চক্র মন্ত্রোদারের জন্ত ব্যবহৃত হয়। ১৮ অলকারশান্ত্র প্রাসিদ্ধ কাব্যবদ্ধ বিশেষ। [অলকার দেখা] ১৯ ভৈরবী প্রভৃতি চক্র। তন্ত্রশান্ত্রে তক্ষক নামে ভৈরবীচক্রের উল্লেখ আছে। নিকাম ব্যক্তিই সেই চক্রের অধিকারী। [ভৈরবীচক্র দেখা]

রুদ্রমানলে মহাচক্র, রাজচক্র, দিব্যচক্র, বীরচক্র ও পশুচক্র এই পাঁচপ্রকার চক্রের কথা আছে। এই সকল চক্রে সকাম ব্যক্তির অধিকার। [ইহাদের বিস্তৃত বিবরণ তত্তৎ পুস্পে দ্রেষ্টব্য।] মাল্লের শুভাশুভ বিচারের জন্ম কতকগুলি চক্রে ব্যবহৃত হয়। ইহা ছাড়া আর কতকগুলি চক্রের কথা

আছে, কিন্তু আধুনিক তাত্ত্ৰিকগণ সেই সকল চক্ৰের ব্যৰ্হার করেন না।

ব্রোদর গ্রেছে ২০টা ব্রচক্র ও ১৪টা সর্পতোভজানি, সর্বসমেত ৮৪টা চক্রের উল্লেখ আছে। জন্ম পরাজন প্রভিত্ত ও শুভাশুভ নির্পণ ক্রিবার জন্ম ঐ সকল চক্রের প্রয়োজন।

শ্বরচক্র যথা।—> মাত্রাচক্রা, ২ বণস্বরচক্রা, ৩ প্রহন্মরচক্রা, ৪ জীবস্বরচক্রা, ৫ রাশিস্বরচক্রা, ৬ ঋক্ষরচক্রা, ৭ পিওস্বরচক্রা, ৮ যোগস্বরচক্রা, ৯ খাদশবার্ষিকস্বরচক্রা, ১২ ঋতুস্বরচক্রা, ১৩ মাদস্বরচক্রা, ১৪ পক্ষর্বরচক্রা, ১৫ ডিথিস্বরচক্রা, ১৬ ঘটাস্বরচক্রা, ১৭ ডিথিবারাক্রাদিস্বরচক্রা, ১৮ ডাংকালিক দিনস্বরচক্রা, ১৯ দিকচক্র ও ২০ দেহজ্মারচক্রা।

স্বতোভ্ডাদি চক্র—> স্বতোভ্ড ৩ অংশ, ৪ ছত্ত্তয়, ৫ সিংহাসন, ৬ কৃদ্ধি, ৭ পল, ৮ ফণীখর, ১ রাহকালানল, ১০ স্থাকালানল, ১১ ৮ন্দ্র-कानामन, ১২ (चांत्रकानामन, ১৩ शृहकानामन, ১৪ भनि-र्थाकानानन, ১৪ मःघष्ট, ১৬ कूनाकून, ১৭ कुछ, ১৮ প্রস্তার, ১৯ জুম্বর, ২০ জুমুর, ২১ ভূচর থেচর, ২২ পথ, ২৩ নাড়ী, 38 कांग, २৫ সूर्याक्षी, २७ इज्जिक्षी, २१ कवि, २৮ **९** ग, ২৯ কোট, ৩০ গল, ৩১ অংশ, ৩২ রথ, ৩০ বাহ, ৩৪ কুন্ত, ৩৫ থড়গা,৩৬ ছুরিকা,৩৭ চাপ,৩৮ শনি,৩৯ সেবা,৪০ নর, ৪১ ডিছ, ৪২ পক্ষী, ৪৩ বর্গ, ৪৪ আবার, ৪৫ বিরিঞ্চি, ৪৬ সপ্ত-শলাক, ৪৭ পঞ্মলাক, ১৮ চক্র, ৪৯ ভারর, ৫০ প্রথম-মাতৃকা, ৫১ দ্বিতীয়মাতৃকা, ৫২ তৃতীয়মাতৃকা, ৫০ বিজয়, ৫৪ খেন, ৫৫ ভোরণ, ৫৬ অহি, ৫৭ চন্দ্রশারতি. ৫৮ জীব, an नामन, ७ वीरमाश्चि, ७) त्रव, ७२ मश्चनाड़ी, ७० मःवर्-সর ৩ ৬৪ স্থানচক্র। [ইহাদের বিস্তৃত বিবরণ তৎ তৎ শকে দ্রপ্তব্য। ] বৃহৎসংহিতায় অস্তর, মুগ, খচক্র ও বাতচক্র এই চারিটী চক্রের বিষয় লিথিত আছে।

উপরে যে সকল চক্রের কথা লিখিত হইয়াছে তাহার কএকটার বিবরণ যথাস্থানে লিখিত না হওয়ায় এইস্থানে লিখিত হইল।

অংশচক্র।—এই চক্রটী ক্রন্ত্র্যামল দক্ষত। উর্জ্ঞামী অষ্টাবিংশতিটী রেথা টানিয়। তাহার উপরে তির্যাগ্রন্তাবে আবার অষ্টাবিংশতিটী রেথা টানিবে। ইহারই নাম অংশচক্র। ঈশানকোণের রেথা হইতে আরম্ভ করিয়। অষ্টাবিংশতি রেথায় যপাক্রমে ক্রন্তিকাদি নক্ষত্রের পাদ-দ্যোতক অক্ষর বিগ্রাস করিবে। অভিক্রিংটীকেও ইহাতে একটী নক্ষত্র বলিয়া ধরিতে হয়। নক্ষত্রের পাদদ্যোতক অক্ষর মধা—অ, ই, উ, এ ৩। ও ববি বু ৪। বে বো ক

<sup>(&</sup>gt;) "অষ্টার মৃত্তমং চকং বড়ারং সধামং ভবেৎ। জনজং চতুরারং ভাবে ইতি চকং ভবেৎতিখা।" (ছেমাল্রি\*)

<sup>(</sup>২) "ৰাষ্ট্ৰকাৰণ দল পলানি ক্ৰমশ: পিলো:।

আৰালভ বির্টৌস্য: বিংসপ্ত হাদশাপিত ট

বালামাং ত্ৰিবিধং চক্ৰমষ্ট-সপ্তবভূজুলম।

বোড়শাভূলমভেবাং বিহীনে মধ্যমাধ্যে ১'' (হেমাজিং পাছিশিষ্ট)

कि द। कू च ७ ए ७। (क का र हि १। ए १० हा ७ ৮। ডি ড ডে ডো ৯। ম মি মু মে ১০। মোট টি টু ১১। টে টো প পি ১२। পু स ग ठे ১७। পে পোর রি ১৪। ऋ রে রোভ ১৫। ভিতৃতে তেতো ১৬। ননি ছনে ১৭। নোষ যিষু১৮। - যে যোভ ভি ১৯। ভূধফ চং•। ভে ভোজ কি ২১। জুজে জোব•। বিষুবেবো২২। গ গি ৩৪ গে২৩। त्शाम नि ७ २ 8 । (म (भा न नि २ ६ । इ थ ३ ८० ३ ५ । (न পোচ চি ২৭। চু ৮ে চোল ১। আই লুলে লো ২। এই কপে যুণাক্রমে অব্দরবিভাস করা হইলে যে এছে যে নক্ষতেরর যে পাদে অবস্থিত, ভাছাকে সেইস্থানে স্থাপন করিবে। ইছার পরে সেই রেথান্থিত বর্ণ কয়টীর পরস্পর বেধ করিয়া দিবে। নক্ষত্রের চতুর্থপাদে গ্রহ থাকিলে আদি, ও আদিতে খাকিলে চতুর্থ, দিতারে থাকিলে তৃতীয় ও তৃতীয়ে থাকিলে দ্বিতীয়পাদ বিদ্ধ হয়। অংশ চত্তের বেধামুসারে যদি মত্ন-ষ্যের নামের আমাদ্য আক্ষর শুভগ্রহ দারা বিদ্ধ হয়. তবে হানি হইয়া থাকে। এইরপ নামের আনালা অক্ষর জুরগ্রহ কৰ্তৃক বিহ্ন হইলে নানাবিধ রিষ্ট ও ছই ৰা ভতোধিক গ্রহ দারা বিদ্ধ হইলে নিশ্চয়ই মৃত্যু হইয়াথাকে। নামের আলা আকলর উভয়হিত জূর এহহারা বিদ হইলে মৃহা, একটী জুর ও অসপর একটী শুভগ্রহ কর্তৃক বিদ্ধু হইলে বিঘ द्वर डेड्य एड्या इन्ता (वर्ष वार्षि, श्रीड़ा उ वक्रन घरिया ্থাকে। অংশচক্রে নক্ষতের যে পাদ প্রহ্বিদ্ধ হয়, সেই পাদে বিবাহে বৈধব্য, যাত্রা করিলে মহাভয়, রোগ উৎপত্তি হইলে মৃত্যু ও সংগ্রামে ভঙ্গ হইয়া থাকে। এইরূপ বিদ নক্ত্রপাদাশ্রিত পর্বত, সাগর, নদী, দেশ, গ্রাম ও পুর বিন্ত হয়। বে দিনে চক্র যে নক্ষত্তের যে পাদে অব্ভিতি করে, সেই নক্ষত্রের সেই পাদ্যদি চন্দ্র ভিন্ন অপর গ্রহ কর্তৃক বিদ্ধ হয়, তবে সেই সময়ের মধ্যে কোন গুভকার্যা করিতে नाहे, कतिरन व्यमनन घरिता थारक। (नतशिक कर्षा)

অয়নচক্র — এই চক্রটী স্বরোদয় প্রাকরণে প্রয়োজনীয়। স্থানস্বরচক্র এইরূপে ক্ষিত ক্রিতে হয়। বংগা—

জ্ব	रे	B	Q	8
मिक्गाञ्चन आवगामि	উন্তরামূপ	অ	স্ভরোদয় ১৬।	निनानि २ <b>)</b> ।8३

ক্ষমনবার চক্রের থারোজন ও ক্ষপর বিবরণ ব্রোদর থাকরণে দুইবা।

অখচক্র।— একটা বোটকের প্রতিমৃত্তি অন্ধিত করিরা তাহার মুথাদি ক একটা অব্যবে জন্ম নক্ষত্র ক্রমে অস্টাবিংশতি নক্ষত্র বিস্থাস করিবে। মুথ, চক্ষুর্ম, কর্ণর্ম, মন্তক, পুছত্ত পাদ্যুগল এই নয়টা অব্যবে ষ্থাক্রমে তৃই ছইটা করিয়া আঠারটা ও উদরে পাঁচটা এবং পুঠে পাঁচটা নক্ষত্র স্থান করিতে হয়। ইহারই নাম অখচক্র। নক্ষত্রে স্থোর অব্যতিত অমুসারে অখচক্রের মুথ, চক্ষু, উদর বা মন্তকে স্থোর অব্যান হইলে অর্থাৎ স্থ্যান্তির নক্ষত্র ইহার কোন হানে থাকিলে যুদ্ধে জর হয়। শনি গ্রহান্তির নক্ষত্রটা অখচক্রের কর্ণ, পুছতু, পাদ বা পুঠে থাকিলে বিত্রম, ভল ও হানি ঘটয়া থাকে। ঐ সকল স্থানে স্থ্যান্তির নক্ষত্র থাকিলে পট্রস্ক পরিধান, যাত্রা ও যুদ্ধের উদ্যোগ করিবেনা, করিলে বিপদ্বটে। (নরপ্রিজ্বাচ্ন্যা)

অহিচক্র—কোন কোন পুস্তকে অহিবলচক্র নামেও ইহার উলেথ আছে। এই চক্র দারা নিধি অর্থাৎ ভূগর্ভ-স্থিত রক্স প্রাভৃতি বাহির করা যাইতে পারে। চারি হাতে একবংশ হয়, বিংশতিবংশগরিমিত ক্ষেত্রেকে নিবর্ত্তন বলা যায়। যে নিবর্ত্তন ক্ষেত্রের মধ্যে নিধি প্রভৃতি আছে, তাহার কোন একভানে অহিচক্র ভাপন করিতে হয়. উর্দ্দিকে আটটারেখা টানিয়াতাহার উপরে তির্যাগভাবে পাঁচটী রেথা টানিলে একটা অষ্টাবিংশতি কোষ্ঠচক্র অঙ্কিত হইবে, তাহার প্রথমপঙ্ক্তিতে রেবতী, ক্ষমিনী, ভরণী, ক্তিকা, মধা, পূর্ধকল্পনী ও উত্তরকল্পনী এই সাত্টী, দ্বিতীয় পঙ্ক্তিতে পূর্মভাজ, উত্তরভাজ, শতভিষা, রোহিণী, অলেষা, পুষাা ও হস্তা এই সাতটা, তৃতীয় পঙ্ক্তিতে অভিজিৎ, শ্রবণা, ধনিষ্ঠা, মুগশিরা, মঘা, পুনর্বস্থ ও চিত্রা এই সাত্রী, চতুর্থ পঙ্ক্তিতে পূর্বাঘাঢ়া, উত্তরাঘাঢ়া, মূলা জ্যেষ্ঠা, অরু রাধা, বিশাথা ও স্বাতী বিভাস করিবে। এই প্রকারে স্পাকৃতি চক্ৰ হয়। মখাও ভারণী এই তুইটা নক্ষ আছারের উভয়পার্যন্তিত এবং ক্লুভিকা নক্তকে অহির মুখ জানিবে। हेरात मध्य अधिनी, छत्रनी, कृष्टिका, आर्था, भूनर्वस्, भूषा, মথা, পূর্লাযাঢ়া, উত্তরাযাঢ়া, অভিজিৎ, শ্রবণা, পূর্বভাত্ত ও রেবতী এই কয়টা নক্ষম চক্রের, ইহা ছাড়া অসের নক্ষম ক্রোর জানিবে। প্রশ্ন সময় পর্যান্ত চক্র নক্তের যত দও ভোগ করিয়াছে, তাহার নাম উদ্যাদিগত নাড়ী। উनग्रामिगक नाफ़ीटकं २१ बार्ता खग कतिब्रा खगकनटक ৬০ ছারা ভাগ করিবে যাহা লক্ষ হইবে, তাহা চন্দ্রভুক্ত নক্ষ-

জের সৃষ্টিত যোগ করিলে যদি ২৭এর অধিক হয়, তবে २१ वाम निया वाहा थाकित्व छाहारे जुक नकत्वात मृश्या कानित्व এवः ७० वात्रा कांग कतित्व याहा व्यविभिष्ठे थात्क তাহাই ভুলামান নক্ষতা শরীর জানিবে। বে কোঠে ভুজা-মান নক্তা পতিত হয়, তথার চক্রতাপন করিবে। ইহাকে অহিচক্রত তাৎকালিক চক্র বলে। এই প্রক্রিরা অনুসারে তাংকালিক সুৰ্য্যও স্থাপনা করিতে হয়। ফল--যদি চন্দ্র নক্ষত্ৰে অৰ্থাৎ পূৰ্বপ্ৰদৰ্শিত অশ্বিনী প্ৰভৃতিতে ভাৎকালিক हक्क 'अ रुर्या थारक, जरव निश्वत्रहे निश्वि आर्घ, आत्र यनि रुर्या নক্ষত্রে ভাৎকালিক চক্র ও সূর্যা অবস্থিত হয়, ভবে শল্য আছে লানিবে। তাৎকালিক চক্র ও ক্র্য্য স্বীয় गकरा दिख इहेरल हक्का हार निर्धि ७ स्था दिला भना থাকে। চকু সূর্যানক্ষত্রে ও সূর্যা চক্রনক্ষত্রে থাকিলে নিধি वा भना किছूरे नारे विद कतिए इस। छा को कि हक्त ক্রেযুক্ত হইলে নিধি বাজবাপাওয়াযায় না এবং ওভএছে-যুক্ত হইলে পাওয়া যায়। চল্রে অপরাপর এহের দৃষ্টি অহু-সারে স্থবর্ণ প্রভৃতি কোন দ্রব্য মৃত্তিকার নীচে আছে তাহা নিশ্চয় করা যায়। [ইহার অপের বিবরণ রম্বোদার भटक जहेवा। 1

আারচক্র । — পূর্ব্বপশ্চিমে চারিটী সরল রেথা টানিয়া তাহার উপরে উত্তরদক্ষিণে আর চারিটা সরলরেথা টানিবে। ইছাতে नवत्कार्धयुक्त अकता ठक छ ९ भन्न इत्र, छाहात मधारकार्धता পরিত্যাগ করিয়া অপের আনটটীকে আন্টেদিক্ বলিয়া কল্লনা कतिरव । ध्रक, ध्रम, निःह, कुकृत, मोत्राख्य, ध्रताख्य, शर्फ छ छ হন্তী ইহারা প্রতিপদাদিক্রমে তিথিভূক্তি প্রমাণামুদারে এই আটদিকে উদিত হইয়া এক প্রহর পরে তৎপরবর্তী দিকে যায়, এই নিয়মে দিন রাতিতে আটটি দিক্ ভ্রমণ করে। যেমন প্রতিপদ্ তিথিতে প্রথম মাসে ধ্বজ পূর্বনিকে উদিত হয়, প্রথম যাম অতীত হইলে অগ্নিকোণে চলিয়া যায়, তথায় এক প্রহর গাকিয়া দকিণ দিকে যার। এই নিয়মে প্রতি-পদ তিথির অষ্টপ্রহরে যথাক্রমে ধ্বজ আটটী দিক্ অমণ করে। এই প্রকার দিতীয়া প্রভৃতি তিথিতে ধুম প্রভৃতির উদয় ও ভ্রমণ জানিবে। ধ্বজ প্রাভৃতির উদয় অরুসারে প্রান্ত্রের শুভাগুভ নির্ণয় করা যাইতে পারে। প্রশ্নকালে ধ্বলাদির কোন একটার উদয় বা অবস্থিতি পূর্ব্বদিকে ছইলে মহাজাত, অগ্নিকোণে মরণ, দক্ষিণে বিজয় ও সৌথা, নৈশ্তি (कारन दक्कन ७ गुजा, शिक्टाम गर्सनाच, वाश्रुकारन शानि, উত্তরে ধন ধান্য এবং ঈশাণ্ কোণে উদয় বা অব্ধৃতি इहेटन निक्त इटेशा शाटक। त्रोबट्डा, शिष्ट ७ ध्वाक्क इटारमत উদরে বা অবস্থানে ঐ সকল ফল অতীত, ধ্বল ও গদিন্তে বর্ত্তনান এবং ধ্র. কুরুট বা হস্তীর উদয়ে বা অবস্থানে ফল পরে হইবে এইরূপ নিরূপণ করিতে হয় । ইহা ছাড়া বৃষ ও ধবজে ফল সমীপস্থ, গজ ও দিংহে দ্রস্থ, কুরুট ও গদিডে মার্গস্থ এবং ধ্র ও ধাঙ্কে নিক্ষণ নিশ্চর করিতে হয় । পূর্ব ও অমিকোণে ভাবের উদরে বা অবস্থানে মূলচিস্তা, দক্ষিণ, নৈর্ধ ত ও পশ্চিমে ধাতু এবং উত্তরে ভাবের উদর বা অবস্থানে জীবচিস্তা নির্ণয় করিতে হয় । [ঋকস্বরচক্রের বিবরণ নক্ষত্র-চক্র শক্ষে দুইবা ।]

ঋতুরর চক্র — জ্বাকাদি পাঁচটা স্বরে যথাক্রমে বসস্ত প্রভৃতি ঋতুর উদর হয়। প্রত্যেক স্বরে ৭২ দিন উদর হইয়া থাকে। ক্রস্তরোদয়ের পরিমাণ ৬ দিন ৩২ দণ্ড ও ৩৪ ফল। বর্ণস্বরোদয় প্রকরণে ইহার প্রয়োজন হয়। ঋতুস্বর-চক্রের প্রতিক্রতি এইরূপে অক্রিত ক্রিতে হয়।

ঋভুসার চক্র।

<b>व्य</b> १२	₹ १२	উ ৭২	હ ૧૨	<b>V</b> S 9 ₹
বসস্ত	গ্রীশ্ব	वर्स।	≄ারৎ	হিম
মুখাচাল ক্ৰমে চৈত্ৰ বৈশাধ ও জৈচিত্ত ৰাদশী পৰ্বাক্ত ৭২।	জোষ্ঠ :৮ স্বাধাতৃ ৩০	শ্রাবণ ৬ ভাদ্র ৩• আগ্নিন ৩• কার্ত্তিক ৬	কাৰ্ডি ২৪ অগ্ৰ ৩০ পৌষ ১৮	পৌৰ ১২ মাঘ ৩• ফাক্কন ৩•
	अक्षात्रण २८			৭২ দয় দিনাদি ১২(৫০

ক্বিচক্র - মুদ্ধযাত্র। শবেদ ইহার বিবরণ জ্ঞাত্বা।

কালচক্র—উর্জনিকে দশটা রেথা টানিয়া তাহার উপরে তির্যাক্তাবে চারিটা রেথা টানিলে সপ্তবিংশতি কোঠ্যুক্ত একটা চক্রহর, ইহার উপরের পঙ্ক্তিতে যে দিনে এই প্রক্রিয়া করিবে, দেইদিনের নক্ষত্র প্রভৃতি নয়টা নক্ষত্র স্থাপন করিবে এবং বিতীয় পঙ্ক্তিতে তংগরবর্তী নয়টা নক্ষত্র ও তৃতীয় পঙ্ক্তিতে অগর নয়টা নক্ষত্র যথাক্রমে স্থাপন করিবে। ইহার মধ্যে ঋক্ষত্রয়বর্জিত চতুর্নাড়ীগত বেধ করিবে। নাড়ীচক্র দেখ। সর্পাকার এই চক্রের নাম কালচক্র। মধ্যন্থিত তিনটা নক্ষত্রকে কালের মুখ ও কোণ-দ্বিত নক্ষত্রছমকে কালের দংখ্রা বলে। যে দিন যাহার নাম নক্ষত্র এই চক্রাম্পারে কালের মুখে বা দংখ্রার পতিত হয়, দেই দিন কোন শুভকর্ম করিতে নাই, করিলে বিপদ্হয়। ইহা ছাড়া অন্ত অবয়বে নাম নক্ষত্র থাকিলো শুভ হয়। নাম নক্ষত্র গাষ্ট্র বা মুখ্গত হইলে জ্বর, নই

দল্প ও বিবাদ প্রভৃতিতে মৃত্যু ঘটিয়া থাকে অথবা মহাজয় উপশ্বিত হয়।

কুন্ত চক্র— এই চক্রান্থ দারে যাত্রার শুভাশুভ কল নিরপণ করা যাইতে পারে। তির্যাক্ রেথাদি বারা কুন্তের
ন্যার একটা চক্র অন্ধিত করিবে। চক্রের উর্জাধোরণে
একান্তর কোঠে শূন্য দিবে। বে কোঠে শূন্য পড়ে, সেই
সেই কোঠকে রিক্ত ও অপর কোঠকে পূর্ণ বলে। পরে
তদ্দিনে যে নক্ষত্রে স্থা থাকে, সেই নক্ষত্র হইতে সমস্ত
নক্ষত্র ঐ চক্রে নিবেশিত করিবে। রিক্ত কোঠে যে নক্ষত্র পতিত হয়, তাহাতে যাত্রা করিলে মনোভীষ্ট নিক্ষল ও পূর্ণ
কোঠে যে নক্ষত্র, তাহাতে যাত্রা করিলে অভিলাষ পূর্ণ
হইয়া থাকে।

কুলাকুলচক্র—ইহার বিবরণ কুলাকুল শব্দে দ্রপ্তব্য।
ইহা দারা তিথি, বার ও নক্ষত্রের মধ্যে কোনটী কুল,
কোনটা অকুল এবং কোনটী কুলাকুল তাহা নিরূপণ করা
যাইতে পারে।

কুস্তচক্র—এই চক্রাম্থনারে যুদ্ধের শুভাশুভ স্থানিতে পারা যায়। কুস্তান্তের ফ্রায় একটা চক্র প্রস্তুত করিয়া যেদিন কার্য্য করিবে, সেই দিনের নক্ষত্র হইতে নয়টী কুস্তের ধারাল খানে, তৎপরবর্তী নয়টী দত্তে এবং তৎপরবর্তী নয়টী নক্ষত্র কুস্তের পুঠে স্থাপন করিবে। নাম নক্ষত্র কুস্তের ধারাল খানে পড়িলে যুদ্ধে মৃত্যু ও দত্তে পড়িলে যুদ্ধে জয় হয় এবং পুঠে পড়িলে জয় বা পরাজয় হয় না, সমান হইয়া থাকে।

বর্ত্তমান। ইহা দীপ্রোপলের সন্ধ্র ও ভারকামগুলের
পশ্চাতে অবস্থিত। ইহাও একটা আবরণ। এই আবদ্রুণটাতে আলোকপ্রভাবে দৃশুবস্তর সন্নিকর্বরূপ স্পর্লচিত্র
জন্ম। ইহা অর্দ্রবহৃত্ত প্রকাষণ । সামাগ্রতঃ ইহাকে
দর্শনন্নার্র বিভ্তভাগ বলা হইরা থাকে। ইহার গঠনপ্রণালী অতি আশ্চর্যক্ষনক ও বিশ্বয়কর।

চারিদিকের চারি কোণে চক্ষ্ উভয় পার্থবর্তী পেশী (Muscles) বারা পরিচালিত হয়।



চক্ষৰ পেশী।

চারিটী সরল পেশী (Rectus) চক্ষুকে কোটরাভ্যস্তরে আসিবার ও তির্যাক্ পেশীব্য কোটর হইতে বহির্গত হইবার শক্তি প্রদান করে। কোন দিকে চকু আরুই হইলে ত্রিক্তন পেশী সকল সেই সময় ক্ষীণবল হইয়া পড়ে। উক্ত চিত্রের উপরস্থ লিভেটার প্যালিত্রী নামক পেশী বারাই চকু উন্মীলিত ও অবিকিউলেরিজ নামক পেশী বারা পাতা নিমীলিত হয়।

এতত্তির চক্ষতে আরও নানাবিধ হক্ষ হক্ষ বন্ধ আছে।
আক্ষিবীক্ষণ ও অগুবীক্ষণযন্ত্রের সাহায্যে ও পর্য্যালোচনা
ধারা অতি হক্ষণশী বিবেচক ব্যক্তিরা তত্তাৰতের গঠনপ্রণালী, কার্য্য এবং উদ্দেশ্য নির্ণয় করিয়াছেন, সে সমুদ্রের
সম্যক্ আলোচনা এ স্থলে অসম্ভব।

০ তেজ। "প্রাণ্চক্ষে" (তাপ্তাণ ব্রাণ) 'চক্ষে তেজসে' (ভাষা)
চক্ষ্রাপ (পুং) চক্ষোরাগো রক্ততা ৬তং। ১ চক্র অফণতা,
রক্তিমা। ২ চক্র আকর্ষক অস্থরাগবিশের, নামক বা নামিকার কামল দশাবস্থার সর্বপ্রেথম অবস্থা, অলন্ধারশাত্রে
নমনপ্রীতি নামে ইহার উল্লেখ আছে। [নয়নপ্রীতি দেখ।]
চক্ষ্রাপ (পুং) চক্ষ্যো রোগঃ ৬তং। নেত্ররোগ, নেত্রমপ্রলে
সর্বাপ পুং) চক্ষ্যো রোগঃ ৬তং। নেত্ররোগ, নেত্রমপ্রলে
সর্বাপে ৭৮ প্রকার রোগ লগ্নিতে পারে। তাহার মধ্যে
১২টা দৃষ্টিগত, ৪টা রুক্ষগত, ১১টা গুরুমপ্রলগত, ২১টা বর্ম্ব গত,
২টা পদ্মত, ১টা সন্ধিগত, সমস্ত মেত্ররাপক ১৭টা এবং
অক্তরক্মের ক্ইটা এই আটাজন্মী রোগকেই মেত্ররোগ
বিলয়া নির্দেশ করা হয়। (ভারপ্রক্মণ মধ্যণ ৪ ছাণ)

স্থাত १৬ প্রকার নেজবোগ নির্বর করেন। তাঁহার মতে—
১০টা বাদ্ধান, ১০টা পিত্রকার, ১৩টা কফল, ১৬টা রক্তরতার
ও ২০টা সরিপাত কল্প। ইহা ছাড়া জারও ছইপ্রকার
বাহ্বরোগ হইরা থাকে। (স্থাত উত্তরণ ১ আঃ)

নেত্রবাগের নিদান।—রোজানি দারা উত্তপ্ত ব্যক্তির কলে অবগাহনে নরনতেজের অভিন্তব, দ্রন্থ বস্তদর্শন, দিবানিজা ও রাত্রিজাগরণ, অগ্নি প্রস্তৃতি দারা উপথাত, নেত্রে ধূলী বা ধূমপ্রবেশ, বমনবেগধারণ, অভ্যন্ত বমন, ওক্তা, কাঞ্জিক, কুলখ কলায়, ও মাবকলাই এই সকল জবেরর অভিরিক্ত সেবন, মল বা মৃত্রের বেগধারণ, অভিশর কেলন, শোকজন্ত সন্তাপ, মন্তকে আঘাত, ক্রভগামী যান আরোহণ, পাজবিহিত শহুচ্গাায় বিপরীত আচয়ণ, কামত্রোধাদি জনিত শারীরিক পীড়া, অভিরিক্ত জীসন্তোগ, ক্রাম্বেগধারণ ও অভি ক্রন্ম বন্ধ নিরীক্ষণ, এই সকল কারণে বাভাদি দোব কুপিত হইয়া নেত্রেরোগ উৎপাদন করে। বাভাদি দোব এই সকল কারণে দ্বিত হইলে শিরাসমূহ দারা উদ্ধিন্দ আশ্রের করে। তাহাতে দৃষ্টি প্রভৃতি নেত্রা-বন্ধর কষ্টকর রোগ উৎপাদ হয়।

দৃষ্টিগত রোগের বিবরণ।— দৃষ্টি কৃষ্ণমণ্ডলের মধান্বিত, আকারে একটা মহরডালের অর্জপরিমাণ, নিমেবে জোনাকী পোকার হার ও নিমেবের অভাব হইলে বিক্ফুলিলের সদৃশ, ছিন্তবুক্ত চকুর বাহুপটল ছারা আবৃত এবং শীতল প্রকৃতি। ইহা পঞ্চতুতাত্মক ও চিরন্থারী তেল বলিয়া প্রসিদ্ধ । চকুতে চারিটা পটল আছে, ভাহার প্রথমটার নাম বাহুপটল রক্ত ও রসের আধার, ছিতীয়টা মাংসাধার, তৃতীয়টা মেদের আধার ও চতুর্বটা কালকান্থির আশ্রয়। মিলিত চারিটা পটলের স্থলতা নেত্রমণ্ডলের পঞ্চমাংলের এক অংশ। দোষ চতুর্ব পটলগত হইলে রোগা কথন বা অস্প্রকৃপে ও কথনও বা স্প্রিরণে দেখিতে পার। ছিতীয় পটলে দোবের সঞ্চয় হলৈ সমাক্রপে দৃষ্টিশক্তি হাস হয় না।

মক্ষিকা, মশক, কেশ, জালক, মগুল, পভাকা, মরীচি ও কুগুলাক্বভি দর্শন হইরা থাকে, কথনও বা জল প্লাবিভবৎ অথবা বৃষ্টি ও অন্ধকার ইত্যাদি বিবিধপ্রকার প্রভিচ্ছারাদির দর্শন হইরা থাকে এবং সমরে সময়ে দুরন্থ বস্তুকে নিক্টবর্তী ও নিক্টবৃক্তি দুর্বর্তী বলিয়া বোধ করে। অভি যন্ত্রেও স্চিকাছিত্র দর্শন করিতে গারে না।

চক্ষুর তৃতীয় পটলােলােষযুক্ত হইলে উর্জানিকে বেশ দর্শন করিতে পারে। কিন্তু অধােদিকে কিছুই দেখিতে পার না। উর্জানিকের সুলাকার পদার্থ সকল বক্তার্তের স্থার বােধ হর এবং প্রাণী সকলের কর্ণ, নাসিকা ও চক্ষু বিক্বতাকার দৃষ্ট হয়। উহাতে যে দোষ বলবং হইরা কৃশিত্ত হয়, সেই দোষ অফুলারে বল্পর নানাবিধ রঙ্ দেখিতে পাওরা বায়, অর্থাৎ বায়ু প্রবল হইলে রক্তবর্ণ, পিতপ্রাবল্যে পীত বা নীলবর্ণ এবং কক্ষ অধিক হইলে শুক্লবর্ণ দেখিতে পাওয়া যায়। পটলের অধোদেশে দোষ অবস্থান করিলে সমীপত্ব বল্প, উর্জভাগে দোষ থাকিলে দৃয়ত্ব বল্প ও দোষ পার্ম্বগত হইলে পার্ম্বত কোন বন্ধ দেখা যায় না। পটলের সর্ক হান ব্যাপিয়া দোষ অবস্থিতি করিলে তিয় ভিয় রূপ মিলিতভাবে দৃষ্ট হয়, মধ্যভাগে দোষ অবস্থিত হইলে বৃহৎ বল্পকে হস্মাকার ও দৃষ্টিতে তির্যাগ্ভাবে দোষ অবস্থান করিলে একটা দ্বা ঘ্ইটীর ভায় দেখা যায়, ছই পাশে দোষ থাকিলে এক বল্প বিধাক্ষত বোধ হয় এবং দোষ একস্থানে হিরভাবে না থাকিলে এক বল্পকে বহু সংখ্যক বলিয়া বোধ হইয়া থাকে।

কুপিতদোষ চতুর্থ পটলে অবস্থিত হইলে দৃষ্টিশক্তি একেবারেই গাকে না। প্রাচীন আয়ুর্বিদেরা ইহাকে তিমির
বা লিঙ্গনাশ নামে উল্লেখ করেন। এই তিমির রোগ
অচিরজাত হইলে রোগী চক্র, স্থ্য, নক্ষত্র, বিহাৎ ও
স্বর্ণ রত্ব প্রভৃতি নির্মাণ তেজ দীপ্রিণীল বস্তুর স্থায় দেখিতে
পায়। এই রোগকে নীলিকা বা কাচ নামেও উল্লেখ করা
হইয়া গাকে।

দৃষ্টিরোগ দর্মসমেত ঘাদশ প্রকার। তাহার মধ্যে শিল-নাশ ছয়প্রকার যথা—বাতিক, পৈতিক, সৈত্মিক, সারি-পাতিক, রক্তক ও পরিমানী। অপর ছয়প্রকার যথা—পিত্ত-বিদ্যা, শ্লেমবিদ্যা, ধুমদর্শী, হুম্মজাডা, নকুলাদ্ধা ও গন্তীরক।

ছ্য প্রকার লিজনাশের লক্ষণ।—ইহাতে চঞ্চলবং আবিল, অপচ কিঞ্চিৎ লোহিতবর্ণ ও কুটিলরপ বস্তুদর্শন হয়। পৈত্তিক লিজনাশে রোগী স্ব্যা, জোনাকীপোকা, ইক্রেধন্থ ও বিহাতের ভায় রূপ দর্শন করে এবং সমস্ত বস্তু ময়রপ্রেছর ভায় নীলবর্ণে চিত্রিভ বলিয়া বোধ হয়। গৈছিক লিজনাশে রোগী সকল বস্তু স্নিয়া, শুক্রবর্ণ, স্থূল, জলপ্রাবিতের ভায় এবং জালকের ন্যায় দর্শন করে। সারিপাতিক দৃষ্টিনাশে রোগী নানাপ্রকারে চিত্রিভ বৈপরীত্যরূপ দর্শন করে ও বস্তু সকল বত্প্রকার বা ছইপ্রকার অথবা হীনাল বা অধিকাঞ্জ ও নানাপ্রকার জ্যোতিঃ দর্শন করিয়া পাকে। রক্ত জন্য লিজনাশে পদার্থ সকল রক্তবর্ণ, হরিৎবর্ণ, পীতবর্ণ ও কুঞ্চবর্ণ প্রভৃতি নানাবিধ রঙের দেখিতে পাওয়া যায়।

পরিমায়ী রোগের লক্ষণ-রজের সহিত পিত বর্দ্ধিত

হইয়া পরিমারী নামক রোগ কলো। এই রোগে দিক্
সকল পীতবর্গ ও বৃক্ষ সকল জোনাকিপোকা বা অধিবারা
পরিবেটিতের ন্যার এবং প্র্যা উদিত বলিরা বোধ হইয়া
থাকে। বাতিকরোগে নেঅমণ্ডল রক্তবর্গ, পরিমারী ও
পৈতিকরোগে নীলবর্গ, সৈমিক লিক্ষনাশে ওক্লবর্গ, রক্তক্ত
দৃষ্টিনাশে রক্তবর্গ এবং জৈদোবিক রোগে নেঅমণ্ডল চিত্রিত
বলিয়া বোধ হয়।

পিত্তবিদ্যা দৃষ্টির লক্ষণ—দ্বিত্তপিত প্রথম ও দিতীয় পটলকে আশ্রম করিলে দৃষ্টি পীতবর্গ হয় এবং রোগী সমস্ত বস্তুই পীতবর্গ দর্শন করে। ইহার নাম পিত্তবিদ্যা দৃষ্টি-রোগ। দ্বিত পিত তৃতীয় পটলাশ্রিত হইলে রোগী দিবা-ভাগে কিছুই দেখিতে পায় না, রাত্রিকালে দর্শন করিতে পারে। রাত্রিতে পিত্তের সমতা ও দৃষ্টি শীতভাবাপর হয়, এই কারণে সমস্ত পদার্থই যথায়থক্তপে তাহার দৃষ্টিগোচর হইয়া থাকে।

শ্লেমবিদগ্ধদৃষ্টির লক্ষণ— দৃষিত কফ প্রাপম ও বিতীয় পটল আশ্রয় করিলে রোগী সমস্ত বস্তু শুক্রবর্ণ দেখিতে পায়। তৃতীয় পটলে দৃষিত কফ অবস্থান করিলে রোগী রাতকাণা হয়। ইহাকে শ্লেমবিদগ্ধ দৃষ্টিরোগ বলে।

ধ্নদশীর লক্ষণ—শোক, জ্বর, পরিশ্রম ও রৌলাদির সন্তাপে দৃষ্টি আহত হইলে রোগী সমস্ত লব্য ধ্মার্তের ন্যায় দর্শন করে। ইহাকে ধ্মদশীরোগ বলে।

হ্রস্কাডোর লকণ—বে রোগে দিবসে অভিকটে রুছৎ বস্তু ক্রবৎ ও রাত্রিকালে প্রকৃতরূপে দৃষ্ট হয়, ভাহার নাম হস্ত্রস্কাডা।

নকুশান্ধ রোগের লক্ষণ—যে রোগে দোষের উদ্রেকে দৃষ্টির দীপ্তি নকুলের চক্ষুর ন্যায় হয় ও দিবাভাগে নানাপ্রকার চিত্রিত রূপ দর্শন করে, তাহাকে নকুশান্ধ বলা যায়।

গন্তীরিকার লক্ষণ— যে রোগে বাষ্থকোপ প্রযুক্ত দৃষ্টি বিকৃত ভাবাপর এবং পার্শবৈষ্টনহেত্ সংকাচিত হইয়া অভ্যন্তরে প্রবেশ করে ও অভ্যধিক বেদনাযুক্ত হয়, তাহাকে গন্তীরক বলে।

ত্শত যে ছাদশপ্রকার রোগের উল্লেখ করিয়াছেন তাহা ছাড়া চরকে আরও চ্ইপ্রকার রোগের উল্লেখ আছে, যথা অনিষিত্তর ও নিষিত্তর। দেবতা, ঋষি, গদ্ধর্ক, মহাদর্শ কিয়া ত্র্যাদশনহেতু যদাপি দৃষ্টিনাশ হর, তবে তাহাকে অনিষিত্তর লিজনাশ কহে। শিরোভিতাপ হইতে বে দৃষ্টিনাশ উৎপন্ন হইরা থাকে, তাহার নাম নিষিত্তর।

্কুক্ণত রোগ চারিপ্রকার—সরণওক্ল, পরণওক্ল, প্রিক

পাকাত্যর ও অঞ্চল। [ইহাদের বিশেষ বিবরণ তৎ তৎ শকে চেইযা।]

নেঅগদ্ধিগতরোগ ৯ প্রকার—পূরালম, উপনাহ, গৈছিক-প্রাব, প্রেম্মপ্রাব, সন্ধিপাত্তাব, রক্তম্প্রাব, পর্কণিকা, অলমী ও ক্তর্যান্ধি। ইহানের বিশেব বিবরণ তৎ তৎ শব্দে প্রটব্য।

শুক্লগত রোগ ১১ প্রকার—প্রস্তার্থার্য, শুক্লার্ম, রক্তার্ম, অধিমাংলার্ম, সাযুর্ম, শুক্তি, অর্জুন, পিটক, শিরাজাল, শিরাপীড়কা ও বলাসগ্রাহি। [তৎ তৎ শব্দে ইহার বিবরণ ক্রইবা।]

বন্ধ জারোগ ২১ প্রকার—উৎস্কিনী, কুন্তিকা, পোথকী, বন্ধ নির্কা, বন্ধ নির্দা, শুলার্ল, আঞ্জনদ্বিকা, বহুলবন্ধ, বন্ধ বিদ্ধক, ক্লিটবর্ম, বন্ধ কর্মন, প্রাবেশ্বর্ম, প্রক্লিরবর্ম, আজিরবন্ধ, বাতহতবন্ধ, বন্ধার্দ, নিমেন, শোণিতার্ম, নগণ, বিহবন্ধ এবং কুঞ্চন।

পদ্মগত নেত্ররোগ ছই প্রকার—পদ্মকোপ ও পদ্মলাত।
সমস্ত নেত্রগত রোগ ১৭ প্রকার—বাতিকাভিষ্যন্দ,
দৈরিকাভিষ্যন্দ, গৈতিকাভিষ্যন্দ, রক্তরাভিষ্যন্দ, চারিপ্রকার
অধিমছ, সলোধ অফিপাক, লোধহীন অক্ষিপাক, হতাধিমছ,
অনিলপর্যায়, গুডাফিপাক, অন্যতোবাত, অমাধ্যুষিত,
ভিবেহণাত ও লিবাপ্রহর্ষ।

নেজরোগের চিকিৎসা—শরীরে পদবর হইতে মন্তক পর্যান্ত ত্ইটা অপেকাকৃত স্থালির। সরিবেশিত আছে, ঐ লিরাবর হইতে বহুতর শিরা শাখা প্রশাধার বিভক্ত হইরা নেজগত হইরাছে, একারণ পরিবেক, উবর্জন ও বিলেপনাদি পদবরে প্রয়োগ করিলেই ঐ শিরাবারা মরনে ক্রিয়া প্রকাশ করিয়া থাকে।

ধূলী প্রভৃতি মল বা সক্ষয়ন ও পীড়মাদি বারা ঐ শিরা-ন্ম দ্যিত হইলে চকুও দ্যিত হয়, অত এব উপানং ধারণ, পাদাভাল ও পাদপ্রকালনাদি সর্কাদা করিবে। শালিতপুল, মুগ, যব, জালল মাংস, পক্ষীমাংস, বাস্তক্ষাক, নটেশাক, পটোল, কাঁকুড়, করলা, প্রস্তুত কচিবেশুণ, এবং মধুর ও ডিজ্করস চকুর হিত্কারক।

কটু ও অন্নরস, শুরু, তীক্ষ ও উক্ষার্থা, মাধ্যকলার, রাজ-মাধ, জীসভোগ, মদ্যপান, গুছুরাংস, তিলকাদির ক্র, মংজ, শাক, অছুরিত ধান্যাদির অন্ন ও বিদাহী চক্রোগে খাইডে নাই।

পরিবেক, আন্চ্যোতন, পিথী, বিশ্বালক, তর্পন, পুটপাক এবং অঞ্চল এই সকল হারা কেন্সক্রোগীর চিকিৎসা করিবে।

পরিবেকের বিধান।—রোগীর চকু উল্লীলিত করিরা সমত

লেতে চারি অসুলী পুরু বন্ধ থণ্ড নেত্রোগরি ফাপন করির।
তচ্পরি স্ক্রধারার সেক প্রাধান করিব। বাতল চন্দ্রোগে
নির্থনেক, পিত্তল ও রক্তল নেত্ররোগে রোপণসেক এবং
ককল নেত্ররোগে লেখনসেক প্রাধান করা উচিত। ছর
শত বাক্য উচ্চারণে যত সমরের আবশ্রক তত্ত্বণ হৈছিক
সেক প্রধান করিবে।

সেক বথা—ভেরেণ্ডার পাতা ও মৃলের ছাল দির। কাথ প্রস্তুত করিরা ক্ষরত্থাবস্থার নেত্রে সেক প্রদান করিলে বাতাভিবান্দ বিনষ্ট হর। হরীতকী, বহেড়া, আমলকী, পোল্ডলানা ও দাক্ষচিনি এই সকল সমভাগে পেষণ করিরা স্ক্ল বস্ত্রে পোটলী করিরা অহিকেনের কলের সহিত নেত্রে ধারণ করিলে সর্ব্ব প্রকার অভিযান্দ প্রশমিত হর।

আন্দেয়াতন বিধি—উন্মীলিত নেত্রের উপরে ছুই আলুল পুরু বন্ত্র খণ্ড রাখিরা তাহার উপরে কাথ, চুগ্ধ, স্নেহ বা অন্ত কোন তরল পদার্থপাতনের নাম আন্চ্যোতন। লেখন আন্চ্যো-তনে আট বিন্দু, রোপণ আন্চ্যোতনে দশবিন্দু ও স্নেহন আন্চ্যোতনে বার বিন্দু আন্চ্যোতন তরল পদার্থ প্রয়োগ করিতে হর। নেত্র শীতল থাকিলে কিঞ্চিৎ উষ্ণ ও উষ্ণ নেত্রে শীতল আন্চ্যোতন প্রয়োগ করা উচিত। এক পত্টী গুরু বর্ণ উচ্চারণ করিতে বত সময় লাগে, তাহার অতিরিক্ত কাল আন্চ্যোতন ধারণ করিতে নাই এবং রাত্রিকালে আন্চ্যো-তনপ্ররোগ একান্ত নিবিদ্ধ।

শিগুীবিধি—এক তোলা পরিমিত পেষিত ঔষধ ৰজে পোটলী করিয়া নেত্রে বুলাইলে ভালাকে পিগুী বলে।
ইহার ব্যবহারে সর্ব্ধ প্রকার অভিযাল ও ত্রণ বিনষ্ট হয়।
হরীতকী, বহেড়া, আমলকী, পোত্তদালা ও দারুচিনি, এই
সকল ত্রব্য অহিকেনের জলের সহিত পেষণ করিয়া শিগুী
প্রারোগ করিলে সকল প্রকার নেত্ররোগ প্রশমিত হয়।

বিড়ালক বিধি—নেজের বহির্ভাগে পদ্ম পরিড্যাগ করিরা প্রকেশ দেওরাকে বিড়ালক কহে, ইহার মাত্রা মূধালেশের ক্লার । মুধালেশের হীনমাত্রা এক অঙ্গীর চতুর্থাংশের এক অংশ, মধ্যমমাত্রা এক অঙ্গীর তিন অংশের এক অংশ এবং উভম মাত্রা এক অঙ্গীর অর্ধাংশ। এই লেপ যে পর্যান্ত ওক নাহর, সেই পর্যান্ত ধারণ করিবে; ওক হইলে পরিভ্যাগ করা উচিত। কারণ ওক হইলে উহা ওগহীন হইরা ধার ও চর্ম দ্বিত করে। বৃষ্টিমধু, গেরিমাটি, সৈক্ষর, হাকহরিত্রা ও রসাঞ্জন এই সকল তার্য সমভাগে গ্রহণ করিরা চক্ষর বহির্ভাগে প্রকেশ বিলে সর্বপ্রকার নেত্ররোগ বিনষ্ট হয়। রসাঞ্জন, হরীতকী

ও বেলপাতা ধারা কিমা বচ, হরিত্র। ও ওঠী ধারা অথবা ভঙ্ঠী ও গেরিমাটি ধারা নেত্রের বহির্ভাগে লেপ দিলেও চক্ষু রোগে উপকার হয়।

ज्र्ननिधि-मायकगारेहुर्ग निष क्रिया मखनाकृष्ठि ছুইটা আধার প্রস্তুত ক্রিবে। উহা নেত্রকোবের ভূল্য পরিমাণ হওরা আবশ্যক। তৎপরে ঐ আধার মধ্যে উষ্ণ काल स्वीकृष्ठ शुक्रमण वा इक्षमश्रानाह्य व्यथह नकार्योक দ্বত পূরণ করিবে। রোগীকে বায়, রৌড ও ধৃদীশূনা গৃহে চিৎ করিয়া শরন করাইয়া নিমীলিভ নেত্রে উক্ত মাধকলার ক্বত আধার চুইটা নিস্পীড়ন করিয়া রদ मिट्य। त्महे ब्राम त्मखात्राम शर्याख निमध इहेटन आंत्र ना मित्रा (तांशीरक शीरत शीरत कक खेनी मन कतिएक वनिरव। নেত্র রক, অতিশয় ওজ, কুটিল, আবিল ও শীর্ণপক্ষ ছইলে তর্পণপ্রয়োগ করা উচিত। ইহা ছাড়া যে নেত্র শিরোৎপাত, ক্লেন্মীলন, ভিমির, कार्क्न, एक, অভিযান, অধিমন্থ, ওড়াকিপাক, অকিশোথ ও বাতবিপ-व्यामियुक रय, तिर तिखंश उर्भागत माक् जेनयुक। ভর্পের ধারণকাল ব্রুরোগে একশত মাত্রা, সন্ধিরোগে পাঁচশত, কফল রোগে ছয় শত, কুঞ্চগত রোগে সাত শত, দৃষ্টিগত রোগে আটশত, এবং অধিমন্থ ও বাতরোগে এক সহস্র মাতা। যথোক্ত সময়ের পর ঐ নেত্রতর্পণের স্নেহ ত্যাগ করিয়া সিদ্ধ যবচূর্ণ ছারা নেত্র শোধন করিবে। ইহার পরে ধুমপান ক্রিয়ায় কফবিরেচন করা উচিত। দোধাসু-সারে বিবেচনা করিয়া একদিন, তিনদিন অথবা পাঁচদিন পর্যাস্ত তর্পণক্রিয়া করা কর্ত্তবা। সমাক্রপে তর্পণ প্রযুক্ত হইলে স্থনিদ্রা, চক্ষুর নির্মালতা, দৃষ্টির পটুতা, ও নিমেব উন্মেষ প্রভৃতি ক্রিরায় নেক শঘু হয় এবং রোগ ভাগ ছইয়া থাকে। অভিরিক্ত তর্পণপ্রয়োগে চক্ষু গুরু, আবিল, অভান্ত নিমা, অঞ্পূর্ণ, কণুযুক্ত, প্রালিপ্তপ্রায় বোধ, ও স্চী-विकाय द्यमनायुक्त इस अवः मर्कामा कज् कृत्करता हीन ভর্ণনে চকুস্রাবহীন, শোথযুক্ত, রোগাধিক্যবিশিষ্ট, প্রালিপ্ত প্রায়, ক্লক, পরুষ ও আবিল বর্ণ হয় এবং রোগী কপ দর্শনে অক্স হয়। অতি তপণ বা হীনতপ্ণপ্ৰযুক্ত দোষাধিকা ছইলে যত্নের সহিত অভি তর্পণে রক্ষ ক্রিয়া, ও হীন তর্পণে ক্লিয়া কর্ত্তব্য। যেদিন অভিশয় বর্ষা বা বাভাস হয়, সেই দিনে, এবং অতি উষ্ণ বা অতি শীতকালে চিস্তাবস্থায়, ভীভাবস্থায় এবং নেত্র রোগের উপদ্রব প্রশাস্ত না ছইলে ভর্পণপ্রবোগ করা কর্তব্য নহে।

পুটপাকবিধি-निध মাংস ছই পল, अब धेर्य खरा এক

পল ও জবজব্য চারিপল এই স্কল জব্য একজ পেষণ, করিবে। তৎপর সমাক্ আলোড়ন করিয়া পুটপাকের বিধান অস্থলারে ভেরে ওাদির পত্র ছারা পরিবেউনপূর্বক পুটপাক করিবে। পুটপাক দেখা) তর্পণের নির্মের রোগীকে শরন করাইয়া এই রস দৃষ্টিমধ্যে নিক্ষেপ করিবে। ইহাকে পুটপাকবিধি বলে। নেজে তর্পণ কিছা পুটপাক প্রেরোগ করিলে রোগীকে কোন প্রকার তেজ, বায়ু, আকাশ কিছা প্র্যালোক দেখিতে দিবে না।

अञ्चनविधि--- द्वाद्यत शतिशांक इटेटन न्या अञ्चन खादात कतिरव। जानक (मार्य जाश्रम धारांग कहा छैठिक नरहा যে দ্রব্য হারা নেত্রে কার্কণ দেওয়া হয়, তাহাকে অঞ্জন বলে। এই অঞ্ন তিন প্রকার—বটিকা, রস ও চুর্ণ। তিন প্রকার অঞ্জনই ধাতুনিৰ্মিত শলাকা ছারা প্রয়োগ করা উচিত, শলাকার অভাবে অঙ্গী ছারা অঞ্ন দিতে হয়। স্লেহন; রোপণ ও শেধনভেদে অঞ্জন আবার তিন প্রকার হয়। মধুর দ্রব্য ও ক্লেহ খারা যে অঞ্জন প্রস্তুত হয়, তাহাকে স্লেহন, ক্ষার ও তিক্ত সুস্যুক্ত দ্রব্য এবং ক্লেহ বারা যে অঞ্জন প্রস্তুত হয়, ভাহাকে রোপণ এবং ডিক্ত, অমুরস ও ক্ষার ছারা যে অঞ্জন প্রস্তুত হয়, তাহাকে লেখন অঞ্জন কহে। তীক্ষালনে (বটকালনে) একটা মটর প্রমাণ বটা, त्रनाश्चरन > ही महेत्र कनारमत वामान वही अवः हुनीश्चरन ২টী মটরের সমান বটী প্রস্তুত করিতে হয়। রস্ক্রিয়ার শ্রেষ্ঠমাত্র। তিন্টা বিড়ব্দের তুল্য, মধ্যমমাত্রা ছইটা বিড়ব্দের जुना बदः शैनमाबा बक्ती विक्ष्यत ममान कता डिहिछ। ন্নেহ ও চুর্ণ অঞ্চনে চারিটা, রোপণে তিনটা এবং লেখন অঞ্চনে ছইটা শলাকা কুঞ্চিতভাবে প্রয়োগ করা কর্তবা। শলাকার অপ্রভাগ ময়ুরপাথার ন্যার বর্ত্তাকৃতি, মুখ কুঞ্চিতাকার আটআলুল দীর্ঘ ও ধাতু বা প্রস্তর দারা প্রস্তুত করা উচিত। তিফলা, গুড়বক্ ও গুড়ীর কাথ, গোমুত্র, মধু ও ছাপ ছুগ্নে সীসক ভিজাইয়া রাখিবে। পরে সেই সীসক আত্তনে গলাইয়া শলাকা প্রস্তুত করিবে। ইহাকে দৃষ্টি-ल्यमाननीमनाका यत्न। अहे मनाका बाता सक्षन श्रादान क्तिरल नकनथकात रनकरतांग विनष्टे रम। क्रक्षमधालत অধোভাগে অঞ্চন দেওয়া আবিশ্রক। হেমন্ত ও শিশির-কালে মধ্যাকে, গ্রীম ও শরৎকালে প্রাতে বা অপরাকে. वर्षाकारण स्वरहीन अपे अखिनव अक्ष ना इत अभन সমবে এবং বসস্তকালে সকল সময়ে অঞ্জন প্রয়োগ করা উচিত। পরিপ্রান্ত, রোদনকারী, ভীত, মনিরাপানে মন্ত. नवज्राकास, अभीर्थाक धवः याशांत मनम्वामित दिश छेन-

চিত ভাষার পক্ষে অঞ্জন নিবিদ্ধ। সেইনী, রোপণী, শেখনী, দ্বিদী প্রভৃতি ঔষধ নেত্ররোগে প্রবোজ্য।

(ভাৰপ্ৰকাশ মধ্যথগু ৪ ভাঃ) [ভিন্ন ভিন্ন প্ৰকার নেত্ররোগের নিদান, লক্ষণ, চিকিৎসাপ্রণালী ও ঔষধ প্রভৃতি সেই সেই শব্দে দ্রস্টবা।]

এদেশীর প্রাচীন স্বার্যাচিকিৎস্ক্রিপের মত রুরোপীয় প্রাচীন ও আধুনিক চিকিৎস্কগণ চকুর নানা প্রকার বোগের বর্ণনা করিয়াছেন, যণা হাইপারমিটোপিয়া (Hypermetropia) বা অম্পাইদৃষ্টি, মাই ওপিরা (Myopia) ৰা অদ্রদৃষ্টি, এস্থিনোপিয়া ( Asthenopia ) বা কীণদৃষ্টি, এটিগ্নাটিজন (Astigmatism) অর্থাৎ বিষম বা তির্যাক कृष्टि, हानात्म धन्ना (Presbyopia), आरक्किना (Aphakia) ৰা চকুতে মণি না থাকা, যোজকছকে রক্তাধিকা (Hyperæmia), চকুর যোজকছক্ আওরান (Conjunctivitis), চৰু উঠা (Catarrhal or muco-purulent conjunctivitis), সপুধ চকু উঠা (Purulent conjunctivitis). বোজকত্বকে মেহজ রোগ (Gonorrhæl opthalmia), লব প্রস্ত বালকের চকু উঠা (Neonatorum opthalmia). বোজকদকে অক্চাদনবোগ (Diptheritic conjunctivitis), বোজকদকে গগুমালান্তিত রোগ (Scrofulous opthalmia), বছবেরণীর নিকট ত্রণোৎপত্তি (Pustular conjunctivitis), কাজপিক রোগ (Exanthematous conjunctivitis ), খেতমগুলে খড়ি উঠা ( Zeropthalmia), অনুপন্ম (Pterygium), অৰ্জনৱোগ (Chemosis ), কালশিরা ( Ecchymosis ), যোজকত্বকে অর্কাদ ( Tumour ), नान प्राणीव ( Keratitis ), नान प्रक विन-ৰ্পিকা (Herpes of cornea), শাক ত্বক কতরোগ (Ulcers), পুৰজ শাল ছগোষ (Supurative corneitis), বহিংদরণ (Staphyloma), বাৰ্ক্কামণ্ডল (Arcus senilis), শাদা

দাপ বা অস্বছ্তা ( Opacity ), শ্বেত্মগুলরোপ ( Episcleritis ), দৃষ্টিনাশ ( Ciliary staphyloma ), তারকাম্ওল-প্ৰানাহ ( Iritis ), ভারকা ৰাহির হওয়া, বুহস্তারা (Mydriasis), কুলভারা ( Myosis ), গোলকবিপর্যার ( Nystagmus ), হিপদ্ ( Hippus ) অর্থাৎ আলোকান্ধকার ব্যতীত পর্যায়ক্রমে ভারার সঙ্কোচন ও প্রসারণ, ভারকাকম্পন (Iridodonesis), দিকাইটিদ্ (Cyclitis), ক্লমণ্ডলগত রোগ (Choroiditis Disseminata), চক্ষর সর্বাঞ্প্রান্ত ( Panopthalmitis ), হারেলাইটিস ( Hyalitis ), চকুর স্বচ্ছরদে স্বেত বা কৃষ্ণবর্ণ মক্ষিকার স্থান্ন পদার্থ দৃষ্টি ( Muscao Volitantis), মকোমা ( Glaucoma ) বা তিমির রোগ, চিত্রপত্তে রক্তাধিক্য, নানাপ্রকার চিত্রপত্তৌষ ( Retinitis ), পিগ্মেণ্টোপা (Pigmentosa) বা চিত্রপত্তের বিশ্লেষণ (Detachment of the retina), fren (Glioma) व। वानार्क, आक्रिक नायू अनार ( Optic Neuritis ), (Amaurosis and atrophy optic nerve ), দৃষ্টিহানি (Amblyopia), আন প্রতারণা ( Simulation of blindness ), রাতকাণা ( Hemeralopia ), দিনকানা ( Nyctalopia ), চিত্রপত্তে আলোকা-धिकाळान (Hyperæsthesia), आरामारक अवभाउ। (Anæsthesia), ছানি (Cataract), মণিবিচাতি (Dislocation ), ছিদর্শন ( Diplopia ), পেনীর পকাঘতে, টেরা (Strabismus), বুেকারাইটিন্ (Blepharitis) বা অক্ষি-পুটপ্রদাহ, একি দিলিয়ারিজ (Acne Cilliaris) বা উপর পাতার গাঁটা উঠা ও বর্ত্নাকার বিদর্পিকা (Herpes Zostor frontalis) এক্টোপিয়াষ্ ( Ectropium ) বা পর্যান্তাক্ষিপুট, এণ্ট্রোপিয়স্ ( Entropium ) বা বিপর্যান্তা-কিপুট, বক্রপন্ম (Trichiasis), আঞ্জনি (Hordeolum or Stye), স্ফোটক (Abscess), উপলের পাতার পকাৰাত (Ptosis), ল্যাপফ্থাৰন (Lagopthalmus) বেকারস্পাৰম্ (Blepharospasm) वा भभठकूरत्रांग, ৰা অকিপ্টাকেপ, চকুম্পন্ন ( Nictitation ), জলপড়া (Epiphora ), অশ্রগজ্বরে স্ফোটক (Dacryocystitis), কিন্চু লা ল্যাক্রিমেলিস্ (Fistula Lachrymalis ) বা অঞ্-নালী, বেুনোরিয়া (Blenorrhæa) বা অঞাপতনরোগ, অঞ্তাছির পীড়া ( Dacryo-adinitis), हारे(ড্রাফ্থাল-निया (Hydrophthalmia) वा न्यामक, এ आक्षांक्थान्-মিক্ গয়েটার (Exopthalmic goitre) বা অক্লিগোল-কের বহির্ছি, সর্কোমা (Sarcoma) বা মাংলার্জুদ, সাও-

শুকুমুত্রোগন্ধ (Albuminurica) ও উপনংশরোগন্ধ (Syphilitica) চন্দ্রোগন (চিত্রগত্তে রক্তবাব (Apoplectica)। একতির পাতা ঘ্যভিরা বাইলে, বোলকত্তক চূণ, চন্দুতে কোন প্রকার এসিড বা বাক্লানি পড়িলে, চিত্রগত্তে কোন পদার্থ বিদ্ধান্ত বা বাক্লানি পড়িলে, চিত্রগত্তে কোন পদার্থ বিদ্ধান্ত বা ব্যাক্লানি পড়িলে, বিভাগতে কোন পদার্থ বিদ্ধান্ত বা ব্যাক্লানি প্রকার প্রকার প্রকার প্রকার প্রকার পারে ধ্যারে পারে।

চকুর ভার সামগ্রী মানবের আর নাই, স্থভরাং এমন চন্দুর কোনপ্রকার রোগ ঘটলে তাহার প্রতিবিধানের চেষ্টা করা উচিত অথবা স্থচিকিৎসককে দেখান আবিশ্রক। চক্রোগ হইলে প্রথমে ভালরূপে চকুপরীকা করিতে হয়। চকু পরীক্ষা করিতে হইলে, রোগীকে এমন স্থানে রাখিবে যেন তাহার নেত্রে পরিছার আলোক তির্বাক্তাবে পতিত হয়। পরে সেই আলোক পাডার বহির্ভাগ, কিনারা, পল্প, অকি-গোলকের অবস্থা প্রভৃত্তি মন দিয়া দেখিবে, পরে নীচের ও উপরের পাতা উন্টাইয়া পাতার ঘনতা, ভিতর দিকের বর্ণ ও মস্পতা, ভক্লমণ্ডল ও চকুর বোজকক্তের বর্ণ ও ঔজ্জ্বা, পাতা ও চকুর সন্ধিস্থান, শার্ম্পকের স্বস্কৃতা, কুজতা, বৰ্ণ ৪ মহণতা, তারার স্বাভাবিক গোলাকৃতি ও সকোচণ প্রসারণ, নেত্রের কাঠিস্ত, কোমলতা, বিঘুর্ণন, অলপড়া, তারকামগুল বা রলিণচক্রের বর্ণ ও গঠন, নাসিকার দিকে নেত্রকোপের অবস্থা ইত্যাদি বিষয় চিকিৎসক निष्य मिथिया नहेरवन, शरत रतांगीत श्र्काशत आञ्चश्रिक অবস্থা ভিজ্ঞাসা করিবেন।

উপরের পাতার ভিতরদিকে পাতা ও চক্ষুর সন্ধিয়ানে বাহ্য পদার্থ দেখিতে হয়। পিচুটী, পুষ, চকুর করকরাণি ও প্রদাহ থাকিলে জানিবে যোজকত্বক্সভনীর রোগ হইরাছে। চক্ষুর কোল ও দৃষ্টিপথের কোন পীড়া হইলে দৃষ্টিহানি হয়। শাঙ্গ অক্, ভারকামগুল, অক্সিপুট ও কৃষ্ণ-মগুলের প্রদাহে চক্ষুর ভিতরে খুব বেদনা জন্মে। এই বেদনা অতি যন্ত্রণাদায়ক। চকু টিপিলে সক্ত ও বেদনা, সময়ে সময়ে मृष्टिश्नि, हक्नाम । मीभारमारकत हातिनिएक त्रावश्यत मञ রঞ্জিতমণ্ডল দেখা গেলে মকোমা বা তিমির রোগের লক্ষণ প্রকাশ পায়। যদি চকুতে বাপা না থাকে অথচ দৃষ্টি ঝাপ্সা ७ जालारक छत्र इत्र व्यवः हक्त्र अक्रमक्रम् किছू जान (प्रथाय, करव द्यांगिनाइंग्रिन् व्यर्थाए विजनद्योव ক্ষরে। এইরপ এছিনোপিয়াবা কীণদৃষ্টিরোগে ক্ষৰিককণ मृष्टित গোলধোগ ঘটে, आবার কিছুকাল বিপ্রাম করিলে সারিয়া যার। মাইওপিয়া বা অদূরভৃষ্টিরোগে ভৃত পদার্থ निक्रि कि लि लि एक एक एक मुद्दा यात्र, मृष्टि क সঙ্গে অপ্পত্ত হইরা থাকে। এইরূপ নিকট ও দ্রে অপ্পত্ত দৃষ্টি এবং কন্তের চন্মাতেও ভাল দেখা না পেলে হাইপার-মিট্রোপিরা লামক রোগ প্রকাশ পার। নিকটে দৃষ্টির ব্যাঘাত এবং দ্রে স্বাভাবিক দৃষ্টি চাল্দেরোগের লক্ষণ। ছানির পূর্বলক্ষণেও দিবাভাগে দৃষ্টি গ্রেলা, কিন্তু রাফ্রিন্কালে ও অক্ষলরে স্বাভাবিক দৃষ্টি প্রকাশ হর। কোন প্রকার সাধারণ চন্মার দৃষ্টির উন্নতি না হইলে ও অক্সকোন রোগ না থাকিলেও বদি বিবিধপ্রকার দৃষ্টি বিকার জন্মে, তাহাকে একীগ্রাটিন্ম্ বা ক্ষীণদৃষ্টিরোগ বলা যায়। চিত্রপত্র ও ক্ষমগুলগত রোগেও চন্মার কোন উপকার হর না, রোগী বড় বড় অক্ষর পড়িছে পারে না, চক্ষুর নিকট অক্সিন দেখাইলে তাহা গণিরা বলিছে পারে। বখন ভাহাও না পারে, তখন কেবল আলোক ও অক্ষারভেদজান থাকে, শেষে চক্ষ্ম জন্মর মত অক্স হর। তখন আর চিকিৎসা চলে না।

চক্র সকল অবরব বা যন্ত্র প্রালোকে দেখিতে পাওয়া বার না। সেই সকল স্থান দেখিবার জন্ত অন্নিবীকণযন্ত্র (Opthalmoscope) আনিকৃত হইরাছে। তারার সন্থীর্ণ ছিত্র দিরা অন্দিগর্ভে যে আলোক প্রবেশ করে, এই আলোকে এই অন্দিবীকণযন্ত্র সাহায্যে তথাকার অবরব সকল প্রভাক্ত করে। এই যন্ত্রের ব্যবহার ও অন্দিগর্ভের আকৃতি সমাক্ জানা না থাকিলে মাত্রিকৌষ (Meningitis), মন্তিফৌষ (Encephalitis) মন্তিকোদক (Hydrocephalus), মন্তিকৌষ (Encephalitis) মন্তিকোদক (Hydrocephalus), মন্তিকে রক্তন্রাব (Hæmorrhage), অর্ক্রুদ, অপস্থার, উন্মাদ, স্পান্দররোগ, অসম (Ataxy), সারবীরজ্বর, প্রাতন মাথাধরা রোগ প্রভৃতি মন্তিক ও সায়ুসম্বন্ধীর পীড়া সম্পূর্ণরূপে ব্রিতে পারা যার না।

অক্লিবীকণবন্ধবার চকুর পরীক্ষা করিতে হইলে একটা অক্লারগৃহ, একটা উজ্জল ও বিরশিথ আলোক ও এট্রোপিন্ আরোগে তারার প্রসারণ করা চাই। রোগীর কর্ণের নিকট ও কিছু পশ্চাতে উক্ত আলোক থাকিবে। পরীক্ষকের ও রোগীর চক্ষু আর দীপশিথা যাহাতে পৃথিবীর ন্যান্তরভাবে থাকে, একাপ করিবে। চিকিৎসক্রে চকু রোগীর চক্ষু হইতে ১৮ ইকির অধিক দুরে বেন না থাকে। পরোক্ষভাবে পরীক্ষা করিতে ক্ষর চকুর শার্ক তক্ত্ব (Cornea) হইতে দেড় ইকি দুরে ২ ইকি অধিশ্রবাপর একটা ম্যারিকাইং সাস দিয়া চকু দর্শন করিবে। আক্ষিকচক্র (Optic disk) দেখিতে হইলে রোগীর বাষ চকুর দৃষ্টি চিকিৎসক্রের কর্পের উপর রাখিবে, ইহাতে

চক্র গর্ডদেশ লোহিতবর্ণ ও তক্মধ্যস্থ চক্র গোলাকার ও ঈষং আরক্ত খেতবর্ণ দেশার। প্রত্যক্ষভাবে দেখিতে হইলে ঐ গ্লাস্থানি ধরিতে ইয় না। রোগীর চক্ষ্ হইতে দেড় বা হুই ইঞ্চিদ্রে আপন চক্ষ্ লইয়া পরীকা করিতে হয়। [নেত্র, চস্মা, ছানি, চাল্শে, জলপড়া, রাতকাণা দিনকাণা প্রভৃতি শক্ষে বিশেষ বিবরণ দ্রষ্টবা।]

হকিমী নানা গ্রন্থে চক্রোগ সম্বন্ধে ঔষধ ভক্ষণ ও চক্তে লেপনের অনেক বিধি আছে। হকিমী মতে খেত পুনর্গার পাতা একমাস খাইলে সকল প্রকার চক্রোগ আরোগ্য হয়। বিবিধ অঞ্চন ব্যবহার করিলেও চক্রোগ হয় না অথবা রোগ হইলেও শীঘ্র ভাল হয়। বোগদাদ্নিবাদী হোসেন্ জোর্জ-নির পৌত্র ইস্মাইল রচিত "তিব্ জাথিরহ" নামক বৃহৎ গ্রন্থে চক্স্ স্ক্রীয় নানারোগের চিকিৎসাপ্রণালী বিস্তৃতভাবে লিখিত আছে। [হকিমী দেখ।]

চপ ( দেশজ ) পক্ষীবিশেষ। (Scolopix Gatera)

চগ্তাই (চৰতাই), তুকীজাতির একশ্রেণী। এই শ্রেণীর তুর্কী-বংশেই ভারতীয় মোগল সমাট্গণের আদিপুরুষ বাবরের জন্ম হয়। বাবর চগ্ডাই তুকীভাষায় কথাবার্তা কহিতেন ও সেই ভাষাতেই লেখাপড়া করিতেন। তাঁহার সময়ে দিলীদরবারে ঐ ভাষাই কিছুদিন প্রচলিত ছিল। তৎপরে দ্বিধ লোক ও দ্বিধ ভাষা দেখা যায়। ত্রাণ ও পারস্যদেশীয় লোকের পারস্ভাষাবাদী দিয়ামতাবলম্বী ছিলেন, আর তুর্কীরা চণ্তাই ভাষাবাদী স্থানিমতাবলম্বী মুদলমান ছিলেন। কর্ণেল টড় তাঁহার একভানে বলিয়াছেন যে এই মধ্যে চগ্তাইজাতিই সংস্কৃত পুরাণোক্ত "শকতই" নামক শক-জাতি। এই জাতিই শেষে গ্রীকগণ কর্ত্তক স্কিথিয়ান (Scythian) নামে উক্ত হইত। তৈমুরবেগ যথন প্রবল হইয়া উঠেন, তথন (১৩৩০ খুষ্টাব্দে) চগতাই রাজ্যের পশ্চিমে 'ধস্তিকপাচক' ও দক্ষিণে জক্জর্তিদ নদীই সীমা ছিল। এই নদীতীরে গেটিক থা নামক এতদ্দেশের একজন বিখ্যাত নরপতি টমিরিদের ভায় রাজধানী ভাপন করিয়াছিলেন। কোজেন্দ, তাস্থন্দ, উট্রার, সিরোপলিস্ এবং আলেকজান্তিয়ার উত্তরবর্তী অনেকানেক নগর এই রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। ডিওছদন বলেন, ১২২২ খুটাক হইতে ১৩৬২ খুটাবের মধ্যে ট্রানসোক্সিয়ানা রাজ্যের সিংহাসনে ৩৬ জন চগ্তাই রাজা হন। ক্রমে যথন পুর্ব তুকীভানে ইহাদের প্রভাব ক্রাস হইরা আসিল, ইহাদের मर्पा अधिकांश्मेहे धर्म्ययाक्षक्छ। अवनव्य क्रिन। ১७१৮ খুঠান্দে জুলেরিয়ার কাল্যকজাতির অধিপতি খেতপর্কতে খোলাদিগকে প্রতিষ্ঠিত করেন। ইহার শতবংসর পরে ১৭৫৭ খুঠান্দে তুর্কীয়ানের অধিকাংশ চীনদিগের অধিকারে আনে, সেই সময়ে ইহাদের প্রভাব একবারে লুপ্ত হয়। ইহাদের অধিপতিগণের মধ্যে অনেকেই কবি, জ্যোতির্বিং, ঐতিহাসিক, রাজ্যশাসন প্রণালী স্থাপরিতা ও বীর ছিলেন। আনেকেই সভ্যজাতির নিকটও প্রশংসা পাইয়া আসিয়াছেন। চিগতাই থাঁ দেখ।

চগ্তাই থাঁ, স্থাসিদ্ধ মোগলবীর চলেজ থাঁর এক পুত্র।
চলেজ্থাঁর যতগুলি পুত্র, তাঁহাদের সকলের চেয়ে ইনি
ধার্মিক ও কর্মকুশল ছিলেন। চঙ্গেজ্ থাঁ ইহাকে (১২২৭
খুটাকে) ট্রান্সাক্রোনিয়া, বাল্থ, বদাক্দান ও কাশঘরের
আধিপত্য দিয়া গিয়াছিলেন বটে, কিন্তু চগ্তাই নিজে না
শাসন করিয়া সহকারীদ্বারা শাসনকার্য্য সম্পান করিতেন
এবং শিষা যেমন গুরুর নিকট থাকে, ইনিও সেইকপ জোঠ
ভাতা ওক্তাই থাঁর নিকট সর্কানই থাকিতেন। ১২৪১
খুটাকে জ্নমাসে ইহার মৃত্যু হয়। প্রাসিদ্ধ আমীর তৈম্রের প্রপৌত্রের পুত্র করাচর নবীয়ান্ ইহার সভাহ একজন
আমীর ও সেনাপতি ছিলেন।

এই চগ্তাইথাঁর বংশধর মোগল বাদশাহগণ ভারতে চগ্তাই মোগল নামে থাাত। [চগ্তাই দেথ।]

চহ্ন, ১ উত্তর ভারতে ধান্তাদি কর্ত্তনের সময় আচরিত উৎসব বিশেষ। ইহা বিভিন্ন প্রদেশে বিভিন্ন প্রথায় সম্পন্ন হইয়া থাকে। শস্য ঝাড়িয়া লইয়া পাছড়াইবার পূর্ব্বে এক ফুট উচ্চ করিয়া একটা রাশি করে, তৎপরে একজন লোক মৌন অবস্থায় এক হস্তে একথানি কুলা ও অপর হস্তে এক মুঠা (যে শস্যের রাশি করা হইয়াছে সেই) শস্যু লইয়া দক্ষিণদিক্ হইতে আরম্ভ করিয়া প্রাদক্ষিণ করিতে থাকে। প্রদক্ষিণের সময় শস্যমুষ্টি অল্ল অল্ল করিয়া ছড়াইয়া দেয় এবং শস্যারাশির তল পর্যান্ত যাহাতে বাতাস পার, এরূপ ভাবে কুলায় বাতাস দিতে থাকে। একবার প্রদক্ষিণ করিয়া ফার্সিবার সময় কুলা ও শ্বায় মৃষ্টি হাত বদলাইয়া লয় ও আরে একবার প্রদক্ষিণ করিয়া শস্তভূপের সন্মুখে অল্ল দেবতাকে প্রণাম করে। প্রণামের সময় নিম্লিথিত মন্ত্রপাঠ করে—

"অন দেওতাকী—

मर्ग खना रक्तिरा।"

নিয় ও মধ্য দোয়াবে এবং মধা প্রদেশের সাগর নামক স্থানে গোময় বা ভক্ষবারা শভ্তভূপের চারিপার্ফে একটা রেখা দিয়া বেটন ক্রিয়া লয় এবং রেখা দিবার সময় পূর্কদিক্ হইতে আরম্ভ করে এবং দক্ষিণ দিয়া খুরির। আন্মে। এই বৃত্তটি দিবার সমর খাসকক করিবা রাখে। স্কটলভের পার্কত্য ক্রেদেশেও প্রার এইরূপ প্রথা আজ্ঞও প্রচলিত আছে।

२ कार्श्वरशानि अर्डाठ -- हेरांदक ठक वा इक्षा वरन । अहे পদকে হয় "আকিবৎ বা ধয়ের বদ্" (পরিণাম উন্নতিশালী হউক) বা "ইমান্কি সেলামভি" (ভোমার ধর্মেই আমার বিশ্বাস) এই বাক্য থোদিত থাকে। তৎপরে একপ্রকার কোমল মৃত্তিকায় (বরকত কি-মাটি) ঐ ছাচের ছাপা তুলির। শভরাশির উপর ফেলিয়া দেওয়া হয়। এই শভরাশি অধিকারীদিগের মধ্যে ভাগ করিবার সময়ে পাছে বিবাদ ঘটে বলিয়া এইরূপ ধর্মের দোহাই দেওয়া হয়। শহ্ত রাশি কাহারও নিকট গচিছত রাথিবার সময় এক্রপ করে। মাটির ছাপাথানি শহারাশির একপার্মে ওঁজিয়া দেওয়া হয়, কথনও রাশির উপরে দেওয়া হয় না, বিশ্বাস যে রাশির মাথার উপর মোহর মারিয়া দিলে শস্তরাশি বাড়িবে না বা ভাহাতে আয় দিবে না। এই প্রথা ভারতের নানাম্বানে, আফ্রিকায় ও ভারতীয় দ্বীপপুঞ্জেও প্রচলিত আছে। ভারতীয় দ্বীপপুঞ্জে ইহাকে 'টাবু' আর ভারতের কোন কোন হলে 'ছতর' বলে।

চিহ্নুল্ (পুং) রাজা ললিতাদিতোর প্রধান মন্ত্রী, ভৃংথারদেশে ইহার জ্বান হয়, ইহার ল্রাতার নাম কল্পবর্ষ। মহারাজ ললিতাদিতা ইহার গুণের পরিচয় পাইয়া প্রধান মন্ত্রীপদে নিষ্ক্রকরেন। ইনি একটী বিহার নির্দাণ করিয়াছিলেন। কোন সময়ে মহারাজ ললিতাদিতা সদৈত্রে পঞ্চনদে ঘাইতেছিলেন, পথিমধ্যে জ্বুর সিল্ক্লেলম দেখিয়া কি প্রকারে পার হইবেন ভাবিয়া মন্ত্রীর নিকটে পরামর্শ জিজ্ঞাদা করেন, মন্ত্রী চন্তুণ একটী মণি জলে নিক্রেপ করিলেন, তাহার প্রভাবে জল ত্ইদিকে সরিয়া গেল, রাজা সদৈত্রে সরিৎপার হইলেন। ইহার পরে চন্তুণ অপর একটী মণিদ্বারা ঐ মণিটীকে আক্রণ করিয়া লইলেন, রাজা মণিদ্বের অলোকিক গুণ দর্শন করিয়া বিশ্বিত হইলেন, পরে মন্ত্রীর নিকটে মণিদ্বর প্রার্থনা করেন। মন্ত্রী প্রথমে দিতে বাধ্য হন নাই। রাজার

চ্ক্লি ( দেশজ ) পাণিকলাজাতীর জলজ লভাবিশেষ।

( রাজভরদিণী ৪।২১২—৬০) [ ললিভাদিভা দেশ। ]

অনুরোধে মগধদেশ হইতে আনীত একটা স্থগতম্ভি

नहेशा मिनद्देश ताकारक व्यर्भन करतम এवः त्महे मत्नाहत

জিন প্রতিমূর্ত্তি আপনার বিহারে হাপন করেন। প্রাসিদ্ধ

ঈশানচক্রভিধকের ভগিনী ইহার পদ্ধী ছিলেন।

চকুর (ফ্রী) চকতি ভাষ্যতি মনেন চক-উরচ্। ১ ধান। (ত্রিকাও ) (পুং) ২ রগ। ৩ রক্ষ। (মেদিনী) চঙ্ক্রেমণ (ফ্রী) ক্রম্যঙ্-লুট্ যঙো লুক্। ১ পুন: পুন: ভ্রমণ।

ऽञ्जूक्तम् ( क्षा ) कम् यङ्नुष्ठ् यः । मूक् । > भूनः भूनः ज्ञमः ) "न्नः हङ्क् मंगः (मव ! प्रजाः प्रःतक्षनात्र (छ।"(छात्रवे छ ।२১ ८৮)

২ অভিশার ভ্রমণ।

"হানাসনং চন্ধুমণং যানাযানাতি ভাবণং।" (হুশ্ৰত ১।১৯ মঃ) চণ্ড্ৰক্ষমা (জী) শণ, বেড়াইবার হান। (দিব্যাবদান)

**हिंदुक् युग ( पूर )** व्यवत्रहण्म।

চক্স ( আ ) চকতি ভূপ্নোতি চক অচ্নিপাতনে সাধু। ১ সুস্। ২ শোভাযুক্ত। ৩ দক্ষ। ( মেদিনী ) ( পু: ) ৪ রালা তুলের অন্তরন্ধ বিশেষ। (রাজতরন্ধিণী ৭৮৭ )

৫ (ভোটেশক) ভোটেদেশে চেলাভি এক প্ৰকান মদ্য, যব হইতে এই হুনা প্ৰস্তুত হয়।

চঙ্গদ্পিন, একজন বৌদ্ধ পণ্ডিত, চাঙ্গু নামে থাতি। ইনি সংস্কৃত ভাষায় বৈয়াকরণজীবাড়ু প্রণয়ন করেন।

চঙ্গদেব, দাকিণাতোর একজন হিন্দু সাধু, ইনি যোগভাই,
ধ্গসাধু বা ব্গব্যাস নামেও আপাত। কেহ কেহ বলেন,
ইনি বছ শতবর্ষ বাঁচিয়া ছিলেন। জনেকেই ইহাকে
বিশেষ ভক্তি শ্রুনা করিতেন। প্রায় ১৭৯৭ খুটান্দে সশিষো
ইনি শ্রীরক্ষে উপন্তিত হইয়াছিলেন, হিন্দু হইলেও টিপু
স্থলতান অতি ভক্তিভাবে ইহাদের আহ্বান করিয়াছিলেন,
কিন্তু চঙ্গদেব টিপুর আদেশ অগ্রাহ্থ করিয়া বলিয়াছিলেন,
"রাজপ্রাসাদ অপেক্ষা বৃক্ততলই তাঁহার পক্ষে উপযুক্ত শ্বান।"
চঙ্গারী [চঙ্গারী দেখ।]

চিল্পেজ খাঁ, দাধারণ ইংরাজ ঐতিহাসিকদিগের গ্রন্থে জিদি থা নামে থাতি। ইহার প্রথম নাম তেমুচীন বা তামুজীন। ওনোন নদীজীরে ১১৫৪ খুটান্দে ইহার জন্ম হয়। ইনি জাভিতে মোগল ছিলেন। ইহার পিতার নাম রেমুকী; তিনি মোগলদিগের একজন সর্দার ছিলেন। ১৩ বংসর ব্যুসে চলেজ খাঁ পিতৃপদবী লাভ করেন, কিন্তু শক্রগণের ঘড়যন্ত্রে নিজ জীবন বাঁচাইবার জন্ম তাতাররাজ অবস্থার আশ্রে গ্রহণ করেন। অবস্থাও শক্র কর্ত্ত রাজ্যল্রই হইয়াছিলেন। চলেজ থার সাহায্যে অবস্থা রাজ্যলাভ করেন এবং নিজ কন্তার সৃহিত চলেজের বিবাহ দেন। কিন্তু খণ্ডর আর দিন পরেই জামাতার প্রতি বিরক্ত হইলেন। অবস্থা চলেজের শক্রদেল মিলিত হইরা তাঁহাকে বিনাশ করিতে চেটা পাইলেন, কিন্তু চলেজ বুঝিভে পারিয়া কৌশলে সে বিপদ্ কাটাইরা উঠিলেন এবং পরে একে একে আপন শক্রকৃল জন্ম করিতে লাগিলেন। ৪৯ বংসর ব্যুসে চলেজ ক্রাপন শক্রকৃল জন্ম করিতে লাগিলেন। ৪৯ বংসর ব্যুসে চলেজ ক্রাপন শক্রকৃল জন্ম করিতে লাগিলেন। ৪৯ বংসর ব্যুসে চলেজ

ভাতারের খাঁদিগের নিক্ট হইতে 'থাকান' উপাধি পাইরা ১২০৬ খুটাবে সমগ্র তাতার রাজ্যের সম্রাট বলিরা স্বীকৃত হইলেন। কারাকুরম্নগরে চলেকের রাজধানী ছিল। ২২ বংসর কাল তিনি কোরিয়া, কাথি, চীনের কতকাংশ, এবং অসিয়ার আরও অনেকানেক দেশ কয় করিয়া গ্রীকবীর আলেকজান্তারের ন্যায় দিখিক্ষী সমাট বলিয়া ঘোষিত इत। हेनि >२. ६ शृष्टीत्य हीनाधिक्व है: ख है हहें छ आत्र छ कतिया ১२১८ थुट्टीटम हिः जु वा शिकिन शर्याख व्यक्षिकात करत्न। ১২১৯ थुट्टोट्स পশ্চিমাংশ अंग्र कतिए आत्रस्थ करत्न এবং বোলরভাগ পর্বত হইতে কাম্পীয় সাগরের তাঁর পর্যান্ত সমস্ত ভূথও স্থৰশে আনিয়াছিলেন। ইহার সেনাপতিরা আার্দ্রেনিয়া, জজিজ্যা প্রভৃতি স্থান অধিকার এবং রুষিয়ার चिषिकाः म च्यदम चानग्रन करत्रन। हर्णक था ১२১१ थृष्टीस्य থারিজম্ রাজ্যের স্থলতানের নিকট দৃত প্রেরণ করেন। স্থলতান তাহাদিগকে বিনষ্ট করেন! চন্দেল খাঁ ইহাতে অতি রুষ্ট হইয়া স্থলতানকে রাজা হইতে বিতাডিত করেন। মুলতান প্রাণভয়ে কাস্পীয় হ্রদের মধ্যবর্ত্তী এক দ্বীপে আশ্রয়-গ্রহণ করেন, সেই স্থলেই তাঁহার মৃত্যু হয়। স্থলতানের পুত্র জলালুদীন্ চলেজের সহিত যুদ্ধ করিতে করিতে জনমশঃ পূর্দ্ধাঞ্চলে পলাইতে থাকেন। শেষে গন্ধনীর নিকট সম্পূর্ণ-রূপে পরাস্ত হইয়া ভারতবর্ধে পলাইয়া আদেন। চলেজ তাঁহার পশ্চান্ধাবিত হইয়া সিন্ধুর তীর পর্যান্ত উপনীত হন। জলালুফীন রাত্রে সিন্ধু নদী সাঁতোর দিয়া অপর পারে পলা-য়ন করেন। এই সময়ে ভারতের পশ্চিমের রাজ্যগুলি এক প্রকার তাঁহার করতলগত হইয়াছিল। জলালুদীন যথন निज्राक माँ जात निया शूर्जभारत भनायन कतिराजिहानन, তথনও চলেজের সেনাদল বর্ষার বারিধারার ন্যায় তীরবৃষ্টি করিতেছিল। ক্ষত বিক্ষত হইয়াও কোনরূপে প্রাণটা লইয়া স্বতান জ্বাল দিল্লীতে দাস্বংশীয় সম্রাট আল্ডামানের আত্র লন। আলভমানের নিকট ইনি যে ভাবে সাহায্য প্রার্থনা করেন, আল্তামাদ তাহাতে স্বীকার না হওয়ায় জলাল, ঘকরগণের সহিত মিলিত হইয়া পঞ্চাবের অনেক স্থান লুঠপাট করিয়া সিদ্ধুপ্রদেশ অধিকার করেন। তদা-নীস্তন সিন্ধুর স্থলতান নসিক্দীন্ কুবাচী মূলতানে আশ্রয় লন। স্থলতান জলাল তৎপরে পারস্তের সিংহাসন অধি-কারের আশায় সিন্ধুত্যাগ করিয়া পারতে প্রস্থান করিলেন। ইতিমধ্যে চ**লেজ** থাঁ সিদ্ধুপার হইয়া মূলতান আনবরোধ করেন এবং প্রায় লক্ষ লোকের প্রাণ বিনাশ করিয়া আছার্য্য অভাবে ভারত পরিত্যাগ করিতে বাধ্য হল। তৎপরে পুনরার

চীনাভিমুবে অভিযান করেন এবং টংগুটের নিকট যুদ্ধে ১২২৭ খুটান্দে ২৯এ আগাই মৃত্যুমুবে পতিত হন। মৃত্যুকালে ইহার রাজ্য পূর্ক পশ্চিমে ২৭০০ ক্রোশ বিস্তৃত ও উত্তর দক্ষিণে ১৫০০ ক্রোশ বিস্তৃত হইয়াছিল। ইহার চারি পুত্র— জ্ঞা, ওক্তাই, চগতাই ও তুলি খাঁ পিতৃরাজ্য বিভাগ করিয়ালন। তুলিখাঁ সমাট্পদ লাভ করেন।

চচ, শঞ্জাবের রাবলপিণ্ডী জেলার আটক তহদীলের অন্তর্গত একটী জনপদ। আটক পাহাড়ের উত্তরে ও সিন্ধুনদের পূর্বকূলে অবস্থিত। এথানকার নদীথাতের মধ্যে মধ্যে ক্ষুক্ত দ্বীপমালা দৃষ্ট হয়। এথানকার জ্ঞানি বেশ উকরে। এথানকার জ্ঞানি বেশ উকরে। এথানকার চচহাজারো নামক স্থানই বাণিজ্য ও কৃষি-প্রধান। প্রবাদ এইরূপ, ওহিন্দের একজন চচত্রাহ্মণের নামাত্মনারে এই স্থানের নামকরণ হয়। ৬৪১ খৃষ্টাব্দে চচবংশীয় এক ব্যক্তি সিন্ধুপ্রদেশে ত্রাহ্মণরাজ্য স্থাপন করেন, তাহারও পূর্ব হইতে চচ জনপদের নামকরণ হইয়া থাকিবে। শিন্ধুনদতীরে এই চচ বংশের নামে অনেকগুলি নগর স্থাপিত হইয়াছিল, যথা—চচপুর, চচর, চচরা, চচি ইত্যাদি।

পূর্বে দিছুপ্রদেশে রারবংশ রাজত করিতেন, একজন চচ ব্রাহ্মণ গিয়া তাঁহার নিকট হইতে রাজ্য কাড়িয়া লন। তিনি শহরাম বা শাহরিয়ারের সমসাময়কি। কাহারও মতে ইনিই প্রথমে চতুরঙ্গ থেলা বাহির করেন।

চচবংশ ৪৭৯ খৃষ্টাক হইতে প্রায় ১৩৭ বর্ষ প্রবল প্রতাপে রাজত্ব করিয়াছিলেন। আরবীয়গণ এই বংশ উচ্ছেদ করি-বার উদ্দেশে সিন্ধুপ্রদেশে আগমন করেন। এই উপলক্ষ করিয়া ৭৫০ খৃষ্টাকে আরবী ভাষায় "চচনামা" নামক গ্রন্থ রচিত হয়, ১২১৬ খৃষ্টাকে মুহলাদ নামে এক ব্যক্তি "তারিথ-ই-হিল্-ও-দিল্" নাম দিয়া এই গ্রন্থ পার্ম্ম ভাষায় অঞ্বাদ করেন।

চচর (আঃ) চর-অন্বাছলকাং বিজং। গমনশীল।
"পতরেব চচরা চন্দ্রনিণিঙ্মনঃ" (ঋক্১০।১০৬।৮)

'हहता मक्कतरकी' (मात्रगा)

চচান, কাঠিয়াবাড়ের ঝালাবার রাজ্যের অন্তর্গত একটী ক্ষুদ্র রাজ্য। এথানে একজন দামন্ত থাকেন, তাঁহার আয় প্রায় তিন হাজার, কিন্তু গ্রমেণ্টকে ৩১৮ টাকা মাত্র কর দিতে হয়।

চচে গুলা (স্থী) চচে গুা, চলিত কথার চিচিকে বলে।
চচে গুা (স্থা) পটোললতার সদৃশ লতাবিশেষ। ইহার
ফলের গায়ে খেতবর্ণ দীর্ঘরেথা আছে। চলিত কথার
চিচিড়া বা চিচিকে বলে। প্র্যায়—বেশাকুল, খেতরালী,

বৃহৎফল। ইহার গুণ প্রায় পটোলের সদৃশ, শুক্ষ শরীর রোগীর পক্ষে বিশেষ উপকারী। ( মদনবিনোদ। ) চঞ্ (পুং) চঞ্চ-অচ্। পরিমাণ বিশেষ, পাঁচ আঙ্গুল। (শন্তার্থিটি) চঞ্চুকে ( ত্রি ) লম্ফ, ঝম্প, চঞ্চল, নড়াচড়া। চঞ্চত্রকুঠাররস ( পুং ) ঔষ্ধ বিশেষ। প্রস্তুত প্রণালী-পারা, গদ্ধক, লৌহ ও অবস্ত প্রত্যেকের ত্ইভাগ, লাজ লিফা বিষ ছয় ভাগ, শুঠ, পিপুল, মরিচ, কুড় ও দস্তী, প্রত্যেকের এক ভাগ, যবক্ষার, দৈন্ধবলবণ ও সোহাগা প্রত্যেকের পাঁচভাগ, গোস্ত বত্তিশ ভাগ এবং সিজ্জ্গ্ণ বত্তিশভাগ একতা পাক করিয়া ছুইমাধা পরিমিত বটী প্রস্তুত করিবে। ইহার নাম চঞ্ৎকুঠার-রস। স্থানবিশেষে চঞ্ৎকুঠার নামেও ইহার উল্লেখ আছে। ইহা সেবনে অর্শ বিনাশ হয়। (রসেজ্রসারসংগ্রহ, অর্শচি॰) চঞ্পুট (পুং) বাদোর তালবিশেষ। যে তালের প্রথমে ত্ইটী গুরু, তৎপরে লঘু ও প্লুত থাকে, তাহাকে চঞ্ৎপুট বলে। "তালে চঞ্চপুটে জ্ঞেরং গুরুদ্ধং লঘু প্লুতম্।"(সঙ্গীতদামোদর) চঞ্জিয়া ( দেশজ ) চঞ্চল, যে দ্বির থাকিতে পারে না। চঞ্রিন্ (পুং স্ত্রী) চংচ্ধ্যতে চর যঙ্তভা লুক ণিনি। ভ্রমর। জৌলিকে ভীপ্হয়। চঞ্রী (জৌ) চংচ্ধ্যতে চর-যঙ্-তত্থ লুক্-টক্ স্তিমাং ভীপ্। ञ्यती। "কবীবরীভরীতি চেৎ দিশং দ্রীদ্রীতিকাম্। স্থিরীচরীকরীতিচেৎ ন চঞ্চরীতি চঞ্চরী।" (উদ্ভট)

"ক্বীবরীভরীতি চেৎ দিশং দ্রীদ্রীতিকাম্। স্থিরীচরীক্রীতিচেৎ ন চঞ্চরীতি চঞ্চরী।" (উদ্ভট) চঞ্চরীক ( পুং স্ত্রী ) চর ঈক্ন নিপাতনে দাধু। ভ্রমর। চঞ্চরীকাবলী ( স্ত্রী ) ছলোবিশেষ। যে দমর্ভের প্রভ্যেক চরণে ১০টী অক্ষর থাকে এবং তাহার প্রথম, অইম ও একা-দশ অক্ষর লঘু ও তাহা ভিরু অপর স্কল অক্ষর শুরু হয়, তাহার নাম চঞ্চরীকাবলী।

"যমৌ রৌ বিখ্যাতা চঞ্জীকাবলীগং।" (বৃত্তরত্বাকরটীকা)
চঞ্চলে (পুং) চঞ্জলচ্, চঞ্চং গতিং লাভি লাক বা। >
কামুক। ২ বায়ু। (শলার্থচি॰) (ত্রি) ৩ চণল। ৪ অন্তির।
পর্য্যায়—চলন, কম্পন, কম্প, চল, লোল, চলাচল, ভরল,
পরিপ্লব, চপল, চটুল, পারিপ্লব, পরিপ্লব।
"এবং বংসার পাল্যাক্রী শোজ্যাক্রী মহাবন্ধ।

"এবং বংগান্ পালরন্তে । শোভমানে মহাবনস্।
চংচ্র্যান্তে রমস্তে সা কিশোরাবিব চঞ্চলা।" (ছরিব ৩৪।৭)
চঞ্চলা (জী) চঞ্চল-টাপ্। ১ বিছাৎ। ২ লক্ষী। (মেদিনী)
ত পিপ্লী। (শক্রছ )

চঞ্চলাক্ষী (জী) চঞ্চল অকিণী বজাঃ সমাসাস্ত-টচ্ ঙীপ্। যে জীর নয়নমূগল অভিশয় চঞ্চল। চঞ্চলাকিকা শক্ত এই অর্থে ব্যবস্ত ।

চঞ্চলাম্ম ( পু ) স্থান্ধিদ্রব্য।

চঞা(আটা) চন্চ্ অচ্-টাপ্। ১ নল নির্দিত আরোণ বিশেষ, চলিত কথার চাঁচ বলে। (মেদিনী) চঞ্চেবতি চঞা-ইবার্থে কন্-তম্ভ-লুপ্ ( লুমনুষো। পা গেখন৮) ২ তৃণনির্দিত প্রষা (মেদিনী)

চিঞ্ (পুং) চন্চ উন্। ১ এরগুরুক। (মেদিনী) ২ মৃগ।
(শক্রক) ৩ রক্ত এরও, রাক্ষা ভেরেপ্তা। ৪ ক্স্তা
চঞ্বুকা। (রাজনি॰) (স্তী) ৫ পত্রশাক বিশেষ, হিন্দীতে
চেবুনা বলে। পর্যায়—বিজলা, কলভী, চীরপত্রিকা, চঞ্ব,
চঞ্পত্র, স্থশক, কেত্রসন্তব। ইহার প্তণ— মধুর, তীক্ষা, কষায়,
মলশোধক, এবং শুকা, উদর, বিবন্ধ, অর্শ ও গ্রহণীরোগ।
নাশক। ভাবপ্রকাশের মতে ইহার শুণ—শীতল, সারক,
কৃচিকর, স্বাহ্ন, দোষ্ত্র্যনাশক, ধাতুপ্তিকর, বলকর,
প্রিত্র ও পিছিলে। (ভাবপ্রকাশ)

ইছার বীজের গুণ—কটু, উষণ, গুল্ম, শূল, উদররোগ, বিষ, ত্বগ্দোষ, কণ্ডু, থর্জুরোগ ও কুর্গনাশক। (রাজনি॰) ৬ পাথীর ঠোট।

"ভাতেশ্চাতক । পাতকং কিমপি তে সমাঙ্ন জানীমচে। যত্তেংস্মিন্ন পত্তি চঞ্পুটকে দ্বিলাং পয়োবিন্দবং॥''

(চাতকাষ্টক ৬)

চঞ্কা (স্থা) চঞ্ স্বার্থে কন্-টাপ্। পাথীর ঠোঁট। (শসরত্বাবদী)
চঞ্জৈল (ক্লী) এরগুতৈল, ভেরেগুতিল।

চঞ্পত্র (পুং) চঞ্রিব পত্রমস্ত বছরী। চঞ্শাক। (রাজনিণ)

চঞ্ভ্ৎ (পুং রা) পক্ষী। (ত্রিকাও)

চপুম্ (পুং স্ত্রী) পক্ষী। (হারাবলী)

চ্পুর (পুং) চন্চ্উরচ্। > চঞ্নামক শাক, পত্রশাক বিশেষ। (রাজনি•) (জি) ২ দক্ষ।

"বিজ্ঞাতাথিলশারার্থোলৌকিকাচারচঞ্বঃ।" (কাশীখ° ১ । ৪ ৬)
চঞ্চল (পুং) বিশ্বামিত্র মুনির একটা পুত্রের নাম। (হরিবংশ ২ ৭ আঃ)
কোন কোন স্থানে চূঞ্ল শব্দের প্রয়োগ দেখিতে
পাওয়া যায়।

চকুশাক (ক্নী) চঞ্নামকং চঞ্দদৃশং বাশাক্ষক্ত বহুবী। শাক্ৰিশেষ। [চঞ্দেখ।]

চঞ্সূচি (পুং স্ত্রী) চঞ্: স্চিরিব যস্ত বছরী। কার ওব পক্ষী, চলিত কথার খড়হাঁদ বলে। পর্যায়—স্বগৃহ, পীততুও, মরুণ, চঞ্স্চিক। স্ত্রীলিলে বিকরে ভীপ্ হয়।

চপুস্চিক (পুং ত্রী) চঞ্স্চি-স্বার্থে-কন্। চঞ্স্চি পক্ষী।
চপ্ত্রু (ত্রী) চঞ্-উঙ্ (অগ্রানিকাডে-চারজ্জাদীনামুপসংখ্যানম্।
পা ৪/১৮৬ বার্ত্তিক) ১ চঞ্শাক। (রাজনিণ) ২ পাথির ঠোট।

চঞুক (ক্লী) তৃণশাক্ষিশেষ, চলিত কথায় চেঁচুর বলে। চট্ (দেশজ ) ১ গুণ, থলিয়া। ২ শীঘ। চটই (চটক শকজ ) [চটক দেখ।]

চটক (পুং) চটতি ভিনতি ধান্তাদিকং চট কুন্। > কলবিক্ষ
পক্ষী, চলিত কথান চড়া বা চড়ুই পাণী ও হিন্দীতে গরুরৈরা
বলে। (Sparrowa,) পর্যায়—কলবিল্প, চিত্রপৃষ্ঠ, গৃহনীড়,
র্ষারণ, কামুক, নীলকণ্ঠক, কালকণ্ঠক, কামচারী, কলাবিকল। ইহার মাংসের গুণ—শীতল, লঘু, শুক্রবর্দ্ধক ও বলকারী। বহু চটকের মাংস লঘু ও পথা। (রাহ্মনিং) বাভটের
মতে চটকের মাংস কফবর্দ্ধক, স্নিগ্ধ, বাতনাশক,
শুক্রবৃদ্ধিকর, গুরু, উষ্ণ, স্নিগ্ধ ও মধুর। (বাভট স্ত্রে ৬ অঃ।)
চরকের মতে চটকের মাংস সিরিপাত ও বায়্প্রশামকারী।
(চরক স্ত্র ২৭ অঃ।) চটক শক অকাদিগণান্তর্গত বলিয়া
ভাতিবাচক হইলেও স্ত্রীলিক্ষে টাপ্ হয়। ২ কাশ্মীরবাসী
একজন কবি ও মহারাজ জ্রাপীড়ের মন্ত্রী। (রাজতরঙ্গিণী
৪০৪৯৬) (ক্লী) ও পিপ্লগীমূল। (অমরটীকা)

চটককা (স্থা) চটক-স্থার্থ-কন্টাপ্পক্ষেইদাদেশাভাবঃ
(উদীচামাতঃ ভানে যকপূর্কায়াঃ। পা ৭৩।৪৬) [চটক দেখা]
চটকা (স্থা) চটক-টাপ্। ১ চটকজাতীয় স্থা, মাদি চটক
পাথী। চটকায়া অপত্যং স্থা চটকা-এরক্, অপত্যপ্রভারত
লুক্ ভতপ্রাপ্। ২ চটকের স্থা অপত্য। (অমার) ৩ খ্যামা-প্রম্বী। (রাজনিং)

চটকামুখ (ক্লী) চটকায়া মুখমিব মুখমতা বছরী। অস্ত্রবিশেষ, প্রাচীনকালে যুদ্ধে এই অস্ত্রের ব্যবহার ছিল। ভারতযুদ্ধে ইহার উল্লেখ আছে। (ভারত ৮।৪০ আ:)

চটকাশিরস্ (পুং) চটকায়া: শির ইব ৬তং। পিপ্লীমূল। চটকিকা (জী) চটকা-স্বার্থে কন্ইদাদেশ:। (উদীচামাত: ভানে যকপুরায়া:। ৭০.৪৬) চটকা। (মুগ্রেষে)

চটন (দেশজ) রাগ, ক্রোধ।

চটা (দেশজ) > রাগী, যাধার সহজেই রাগ হয়। ২ চাঁচ। চটাচটি (দেশজ) রাগারাগি, পরস্পর পরস্পরের প্রতি রাগ প্রকাশ।

চটান ( प्लमंक ) दांशान, कांश क्यान।

চটাফল ( পুং ) नाति (कन । ( भक्तकः )

**हिं हिं** ( (तम्ब ) विष्ठ , हु छ ।।

চটিক। (জী) চটক-টাপ্ইলাদেশ:।> মাদিচটক, চটকজাতীয় জী। ২ পিপ্লীমূল।(হলাযুধ) [চটকা দেখ।]

চটিকাশিরস্ (ক্লী) চটকাদাং চটকপদ্মাঃ শির ইব আরুতি-রস্য বছত্রী। পিঞ্লীমূল। চটিকাশির (পুং) চটিকারা: শির ইব পুবোদরাদিত্বাৎ স্কার লোপে সাধু। পিপ্পলীমূল।(অমর)

চটী (দেশক) ১ চট। ২ জ্র্গম রাস্তার মধ্যক্তিত ক্স্ত্রপান্থ-নিবাস। ৩ গোড়ালীহীন জুতা।

চটু (পুং) চট্-কু। (মৃগ্যাদয় । উণ্ ১।৩৮) ১ প্রির বাক্য, চাটু। "ছারা নিজ্ঞী চটুলানসানাং।" (মাঘ ৪।৬)

সংক্ষিপ্রদারের মতে প্রিয়বাক্য বুঝাইতে চটুশক ক্লীব-লিক। (সংক্ষিপ্রদার উণাদির্ভি) ২ উদর। ৩ ব্রতীদিগের আসনবিশেষ। (মেদিনী)

চটুল ( আ ) চটুরস্তাত চটু-লচ্ ( সিগ্নাদিভ্যশ্চ। পা ৫।২।৯৭) ১ চঞ্চল, চপল। ( হেম )

"আসাতিমাঅচটুলৈ: স্থারত: স্থনেকৈ:।" ( রঘু ৯।৫৮ ) ৩ স্কার। ( উণাদিকোষ )

চটুলা ( স্বী ) চটুল-টাপ্ (অজাদ্যতষ্টাপ্ । পা ৪/১/৪) ১ বিহুং । ( জটাধর । ) ২ গায়ত্রীরূপা ভগবতী ।

"চটুলা চণ্ডিকা চিত্রা চিত্রমাল্যবিভ্ষিতা" (দেবীভাগণ ১২।৬।৪৭)
চটুল্লোলে ( তি ) চটুলশ্চাসৌ লোলশ্চেতি কর্মধাণ। নিপাতনে
সাধু:। ১ চাটুকারক। ২ চঞ্চল। ( তিকাও ) ০ স্থালর।
(উণাদিকোষ) ৪ অতিশয় চঞ্চল। ( হারাবলী )

চটুল্লোল ( ত্রি ) চটৌ চাটুবাকো উল্লোল: ৭তৎ।

[ हर्दे ह्रान (नथ । ]

চট্কান (দেশজ) মাড়ান। কচড়ান।

চট্চট্ (দেশজ) ১ অব্যক্ত শন্ধবিশেষ, শুক্ষ পদার্থ আগুনে পুড়িতে আরম্ভ করিলে চট্চট্ শন্ধ হয়। ২ আটাল, হাতে লাগিলে বাহার ঘনরস জানা যায়।

চট্টগ্রাম, একটা বিস্তৃত জনপদ, বাঙ্গালা বিভাগের অন্তর্গত। [চাটগাঁ শব্দে বিস্তৃতবিবরণ দুটব্য।]

চট্টভট্ট ভামশাসন বর্ণিত জাতিবিশেষ।

**ठ** हेल, [ ठा छे गाँ। (नथ। ]

চট্পট্ (দেশজ) ত্রা ত্রি, অতি শীঘ্র।

চট্পটিয়া (দেশজ) অফির।

**ठ** छे प्रति ( ( पणक ) थाना वि ( णव ।

চুড় (চপেট-শক্জ) ১ করতল, চাপড়। ২ নদীগর্ভ ছইতে উপ্তিন্তন জমি।

চড়ই (চটক শক্জ) চটক পক্ষী, চড়া।

চড়ক (দেশজ) তৈ অমাদের সংক্রান্তির দিনে অনুষ্ঠেয় বত-বিশেষ। স্থানবিশেষে গাজন বলে। এই দিনে শৈব প্রধান বাণ রাজা দেবাদিদেব মহাদেবের প্রীতিকামনায় বন্ধুবর্গের সহিত শিবভক্তিস্চক নৃত্যগীতাদিতে প্রমন্ত হইয়া স্থায় গাত্র ক্ষমির দিরা শিবকে জুই করেন। তদস্পান্তে শিবকক হিন্দু সম্প্রদায় ঐ দিনে শিবপ্রীতির কম্ম উক্ত উৎসব করিয়া থাকে। চৈত্র মাসে ৫। ৭ দিন থাকিতেই ঐ উৎ-স্বের আরম্ভ হয়।

বৃহদ্ধপুরাণে লিখিত আছে—.

"ঠৈতে শিৰোৎসবং কুর্যাৎ নৃত্যগীতমহোৎসবৈ:।

মারাৎ তিমন্ধাং রাজোচ হবিষ্যাশী জিতেজির:॥

শিবম্বনপতাং যাতি শিবপ্রীতিকর: পর:।

কৃত্রিয়ানিষু যো মর্ড্যো দেহং সংপীত্য ভক্তিত:॥

অখনেধকলং তক্ত জারতে চ পদে পদে।

সর্ব্বর্দ্ধপরিত্যাগী শিবোৎসবপরায়ণ:॥

ভক্তৈর্জাগরণং কুর্যাৎ রাজৌ নৃত্যকুত্হলৈ:।

নানাবিধর্মহাবাদ্যৈনু তৈয়ক বিবিধরপি ॥

নানাবেশধরেনু তৈয় প্রীয়তে শক্তর: প্রভু:।

কিমলন্ধং ভগবতি প্রসরে নীললোহিতে ॥

ভক্ষাৎ সর্বপ্রয়েন ভোষণীয়ো মহেশর:।

শভ্রাদ্যে শভ্রেহে বর্জ্যেৎ শিবসরিধী ॥

গ্রামান্বহিরিমং শভ্রেক্ত্রেং শিবসরিধী ॥

গ্রামান্বহিরিমং শভ্রেক্ত্রেং কার্যেনুদা।

উপোর্য ভ্রে সংক্রান্ত্রাং ব্রত্মেত্র স্বর্পরে:॥

উপোর্য ভ্রে সংক্রান্ত্রাং ব্রত্মেত্র স্বর্পরিয়া:॥

উপোর্য ভ্রের্ সংক্রান্ত্রাং ব্রত্মেত্র স্বর্পরিয়া:॥

উপোর্য ভ্রের্য সংক্রান্ত্রাং ব্রত্মেত্র স্বর্পরিয়া:॥

ভিনোর্য ভ্রের্য স্বর্ণা ব্রত্মেত্র স্বর্পরিয়া:॥

ভিনোর্য ভ্রের্য স্বর্গাং ব্রত্মেত্র স্বর্পরিয়া:॥

ভিনোর্য ভ্রের্য স্তর্যাং ব্রত্মেত্র স্বর্ণরা লা

(উত্তর্থও ১ আ:।)

চড়কোৎসবে স্থানভেদে প্রতিদিন শিবপূজা, শিবভজি-স্চক গান ও হরগৌরী সাজাইয়া নগর অমণ হইয়া থাকে। একথানি পরিষার ৩৪ হাত লখা তক্তায় সিন্দ্র মাথাইয়া শিবের পাট প্রস্তুত কয়া হয়। শিবপূজার ফ্লায় প্রতিদিন শিবপাটেরও পূজা কয়া হইয়া থাকে। যাহায়া শিবভজি-বিষয়ক গান ও হরগৌরী সাজিয়া নগর অমণ করে, তাহাদিগকে সয়াসী বলে। শিব ও পাট পূজা আজ্ঞা পুরোহিত দ্বায়া সম্পন্ন হয়। পূর্ম ও দক্ষিণ ভারতে প্রায় সকল স্থানে চড়ক প্রচলিত। আজ্ঞা বাতীত সকল হিন্দুই এই সয়াসী হইতে পারে। দাক্ষিণাত্যে তামিলেয়া এই উৎসবকে "চেড্ডুল" বলে।

সন্ন্যাসীরা পবিত্র ও উপৰাসী থাকিয়া এই কন্দনি শিবের আরাধনা করে। সন্ধ্যার পরে শিবের নামে ধূনা পোড়ান হয়। ধূনা পোড়াইবার মন্ত্র ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন রক্ম ও চলিত ভাষার রচিত। সন্যাসীরা ভক্তি দেখাইবার জ্ঞা শিবের সাক্ষাতে অন্ধচক্রাক্তি লোহশলাকার বা বঁটার উপন্নে ঝাঁপ দিয়া পতিত হর, ভাহাতে ঐ অন্ধচক্রের বা বঁটার আখাত বুকে লানিয়া রক্ত বাহিন্ন হন। ইহার নাম ঝাঁপ বা পাটাল। ঝাঁপ ভিন প্রকার—ক্লে আপ, কাঁটা ঝাঁণ ও

বঁটা বাগ। স্থানবিশেষে চড়কপুলার ছইদিন পুর্বো সন্থা-शीता शक्तभाषम-शर्काछ-चामत्रम चाछिनत करत, हेहारक গিরিসয়্যাস বলে। ইহার পরে মহাসমারোছে একটা আমগাছের নিকটে বাইরা অনেক মন্ত্রপাঠ ও ভক্তিসূচক গান করিয়া একটা শাখার সহিত একটা বা তভোধিক আমফল ভালিয়া আনে। কোথাও এই দিন বাণফোডা नीनवजीत श्वा रहा। हेरात नाम वानतननान। ठफ्क-পূজার পূর্বদিন রাজে থিচুড়ী ও দশ্ধ গলাল মাছ প্রভৃতি উপহারে পূজা করা হর। অর্দ্ধরাত্তে সন্ন্যাসীরা ভাষামন্ত্রে ধূনা পোড়াইরা ও মাধা ঘুরাইরা শিবের আরাধনা করে। এই সমরে इरे এक बन महााती मः आहीन रहेश भारतक कथा बनिए পাকে। অনেকের বিশাস যে শিবের আবির্ডাব বা অনুগ্রহেই সন্যাসী এরপ করিতে থাকে। সেই সময়ে ঐ ব্যক্তির মৃথে স্বরং মহাদেবই অতীত বা ভবিষ্য ওভাওভ প্রকাশ করেন। যেদিন চৈত্রমাসের সংক্রান্তি সেইদিন অতি প্রত্যু-दिहे महामभारतारह निवभूकात चार्याकन हहेए थारक। छक्ति (प्रवाहेबात अन्त महामिता लोहिनिर्मित वान बिस्तात विक करत । देशनिगरक वांगमताां नी वरन । अर्क किनिष्ठां जून সদৃশ স্থুল সরল লোহশলাকার অগ্রন্তাগে একটা ফলা করিয়া ক্রমে সরু ভাবে প্রস্তুত করিতে হর, ইহাকেই বাণ বলে। ইহার একটা লম্বায় ২১ হাত হইতে ৪।৫ হাত পর্যান্ত দেখিতে পাওয়া যায়। বাণ্দল্লাদীরা ভব্তিভরে উন্মতের ছায় নৃত্যগীত করিয়া দিন অতিবাহিত করে। বাণ্টী সেইক্রপেই জিহ্বাবিদ্ধ থাকে। সন্ধাার জ্বাবহিত পূর্বের জলে যাইয়া বাণটী थ्निया स्करन ; व्यममर्थ इटेरन मिरन । वान थ्निएक भारत । আর এক দল উভয় পার্শ্বের চর্ম্মবেধ করিয়া তলাধ্যে সূত্র বা সরু আন্ত বেত ভরিয়া রাথে। ইহাদিগকে সূত্রসন্ন্যাসী বা বেঅসল্যাদী বলে। ইহারাও সমস্ত দিন নৃত্যগীতে উন্মত্তের স্থায় থাকিয়া সন্ধাবেলায় সূত্র বা বেত খুলিয়া ফেলে। অপর मन्नागीता পृष्ठमण्डत উक्षत्र পार्ष्य विष्नी विक करत, हेहा-जिटात नाम विक्नी महाामी। हेहाता विक्नीत गाकात मिक <u></u> লাগাইয়া চড়কগাছে ঘুরিয়া থাকে। [চড়কগাছ দেখ।] ১৮৬৩ খৃষ্টাম্বের নুত্তন আইনবলে এই উৎসৰ এক রকম উঠিয়া গিয়াছে। প্রার সকল স্থানেই পুর্বের মত চড়ক-পূজার সমারোহ নাই। যেতানে আছে, তথাও কেবলমাত্র পুলাই আছে, বাণ, বড়িশী স্ত্ৰ বা বেড ভরিষার প্রথা উঠিয়া গিয়াছে।

ফরিদপুর জেলার অন্তর্গত কোটালীপাড়ে বুড়াঠাকুর নামে একটী প্রাসিদ্ধ শিবলিদ আছে, চৈত্রসংক্রান্তিতে ভাঁহার উৎসবে এখনও পূর্বের নিয়মে চড়ক হইরা থাকে। তথায় বাণ, বড়িশী, বেত্র ও ক্তা বিদ্ধ করিয়া এখনও পূর্বের নিয়মে মৃত্যকীত হয়। বিশদ্ বা উৎকট রোগাক্রান্ত হইরা অনেকেই 'বৃড়াঠাকুরের সাক্ষাতে বাণ, বড়িশী প্রভৃতি ধারণ করিব' বিলয়া মানসিক করে ও যণাসময়ে যথানিয়মে ধারণ করিয়া থাকে। ইহাজের মধ্যে ধোপা ও চঙাকের সংখ্যাই বেশী।

[ वुषांशक्त (मथ।]

শ্রীধর্মানকলে লিখিত আছে যে রাণী রঞ্জাবতী ধর্মকে সন্তুষ্ট করিবার মামনে গাজন করিয়া ধর্মের উপাসনা করেন। তাহাতে বাঁপে, ধ্নাপোড়া প্রভৃতি চড়কপূজার অনেক অক্টের উল্লেখ আছে। (ধর্মপূজা দেখ।)

চড়কগাঁছ (দেশজ ) একটা তম্ব ভাল করিয়া প্রস্তুত করিয়া তাহার মাধায় একটা ক্ষমর আল্পান্তত করিবে। এক পানি কাঠের ঠিক মধ্যে একটা ছিল্ল করিয়া এরূপ ভাবে আলে বসাইবে যেন চারিদিক্ ঘুরাইতে পারা যায়। এই দছিল কাঠধানির নাম আল্পাট। ত্তম্ভটী ভালরূপে দাঁড় করাইবে, ইহার নাম চড়কগাছ। আল্পাটের উভর অব্যে চ্ইগাছী দড়ি বাঁধিবে। চড়কে যে বড়মী-সয়্যাসীর কথা আছে, তাঁহার পৃষ্ঠবিদ্ধ বড়মী ঐ দড়িতে বাঁধিয়া ঘুরাইতে হয়। [চডক দেখ।]

চড্চডি (দেশজ) এক প্রকার ব্যঞ্জন।

"মীনী চড়চভি কুমড়াবভি।" (কবিকলণ)

চ্ডন (দেশজ) আরোহণ, উঠন।

চড়নদ†র (দেশক ও পারসীমিত্রিত) আবোহণকারী, যে চড়িয়া যায়, চলিত কথায় চড়ন্দার বলিয়া থাকে।

চ্ড়া (দেশজ) ১ কঠিন। ২ আরোহণ। ৩ খীপ, নদী প্রভৃতি
মধ্যে মাটি জমাট হইয়া যে ভূভাপ উংপন্ন হয়। ৪ চটক পাখী।

ধ মানভূমের অন্তর্গত পুরুলিয়ার নিকটবর্তী একটা প্রাচীন গ্রাম। এথানে কতকগুলি পাথরের দেবালর ও কএকটা বৃহৎ সরোবর দেখা যার। প্রবাদ আছে যে জৈন শ্রাবকেরা ঐ সকল মন্দির ও সরোবর প্রতিষ্ঠা করিয়াছিলেন। পূর্ব্বে এখানে বৃহৎ সপ্তদেউল ছিল, এখন তাহার পাঁচটা পতিত ও অপর কুইটা ভগাবস্থার রহিয়াছে। এই সকল মন্দিরে জৈনদেবমুর্তি ছিল।

চড়া কথা ( দেশক ) পরবোক্তি, ক্র্নভাবে বলা, কথায় তেজ-বিভা প্রকাশ।

চড়াচড়ি (দেশজ) হত্তত বিভার করিরা ওলারা আঘাত করার নাম চড়, যে কুজ বিয়োধ পরস্পার পরস্পারকে চড় মারিয়া বটিয়া থাকে, ভাহার নাম চড়াচড়ি। চড়াদর (দেশক) মহার্য, অধিক বৃশ্য।
চড়ান (দেশক) > বর্জিত। ২ চড় দেওরা।
চড়ানিরা (দেশক) > বে চড় দিয়া আবাত করে। ২ অধিক।
চড় চড় (দেশক) অব্যক্ত শক্বিশেষ।
চড় চড়ী (দেশক) একরকম বোলশ্ভ ব্যালন।

চড় জি (দেশল ) বৃদ্ধি, আধিকা।

চণ (পুং) চণ-অচ্। শসাবিশেষ, ছোলা। [চণক দেখ।] শব্দের উত্তর বিথাতার্থে চণ্প্রত্যয় হয়। (তেন বিত্ত শুপ্ চণপৌ। পা ৫।২।২৬।)

চপক (পুং) চণ্যতে দীয়তে চণ কুন্। > শাস্যবিশেষ, ছোলা, বুট। (Oicer akietinum) পর্যায়—ছরিমস্থক, হরিমস্থক, চণ, হরিমস্থক, ফুসদ্ধক, কৃষ্ণচঞ্ক, বালভোজ্য, রাজিভক্ষ্য, কৃষ্ণী। ইহার গুণ—মধুর, রুক্ষ, মেহ. বমি ও রক্তণিত নাশক, দীপন এবং বর্ণ, বল, রুচি ও আগ্রানকারক। কাঁচি। ছোলার গুণ—শীভল, কুচিকর, সন্তর্পণ, দাহ, ভৃষ্ণা, অশ্যরী ও শোষনাশক, ক্বায় এবং অল পরিমাণে ক্ষবর্দ্ধক। ভাজা ছোলার গুণ কুচিকর, বাতনাশক ও রক্তনোষকারী।

ইংার যুবের তাণ — মধুর, কবায় কফ, বাত, বিকার, খাস, উর্কাশ, ক্লম ও পীনসনাশক, বলকারী এবং দীপন। প্রাতে ছোলা ভিজান জলপানের তাণ— চক্রকিরণের ভায় শীতল, পিত্তরোগনাশক, সন্তর্পণ, মঞুল ও মধুর। (রাজনিণ)

ভিজা ছোলার শুণ—পিত ও কফনাশক। ইহার স্পের শুণ ক্ষোভিকর।ইহার শাক্রের শুণ—ক্চিকির, শুরুপাক, কফ ও বাতবৰ্কিক, হায় বিইন্তালনক, পিত ও দৃত্যশোথনাশক। (ভাবপ্রাণ)

ভারতের সর্ব্রেই, বিশেষতঃ উত্তর-পশ্চিম প্রদেশে ইছার আদির অধিক। তথাকার অধিবাসীরা ইছার সহিত গোধ্ম চূর্ণ মিশাইয়া থাইয়া থাকে। উক্ত প্রদেশের অখ ও গো-মেষদিগকে ইছার চূর্ণ (ছাড়ু) থাওয়ান হয়। স্পেনবাসী দরিজ লোকেরা গমের পরিবর্তে ইছা ঘারাই জীবিকা নির্বাহ করে। ব্রহ্মদেশে ইছার অতাধিক চাষ হইয়া থাকে। অপক অবস্থায় এই গাছের আসাদ অমুযুক্ত বলিয়া অমুমিত হয়। এই বীজ মধ্যে যে ক্রকটী বিভিন্ন পদার্থ দেথা যার, তাছার প্রত্যেকটীর আংশিক পরিমাণ এইরূপ;—
জল ১০.৮০, আটা ৬২.২০, যবক্ষার ১৯.৩২, তৈল ৪.৫৬ এবং মৃত্তিকাংশ ৩.১২। ২ মুনিবিশেষ।

চণকরোটিকা (জী) ছোলাচ্প ছারা প্রস্তুত রোট। ইহার গুণ—রক্ষ, শ্লেম, পিত ও রক্তনাশক, গুরু, বিইন্ত ও চকুর হিতকর।

চণকা (সী) অভদী। (Linum Usitatissimum)

চণকাত্মজ (পুং) চণকভাষ্ম ৬তং। চাণকা, বাংভাষ্ম মুনি।(হেম\*)

চণকামু (ক্নী) চণকজাতমন্ম্। চণকলবণ। ছোলার শাক দিন্ধ করিয়া এক প্রকার লবণ প্রস্তুত হয়, তাহার নাম চণ-কাম। ইহার গুণ—অতিশয় অয়, দীপন, দস্তহর্ষণ, লবণা-ফুরস, ফাচকর এবং শূল, অজীণ ও আনাহরোগনাশক। (ভাবপ্রকাশ পূর্বণ > ভাগ।)

চণকায়ক ( ক্নী ) চণকায়মেব চণক-স্বার্থে কন্। চণকায়।

"চণকায়কমত্যয়ং দীপনং দস্তহর্ণম্।" (ভাবপ্রকাশ)

চণকান্ত্রারি (ক্রী) চণকান্ত চণকলবণত বারি ৬৩৫।
কেতাহ ফলযুক চণকের পতাহিত শিশির প্রভৃতি।(শকার্থিচিং)
চণ্ডাক্র (পুং) চণশ্চণকইব জ্ম:। ক্রুগোক্র। (রাজনিং)
চণ্পত্রী (স্ত্রী) চণভা চণকদ্য গ্রামিব প্রমদ্যা: বছ্রী। কদেনী
বৃগ্। (রাজনিং)

চণশক্তু (পুং) চণগু শক্তঃ ৬তৎ। ছোলাচ্ব।

চ্ণিকা (জী) চণতি রসং দদাতি চণ-বাহলকাং কৃণ্টাপ্ অত ইত্ঞা ত্ণবিশেষ, ইহা গোকর পক্ষে অতিশয় হিতকারী। পর্যায়—গোহ্য়া, স্নীলা, ক্ষেত্রলা, হিমা। ইহার বীজের গুণ—ব্ধা, বলকর ও অতিশয় মধুর। এই তৃণ থাইলে গোকর হুধ বৃদ্ধি হয় ও শরীর হাই পুই হইয়াথাকে।(রাজনিং) চণীদ্রেম (পুং) ক্স গোক্র।

চ্ঞু (ক্লাঁ) চপ্ততে চড়ি-কোপে পচাদাচ্। ১ তীক্ষা ( শক্ষরত্বাণ)
(পুং) চণতি চণয়তি বা অম্বরসং চণ-ড (এঃমস্তাদ্ড:।
উণ্১৷১১৪) : তিস্তিড়ী বৃক্ষ। চপ্ততে কুপ্যতি চড়ি-অচ্।
৩ যমকিল্কর। ৪ একজন প্রসিদ্ধ দৈত্য। শুস্ত দৈত্যের রাজস্তকালে এই দৈত্য তাঁহারে অগ্রতম সেনাপতি পদে নিযুক্ত ছিল।
শুস্তের আদেশে সংগ্রামস্থলে যাইয়া চপ্তিকার হস্তে নিহত
হয়। ইহার ভাতার নাম মুপ্ত। (দেবীমাহাত্মা) ৫ একজন
অতি প্রাচীন বৈয়াকরণ, ইনি 'প্রাক্তলক্ষণ' রচনা ক্রেন।
(ব্রি) ৬ অভিশয় কোপন স্বভাব, অভাস্ত কোপন।

ত্রি) ৬ আতশ্য কোপন স্বভাব, অত্যস্ত কোশন।

**"চণ্ডাশ্চ** শোণ্ডাশ্চ মহাশ্নাশ্চ

চৌরাশ্চ ছ্টাশ্চ পলাশ্চ বর্জ্যাঃ।" (ভারত ৩.২৩৩।১১) ৭ তীক্ষতাবিশিষ্ট।

"নহস্থাৰ তীক্ষাংশুং চণ্ডৰায়ুস্মীরিতম্।" (ভারত ১।০২।২৩)
চণ্ডশক্টী বহুবাদিগণাস্তৰ্গত বলিয়া ইহার উত্তর বিক্রে ঙীষ্
হয়। (পুং) ৮ বৎস্প্রী নরপতির নবম পুত্র। (মার্কণ ১১৮।২)
চণ্ড, মিবারপতি লক্ষরাণার জ্যেষ্ঠ পুত্র ও একজন উলারচেতা
মহাপুক্ষ। স্থানেশামূরাগ ও অপূর্বে স্থার্থত্যাগের জান্ত তিনি
রাজস্থানের ইতিহাসে অতি প্রস্থিত।

বাল্যকাল হইতে নানা সদ্প্রণে আক্সই হইরা মিবারবাসী চণ্ডকে অতি ভালবাদিতেন, লক্ষরণাও পুত্রকে ধণেই সেহ করিতেন। রাজবাড়ের বিভিন্ন নুপতিবর্গ ইহাকে জামাতৃত্বে বরণ করিবার ইচ্ছা জানাইতেন, তাঁহাদের মধ্যে মাড়বার রাজ রণমল্ল একজন।

চতুষ্টোম (পুং) চতুরুত্তর: তোম:, মধ্যলো। ১ চতুরুত্তর ভোন। ( শুক্রবজু: ১৪।২৩) চ্ছুর্দিকু স্তুয়মানতাও। ২ বারু। "য এব চতৃষ্টোমন্তোমন্তঃ ভতুপদধাভি।'' (শতপথবা ১৮।৪।১।১৬) ৩ স্থোমবিশেষ। "সমীচীর্দিশঃ স্পৃতাশ্চত্টোমঃ" (শুক্লযজু: ৩৪।২৫।) ৪ (তি) চারিভাগে বিভক্ত স্তোমসম্বনীয়। 'পশুকামযজ্জৌ চতুটোমৌ'' ( কাজ্যাণ শ্রোতস্থ ২২।১০।.৮) চতুষ্পাশৃশ্ ( স্ত্রী ) চতুরধিকা পঞ্চাশং। ১ চতুরধিক পঞ্চাশ সংখ্যা। ২ তৎসংখ্যাঘোগ্য। ুততঃ সংখ্যা পুরণে ভট্ ইতি চকুষ্পঞ্চাশ।

চতুষ্পত্রী (জী) চম্বারি পত্রাণ্যসাঃ স্বাতিস্বাৎ ভীষ্। ১ স্থনি-ষ্ণক, সুদ্নিশাক।

्रादेशको म**म्भः भटेज+५० म्हल इंडि च्रुडः।** 

শাকো জলাহিতে দেশে চতুপাত্রীতি ভাব্যতে 🔐 (শব্দার্থিচিণ) ২ কুন্ত পাৰাণভেদী লতা। (রাজনি॰)

**चः ( ঋক্পুর্কুপ্থামানকে । পা e**।৪।৭৪ । ইত্পধ্সোতি। পা ৮।৩।৪১। ) ইতি বন্ধু। ১ বান্ধু। (ক্লী) ২ একত মিলিভ পথ চড়ুষ্টন্ন, চৌমাণা।

''मृतकान् देववङः विद्याः इष्डः मधू हङ्कलालम् ।'' ( मक् ४।०৯ ।) চতুষ্পৃথনিকেত। (স্ত্রী) কুমারের অমুচরী মাতৃকাভেদ। "চতুষ্পথনিকেতাচ গোকণা মহিবাননা।" (ভারত শল্য ৪৭অ:) চতুষ্পথরতা ( গী ) কুমারের অঞ্চরী মাতৃকাভেদ।

চতু স্পাদ (পুং স্ত্রী) চত্বারি পদানি যসা। প্রাদি কন্ত, (Quadrupeds) পশু। যাহার চারি পা আছে, প্রধানতঃ তাহাকেই চভুম্পদ বলা যায়, কিন্তু গ্ৰাণীতত্ববিদেরা এরূপ সকল बीवटकरे ठजून्नान वित्रा श्रीकांत्र करतन ना। दर प्रकत बाह्यत काक शाजा शाजिल्हे, वित्मवतः हाति शास या यह हन एम कि चाहि. शानी उच्चित्ता अक्र उज्लाही मां कर के **ठ**कुष्णम कन्त मत्था गंगा कतिष्ठाट्टन । [ स्त्रभाशी (नथ । ]

২ তির্যাগ্রূপ ঞাবকরণভেদ। কোষ্টাপ্রদীপের মতে চতু-ম্পদ করণে জন্মগ্রহণ করিলে সদাচারহীন, অতি অল ধন ও कौंग (तर इरेबा लाट्य । ७ मकतानित क्यथम।र्क, ध्यूत (भदार्क, মেষ, বৃষ ও সিংহ রাশি। (क्री) চারিচরণবিশিষ্ট পদ্য। ( ত্রি ) চারিচরণবিশিষ্ট।

"'हजूम्मेनः विभन्भाभि मर्त्तायर'' ( ভाরত ১।৯•।১১ ) ৬ রোগ নিবারণের চারিটা উপায়। স্ক শত লিখিরাছেন— বৈদ্য, রোগী, ঔষধ ও পরিচারক এই চারি পাদ চিকিৎসা কার্যোর উপবোগী। বৈদ্য গুণবান্ও অপর তিনটী উপযুক্ত গুণবিশিষ্ট হইলে মহৎ রোগও শীঘ্র ভাল হয়। যে বৈদ্য শান্তার্থপার-ननी, नृष्टेकर्मा, कार्याक्रम, नयूरुङ, छिन्, भूत, खेर्य । प्राप्त চিकिৎসার সকল উপকরণে পটু, প্রত্যুৎপর্মতি, বুদ্ধিমান, ব্যবসায়ী, ধর্ম ও সভ্যপরায়ণ, তিনিই চিকিৎসা কার্ফ্যে প্রথম পদ বলিয়া গণা। যে রোগী বৃদ্ধিমান্, আজিক, বৈদ্যের মতাহুগানী, সাধ্য ও আয়ুত্মান্, তাহাকে চিকিৎসা कार्सा विजीम शांत वना याम। (य श्वेषध अभन्य स्तर्भ উৎপন্ন, ভাল দিনে উদ্ভু মনের প্রীতিকর, গন্ধবর্ণ রসবিশিষ্ট্র, त्नायम्, प्रानिहीन, विश्वारम् याहात विकात कत्म ना अवः উপযুক্ত সময়েও উপযুক্ত মাত্রায় প্রাদম্ভ হয়, সেই ঔষধই চিকিৎসার চতুর্থ পদ বলিয়া পরিগণিত। যে পরিচারক ঠাণ্ডা, বলবান্, রোগীর প্রতি যদ্ধশীল, পরনিন্দা করে না, পরিশ্রমে কাতর নহে এবং বৈদ্যের কথা মত চলে, সেই পরিচারককেই চিকিৎসায় চতুর্থ পাদ বলা যায়।

চাৰ্তিপথ (পুং) চছার: পছানে। ব্ৰহ্মচৰ্যাদর স্বাভাষাখন্য | চতুষ্পদৈবৈকৃত (ক্লী) চতুষ্পদ ক্ষপ্ৰশ্বনাদিরণ উৎপাক্ত

ष्यह्। २ विकृ।

বিশেষ। বরাহমিহির এই উৎপাত বা বিকার সহকে এই-রূপ লিথিরাছেন---

ভির্যাক্ বোনির পরবোনিতে অভিগমন অমক্রজনক।

ট্রেল্পণ বা ব্যবহর যদি পরস্পর গুলুপান করে অপবা কুকুর

যদি বাছুরের সহিত এইরপ পান করে, তাহাও ভাল নহে।
ভাহাতে তিন মাসের মধ্যে নিংসন্দেহে পরাগমন হইরা
থাকে। গর্গ ইহার লান্তি সম্বন্ধে বলিরাছেন যে এরপ
চতুস্পদ কর ভ্যাগ, নির্কাসন বা বাজ্পকে দান করিলে শীভ্র শুভ হয়। ইহাতে বাজ্পকে ভৃত্ত করিরা অপ ও হোম
করাইবে। প্রোহিত প্রাজ্পতা মন্তে ভালীপাক ও পশুভারা ধাতাকে যজন করিবেন এবং বহু দক্ষিণা দিবেন।

( বৃহৎসংহিতা ৪৬।৫৮-৫৯ )

চতুষ্পদী (জী) চছার: পাদা যস্যা: (সংখ্যান্থপূর্জস্য। পা হায়া১৪০) ইতি অন্তলোপে, ডতঃ গ্রীপ্ (পাদোহনাতর-স্যাম্। পা রাচ্চে। হা পাদঃ পং। পা গুরু ১২০। ইতি পদা-দেশঃ) ২ চারি চরণযুক্ত পদ্য, চৌপদী, হিন্দীতে চৌপই বলে। "পদ্যং চতুষ্পদীতচ্চ বৃত্তং জাতিরিতি দ্বিধা।" (ছন্দোম॰) চতুষ্পদী (জী) চছারি পর্ণাগুদ্য গ্রীপ্। স্ম্নিশাক। (রাজনিণ) চতুষ্পাদী (জী) চত্তলো দিশঃ পাটরতি পাটি-অন্ উপ॰ স॰। নদী। (শক্ষমালা)

চতুষ্পাঠী (স্ত্রী) চতুর্ণাং বেদানাং পাঠো যত্র গৌরাদি ভীষ্। ছাত্রাধায়নস্থান, চৌপাড়ী, টোল। [টোল দেখ।]

**८ जूळ्प्रीलि ( প्**र ) ठखातः शांगद्या यम् । > विक् । (हातावनी) २ ठातिरुखविभिष्ठे ।

চতু স্পাদ্ ( তি ) চন্ধার: পাদা অসা অস্তাবোপ: স্মাণ। চারি চরণযুক্ত গোমহিষাদি। ২ চারিভাগ (ধন)।

"চতুম্পাদেতি বিপদামভিত্মরে।" (ঋক্ ১০।১১৭।৮।) '6তুম্পাচতত্রভাগধনঃ'। (সায়ণ)

চতু স্পাদ ( অি ) চারি খণ্ডে বিভক্ত।

"চিতৃপাদিং প্রাণস্ক বিজ্ঞা বিহিতিং প্রা।" ( বাজা এপ্রাণ ) ২ চতুপদ পশু কর্তৃকৈ কৃত।

"চতুষ্পাদক্কতো দোষো নাগৈহীতি প্রজন্তঃ।" (যাক্ত॰ ২।৩০১) (পুং) ২ চারিপোরা, চারিভাগ।

চতুস্তন (স্ত্রী) চথার: স্থন। যতা বাহলকাৎ ন ভীপ্। চারিস্থন-ৰুক্ত (স্থর্জি) পো। "না চহুস্থনা ভবতি চতুস্থনা হি গো:।" ( শতপথবাণ ভারাং।১৮। )

চতৃদ্রিংশ ( ত্রি ) চতৃদ্ধিংশৎ সংখ্যাপৃরণে ডট্। চৌত্রিশ। চতৃদ্ধিংশৎ ( ত্রী ) চতৃরধিকা ত্রিংশৎ। চৌত্রশ, ৩৪ সংখ্যা। চতৃদ্ধিংশক্ষাক্তক্ষ্ণ ( গুং) বৃদ্ধকো। 'চতুক্রিংশজ্জাতকজ্ঞা দশপার্মিতাধর:।' ( হেম ১।১৪৭ ) চতুস্সন (পুং) চড়ার: সনেতি শবা নামি বেবাং সন-জচ্। ক্রমপুত্র সনক, সনৎকুমার, সনজন ও সনাতন এই চারি ধ্বি। (পুং) ২ চতুর্ণাং ধর্মার্থকামমোক্ষাণাং সনঃ দাতা

শ্বাদৌ সনাৎ শ্বতপদ: স চতু:সনোহতৃৎ।" (ভাগবত ২।৭।৫ ।)
চতুস্সম (ক্নী) চন্দন, অগুরু, কত্বী ও কুল্ম এই চারি
গন্ধরা। চন্দনাগুরুকত্বী কুলুনৈস্ত চতু:সমম্।' (হেম ০।৩•৩)
চতুঃসাহ, কর্মনাশা নদীভটে অবহিত এক অতি প্রাচীন
প্রাম। পুর্বে এখানে সল্মেশ নামক লিলের এক বৃহৎ
মন্দির ছিল। সিদ্ধান্তম হইতে চারিজন বণিক্ আসিরা
চতু:সাহ প্রাম হাপন ও ভ্যাবশেষের উপর এক মন্দির
নির্মাণ করাইয়া লিল প্রতিষ্ঠা করেন। এখানে মৃত্তিকা
নির্মাত হুর্গের ভ্যাবশেষ দৃষ্ট হর। কর্মনাসার জলে এই
প্রাম ধ্বংস হইবে। (ভা ক্রমণ্ড ৫৮:৪৪-৪৮)

চতুস্ত্রক্তি ( জি ) 'চতুত্র: অক্তর: কোণাদিগ্রপা ষদ্য দ।'
( মহীধর । ) চতুদিগবচ্ছির।

"চতৃ:স্রক্তির্নাভিশ্বিসা" ( শুক্ল যজু: ৩৮।২০ )

চতুরাজী (কী) চতুরক ক্রীড়ার রাজা অপদায়ত অপর রাজাকে মারিলে চতুরাজী হয়। [চতুরক দেখা]

চভূরাত্র (ক্লী) চতক্তি: রাত্রিভির্নির্ত্ত: অণ্তত্য পুক্বা অচ্সমাস:। ১ চারি রাত্রি। ২ চারিরাত্রি সাধ্য ফজভেদ। কাত্যায়নশ্রোতক্তের মতে 'চতুরাত্রং।' (১৯০১০৪) অর্থাৎ চারিরাত্রিতে এই যজ্ঞ করিবে। ভাষ্যকার কর্কাচার্য্যের মতে "পৌর্ণমাসাং সর্বেইয়োমাভ্বরিতি" অর্থাৎ পূর্ণিমার রাত্রিতে এই সকল যজ্ঞ করিতে নাই। এই যজ্ঞে সহস্র দক্ষিণা দিতে হয়।

"চত্রাত্র: পঞ্রাত্র: বড়াত্রশেচাভন: সহ।" (অথবর্জ ১১।৭।১১) চত্তর (ক্লী) চতাতে স্বীক্রিনতে চত-মরচ্। (কুগুশুবু চতিভাঃ মরচ্। উণ্২।১২৩।) ১ স্থতিল, হোমের জন্ম সংস্কৃত

ভূভাগ। ২ গৃহের বহিরঙ্গন, উঠান। ৩ চাতাল। "গৃহস্তাং গৃহবান্ত,নি কার্য্যতাং ত্রিকচত্বরাঃ।" (হরিব॰ ১১৩ অং)

''অমুর্থ্যাত্ম সর্বাত্ম চত্ত্রেষু চ কৌরব।'' (ভারত ৩।১৫।২০) ৫ নানাদেশীর আগন্তক জনগণের বাসন্থান, মঠ।

''অভিষ্ঠং চত্তরে পতা ছারারাং নগরাত্তিঃ।''

ठात्रित्रथात भिननशान, ८ठोगाथा ११०।

( কথাসরিৎ ৬:8১ )

চত্ত্রবাসিনী (স্ত্রী) চত্ত্রে বন্ধং শীলমস্তাঃ বস-ণিনি-ঙীপ্। কার্ত্তিকেরের অন্নতরী মাতৃকাবিশেষ। (ভারত ১।৪৭ জঃ) চত্তারিংশ ( তি ) চত্তারিংশৎ পূরণার্থে ডট্। চলিশ সংখ্যার পূরক, চত্তারিংশতম।

চন্ত্রারিংশ্ (জী) চন্বারেদশতঃ পরিমাণমতাঃ বছত্রী
নিপাতনে সাধু। (পংক্তিবিংশতি অিংশচন্দ্রারংশং পঞ্চাশংষ্টিসপ্ততাশীতিনবতিশতম্। পা (i)১/৫৯) ১ সংখ্যাবিশেষ,
চল্লিশ। ২ চন্বারিংশং সংখ্যাযুক্ত।

"তেভ্যোহয়য়ঃ সমভবন্ চছারিংশক পঞ্চ।" (ভাগবত ৪।১।৬০)
চত্ত্বারিংশপ্তম ( ত্রি ) চত্তারিংশং প্রণার্থে ভমট্। ( বিংশত্যানিভ্যন্তমভ্রতরভাং। পা বাহার৬ ) চরিশ সংখ্যার পূরক,
চত্তারিংশ।

চত্বাল (পুং) চত্যতে প্রার্থ্যতে হোমার্থং চত-বালঞ্ন র্কি:।

১ হোমকুণ্ড। ২ দর্ভ, কুল। (মেদিনী) ৩ গর্জ। ৪ চাতাল।
চলির (পুং লী) চলতি দীপ্যতে শরীর প্রভাবেণ চলি বাহুলকাং কিরচ্ নিপাতনে সাধু। ১ হতী। ২ সর্প। জীলিলে
ভীষ্ হয়। ৩ চক্র। ৪ কর্পুর। (সংক্রিপ্রসাণ)

চন ( অব্য॰ ) চন-শক্ষে অচ্। ১ অসাকলা।

"অসাকলোজু চিৎচন।" (অমর) ২ মুগ্রবোধ ব্যাকরণের একটী প্রভার, বিভস্কান্ত কিম্ শব্দের উত্তর উৎপন্ন হয়।

"किम: का का किक्करनो।" ( मूधरवांशरू॰)

কোন কোন আভিধানিকের মতে সমুচ্চরার্থক চ ও ন শক্ষের সমান হইরা চন হইরা থাকে।

७ मिरवध ७ ममुक्तव ।

"বিশ্বসভাং মৰবানা বুবোরিদাপশ্চন আ মিনস্তি ব্রক্তং বাং।" ( ঋক্ ২।২৪।১২) 'চনেভ্যেতৎপদ্বয়দমূদায়ঃ ঐকপদাং দ্ধ্যাপকসাম্প্রদায়িকম্।' (সারণ।) ৪ নিবেধ।

"পূর্ব্বীশ্চন প্রাসিতয়ন্তরন্তি।" (ঋক্ ৭।৩২।১৩) চনেতি সমুদারোনেত্যর্থে বর্ত্ততে।' (সারণ।)

৫ मघ् छन्।

"মহিন্ন এবাং পিতরশ্চনে শিরে।" (ঋক্ ১০।৫৬।৪) পিতরশচন অন্নং পিতরোহপি।' (সারণ।)

চনক পাল, পালবংশীর একজন রাজা। ভোটদেশীর তারা-নাথের মতে ইনি শ্রেষ্ঠপালের পুত্র। কিন্তু পালবংশীর রাজ-গণের সমরে থোলিত কোন শিলাফলকে চনকপালের নাম দৃষ্ট হর না। [পালবংশ দেখা]

চনস্ (রী) চার-অস্থন্-তদ্য স্থাই থাতোর বস্তং চ। (চারতে ররে রুস্ক । উণ্ ৪।১৯৯) আর। "বনো দধীত নাদ্যো-গিরোমেন" (ঝক্ ২।৩৫।১) 'চনোহরং।'-(সারণ।)

চনসিত ( क्री ) চন-শংশ অচ্চনঃ সিত অবসানং যত বছবী। আমণ্ডিথের অপ্রত্যক নাম, ওপ্র নাম। "নপ্রতাক্ষারা চকীত চমসিতেতার্থতা সহ। সম্ভাবমাণো জ্ররাধিচক্ষণেতীতরৈরিতি ॥" (কর্মধুত মন্তু)

"বিচক্ষণ চনসিত্ৰতীং বাচং।" (কান্ত্যায়নশ্ৰৌক্ত গাঃ।) 'বিচক্ষণশন্ধকীং চনসিত্ৰশন্ধকীং চ বাচং ব্ৰাহ্মণাদিনামধেয়-ভূতাং বাঝাং বদেং।' (কর্ক)

ह्या (तमक) > श्रीमृख। २ (हाना।

চনার (ইংরাজেরা চুনার বলে)—উত্তরপশ্চিম প্রদেশের অস্তর্গত মির্জাপুর জেলার অন্তর্জন্তী এবং গলা নদীর দক্ষিণতীরে বিদ্ধাপিরির উপকণ্ঠ অধিভাকার অবস্থিত একটী
তহুসীল। ইহার পরিমাণফল ৫৫৮ বর্গ মাইল, তল্পধা
২৪৪ বর্গমাইল পরিমিত ভূতাপে ক্লবিকার্য হর। অবশিষ্ট
পর্জকমর অমুর্জর। ১৮৮০ খৃঃ অব্দে ইহাতে একটী
কৌলনারী আদালত ও ৭টা থানা ছিল। অক্ষাণ ২৫০
৭ ৩০ উঃ এবং দ্রাঘিণ ৮২০ ৫৫ ১ পুঃ মধ্যে চনার
সহর অবস্থিত।

চনার সহর ও ইছার মধ্যবন্তী চনার ছর্গ অতি প্রাচীন। ইহা মির্জাপুরের ২০ মাইল পুর্বের, কানীর ২৬ মাইল নৈর্পত-কোণে গলানদীর দক্ষিণভীরে অবস্থিত। ইহার অধিবাসীর সংখ্যা (১৮৯১ খৃঃ অন্দের গণনায়) ১১৪২০ জন। তন্মধ্যে হিন্দু ৮৪৫৩, মুদ্রগমান ১২৫৭৭।

চনার হর্ণের প্রকৃত নাম চরণাজিগড়। এই হর্গ বিদ্ধা-পর্মতমালার একটা শাখা পাহাড়ের উপর প্রতিষ্ঠিত। গলালোত ঐ পাহাড়ের পাদমূল ধৌত করিলা উত্তরাভিমুখে বারাণদী পর্যান্ত গিরাছে। পাহাড় প্রার উত্তরদক্ষিণে ৮০০ গল দীর্ঘ, ১১২ হইছে ৩০০ গল পর্যান্ত বিস্কৃত এবং চকু:পার্শ্বর সমতল ভূমি হইতে ৮০ হইতে ১৭৫ কিট্ উচ্চ। পড়ের চতু-র্দিকেই প্রাচীরের পরিমাণ প্রায় ২৪০০ পঞ্চ। বর্ত্তমান চুর্গের क्यिकाः महे आधुनिक ध्वरः यूननयानिहरात ब्राक्य नगरत নির্ম্মিত বলিয়া প্রতীত হয়। কিন্তু ইহার অভ্যন্তরে অতি . व्योगिन वहनश्याक हिन्मूरमवामवीत शाखत्रमधी श्रीलगृहि আছে। ভর্ত্রির স্মাধিমশির ইহার মধ্যে অবস্থিত। এই मक्न पर्मन कतिवात कछ विखत हिन्यु छीर्थवाखी अवादन আসিয়া থাকে। ইহার অভ্যন্তরে একণও প্রকাণ্ড কৃষ্ণ-বর্ণ মর্মার প্রান্তর আছে। প্রবাদ আছে যে ঐ প্রান্তরে উপবেশন করিয়া ভর্ত্রি বোগদাধনা ≂রিয়াছিলেন। ১৮৮৮ অব্দে দৈনিক বিভাগের কর্মচারীগণ এই ছর্গের দক্ষিণপশ্চিমভাগে এক শুহা আবিকার করেন, ঐ শুহয়তে निव, शार्तको ध्वर टेक्सरवस क्ष्मत बाक्समती बाकिमूर्वि भावता यात्र। ১৮১৫ मृहोस्य हेशास्त्र हेशास्त्र भगार्थात्येत

রাজকীর বজি-নিবাস ব্টরাছে। ইহা সদ্যাণি ভারতের এফটা রুর্ব বলিরা পরিচিত।

এই ছুর্গের আকার একটা প্রকাপ্ত পদ্চিক্রে স্থায়। ইহার অস্থান হইডে পদের অর্ছাংশ নবীর দিকে বিশ্বত শুল্ফভাগ তীরে শ্ববিত। এই সাদৃত হেডুই ইহার নাম চরণাত্রিপড় হইরাছে। প্রবাদ আছে বে ছাপর বুলে কোন দেব হিমালর হইতে কুমারিকার গ্রমকালে মধ্যে একবার থী ছানে পদবিক্ষেপ করেন এবং থী পদচিক্ রাখিয়া বান।



हनात्र-शक्त ।

চনার হুর্গের প্রাচীন ইতিহাস কিছুই স্পষ্ট জানা বার না। কথিত আছে বে উজ্জারনীরাজ বিক্রমানিতাের কনিঠ লাতা ভর্ত্হরি বােগমার্গাবলনী হইয়া ঐ য়ানে সাধন আরম্ভ করেন। বিক্রমানিতা ইহা অবগত হইয়া ঐ য়ান দর্শন করেন, এবং লাতার বানের নিমিত্ত বর্জমান ভর্তৃহরির মন্দির নির্দাণ করিয়া দেন। অপর প্রবাদের মতে পৃথীরাজও ঐ য়ানে হুর্গ নির্দাণ করিয়া কিছুকাল বাস করিয়াছিলেন। তাঁহার মৃত্যুর পর বৈক্রমীন নবজ্গীন ঐ য়র্গ অধিকায় করেন। ১৩৯০ সংবতে (১০৩০ খঃ অবল্প) বর্গ অধিকায় করেন। ১৩৯০ সংবতে (১০৩০ খঃ অবল্প) বর্গ অধিকায় মৃসলমানজিনেয় নিকট হইতে এই য়ুর্গ উদ্ধার করেন এবং ঐ ঘটনার অরণার্থে পূর্ব্যোক্ত প্রত্তর কলক প্রেত্ত করাইয়াছিলেন। অবশেবে মহম্মদশাহের সেনাপতি মালিক সাহেব্উন্দীনের বৃদ্ধিকৌশলে এই য়ুর্গ সম্পূর্ণরূপে মুসলমানজিনের অধিকৃত হয়।

হ্মায়্নের প্রতিষ্ণী প্রচ্ছুর সেরবাঁশ্র বিবাহস্ত্রে বররে নিকট হইতে ঐ হুর্গ লাভ করেন। ১৫৩৬ বৃঃ অফে হুমায়্ন ঐ হুর্গ আক্রমণ এবং ৬ মান অবরোধের পর উহা অধিকার করেন। তৎপরে হুমায়ুম বালালা লয়ে অগ্রসর হইলে সেরবাঁ পুমরার চলার অধিকার করিরা বসিলেন এবং হুমায়ুমের প্রভাবর্জনকালে তাঁহাকে আক্রমণ করিরা-সম্পূর্ণ-রূপে পরাজিত করেন।

১৫৭৫ খৃঃ অন্দে অকবরের সৈক্ত কর্তৃক চনার পুনর্জার মোগলাধিকত হয়। মোগলসাম্রাল্য ধ্বংলের পর চনার অবোধ্যার নবাব উলীরের হত্তগত হইরাছিল। পরে অনেক স্পারের অধিকারে আসিয়া অবশেবে প্রান্ন ১৭৫০ অন্দে কাশীরাল বলবস্ত সিংহের করতলগত হয়।

১৭৬৩ খৃঃ আলে সেনাশভি মেজর মন্রো কর্ত্ক পরিচালিত ইংরেজনৈক্ত এই ছর্গ আক্রমণ করে কিন্তু ক্লুভকার্য্য হইতে পারে নাই। বাহা হউক, ১৭৭২ খৃঃ আলে চনারছর্গ বুধারীতি ইই ইণ্ডিরা কোম্পানিকে অর্পিত হয়। ১৭৮১ লালে টৈভনিংহের বিজোহের সমর ওরারেণ্ হেটিংস্ এই ছর্গে অবস্থান করিরা বিজোহদমন করেন। এই ছর্গ এবং এখানকার জলবায়ু হেটিংসের অভিশর মনোরম ছিল। তাহার আবাসভবন আলাপি এই ছর্গের সর্বাপেকা শ্রেষ্ঠমন্দির, ভাহা ছর্গের মধ্যে সর্বোচ্ছরানে নির্ম্মিত।

চনার হুর্ম হইতে প্রায় এক মাইল খুরে নগরের দক্ষিণপশ্চিমে শাহ কালিম প্রলেমানি নামক জনৈক ধার্ম্মিক ফকিরের সমাধিমন্দির অবস্থিত। এই মন্দিরের কারুকার্যা ও
গঠনকৌশল অতি উৎকৃত্তী শিরুনৈপ্রণার পরিচায়ক।
ক্ষিত আছে, সম্রাট্ জাহালীর এই ফ্লিয়কে বধ ক্রিবার
আন্দেশ করেন, কিন্তু প্রতি বার উপাসনাকালে তাঁহার
বন্ধনশৃত্বল প্রিয়া পত্তে তানিয়া অবশেবে তাঁহাকে চনার
সূর্বে বন্ধী ক্রিয়া রাধেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার শিবা-

গণ ঐ বর্ত্তমান সমাধি নির্মাণ করেন। **অনেকে অনুমান** করেন যে এই মন্দির দেখিরাই **শাহজ্ছানের ভাজমহল**-নির্মাণের কলনা হইরাছিল।

চনার রেল গরে টেশনের দক্ষিণনৈর্ধ তকোণে প্রায় আর্ধ মাইল দ্রে হুর্গাকুণ্ড অবস্থিত। এই হুর্গাকুণ্ড হুইতে একটা অপ্রশস্ত গভীর নালা বাহির হুইয়াছে, উহাকে জীর্ণ নালা কহে। ঐ নালার উত্তরে কামাক্ষী দেবীর মন্দির প্রতিটিত। ইহার নিকট আরও একটা কুল্ল প্রাচীন মন্দির আছে। ঐ জীর্ণনালার উপর একটা কেলু আছে। ঐ সেতু পার হুইলেই পর্বত গাত্রে খোদিত তিনটা দেবসন্দির দৃষ্ট হয়। উহাদের প্রাচীরের গাত্রে নানাবিধ দেব দেবী ও পশুপক্যাদির চিত্র আছিত আছে এবং গুপ্তবংশের রাজ্ত্রকাল হুইতে আরম্ভ করিয়া আল্য পর্যান্ত সকল সমরের লিপি উহাতে দৃষ্ট হয়। তর্মধ্যে 'চক্ষ' ও 'সমুদ্র' এই হুই নাম পাশাপাশি আনেক হুলে লেখা আছে। অনেকে অনুমান করেন, ঐ লামব্র রালা চক্ষপ্তর্থ ও তদীয় পুত্র সমুদ্রগগুরের নাম হুইবে।

জীর্ণনালার আরও কিছুদ্রে "হুর্গাখো" নামক গুহা আবস্থিত। এই গুহার নিকটে প্রতিবংসর হুর্গোংসবের পর একটা মেলা হয়। এই গুহাল্টে বোধ হয় পুর্বের উহা হইতে প্রস্তর উত্তোলিত হইত, ক্রমে ইহা গুহার আকারে ও শেষে স্তন্তাদি দারা শোভিত হইয়া দেবমন্দিরে পরিণত হয়। ইহাতেও চক্রগুপ্তের সমন্ধকার প্রাচীন খোদিত লিপি দৃষ্ট হয়। সেথানকার অধিবাসীগণের বিখাস যে হুর্গাদেবী অয়ং পর্বত্গাত্রে প্রস্তরমূর্ত্তিতে আবিভূতি হন। উাহাকে দর্শন করিতে বিস্তর যাত্রী আসিয়া থাকে।

চনাশিম (দেশজ) একপ্রকার শিম।

চনিষ্ট ( অ ) চনোহন্নং লক্ষণরা তথান্ চনসাং অরবতাষতি
শরেন প্রকৃষ্ট: চনস্-ইঠন্। অরশালীগণের মধ্যে শ্রেষ্ঠ,
অরবত্তম। "অস্মে বো অস্ত স্মতিশ্চ নিষ্ঠা।" (থাক্ ৭।৫৭।৪)
'চনিষ্ঠারবত্তম।' (সারণ।)

চনোধা (ত্রি) চনোইলং দধাতি চনদ্ধা কিপ্। আরের অধি-পতি, যিনি অরপোষণ বা ধারণ করেন।

"সাবিজোহিসি চনোধাশ্চনোধা অসিচনোমরি ধেছি।" (শুরুষজু: ৮।৭) 'চনোধা অর্থা ধার্মিডা' (মহীধর।)

চনোহিত ( ি ) চনসাং অরানাং হিতঃ ৬তং। ১ আরের হিতকর। ২ নিহিতার। ''কবিরত্যোন বাজসাতার চনোহিতঃ।" (ঋক্ এ২।৭) 'চনোহিতঃ নিহিতারঃ' (সায়ণ। )

চন্দ (পুং) চলি আহ্লাদনে-ণিচ্ অচ্। ১ চক্র। ২ কর্পুর। (শব্দার্থরি°)

চল্দক (পুং) চলায়তি আহলালয়তি লোকান্ চদি-পিচ্যুল্। মংসাবিশেষ, চাঁদা মাছ। ইহার গুণ—বলকারী ও অন-ভিবালী। (রাজবল্ভ) কোন কোন পুস্তকে 'চলক' ছলে চন্দ্রক পাঠও লক্ষিত হয়। [চন্দ্রক দেখ।}

हम्म कश्रुष्ट्र (क्रो ) [ हम्पनभूष्ट्र (मथ । ]

চন্দ্রন (পুং ক্রী) চন্দরতি চনি-আফ্লাদে গিচ্লু। > খনামথাসিছ বৃক্ষ। পর্যার—গদ্ধনার, মলরক, ডন্তারী, প্রীথণ্ড,
মহার্হ, গোনীর্য, তিলপর্গ, মাজ্লা, মলনোত্তব, গদ্ধরাক,
স্থান্ধ, দর্পাবাদ, শীতল, গদ্ধাঢ়া, ভোগিবল্লভ, পাবন, শীতগদ্ধ,
তৈলপর্ণিক, ইক্সছাতি, ভদ্রশ্রিয়, হিত, হিম, পটীর, বর্ণক,
ভদ্রাশ্রর, সেবা, রৌহিণ, যামা, শীতদার।

বৈদ্যকশাস্ত্র মতে, যে চলনের আত্মাদ ভিক্তা, রস পীতবর্ণ, ছেদন করিলে রক্তবর্ণ, উপরিভাগ খেতবর্ণ এবং গ্রন্থি ও কোটরযুক্তা, সেই চলন উৎকৃষ্ট। ইহার গুণ—শীতবীর্যা, কৃক্ষা, ভিক্তরসা, আহলাদজনকা, স্বযু এবং প্রান্তি, শোষ, বিষ, প্রেল্লা, ভৃষ্ণা, পিত্ত, রক্তদোষ ও দাহবিনাশক।

রস্কচন্দনের গুণ—শীতবীর্ষ্য, গুরু, তিব্রু, মধুর রস, চকুর হিতকর, শুক্রবর্দ্ধক এবং বমি, তৃষ্ণা, রক্তপিত্ত, জ্বর, ত্রণ ও বিধনাশক। পীতচন্দনের গুণ রক্তচন্দনের সমান, ব্যঙ্গ ও মুধ্রোগনাশক। (ভাবপ্রাকাশ পূর্বণ ১ ভাগ)

চন্দনকে পারতে সন্দল \*, আরবে সন্দল আবিয়াজ, তিবতে চন্দন, তৈলকে চন্দনপু, কর্ণাটে প্রীপঞ্চ, সিংহলে সন্দন, ত্রক্ষে কর-মাই বা সন্দকু, চীনে পে-চেন্তন্বা তন্মুহ, কোচীন চীনে কয়্রদন, জাপানে সন্দন, ইতালী স্পেন ও পর্কুগালে সন্দলো (Sandalo), জর্মনীতে Sandel holz, ফ্রান্সে Sandale, Santal, হলওে Sandel houf, ডেন্মার্কে Sandeltræ, রুষে Sandaloe dereos, স্থইডেনে Sandel trad, ইংরাজীতে Sandal-wood.

ভারতবর্ষে ও সিংহলে ছোট ছোট চন্দনগাছ অংশ. ভাহার বৈজ্ঞানিক নাম Santalum album, এই নাম হইতে পৃথিবীয় ভিন্ন ভিন্ন চন্দনবৃক্ষকে Santalaceæ শ্রেণী-ভুক্ত করা হইয়াছে।

আর এক জাতীয় গাছ (Myoporum tenuifolium), তাহা এক একটী উচ্চে ১০ হাত হইতে ১৫ হাত পর্যন্ত বড় হয়, ইহাকে ক্লবিম চন্দন (Spurious sandal-wood) বলে, ইহা যত বড় হইতে থাকে, ইহার স্থগন্ধিকাঠ ততই পীত হইতে রক্তবর্ণে পরিণত হয়। পার্দি, আপ্টার্ট, পাম প্রভৃতি

. + সংস্কৃত চন্দন শব্দ হইতে পার্থী সন্দল ও সন্দল হইতে হুরোপীর স্যাথাল (Sandal) শব্দের উৎপত্তি হইয়াছে। দীপেও একপ্রকার (Exocarpus latifolia) কৃত্রিষ চন্দন গাছ দেখা বার। ভারতে গোবরটাপা ভাতীর (Plumeria alba) একপ্রকার গাছের কাঠও আসল চন্দনকাঠের সহিত মিপ্রিভ হইরা বাজারে চন্দন বলিয়া বিক্রীত হর।

ভারতের খাঁটা চন্দনের ভার সাগুউইচ বীপেও হুই ভাতীয় চন্দনগাছ (Sanbalum Freycinetianum and S. paniculatum) দেখা যার। পূর্বেদনিশসাগরীর বীপ-প্রেও যথেষ্ট (S. Freycinetianum) চন্দনগাছ জন্মিত, কিন্ত অধিবাসীদের উৎপাতে সেধানকার চন্দনবৃক্ষগুলি সমূলে উৎপাতিত হইরাছে।

ভারতবর্ষে বোঘাই, কোইবাতুর, কোড়গ, গঞ্জাম্, পশ্চিম ঘাট, কাশ্মীর, কোলমলর, কটকের নলতিগিরি, মাল্রাজ, মেলগিরি, মের্কারা, মহিন্থর, নীলগিরি, প্রমালর, পল্নী পাহাড়, সালেম, সাভারা, সিদ্ধপুর, বাবাব্দন প্রভৃতি স্থানে চলন গাছ জ্লো।

জাঞ্জিবর হইতে বো**ষাইরে "ল্বা" নামে একপ্রকার** খেত্রন্দন আসে, ভাহা মহিসুরের চন্দনের স্থার ব্যবস্ত হয়।

মহিন্দ্রের রাজার যত্নে তথাকার চন্দনগাছ রক্ষিত
হয় ও তথায় ৭টা চন্দনের আবাদ আছে। এথানকার
চন্দন অতি উৎকৃষ্ট। চন্দন হইডেই মহিন্দ্ররাজের
প্রায় তিন লক্ষ টাকা আয়। সেধানে উৎকৃষ্ট চন্দন
২০ ইইতে ২৫ টাকায় মণ বিক্রের হইয়া থাকে। চন্দন
গাছের প্রতিষ্ঠ বধন ৯।১০ ইঞ্চি মোটা হয়, সেই সম্র গাছ
হইতে কাঠ সংবাহ করে। তৎপরে ইহার ছাল ছাড়াইয়া দেড়মাদ বা ত্ইমাদ মাটির মধ্যে পুতিরা রাথে।
এই সময়ে ঘুণ লাগিয়া উপরের সমস্ত কাঠ ক্রিয়া ফেলে,
তথন কেবল মধ্যের সায়যুক্ত কাঠ অবলিষ্ট থাকে।

বাজারে সচরাচর ছই প্রকার চলন দেখা যায়, এক প্রকার খেত চলন ও অপর পীতাভ রক্তেদলন। কিন্তু উভয় চলনই এক গাছ হইতে পাওয়া যায়, সারকাঠের বর্হিভাগে খেত ও অন্তর্ভাগে রক্তচলন থাকে।

চন্দনকাঠের স্থান্ধ গোলাবের ভার, তীত্র হইলেও আণ-যোগ্য, ইহার আত্মাদ কিছু কটু। ইহার মধ্যে তৈলাক্ত পদার্থ আছে, তাহাতেই মিট গন্ধ থাকে। ঐ তৈল জল অংশকা ভারি ও সহজেই গাঢ় করা যায়। অন্তদারের মধ্যে ইহার বর্ণ যতই গাঢ়রজ্ঞাভ দেথায়, ততই তাহাতে ভাল গন্ধ থাকে।

য়ুরোপে ও ভারতে চন্দনের স্থান্ধিতৈলের যথেষ্ট আদর।
আত্র ও গোলাব প্রস্তুতকারীগণ যথেষ্ট চন্দনতৈল ব্যবহার
করে। [গোলাব দেখ।] এদেশে চন্দনতৈল গোলাবী

আভরের প্রধান উপকরণ। ইহার হংগন্ধ আছে ব্রিয়া চীনেরা থাইতে বড় ভালবালে। চীনে ফিজি ও তিমর্থীপ হইতে প্রতিবর্ষে সক্ষাধিক টাকার চলন আমদানী হয়।

চন্দনকাঠে পোকা ধরে না, তজ্জন্ত ইহাতে সকল প্রকার আস্বাব প্রস্তুত হইরা থাকে। পূর্ককালে হিন্দুরাজগণ চন্দন কাঠে সিংহাসন, নানাবিধ অলঙ্কার, চতুর্দ্দোল, দেবদেবীমূর্জি, বিলাসম্ভবনের ও দেবমন্দিরের হারাদি প্রস্তুত করাইতেন। এখনও ভারতে আহ্মদাবাদের চন্দনকাঠের উপর খোদাই কার্য্য জগতে বিখ্যাত। ভারতে সর্ব্যত্ত চন্দনের আদর আছে। মৈনপুরীর ভারকাশী নামক চন্দনের অলঙ্কারও প্রশংসার জিনিস। ভারতে ও চীনদেশে দেবমন্দিরে যথেই চন্দনের ব্যবহার আছে। হিন্দুগণ চন্দনকাঠে শবদাহ করিয়া থাকেন। ইহার ছালে বেশ লাল রঙ্হয়, কিন্তুতাহা শীঘ্রই নই হইরা যায়।

ভারত হইতে প্রতিবর্ষে ৫।৬ লক্ষ টাকার চলন বিদেশে রপ্রানী হইরা থাকে।

(क्नो) २ রক্ত চলন। (মেদিনী) (পুং) ৩ বানরবিশেষ। (ছেম॰) (ক্নী) চল্যতে আফ্লাদ্যতে হনেন চদি-ণিচ্-ল্যুট্। ৪ ভক্ত কালী। (মেদিনী)

চন্দন, ভগলপুর জেলার অন্তর্গত একটা নদী। ইহা দেবগড়ের সিরিহিত পাহাড় হইতে উৎপর হইয়া বহু সংথাক
উপনদীর সহিত মিলিতে মিলিতে উত্তরাভিমুথে প্রবাহিত
ইইয়াছে। অবশেষে নানা শাখার বিভক্ত ইইয়া ভগলপুরের
নিকট গলার সহিত মিলিত হইয়াছে। তথার ইহার সর্কাপেক্ষা প্রশন্ত শাখার বিস্তার ১৫০০ ফিটের অধিক নহে।
বর্ধাকাল ব্যতীত অন্ত সময়ে উহা জনশ্লু ও বালুকাময়
থাকে, কিন্তু বর্ধাকালে সহসা ভীষণবেগে প্রবল বল্লায়
প্রবাহিত হইয়া তীরস্থ জনপদের সমূহ ক্ষতি করে। এই
অত্কিত অনিষ্ট নিবারণার্থ উভয়তীরে বাধ প্রস্তুত ইইয়াছে।
চন্দনক (পুং) চন্দন সংজ্ঞার্থে কন্। ২ মৃচ্ছকটিক বর্ণিত এক
জন রাজভ্তা। [চারুদন্ত দেখ।] স্বার্থে কন্। ২ চন্দন।
চন্দনকারী, পঞ্চুটের অন্তর্গত ও টাকা গ্রামের ছই কোশ
পুর্বেষ্ক স্বস্থিত একটী প্রাচীন গ্রাম। (দেশাবলী)

চন্দনগিরি (পুং) চন্দনস্য গিরিঃ ৬তং। মলয়াচল, এই পর্বতে অধিক চন্দন গাছ উৎপদ্ধ হয় বলিয়া এই নাম হইন্য়াছে। [মলয় দেখ।] পূর্বকালে অনেকেরই বিশ্বাস ছিল যে মলয়াচল ভিয় অপর কোথাও চন্দন জন্মেনা, এই কায়ণেই পঞ্জন্ম প্রেণ্ডা বিফুশর্মা লিখিয়াছেন যে—

"বিনামলয়মকুতা চলনং নথারোহতি।" (পঞ্জজ ১।৪৭)

চন্দনগোপী (জী) চন্দনমপি গোপায়তি গুণ্-অণ্ উপপদ্দ ডভ: ব্রিয়াং গ্রীপ্। শারিবা বিশেষ। (রাফনিং)

চন্দ্রনাস (পুং) একজন শ্রেষ্ঠা, কুস্থ শুর সহরে ইহার বাস ছিল। নন্দ্রন্ধী রাক্ষ্য নগর পরিত্যাগ করিবার সময়ে ইহার গৃহে স্থীয় পরিবারবর্গ রাখিয়া যান। চাণক্য জানিতে পারিয়া রাক্ষ্যের পরিবারবর্গকে বাহির করিয়া দিতে অমুমতি করেন। চন্দ্রনাস ভাহাতে সম্মত হইলেন না। পরিশেষে চন্দ্রনাসকে শ্লে দিবার আদেশ হইল, চন্দ্রনাস ভাহাতেও রাক্ষ্য-পরিবার বাহির করিয়া দিলেন না, নির্ভীক্চিত্তে বধাস্থানে উপস্থিত হইলেন। পরে রাক্ষ্য আদিয়া ভাহার প্রাণরক্ষা করেন। (মুদ্রারাক্ষ্য)

চন্দনধেকু (স্ত্রী) চলনেনান্ধিতা ধেকু: মধ্যলোং। পতি-পুত্রবতী নারীর মৃত্যু হইলে তাহার উদ্দেশে ব্রেণংসর্গ না করিয়া বংসের সহিত চল্দনান্ধিত ধেকু দান করা পুত্রের পক্ষে কর্ত্তব্য, এই চল্দনান্ধিত ধেকুকে চল্দনধেকু বলে (১)।

বলিটের মতে পিতা জীবিত থাকিতে পুত্র ব্বোৎসর্গ করিতে পারে না, অতএব পিতা বর্ত্তমানে জননীর মৃত্যু হইলে তাঁহার স্বর্গকামনার আচার্য্য ব্রাহ্মণকে চল্লনধেষ্ট্র দান করিবে। ইহাতেও যজ্ঞবৃক্ষের কাঠে চারি হাত একটা বুপ করিতে হয়। বৃপটা বর্ত্ত লাকার দেখিতে স্কল্মর ও হুল করিবে এবং বৃপের উপরে একটা ধেরুর মূর্ত্তি প্রস্তুত্ত করা উচিত। কলিকালে বিল্ল ও বকুল যুপ প্রশাস্ত, ইহার অভাবে বহুণবৃক্ষেও যুপ করিতে পারা যায়। তহুণবৃদ্ধরা, রূপবতী, স্থালা ও পয়স্থিনী ধেরু দান করা উচিত। অস্তায়-হ্মণে বে ধেরুটার সংগ্রহ করা হয়, তাহা দান করা উচিত নহে, স্তায়ার্জিত অথবা গৃহজাত ধেরু দান করা কর্ত্তা। নদীতীর, বন, গোর্চ, দেবারতন, ব্রীহিক্ষেত্র, কুশক্ষেত্র, রাজ্বার বা চতুপথ ধেরুদানে প্রশাস্ত (২)। চন্দনধেরুদানের কল

ব্বোৎসর্গের সমান। [ব্বোৎসর্গ দেখা] ইহাতেও মৃত ব্যক্তির প্রেডড পরিহার ও অর্গপ্রাপ্তি হইরা থাকে।

শক্ষিত হয়। চক্রশেশর বাচম্পতির মতে যে নারীর মৃত্যুকালে স্বামী ও পুত্র জীবিত থাকে, ভাহার উদ্দেশেই চন্দ্র-ধেছু দান করিবে। কিন্তু মৃত্যুকালে পতি বা পুত্রের অভাব थाकिल छोडांत्र উष्फ्रांस हन्त्रनाथ्य मान कतिरव ना, वृरवार-সর্গই করিবে (৩)। কোন স্বভিসংগ্রহকারের মতে মূলবচনে "পতিপুত্রবতী নারী মিয়তে ভর্রগ্রতঃ।" এইরূপ নির্দেশ থাকায় এবং "অপুষ্পিত। মৃতা কাচিৎ ভদ্যা ধেছ বিগিহিতা।" এই কপিশ বচনে অপুলিপতা মৃতনারীর উদ্দেশে চন্দনধেত্ব-দানের নিষেধ আছে বলিয়া গর্ভলাতপুত্র না থাকিলে সপত্নী পুত্তের পক্ষে পিতার বর্ত্তমানাবস্থার মৃত বিমাতার फेक्स्प व्यन्तरभञ्च मान कता छैविछ। व्यस्तथत व्यन्तक যুক্তি ও শান্তীর প্রমাণ ছারা ঐ মতের থওন করিয়াছেন। তাঁহার মতে গর্জনাত পুত্রই চন্দনধেত্ব দান করিবার অধিকারী। ছই বা তভোধিক পুত্র থাকিলে জ্যেষ্ঠ পুতर इन्मन एक मान कतिरव। कनिर्छत भरक वृश्वादमर्ग क्त्रा कर्खवा। এই প্রকরণে ছই পুত্রের মধ্যে প্রথমকে, जिन পুजित मार्था अथम इहे सनाक, हात भूज शांकित প্রথম তিন জনকে এবং পাঁচ পুত্র হলেও প্রথম তিন পুত্রকে জ্যেষ্ঠ পুত্র বলিয়া গ্রহণ করা হয়। জ্যেষ্টের পক্ষেই ठन्तनरसङ्गात्नत विधान चार्ट्स (8) ।

স্বর্ণপুল, রোপাক্সর, কাংভোদর, তাদ্রপৃষ্ঠ, ঘণ্টা ও চামর বারা পরিশোভিতা, স্থশীলা ধেমুকে বস্তাচ্চাদিত করিয়া

( इन्नर्ध्यूमानविधि )

<sup>(&</sup>gt;) "ভাষদভর্তু বা দারী পুত্রিণাজিয়তে বছি।
সবৎসামিকিতাং ধেনুমাচার্য্যার প্রকল্পরেং।" (দেবল)
"পতিপুত্রবতী দারী জিয়তে ভর্তু রপ্রত:।
চন্দনেনাজিতাং ধেনুং ভন্তাঃ স্বর্গার কল্পরেং।" (আহ্মণসর্ক্ষর)
(২) "ন বৃক্তন্ত বৃংবাংসর্গো বাবংপিকরি জীবভি।
চন্দনেনাজিতাং ধেনুমাচার্য্যার প্রদাপরেং।
চত্ত্তো ভবেদ্ব্রেণা ব্লাকুক্সস্কুর:।
বর্জ বংশোভনং খুলং কর্ত্রো ধেনুমোলিক:।
বিষয়ে বক্লভেব কলে) যুগঃ প্রশান্ততে।
ভাবারে বক্লেণাপি যুগং ক্র্যাহিধানত:।
ভক্তী রূপসন্ধার স্বীলাচ প্রবিনী।"

<sup>(</sup>৩) "নচ অপুপিতা মৃতা কাচিং তসা ধেমুর্বিসর্হিত।। ইতি কপিনবচনে অপ্পিতারাঃ প্রকর্ত্কধেন্ৎসর্গনিবেধস্যাপ্রসক্তরা সপত্নীপ্রকর্ত্কধেন্ৎসর্গনিবেধপ্রাপ্তেট তদ্দৃট্যা পতিপুত্রবভীত্যাস্য সপত্নীপ্রবতীপরত্বমবশ্যং বাচাং তদেকবাক্যতরা পুত্রিশীত্যাদাবণি তথাত্মিতি বাচাং।
অপুপিতেতি কণিলার্ছন্য প্রস্থিত্যাদাবণি তথাত্মিতি বাচাং।
অপুপিতেতি কণিলার্ছন্য প্রস্থিত্যাক্ষকতার্থং। পতিপুত্রবন্ধিক্রক্ষরারা
ধেন্ৎসর্গনিবেধার্থত্বং পত্যাং সভ্যাং লক্ষণারা বীলাভাবাৎ। প্রতিবাদিবন্ধ্বংস্থাগভাবরোরণি অভ্যন্তাভাবিরোধিত্মতে তু অলাতপুপা
রীপরত্বং বা ভবতু। তথাত্বংগি তস্যা ধেক্ষিগতিতে অপ্রস্তার্থণি
অপুপিতা ধেক্ষাননিক্ষণতিপুত্রবত্যাক্ষসব্যেক্ষানভ্তিপরা।'

<sup>(</sup>३) "मगाम् (पस्र्रह्राजाकार्धः कित्रिवंत्वव्रश्राह्म । चत्ताः त्मामत्रवादत्का कर्तराह्माकेः व्यथामकः । व्यथागाः (वो मृत्को (मार्का हर्जुगाः ह व्यवः मृकाः । भगानाः त्मामत्रामाकं व्यवाद्याकाः व्यक्तिक्वाः । व्याद्वित्तेत्रक् कर्वताः (पस्यानः विधानकः ।" (हम्मन्यव्यक्ताविवि)

ভাहान कर्न व्यवालित माना निर्दा अस्मिक हक्कन बाता काकिल कतिया प्रवारमर्गन नियाय काराया वाकागरक नान कतिद्य। हेरात्र नाम इन्तन्द्यम् । "मानद्याक" हेणानि ७ "ব্যোজানি" ইত্যাদি মন্ত্র পড়িয়া ধেলুর স্ক্থিদেশে ত্রিশুল ও চক্রচিক্ত করিবে। পরে ধেরুটীকে উত্তরসুধী করিয়া #াভ করাইবে এবং যজমাল পুর্বসূথ হইরা বসিরা ধেতুর মগুক প্রভৃতি অলে পূজা করিবে। পূজা করিবার মন্ত্র বধা--चत्रक "७° बकारण नमः।" गर्नाटि "७° व्यवश्यकात्र नमः।" উভয় কর্ণে "ওঁ অংখিনীকুমারাজ্যাং নমঃ।" উভয় নেত্রে "अं मिलाकताकाः नमः।" किस्ताव "अं नत्रवरेठा नमः।" मृत्य "वं वञ्च (छा। नमः। खर्छ "वं नक्तारिनः नमः।" शीवात्र "उ नीलक्ष्रीय नमः।" छन्त्य "उ क्लात्र नमः।" রোমকুপে "ওঁ ঋষিভো। নম:।" দক্ষিণপার্খে "ওঁ কুবেরায় লম:।" বামপাৰ্ষে "ভ" বঙ্গগায় লম:।" রোমাজো "ভ" त्रश्रिक्तां नमः।" छक्ट "उ "उ धर्मात्र नमः।" कल्यात्र "उ অধ্বার নম:।" শ্রেণিতটে "ও পিতৃভ্যো নম:।" খুর-म(४) "उ शक्तर्र्वास्त्रा। नमः।" श्वादा "उ पन्नरव्रस्त्रा। নম:।" লাকুলে "ওঁ ছাদশাদিত্যেভ্যো নম:।" গোময়ে "ও" মহালকৈয়ে নমঃ।" পোমুতে "ওঁ গলালৈ নমঃ।" অনে "ওঁ চতু: দাগরায় নম:।" এইরূপে ধেমুর দকল আদ পুজা করিয়া এই কয়টা মন্ত্রপাঠ করিবে।

"এ" ইক্সত চ ছমিক্রানী বিফোর্লনীশ্চ যাম্বতা। क्रमुख शोदी या (मदी मां (मदी ददमांख मा। के यानकी र्लाक शानानाः या 5 तिरवस्व किछा। ধেমুরপেণ দা দেবী তভাঃ পাপং ব্যপোহতু। ও দৈহস্যাচ করাণী শক্ষরত সদাপ্রিয়া। ধেমুরপেণ সাদেবী তভাঃ শান্তিং প্রযক্ত ।" "उ नर्सान्यमधी (नाधी नर्सानाक्रमधी उथा। ধেছুরূপেণ সা দেবী ততাঃ স্বর্গং প্রবচ্ছতু।"

ইহার পরে অর্ঘ্য ও পান্য প্রহণ করিয়া গুণশালী আচার্য্য बाक्रगरक (ध्रुमान कतिरव। वर्धानिय्राम (ध्रुम मान कती हरेल भूष्ट शहन कतिया यथाविधि छर्मन कतिरव। हेहात দক্ষিণাত্বরূপ আচার্য্যকে একটা বুব নিতে হয়। ইহার পরে ত্রাহ্মণদিগকে পূজা করিতে হর। সমাগত দীন দরিভ্রদিগকে সরদান প্রভৃতিও ইহার অঙ্গ। (চলদন্ধেমুদানবিধি)

[ तूरवारमर्ग ७ (सञ्चलान दल्थ । ] ठन्मनानात् स्थनी (जनात्र मधावर्जी कतात्री अधिक्छ এकति क्ष नगत। इँ छात्र निकटि शकात मक्षिणकृत्न व्यवस्थि। चका रद॰ द० ं 8० छै: ७ लांचि॰ ৮৮ रह द० थु:।

১৬१० युट्टीट्स कतानीता हत्समनशत अधिकात करत ७ ১७৮৮ थुः जरम शूर्व तथन वांख इत्र। (১१०১-६) थुः कः) कतामी গবর্ণর ডু'প্লের শাসনাধীনে এই নগর বিশেষ সমৃদ্দিশালী হইয়া উঠে। এই সময় প্রায় ২০০০ ইউকের বাটা নির্শিত হয়। ১৭৫৭ খুটাজে নৌ-সেনাপতি ওয়াট্সন সাহেব এই नगत चाजमा कतिया शालावर्षा अधानकात पूर्व छ श्रामि ध्वःम करत्रन। ১१७० श्रुष्टीत्म कृतामी ७ हैःतास्क পুনরার স্থাতা স্থাপিত হইলে ফরাদীরাজ উক্ত নগর পুনরার প্রাপ্ত হন। ১৭৯৪ খুটাকে উভয় জাতিতে পুনরায় বিবাদ উপস্থিত হইলে ইংরাজেরা চন্দননগর আক্রমণ করেন। ১৮০২ খুষ্টাব্দের সন্ধিপত্রামুদারে ফ্রাদীরা পুনরার দখল পান। ১৮১৩ খুষ্টাব্দে ইংরাজেরা পুন: অধিকার করেন। পরিশেষে ১৮১৫ খুষ্টান্দের সন্ধিপতের মর্দ্ধান্ত্রসারে ১৮১৬ খুষ্টান্দে ৪ঠা ডিলেম্বরে ফরাসীরা ইংরাজরাজের নিকট হইতে উক্ত নগর ফিরাইয়া পান।

চল্দননগরের সেই প্রাচীন খৌরব আরু নাই। এখন ইহা একটা সামাল নগরে পরিণত ছইয়াছে। এখানে একজন ফরাসী গবর্ণর ও কতকগুলিমাত্র সৈত্র আছে। পাছে চলাননগরবাদীরা আফিনের চাষ করিয়া বাবসা আর্জ করে. এই ছবে ইংরাজরাজ প্রতি বংসরে চন্দননগরে ৩০০ বাক্স আফিম পাঠাইয়া থাকেন। কলিকাতার নিক্টবর্জী হাবডা इटेट ठव्यननशत २२ मारेल १५ इट्टा

চন্দ্রপুঞ্প (क्री) চলনমিব স্থাদি পুশ্বমন্ত বছত্রী। লবক। চন্ধনময় ( তি ) চল্মন-ময়ট্। চল্মনবৃক্ষ নির্দিত।

"চন্দনময়ে রিপুছো ধর্ম্বশোদীর্ঘনীবিতক্ত ।" (বৃহৎসণ ৭৯ অ:) इन्स्नित्रांग् अक्सन अगिक हिली कवि। भारमहानशूरतत माहिन পুৰাবা নামক ভানে প্ৰায় ১৭৭০ খুটাকে জন্মগ্ৰহণ করেন। ইনি গৌড়রাজ কেশরীদিংহের সভায় থাকিতেন ও রাজার নামে কেশরী প্রকাশ, এতভিন্ন শুরুরিদার, কলোল-ভর্মিণী, কাব্যাভ্রণ, চন্দ্রশতক ও পথিকবোধ প্রভৃতি हिन्दी अप त्रहना करतन।

চन्द्रन्त्वजुर्ग ( दिन्न ) এक श्रीकांत्र मांक। চন্দ্ৰশারিব। (খী) চন্দন ইব হুগদ্ধি: শারিবা। শারিবাবিশের। চন্দনসার (পুং) চন্দনভেব সারো যস্য বছরী। ১ বজ্রনার। ( बाक्सि॰ ) हन्तनमा नांबः ७७९ । २ इष्टि हन्सरनं नांबांश्य। **हम्मन्दित्रं**। (समक ) नडाविटमय। हम्म् न (जी) हम्मन-गिन्। > मातिवावित्मव । (ताक्रनि॰)

२ मधुशानी नगतीत निकटि अवाहिक ननी वित्नव। ( (प्रमक् ) ७ ७कभको विस्मय।

हम्मन्द्रिल ( शूः ) हम्मनगाक्त्ताश्वनः। मनब्रह्म । (ब्राह्मनिः) हम्मन्द्रि ( एमम्ब ) हम्मन चित्रांत्र श्रीम, विश्राटक हम्मन चर्चा इत्र ।

চল্দনাদি (পুং) বৈদ্যকোক্ত একটা গণ। চল্দন, উশীর, কর্পুর, লতাকস্ত্রী, এলাচী, শঠী ও গোশীর্ষ এই সাজ্টী গন্ধ-দ্রব্যকে চল্দনাদিগণ বলে। (বৈদ্যক্)

চন্দ্রাদ্রি (পুং) চন্দ্রসাকরে। হলি: । মলরাচল। (জিকাঞ্ছণ)
চন্দ্রাদ্র (ক্রী) চক্রদন্তোক্ত ঔবধতৈল বিশেষ। নথী,
কুড, যষ্টিমধু, শৈলের, পদ্মকার্ছ, মঞ্জিলা, সরল, দেবলাক্র,
শঠা, এলাচি, গন্ধওড়, কুলুম, মুরা, জাটামাংসী, কজোলা,
প্রিরল্ব, মুগা, হরিল্রা (২), শারিবা (২), কট্কী, দারচিনি,
কেংপাপড়া, নলী ও কটুর সহিত তৈল ও ভাহার চতুশুন্
দিরে মাত্ পাক করিবে। পাককালে দেখিতে যথন
লাক্ষারদের সমান হইবে, তখন নামাইবে। ইহার নাম
চন্দ্রান্য তৈল। ইহার শুণ—বলকারী, বর্ণপরিক্ষারক, অপস্মার, জ্বর, উন্মাদ, কুত্যা ও অলক্ষীনাশক, আয়ুক্তর, পুষ্টিকারক এবং বলীকরণে প্রশন্ত। (চক্রদন্ত।) পাকের অপর
সাধারণ নিয়ম তৈলপাকের সমান। [তৈলপাক দেখা]
চন্দ্রাবৃতী (স্ত্রী) নদীবিশেষ।

চন্দ নিন্ ( তি ) চন্দনমস্তাস্য চন্দন-ইনি । বাহার চন্দন আছে, চন্দনযুক্ত ।

চন্দনী (স্ত্রী) চন্দয়তি আহলাদয়তি চদি লুটে্তীষ্। নদী-বিশেষ। "ক্রিরাং কুটিলাইঞ্ব চন্দনীং চাপগাং তথা।"

(রামাণ ৪।৪০।২০)

চক্ষনী (বা) চক্তেইনরা চদি-অনিয়র্-টাপ্। গোরোচনা। (রাকনি॰)

চম্পনোদক তুন্দু ভি (পুং) চলনোদকে ন সিজে। জুলু ভির্ষসা বছরী। একজন যাদববীর। ইহার অপর নাম ভব, ইহার সহিত তুমুক গন্ধকের বন্ধুতা ছিল। (বিকুপ্রাণ)

চন্দলা (জী) কর্ণাটাধিপতি প্রমাড়ি-রাক্সের পদ্মী। ইনি অতিশয় সুন্দরী ছিলেন। (রাজতরঙ্গিণী ৭।১১২২)

চিন্দির (পুংস্তী) চলন্তি হ্বান্তি লোকা যেন চলি-কিরচ্ (ইবিমলিমুলি-ভবিভ্যাকিরচ্।উণ্১৫২) ১ হকী। স্তীনিলে ভীব্হর। (পুং) ২ চক্র। (মেলিনী)

চন্দেরি, ১ গোরালিয়ার রাজ্যের জন্তর্গত একটা জেলা। এই জেলার মধ্যে সর্বসমেত ৩৮০ থানি প্রাম আছে। ১৮৮০ খুষ্টাব্দের সন্ধির পর এই জেলা ইংরাজের কর্তৃথাধীনে আইসে। ২ উক্ত জেলার প্রধান নগর ও সিন্ধিয়া রাজ্যের রাজ-ধানী। গোয়ালিয়ার হইতে ১০৫ মাইল এবং আগ্রা হইতে ১৭০ মাইল দক্ষিণে অবস্থিত। অক্ষা ২৪° ৪২ তিঃ ও জাবিং
৭৮° ১১ পুঃ। পুর্বে এই নগর বিশেষ সমূদ্দিশালী ও
হুর্গাদিতে বেটিত ছিল। বর্ত্তমান সমরে আর সেক্ষণ নাই,
পুর্ব গৌরবঞ ক্রমশাই হ্রাস হইরা আসিতেছে।

আইন ই-অকবরী যে সুময়ে লিখিত হর তৎকালে এই হানে ১৪০০০ পাথরের বাড়ী, ০৮৪ বাজার, পধিকদিগের পথকেশনিবারণের জন্ম ৩৬০টা সরাই ও ১২০০০ মস্জিদ ছিল। এখানকার কেলা পাহাড়ের উপরে ছাপিত, চারিধারে বালুপাপরের আল আছে। সে সমরে এই ছর্গ হর্জেদ্য ছিল। এক সময়ে ইহার উপর ৮ মাস কাল অবরোধ চলিয়াছিল। বর্ত্তমান সময়ে হৃহৎ হৃহৎ ভয় তুপ দেখিরা জানা বার যে প্রাচীন চন্দেরি নগরের পূর্ব্ব গোরব এখনও ব্লাস হয় নাই। পূর্বগোরবের মধ্যে প্রার ১০০ কিট উক্তে পাহাড়কাটা একটা পথ দেখা যায়। ঐ পর্কত্রের উপরে গোমতী ও করোলী বারের সমূবে একথানি শিলাফলকে লিখিত আছে যে, দিলীসমাট্ গিয়াস্ উদীন্ এই বার নির্দাণ করিয়া গিয়াছেন। চন্দেল বা চন্দেল্ল, ব্লেলপথঙের প্রাচীন রাজবংশ। [চন্দ্রান এর শন্ধে বিভ্রত বিবরণ এইবা।]

চন্দ্র (পুং) চলম্বতি আহলাদমতি চলতি দীপাতে বা চল-নিচ-রবু, চন্দ-রক্ বা (ক্ষারিভঞ্চিবঞ্চি—শুষিভোগ রক্। উণ্ ২।১৩।) ১ চাঁদ। ইহার পর্যায় — হিমাংশু, চক্তমা, ইন্দু, কুমদবান্ধর, বিধু, স্থাংগু, গুলাংগু, ওষ্ণীশ, নিশাপতি, অজ, জৈবাতৃক, গোম, প্লৌ, মুগাত্ব, কলানিধি, ছিজরাজ, শশপর, নকতেশু क्रिशाकत, (माधाकत, निमीभिनीनाथ, भर्ततीभ, अगाक, भी उत्भिः, সমুদ্রবনীত, সারস, খেতবাহম, নক্ষতনেমি, উড়াপ, স্থাস্তি, ভিণিপ্রণী, অম্ভি, চন্দির, চিত্রাচীর, পক্ষধর, नज्कमा, ताका, ताहिनीच, अजित्नजक, भजक, निम्नकना, দশাত, হরচ্ডামণি, মা, তারাপীড়, নিশামণি, মুগ नाक्ष्म, पर्निविषद, हात्रामुगधत, अहत्मीम, पाक्षात्रीपिड, লক্ষীসহল, অধাকর, অধাধার, শীতভামু, তমোহর, তুরার-কিরণ, হরি, হিমত্রাতি, বিল্পতি, বিশ্বস্পা, অমুতদীধিতি, হরিণাক্ষ, রোহিণীপতি, সিদ্ধনন্দন, তমোহুৎ, এণতিলক, क्युरमण, कीरवामनलन, काछ, कमावान, यामिनीणां, त्रिश, मृशिभ्यु, अ्थानिधि, जूनी, शक्तवामा, अकिनवनी उक, शीयूवगहा, नी उमती हि, नी उनवनी, जित्नज, हु भामनि, अजित्मज छू, স্থান, পরিজ্ঞা, বলকণ্ড, তুলীপতি, ষজনাংপতি, পর্বাধি, ক্লেছ, জয়স্ত, তপদ, ধ্চমদ, বিক্দ, দশবালী, খেতবালী, অমৃতহ, কৌমুলীপতি, কুমুদিনীপতি, ভপতি, দক্ষাণতি, **७३ पिপ**जि, क्लांक्ट, नमस्ट, धनक्ट, हांग्रांक्ट, कांक्रिन्तक,

নিশারত্ন, নিশাকর, রজনীকর, ক্ষণাকর, অযুত্ত, খেওছাতি, শুনী, শুশুলাহুন, মুগুলাহুন।

রাত্রিকালে আমাদের মাধার উপরে নক্ষরমালার মধ্যে মালির প্রার, উজ্জল, আলোকমর যে একটা জ্যোতিক দেখিতে পাওরা বার, প্রাচীন আর্থ্যগণ ভাহাকে চক্র নামে উল্লেখ করিয়াছেন। স্থ্য প্রভৃতি অপর অপর গ্রহের প্রায় ইহার নিয়মিত গতি আছে বলিয়া ইহাও একটা গ্রহ। কিন্তু অপর গ্রহের প্রায় এই গ্রহটীকে সর্বলা স্বর্ধাংশে আলোকময় দেখায় না এবং মধ্যভাগ কৃষ্ণবর্ণ হায়ায়ুজের স্থায় বোধ হয়। চক্রটী কি 
 উহার মধ্যভাগ কৃষ্ণবর্ণ দেখায় কেন 
 এবং প্রতিদিন সমানভাবে সকল অংশে আলোক না থাকার কারণ কি 
 এই সকল প্রশ্নের উত্তর বা সিদ্ধান্ত বিব্রে প্রাচীনকাল হইতেই মতামত চলিতেছে।

মহাভারতে লিখিত আছে যে, বিষ্ণুর পরামর্শে দেবতারা অহ্বরগণের সহিত মিলিত হইয়া সম্প্রমন্থন করেন।
সেই সমুদ্র হইতে শীতরশ্মি উজ্জ্বলপ্রস্ত, জগৎপ্রকাশকারী
চল্লের উৎপত্তি হয় (১)। ইনি একজন দেবতার মধ্যে গণ্য।
অমৃত থাইবার সময়ে দেবতাদের পংক্তিতে বসিয়া একটা
অহ্ব অমৃত থাইয়াছিল। ইনি বিষ্ণুকে সেই কথা বলিয়া
দেন। সেই রাগেই অহ্বর রাহ্তরপে ইহাকে গ্রাস করিয়া
থাকে। চক্র লক্ষীর সহোদর। (ভারত ১০১৯ আঃ)

কাণীথণ্ডের মতে-- ব্লার মানসপুত্র অতি মুনি তিন হাজার দিবা বংসর তপভা করেন। সেই সময়ে তাঁহার বেত: সোমরূপে পরিণত ও উর্দ্ধগামী হয় এবং দশদিক উজ্জ্ল করিয়া নেতা হইতে বাহির হইতে আরম্ভ হয়। शत विश्वाजात ज्यातिम क्रांस मनति तिरी तिरे तिष्ठः शतन করিতে চেটা করেন। কিন্তু তাঁহারা সেই গর্ভধারণ করিতে অসমর্থ হইলেন। সোম পৃথিবীতে পতিত হইল। পিতামহ তাহা লইয়ারথে ভাপন করেন। চক্র সেই রথে চড়িয়া একবিংশতিবার পৃথিবী ভ্রমণ করেন। সেই সময়ে ইহার অনেক তেজঃ ক্ষরিত হইয়া পৃথিবীতে ছড়াইয়া যায়, তাহাই ওষ্ধিরূপে পরিণত হইয়া সমস্ত জ্বগৎ পোষ্ণ করিতেছে। চন্দ্র ক্রমার তেন্দে পুনর্কার বর্দ্ধিত হইয়া কাশীতে চন্দ্রেখর নামে শিবলিক স্থাপন করেন ও শতপদ্মসংখ্যক বর্ষ ভপতা করেন। महालिय मुख्छे इहेशा हेहात अकति कला लहेशा जाशनात ननाठे छुद्दन कतिरनन। ठल महाम्दित क्रुनांत्र अकति রাজত্ব লাভ করেন। তাহারই নাম চন্দ্রলোক। ইহার

পরে চক্র একটা রাজপুর যজ্ঞেরও অনুষ্ঠান করিরা-हिल्ला । मत्क्र भारत थालिमिन हैरात अक कना कतिया क्य इत । धरेक्रा भनत कना क्य रहेरन भूनक्रीत निय-ननारित राहे कनाति बाजा विक्रिंड इहेशा भनत मिरन अर्ग **रहा (कांनीथ७ ১८ घा:।) [हाटलाचेह (नथ।] कांनिकां**-পুরাণের মতে ত্রন্ধার নিয়মে শাপদাতা দক্ষই ১৫ কলা ক্ষরের পর পুনর্কার ক্রেমে বৃদ্ধি হুইবার নিয়ম করিয়াছেন। [ক্ততিকা দেখ।] এদেশীয় জনেকের বিখাস যে, দক্ষরাজের শাপে চল্লের রাজ্যন্দা হয়, তাহার প্রতিকারের জ্বল ভাচার ক্রোড়ে একটা মৃগ আছে। প্রসিদ্ধ মাঘ কবিও শিশুপালবধে ইহার উল্লেখ করিয়াছেন (২)। আবার কোন কোন প্রাচীন মতে চক্র গুরুপত্নী ভারার সৃহিত কুবাবহার করেন. সেই শাপে চল্লের শরীরে কাল দাগ বা কলক হইরাছে। [ তারা দেখ। ] ইহা ছাড়া সেকালে বৃদ্ধনহিলাদের বিখাদ যে, চক্তের মধ্যে একটা বৃহৎ বটগাছ আছে, পতিপুত্রবিহীন একটা বৃদ্ধী গাছের তলে বদিয়া হতা কাটে। আমরা দেই বটগাছটাকেই চন্দ্রের কলঙ্করপে দেখিয়া থাকি।

উপরে যে কয়টী মত লিখিত হইল, বৈজ্ঞানিক আর্ঘ্য-জ্যোতির্বিদগণ উহার একটাও বিখাস করিতেন না। তাঁহা-দের মতে চক্র একটা গ্রহ, উহার নিজের আলোক নাই, সুর্ব্যের আলোকে প্রতিফলিত হইয়াই রাত্রির অক্ষকার বিনাশ করে। ভাররাচার্যোর মতে চক্র জলময়, উচার নিজের কোন তেজ নাই। চল্লের যে যে অংশ সূর্ব্যাভিমথে অবস্থিতি করে, সেই সেই অংশ সূর্যাকিরণ প্রতিফলিত হইয়া প্রকাশ পার। ইহা ছাডা অপরাংশ সূর্যাকিরণে প্রতিফলিত না হওয়ায় ভামল বৰ্ণ থাকে। যেকপ রৌক্তে একটা ঘট রাখিলে তাহার একাংশই প্রাকাশিত হয়, অপর ভাগ ভাহার নিষের ছায়ায়ই অপ্রকাশিত থাকে, এ স্থলেও সেইরূপ। रामिन पर्यात्र काराहिक हालात कार्याकाल कार्यार या कारा স্মামাদের দৃষ্টিগোচর হয় সেই ভাগে সুর্যাকিরণ পতিত হয় ना, त्यह निन चामत्रा हक त्विष्ठ शाहे ना। हेरांत्रहे नाम অমাবাভা। চন্দ্র ও স্থ্য এক রাশিত অর্থাৎ সমস্ত্রপাতে অব্যাত্ত হইলে এইরূপ ঘটিয়া থাকে। অমাবাভার দিনে চক্র, প্র্যা এক রাশিত হয় (৩)। প্র্যা অপেকা চল্লের

<sup>(</sup>২) "জ্জাধিরোপিত মৃগক্ত শ্রমা মৃগলাছন:। কেলরী নিঠুরক্তি অমুগগুংধা মুগাধিপ:॥" (বাছ ২য় বর্গ)

<sup>(</sup>৩) "তর্প-কিরণদলাদেব পীরু ব্পিথে।
দিনকরদিশি চক্রণান্ত্রিকাভিতকাতি।
ভালিতরদিশি বালা কুডলভাসলাই
বঁট ইব নিজমূর্তি ছারবেরবা ভগছ: ১ a

<sup>(&</sup>gt;) "ততঃ লভসহস্রাংগুর্মধানাজু সাগারাং। অসরাজা সম্পার: সোম: শীডাংগুরুজ্ল: ।" ( ভারত ১,১৯ জ: )

গতি ৰেশী, চক্ত অতি শীঘ্ৰই স্থাসমস্ত্ৰপাত অভিক্ৰম कतिता श्रुक्तित्व मतिता १८६। ठळ एवं। स्टेंट पृत्त पारिण चन्य पूर्याकित्र विद्यात कित्रमः व्यक्तिकानिक इस अवर व्याग्रज्ञा त्मरे व्याम खेळाल थाजामानी अ त्य व्यार्थ पूर्वाकृत्रन পতিত হয় না, সেই অংশ আলোকহীন তান্ত্ৰৰণ দেখিতে পारे। मिन मिन हन यक पुत्रवर्षी हत, कडरे काहारक स्था-কিরণ অধিক পরিমাণে প্রতিফলিত হইতে থাকে। অমা-বাভার পর শুক্ল বিভীয়াতে চক্র পশ্চিম দিকে উদয় হয়। ঐ সময়ে চক্রমঞ্জলের পশ্চিমাংশে সূর্য্যকিরণ পতিত হইয়া চল্লের এक कना शतिमिछ छात्र छेक्दन इस। क्रांस बिन पिन अक अक कला वृद्धि शहिशारे शूर्विमात मितन शूर्विछ रहेशा ध्यकान পার। আর যথন ক্রফাপক আরম্ভ হয়, তথন প্রতিদিন এক अक कना हान हरेया अभावाणात नित्न मः पूर्व अवर्तन हय। শুক্লপক্ষের প্রতিপদ্ হইতে পূর্ণিমা পর্যান্ত চক্র স্বীয় বুভের ১৮ । चार्म समय करत, वहे कान भर्या स्टर्शत भाष्ट्र हरू कार्वशिष्ठ इस्र धादः कृष्क्षभरकं अ दूरखन्न ३४० काश्म खमन करत्, এই সময়ে চক্ত সুর্যোর পুর্বাদিকে থাকে।

স্থাসিদ্ধান্তের মতে—চক্র ও স্থের অন্তর অন্থারে ওক্লতা বা চক্রের উজ্জনগংশের বৃদ্ধি হইরা থাকে। অমানাজা তিথিতে চক্র ও স্থা সমস্ত্রপাতে অবন্থিত বলিয়া অন্তর থাকে না। এই সমরে স্থাক্রিণ চক্রে প্রতিফলিত হয় না, অতএব চক্রের ওক্লতার অভাব হয়। অমাবাস্থার পরে চক্রের গতি অনুসারে স্থা হইতে যত অন্তর হয়, তত পরিমাণে চক্রের পশ্চিম ভাগ আলোকিত হয়। চক্র স্থা হইতে ৬ রাশি অন্তরে স্থিত হইলে চক্রের অন্ধাংশ (আমান্দের দৃশ্রভাগ) সংপূর্ণ আলোকিত হয়। পূর্ণিমার পরে চক্র যত গমন করে, ততই স্থাও চক্রের অন্তর কমিয়া যায় এবং তদমুসারে অক্লতারও হাস হইতে থাকে। অনুপাত অনুসারে অপর অপর দিনের ওক্লতার পরিমাণ নিক্রপণ করিতে হয় (৪)। [ইহার অপর বিবরণ শ্লোরতি শব্দে

সুর্য্যাদধঃখন্ত বিধোরধঃখনর্বং নৃদৃতং সকলাসিতং ভাৎ। দর্শেহণ ভার্মান্তরিতন্ত শুক্লং তৎপৌর্থান্ডাং পরিবর্তনেন। ২। উপচিতিমুপ্যাতি শৌক্লমিন্দোন্ড্যন্ত ইনং একতন্চ যেচক্সং। অলম্যন্তন্ত পোলকত্বাৎ এভবতি তীক্ষবিবাশরপতান্ত ॥ ॥ ॥

( গোলাখ্যার শুলোন্নভিবা॰ )

( 8 ) "দর্শাতে সূর্যাচল্রজোরগুরাভাবাৎ জন্মদৃষ্ঠার্ছে চল্লগোলে সূথাকিরণপ্রতিফলনাভাবাৎ শৌক্লাভাব:। ডভো যথা বথার্কাচল্র:
পূর্বতো ২গুরিতত্তথা তথা চল্রগোলান্মদৃশ্যার্ছিচল্ল পশ্চিমভাগক্রমেণ শৌক্রবৃদ্ধি:। এবং ঘট্রাশান্তরে পৌর্বাস্থান্ত চল্লগোলান্মদৃশ্যার্ছিং সংপূর্ব বেতং ভবতি।" (সূর্বাসিং ১০)৯ রক্ষবাধ) অটবা।] প্রাচীন জ্যোতির্বিদ্বরাহ, প্রীপত্তি ও জ্ঞানরাজ প্রভৃতির মতেও চক্র জলময়, তাহাতে শ্র্ব্যক্রিয়ণ প্রতিফ্লিড হইরাই উজ্জল ও প্রভাগালী হইরা থাকে।

"বহুলশ্চক্ত ইন্ড্যের হুলাদনে ধাতুক্ষচাতে। শুক্লম্বে চামৃত্যে চ শীত্যে চ বিভাবাতে গ

ঘনতোরাত্মকং তত্ত মণ্ডলং শশিনঃ স্তম্।" লিঙ্গপুণ ৬১।৫-৭।

চজের মধ্যে বে ক্লফাংশ দেখিতে পাওয়া যার, ভাছা চজের কলক লামে প্রসিদ্ধ । প্র্যিক্ষিত্ত, সিদ্ধান্তলিরো-মণি ও বৃহৎসংহিতা প্রভৃতিতে উহার বিশেষ কোন বিবরণ পাওয়া বার না । হরিবংশে লিখিত আছে যে যেরূপ দর্পণে মুখের প্রতিবিশ্ব দেখা যার, সেইরূপ চজে পৃথিবীর প্রতিবিশ্ব লক্ষিত হয় । তাহাই চজকলক নামে প্রসিদ্ধ (৫) । ইহাতে বোধ হয় বে সাধারণের যেরূপ বিশ্বাসই থাকুক না কেন প্রাচীন বৈজ্ঞানিকেরা চজকলককে পৃথিবীর ছারা বলিয়াই হির করিরাছিলেন ।

বাদাওপুরাণে নিধিত আছে যে পার্থিব জন স্থ্যকিরণে আকৃত হইরা চক্রমণ্ডনে যাইরা অবস্থিত হর এবং পুনর্থার বৃষ্টি, প্রভৃতি রূপে পৃথিবীতে পতিত হয়। বান্তবিক পক্রেচক্রমণ্ডনকেই জলাধার বলা যার, গলা প্রভৃতি নদীও চক্রমণ্ডন হইতেই প্রবাহিত (৬)।

প্রাচীন জ্যোতির্বিদ্গণের মতে—চক্র একটা গ্রছ অপর গ্রহের ন্যায় চক্রও পৃথিবীকে সমাস্তরালে রাখিয়া অন-বরত ভ্রমণ করিতেছে। অপর গ্রহের ন্যায় ইহারও একটা কক্ষা আছে। চাক্রী কক্ষাও অপরাপর চক্রের ন্যায় ৬৬০ অংশে বিভক্ত। চক্র পৃথিবীর অভিশয় নিক্টবর্ত্তী বলিয়া ইহার গতি অপেক্ষারত বেশী। ইহা পৃথিবী হইতে ৫৭৪৫ যোজন উচ্চে অবস্থিত। চক্র যে কক্ষায় পৃথিবী

( a ) "লোকছোরাময়ংলক্ষ তবাকে ললসংস্থিতম্।

ন বিহু: সোমদেবাণি যেচ নক্ষত্ৰোগিন: ।" ( ইরিবংশ )

'যথা দর্পণ প্রাণ্য পরাত্তা নরনর্মানে শ্রীবাছমেব মুখং দর্শণগভমিব
পশ্যন্তি এবং চন্দ্রন্থলং প্রাণ্য পরাত্তান্তে দূরভ্দোবাৎ পৃথিবীমব্যক্তরূপামিব চন্দ্রম্ভলগভাং পশান্তি স এব চন্দ্রে কলক ইত্যুপ্চর্গ্যন্তে ।' (টীকা)

( ৬ ) "প্ৰাকিলপৰালেন ৰায়ুৰ্জেন সৰ্বাণ: ।

কাতো কলমাণতে ক্ৎমন্য বিজনতম: । ১৩

কালিতো শীতং \* \* \* নোমং সংক্ৰমতে কলম্ ।

নাড়ীভিবায়ুৰ্জাভিলোকাধানং প্ৰবৰ্ততে । ১৪

নোমধারা নদী পদা পবিতা বিমলোককা ।

নোমধ্রেপ্রোগাক মহানদ্যো বিজোকাশঃ ।" ১৫ ।

(ব্ৰহাওপু অমুবদ ৫৫ জ: )

পরিত্রনণ করে, ভাষার পরিমাণ ৩২৪০০০ ঘোজন। চক্রকলার ব্যাস ১০৩০৯১ ঘোজন। চক্র দৈনিক পভিতে
শীয় চক্রের ৭৯০ কলা ৩৪ বিকলা ও ৫২ অরুকলা ভাগ অভিক্রেম করে। ইহার বার্বিকপভি (রাস্থানি) ৪।১২।৪৬।৪০।৪৮;
একবুগে ৫৭৭৫৩৩৩৬টী ভগণ ও এককরে ৫৭৭৫৩৩৩৬০০টী
ভগণ হইরা থাকে। খিগোল, প্রাহ্ ও গ্রহণ দেখা

চল্লেরও একটা পাত আছে, তাহা অদৃশ্য এবং পশ্চিম-গতিতে বাদশরাশি শ্রমণ করে। পাত দেখ।

ক্রের ন্যার চক্রেরও দিন মাস প্রভৃতি গণনা কর।

হয়। চাক্রদিনই তিথি নামে প্রসিদ্ধা কালমাধবীর ও

বিষ্ণুধর্মোত্তর প্রভৃতির মতে চক্র যত সময়ে রালিচক্রের
১২ অংশ অতিক্রম করে তাহাকে একটা চাক্রদিন বলে।
অনাবাভায় ক্র্যা ও চক্র সমস্তে থাকে, দেই সমর হইতে

চাক্র প্রথমদিন আরম্ভ হয়। ইহার প্রথমদিনের নাম শুক্র
প্রতিপ্র।(৭)[তিথি শক্ষে বিশ্বত বিবরণ দেখা]

চক্র যে রাশিতে অবস্থিত থাকে, রাশিচক্রের গতিতে সেই রাশিটা বথন উদয়াচলে অর্থাৎ পূর্কাক্ষিতিজরুত্তে সংলগ্র হয়, তথন চক্র আমাদের দৃষ্টিগোচর হয়, ইহাকেই চক্রের দৈনিক উদয় বলে। আবার মথন পশ্চিম কিজিলরুত্তের অন্তঃ রালে সরিয়া পড়ে আর আমাদের দৃষ্টিগোচর হয় না, তাহাকে অন্ত বলে। স্থাসিকাস্তের মতে স্থাগতি হইতে চক্রের গতি অধিক বলিয়া স্থোর পূর্কাদিকে অন্ত ও পশ্চিমদিকে উদয় হইয়া থাকে (৮)। স্থা হইতে ১২ অংশদ্রের পশ্চিমে চক্রের উদয় ও ১২ অংশ পূর্কে অন্ত হয়। [ চক্রের দৈনিক উদয়ান্ত সাধনপ্রণালী চক্রান্তোদয় শব্দ ক্রইরা।] স্থিক যে চাক্রান্ত সাধনপ্রণালী চক্রান্তোদয় লক্ষে ক্রইরা। স্থিক যে চাক্রান্তিনের কথা উল্লেখ করা হইরাছে, তাহার বিশদিন বা তিথিতে একটা চাক্রমাস হয়। কোন মতে ত্রুক প্রতিপদ্ হইতে ও কোন মতে ক্রক্ষ প্রতিপদ্ হইতে চাক্রমাদের গ্রশা আরম্ভ হয়।

পুরাণের অনেক স্থলের বর্ণনা অনুসারে আপোততঃ বোধ হর যে চক্রমণ্ডল স্থামণ্ডলের উপরে অবস্থিত। "এবং চক্রমা অর্কগভন্তিভ্য উপরিষ্ঠাৎ লক্ষবোজনত উপলভ্যমানঃ।" (ভাগবত ৫)২২।৮) ইছার অর্থ এইরূপ বুঝিতে
পারা বার যে স্ব্যগভন্তি অর্থাৎ স্ব্যমন্তল হইতে লক্ষ্
যোজন উপরে চক্র অব্যতি করে। কিন্তু বান্তবিক পক্ষে তাহা নহে। এই স্থানে 'স্ব্যগভন্তিভ্যঃ' এই পঞ্চমী বিভক্তি হেম্বর্থ প্ররোগ করা হইরাছে, উহার অর্থ অপাদান নহে। অত এব ভাগবতের ঐ বাক্যের অর্থ এই প্রকার করিতে হয়। পৃথিবী হইতে লক্ষ্ যোজন উপরে চক্রমন্তল স্ব্যাকির্গ হেতুক অর্থাৎ স্ব্যাকিরণে উজ্জল হয় বলিগা আমাদের দৃষ্টিপোচর হয়। এইরূপ ব্যাথ্যা করিলে জ্যোতিঃশাল্র বা বৈজ্ঞানিক মতের সহিত প্রাণের বিরোধ হয় না। ভিন্ন ভিন্ন বল্ল অব্যা পরিমাণের পারিভাবিক শক্ষ-ভলির ভেদে পরিমাণাদি সম্বন্ধে মতভেদ হওয়া অসন্তব নহে। প্রাণের আপাততঃ অর্থ গ্রহণ করিয়া জনেকেই কিন্তু পৌরাণিক মতে স্ব্রেয় উপরে চক্র বলিরা শ্রান্ত হন।

পৌরাণিক মতে সমস্ত গ্রহমগুলেরই অধিষ্ঠাতা এক একজন দেবতা। প্রাণে চন্দ্রমগুল ও তাহার অধিষ্ঠাতা দেব এই উভ্যেরই বর্ণনা আছে। প্রাণে চন্দ্রের উৎপত্তিসম্বদ্ধ যে সকল কথা আছে, তাহা চন্দ্রমগুলের নহে, তদ্ধিষ্ঠাতা দেবই সেই গেই হলে চন্দ্র মগুলের অর্থ। জ্যোতিঃশাস্তে চন্দ্রদেবের কথা প্রায়ই নাই, চন্দ্রমগুলের বিবরণ নিরূপণ করাই প্রধান উদ্বেশ্য।

কলিত জ্যোতিবের মতে চক্র বার্কোণের অধিপতি, স্থী গ্রহ, সত্ত্বপ্র ক্রিবাহ, সত্ত্বপ্র ক্রিবাহ, সত্ত্বপ্র ক্রিবাহ, সহিত ইহার মিজভাব আছে। কর্কটরাশি চক্রের ক্রেত্র। অপর গ্রহের ভার ইহার দশা ও দৃষ্টি অনুসারে জাতকের ক্লাফল ফলিত জ্যোতিবে নির্ণিত আছে। [চক্রচার, চক্রক্টে, রিষ্ট, চক্রগোচর, চক্রলোক প্রভৃতি শব্দে অপর বিব্রণ দেখা]

যুরোপীর জ্যোতির্বিদ্গণের মতে চক্স পৃথিবীর একটা উপগ্রহ বা পারিপার্থিক (Satellite)। পৃথিব্যাদির ভার ইহাও এক প্রকাশ কড়পিও; পৃথিবী হইতে ইহার গড় দ্রড ছই কক্ষ চরিল হাজার মাইল। এই দ্রড অত্যন্ত অধিক বোধ হইলেও অভ্যন্ত জ্যোভিকের দ্রডের সহিত জ্যুলার নিভান্ত জাকিংকর প্রভীত হয়। বাত্ত-বিক চক্রই, পৃথিবীর স্কাণেকা নিক্টছ জ্যোভিক। দূর-বীক্ষণ যত্র সাহাব্যে পভিতেরা চক্রপৃঠের অনেক তত্ত অবগত হইরাছেন। এই সকল তত্ত্ব এক্লপ নিক্ষর ও অভ্যন্তভাবে প্রমাণিত হইরাছে যে শুনিলে আক্র্যান্তিত হইতে হয়।

<sup>(</sup> १) "চল্লাৰ্কগড়া কাল্যা পরিচ্ছেলো যদা কবেং।
তদা তলো: প্রবক্ষামি গতিমাপ্রিত্য মির্ণর:।
তগপেন সমগ্রেণ জেলা বাদশ রাশর:।
ত্রিংশাংশাল্ড তথা রাশের্ডাগ ইতাভিধীরতে।
আদিত্যাবিপ্রকৃতিভ ভাগ বাদশকং বলা।
চল্রমা: সাাভ্রমা রাম তিধিরিত্যভিধীরতে।


( বিকুধর্শোন্তর)

<sup>(</sup>৮) "উনাবিৰ্যত: প্রাচ্যাসন্ত: চক্রজ ভার্গবা:।
ব্রন্তাভাধিকা: পদ্দাৎ উদরং শীর্বায়িন:।" (সুর্যাসি॰ ৯/৩)

চক্রমণ্ডলের ব্যাস প্রায় ২১৫০ মাইল, পৃথিবীর ব্যাস
৭৯২৬ মাইল। স্থতরাং ইহার আয়তন পৃথিবীর আয়তনের
প্রায় 🛵 অংশ। অর্থাৎ প্রায় উনপঞ্চাশটী চক্র একতা করিলে
একটা পৃথিবীর সমান হইবে। ইহার যে অংশ আমরা
দেখিতে পাই, তাহার পরিমাণ প্রায় যুরোপ থপ্তের বিশুণ,
ভারতবর্ষের পাঁচশুণ। চক্রের আপেন্দিক ঘনত্ব পৃথিবীর
আপেন্দিক ঘনত্বের অর্জেক অপেন্দা অত্যর মাত্র অধিক।
ইহার ভার পৃথিবীর ভারের প্রায় নক্ষই ভাগের একভাগ
মাত্র। চক্রপৃঠে মাধ্যাকর্ষণের শক্তি পৃথিবীর মাধ্যাকর্ষণের
৯ এক ষ্ঠাংশের অধিক নহে অর্থাৎ ভূপৃঠে যে দ্রব্য ৬ সের
ভারী বোধ হয়, তাহা চক্রপৃঠে এক সের মাত্র বোধ হইবে।

চল্লের আলোক স্থালোকের ছর লক ভাগের এক ভাগ মাতা। পূর্বচন্দ্রের আলোক ১২৬ ইঞ্চ দ্রহাপী একটা বাভির আলোকের সমান। স্থ্যালোক ১ ফুট দ্রস্থ পঞ্চাল হাজার বাভির আলোর সমান। চল্লের আলোক উহার নিজস্ব নহে। পৃথিবী, বৃহস্পতি, শনি প্রভৃত্তির ছায় উহাও নিজস্ত । স্থ্যাকিরণ চল্লে প্রভিভাত হইয়া চক্তমণ্ডলকে উজ্জ্ব করে। স্ক্তরাং আমরা রক্তনীযোগে চক্তরশাক্রণে যে কোমল মৃত্ আলোক প্রাপ্ত হই, তাহা স্থ্যরশ্রিই রূপান্তর মাতা।

চন্দ্রের আকার অন্যান্ত গ্রহের স্থায় প্রায় বর্জুল। ইহার ঘনত্ব সর্পত্র সমান নহে। এই কারণে চল্লের কেন্দ্র ও ভারকেন্দ্র ঠিক এক নহে। প্রত্যুত ঐ দুই কেন্দ্রের দূরত্ব প্রায় ৩০২ মাইল। চল্লের ভারকেন্দ্র অপেকা প্রকৃত কেন্দ্র পৃথিবীর নিকটবর্ত্তী। সকল পদার্থই ভারকেন্দ্রের অভিমুখে আকৃত্ত হয়। যদি চন্দ্রে সমুদ্র বা বায়ুরাশি থাকা সন্তব হয়, তবে জলরাশি স্ক্র রেথান্থিত বুজের স্থায় ভারকেন্দ্রের চতুর্দ্ধিকে অবন্থিত হইবে এবং বায়ুরাশি বিন্দুময় বুজের আকারে থাকিবে। মূল ক্ষারেথান্ধিত বৃত্ত চল্লের কঠিন অবর্ব। এবং ক তাহার কেন্দ্র; ভা ভারকেন্দ্র। এথন



तिथा याहेरलह त्य हत्स्वत त्य अश्म शृथिवीत नित्क थात्क,

তাহাতে বারু বা জল থাকিবার কোন সভাবনা নাই। নানা রূপে পুআরপুথ পরীক্ষা বারাও অদ্যাপি চল্লের দৃষ্ট জংশে জল বা বারুর অন্তিজের কোন প্রমাণই পাওরা বার নাই। উৎকৃষ্ট দুরবীক্ষণ যন্ত্র সাহায্যে উহাতে কুআটিকা, মেঘ, বৃষ্টি ইত্যাদির কোন লক্ষণই লক্ষিত হয় নাই। স্ত্ররাং ইহা সিছাত্ত হইরাছে যে চল্লের অপর অর্জ জল বায়ুর্ক হইলেও আমাদের দৃষ্ট জংশ মক্ষমর জনপ্রাণী-তক্ষ-গুল-লতা বিক-র্জিত। এই বিত্তীর্ণ ভূতাগে কোথাও একগাছি তৃণমাক্র নাই। অপার প্রস্তরময় প্রান্তরহ। ইহার ভূলনার সাহারা কোথার লাগে। এই ভীষণ স্থান করনা করিতেও প্রাণ আতক্ষে পিহরিরা উঠে। এই চক্রলোক।।

আমরা স্বা ও চন্দ্রকে প্রায় স্মান আকারের দেখি।
কিন্তু বাস্তবিক স্থা চন্দ্র অপেকা প্রায় ছর কোটা গুণ বড়।
স্থা চন্দ্র অপেকা অনেক দ্রবর্তী। জ্যোভিছগণের মধ্যে
চন্দ্রই স্কাপেকা পৃথিবীর নিকটবর্তী। চন্দ্র যথন পৃথিবীর
স্কাপেকা নিকটে আইসে; তথন চন্দ্র বহন্তম দেখায় ও
তাহার বাাদ আমার্দের দৃষ্টিতে ৩০° ০০´ ০০ঁ কোণ উৎপর
করে, এবং যথন স্কাপেকা দুরে যায়, তথন চন্দ্রের আকার
ক্ষেত্রম হর, এবং ব্যাস ২৯° ২১´ ৯´ কোণ উৎপর করে।
প্রায় এই ক্লপ কোণেই (Angle of vision) আমরা স্থাকে
দর্শন করি। প্রতরাং উহাদের দৃশ্যমান প্রত্যক্ষ আকার
স্মান দেখায়।

চক্র নিজ মেরুদণ্ডের উপর ঘূরিতে ঘূরিতে পৃথিবীর চতুর্দিকে ভ্রমণ করে। আমরা চল্লের কেবল এক দিক্ই দেখিতে পাই! কারণ যে সময়ের মধ্যে চক্র একবার নিজ মেরুদণ্ডের উপর আবর্তন করে, ঠিক সেই সময়ের মধ্যেই ভাহার পৃথিবীর চতুর্দিকে একবার ভ্রমণ হয়। ইহার ভ্রমণ-পথ প্রায় বৃত্তাভাস এবং পৃথিৰী ঐ বৃত্তাভাসের অফ্রতম কেন্দ্রে (focus) অবস্থিত। স্বুতরাং পৃথিবী হইতে ইহার দ্রত্ব সকল সময় সমান থাকে না। এই চল্লকক্ষাত্ব দ্রতম ও সর্ব্বাপেকা নিকটন্থ বিন্দুষর (Apsides) ন্থির নছে। किन्छ উভয়েই ক্রমশঃ পরিবর্তিত হইতেছে এবং ক্রমশঃ অগ্রসর হইতে হইতে প্রায় ৯ বৎসর পরে পুনরার পূর্কাবয়া প্রাপ্ত হয়। স্থ্য প্রভৃতির ভাষ চক্রও রাশিচক্রের মধ্য দিয়া পশ্চিম হইতে পূর্ব্বদিকে গমন করে। **এইরূপ রাশি**-চক্তের এক স্থান হইতে অগ্রসর হইয়া পুনরার পুর্বস্থানে প্রভাবর্ত্তন করিতে প্রায় ২৭ দিন ৭ ঘণ্টা ও মিনিট ১১ নেকেও লাগে। কিন্তু ইত্যবদরে স্থাও রাশিপথে কিছু দূর অগ্রসর হয়। স্করাং কর্ষ্যের সহিত পূর্ব অবহা প্রাপ্ত

ছইতে চক্রকে আরও কিছুদ্র যাইছে হয়। এইরপে এক আমাবাচা ছইতে অন্ধ আমাবাচা পর্যন্ত প্রায় ২৯ দিং ১৩ বং ৪৪ মিং ৩ সেং সমর হয়। ইহাই চাক্রমাস। চক্র প্রতিদিন রালিচক্রে ১৩ অংশ গমন করে।

চল্লের ককা হুর্যাককার সহিত এক সমতলত্ব নহে।
তাহা হুইলে প্রতি অমাবাস্যা ও পূর্ণিমাতেই গ্রহণ হুইত।
[গ্রহণ দেখা] এই কক্ষরেখা সুর্যাককার (Ecliptic)
সহিত ৫° ৮ কোণ উৎপর করে। স্কুতরাং চল্লের ককা ও
স্ব্যাককা হুইটা মাত্র বিন্দৃতে পরম্পরকে ছেল করে। এই
বিন্দৃহরকে (Nodes) পাত কহে। পাতহর আবার ত্বির
নহে, ইহারা ক্রমে চল্লের গতির দিকে সুর্যাককার ক্রমণঃ
অগ্রসর হুইতে হুইতে প্রার ১৯ বংসর পরে আবার পূর্বাবন্ধা
প্রার হের। স্কুতরাং চল্ল একবার যে পথে ভ্রমণ করে, প্রন্
র্বার সেই পথে আসিতে প্রার ১৯ বংসর সময় লাগে। এইরূপে চল্ল ১৯ বংসরের মধ্যে স্ব্যাককার উভর দিকত্ব ১১৫ ৬
পরিমিত আকাশে সর্বত্ব ভ্রমণ করে।

পূর্ব্বে বলিয়াছি চক্র স্বরং ক্রোতিঃহীন, স্থ্য রশ্মি ছারা আলোকিত হইয়া উজ্জল দেধার। ইহাই কলাভেদের প্রধান কারণ। গোলাকার বস্তু একবারে জ্বর্জাংশের জ্ববিক জ্বপ সারিত হইতে পারে না। [জ্মাবাস্তা শব্দে চিত্র দেধ।]

চক্র বধন স্থাঁর সহিত আকাশের এক অংশে থাকে, তথন চক্রের আলোকিত অংশ আমাদের দৃষ্টির বহিভূতি হয়। কেবল অন্ধকারমর অংশ পৃথিবীর দিকে থাকে, স্ভরাং আমরা ঐ দিবস চক্র দেখিতে পাই না। কিন্তু চক্রের আছিক গতি অন্নারে উহা রাশিচক্রে ১০০ অংশ এবং স্থাঁও ঐ সমরে ১০ অংশ দ্রে যার। এইরূপ কির্দ্র অগ্রসর হইলে আমরা চক্র-রেথারূপে আলোকিত অংশের কির্দংশ দেখিতে পাই। এই চক্ররেথার প্রান্তবন্ধ প্রদিকে বিস্তৃত থাকে। ক্রমে থথন প্রায় ৭ দিন পরে স্থাঁও চক্রের দ্রন্দ ৯০০ অংশ হয়, তথন চক্র ঠিক অন্ধর্তাকার ধারণ করে।

এইরূপে ক্রেমে যথন ১৮০০ অংশ দ্বে অর্থাৎ স্থোর ঠিক বিপরীতদিকে চক্রের উদয় হয়, তথন তাহার সম্পূর্ণ আলো-কিত ভাগই আমরা দেখিতে পাই। ঐ দিন পূর্ণিমা।

\* ওরপকে ২বা, ৩বা এবং কৃষ্ণক্ষের এরোদশী, চতুর্দশী প্রভৃতিতে বগন চল্লের ক্ষেক ফলামাত্র দৃষ্ট হর, তথন চল্লের কৃষ্ণাংশও ঈবং আভাব্ত প্রতীয়মান হর। প্রতিভেরা অনুমান করেন পৃথিবীপৃঠে প্রতিফলিত সূর্যায়শি কর্তৃক আলোক্ত হইরা চল্লের ঐ অংশ আভাব্ত বোধ হর।

দ্রম্য আবার যন্ত প্রবিদ্ধ নিকটবর্তী হইতে থাকে, ততই চক্র দ্রাস হইতে আরম্ভ হর এবং বে ভাগ প্রথমে দৃষ্ট হইরা ছিল, সেই ভাগ হইতে আরম্ভ করিরা ক্রমে কর হইতে থাকে, এইরূপে পূর্ণচক্র আবার রেথাকারে পরিণত হইতে থাকে। প্রবিদ্ধ নিকট আদিরা অদৃশু হর। রুফ্তপক্ষে চক্রকণার প্রস্থান্তর পশ্চিমদিকে থাকে। এইরূপ পর্যাটন কালকে চাক্রমাস বলে। প্রথম পঞ্চদশদিবস যৎকালে চক্র ক্রমে বর্দ্ধিত হয় ভাহা গুরুপক ও পর পঞ্চদশদিবস যৎকালে চক্র দ্রাস হয়, তাহা রুঞ্চপক্ষ নামে অভিহিত। চক্রের উদয়কাল ঠিক এক সময় নহে। আজি যে সময় উদয় হইল কালি তাহা অপেকা ৫০ মিনিট পরে উদয় হইবে এবং পরশ্ব তাহা হইতে আরও ৫০ মিনিট পরে উদয় হইবে এবং পরশ্ব তাহা হইতে আরও ৫০ মিনিট পরে উদয় হয় ও অন্ত যায়। গুরুগরীতে দিবা বিপ্রহরে উদয় ও রাত্রি বিপ্রহরে অন্ত হয়। ক্রফাটমীতে রাত্রি বিপ্রহরে উদয় ও দিবা বিপ্রহরে অন্ত হয়।

যদিও চল্লের একপৃষ্ঠ সততই পৃথিবীর দিকে থাকে, তথাপি চল্ল নিজ মেরুদতের উপর ঘ্রিতেছে বলিয়া উহার সকলদিক্ই এক একবার স্থ্যালোক প্রাপ্ত হয়। আমরা কলাভেদের বিবরণে দেখাইয়াছি কিরুপে চল্লের আনোকিত অংশ চল্লের চতুর্দিকে ঘ্রিয়া আইসে। আমাদের পৃথিবী যেমন একদিনে একবার নিজ মেরুদতে আবর্জন করে, চল্লেও সেইরপ নিজের একদিনে নিজ মেরুদতের চারিদিকে আবর্জন করে। কিন্তু চল্লের একদিন আমাদের এক চাল্লমাদের সমান অর্থাৎ ২৯ দিন, ১২ ঘ, ৪৪ মি, ৩ সে। চল্ল হইতে দৃষ্টি করিলে পৃথিবীকে আকাশ্যের একস্থলে হির উজ্জ্বল পদার্থ বলিয়া দৃষ্ট হইবে। আমাবাস্থার দিন পৃথিবী স্থা অপেক্ষা ১৫ গুণ বড় উজ্জ্বল পূর্ণচল্লের ক্যায় দৃষ্ট হইবে। পূর্ণিমার দিবস পৃথিবী চল্ল হইতে দৃষ্ট হইবে না।

একণে চন্ত্ৰমণ্ডলের দৃষ্ট অংশের ভূতত্ববিদ্র আলোচনা করা বাউক। আমরা চর্ত্রচক্ষে চন্ত্রকে যেরপা মহুণ ও উজ্জন দেখি; বাস্তবিক উহা সেরপ নহে। দূরবীক্ষণযন্ত্রসাহাব্যে মুরোপীয় জ্যোতির্বিদ্যণ চল্লে প্রকাশু প্রকাশে উচ্চ পর্বান্ত ও গভীর গহুবরাদি আবিদ্যার করিয়াহেন। বে সকল ভাগ চল্লের কলক বলিয়া পরিচিত, উহা চতুর্দিকে পর্বভল্লেণী পরিবেন্টিত বিস্তার্গ নিম্ন প্রান্তর মাত্র। চল্লের যে সকল অংশ অপেকারত উজ্জ্লতর বলিয়া দৃষ্ট হয়, উহা উচ্চ পর্বান্ত এবং মধুচক্রের স্তায় রক্ষুবিশিষ্ট শৈলসমাছাদিত উচ্চ ভূমি।

मुत्रवीष्मन रश्जनाहारम् धनात्रारम् अहे नकन नर्सकामित অন্তিত্ব প্রমাণ করা যায়। শুক্লপক্ষে ২গা, ৩গা অঞ্জির সময় सम्बद्धमा वित्मवक्रम भन्नीका कवित्रा व्यक्तिरण व्यक्ति देवना यात्र रह हालत जालांकिक ७ जहकात्रमत जश्मत वाराक्षत्रकथा ঠিক রেথাকার নহে। ঐ ব্যবছেদ অতি অস্পষ্ট ও कृष्टिन धारा अक्षकांत्रमञ्ज अराज आत्मक पृत गरी छ शादन जालाक मुठे एत। अ नकन जालाक्यत दान नर्सछ-পুল ব্যতীত আর কিছুই নহে। উহাবের চরু:পার্যন্ত নিম-आर्म मक्न वथन अक्रकारत पुविता थारक, उथनक छेराता श्री। लाटक जात्नाकिक इटेबा ध्यकान श्रीत । अटे जकन পর্মত সরিহিত প্রান্তরের উপর বছদুর্ঘাশিনী ছারা विखात करत । पृत्रवीकनयजनाहारया थे नकन हांसा न्यंडे निक्छ इत्र अवर छम्। त्राहे के नक्न शर्वरकत छेक्। त्र निक्र-পিত হর। ঐ সকলের কোন কোনটার উচ্চার প্রার ৫।৬ মাইল, অর্থাৎ আমাদিগের হিমালয়াদির স্থাম। ভুতরাং পৃথিবীর ভুলনায় ছিমালয়াদি বেরূপ, চল্লের ভুল-নায় ঐ গৰুৰ পৰ্বান্ত অপেকাছত অনেক উচ্চ বলিতে ভ্টবে। চন্ত্রপৃঠে ছানে ছানে এরণ গভীর গহবর সকল चारिक्र इहेब्रास्ट द डेहास्वत गडीवरा পृथिवीय अक्टा প্রকাও পর্বতের উচ্ছারের সমান। ম্যাজ্লার, ডপাট্ প্রভৃতি চন্ত্রভাবীদ পশুভাগণ চল্লের অতি অক্ষর ও বিশদ মানচিত্র প্রস্তুত করিয়াছেন। পূর্ণিমার দিবস দূরবীকণ-नाहार्या हळमधन राजन पृष्टे स्त्र, फाहांत्र धक्की हिज



চন্দ্রমণ্ডল।

ক্রেন্তরা গেল। ঐ চিত্তে দেখা বাইভেছে বে চন্দ্রমন্তল

প্রোধানত: সূই ভাগে বিভক্ত। প্রায় ই ভাগ ক্রান্থিক
উজ্জন, ক্রবলিট ই ভাগ ক্রিব ক্ষুকাভ, উধাই চন্দ্রের ক্লুক।

ঐ ও ভাগ স্থান চল্লের নিরভূমি, ইহা অপেকাকৃত অক্প্র অবহার আছে। ইহার চতুর্দিকে উচ্চ উক্ত পর্কভ্রেণী বিরাজনান। মধাভাগেও স্থানে স্থানে হুই একটা ক্সুল পাহাড় ও গহবরাদি দৃষ্ট হর। পূর্বে এই অংশকে চল্লের সাগর বলিয়া লোকের বিশাস ছিল, একণে ভাহা ভূল বলিয়া প্রমাণিত হইরাছে। ঐ স্কল নিরভূমি একণে একবারে জলশ্র। হইতে পারে চল্লে এক সমর ভরানক প্রাকৃতিক বিপ্লব উপস্থিত হওরাতে সমুদ্র ঐ সকল হান হইতে সরিয়া সিরাছে। চল্লের প্রাকৃতিক তব্ পর্যালোচনা করিলে এই অনুমান নিভাত অসক্ত বলিরা বোধ হর না।

চল্লের পর্যাত নক্লাকে পঞ্জিতেরা জিন শ্রেণীতে বিভাগ করিরাছেন। ১ম—সমতল মধ্যে পিরিলেণী विक्रित थक अक्ती नर्कछ। नम्छन स्ट्रेट्ड धकरादा উত্তরবর্তী পিকো ( Pico )शिति खेश्रन । श्रद्धा क्षान्त मध्या मध्या केंद्र भारतक निति पृष्टे इता श्व-- नर्सक (अनी। हिमानत, चामिन् धाकृष्ठि भर्ब उत्यंभेत लात हत्त्व सूतीर्च ७ चकुक नर्सक्यनी चाह्। के नक्न नर्सक्यनी ककी विश्वीर्ग निम्न व्याख्यत्रत्र प्रकृतित्व अकृति व्याकीत्वव कात खन-विछ। धांबदात अन्त निष्क नर्क्ष ज्ञकन क्रमनिम हहेता ব্যত্তে মিশিরাছে। পৃথিবীর পর্যত্তেশীর পঠনের সহিত केशामत मामुक्त कारक । के मकन भन्ना छत केश्मिकत कारण महेश अत्मक मंडल्डन चाह्न। खानत्कत्र वक्र व देवाता **ट्रिक अकास्त्र आध्येत मुक्ति दाता कथन छैरुनत इ**र् नारे। जब कान कळाड मक्तित क्षेत्रांत केश्मत हरेश थाक्रिय। अन-हत्सन श्रहा नक्न। উहाना पाठीव ब्यकुठ ७ विषयक्रमक। हरत्यत्र ध्यात १ वर्ग धाई नक्त পতীর পহার অথবা চক্রাকৃতি গুলা বারা ব্যাপ্ত। ইহা-निर्मत बांबा हळामश्रम मशुहरकात छात्र मृहे हत । धहे नकन গহার অভি প্রকাশ্ত, কোন কোনটার ব্যাস প্রায় ৫০ ৷ ৬০ बाहेंग। क्रूज्जम श्रामित्र वामि ८०० किर्छेत्र नाम मरह। এह नकन खरात मूथ क्कू:भार्च स्टेट क्रमणः केळ खर निधातत নিকট গভীর কুপাকৃতি গহারুত্ব, এই দক্ত গহারের অভ্য-স্তরে চক্রাকৃতি সোপানমার্গ স্তরে স্তরে বিদ্যমান আছে। ठाळात व्यानक व्यान वाहे नकन शब्दत बाता वात्रण नमास्त्रत द्य, के अश्म अविकत मध्डक्रय धाकीतमाम इतः कहेवन अरा नकरनत्र मत्या छाहेरका (Tycho) क्रकी व्यथान। চিত্রে চক্রমঞ্জের উপরিভাগে বে উজ্জল স্থান ক্ইডে

আলোকমরী রেখা সকল বহির্গত হইরা চতুর্দিকে সিরাছে, উহাই টাইকো গুলা। টাইকোর দৃশ্য অতি বিসরকর। ইহার চতুর্দিকে প্রার ৫০ সাইল পরিমিত ছাদের চৌদিকে উচ্চ পর্যক্ত-প্রাচীর। কটাহাকার মধ্যভাগ স্ব্যক্তিরণে অত্যাদর্যাক্রণে উন্তাসিত। কেলোভিমুখে ভূমি প্ররায় উচ্চ হইরা পর্যভাবার ধারণ করিরছে। এই পর্যতের শৃল সাধারণ পর্যতের ভার নহে। ইহা এক প্রকাশ্ত স্থারের ভার। এই শৃলে উপনীত হইবাই অরুত হারকশাকারী দৃশ্য উপন্থিত হর। পর্যতেশ্য হউতে অপর্যক্তি আবার ক্রমনির না হইরা একবারে সপ্রণশ সহল্র ফিট গভীর ! এই গভীর কুপের বিভার প্রার বে মাইল, চতুর্দিকে আকাশশালী অসক্ষ্য প্রাচীর বিরাজমান। বাহির হইবার কোনকণ পথ মাত্র নাই।

কেবল টাইকো গুহাই বে এইরূপ গভীর তাহা মহে, চল্লের মেল্লেশে এমন অনেক গহ্বর আছে যে ভাহারের অভ্যন্তরে কোন কালেই স্থ্যালোক প্রবেশ করে নাই। টাইকো হইতে যে আলোকমন্ব রেখা দকল বহির্গত হইনাছে, তাহার কোন কোনটা প্রায় ১৭০০ মাইল পর্যন্ত বিভ্ত। আরও অনেক গুহা হইতে টাইকোর স্থার আলোক রেখা বাহির হইরাছে দেখা বার। কোন কোন পণ্ডিত অমুমান করেন, উহারা গুহার চতুর্দিকত্ব বিদীর্ণ স্থান। কাহার কাহার মতে সে সমস্তই কঠিনীভূত থাতুমর প্রোত। ঐ সকল থাতুলোত অন্যাণি উজ্জল ভাবেই আছে। কারণ পৃথিবীর পর্যন্তানি ক্ষেম সর্যনাই জলবায়ু কর্তৃক পরিবর্ত্তিত হইতেছে, চল্জে জলবায়ু না থাকার একগাছি ভূপও জন্মে নাই এবং পর্যন্তাদির বা ঐ ধাতুলোতের কিছুমাত্র মালিক্ত সাধিত হর নাই।

চক্রবারা পৃথিবীত বারু ও অনুরাশির গতি অনেক পরি-নাপে পরিবর্তিত হয়। চক্রের আকর্ষণেই প্রধানতঃ জোরার ভাটা হয়। পূর্ণিমা ও অমাবাভার দিবস বারু প্রার পরিবর্তন হইতে দেখা বার। শরং ও বসস্তকালে ক্রের ক্রান্তিতে অবস্থিতি সমরে বায়ুর গতি প্রধানতঃ চক্র কর্তৃক সংঘটিত হইরা থাকে।

নাৰিক ও ভৌগোলিকরণ চক্র দেখিয়া কোন ছানের সক্ষাত্তর নিরূপণ করিতে পারেন :

চল্লের তিথি অনুসারে জনেক রোগের রাস বৃদ্ধি হর।
পূর্বে ইংরাজদিগের মধ্যে বিখাস ছিল বে উন্মন্ততা
( Lunacy )-ব্যাধি চল্লের শক্তিতে উৎপত্র হর। আমাদিপের শাল্লেও তিথিবিশেবে থান্যবিশেবের ভক্ষণ নিধিদ্ধ
আছে। শাল্লকারেরা রাশিচক্রেও অপরাশ্য রাশির সহিত

অব্যানতেবে চল্লের স্থিতি দেখিরা জন্মবিবাহানি বিধ্যের ভতাতত ক্ল নির্দেশ করিয়া নিরাক্তন গ

খুনীর ১৭শ শতাকী পর্যন্ত ইংলগুবাসী জনলাধারণ চক্র-পুলা করিত এবং তিথিতেদে কাঠছেদন, শভৰণনাদি কার্য্য ওত ও অওভ ফলপ্রাদ বলিয়া বিখাস করিত। ক্ট্রণও, জন্মি প্রকৃতি দেশেও ঐক্লপ বিখাস ছিল।

এংলো সান্ধন ও জর্মণ ভাষার চন্দ্র পুরুষ ও সূর্য্য স্ত্রী। ইংরাজী, রোমক ও গ্রীকভাষার চন্দ্র তী ও সূর্য্য পুরুষ।

(बि) २ व्याक्षामबनक। (खिकाख॰) ( शूर ) ७ कर्श्व। ४ वर्ग। ७ काम्मिना। (यमिनी) १ वीभविष्य। (मक्ष्याना) ৮ नामयिन्। (बि) २ क्मनीव। (शूर ) २० नम्बन्ध, (महक। (स्व) २२ प्यान मुकाकन। (गाकि) २२ शेवक। २० मृत्रीवा मक्क्ब। २८ वक मर्था। २४ हक्क छन्। व्याक्षित्र अस्त्र अस्त्र । १० मृत्रीवा मक्क्ब। २८ वक मर्था। २४ हक्क छन्। व्यावा स्वावा । १० वक्ष स्वावा । १०

১७ वहाष्ट्रमात्र भागवःनीत्र त्राक्तश्यत्र चाहिशूक्य ।

১৭ নেপাল্ড একটা গিরি।

চন্দ্ৰ, এই নাবে কএকজন দংশ্বত গ্ৰন্থকারের নাম পাওরাধার। তথ্যধ্যে—১ বিখ্যাত বৈয়াক্রণ, ইনি কাশ্মীরবাসী ছিলেন। (Bühler's Kashmir Report, p. 72.) [চন্দ্রগোমিন দেধ।]

২ প্রাকৃতভাষান্তরবিধান-রচরিতা।

७ महोजनगरम्य अक्सन मैकाकाव ।

हिता श्राविधारमण्ड हिल्लामा महीत वक्ती ध्रान छेनन । छेरा नाइन धाराय वात्रानाठा नित्रिवस्त्र व पक्तिनभूर्सस्कारन এক প্রকাপ তুবারকেত হইতে বহির্গত হইয়াছে। উৎপত্তি-স্থানের এক মাইল মাত্র দুরে ইহার গভীরতা এত অধিক त्य हैं। छित्रा भांत रखना यात्र मां। विकाशभूकी किन्नूरथ शांत्र दद माहेन भारत रिक्रमश्रम्भारत मधा विमानायत भागातम (धोठ क्तिए क्तिए >>६ मार्न अम्मन भन्न सांचि ११ > र्रूः, অক্ষাণ ৩২ণ ৩০ উ:, ভানীর নিকট ভাগানদীর সহিত মিলিত इहेब्राइ। छे९पछित्रान इहेट्छ १८ माहेन प्रवास निमेत उफ्तजीत नर्सजाकीर्, बक्रुरवात वानमाख वर्किक, रक्रवन-মাঅ গ্রীমকালে ক্ষেক্ষাস ছাগ মেব প্রভৃতির চারণ ভূমি इत । शानस्मानितिनद्धातेत्र निकृष्ठे चानित्रा थे ननी आत इ महिन नीर्च अक इनाकांत्र शांत्रन कतित्राहि। द्राहण्य भित्रिमक्टित मृनदम्भ हरेट ध्यंथम मञ्चानाम मुद्रे हत । ভংগরে হস্তনদী শক্তক্ষেত্র ও লোকালয়শোভিত অপেকা-कुछ धाखरमत धाखरत धारम करियाह । किन्त मिन जीत्र क्षकाश्व क्षकाश्व भर्मज्यम् महङ्गाता समीत क्रेडमभार्ष कृषित्रा क्यारहः क्षिक्षातः निक्षे अहेत्रण अक्शक टाउउ

নদীবক্ষ হইতে লম্বভাবে মাধার উপর ১১০০০ কিট উচ্চ। তান্দীর নিকট ভাগার সহিত মিলিড হইরা চক্র নদী চক্রভাগা নাম ধারণ করিরাছে। উৎপদ্ধিস্থান হইতে ডান্দী
পর্যান্ত চক্র নদী প্রতিমাইল প্রায় ৬৫ কিট্ করিয়া নির্গামী
হইরাছে।

চন্দ্র, অযোধ্যাপ্রদেশের সীতারামপুর কেলার অন্তর্গত একটা পরগণা। ইহার পশ্চিম সীমা লোমতী নদী, পূর্ব্ধ সীমা কঠনা নদী, দক্ষিণসীমা এই উজয় নদীর সঙ্গম ছুধুরামান এবং উজ্বন্দীমা থেরী জেলা। এই পরগণা ঘধাক্রমে বৈ, আহীর, দৈয়দ ও গৌড়দিগের অধিকারে আইসে। শেবোক্ত অধিকারীগণের আদিপুরুব কিরিমল্ল প্রায় ২০০ শতবংসর পূর্ব্বে এইস্থান অধিকার করেন। এধানকার সর্বস্মেত ১৫০ থানি গ্রামের মধ্যে কিরিমল্লের বংশধরগণ অদ্যাপি ১৩০টীর অধিকারী আছেন। ইহার পরিমাণ ১২৯ বর্গ মাইল, তর্মধ্যে ১১২ বর্গ মাইলে শস্ত উৎপন্ন হর। সাধারণতঃ ইহার ভূমি অসুর্ব্রর।

চন্দ্ৰক (পুং) চন্দ্ৰইৰ কান্নজি প্ৰকাশতে কৈ-ক। ১ বৰ্ছনেত্ৰ, ময়নপুচ্ছের হাঁদে।

"চক্রকচাক্রময়্রশিধ ওক্মগুলবলয়িতকেশন্।" (গীতগো॰)
২ নথ। (শক্ষচ॰) ৩ একপ্রকার মংস্ত, চাঁদামাছ।
ইহার সংস্কৃত পর্যায়—চলংপূর্ণিমা, চক্রচঞ্চলা, চক্রিকা।
বৈদ্যক মতে এই মাছের গুণ জনভিব্যন্দি, মধুর ও
বলবর্দ্ধক। (রাজনি॰)

<sup>®</sup>যাং চক্তকৈৰ্মদজলত মহানদীনাং।'' (মাঘ ৫।৪०) স্বাৰ্থেকন্। ৪ চক্ত। [চক্ত দেখ] ৫ চক্তম ও**ল**।

৬ (ক্নী) শিগুবীজ। ৭ খেত মরিচ। (রাজনি°)
চন্দ্রক, ১ একজন বিধ্যাত সংস্কৃত কবি। ক্ষেমেক্স উচিত্যবিচারচর্চার ইহার কবিতা উজ্ত করিয়াছেন। রাজতরক্রিণীতে লিখিত আছে, যে ইনি ভূজীনের রাজত্বালে নাটক
রচনা করিতেন। (রাজতর্কিণী ২।৭৬)

২ গোমতীর উত্তরপারে অবস্থিত স্বর্গভূমির অন্তর্গত একটা প্রাচীন গ্রাম। ভবিষা ত্রন্ধণ্ডের মতে এথানকার লোকেরা স্বাদেবের কোপে কুঠ ও চক্ষ্রোগাক্রান্ত হইবে।

. (ভ॰ ত্রন্ধণ্ড ৫৬।২০৫-২০৭)

চন্দ্র কলা (ত্রী) চন্দ্রত কলা ৬৩৭। ১ চন্দ্রের বোড়শভাগের একভাগ। [কলা দেখ] কামশাস্ত্র মতে এই দকল কলা ভিথি-ভেদে ত্রীলোকদিগের ভির ভির শরীরাবরবে অবস্থিতি করে। ভাহাদের নাম যথা—

পূবা, यमा, श्रमनत्रा, ब्रष्टि, खाखि, व्रष्टि, ब्रष्टि, स्त्रीन्।,

ষরীচি, অংগুমালিনী, অলিরা, শশিনী, ছারা, সম্পূর্ণমঞ্জনা, তৃষ্টি ও অমৃতা চক্রের এই বোলটা কলা। (কামণাজ্ঞ)

क्रज्यायन मर्ड-भागृजा, मानता, शृथा, कृष्टि, शृष्टि, श्रिज् ধৃতি, শশিনী, চক্রিকা, কান্তি, ক্যোৎমা, জী, প্রীতি, মুদ্দা, পूर्वा, अभूर्वा, अयुका ७ कामनात्रिमी ठाउरत वह कना शिक्त ক্লাবতী দীক্ষার অধ্যে পূজা করিতে হর। (রুদ্রহামল) চন্দ্রকর্ পংখ্রী) চন্দ্রকাইভাত মভূপ্মত ব:। ময়র। "প্রাহ্জবৎ সপদি চক্রকবান্ জমাগ্রাৎ।" (মাঘ) ভ্রিয়াংভীপ্। इस्क्वि शक्तिभाक्तवामी धक्कन विशाख बाक्र कवि। रैनि চाँपवत्पारे नार्य व्यक्ति । रैनि त्रपञ्च अर्एत ट्रोहान-বংশীর প্রাচীন কবি বিশলদেবের বংশসম্ভূত \*। কিন্তু তাঁহার वः मध्य ऋत्रमात्र कवित वर्गनाय खाना यात्र, हेनि खगाएवः भीय ছিলেন। দিলীখর পৃথীরাজের দরবারে আসিয়া ইনি मजीयम अवः "क्वीचत" উপाधि पारेबा बाक्कविकाप माना-নীত হন। ১১৯১ খুষ্টাব্দে তাঁহার প্রতিভা চারিদিকে ব্যাপ্ত হইয়াছিল। ইহার বিরচিত প্রধান কাব্যের নাম "পুথীরাজ রায় সা"। এই গ্রন্থে কবি তাঁহার প্রতিপালকের জীবনী ও তৎসাময়িক ঘটনাবলী নিবদ্ধ করিয়াছেন। পুস্তক্থানিতে ৬৯ প্রস্তাব ও ১০০০০ প্লোক লক্ষিত হয়। মহারাজ পুথীরাজ ১১৯৩ খুটান্দে কাগ্গার নদীর কুলে সাহাব্উদীন্ ঘোরির সহিত যুদ্ধে পরাস্ত হন এবং মুসলমানেরা তাঁহাকে বন্দী ও অন্ধ করিয়া প্রনীতে লইয়া যান। চাঁদ কবি তথায় পুথীরাজের महिज माका९ कतिएक यान । क्षिक चाह्न धार्म मान-कवि किছू छिरे पृथीता कत माकार नास्क ममर्थ इन नारे, অবশেষে তাঁহার মধুর গানে কারারক্ষক মোহিত হইয়া তাঁহাকে অন্ধ পুথীরাজের সহিত দেখা করিতে দেয়। এথানে চাঁদ কোন ক্রমে খোররাজকে বিনাশ করিয়া নিজ প্রতি-পালকের সহিত আত্মহত্যা করেন। খুষীর সপ্রদশ শতাব্দীর প্রারন্তে মিবাররাজ অমরসিংহ টাদপ্রণীত কবিতাগুলি সংগ্রহ করেন।

পৃথীরাজরাসা পুর্বের রাজপুতানার ভাটদিপের মুথে মুথে ছিল, সেই সময়ে ভাটেরা এই মহাগ্রছে অনেক অপ্রাচীন ও অনৈতিহাসিক কথা চুকাইরাছেন এবং নিজেদের স্থবিধার জ্যু স্থানে স্থানে ভাষারও পরিবর্ত্তন করিয়ছিলেন। অমর-সিংহ সেই অবস্থায় পৃথীরাজরাসা সংগ্রহ করেন। এই সকল অনৈতিহাসিক ও অপ্রাচীন কথা দুটে মেবারের বর্ত্তমান রাজকবি শ্রামলদাস পৃথীরাজরাসাকে টাদকবি-রাচিত বলিয়া শীকার করেন না। তাঁহার মতে কোন

<sup>•</sup> Todd's Rājasthan, II. 447.

একজন প্রচত্তর কবি খুলীর সংগ্রদশ শৃতাকীর পুর্বে টাদ-कवित्र नाम नित्रा अरे श्रष्ट्, धारात कद्रन । हातुकवित्र नाम শুনিয়া ব্রাক্ত থানের ভিন্ন ভিন্ন প্রদেশের ভাটগণ ভদক্ষসারে রাজপুতরাজবংশাবলী কল্পনা করেন, তাই রাজপুতানার নানান্তান হইতে আবিষ্ণত শিলাফলক ও ভাষ্ট্ৰশাস্থ-বৰ্ণিত-वः भावनी . ७ त्राबाकात्नत महिल छात्रेनितात श्राप्तत क्षेत्रा নাই। বেই জ্বন্ত মহাত্মা উডগাহেবের রাজভানের ইতিবৃত্ত लम्मा इत नाहे । भागनमात्मत् धावक भांठ कतिया कातीय একজন পণ্ডিত রাজকবির প্রতিবাদ করিয়া প্রকাশ করেন, যে বিভিন্ন সময়ে রাজ্যানের ভাটদিগের হারা উক্ত মহাগ্রন্থে অনেক কথা প্রক্রিপ্ত হইলেও উক্ত মূলগ্রন্থ थाक्ष के वानवर्मा है बहना करतन। थुडीय वाष्म भाजाकीत প্রর্বভী কবিদিগের বর্ণনা বারা ভাষা প্রমাণিত হয় ‡। [সুরদাস ও শারন্ধর দেখ।] উক্ত পৃথীরাজ্রাসা ব্যতীত চাৰকবি কনোজরাজ জন্টাদের নামে "জনচন্দ্রপ্রকাশ" রচনা করেন। চাঁদবর্দাই এর কবিতা অতি মনোহর ও জদয়-উত্তেজক। এমন বীররসপ্রধান কবিতা ভারতে বোধ হয় আর নাই। যিনি অতি ভীক, তাঁহারও হৃদয় চাঁদের কবিতা গুনিয়া বীরমদে নাচিয়া উঠে। যুরোপীয় পণ্ডিতগণ চাদকে রাজ-পুত হোমার বলিয়া সম্বোধন করিয়া থাকেন।

মহাত্মা টড পৃথিরাজরাসার প্রায় ত্রিশহাজার কবিতা অফু-বাদ করিয়া গিয়াছেন। তাঁহার পর কিয়দংশসাত্র রবার্ট লেঞ্জ কর্তৃক ১৮০৬ খুরাদে ক্ষভাষায় ও তৎপরে এসিয়াটিক সোসাইটী কর্তৃক কত্তক ইংরাজী অফুবাদ প্রতাশিত হয়।

রাজপুতানার প্রচলিত সকল ভাষা, এ ছাড়া অপত্রংশ শৌরশ্রেণী প্রাকৃত ভাষা জানা না থাকিলে চাঁদকবির সকল কবিতা হদরজম করা যায় না।

২ অপের একজন কবি। ১৬৯২ খুপ্তালে ইহার জন্ম হয়। ইনি রাজগড়ের নবাব অ্লভান পাঠানের ভ্রাভা ভূপাল-রাজ বন্দনবাবুর সভাব কবি ছিলেন। ইনি স্থলভানের আদেশে বিহারীলাল চৌবে প্রণীত "শভদৈ" গ্রাহের টীকা রচনা করেন।

**हत्म को है कि** ( शूर ) व्यवत श्राविट क् ।

চন্দ্রকান্ত (পুং) চল্ল: কান্তঃ প্রিয়েখ্য । ১ কৈরব। ২ মণি-বিশেষ। ইহার প্রীয়েছ—চল্লমণি, চাল্ল, চল্লোপন, ইন্দ্ ক্ষে, চক্তাখা, সংপ্রবোপন, সিতাখা, চক্সদ্রাব, শশিকান্ত। বৈদ্যক মতে ইহার গুলু—স্মিত্ব, শিশির, শিবপ্রীতিকর, খচ্ছ, অস্ত্র, দাহ ও অনস্মীনাশক। ইহা হইতে উদ্ভব জুলের গুলু— বিমল, লঘু, কফ, পিত, মৃদ্ধ্য, অস্ত্র, দাহ, কাস ও মদাতার-রোগনাশক। (রাজ্নিণ)

ভোজরাজের মতে পূর্ণিমার চল্লের, সংস্পর্ণে যে অমৃত করণ হয়, তাহাকেই চল্লকাল্ভ বলে। ইহা কলিয়গে তুর্লভ। "পূর্ণেন্দুকরসংস্পর্শাদমৃতং অবতি ক্ষণাং। চল্লকাল্ডং তদাধ্যাতং তুর্লভং তৎকলৌ যুগে॥" (যুক্তিকরতক) তকামরপের একজন রাজা। কামরপ শব্দ হ০৫ পৃষ্ঠা দেখ। বিশী ও প্রীপণ্ডচন্দন। ৪ লক্ষণাত্মক চল্লকেত্র রাজধানী। চন্দ্রকান্তা (বী) চল্লং কান্তঃ লিয়ো যতাং। ১ রাতি। ২ চল্লপত্মী। ও পঞ্চদশাক্ষরপাদমৃক্ত ছলোবিশেষ। ইহার ১।৩।৪। বিভাচনে ১২।১৪।১৫ বর্ণজ্ঞ।

"চক্সকান্তাভিধা নৌ তৌ বিরাম: স্বরাটো।" (বৃত্তরত্ন। ট.)
চক্রকান্তি (ক্লী) চক্রত্বেব কান্তি ইন্স শুল্রজাং। ১ রোপ্য,
রপা। ভাবপ্রকাশে লিখিত আছে—মহাদেব ত্রিপুরাস্থ্রকে
বিনাশ করিবার জন্ম কোধে নেত্রপাত করিলে তাঁহার দক্ষিণ
নরন হইতে অগ্রিফ লিঙ্গ বাহির হয়, তাহাতে ডেজোন্য কলের উৎপত্তি এবং বাম চক্ষ্ হইতে অক্রেন্স্পতিত হয়,
তাহা হইতে রোপ্যের উৎপত্তি। [রোপ্য দেখ।]

२ ठटकात मीखि।

চিন্দ্রকাম, কোন রমণী কর্তৃক বশীকরণসাধন ঔষধ বা মন্ত্রালি প্রয়োগ ছারা বিমোহিত পুরুষের মানসিক পীড়া। (ইক্রজাল।). আরবী ভাষায় ইহার নাম সিনা।

চন্দ্রকামাপ্রিত (অি) ইন্ধনাল মতে চন্দ্রকামরোগাপ্রিত ব্যক্তি।

চন্দ্রকালানল ( ফ্রী ) চক্রবিশেষ। ( সময়ামৃত)

চন্দ্ৰকিত (তি) চক্ৰকো জাতোহত তারিকাদিভা ইতচ্। জাতচক্ৰ।

চন্দ্রকীর্তি (পং) চন্দ্রকাহতাত ইনি। মযুর। (জিকাও)
চন্দ্রকীর্তি (পং) পুদ্ধালিতমতাবলধী একজন বৌদ্ধাচার্য।
চন্দ্রকীর্তিসুরি, জৈনাচার্য্য হর্ষকীর্তির গুরু ইনি রক্তশেখরের
ছলঃকোশের দ্বীকা ও সারস্বতপ্রক্রিয়ার কীর্তিবৃদ্ধিবিলাসিনী নামে টীকা রচনা করেন। হর্ষকীর্তি সলিম শাহের
সমরে (১৫৪৫ → ৫০ খঃ আঃ) বিদ্যান ছিলেন, স্তরাং চন্দ্রকীর্তি তাঁহার কিছু পুর্বতন। এ

চন্দ্রকৃত (পুং ক্লী) কামরূপত্ব এক পবিত্র কুণ্ড। [চন্দ্রকৃট দেখ।] চন্দ্রকৃল (ক্লী) নগরবিশেষ। (শুক্সগুভি ৬৮।১)

<sup>†</sup> Journal Asiatic Society, Bengal, 1886, pt. I. p. 5 &c.
"On the antiquity, authent city and genuineness of Chand Bardai's epic the Prithiraj Rasa," by Kaviraj Syamai Das.

<sup>† &</sup>quot;The defence of Prithiraj Ra & of Chanda Bardai"; by Pandit Mohan Lal Visnu Lat Pandia (Banaras Medical Hall Press, 1887.)

চন্দ্রকুল্য় ( ক্রৌ ) কাশ্মীরে প্রবাহিত একটা নদী। (রাজতর্জিণী ১০৩২৯)

চন্দ্রকৃট (পুং) কামরূপন্থ একটা পাহাড়। কালিকাপুরাণের মতে চন্দ্র যথন কামাথ্যায় আদিবার জন্ম অর্গ হইতে অবতরণ করেন, তখন তাঁহার কিরণরাশি হইতে জল বাহির হয়। ইন্দ্র সেই জল লইয়া ব্রহ্মশিলার উপর নিজ নামে ও চন্দ্রের নামে একটা কুঞ্জ নির্দ্ধাণ করেন। চন্দ্রকৃত্তে সান করিয়া ইহার নিক্টন্ত চন্দ্রকৃটে উঠিয় চন্দ্রমার পূজা করিলে পত্নীর কখন সন্তানবিচ্ছেদ হয় না। এখানে লোকপাল ইন্দ্রের পূজা করিলে মন্ত্র্যা মহাফল প্রাপ্ত হয়। প্রতি অমাবভার চন্দ্র তিন বার চন্দ্রকৃট ও নন্দন পর্বত প্রাক্ষণ করেন। (কালিকাপুণ ৭৯ আ:)

চন্দ্রকৃপ (পুং) কাশীষ চন্দ্রকৃত পবিত্র কৃপভেদ।

"চৰুক্পজলে সাথা জগাহ নিয়মং ব্ৰতী।" (কাশীখা ১০ছা:)
চিকুক্তে (পুং) > লক্ষণের কনিষ্ঠ পুত্র। ভরতের কথার
রাম ইহাকে উত্তরদিকত্ব চক্রকান্ত দেশ প্রাদান করেন।
"চক্রকেতোশ্চ মল্লস্থ মাল্লস্মাং নিবেশিতা।

চক্রকান্তেতি বিখ্যাতা দিব্যা স্বর্গপুরী যথা॥'' (রামাণ ৭।১•২ সণ) চন্দ্রকোণা বালালা প্রদেশে মেদিনীপুর কেলার অন্তর্গত একটী সহর ও থানা। অক্ষা ২২ ৪৪ ২ % উ:, দ্রাবি ৮৭॰ ৩৩ ২০ পু:। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির সময়ে এই সহরে কোম্পানির একটা কুঠিছিল এবং তৎকালে সেথানকার তদ্ভবায়গণ স্থলর স্থলর বস্তবয়ন করিয়া কোম্পানিকে বছ মূল্যে বিক্রেয় করিত। কোম্পানি এই সকল মূলাবান্ বক্লাদি নানাদেশে চালান দিতেন। কোম্পানির কৃঠি উঠিয়া গেলে তস্ত্রবায়গণ থরিদার অভাবে বস্ত্রবয়ন পরিত্যাগ করিয়া ক্লবি-কার্যা আরম্ভ করিয়াছে। আঞ্চও এই সহরের অনেক তস্তুবার অতি সুন্দর সুন্দর বন্ধ প্রস্তুত করে। চক্রকোণার কাপড় আৰুও সৰ্বতা বিখাত। ১৮৯১ সালের লোকসংখ্যায় हेहात जिथिवानीत मःथा। ১১৩०२, उनार्या हिन्सू ১०৮৮२, মুসলমান ৪১৭। দেশাবলী নামক সংস্কৃত ভূগোলৈ লিখিত আছে, এই স্থান ব্রাহ্মণভূমির উত্তর দীমা।

চন্দ্ৰক্ষয় (পুং) অমাবভা। (মেদিনী)
চন্দ্ৰক্ষেত্ৰ তাশীনদীতীরস্থ একটী পবিত্র স্থান।
(তাপীথও ৫৫।১ অঃ)

চনদ্রগর্ভ (পুং) একথানি বৌদ্ধত্ত গ্রন্থ।
চনদ্রগিরি, মাজাল প্রেসিডেন্সির অন্তর্গত আর্কট জেলার
উত্তরভাগে অব্যতি একটা তালুক। এই তালুক কদণা
(কড়পা) নগরের স্মিতিত। প্রিমাণ্কল ৫৮৪ বর্গমাইল।

ইহাতে ছইটা সহর আছে, তন্মধ্যে চক্রণিরি একটা। ১০৫টা প্রাম ইহার অন্তর্গত। ইহার উত্তরভাগে পূর্বঘট পর্বত বিভ্ত, দক্ষিণভাগের অধিকাংশ কর্মেতনগর-পাহাড় ধারা পরিবাপ্ত। বস্তুত: ঐ তালুকের কতক অংশ পর্বত, কতক অংশ প্রতরময় ও অবশিষ্ট অংশ গিরিবাহিনী নদী কর্তৃক আনীত পলিবিশিষ্ট উপত্যকা ভূমি। এই তালুক উত্তর আর্কটের মধ্যে সর্বাপেকা অধিক উর্বর। জলাশন্ন সকল অতি উচ্চে অবস্থিত এবং স্থিতিত জলল হইতে যথেই গলিত পত্রের সার পাওয়া যায়। চক্রগিরির তৈলক ক্ষকগণ কঠিন পরিশ্রমী এবং ক্রবিকার্যা করিতে ভালবাদে। সন্তবতঃ ইহারাই জেলার মধ্যে উৎকৃষ্ট ক্রবক। প্রায় ৩০০ বর্গমাইল পরিমিত ভূমি অরগ্যমন্ত্র। সম্প্রতি এই সকল অরণ্য রক্ষা করিবার স্থবন্দাবন্ত হইয়াছে।

২ পুর্ব্বোক্ত তালুকের একটা নগর। ত্রিপতি টেসনের প্রায় ১৬ মাইল দক্ষিণে স্থবর্ণমুখী নদীর দক্ষিণে তাঁরে অব-স্থিত। অক্ষা ১০ ৩৫ ১৫ উ: এবং দ্রাঘি ৭৯ ২১ ৩০ পু:। এই নগরে তালুকের সরকারী আফিস, জেল ও ডাক্ষর প্রভৃতি আছে।

ইতিহাসে চন্দ্রগিরি অতি বিধাত। ১৫৬৭ খৃ: অংক তালিকোটে পরাজিত হইরা বিজয়নগরের রাজাগণ এই স্থানে আসিয়া বাস করেন। এই নগরের তুর্গ প্রার ১৫১০ খৃ: অংক নির্দ্মিত হয়। ১৬৬৪ খৃ: অংক উহা গোলকুণ্ডার সর্দারের করগত হয় এবং প্রায় একশত বৎসর পরে আর্কটের নবাব উহা অধিকার করেন।

১৭৫৮ খৃঃ অন্দেনবাব আবহুল বাহাব থাঁ ঐ হুর্গের অধিপতি ছিলেন এবং সেই গর্মেই পবিত্র ত্রিপতিনগরের
রক্ষাকর্ত্তা বলিয়া আপনার পরিচয় দিতেন। ১৭৮২ খৃঃ
অন্দেহারদর আলী ঐ হুর্গ জয় করেন এবং ১৭৯২ খৃঃ অন্দে
শীরদপত্তনের সন্ধির পূর্ব্ব পর্যান্ত ইহা সহিন্দ্রের অধীন
থাকে। চতুঃপার্শ্বর প্রদেশ হইতে প্রায় ৬০০ ফিট্ উচ্চ
একথণ্ড গ্রেনাইট প্রস্তরের পর্বতের উপর ঐ হুর্গ নির্দ্মিত।
ইহার অবস্থান ও গঠন এরূপ বলিয়াই পূর্ব্বকালে অজ্বের
বলিয়া গণা ছিল। এই নগরেই ইই ইগুয়া কোম্পানিকে
ক্ষোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ প্রদান করিবার সর্ব্যপ্রথম
সন্ধিপত্র লিখিত হয়। বর্ত্তমান চক্রাগিরি নগর হুর্গের পূর্বের
অবস্থিত, প্রাচীন নগরের ভ্রাবিশেবের উপর এক্ষণে
শহক্ষেত্র হইরাছে। এখানকার প্রাকৃতিক দৃষ্ট অতি
রমণীয়। চতুর্দিকত্ব ভূমি উর্ব্ররা। স্থানে স্থানে মন্দির
প্রবিণী প্রভৃতির ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া বায়।

চ মুদ্ গিরি, নাজাজ শ্রেদিডেন্সির অন্তর্গত দক্ষিণ কাণাড়া কোনার একটা নদী। সেধানকার লোকে ইহাকে পুই শিরি নদী বলে। ইহা সম্পাজির নিকট পশ্চিমঘাট পর্মত (অক্ষা॰ ১২॰ ২৭ ডি:, ডাঘি॰ ৭৫° ৪০ পূ:,) হইতে উৎপর হইরা পশ্চিমাভিমুখে ৬৫ মাইল গমনের পর কাসরগোড়ের তই মাইল দক্ষিণে (অক্ষা॰ ১২॰ ২৯ ডি: ও ডাঘি॰ ৭৫° ১ ৬ পূ:) সমুদ্রে পতিত হইরাছে। বভার সময় পশ্চিম ঘাট পর্মত হইতে বৃহৎ বৃহৎ কড়ি কাঠি কাটিয়া নদীত্রোতে আনীত হয়। কিন্তু অভ্য সময়ে নদীমুথ হইতে ১৫ মাইলের অধিক দূরে নৌকাদি যাইতে পারে না। নদীর বাম তীরে একটা হুর্গ স্থাপিত আছে।

চক্র গিরি মলয়ালম্ ও তুলুব প্রদেশের মধাবর্তী এবং তক্ষেণীয় জনপ্রবাদ অক্সারে নামার রমণীপণের এই পর্বত লত্যন করিতে নাই।

চ্ছু গুণ, চটুগ্রামের পার্ক্তাপ্রদেশে কর্ণকুলী নদীতীরে অব-তিত একটী গ্রাম ও থানা। ১৮৬৮ খৃ: অন্দ পর্যান্ত এই তানে কেলার সমন্ত বিচারালয়াদি ছিল, পরে উহা রালামাটিতে তানান্তরিত হটয়াছে। এই গ্রামে কড়ি কাঠ ও অভাভ পার্কতা দ্রবাজাত, তভুল, লবণ, মসলা, গোমেবাদি ও তামাক প্রভৃতির বাণিলা হয়।

চন্দ্রগুন্তি, মহিস্থরের শিলোগ জেলায় দিত পশ্চিমঘাট পর্কতের একটী শৃঙ্গ, ইহা সমুদ্রপৃষ্ঠ হইতে ২৮০৬ ফিট উচ্চ। অক্ষা ১৪° ২৭´ ৫´´ উ:, জাঘি ৭৪° ৫৮´ ২৫´´ পৃ:। পূর্বকালে এখানে বংশপরম্পরায় অনেক প্রাদেশিক স্ফারের গড় ছিল। ইহার সর্কোচ্চন্থানে পরশুরামের মাতা রেগুকার একটী মন্দির আছে।

চন্দ্র গুপু, ভারতের একজন প্রবল পরাক্রান্ত সমাট্। বিফু, ব্রক্ষাণ্ড, ফল ও ভাগবতপুরাণ মতে নল্লবংশের অবদানে কৌটিলা (চাণকা) নামক একজন ব্রাহ্মণ চক্রগুপকে রাজো অভিষিক্ত করেন। এ ছাড়া পুরাণে চক্রপ্তপ্ত সম্বদ্ধে আর কোন কণা নাই। বিফুপুরাণের টীকাকার লিধিয়াছেন—

"চন্দ্র গুপ্তং নন্দ হৈছব পড়াস্তরত মুরাসংজ্ঞ ত পুদ্রং মৌধ্যাণাং প্রথমম।"

চক্ত গুপ্ত নদ্দের মুরানামক এক পত্নীরই পুত্র, মৌর্য্য রাজগণের মধ্যে ইনিই প্রথম।

কিন্ত মুদ্রারাক্ষদের "মোর্ঘোন্ন্ন" ও "মত্তে জিরাং মোর্ঘ্য-কুলতা লন্দ্রীং" (মু॰ রা॰ ২ জঃ) ইত্যাদি বচনে চক্রগুপ্ত মোর্য্য ছিলেন এই মাত্র জানা যায়। আবার উক্ত নাটকের ৪র্থ অকে "মোর্ঘোহসৌ স্বামিপুক্রঃপরিচরণপর্যোধিত্রপুক্রন্তবাহং" মণারকেডুর এই বচন ছারা চক্ত গুরেক নন্দপুত্র বলিয়া গ্রাহণ করা বাইতে পারে।

কর্ণেল মেকেঞ্জি সাহেব (১) দক্ষিণদেশের একজন পণ্ডিত তের নিকট হইতে তৈলল অক্ষরে লিখিত একথানি সংস্কৃত গ্রন্থ হন, তাহাতে লিখিত আছে—

কলিযুগের প্রারম্ভে নন্দনামে রাজগণ রাজত্ব করি-তেন, তন্মধ্যে সৰ্কাৰ্থসিদ্ধি একজন, তিনি একজন মহাবীর এবং রাক্ষদ আপ্রভিত তাঁহার মন্ত্রীছিলেন। এই নলরাজের মুরা ও স্থনলানামে ছইটী মহিৰীছিল। এক সময়ে রাজা উভর রাণীকে সঙ্গে লইয়া এক সিদ্ধপুরুবের আ্রাশ্রমে উপ্তিত हन ও ভ कि छार व मिर कित्र भाम र्थो छ कति हा स्मेहे कन উত্তর রাণীর মাধার ছিটাইয়া দেন। স্থানদার মাণা হইতে ৯ ফোঁটা ও সুরার মাণা হইতে ১ ফোঁটা জল পড়ে। ১ ফোঁটা জল পড়িতে না পড়িতে মুরা আহতি ভক্তিভাবে ভাহা গ্রহণ করেন, ভাহাতে দিলপুক্ষ মুরার আহতি অহতিশয় প্রীত হন। বণাকালে মূরা একটা ক্লপৰান্ সন্তান আংসৰ করেন। তাহার নাম হইল মৌর্বা। কিন্ত স্থননা কোন সন্তান প্রাস্থ না করিয়া একতাল মাংসপিও প্রস্ব করিলেন। রাজ্মন্ত্রী রাক্ষ্য তাহা নয়পণ্ডে ভাগ করিয়া তৈলকুপীর মধ্যে রাখিয়া দেন। রাক্ষণের ষড়ে দেই নর গণ্ড হইতে ক্রমে ৯টা শিশু সন্তান জ্ঞমে এবং পিতৃপুরুষগণের নামালুসারে তাহারাই নব নক্ষ নামে খ্যাত হয়। রাজাস্কার্থসিছি ব্যাকালে নয়-পুত্রকে রাজ্য ও মৌর্যাকে দেনাপতিত প্রদান করিয়া রাজপদ পরিত্যাগ করেন। মৌর্যের একশত পুত্র জন্মে, তন্মধ্যে চক্সপ্তপ্ত সর্বাঞ্চলে শ্রেষ্ঠ। মৌর্যাপুত্রগণ শৌর্য্যে বীর্য্যে নবনন্দকে অতিক্রম করিলেন, তাহাতে গৌর্ঘার উপর নন্দগণের বড়ই আফ্রোশ হইল। তাঁহারা একদিন মোর্য্য ও তাঁহার পুত্রগণকে এক প্রপ্তাগৃহে নিমন্ত্রণ করিয়া সপুত্র পিতাকে বিনাশ করিলেন।

ঘটনাক্রমে সেই সমরে সিংহলরাজ একটা মোমের সিংহ পিজরে করিয়া পাঠান ও এই ভাবে পত্র দেন, "যদি আপোনার কোন আমাতা পিজর না খুলিয়া সিংহকে ছুটাইতে পারেন, তবে তাঁহাকে মহাপুরুষ বলিয়া স্বীকার করিব।" সিংহটী মোমে প্রস্তুত হইলেও জীবস্ত বলিয়া বোধ হইত। স্তুতরংং নলরাজ্যণ মহা মুস্কিলে পড়িলেন, খাঁচা না খুলিলে কিরপেই বা সিংহ চলিবে, ভাহা ভাহাদের সামান্ত বৃদ্ধতে

<sup>( &</sup>gt; ) See Wilson's Theatre of the Hindus, Vol. II. p. 114 &c., (Ed. 1835.)

আসিল না। তথনও চক্ত ওপ্তের প্রাণ্ বহির্গত হয় নাই, তিনি কহিলেন, "যদি আমার প্রাণরক্ষা হয়, তরে আমি 
ক সিংহকে দৌড় করাইছে পারি।" নব্নুন্দ চক্ত গুণ্ডের প্রাণ 
রক্ষা করিবেন বলিয়া অন্থীকার করিলেন। তথন চক্ত গুণ্ড 
কেটা লৌহদও উত্তপ্ত করিয়া পিল্লারত সিংহের গায়ে অর্পণ 
করিলেন। দেখিতে দেখিতে মোম গলিয়া সিংহম্প্রি অন্তর্গিত 
হইল। তাহাতে নন্দগণ চক্ত গুণ্ডের অন্ধনার গহবর হইতে 
তুলিয়া তাঁহার প্রাণরক্ষা ও যণেই ধন্দান করিলেন। এখন 
হইতে ক্তেপ্তর্প রাজার ভায় বাস করিতে লাগিলেন। চক্ত প্রের আজাত্বান্থিত, বাহু, সৌমাম্র্তি, বীরভাব ও উদার 
প্রেরতি দেখিয়া সকলেই তাঁহাকে ভালবাসিতেন। ক্রমে এই 
কল্প চক্ত প্রের উপর নন্দরাজগণের দারণ করিতে লাগিলেন। 
তাঁহারা চক্ত গ্রের প্রাণনাশের চেষ্টা করিতে লাগিলেন।

একদিন চক্রপ্ত দেখিলেন, একজন রাহ্মণ পারে একটী কুশ বিদ্ধ হইফাছিল বলিয়া ক্রন্যাগতই কুশগাছ ছিড়িতেত ছেন। চক্রপ্ত সেই ক্রোধনস্থভাব, রাহ্মণের আশ্রয় গ্রহণ করিলেন। এই রাহ্মণের নাম রিষ্ণুপ্তপ্ত। নীতিশাস্ত্র-বিদ্দি চণকের পুত্র বলিয়া ইহাক্তে লোকে চাণকা বলিয়াও ডাকিত। ক্রমে চক্রপ্তপ্তর, সহিত চাণকোর বেশ মিত্রতা জন্মিল। চক্রপ্তপ্ত মিত্রের নিকট নন্দ হইতে তাঁহার ছ্রবন্থার বৃত্তান্ত ব্যক্ত করিলেন। সেই ছংপের কাহিনী শুনিয়া চাণকা প্রতিজ্ঞা করিলেন, চক্রপ্তপ্ত শ্রমি নিশ্চয়ই তোমাকে মন্দের সিংহাদন প্রদান করিব।

এক দিন চাণকা কুধার্ত হইয়া নন্দের ভোকনাগারে প্রবেশ कतिरमन ७ श्रीधान कामरन विभिन्न ब्रहिस्मन नवनन চাণকাকে একজন সামাল ত্রাহ্মণ ভাবিয়া ঠাঁহাকে সেই ় উচ্চাসন হইতে উঠাইয়া দিতে আদেশ করিলেন। মন্ত্রীগণ তাহাতে অনেক আপত্তি করেন। কিন্তু নলরাজ্ঞগণ তাহা না গুনিয়া অত্যস্ত ক্রদ্ধ হইরা চাণকাকে টানিয়া তুলিয়া দিলেন। চাণকা তথন ক্রোধে আত্মহারা হইয়া শিখা খুলিয়া এই বলিয়া অভিশাপ করিলেন, "যভদিন না নন্দ্ৰংশের উচ্চেদ হইবে, তত্দিন আমি আর এ শিথা বন্ধন করিব না।" এই বলিয়া চাণকা তথা হইতে চলিয়া আসিলেন। চন্দ্র গুপ্তর নগর ছাডিয়া চাণকোর নিকট আসিয়া মিলিত হইলেন এবং নন্দবংশের উচ্ছেদের অন্ত মেচ্ছাধিপ शर्तर एक्टर का इत। न कति हाना। कथा इहेन, यनि यह अग्र হয়, তবে পর্বতেক্ত অদ্ধেক রাজা পাইবেন। তদমুসারে মেচছাধীশ সদৈত আসিলেন। নদ্দের সহিত যুক্ক চ্লিল। চাণকোর কৌশলে একে একে সকল गलह निহত इहेला। রাজ্যন্ত্রী রাজ্যন তথন আর উপার না দেখিয়া বৃদ্ধ স্ক্রিথিনিদ্ধিকে নগর হইতে গুপ্তভাবে বাহির করিয়া দিলেন।
রাজ্যনী চক্রপ্তপ্তর, অধিকৃত হইল। রাজ্য চক্রপ্তপ্তের
বিনাশের জয় ইক্রজালবলে এক বিষমন্ত্রী ক্রা প্রস্তুত্বিরা
পাঠাইয়া দেন। চাণক্য ভাহা জানিতে পরিয়া পর্বত্রাজকে ঐ
কন্যা অর্পণ করেন, ভাহাতেই পর্বত্রাজের মৃত্যু হর। পরে
চাণক্য পর্বত্রাজের পুত্র মলয়কেকুকে পিতৃনির্দিষ্ট অর্ক্রাজ্য
দিবার জয় আহ্বান করেন, কিন্তু নলয়কেতু ভীত হইয়া
অদেশে পলায়ন করেন। তৎপরে চাণকোর কৌশলে বনবাসী স্ক্রার্থিনিক্ষি অচিরে ইহলোক প্রিত্যাগ করিলেন।
রাজ্য ভাহা শুনিয়া মলয়কেতুকে আহ্বান করিয়া মেচ্ছুদৈছা
সাহায়ে মৌর্রাজকে আক্রমণ করেন। কিন্তু চাণকোর
কৌশলে রাজ্য চক্রপ্তির মৃত্রীত্রণ প্রদান করেন।

বৌদ্ধাচার্য্য বৃদ্ধঘোষরতিত বিনয়্পিটকের সমস্তপশা-দিকা দায়ী টীকায় ও মহানাম্যুবির ক্বত মহাবংশটীকায় চক্তপ্রপ্র (চক্তপ্রভো) (২) সম্বন্ধে এইরূপ পরিচয় পাওয়া যায়—

তক্ষণিলাবাসী চাণকা ধননন্দের নিকট নিভাস্ত ক্ষপমানিত হইয়া রাজকুমার পর্কতের সাহাযো গুপু চাবে বিদ্ধাারণো পলাইয়া আমেন। এখানে তিনি নিজ ক্ষমতাপ্রভাবে
একটা কার্যাপণকে ৮টা করিয়া ক্রমে আট কোটা কার্যাপণ
সংগ্রহ করেন। এই বিপুল অর্থবিংল উল্লোৱ অপর এক ব্যক্তিকে
রাজা করিবার ইচ্ছা হইল। ঘটনাক্রমে মোরিয় (মৌর্যা)বংশোদ্ভব কুমার চক্ষগুপ্ত ভাহার নয়নপথে পতিত হইলেন।

চক্রগুপ্তের মাতা মোরিয়নগ্রাধিপের (৩) পট্রমহিষী ছিলেন। একজন ছুর্লান্ত রাজা মোরিয়নগর অধিকার করিয়া মোরিয় (মোর্ম) রাজকে বিনাশ,করেন। সে সুময়ে তাঁহার পট্রমহিষী গর্ভবতী ছিলেন, তিনি জ্যেজ্ঞান্তার সাহায্যে বহুকত্তে প্রাইয়া প্রভাপুরে আসিয়া বাস করিছে থাকেন। যথাকালে সেই রাণীর একটী পুত্র সন্তান জ্বিলান। তিনি নক্রাত শিশুকে একটী মুৎপাত্রে শোয়াইয়া দেবগণের উপর নির্ভর করিয়া একটা গোঁয়াড্রের দরজায় রাধিয়া

<sup>(</sup>২) বুদ্ধবোৰ ও মহানামের এছ পালিভাবার লিপিত, ত্তরাং চক্রওওলের নামও এইলপ পালিভাবার আবাছে; কিন্তু সাধারণের বোধ-প্রায়ে জল্ভ মামগুলি সংস্কৃত আবারে লিখিত হইল।

<sup>(</sup>৩) বৌদ্ধান্তবিদ্ পতিতগণের মতে মোরির-নগর ছিলুকুণ ও চিত্রলের মধ্যবন্ত্রী উজ্জানক দেশের মধ্যে ছিল। [উজ্জানক শব্দ ও S. Beal's Records of the Western World, Vol. I. p. XVII. অইবা।]

গেলেন। বোৰরাজকে যেমন বুৰভ রক্ষা করিরাছিল, সেইরূপ চক্র নামে একটা বুৰভ সেই শিশুর নিকট থাকিত। সেই অবস্থায় একজন রাধাল দেখিতে পার। শিশুর অমুপমন্ত্রি নিরীক্ষণ করিয়া ভাহার স্থানের বাংসল্যভাব জন্মে। তথ্ন সে নিজ গৃহে শিশুকে লইরা গিরা লালন পালন করিতে থাকে। চক্র নামক বুষভ কর্তৃক শুপ্ত অর্থাৎ রক্ষিত হইয়াভিল বলিয়া শিশুর নাম হইল চক্রশুপ্ত ।

চল্রন্থ কিছু বড় হইলে তাঁহার প্রতিপালকের বন্ধ এক বাাধ তাঁহাকে আদর করিয়া লইয়া গিয়া নিজ ঘরে রাখে। এই গ্রামে চক্রপ্তপ্ত প্রতিদিন গোমেষাদি চরাইতেন। একদিন গ্রামন্ত অপর রাথালবালকদিগের স্থিত গোচারণ করিতে করিতে তাঁহার "রাজা রাজা" থেলা সাধ হইল। চক্রপ্ত রাজা হইলেন, অপর বালকেরা কেহ সামস্ত কেহ মন্ত্রী কেহ বা চোরডাকাত প্রভৃতি সাঞ্চিল। মনে মনে একটা বিচারালয় ছির হইল। চক্রপ্তপ্ত বিচারা-সনে বৃদিলেন। অপরাধী জুটিল। বিচারকেরা বিচার করিয়া তাহাদিগকে দোষী দাবাত্ত করিলেন। চক্রপ্তথ বিচার শুনিয়া স্ত্তন্ত হইয়া তাহাদের হাত পা কাটিয়া मिट्ड व्यादम्भ क्तित्वन । क्ष्मिंहातीश्य व्यम्न विवास "दिन्त । কুঠার নাই, কিরুপে কাটিয়া দিব।" চক্রপ্ত গন্তীরম্বরে कहित्तन-"ठऋकारश्वत चाराम, ट्यामता উहारात हाछ भा কাটিলা দাও। ছাগের শৃঙ্গই তোমাদের কুঠার।" রাজাদেশ প্রতিপালিত হইল, শুলের আঘাতেই তাহাদের হাত পা দ্বিথও হইয়া পড়িল। আবার ত্কুম করিলেন, "হাত পা জুড়িয়া দাও।" তৎক্ষণাৎ পূর্ববিৎ হাত প। জ্বোড়া লাগিল।

চাণকা এই অভ্তপূর্ব ঘটনা স্বচক্ষে দেখিয়া চমংকৃত হইলেন। বুঝিলেন চক্ষপ্তপ্ত সামাল রাথাল বালক নহে।
নিশ্চয়ই কোন রাজপুত্র। তথন চাণকা চক্ষপ্তপ্তকে
সঙ্গে করিয়া তাহার প্রতিপালকের নিকট উপস্থিত
হইলেন এবং ব্যাধকে সহস্র কার্বাপণ দিয়া কহিলেন,
"আমি তোমার এই ছেলেটীকে সকল বিদ্যা শিখাইব,
ইহাকে আমায় দাও।" অর্থের মোহিনী শক্তিতে বিমুগ্ধ
হইয়া ব্যাধ আর কোন আপত্তি করিতে পারিল না।

চাণক্য চক্রপ্তথ্যকে আপন আশ্রমে আনিলেন। এথানে তিনি পশমের উপর স্থাপ্ত গাঁথিয়া চক্রপ্তথ্যের কঠে বেইন করিয়া দিলেন। ঐ স্থাপ্তত্তের মূল্য প্রায় লক্ষ মুদ্রা হইবে। চাণক্য কুমার পর্বতকেও ঐরপ স্থাপ্তত্ত পরাইয়াছিলেন। অতি অলদিন পরে তিনি পরিচয় পাইলেন যে চক্রপ্তথ্য মোরিয়-(মোর্য) বংশীয় রাজকুমার।

একদিন ঐ তিন ব্যক্তি পর্মার আহার করিয়া এক নিভত নিকুঞ্জে সিয়া বিশ্রাম করিতে থাকেন। সকলেই নিম্রিত। চাণকোর অরো নিম্রাভদ হইল। ভিনি পর্বতকে তুলিলেন ও তাঁছার হাতে একথানি তীক্ষধার অসি দিয়া বলিলেন, "যাও চক্তপ্তপ্তের কণ্ঠ হইতে স্ত্রগাছি লইয়া আইন, ছিড়িয়া বা খুলিয়া আনিতে পারিবে না।" পর্বত অসি হল্তে অগ্রসর হইল, কিন্তু তাহার কার্য্যসিদ্ধ হইল না। এইরূপ পর দিন চাণকা চল্লপ্রকে নিদ্রিত পর্বতের কঠ-দেশ হইতে পুত্ৰগাছি আনিতে বলিলেন ৷ চল্লগুপ্ত আদেশ-পালনে অগ্রসর হইলেন, তিনি ভাবিলেন, ছিঁড়িবে না অথচ খুলিতে পারিব না, এরপ হইলে হত্ত আনিবার উপায় কি 
 তবে দেখিতেছি পর্বতের মন্তকচ্ছেদ ভিল্ল আর কোন পথ নাই। কি করেন চাণকোর আদেশ পালন করা চাই। তিনি অসির আঘাতে পর্বতের মণ্ড কণ্ঠ হইতে বিচ্ছিল করিয়া স্ত্রগাছি আনিয়া চাণকোর পদে অর্পণ করিলেন ৷ চাণক্য দেখিয়া গুনিয়া অবাক্ ! যাহা হউক. তিনি চলক্ষপের কার্যো সভ্ত হট্যা তাঁহাকে সকল বিদ্যা শিথাইলেন। এইরূপে ছয় সাত্রর্ষ পরে চল্রগুপ্ত একজন বিচক্ষণ পণ্ডিত হইয়া পড়িলেন।

চক্রপ্তথ যৌবনরাজ্যে পদার্পণ করিলেন। এতদিন পরে চাণক্য আপনার অভীষ্ট সিদ্ধির স্থযোগ পাইলেন। তিনি আপন সঞ্চিত ধন বাহির করিয়া সেই অর্থবলে বহু সংথ্যক সৈন্ত নিযুক্ত করিলেন। চাণক্যের আদেশে চক্রপ্তথ্য সেই বিপুলবাহিনীর অধিনায়ক হইলেন। এবার চাণক্য আপনার ছম্মবেশ পরিত্যাগ করিয়া কেবল জনাকীর্ণ নগর ও গ্রাম আক্রেমণ করিতে লাগিলেন। চাণক্য ও চক্রপ্তথ্যের আক্রমণে উৎপীড়িত হইয়া নগরবাসীগণ একত্র হইল এবং তাহাদের সম্মিলিত আক্রমণে চাণক্য ও চক্রপ্তথ্যের সৈন্তগণ বিপর্যান্ত হইয়া পড়িল। তথন উভয়ে রণহল পরিত্যাগ করিয়া বনে প্রবেশ করিলেন। উভয়ে রণহল পরিত্যাগ করিয়া বনে প্রবেশ করিলেন। উভয়ে পরামর্শ ছিয় হইল যে "ঘথন যুদ্ধে কোন ফলাফল ছির হইতেছে না, তথন ছম্মবেশে জনসাধারণের অভিপ্রায় জানা উচিত।" অনন্তর উভয়ে ছম্মবেশে নগরে নগরে ঘ্রিয়া সাধারণের কথাবার্ত্তা শুনিতে লাগিলেন।

এক দিন উভয়ে একগ্রামে উপস্থিত ছইলেন। এখানে একজন রমণী তাহার পুত্রকে অপূপ থাওয়াইতে ছিলেন। সেই শিশু চারিধার না পাইয়া কেবল পিইকের মধ্যত্তল থাইতেছিল, ভাহা দেখিয়া রমণী পুত্রকে বলিল—"ভোর কার্য্য ঠিক চন্দ্রগুপ্তেরে রাজ্যক্ষরে মত। পিঠার চারিপাশ আংগে না

থাইরা যেমন মাঝপান থাইতেছিস্, চক্র গুপ্ত তেমনি রাজ্য-লোভের উচ্চ আশার মত্ত হইরা আগে সীমান্তখান জ্বর না করিয়া একবারে রাজ্যের মধ্যে আসিরা নগরাদি আক্রমণ করিতেছে। এ তাঁহার মুর্থতা বটে।"

এবার চক্সপ্তথ মাপনার দোষ বৃথিতে পারিলেন। আবার বছতর দৈন্য সংগৃহীত হইল। এবার চাণক্য ও চক্সপ্তথ উভয়ে প্রথমেই সীমান্ত প্রদেশ সকল আক্রমণ করিতে লাগিলেন(১)। অবশেষে তাঁহারা পাটলীপুত্র আক্রমণ করিয়াধননন্দকে নিপাতিত করিলেন।

চাণকা সহসা চক্সগুপ্তকে সিংহাসন প্রাদান করেন নাই।
অত্যে একজন ধীবরকে অর্দ্ধেক রাজ্য দিবার লোভ দেখাইয়া
নন্দের গুপ্তকোষাগার অবগত হন। সেই সমস্ত গুপ্তধন
সংগ্রহ করিয়া চক্সগুপ্তকে পুষ্পপুরের সিংহাসনে অভিষক্ত
করিলেন। চক্সগুপ্ত জতিলা মন্যতর্প (মনিয়তপ্রো) নামক
তাঁহার এক পূর্মপ্রিচিত ব্যক্তিকে ডাকিয়া তাঁহাকে
রাজ্যের শান্তিবিধান করিতে অন্ত্মতি করেন। রাজাদেশে
ক্তিলা রাজ্যের স্পৃত্ধালা স্থাপন করিলেন।

চাণকা দেখিলেন যে চক্রপ্ত ওঁহারই কৌশলে আজ সমুচ্চ রাজপদ লাভ করিয়াছেন, হয়ত ওঁহাের অজ্ঞাতে সেই চক্রপ্ত কোন ছষ্টবাজির বিষপ্রয়ােগে নিহত হইতে পারেন। এই ভাবিয়া তিনি চক্রপ্তপ্তকে অল্ল অল্ল করিয়া। বিষপান অভ্যাস করাইলেন। হতরাং কেহ যে বিষ খাওয়াইয়া চক্র-প্তথের প্রাণবিনাশ করিবেন, তাহাতেও আর কোন সন্দেহ রহিল না।

চক্তপ্ত তাঁহার জ্যেষ্ঠ মাতৃলের কনাকে বিবাহ করিয়া তাঁহাকেই পাটরাণী করিলেন। ঐ মাতৃলই তাঁহার মাতার সহিত পুষ্পপুরে আসিয়াছিলেন।

যথাকালে রাজমহিষী গর্ভবতী হইলেন। একদিন চাণক্য
যথারীতি চক্রগুপ্তের থাদ্যাদি পাঠাইয়া দিয়া গুপ্তভাবে
অবস্থান করিতেছিলেন। চক্রগুপ্ত আদের করিয়া যেমন
রাণীর মুথে আহার তুলিয়া দিতে ঘাইবেন, চাণক্য ক্রতবেগে
আসিয়া রাজাকে নিবারণ করেন, কিন্তু একগ্রাস রাণীর
মুথে গিয়াছে শুনিয়া ভিনি তৎক্ষণাৎ তাঁহার মন্তকছেদন
করিলেন এবং রাণীর উদর বিদীর্ণ করিয়া গর্ভস্থ ক্রণকে
লইয়া ছাগের গর্ভে শেলাই করিয়া রাথেন। এইরূপে সাভ
দিন সাভটী ছাগের উদরে রাথিয়া তৎপরে সেই নবজাত
শিশুকে ধাতীর হত্তে অর্পণ করেন। সেই শিশুর গায়ে

ছাগদের একবিন্দুরক পড়িয়াছিল বলিরা তাহার নাম বিন্দুবার হইল। (মহাবংশটীকা)(২)।

মহাবংশ-টীকাকার শেবে লিথিরাছেন যে হিন্দুপ্রছে নদ্দরাজের পুনর্জীবন লাভের কথা আছে (৩১, কিন্তু তাহা ঠিক নহে, চক্রগুণ্ডের মৃতদেহে দেবগর্জ নামক যক্ষ কর্তৃক পুনর্জীবন সঞ্চার হইয়ছিল, কিন্তু চক্রপ্রপ্রের পুরোহিত ব্রাহ্মণ তাহা জানিতে পারেন এবং বিন্দুসার নিজ অসির আঘাতে তাহাকে বিনাশ করিয়া মহাসমারোহে পিতার সমাধিকিয়া সমাধা করেন।

প্রসিদ্ধ জৈনগণ্ডিত পদ্মনন্দিরগণি-বিরচিত ঋষিমণ্ডল প্রকরণবৃত্তি নামক গ্রন্থে দিখিত আছে—

চক্সপ্ত চাণক্যের সাহায্যে নন্দকে উচ্ছেদ করিয়া পাটলীপুত্র শাসন করিতেন। তাঁহার প্রানাদে শক্তগণের হননার্থ প্রত্যহ বিষ প্রস্তুত হইত। এক দিন চক্রপ্তপ্ত ও তাঁহার গর্ভবতী মহিষী হুর্ধরা অমক্রমে বিষাক্র থাদ্য আহার করেন, চাণক্য তাহা দেখিয়া উভয়কেই নিবারণ করেন। কিন্তু তথন হুর্ধরা অনেকটা বিষ খাইয়া ফেলিয়াছে, তাঁহার আর জীবনের আশা নাই ভাবিয়া চাণক্য অবিগছে রাণীর উদর বিদীণ করিয়া শিশুকে বাহির করেন। সে সমরে শিশুর মাথায় এক বিন্দু রক্ক পড়িয়াছিল বলিয়া তাহার নাম হইল বিন্দুগার। (ঋবিমণ্ডলপ্রাক্রণবৃত্তি)

পাশ্চাত্য প্রাচীন ঐতিহাসিকগণ (৪) চক্ত গুপ্ত সম্বন্ধ অর বিস্তর লিখিয়া গিয়াছেন। তাঁহাদের সকলের মতেই চক্ত গুপ্ত গাল্যপ্রাদেশ (Gandaridæ) ও প্রাচী (Prasii) দেশের রাকা ছিলেন।

জ্ঞাটিনস্ লিথিয়াছেন, এই রাজা অতি নীচ বংশোন্তব। নৈববলেই তিনি রাজ্যলাভ করিয়াছিলেন। কোন সমরে তিনি আলোকসান্দারের সহিত দেখা করেন। (৫) কিন্তু তাঁহার ক্লক কথার আলোক্সান্দার কট হইয়া তাঁহার প্রাণ-

- (২) টাকাকার লিপিয়াছেন চল্রগুণ্ড সম্বন্ধে বিস্তৃত বিবরণ জানিতে ছইলে উত্তরবিহারের পেরো রচিত ''অথক্ধা'' নামক গ্রন্থ দেঔবা।
- (৩) বৃহৎকথা বা কথাসরিৎসাগর আছে নন্দের মৃতদেহে পুনর্জীবন-স্ঞারের বিবরণ লিখিত জাছে। [নক শংক বিভূত বিবরণ দেখ।]
- (৪) পাকাত্য প্রাচীন ঐতিহাসিকগণের মধ্যে ডিওডোরস্ সিকিউলস্ (Xandrames), কুইন্টাস্ কাটিরাস্ (Aggramen), জটিনস্ও মেগেছিনিস্ (Sandrocottus or Sandrokoptos) এবং স্টার্ক (Andracottus) নামে চন্দ্রগতের উল্লেখ করিরাছেন।
- (α) মুটার্কও লিখিরাছেন যে, যথন চক্রঞ্জের সহিত আংলেক্-সালারের দেখা হন, তথন চক্র বালক মাতা। তাছার নীচ্বংশে জন্ম বলিয়া আংলেক্সালার তাছাকে মুবার চকে দেখিরাছিলেন।

 <sup>(</sup>১) মূলারাক্ষে লিখিত আছে—এই বুদ্ধে পর্বতেবর, শক্ষ্ ঘবন,
 কাথোল ও পার্দিক দৈল চল্লওথকে সাহাব্য করিয়াছিল।

দতের আদেশ করেন। শেবে তিনি পলাইরা সিরা রক্ষা পান। নানাছান ঘ্রিয়া অতিশ্র ক্লান্ত হইরা এক স্থানে বসিয়া পড়েন, একটা বৃহৎ সিংহ লোলজিহবা বিস্তারপূর্কক তাঁহার নিকট আসিয়া উপস্থিত হয়, কিন্ত ওাঁহাকে দেখিয়াও পশুরাজ কোন অনিষ্ট না করিয়া চলিয়া ঘায়। তাহা দেখিয়া চক্রগুপ্তের হাদয়ে অক্ট্ আশার সঞ্চার হইল। তিনি সাম্রাজ্য ছাপনের জন্ত অনেক দ্যাদল সংগ্রহ করিলেন তাহাদের সাহাযো গ্রীকনৈশ্যদিপকে পরাস্ত করিয়া সিন্ধুনদ-প্রবাহিত প্রদেশ অধিকার করিলেন। (Justinus, XV. 4)

ডিওডোরস্ লিপিয়াছেন—জালেক্সান্দার ফিজিয়াসের মৃথে শুনিয়াছিলেন যে সিলুর পরপারে মরুভূমির মধ্য দিয়া ১২ দিনের পণ গমন করিলে গঙ্গাতীরে উপস্থিত হওয়া যায়। ইহার পরপারে চল্লের (Xandrames) রাজ্য, জাহার বিশহাজার আখারোহী, তৃই লক্ষ পদাতি, তৃই হাজার রথ ও চারি হাজার হত্তী আছে। এ কথা আলেক্সান্দারের বিশ্বাস হয় নাই, কিন্তু পুরুকে জিজ্ঞাসা করায় জাহার সন্দেহ দূর হইল। পুরুরাজ আরও বলেন যে গাল্যপ্রদেশের সেই রাজা অভিনীচ বংশোন্তব নাপিতের পুত্র। নাপিত অতি স্পুরুষ ছিল, তাহার রূপে মৃথ্র হইয়া রাণী তাহার সহবাস করে। সেই তৃষ্টা রাজাকে মারিয়া ফেলে। তাই এক্ষণে তাহার পুত্র রাজা হইয়াছে। (Diodorus Siculus)

কুইণ্টাদ্ কার্টিয়াস্ও ডিওডোরাসের মত চক্ত গুপ্তের বিপুল সমৃদ্ধির বর্ণনা করিয়া শেষে বলিয়াছেন যে প্রজাগণ সকলেই এই রাজাকে ভুচ্ছ তাচ্ছিলা করিয়া পাকে।

 আরিয়ান্ ট্রাবো, আপিয়ানস্ প্রভৃতি অনেক গ্রীক গ্রন্থ-কারই চক্রপ্রপ্রের সমুদ্ধির পরিচয় দিয়াছেন।

ডিওডোরাদের বর্ণনায় জানা যায়, ঐকসেনানায়ক ফিলিপের হত্যাকাণ্ডের পর আলেক্সালার ইউডিমস্ও তক্ষ-শিলকে পঞ্জাব শাসনের ভারার্পণ করেন। কিন্তু ৩২৩ খৃঃ পুর্বান্দে আলেক্সালারের মৃত্যুর পর ইউডিমস্ নিজে রাজা হইবার আশায় তাঁহার সেনাপতি ইউমেনিসের দ্বারা পুরুরাজকে হত্যা করেন। (Diodorus—XIX. 5.)

কাহারও মতে চক্তপ্তথ পুরুরাজের হত্যাকাণ্ডে শিপ্ত ছিলেন। ৩১৭ খৃ: পূর্বান্দে ইউডিমল্ দেনাপতি ইউমেনিদের নাহাযার্থ ৩০০০ পদাভি ৫০০০ অখারোহী এবং প্রায় ১২০টা হত্তী লইয়া গবিনি-রণক্ষেত্রে উপস্থিত হন। এই অবকাশে চক্তপ্ত জাতীয় স্বাধীনতা উদ্ধারের জন্ত দেশীয় সামস্তবর্গকে উত্তেজিত করিয়া ভারত হইতে গ্রীকদিগকে বিতাড়িত ও পঞ্চাব অধিকার করেন। (Justinus—XV. 4.)

ইাবো লিখিরাছেন, ইহারই অনতিকাল পরে সেলিউকদ্
নিক্টের পুনরার প্রীক্রালা হাপনের জন্ত চক্রগুপ্তের সহিত
বৃদ্ধ করিতে আসেন। কিন্তু তাহার সহিত চক্রগুপ্ত মিত্রতাল পাশে বন্ধ হন। মেগেছিনিস্ লিখিরাছেন, এই সময়ে সিলি-উক্স চক্রগুপ্তকে আপনার কন্তা সম্প্রদান করেন। প্লুটার্ক লিখিরাছেন, চক্রগুপ্ত ৫০০ হতী উপঢৌকন দিয়া সিলি-উক্সের সম্মান রক্ষা করেন। সিলিউক্সের আদেশে গ্রীকদৃত গেগেন্ডিনিস্ পাটলীপুত্র (Palembothra) নগরে চক্রগুপ্তর সভায় উপস্থিত ছিলেন। মেগেন্থিনিস্ চক্রগুপ্ত ও তাহার রাজ্যের অবস্থাদি বণনা করিয়া গিরাছেন, তৎপাঠে জানা যার বে চক্রগুপ্তের ক্রনাবারেও চারিলক্ষ লোক উপস্থিত থাকিত। প্লুটার্ক একস্থানে লিখিয়াছেন যে চক্রগুপ্ত ছয়লক্ষ সৈন্য লইয়া সমস্ত ভারত্বর্য কয় করিয়াছিলেন। শ্রাবণবেল্গোলা হইতে আবিক্বত প্রাচীনতম থোদিত শিলাক্ষলকে লিখিত আছে যে চক্রগুপ্ত শ্রুতকেবলী ভদ্রবাহর সহিত উজ্জন্ধনীতে গমন করেন।

কেন্ সময়ে চক্রপ্ত পাটলীপুত্রের সিংহাসনে অধিরোহণ করেন এ সম্বে মতভেদ লক্ষিত হয়। স্কলপুরাণে কুমারিকা-মতে লিখিত আছে — "তত্ত্তিমু সহস্রেষু দশাধিক শত্ত্রয়ে। ভবিষয়ং নন্দরাজ্যক্ষ চাণক্যো যান্হনিষ্যতি॥" (৩১ অঃ)


কলির ৩৩১ • বর্ষ হইলে নদের রাজ্য হয়, নন্দকে চাণক্য বিনাশ করিবেন। এখন কলির ৪৯৯৫ অন্ধ, স্কুতরাং কুমারিকাখণ্ডের মতে (৪৯৯৫—৩৩) • = ) ১৯৮৫ বর্ষ পূর্বে অর্থাৎ ২০৯ খৃষ্টান্দে নন্দের বিনাশ ও চক্ত গুপ্তের রাজ্যারোহণ हरेम्रा थाकित्व। त्रोत्रांगिक वहत्व हरेला छ । क्यांन चात्री নির্ভর করা য।ইতে পারে না, কারণ গ্রীক ইতিহাদ দ্বারা সর্কবাদীসমাতিক্রমে প্রমাণিত হইয়াছে যে ৩২৩ খৃষ্ট পূর্কাকে অর্থাৎ কুমারিকাথও বর্ণিত সময়ের প্রায় ৫০২ বর্ষ পুরের মহাবীর আলেক্দাল্লারের মৃত্যু হয়। ইতিপুর্কে লিখিয়াছি त्य चालकनान्नात्त्रत नमग्र ठळा ७४ त.का इटेग्राहित्नन, किञ्च তখন তাঁহার বয়স অনল। এরপ ফলে ৩২৩ খুট পূর্কাকেরও পূর্কে চক্ত গুপ্তের প্রথম রাজ্যাভিষ্কে হয়। উইলসন্, কোল-ক্রুক, টার্ণার, প্রিক্ষেপ প্রভৃতি পাশ্চাত্য প্রাকৃতত্ত্বিদ্গণ চক্স-গুপ্তের প্রকৃত সময় নিরূপণে যথেষ্ট আরাস স্বীকার করিয়া-ছেন, অবশেষে প্রাদিদ্ধ বৌদ্ধান্তবিদ্ রিস্ডেডিভ স্থির করেন বে চক্রপ্ত প্রায় ৩২০ খৃঃ পূর্কাকে রাজ। হন (৬)। জামাদের বিবেচনায় চন্দ্রগুপ্ত ঐ সময়ের পূর্বের রাজা হইয়াছিলেন, কিছ সভবেতঃ ঐ সময়ে তিনি রাজচক্রবর্তীক্রণে গণ্য হন।

<sup>(\*)</sup> Numismata Orientalia, (1877) p. 41—"On the Ancient coins and measure of Ceylon." By T. W. Rhys Davids.

চক্ত গুপ্তের মৃত্যুর পর তৎপুত্র বিন্দুসার রাজা হন। রাজা রাজে ক্রালের মতে "নেপালীবৌদ্ধগ্রছ পাঠ করিলে বিন্দু-সারকে চক্রপ্তপ্তের পুত্র বা মৌর্যাবংশীর বলিরা বীকার করা যায় না। চক্রপ্তপ্ত মৌর্যাবংশের প্রথম ও শেষ রাজা" (৭)। কিন্তু যথন সকল প্রধান পুরাণে, দীপবংশ ও মহাবংশ প্রভৃতি প্রামাণিক বৌদ্ধগ্রাছে বিন্দুসার চক্রপ্তেরের পুত্ররূপে বণিত হইরাছেন, তথন এ সহদ্ধে কোন সন্দেহের কারণ নাই। [চাণক্য, বিন্দুসার প্রভৃতি শব্দে অপর বিবরণ ক্রেইব্য।]

**हिस्तु श्रुश: १ विकलन महा প্র ভাগশালী গুরু সমাট্ ও ম**হা-রাজাধিরাজ সমুদ্র ওপ্তের পিতা। ইহার অপর নাম বিক্রম বা विक्रमामिलाः हिन निष्क्विताक्ष्रहिला क्रमात्राम्बीत शानि গ্রহণ করেন। মেহরোলীর থোদিত শিলাফলকে চক্র নামে একজন রাজার নাম পাওয়া যায়, কেহ কেহ তাঁহাকে মিহির-কুলের কনিষ্ঠ ভ্রাতা বলিয়া অনুমান করেন, কিন্তু ঐ লিপির অকর ও সমুদ্রগুপ্তের সময়কার গুপাক্ষরে পরস্পর সৌসাদৃগ্র থাকার, উহাচক্রপ্তথের সময়ের শিলালিপি বলিয়া গ্রহণ করা ঘাইতে পারে। অপরাপর গুপ্তসমাট্গণের শিলাফলকে "ভাগবভ" নামে যেমন তাঁহাদের পরিচয় আছে, মেহরৌলীর লিপিতেও দেইরূপ "ভাগবত" আখ্যা দৃষ্ট হয়। এই ফলকে লিখিত আছে যে চক্র বঙ্গ হইতে সিন্ধু বাহিলক পর্যান্ত সমস্ত कनभन काम कतिमाहित्नन । हेराएक (वाध रम हेनिरे खरी-রাজগণের মধ্যে সর্লপ্রেথমে সমস্ত উত্তর ভারত জয় করিয়া মহারাজাধিরাজ উপাধি গ্রহণ করেন এবং নৃতন (গুপ্ত) সম্বৎ প্রচলন করেন। গুপ্রসমাট্গণের ইতিহাসে ইনি ১ম চক্রপ্র नाम था। छ। [ श्रश्जाक्षवश्म मक (प्रथ।]

২ অপর একজন গুপ্তসমাট, ২য় চক্রপ্ত পামে খ্যাত। ইনি মহারাজাধিরাজ সমুদ্রগুপ্তের "প্রিগৃহীত" পুত্র ও দত্তদেবীর গর্ভজাত। ইহার অপর নাম বিক্রম বা বিক্রমান্ধ, ও দেবরাজ। ইনি (নেপালরাজ গ্রুবদেবের ক্তা) গ্রুব-দেবীকে বিবাহ করেন। দিখিজয় উপলক্ষে উদয়গিরি প্রভৃতি



চন্দ্র থকা।

ভারতের নানাস্থান দর্শন, অনেক কীর্ত্তিস্থাপন এবং অনেক দেবোত্তর ও ব্রহ্মাত্তর দান করেন। ইহার সময়কার থোদিত

(9) Dr. R. Mitra's Indo Aryans, Vol. II. p. 418.

শিলালিপি পাঠে জালা যায় যে ইনি ৮১ হইতে ৯৪ গুপ্তসম্বৎ (৪০০ হইতে ৪১০ খৃ: আ:) পর্যান্ত সাম্রাজ্য ভোগ করেন। [গুপ্তরাজ্বংশ শব্দ দেখ।]

চন্দ্র গুপ্তার অক্ষন চৌহানরাজ, মাণিক্যরায়ের পৌজ্র। প্রার ৬৯৫ খুটালে বিদ্যমান ছিলেন। দিলীর শেষ হিন্দুরাজ পৃথীরাজ ইহারই বংশধর।

চন্দ্রক্ত প্র, একজন জালন্ধররাজপুত্র। মড়াগ্রামের বিথাত লক্ষানিদরে প্রায় ৬০০ খৃঃ অদের প্রাচীন হইথানি শিলা-ফলক উৎকীর্ণ আছে, তৎপাঠে জানা যার যে চক্তগুপুর পত্নী ঈশ্বরা ঐ মন্দির প্রতিষ্ঠা করেন।

চন্দ্রগৃহ (ক্লী) চন্দ্রত গৃহম্ ৬ তৎ। কর্কটরাশি। চন্দ্রমন্দির প্রভৃতি শন্ধ এই অর্থে ব্যবস্ত ।

চন্দ্র গোচর ফল (রী) রাশিবিশেষে চল্লের অবস্থিতি অফু-দারে মানবগণের যে গুভাগুভ ঘটে, তাহাকেই চক্রগোচর ফল বলা যায়। [গোচর দেখ।]

চন্দ্রেপাপালপাল নবৰীপাধিপতি মহারাজ ক্ষচন্দ্রের রাজ-সভাস্থ প্রধান বিদ্যক। ইনি গোপালভাঁড় বলিয়া খাতে। নব্দীপ নগরে কুপ্তকার কুলে ইহার জন্ম হয়। কেছ কেছ বলেন ইনি জাতিতে নাপিত ছিলেন। ইনি অতিশয় সঙ্গীতামু-রাগী ছিলেন এবং দিল্লী প্রদেশীয় সমাগত কেলোয়াৎদিগকে অতিশয় সমাদর করিতেন। এপদ ও থেয়াল তাঁহার বডই প্রীতিকর ছিল এবং তিনি এতদেশীয় সমীতের রাগ রাগিণী অতি আশ্চর্যারপে উপলব্ধি করিতে পারিতেন। ইনি অটালিক। নির্মাণের উন্নতিসাধনে ক্রতসঙ্কর ছিলেন। রাজ-বাড়ীর মধ্যে পূজার দালান তাঁহার তত্ত্বাবধানে নির্শ্বিত হয়। কাশীধামত্ব পবিত্র জ্ঞানবাপী কূপে অবভরণ করিবার জ্ঞ যাত্রীদিগের স্থবিধান্তনক মর্মার প্রস্তর নির্মিত সোপানশ্রেণীও ইহা হারা নিশিতি হয়। হিন্দু সমাকেও স্কতি স্মান ও সমানর পাইতেন এবং জাতি সম্বনীয় কোন প্রাশ্ন উত্থাপিত হইলে মহারাজ রুফাচজের সহিত মিলিত হইয়া তাহার মীমাংসা করিয়া দিতেম। এমন উপস্থিতবক্তাও স্থানিক বলে বোধ হয় আর জন্মে নাই। (Calcutta Review.) এ ছাড়া ইহার সম্বন্ধে আরও অনেক প্রবাদ আছে। [গোপালভাঁড়ে দেখ ।]

চন্দ্রগোমিন্, প্রসিদ্ধ চন্দ্রগাকরণপ্রণেতা। ক্লীরস্বামী ইহার রচিত পারায়ণ এবং পুরুষোত্তম ও উজ্জ্বলন্ত ইহার লিকাফুশাসন বা লিক্কারিকার উল্লেখ করিয়াছেন।

চন্দ্রগোল (পুং) চক্রএব গোলং। গোলাকার চক্রমগুল। (ত্রিকাগু) চন্দ্রগোলান্ত (পুং) [বছ] চন্দ্রগোলে ভিট্নিড হা-ছ। চন্দ্র-গোলাহিত স্বধাডোলী পিতৃলোক। (ঞিকাঞ)

চন্দ্র গোলিকা (জী) চল্লগোল: সাধনত্বেনান্ত্যক চল্লগোল-ঠন্টাপ্। জ্যোৎলা। (হেম°)

চন্দ্র এইণ, চল্লের গ্রহণ। গ্রহণ শব্দের পরিভাষার দিখিত ছইয়াছে যে চল্ল যথন কোন পাতবিন্দ্র নিকট থাকে এবং স্গাও দেই সময় অপর পাতবিন্দ্র নিকট থাকে, তথনই চল্লগ্রহণ হর। স্তরাং ঐ পাতবিন্দ্র হির হইলে প্রভিবংসর ঠিক এক সমরেই গ্রহণ হইত। বৃধ ও শুক্রের কক্ষার সহিত স্থাকক্ষার পাতবিন্দ্ হির, স্তরাং ইহাদের গ্রহণ একবার বংসরের যে সমরে হর, তাহার পরবর্তী গ্রহণও বংসরের ঠিক সেই সময়েই হইয়া থাকে এবং চিরকাল হইতে থাকিবে। যদিও এইরূপ গ্রহণঘরের মধ্যবর্তীকালের পরিমাণ বহু বংসর। বাস্তবিক্ ঐ পাত্রয় স্থাকক্ষার পশ্চিমদিকে অগ্রসর হইতে হইতে প্রায় ১৮ই বংসরে একবার ব্রিয়া প্নরায় পূর্বহানে আইসে। অর্থাৎ প্রতিবংসর প্রায় ১৯ আইশে কিবংসর যে সমর গ্রহণ হয়, পরবংসর দেই গ্রহণ হইলে, তাহা প্রায় ১৯ দিন পূর্বেষ হইবে।

চন্দ্র সূর্য্য ও চন্দ্রপাতের ( Node ) যেরূপ স্থানে একবার অবস্থান করে, পুনরায় সেইরূপ অবস্থা প্রাপ্ত হইতে প্রায় ২২৩ চাক্রমাস লাগে। এক্ষণে যদি পূর্ণিমার দিন একবার চক্ত রাত্রান্ত হয়, তবে পুনরায় ২২৩ চাক্রমাস পরে চক্র ও সুর্য্যের অবতান পূর্ববৎ হইবে, স্করাং গ্রহণও সম্ভব। ৫টা লিপইয়ার (Lenp year) থাকিলে ১৮ বংসর ১০ দি, ৭ ঘ, ৪৩ মি এবং ৪টা লিপইয়ার থাকিলে ১৮ বংসর ১১ দি. ৭ ঘ. ৪৩ মি পরে চন্দ্রের ষ্ঠিতি, স্থ্য চন্দ্রপাত এবং চন্দ্রককার দুরক্তম বিন্দুর (apogee) সহিত তুলনার আবার প্রায় পুর্বরূপ হর। পুতরাং ঐ কাল পরে সর্বাংশেই প্রায় পৃর্ববারের স্থার গ্রহণ হয়। किन এই কালের মধ্যে চল্লের পাত উনবিংল বার প্রা সহ প্রাবস্থান প্রাপ্ত হইয়া পুনরায় প্রায় পূর্বছানে উপস্থিত হর, কিন্তু ঠিক त्मरे शास्त आत्म ना । अरे हिमांव ऋषा हरेला शहन गर्ममात আর কোন গোল থাকিত না. একবার চন্দ্রগ্রহণ হইলে উক্ত পরিমিত কাল পরে পুনরায় আবার ঠিক সেইক্রপ গ্রহণ হইত। এরণ গণনা অতি হল হইলেও উহাতে অতি সামানা অসঙ্গতি আছে এবং তব্দ্রন্ত একবার গ্রন্থপের পর ১৮ বংসর ১১ দিন পরে ঠিক দেইরূপ গ্রহণ না হইয়া আর ইতর বিশেষ হইয়া পাকে। এমন কি আংশিক এছিণ যাহাতে চক্তের অত্যৱ ভাগ মাত্র গ্রন্থ হয়, উক্ত পরিমিত কাল পরে পুনর্বার না হইতেও भारत अवर अक्वात अहम ना इहेटल ७ छहात ३५ वर्मत ३३ मिन পরে চক্রের পাদ গ্রহণ হইন্ডে পারে। অক্সান্ত ছিপাদ, বিশাদগ্রাস প্রভৃতি গ্রহণ যখাসময়ে পুনরায় হইবে বটে, কিন্ত ভাহাদের গ্রন্থ অংশের পরিমাণ যে ঠিক পুর্বের ভার হইবে, এমন নাহে।

অধুনা জ্যোতিঃশান্তের উরতি সহকারে নক্জানিগের গতিনির্মণনের অতি উৎকৃষ্ট উপার উত্তাবিত হইরাছে। তন্ধার। কোন্ সমরে কোন্ নক্ষ্ আকাশের কোন্ ভাগে অবস্থান করিবে, তাহা অনারাসে বুঝিতে পারা যায়। ক্র্যাও চল্রের আকাশনার্গে অবস্থিতির তালিকা প্রস্তুত হইন্যাছে উহা দেখিরা কোন্ সমর গ্রহণ ইইবে কি না হইবে অনারাসে বলিতে পারা যায়। ইংলপ্তের নাবিক-পঞ্জিকার (Nautical Almanac) আগামী বহুবর্ষ পর্যন্ত আকাশন্তাল ক্র্যাও চল্রের প্রতিদিনের অবস্থানবিষয়ক সমস্ত বিবরই লিখিত আছে। উহার সাহায্যে আমরা প্রহণের ভোগকাল এবং গ্রন্ত অংশের পরিমাণাদি সমস্ত বিষয় জানিতে পারি। চক্রগ্রহণের বিষয় প্রকৃষ্টরূপে বুঝিতে হইলেনিম্লিখিত বিষয়্টী স্মাক্ উপলব্ধি করা আবশ্রক।

পৃথিবীর কেন্দ্রকে কেন্দ্র করিয়া চল্লের কেন্দ্র পর্য্যস্ত ব্যাদার্ক লইয়া আকাশে একটী মণ্ডলাকার ভান কলনা কর। এক্ষণে দেখা যাইতেছে যে চক্তের অন্ধভাগ এই বর্জ লাকার ভানের অভ্যন্তর দিকে ও অভ্ভাগ বাহিরে থাকিবে। পৃথিবীর ছায়া-স্চীয় দৈর্ঘ্য পৃথিবীর ব্যাসার্জের ২১৩ ঋণ হইতে ২২• ঋণ পর্যান্ত হইরা থাকে। সুর্ব্যের দৃখ্যদান বিশ্ববাদের পরিমাণের হ্রাসবৃদ্ধি অনুসারে উহারও ক্লাসর্দ্ধি হয়। পৃথিবী হইতে চক্রে গড় দুরত্ব পৃথিবীর ৬. বাাদার্ছের সমান। ছতরাং চক্র ঐ ছায়া-স্চীতে প্রবিষ্ট হইতে পারে। পৃথিবীর ছায়াও পৃথিবী হইতে ক্রমে হুস্বায়তন हरेगा रहीत चाकारत अहे मखन (उन कतिया घाहरत। अकरन এই মঞ্জাকার ভানের উপরিভাগে হুইটা চিহু হুইল, একটা চलाम अन अ वागती श्रिवीत हाता। देहा न्ने हे (नथा गाँह-তেছে य এই ছায়ার কেন্দ্র, পৃথিবীর কেন্দ্র ও সুর্য্যের কেন্দ্র এক সরলরেখার অবস্থিত, স্তরাং ছায়াকেন্দ্র সূর্যাকেন্দ্রের ঠিক বিশরীত দিকে প্রাক্ষার (Ecliptic) অবহিত। পুতরাং ইছার গতিও ক্রাককার উপর এবং ক্রোর স্থান। চক্তও बरे वर्ड लित ठातिमिक निम क्यांत समन क्रिएक एवर ইহার কেন্দ্র ককার উপর অবস্থিত। বধন এই গ্রহ চিক্ र्गप्रकार भारत परिक, उसन धारत्मत मंडाबना नाहे. यथन हेहारमत मःरवाश इत जथनहे बाह्य इत अवः यमि शृथिवीत ছারা চন্দ্র অপেকা বড় হয়, তবে সর্ব্যাগ হট্যা থাকে।

প্রস্তাংশের পরিমাণাদি জানিতে হইলে ঐ হুই চিক্রের আপেক্ষিক আর্ডন জানা প্ররোজন। আমরা পূর্বে বলিরাছি
চল্লের বিশ্ববাস গড় ০১ ২৫ এবং নিয়সংখ্যা ২৯ ২২ ছিতে ০০ ২৮ পর্যান্ত বৃদ্ধি পার। নাবিকপঞ্জিকার উহার
প্রতিদিনের পরিমাণ লিখিত আছে এবং তাহা হইতে
দিবসের যে কোন স্মরে উহার পরিমাণ নির্পণ করা বার।
পৃথিবীর ছারার পরিমাণ নিয়লিখিত উপারে বাহির করা
বার। মনে কর ন চ উলিখিত আকাশমগুলের উপরিভাগ



व्यवः हेरा हत्स्यत (क्या एक क्रित्रा शिवाह्य । शृथिवीत्र हात्रा ইহার চ র্চ পরিমিত স্থানে গোলাকার ভাবে পঞ্চিবে। এই वृत्ख्व मुक्त विषयाम ह क ई निक्रभन क्यारे धक्तर धारायन। (बर्ट्यू [ क व च = ३ [ क क धवर | क व च = व क क च − **हि च क** আবার [চৰক=[গকস—[ছগক। হতরাং [5 ক ধ= [ক চছ-([গ ক স+ ছ গ ক)= [ক চছ-[ श क न + [ इ श क हे होत्र मार्था [ क ह इ = हात्क्रत न इन (Parallax) যেত্তে ক চ রেখা পৃথিবীর কেন্দ্র ইইডে চক্রের দুরত্বের সমান। [ছ গ ক = স্র্যোর লছন (Parallax) এবং [র ক ন = ক্রোর বিশ্ববাসের অর্জ পরিমাণ, স্তরাং চক্ত ও কর্ষ্যের লখনের যোগফল হইতে কর্ষ্যের বিশ্বাদের व्यक्तिक विद्यांग कतिरम পृथिवीत ছांत्रांत्र वाागार्द्धत शतिमान পাওরা বাইবে। এইরূপে পৃথিবীর ছায়ার ঐ অংশের বিশ-বাালের পরিমাণ ১° ১৫ তথ ভইতে ১° ৩১ তও পর্যান্ত হর। নাবিকপঞ্জিকার দিবসের যে কোন সময়ে ইহার পরিমাণ লিখিত থাকে। কিন্তু পৃথিবীর বায়ুরাশিনিবন্ধন এই ছারা সচরাচর পঞ্জিকালিখিত পরিমাণ অপেকা ঈবৎ বুছৎ বোধ হয়। এই নিমিত্ত পঞ্জিকা লিখিত ভাবী গ্রহণের প্রত্যক দৃপ্তের সহিত মিল রাখিবার নিমিত্ত ঐ পরিমাণকে ১ দিয়া প্তণ করিয়ালওয়াছর।


মনে কর ক থ সূর্যাককা এবং গ ঘ চন্ত্রককা (Moon's orbit)



তাহা হইলে প একটা পাত-বিন্দু (Node) হইবে। ছ পৃথিবীর হারা, ক থ দিরা সুর্ব্যের স্মান গতিতে বাইতেছে এবং চক্ৰ গ'ব পিরা ভাষার ১৩ ওপ অধিক বেগে বাইভেছে। একণে চক্ৰ ও ছারার সন্মিলন হইতে হইলে চক্ৰ নিকটবর্তী হইবার সময় ঐ ছারার কেক্স প বিন্দুর অতি স্তিহিত থাকা আবিশ্রক।

চক্ত এ ছারার দৃশ্য বিশ্বসাস সকল সময় সমান शांक ना वारः न भाकविन्नु (Node) रहेएक ছाয়ाक छात्र দুরত্ব, বিপরীভদিকে অপর পাভবিদ্যু হইতে সুর্যাকেল্রের দুরত্বের সমান। ভাহা হইলে প্রথমত: – চক্র গ্রহণের সন্তা-বনাকালে স্থাকেন্দ্র যদি সরিহিত পাতবিন্দু হইতে ১২৩০ ব্দপেক্ষা অধিক দুরবর্তী হয়, তবে গ্রহণ হইবে না। ২য়ত:— ঐ সময় যদি স্বাকেলের দুর্ভ ৯০ ৩১ অপেকা কম হয়, তাহা হইলে গ্ৰহণ নিশ্চয়ই হইবে। ৩য়ত:—যদি ঐ দূরত্ব ঐ ছুই পরিমাণের মধ্যবর্তী হয়, তবে গ্রাহণ হইতেও পারে, না হইতেও পারে \*। ইহা দ্বির করিতে বিশেষ গণনার প্রয়োজন। একণে দেখা যাউক কিরূপে চক্তগ্রহণের স্পর্শ, ন্থিতি, মোক্ষ ও গ্রন্থাংশের পরিমাণাদি নিরূপণ করা যায়। উদাহরণস্বরূপ পারিদ নগরীর ১৮৪৫ অবে ১৩১৪ই নবেম্বরের চক্তগ্রহণ লও। ফরাসী নাবিকপঞ্জিকায় পারিস নগরে ১৩ই मधारूकाल हक्क ७ क्रींत अवकाखन ३৮७ २० १ %)। भविषय 38हे नारवष्य मधाक्तकारण डेहारमत अवकाखन ३१8° ৪০ ৮ % মাত্র, সূতরাং এই সময়ের মধ্যে উহা নিশ্চয়ই

ক এক টু অকুধানদ করিয়া দেখিলেই ইহার কারণ বুবিতে পারা বাইবে। নিমন্থতিত্র পূর্বতিতের জার। একবে প পাতবিন্দু হ পৃথিবীর হারাকেত্র। মনে কর প হ পরিমিত ত্র্যক্কার পরিমাণ ১২৬ আপেকা আধিক। সূথ্য বিপরীতভাগে অবস্থিত। এই সমর চক্র কেত্র যদি চ বিন্দুতে আইসে, তাহা হইলে এ গুই বৃত্ত হ ও চ এইরপে অবস্থিত হইবে।



পূর্ব্যে বলা ছইলাছে চল্লের বৃহত্তম, দৃগু বাাসার্বের পরিমাণ ১৮/১৯ , পৃথিবীর ছালার বৃহত্তম দৃগু বিশ্বাসার্বের পরিমাণ ৪৫/১৮ এই ছইএর বোপকল হল ১° ২/০২ । কিন্তু পূর্ব ভ্রত্তি প্রত্তি পর স্থিতি প্রত্তি পর স্থিতি প্রত্তি পর স্থিতি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি পর স্থাপিক প্রত্তি পর স্থিতি প্রত্তি পর স্থাপিক প্রত্তি পর স্থাপিক প্রতি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি পর স্থাপিক প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি প্রত্তি পর স্থাপিক প্রত্তি প্রত্তি প্রত্তি পর স্থা প্রতি প্রত্তি পর স্থা পর স্থা প্রত্তি প্রত্তি পর স্থা পর স্থা প্রত্তি পর স্থা প

১২° ও হইলে ছ চ এর পরিমাণ অংশক। অধিক হর। স্তরাং এরপ অবছানকালে চল্ল ও পৃথিবীর হারার দৃশ্য আরতন বৃহত্তম ছইলেও এহণ হর না। এইরপ উহাদের অবছিত বলি ত ও ও বৃত্তের নার হর অর্থাং বলি প ও ৯° ৩১ অংশকা ন্য হয়, ভাষা হইলে চল্ল ও পৃথিবীর হারা স্ত্রভন আভারে দৃগু হইলেও এহণ হইবে, সূত্রাং এহণ নিশিত, আর বলি ঐ কেল্লছর মধাবতী ছানে ট ঠ বিন্দুর ক্ষার হাপিত হর, ভাহা হইলেও পৃথিবীর দৃশা আরতন বলি ট ও ঠ বৃত্তের ভার হর তবে এহণ হইবে না; কিন্ত উহাদের আরতন বিন্দুসর বৃত্তব্বের ভার হইলে এহণ হইবে না; কিন্ত উহাদের আরতন বিন্দুসর বৃত্তব্বের ভার হইলে এহণ হইবে । সূত্রাং এরপ ছানে এহণ অনিশিতত।

এক সমরে ১৮০° হইরাছিল। ইহা হইতে সৃহজেই জানা বার বে ১৩ই রাজি ১ব ৪মি ২০নে এর সমর চক্র ও স্থা পৃথিবীর ছইদিকে ঠিক বিপরীতভাবে ছিল। পঞ্জিকাদৃষ্টে জানা যার বে ঐ সমরে স্থা পাতবিন্দৃ হইতে ৫২ আংশ দ্রত্ব গ্রুবকে অবভিত ছিল। স্ক্তরাং স্পষ্ট প্রতীয়মান হইতেছে যে এ ভলে গ্রহণ নিশ্চিত। পঞ্জিকা দৃষ্টে জানা যার বে ঐ সমরে—


চক্তের লখন (Parallax) প্রার ৫৫° ৩৯″,৬। সূর্ব্যের লখন (Parallax) প্রায় ৮″,৭।

চল্লের দৃশ্র বিশ্ব্যাসান্ধ (Apparent Semi-diameter) প্রায় ১৬° ১০″.১ ৮

স্বোর দৃশ্রবিষব্যাসাদ্ধি প্রার ১৬° ১২ %৮।

ইহা হইতে পৃর্বোদ্ধিত গণনা অসুসারে পৃথিবীর ছারার দৃশুবিষ্বাাদার্থ প্রার ৩৯° ৩৬ অর্থাৎ ২৩৭৬ বিকলা, ইহাকে ও দিরা গুণ করিলে ২৪১৫ এ বিকলা হয়। পঞ্জিকান্টে দেখা বার ১মতঃ—১৩ই রাজি ০ব, ৩০মি সমরে স্থাচিত হইতে ১৮০° ১৬ ৩৩ এ এবকে অব্দিত ছিল এবং চক্র স্থাপণ হইতে ০°২৫ ৫৭ এ উত্তর বিকেশে অব্দিত। ২রতঃ—ঠিক ঐ দিবদ রাজি ১ঘ, ৩০মি, সমর চক্র ও স্থোর ক্রবনাস্তর প্রার ১৭৯° ৪৭ ৩৭ এবং চক্রের বিকেশ প্রার

এই সকল জ্ঞাত পরিমাণ খারা আমরা নিয়লিখিত উপায়ে প্রহণ সম্বন্ধীর অপরাপর সমস্ত বিষয় নির্ণয় করিতে পারি। গ্রহণের সমস্ত ফিতিকাল ব্যাপিয়া চক্ত ও প্রিবীর ছায়া পুৰ্বোক্ত আকাশমগুলের যে ভাগে অৰম্ভিত করে, ঐ ভাগকে সমতল কলনা কর, এরপ কলনার গণনার বিশেষ তারতমা হর না। আরও মনে কর পৃথিবীর ছায়া ত্তির এবং ঐ ছায়ার সহিত আপেক্সিক গতি ভিন চল্লের মত কোনপ্ৰকাৰ গতি নাই। ক ধ গ ঘ বুত্ত পৃথিবীর ছারা (চিত্র দেখ)। ইহার ব্যাসার্দ্ধ ম ক ছারার বিশ্বব্যাসা-**(क्री. (२८) ४.७) अमूनांडिक क्रधीर हिळाइ वृह्, द्राशा** প্রভৃতির অনুণাত ঐ সকলের পঞ্জিকাল্ক পরিমাণের অভুপাতের স্মান। ষ্ণা-পঞ্জিকার পৃথিবীর ছারার ব্যাস वित हिला होता व जारमत विश्वन थारक, कर्र हिर्दा कर थ ग व वृत्त्वत्र वाम स वृत्त्वत्र वास्त्रत्र विश्वन कतित्व हरेतः ইত্যাদি। ম কেল্ডের মধ্য দিয়াচর্চ রেখা সুধাককার (Ecliptic) कियमश्म निर्देश कतिरक्रका त्राखि • च. ७ • মিনিটের সমন্ন কুর্বা চল্লের ১৮০০ ১৬ ৩৩ .৭ অক্তরত্ব প্রবক্তে আছে, স্বতরাং ম কেন্দ্রের ঞ্বক চন্দ্র হটতে ১৬ ৩০ . ৭ অর্থাৎ ৯৯৩<sup>°</sup>.৭ বিকলা অধিক। একণে বদি চিত্ৰে দক্ষিণ হইতে বামদিকে এবক গণনা করা বার এবং চিত্রের মান অসুসারে
ম ক রেথাকে ৯৯৩ . ৭ এর সমান করা বার ভাহা হইলে
ক বিন্দু চক্তকেক্রের তাৎকালিক এবকের ছেদ বিন্দু
হইবে। ক বিন্দু হইতে চ চ স্বাপথের এক লম্ব উদ্ভোলন
কর এবং এই লম্বরেথার চল্লের বিক্ষেপ ২৫ ৫৭ . ৬
অর্থাৎ ১৫৫৭ . ৬ এর সমান করিয়া ব বিন্দু লও। তাহা
হইলে রাত্রি • ব • মিনিটের সময় চক্তকেক্রের ক্ষবিদ্ধিত
ব বিন্দৃতে হইবে। এইরূপ ১ ঘ, ৩ • মিনিটের সময় চক্ত



रहेए स्वारकत्मत्र अवत्कत्र साधिका १२ २२ .. वर्षाट ৭৪২ ".৩এর সমান করিয়াম ন অংশ লও। তৎপরে ন বিশু হইতে স্থাককার উপর উত্তোলিত লম্বে, চল্লের দেই সম-মের বিকেপ ২৮ ৫১% ৫ অর্থাৎ ১৭২১% ৫এর স্মান করিয়া নত আংশ লও। তাহা হইলেত বিন্দুরাতি ১ ব, ৩০ मिनिए ते नमग हक्षरक रक्षत्र विकि निर्देश कति । अक्षर আমরা যদি গ্রহণকালে ঐ ছায়ামগুল হইতে চল্লের আপে-কিক গতি সরল রেখাক্রমে ধরি, তাহা হইলে গণনায विस्मय किहूरे जून रहा ना। खुडताः उ व विन्यूद्रप्रत अधा मित्रा इ ई, दाथा डानित्म डिहारे के व श व हाजात कृतनात्र ठळाटकटळात कारणिकक शमनभथ इहेरव। म विक हरेट डिखानिड नव उ ह ह दिवसत एहरन डिल्म व विमूरे ४०रे नात्वत ताजि ५ च, 8 मि २०.२ (म, नमत कार्याव वथन पूर्वा, চল্ডের ঠিক বিপরীত দিকে অবস্থিত হইয়াছিল, ज्थन हळा क्टल बार व्यवहिष्ठि दान। म क्टल त हजू किए के हल ও ছারার ব্যাসার্জের বোগফলের অর্থাৎ ৩৩২৫". ৭ এর সমান ব্যাসার্থ লইয়া একটা বৃত্ত আছিত কর। ঐ বৃত্ত हरजात जारिशक्तिक इ.ई. कक्ष्मशंथरक ज ७ ई. विकार (इ.स. করিবে। এক্ষণে ইহা স্পষ্ট প্রতীরমান হইডেছে বে জ ও 

वारमाई नहेबा कहेंगे वृत्व चिक्क कवितन छेकाता कथ श च कांबायरखन्न शतिथि म्लानं कतिरय । धारे करे युख अवरणक म्लानं श्वारकत नमत क्ष्मभ्यत्वत व्यवद्यान निर्माम कतिरहाछ । चात यनि म हरेए इ ई जिन्त म न नवनाक कड़ा चात. তाहा इहेरन प विमूहे श्रहनकारनत किंक स्थावर्की नमरत हता কেন্দ্রের অবস্থিতি নির্দেশ করিবে। চন্দ্রকে ব হইতে ত পর্যান্ত যাইতে ১ ঘণ্টা লাগে. ব ত ও দ ধ এর পরিমাণ দেখিয়া চল্র क छक्तर म इटेर्ड ४ भग्रेड गोरेर निर्नेत्र कता यात्र। अवता ঐ সময়ের পরিমাণে ৫ মি, ৪০.৮ সেকেও। স্কুডরাং চক্র স্থোর বিপরীভভাবে অবহান সময়ে । মি, ৪০.৮ সে পুর্বে वर्षा९ • व, eb बि. 8 • .> तम ताबि ममतत खहरनत मधाकान ৰ্ট্যাভিল। এইজপে দেখা যার দ আন কিছা দ আল পরিমিত णान वाहेर्ड চ**ङ्कार ১ व. ৩৯ वि. ১৯.৪ সে স**মর লাগে। স্থতরাং জানা ঘাইভেছে বে ১৩ই নবেশ্বর রাজি ১১টা ১৯ মি २०.१ (मार्क्श खरून म्लार्च ध्वर ब्रोबि रहें। ७१ मि. ८৯.৫ त्मिक् ममत स्थाक क्षेत्राकिन। म विकारक क्ष्य कतित्रा চক্রব্যাদার্কের দখান ব্যাসার্ক দইরা একটা ব্রস্ত আছিত করিলে, তৎক্ষণাৎ জানা যাইবে ঐ গ্রহণ পুর্ণগ্রাস হইবে.কি পাদগ্রাস হইবে। বর্ত্তমান ভলে চক্সগ্রহণ আংশিক, যেতেত यरकारण म हत्यरकता छात्रारकता मध्य मर्वारभका निक्रवेचर्छी. তথনও চক্রমগুলের কতক অংশ ছায়ার বাহিরে পডিরাছে। একণে প স যদি ১ জ্বমগুলের ব্যাস হয়, তবে পর রেখা ঐ ৰ্যাদের যত অংশ হইবে, দেই সংখ্যাই চক্রের এন্তাংশের পরিমাণ প্রকাশ করে। উল্লিখিত গ্রহণের পরিমাণ ১০৯২। স্চরাচর চন্দ্রস্থালের বাাসকে ১২ ছাদশ সমানভাগে বিভক্ষ করিয়া উহার একটীভাগকে (Digit) একক স্বরূপ ধরিয়া গ্রহণের পরিমাণ প্রকাশ করা হয়। সার পরিমিত ব্যাস্থতকে ঐ এককের পরিমাণ দিয়া ভাগ করিলে, ভাগফল প্রতণের পরিমাণ প্রকাশ করিবে। ১০৯২ এই ভয়াংশ-১৯এর সমান हेहाटक उर्दे विशा खांश कतित्व शांत ३५ हत । खुछतार १४८८ च्यात्मत्र २७) ४ हे नावचात्रत्र हत्त्वाक्राण्य शतिमान २५। म श ব্যাস যদি সর্বভোভাবে ছারার ভিতর পড়িত হয় তবে সর্বাধান হটবে। এ সর্ব্যাস কোন সময় হটতে আরম্ভ रुरेश कान नमन नर्शन्य पाकित्व, छाहा निक्रमन क्विएड হইলে চক্রমগুল কোন কোন সমরে ছায়া পরিধির অভ্যা-खत्रिक् म्पर्न माख कतिरव हैश निक्रमण कतिरवह हरेग। र्यक्रां व क विन्तू इत न छत्र। इहेत्रास्क के छेनात क्षतन्त्रन कतिरगरे थे मगरम हळामधरणत व्यवश्वित शावता कार्येदा। अठकन नवास क्वान विवादि बाताई अल्न नक्षक नमछ


বিবরের গাণনা করা হইল। অভাদিবারা গণনা করিলে
ইহা অপেকা আরও হত্ত্বাকা আও হওরা যায়। বাত্তবিক গ্রহণ গণনা ঐরপেই হইরা থাকে। ঐ করিত আকাশমগুলে ছেদিত ছারা-স্চীর বৃত্তাংশের ব্যাস চল্লের ব্যাস অপেকা প্রার ভিনপ্তণ বড়। ঐ ছারার তুলনার চল্লের আপেক্ষিক গতি প্রভাহ প্রার ১২০ ধরিলে চল্লমপ্তল ঐ ছারার ভিতর প্রায় হই ঘণ্টা পর্যন্ত থাকিতে পারে। স্ক্তরাং চল্লকেল্ল ঐ ছারার ব্যাস দিরা গমন করিলে সম্পূর্ণ ২ ঘণ্টাকাল চল্লের সর্বপ্রাস থাকিতে পারে।

একণে দেখা যাউক পৃথিবীর কত জংশে পুর্ব্বোক্ত গ্রহণ मुख इटेएड शारत। दम्थान शिवारक द्य शावित्र नगरत >०हे নবেশ্বর রাজিগড় • ব. ৫৮ মি. ৪• সৈকেও সময় প্রত্ণের ঠিক মধ্যকাল। সমর-সমীকরণ নিরমামূলারে (Equation of time) পঞ্জিকা লিখিত ঐ দিবলে উহার মান ১৫ মি, ২৭ म्हिन कि त्यांग क्रिल > च, > 8 मि, १ महरू के इह ; देहा है তৎকালে পারিস নগরের প্রকৃত সময়#। এক্সণে দেখা যাউক এই সমর চক্ত পৃথিবীর কোন অংশে ঠিক মন্তকোপরি ছিল। তথাৰ এই সমৰ ঠিক মধ্য রাজ্যি এবং পারিস হইতে উহার জাঘিমান্তর ১৮° ০১ ৪৫"। পশ্চিম। ঐ স্থানের অকান্তর নাড়ীমওল হইতে চল্লের কৌণিক দুরছের (Angular distance or declination of the moon) नमान। नाविकशक्षिका मुद्धे काना यात्र छेहात शतिमान ১৭° 8२ ) १ प्रजतार भृषितीभूक्षं भ विसूत अवदान वित इहेरव। अकरण औ विन्यू क मधा विन्यू धतिया छेहा रहेरा পुथिवीत हातिनिरक »° भर्याख नहेरल जुमक्षालत অর্ক্ডাগ হইল, ঐ অর্ক্ডাগ গ্রহণের মধ্যকালে দৃত্ত হইবে এবং উহার বাহিরে অদৃষ্ট থাকিবে। যেরপে মধ্যগ্রহণ क्रमांत्मत भीमा निकाशिक क्रेन, क्रिक क्रे निश्राम म्मर्भ । स्मान দৃষ্টির দীমাও নিরূপিত হয় এবং উহা হইতে কোনু কোন্ ভানে সমস্ত গ্ৰহণ ও কোন কোন ভানে গ্ৰহণের কছকাংশ माख पृष्टि इटेटव, अनागात्म निर्भग्न कता यात्र।

চক্রগ্রহণ দৃত্ত হইতে হইলে চক্রমণ্ডল ও পৃথিবীর ছায়া উভরই দৃষ্টিণরিচেছ্পক রেখার (Horizon) উর্কে

<sup>\*</sup> সূর্য্য বংশালে কোন ছানের জাঘিমার ঠিক উপর আইসে, সেই
সমর তথার বেলা ১২টা অর্থাৎ বিপ্রহর হয়: পুনর্বার সেইছানে আসিতে
গড় ২৬খলী লাগে। কিন্তু রালিচক্রে সূর্বার গতি ১২ অংশ হইতে হু অংশ
পর্যান্ত হয়। স্ক্রাং ঠিক বড়িতে ১২টা হইলেও সূর্য্য সকল সময় তংছানের জাবিমার আসেনা। এই সকল নির্পণ ক্রিতে হইলে বিশেব
স্পানার ক্রোক্র। বিস্কুল্বিক্রণ দেখা হি

থাকা আঘশ্রক, স্তরাং স্ব্য অন্ত না হইলে তাছা অসম্ভব। নেই অন্ত চক্রপ্রহণ রাজিকালেই দৃষ্ট হর। কিন্তু অঞ্চাত্ত কারণে স্থানতের করেক সেকেও পূর্বে বা স্থ্যোদ্যের করেক সেকেও পরেও চক্রপ্রহণ দৃষ্ট হয়। মনে কর ক



বিল্ হইতে স্পর্শকালে গ্রহণ দেখিতেছি, স্কৃতরাং সমস্ত স্থামগুলের এবং চক্রমগুলের কতক অংশ দৃষ্টিপরিছেন্ক রেখার নীচে থাকিবে। কিন্ত পৃথিবীয় বাযুরাশির ভিতর দিয়া স্থা ও চক্রালোক বক্রীভাবে আইসে, স্কৃতরাং চক্র ও স্থা উভয়ই দৃষ্টিপরিছেন্ক রেখার উপরিভাগে দৃষ্টি হইবে। এইরূপে আমরা কয়েক সেকেণ্ডের অভ্য সমগ্র স্থা ও রাহুগ্রন্ড চক্র একবারেই দেখিতে পাই।

স্প্তাবের সময়ে চক্রমগুল স্চরাচর ঈষৎ রক্তিমাভ
ধূসরবর্ণ প্রতীয়মান হয়। উহার কারণ স্থারশ্যি ভ্রায়্র
মধা দিয়া গমনকালে বক্রীভূত (refracted) হইয়া চচ্চে
পতিত হয়। স্থাালোক বক্রীভূত হইয়া গমন করিলে
সাতপ্রকার মৌলিক বর্ণে বিভক্ত হইয়া য়য়। সর্প্রাসের
সময় কথন কথন ঐ সকল বর্ণ অল্লাধিক পরিমাণে দৃষ্ট হয়।
কোন কোন গ্রহণের সময় চক্রমগুল আকাশ হইতে একবাবে অদৃষ্ট হয়।

উপচ্চার। (Penumbra)-বশতঃ সর্ব্যাদের স্পর্শ ও মোক্ষ স্কারণে প্রতাক্ষ করা যায় না, সহক্ষেই প্রায় ১ মিনিটের ভফাৎ হইয়া পড়ে। স্কুতরাং সম্প্রতি চক্সগ্রহণ ধরিয়া আর কোন স্থানের অক্ষাংশ নিরাপিত হয় না। চক্র-গ্রহণ পরিদর্শন করিতে হইলে কোন্কোন্সময় ভিন্ন ভিন্ন চিহ্ন সকল ছারাপ্রবেশ করে, তাহাই নিরীক্ষণ করিতে হয়।

চক্রবিম্ব ধারা গ্রহাদি ও তার। সকল আবৃত হইলে তাহাকে তারাগ্রহণ (Occultation) বলে।

চন্দ্রপাত্ররের পরাব্যুথ গতির (Retrograde motion)
পরিমাণ প্রত্যুহ প্রায় ০ ১০ % ৬৪। সেই জন্ম ঐ তুইপাতভান ১৮২ বর্ষে আকাশমগুলে একবার আবর্জন করে।
ইহাতে চন্দ্র স্থাকেকার উভয়দিকে ৫০ ৯ মধ্যত্র প্রত্যেক
গ্রহ ও তারাকে কোন না কোন সময় আচ্ছাদন করিবে।
সর্বাই দেখা যায়, তারাগুলি চন্দ্রের একপার্ছে প্রবেশ ও
অপরপার্ছে প্রকাশ পায়। এই তারাগ্রহণগুলির সময়
নাবিকপঞ্জিয়ায় নির্দিষ্ট আছে। ইহ্ম ছারা নাবিক্দিণের
ও ভূগোলবেড্ডাদ্রের অনেক প্রয়োজন সাধিত হয়।

চক্র এইন মার্গারা (পুং) চক্র উত্তেশ সমার্গারো মেলনং ৬৩৫। অপর এই বা নক্ষতের সহিত মেলনং, নৈক্ষ্টাঃ [ইছার ফলান্ফল শ্লীগ্রহসমার্গান শব্দে অন্তব্য । ]

हिला प्रकार (पूर) हल देव प्रकार। मर्क्यवित्मव, श्रामाना (क्रिवित) हस्तहका (जी) हक्क कन-होन्। हक्क मध्य, हाना माइ। हस्त्रहम्मन, अडीमक्षप्रात्र भपार्थहिक का नारम ही काकात । চক্রচার (পুং) চক্রত চার: ৬তৎ। চক্রমণ্ডলের রাশিবিশেষে গতি, এক রাশি হইতে অবলু রাশিতে গমন। আকাশচারী চক্রমার এই গতি অমুসারে ভূলোকবাসীর গুভাগুত ফল ঘটিয়া থাকে। বুহৎসংহিতার মতে চক্রচারের ফলাফল এই-क्रभ निथिত आहে—त्वार्धा, भूना, भूक्तायाण ও উखतायाण নক্ষ কের দক্ষিণ ভাগে চক্র গমন করিলে বীজ, জল ও কান-নের হানি হয় এবং বহিত্য উপস্থিত হইয়া থাকে। চন্দ্র যথন বিশাখা ও অফুরাধা নক্ষত্রের দক্ষিণে উপস্থিত হয়, তথন তাহাকে পাপচন্দ্র বলা যায়। কিন্ত বিশাখা, অনুরাধা ও মখা নক্তের মধ্যে চল্রমা অবস্থান করিলে শুভফল হইয়াথাকে। রেবতী হইতে মুগশিরা পর্যান্ত ভটী নক্ষতা অনাগত হইয়াচন্দ্রের সহিত মিলিত হয়। আর্দ্রা অবধি অফুরাধা পর্যায় ভাদশটী নক্ষত্র মধ্যভাগে চক্রের সহিত মিলিত হয় এবং জোষ্ঠা অব্ধি উত্তরভাদ্রপদ প্রয়ন্ত ১টা ভারা অভিক্রান্ত হইয়াচন্দ্রের সহিত সংযুক্ত হইয়া থাকে। চল্লের শৃক্ষ উপাধ উল্লভ হইয়া নৌকার ভার আকার ধারণ कतित्व नाचिकशालत शीषा हय : हेहा छाए। अशत त्वात्कत ওভফল হইয়া থাকে। অন্ধোনত চন্দ্ৰপুৰকে লাজলমিতি वटन। हेरात कन-नामटनाभकी वीत शीषा, बाक्यानब আহলাদ ও মুভিক্ষ। চল্লের দকিণ্শুল অর্দ্ধোরত হইলে তাহাকে पृष्ठेनामन वरन। देश इहेरन পाशुरमनीय बासाब দৈক্ত ক্ষেপিয়া উঠে ও রাজাকে মারিবার উদেবাগ করে। চক্র যদি সমানভাবে উদিত হয়, তবে স্থভিক, মদল ও বৃষ্টি হইয়া থাকে। চক্র দণ্ডের স্তায় উদিত হইলে তাহার ফল গোপীড়া ও রাজগণের অস্বাভাবিক কঠোরদণ্ড করিবার উদেযাগ; চক্রমাধমুকের আকার হইলে ভাহার ফল ভয়া-नक युक्त, किन्छ थे धबूत का। य तिएम थारक, तिहे पिरानत জয় হয় এবং যদি ঐ শৃন্ধটা দক্ষিণোভরে আয়ত হয়, তাহাকে স্থান বা যুগ বলে। ইহার ফল ভূমিক লগা এই যুগ নামক मुक्र मिक्करण किथिए उत्तेष्ठ हरेला उन्हारक शार्चनात्री मुक्र वर्ता। हेशात करा-विविक्शालत मुका ७ कानावृष्टि। চন্তের কোন শুক নিমমুখ হইলে তাহাকে আবর্জিত বলে। कन-- (गाष्ट्रिक। **हस्रमण्डल**तः हर्ज्यम् कर्माकः व्यव

ममुन (तथा पृष्टे इहेरन छाहारक कूछ नामक नृज वरन। ইহা হইলে ছাদশ মণ্ডলসংক্রাস্ত রাজাদিগের স্থানভ্যাগ ঘটিয়া থাকে। কিন্তু এই সমরে চক্রপৃন্ধটী উত্তরদিকে উন্নত থাকিলে শস্তবৃদ্ধি ও স্বৃষ্টি এবং দক্ষিণ ভাগে উন্নত इहेरल इंडिंक घाँगेशा थारक। এक मुक्त, निसमूध, मुक्त शैन অথবা সম্পূর্ণ নৃতন ধরণের চন্দ্র দর্শন করিলে দর্শকদিগের এক ব্যক্তির মৃত্যু হয়। চক্ত কুদ্র হইলে ছডিক এবং অপেকা-ক্লত বড় দেখাইলে স্থৃভিক হয়। চক্র মধামরূপে উদিত इहेल डाइंटिक वक्क वरल। हेहांद्र कल-धीनीशराव क्रूधा-वृद्धि এবং রাজগণের সম্ভম। মৃদক্ষরপী চল্ডোদয় হইলে মঙ্গল ও স্থাভিক হয়। চন্দ্রমূর্ত্তি অতিশয় বিশাল হইলে রাজ-লক্ষী বৃদ্ধি, স্থূল হইলে স্থাভিক এবং রমণীয় হইলে উত্তম ধাতা হয়। চল্রাপুর মঙ্গল গ্রাহ ছারা কোনরূপ আহত হইলে প্রত্যস্ত দেশীয় কদাচার নুপতিগণের বিনাশ হয়। এইরূপ চত্রশৃক শনি ছারা আহত হইলে শস্তভয় ও কুখাভয় হয়। বুধ ছারা চল্রাশুস আহত হইলে অনাবৃষ্টি ও ছডিক ; বৃহস্পতি ছারা আহত হইলে প্রধান প্রধান রাজগণের বিনাশ; ভক্ত-ছার। আহত হইলে কুদ্র কুদ্র রাজার বিনাশ ঘটিয়া থাকে। শুক্লপকে এছ বারা চক্রশৃঙ্গ ভিল হইলেই এই ফল হয়। कुक्ष अटक हक्ष मृत्र खळा दाता नगाइल इहेल गर्भ, य्तन, পুলिन्स, त्निभाग, ज्ली, मक्षकष्ठ, ख्राष्ट्रि, मज, भाकाण, देकक्ष, क्लूड, প्रवात ও উगीनत (मांग मांच मानवाां नक मफ़क হয়। এইরূপ বৃহস্পতি দারা আহত হইলে—গাদ্ধার, সৌবী-त्रक, तिकू, कौत, जाविष् ७ शार्खका थारमान वाकाशन ७ তদ্দেশীর ধান্ত সকল দশ মাস স্তাপিত হয়; মঙ্গল ছারা ভিন্ন इहेरल वाहरनत महिल छेन्यूक जिगर्छ, मानव, कोनिन, গণপতি, শিবি ও অযোধ্যা দেশীয় শ্রেষ্ঠ নরপতিদিগের এবং कुक, मरु ७ ७ छिन ध्यानगीय छेर कृष्टे क्व वियमित्रत शीए। ७ विनाम; भनि बाता আহত इटेल পूर्तरमगारी अर्कुन-वः नीत्र ७ कूक्वः नीत्र तांका, मञ्जी ७ योकानिरात मन मान-ব্যাপী পীড়া ও মৃত্যু, বুধ কর্ত্ক আহত হইলে মগধ, মথুরা ও বেরা নদীর তীরবর্তী প্রদেশসমূহের পীড়া ও পশ্চিম দেশে সত্য যুগের আবিষ্ঠাব, এবং কেতু দারা আহত হইলে অমলল, ব্যাধি, তুর্জিক, শস্তাকীবীর বিনাশ ও চোরগণের অমতাত্ত পীড়াহয়। রাহুবাকেতু হারাগ্রন্ত চক্রের উপরে উদ্বাপাত হইলে যে রাজার জন্ম নক্ষত্রে গ্রহণ হইতেছে, সেই রাজার মৃত্যু হয়। চল্রমগুল ভত্মতুলা পরুষ, অরুণবর্ণ, কিরণহীন, কপিলবর্ণ, ফুটিত অথবা ফুরণশীল হইলে কুধা, সংগ্রাম, রোগ বা চৌরভয় উপস্থিত হয়। চক্স কুন্দ, মৃণাল

বা মৌজিক হারের জার ওজ বর্ণ হইর। তিথি অলুসারে কর বা বৃদ্ধি প্রাপ্ত হর এবং অবিক্লত মণ্ডল, অথবা গতি বা কিরণ যুক্ত হর, তবে মনুবাগণের বিজয়লাভ; শুক্লপকে চক্ত অতিশর বৃদ্ধি প্রাপ্ত হইলে আলণ, ক্ষত্রির ও প্রজাগণের বৃদ্ধি; হীন হইলে এই লকলের হানি ও সমপরিমাণ হইলে সমতা ঘটিয়া থাকে। কিন্তু কুফ্রপকে ইহার বিপরীত ফল হয়।

( বুহৎসংহিতা ৪ অধ্যায় )

চম্দ্র চ্ড (পং) চক্রশ্চ্ডায়াং যহা বছরী। ১ চক্রশেপর, শিব। ২ গোমাঞ্লন্থ একটা তীর্থ স্থান। [গোয়াদেথ।]

চন্দ্ৰ চূড়, একজন বিখ্যাত সংস্কৃত গ্ৰন্থকার, পুরুষোত্তম ভটের পুত্র। ইনি অভোক্তিকঠাভরণ, কার্তবীর্যোদয়কাব্য, চক্ত্র-শেথরবিবাহকাব্য ও প্রস্তাবিচিম্ভামণি নামে অলঙ্কার গ্রন্থ প্রণয়ন করেন।

চন্দ্ৰচূড়ভট্ট, অপর নাম চক্তপেধর শর্মা—এক বিধ্যাত স্মার্ক্ত প্রস্থকার, উমাপতি ভট্টের পূত্র ও ধর্মেশ্বরের পৌত্র। ইনি কালসিদ্ধান্তনির্ণয়, কালদিবাকর, পাক্যজ্ঞানির্ণয়, পিগুপিতৃপ্রয়োগ, শ্রাদ্ধনির্ণয় সংস্থারনির্ণয়, সৌত্রাম্বিপ্রয়োগ, চক্রচুড়ীয় ধর্মশান্ত প্রভৃতি প্রণয়ন করেন।

চন্দ্ৰুড়া (স্ত্রী) চক্রশচ্ডায়াং যতাঃ বছত্রী। গায়তী মূর্ত্তি-বিশেষ। (দেবীভাগ° >২।৬।৪৯)

চন্দ্ৰজ (পুং) চক্ৰাৎ কাষতে চক্ৰ-জন-ড। চন্দ্ৰের পুত্র, বুধ। "রোডাদীনি মঘাস্তাম্যুগাশিতে চক্ৰকে প্রকাপীড়া।"(বৃহৎসং ৭০)

( আ ি) ২ যাহা চক্ত হইতে উৎপন্ন হয়। চক্তজাত প্ৰভৃতি শক্ত এই সংৰ্থে ব্যবহৃত।

চন্দ্রজাসিংহ, ভর্কদংগ্রাহের পদক্কত নামে টীকাকার। চন্দ্রস্থানভন্ত্র, ক্ষেমরাজধ্ত একথানি প্রাচীন ভন্ত। চন্দ্রট, ১ হক্তিকর্ণামৃতধৃত একঞ্চন প্রাচীন কবি।

২ একজন বৈদ্যক গ্রন্থকার, তীসটের পুত্র। ইনি সংস্কৃত ভাষার চক্রট-সারোদ্ধার, স্থশ্রুতপাঠগুদ্ধি ও যোগরত্বসমূচ্চর নামে বৈদ্যকগ্রন্থ, তীসটরচিত চিকিৎসাক্ষিকার টীকা ও বৈদ্যকিংশটীকা রচনা করেন।

চন্দ্রতীর্থ, সহাজিপশু বর্ণিত গোমাঞ্চলের একটা পবিত্র জীর্থ।
(২০৩:২১) [গোরা দেখ।]

চন্দ্ৰ মৈথিল, এক বিখ্যাত মৈথিল পণ্ডিত। ইনি সংস্কৃত ভাষায় কাশীগীতা নামে সংগীতগ্ৰন্থ, ভগবস্তু কিমাহাত্মা, কুঞ্ বিহ্নদাবলী ও তাহায় টীকা রচনা করেন।

চক্রদাস, প্রেমায়ভটীকা রচয়িতা।

চন্দ্রদেব, ১ কনোজের রাঠোর-রাজবংশ-প্রতিষ্ঠাতা, কনোজ-রাজ মদনপালের পিতা। শিলালিপিপাঠে জানা যায় মদন- পাল ১১৫৪ সংবতে বিদ্যমান ছিলেন, স্থতরাং চল্লদেব তাঁহার কিছুকাল পূর্বেক কনোজের সিংহাদনে অধিষ্ঠিত হন।

২ বোদামর্তার রাষ্ট্রকৃটবংশীর প্রথম রাজা, ইহার পুত্রের নাম বিগ্রহপাল দেব।

৩ উৎকলের একজন পূর্বতন রাজা, কেশরীবংশের পূর্বেইহার অভানের। উৎকলের ঐতিহাসিকগণের মতে ইনি ৩২৩ হইতে ৩২৮ খৃষ্টাকা পর্যাজ্ঞ রাজ্ঞ করেন। ইনি নাম মাত্র রাজা ছিলেন, ঐ সময়ে যবনেরা উৎকল অধিকার করিয়া। ছিল। শেষে যবনেরাই ইহাকে বিনাশ করে। (Hunter's Orissa, Vol. I. p. 199.)

কিন্তু কোন প্রাচীন গ্রন্থে অথবা প্রাচীন শিলাফলকে চক্রদেবের নাম এখনও পাওরা যায় নাই।

চ ন্দ্ত†পন (পুং) চক্রং তাপয়তি তপ-ণিচ্ কর্তরি ল্য। দানব-বিশেষ। (হরিবংশ ২৪• আ:)

চন্দ্ৰ কিণ ( অ ) চক্ৰং স্থবৰ্ণং বিভীয়ং দক্ষিণা যথ বছৰী,
শাকপাথিবাদিশ্বাং বিভীয়পদখ লোপঃ। স্থবৰ্ণ দক্ষিণা, যাহা
অপেক্ষা বিভীয়। "ঝতখ যথা প্ৰেত চক্ৰদক্ষিণাঃ।"
( শুক্ল যজু: ৭:৪৫) 'চক্ৰদক্ষিণাঃ চক্ৰং স্থবৰ্ণংযজমানহস্ত হং
বিভীয়ং দক্ষিণা ইতি প্ৰাপ্তে শাকপাথিবিদ্বাং বিভীয় পদখ
লোপঃ।' ( মহীধ্র। )

চন্দ্র দশা (জী) চন্দ্রতা দশা ৬তং। ফলিত ক্রোতিষ মতে প্রহণণ নির্দিষ্ট সময়ে মানবগণের শুভাশুভ ফল প্রাদান করেন। চন্দ্র যতকাল পর্যাস্ত ফল দেন, তাহাকে চন্দ্রের ভোগকাল বাদশা বলা হয়। [দশা দেখা]

চন্দ্রদার (পুং) [বছ ) চক্রত দারা: ৬তং। ১ চক্রের স্ত্রী, অখিনী প্রভৃতি দাতাইশটী দক্ষকভা। ২ অখিনী প্রভৃতি দাতাইশ নক্ষত্র। [নক্ষত্র দেখ।]

চহনুদেব (পুং) > পঞ্চাল বংশীয় একজন বীরপুরুষ। ইনি ধর্মরাজ যুধিটিরের পার্মরক্ষক ছিলেন, যুদ্ধে বিস্তর বিক্রম দেখাইয়া কর্ণের হল্তে নিহত হন। (ভারত ৮০০ মঃ)

২ রাজতর কিণী বর্ণিত একজন তাপস ব্রাহ্মণ। ইহার তপভায় সন্তুষ্ট হইরা মহাদেব নীলপর্কতের উৎপাত হইতে দেশ রক্ষা করিয়াছিলেন এবং ষক্ষবিপ্লবন্ত ইহা ছারাই দ্র হইয়াছিল। (রাজতর কিণী ১০১২—১৮৪)

চন্দ্রীপ (পুং ক্লী) চল্লেণাধিষ্ঠিভোরীপ: মধ্যলো । সম্দ্র-পারে উত্তরকুরুর উত্তরভাগে অবস্থিত একটী রীপ । ত্রন্ধাণ্ড-পুরাণের মতে এই রীপে নাগ ও অন্তর্গণের বসবাসই বেশী। ইহার পরিধি হাজার যোজন, বিস্তার দশযোজন ও উচ্চতা ১০০ বোজন। এই রীপের মধ্যভাগে চল্লকান্ধ, খেত বৈছ্যা ও কুমুদ প্রভৃতি পরিশোভিত একটা পর্বত আছে।
এই পর্বত হইতে পুণ্যদিলা চক্রাবর্তা নদী প্রবাহিতা।
ইহাতে নক্ষত্রাধিণতি চক্রদেবের একটা বাদয়ান আছে।
গ্রহনায়ক চক্র প্রায়ই এই স্থানে অবতরণ করেন। চক্রপর্বত
স্বর্গ ও মর্ত্যা উভর স্থানেই প্রসিদ্ধ। চক্রদীপবাদী মন্ত্রগণণের
শরীরকান্তি চক্রের ভার উজ্জ্বল ও পৌর, মুধ্ধানি চক্রত্লা।
ভাহারা সকলেই ধর্মনিষ্ঠ, সদাচার, স্ত্যপ্রতিজ্ঞা, ভেল্ববী
এবং চক্রের উপাসক। ইহারা এক হাজার বৎসর বাঁচিয়া
খাকে। (ব্লাণ্ডণ অনুষক্ষণ ৪৭ অঃ)

চন্দ্রীপ, বাঙ্গালার অন্তর্গত সম্দ্রের নিকটবর্ত্তী একটা বিস্তাণ জনপদ। আবৃল ফললের আইন্-ই-অক্বরী গ্রন্থে ইহারই অধিকাংশ বগ্লা (বাক্লা) সরকার নামে বর্ণিত।

চক্ৰৰীপ নামের উৎপত্তি সম্বন্ধে হুইটী প্ৰবাদ প্ৰাচলিত আছে। ১মটী—বিক্রমপুর প্রগণায় চক্রশেথর চক্রবর্তী নামে ভগবতীমন্ত্রে দীক্ষিত এক ব্রাহ্মণ বাস করিতেন। ঘটনাক্রমে তিনি ভগবতী নামী এক কলাকে বিবাহ করেন। প্রথমে তিনি কানিতে পারেন নাই, জানিতে পারিলে তাঁহার আর আশকার সীমা রহিল না-ভাবিলেন, লোকে কি আমাকে পত্নীউপাদক বলিবে ? বরং প্রাণত্যাগ করিব, তবুং এমন হক্ষর্ম করিব না। তিনি নৌকায় করিয়া সমুদ্রধাতা। করিলেন, তথন বিক্রমপুরের দকিণ্দীমা পর্যান্ত সমুদ্র বিস্তৃত ছিল। একদিন সমস্ত রাত্রি নৌকা করিয়া সাগরে আসিয়া পৌছিলেন, ভাবিয়াছিলেন যে এখানে আর কাহারও সহিত **माक्का९ इटेरव ना, किन्छ भत्रिम প্রত্যু**रে একথানি কুদ্র নৌকায় এক ধীবরক্তাকে দেখিতে পাইলেন। চক্রশেথর অবাক ! তিনি ভাবিলেন, বোধ হয় স্বয়ং ভগবতী ছলনা করি-বার জন্ম এই হল্তর জল্ধি মধ্যে আবিভূতা হইয়াছেন, তিনি অবিলম্বে সেই ক্লার তর্ণীতে উঠিয়া তাঁহার পা জড়াইয়া ধরিলেন। প্রথমে ভগ্রতী ধীবরক্তা বলিয়াই আপনার পরিচয় দিয়াছিলেন, শেষে যথন দেখিলেন চক্রশেথর ভূলি-বার ছেলে নয়, তথন পরিচয় দিলেন, "আমি তোমার ইষ্ট-দেবতা ভগবতী। আমার বরে এইখানে চড়া পড়িয়া দীপ উৎপন্ন হইবে, তুমি এই স্থান অধিকার করিবে এবং তোমার নামাত্রদারে ইহা চক্রদীপ নামে খ্যাত হইবে।" বর দিয়া ভগবতী অন্তর্হিত হইলেন । দলে দলে এথানকার কল সরিরা **Бत (मथा मिन (३)**।

ংর প্রবাদ এই—চক্রশেথর চক্রবর্ত্তী নামে এক সর্যাসী ছিলেন। দহুজমর্দন দে নামে তাঁহার এক শিষা ছিল।

( > ) जमयुम्बत विज धार्षी ठ हळाबी त्यत त्रामवः म >> भृः।

সন্ধানী শিষাকে লইয়া সর্বাদাই বেড়াইতেন; এক দিন কাজিকালে নিলাবভান অথ দেখিলেন ধেন কালী দেখা দিয়া তাঁহাকে বলিভেছেন—"এই অলের মধ্যে কভকগুলি দেবমূর্ত্তি আছে, ঐ সকল উদ্ধান কর।" পরদিন সন্ধানী শিষাকে ভিনবার ডুব দিভে বলেন। শিষা ভিন ডুবে তিনটী দেবমূর্ত্তি ভুলিলেন (২), তুর্তাগাক্রমে আর ডুব দিভে হইল না, তাহা হইলে লক্ষীমূর্ত্তি পাইতেন ও রাজ্যও চির স্থানী ইউত। চক্তাশেশর এই ভবিষাবাণী বলিলেন যে ঐ ভান ওক হইয়া চর হইবে ও দমুক্ত তাহার রাজা হইবেন। চক্তাশেধরের আলেশে ও নামাক্ষমারে ইহার নাম চক্তালীপ হইলা।

আবার ভবিষা ব্ৰহ্মথণ্ডে লিখিত আছে—(৩) এপানকার সমস্ত ভূমি পূর্ণে জলময় ছিল, মহাদেবের প্রসাদে ও তাহার ললাটাই আগু ত্রাপে সেই জল শুক হয়। চক্রচুড়ের মন্তকস্থ চক্রকলার কিরণে এই খাঁপ সিক্ত হইয়াছিল। (বোধ হয় সেই জন্ম ব্রহ্মথণ্ডকার ইহা চক্রদ্বীপ নামে অভিহিত ক্রিয়াছেন।)

বাস্তবিক চক্রদ্বীপের নাম কেন হইল **্ তাহার প্রকৃত** ইতিহাস জানিবার কোন উপায় নাই।

প্রাচীন সীমা—দিখিজয়প্রকাশবির্তি নামক সংস্কৃত ভৌগোলিক গ্রন্থে এক স্থানে লিখিত আছে— "পুর্ব্বে মধুমতী সীমা পশ্চিমে চ ইছামতী। বাদাভূমি দক্ষিণে চ কুশ্দীপোহি চোত্তরে। সমস্তাৎ মাস্মার্গিভাশাসকোহ্তম্ মহীপ্তিঃ॥" ৬২১। পুর্কাসীমা মধুমতী, পশ্চিমে ইছামতী নদী, দক্ষিণে বাদা-

(২) মাধ্বপাশার রাজবাটীতে যে দকল দেবমূর্ত্তি আছে, তাহার কতকণ্ডলি জলোদ্ধুত মূর্ত্তি বলিয়া অংশকের বিখাদ। (চন্দ্রদীপের রাজবংশ ১২ পৃঃ)

ভূমি এবং উত্তরে কুশদীপ।

ত্যে বিশ্ব বিশ্ব

कविरवा जन्नथक >२·२-- > (ज्ञाः ।

कारातः दाक्तां वर्गना शत्य वर्गि कारक् "त्मग्नानो भूकं छात्रं भिन्ता ह वत्यभते । हेस्मिन्भूतो यक्त्रीमा मिक्स् ग्रस्ततः वनः । विःभः याक्रनविभाषा त्मामकारका जिविक्किः । त्मामकारक ह द्वी त्माभी विशादको नृगत्यभत्त । क्ष्मूवीयः भिक्तम ह जीकाद्या हि ख्लाख्द्र । वाक्रमारका महास्मान त्राक्षमानी ममीभकः।

( দিখিজয়প্রকাশবিবৃত্তি )

পূর্ব দীমা মেখনা নদী, পশ্চিমে বলেখনী, উত্তরে ইদিল-পুর ও দক্ষিণ ভাগে স্থন্দরন ইহার মধ্যে গিরিবর্জ্জিত দোম-কাস্ত, ইহার পরিমাণ ৩ বোজন। সোমকাস্তের মধ্যে আবার ছইটী জনপদ আছে—পশ্চিমে জন্মুখীপ ও উত্তর-ভাগে স্ত্রীকার—মধ্যভাগে বাক্লা নামক রাহ্মধানী।

যদি দিখিজয় প্রকাশের বিবরণ প্রাক্ত বলিয়া স্বীকার করা যায়, তাহা হইলে কোন সময়ে বাক্লা চন্দ্রপীপ হইতে ভিন বলিয়া গণ্য ছিল। খুষ্টীয় ষোড়শ শতানী হইতে আমরা চন্দ্রবীপের স্থলে বাক্লার উল্লেখ দেখিতে পাই। বাদশাহ অকবরের সময়ে বাক্লা একটী স্বতম্ব সরকার, ইস্মাইলপুর. শ্রীরামপুর, শাহজাদ্পুর ও আদিলপুর. (ইদিলপুর) এই চারিটী মহালে বিভক্ত ছিল। এখানে ১৫০০০ পদাতি ও ৩২০ গজ থাকিত। এই সরকার হইতে মোট ৭১৫০৬০ দোম ( অর্থাৎ ১৭৮৭৬॥১৫ টাকা) রাজস্ব আদায় হইত। (আইন্ই অক্বরী)

ভবিষা ব্রহ্মখণ্ড নামক সংস্কৃত গ্রান্থে চন্দ্রদীপত্ব এই কয়টী নগর ও গ্রামের উল্লেখ আছে। যথা —

ত্রদ্পুর (নগর), বারাণদীপুর, সহশাল, নালিকাসরিৎ পার্শ্বেকুম্নপ্রাম, কোটালি, কাকিনীগ্রাম, কণ্ঠরালী, বেণু-বাটা, রণানদীর নিকট ভদ্বুর, চেদীরনগর, যাদবপুর, বেত্র-গ্রাম, ভেলিগ্রাম, ধুরগ্রাম, কাকুলগ্রাম, স্বরাগ্রাম, মাধ্বপার্শ্ব ও পিক্লপত্তন। ডি॰ ব্লাধণ্ড ১০ আঃ)

উপরোক্ত মহাল ও নগরাদির অবস্থান অনুসারে বোধ হয়—এক সময়ে বাক্লা চক্ত্রীপ বর্ত্তমান খুল্না, বাকরগঞ্জ ও ফরিদপুর জেলার কিরদংশ পর্যান্ত বিক্ত ছিল। চক্ত্রীপের ইতিহাস পর্যালোচনা করিলে বাকরগঞ্জ জেলাই প্রাচীন চক্ত্রীপ বলিয়া বোধ হয়। কিন্তু মগদিগের উৎপাতে এই বিস্তৃত জনপদের দক্ষিণাংশ উৎসন্ন হয়, অধিকাংশ ব্যাড্রাদি-হিংপ্রজন্ত্রপরিপূর্ণ কল্লম্ম স্ক্রেরনক্রপে পরিণ্ত হয় ៖।

<sup>\*</sup> ব্ৰহ্মধণ্ডেও লিখিত আছে--

<sup>&</sup>quot;মগলাতিশল্পাতৈ মৰ্ত্তব্যা: সকলা প্ৰজা: । মগাধিকালে ভাষী চ বেদলটো ভবিষ্যতি ।" ( ড॰ ব্ৰহ্মণ: ১০ ৷ ১৩ )

ইতিহাস—চক্রবীপের রাজবংশ-লেথকের মতে বিজ্ঞাপুর হইতে সমাগত দহুজমর্জনদেই চক্রবীপের প্রথম রাজা ও বলীর কায়হসমাজের সমাজপতি। ইনিও কতকগুলি কুল-বিধি প্রচলিত করেন। ইতিপুর্বে কুলীন শলে (৩২৬ ও ৩৪২ পৃষ্ঠার) বিশেষরূপে প্রমাণিত হইরাছে বে ইনিই মুসলমান ইতিহাসে দহুজরার বা নৌজা ও প্রাচীনতম কুলাচার্যাকারিকার দনৌজামাধব নামে বিখাতে। ইনি গৌড়েশ্বর লক্ষণ-সেন দেবের প্রপৌজ। তারিখ্ই ফিরোজশাহী নামক পারত্ত ইতিহাসে লিখিত আছে—দহুজরার ত্মবর্ণগ্রামে একজন প্রকাশত রাজা ছিলেন। যৎকালে স্ফ্রাট্ বল্বন্ তুর্গ্রিল থাঁকে দমন করিতে আসেন, সেই সময়ে (১২৮০ খুটালে) ইনি জলপথে বল্বনের যথেই সাহায্য করিরাছিলেন। ইনি অবশেবে স্থব্গ্রাম পরিত্যাগ করিরা চক্রবিপ আসিরা রাজ্য ত্থাপন করেন। [কুলীন শল ৩২৬ ও ৩৪২ পৃষ্ঠার দনৌজ্যাধব প্রবিভিত কুলবিধি দেখ।]

দনৌজামাধবের বা দহুজ রামের পুত্র রমাবলভ রায়। ইনিও পিতার প্রদর্শিত কুলবিধি রক্ষার জন্ম আরও কতক-গুলি নিরম করিরাছেন (৪)। ইনি নিজ নামে একটী নগরও স্থাপন করেন (৫) তৎপুত্র কুফাবলভ রায়, তৎপুত্র ছরিবলভ রার (৬), তৎপুত্র জায়দেব রায়। দহুজারায় লইয়া এই পাঁচ জন (৭) চক্রছীপে প্রবল প্রতাপে রাজত্ব করিতেন।

জয়দেব রায়ের কোন পুত্র সন্তান হয় নাই। উত্তরাধিকার স্ত্রে তাঁহার ভাগিনেয় বলভদ্র বস্থর পুত্র পরমানন্দ রায় চক্রছীপের সিংহাসনে অভিষিক্ত হন। রাজা পরমানন্দ কায়ভগণের কোলীনা সম্বন্ধে অনেক নিয়ম করেন। পূর্বের বঙ্গক কায়ছদিগের ঘোষ, বস্থ, শুহু, মিত্র এই ক্রমান্ত্রগানা হইত। তাঁহার সময়ে বস্থু, ঘোষ, শুহু, মিত্র এই ক্রমান্ত্রগারে গণনা হইতে আরুভ্ত হয়। আইন্ই-অক্বরীর মতে পরমানন্দের পিতা বাক্লায় রাজস্ব করিতেন। অকবরের ২৯শ বর্ধে ঐভানে বেলা ভিনটার সময় এক ভয়ানক জল

মাবন হয়, ভাহাতে প্রায় সমস্ত হয় হায় ভাসিয়া হায় !
য়ালা সেই সময়ে আমাদে মন্ত ছিলেন, তিনি ভাড়াভাড়ি
একথানি নৌকায় উঠিয়া পড়েন, ভাঁহায় প্র পরমানন্দ
য়ায় ও কতকগুলি লোক একটা মন্দিরের উচ্চ চ্ড়ায় উঠিয়া
প্রাণরক্ষা করেন। চারি ঘণ্টা পর্যন্ত ঝড় বৃষ্টির সহিত
সমুল বৃদ্ধি হইয়াছিল। উক্ত মন্দির ব্যতীত আর সমস্তই
সাগরের গর্ভালয়ী এবং প্রায় চুই লক্ষ প্রাণী বিনপ্ত হয় (৮)।
কিন্ত চক্রহীপের রাজবংশাবলী ও প্রাচীন কুলাচার্য্যকারিকায়
পরমানন্দই চক্রহীপের বস্তবংশীয় প্রথম রাজা বলিয়া বর্ণিত
হইয়াছেন, তৎপুত্র রাজা জগদানন্দের সময়েই নদীর প্রোত
প্রবলবেগে রাজবাটী পর্যান্ত ধাবিত হয়। রাজা জগদানন্দই
নদীগর্ভে আত্মসমর্পণ করেন। তিনি নিজ বাকরগঞ্জের
নিকট কচুয়া নামক স্থানে রাজত্ব করিতেন। রাজা জগদানন্দের কস্তা কমলা এথানে এক প্রকাশ্ত প্র্রিনী থনন
করেন, এথনও ঐ প্রুরিণী বৃহিয়াছে।

রাজা জগদানল ইহলোক পরিত্যাগ করিলে তৎপুত্র মহাবল কলপনারায়ণ সিংহাসনে অভিবিক্ত হন। ১৫৮৬ খুটালে ইনি রাজত্ব করিতেন, রাফ্ ফিচ্ প্রভৃতি বৈদেশিক ভ্রমণকারী ইহার গুণের প্রশংসা করিয়া গিয়াছেন। (Hakluyt'a Voyages, Vol. II. p. 207) [কলপনারায়ণ শব্দ দেখ।]

চক্রদ্বীপের রাজবাচীতে একটা বৃহৎ পিততের কামান আছে, ঐ কামানের উপর বলাক্ষরে কল্পনারায়ণের নাম ও ৩১৮ অন্ধ থোদিত (১)।

মগের দৌরাত্ম্য কন্দর্পনারারণ কচুয়া পরিত্যাগ করিয়া বরিশালের পূর্ব্বোত্তর কোণে বাস্থরিকাটি গ্রামে এক রাজ্ঞানী করেন। পরে ঐ স্থান ছাড়িয়া যথাক্রমে পঞ্চকরণের নিকটবর্তী হোসনপুর ও ক্ষুদ্রকাটিতে কিছুকাল বাস করেন। শেষে মাধবপাশা নামক স্থানে উঠিয়া যান। পূর্ব্বোক্ত স্থানসমূহে এখনও প্রাচীন মন্দির ও ভয়্ম ইউকালয়াদির চিক্ত পড়িয়া আছে।

মাধবপাশায় একজন মুসলমান গাজী বাস করিতেন, তাঁহাকে বধ করিয়া কলপ্রিায়ায়ণ এই ভানে রাজধানী নির্মাণ করিলেন। এখনও তাহা বিদ্যমান (১০)।

কন্দর্শনারায়ণের পর তৎপুত্র রামচন্দ্র রার রাজা হন। যশোরাধিপ প্রতাপাদিত্যের কন্তা বিন্দুমতীর সহিত রামচন্দ্রের

<sup>( )</sup> Col. H. S. Jarrett's Ain i Akbari, vol. II, p. 123.

<sup>( &</sup>gt; ) চক্রবীপের রাজবাটীর নিক্ট এক পু্ছরিণী আছে, ভাষার নাম ভাষান-তলাও, বহু লোকের বিখাস এখানে অবেক কামান থাকিতে পারে।

<sup>(&</sup>gt;) अक्रवरक्षत्र मरक माध्यभाव क्रित माध्यरण्यतः मन्त्रित अभिका

<sup>(</sup>৪) ব্রন্তরভূষিত্র প্রণীত চন্দ্রবীপের রাম্বরণ ১৮।১৯ পৃষ্ঠা দেখা

<sup>(</sup>α) विधिकत्र अकारण এই नशरबत्र উলেখ আছে---

<sup>&</sup>quot;রমাবলভনগরে রাজাতুলধনাখিত:।" (চক্রখীপ বিবরণ ২৪৫ রোজ)

<sup>(</sup>৬) কুলীন শব্দে ৩৪০ পৃষ্ঠার এই শাস্ট্য প্রমক্রমে ছাড় হইরাছে।

<sup>( )</sup> বিবিজয় প্রকাশে বাদ্যরার নামে একজন রাজার বিভারিত বিবরণ লিখিত আছে। ই হার সহিত সরনাকোটের রাজকভার বিবাহ হয় । এজাখতে চল্লাহীপের অভার্গত বৈ বাদ্যপুরের উল্লেখ আছে, বোধ হয় বাদ্যরার সেই নগর হাপন করিয়াছিলেন। দিবিজয় প্রকাশে চল্লাহীপের রাজা আধুরাজ নামে অভিহিত হইরাছেন।

विवाह इटेबाडिया। विद्य विवाहबाद्य अञ्चानाविका छीटांब প্রার্থিনাশ করিয়া কারছের সমারণভিত্ব ও চক্রবীপ রাজ্য व्यक्षिकात कतिरवम, श्रेषोत मृत्यं धार्ट सःवाक शार्टेशं किनि वज्ञकतात क मधात तामामावन मारणह मार्चादा का बांफ काय-तोकात कतिया हळाबीत्म हिनिया चारमन । कहतक বংসর পরে যশোররাজকভা কাশীবার্তাচ্ছলে নৌকাবানে हळ्डीर्भ डेमडिड इस। क्डि ध्वान वहतिम करममा করিয়াও উচ্চার ভাগ্যে স্বামীদর্শন লাভ ঘটে নাই। প্রথমে किनि (व कां के थाकिएजन, त्रिशास मुखार इंदेवांब हां है ৰসিভ। এখন দেখালে হাট নাই, কিন্ত কেই স্থান "বউ ঠাকুলাণীর হাট" নামে প্রসিদ ৷ রামচক্রমহিবী সামসী श्रात्मत्र निक्रें कि कि कि कि कितन ; के श्राप्य अक बृहर श्क्रिति थनम करवन।

রাজা রামচক্র ভুগয়ার প্রসিদ্ধবীর লক্ষণ মাণিক্যকে বন্দী করিয়া চক্রদীপে আনিরাছিলেন, ইহাতে তাঁহার সাহস ও বীর্জের যথেষ্ট পরিচয় পাওরা যার। লিক্সনমাণিক্য দেখ।]

त्रामहत्त्वत शूख प्रांका की र्खिनातात्र शता । देशि दनी-বুদ্ধে পারদর্শী ছিলেন, মেখনার উপকৃত হইতে ফিরল-দিগকে যুদ্ধ করিয়া ভাড়াইয়া দেন; ভাহা ওনিয়া চাকার নবাৰ কীর্ত্তিনারারণের সহিত বন্ধুড়া ভাগন করেন। দৈব-क्राम अक्तिम यूक्याकां कारण देनि नवाद्यत ट्यांका सर्वात्र ভ্রাণ পাইয়াছিলেন, সেই জ্ঞ তিনি স্বাভিত্রই হন ও ক্নিষ্ঠ বাস্তদেব নারারণের হত্তে চক্রমীপরাজ্য সমর্পণ করেন। বাস্থাদেবের পর তৎপুত্র প্রেমনারায়ণ রাজা হন। প্রেম-নারারণের অর বয়সে মৃত্যু হয়, তাঁহার কোন সন্তানাদি ছিল না। বস্তবংশীর এই ৮টি রাজা চক্রছীপে রাজত্ব করেন। [ कूनीन भरक ७६८ शृष्ठीत वश्मावनी ऋहेता । ]

প্রেমনারারণের পর উাহার পিতৃদৌহিত্র মিতাবংশীয় উनाइननिवानी भौतीहत्र मिळ मक्ममास्त्रत शूख डेमत-नातात्रण ठञ्जबीटशत निःशानन व्यथिकात करत्रमः जिल्लानाता-য়লের এক সভোদর ছিলেন, তাহার নাম রাজা রাজনারারণ রার। ভিনিও মাতামহীর উত্তরাধিকারস্ত্রে "রাজ্যাতা তালক" নামে এক বৃহৎ ভালুক ও চন্দ্ৰীপের অন্তর্গত মহাল হিভাজাত ও মহাল উলুহাত এই কর সম্পত্তি পাইরা মাধ্ব-शाभात निक**ট धाङाभण्डम काम करत्रन । उ**शांत्र धार्यनछ ভাঁহার বংশীরগণ বাস করিতেছেন। কিন্তু এথন আর उँशिक्ति त बर्गम्या मन्निख नारे।

উদয়নারারণ হইতে মিত্রবংশীর এই কর পুরুষ চল্লবীপে त्रीक्षच करवन-

- > तांचा केन्द्रमात्रावन प्रांत । २:वांचा निवसावांत्रन तांत्र ।
- ताका कप्रमातावन जाव । 8 ताका मिनिश्वमातावन याक ।
- ৫ রাজা বীরসিংহনারারণ রার ( দতক )।
- त्रांका ८वटवळ्टनात्रात्रण त्रांत्र ( मखक )।

রাজা উদয়নারারণের রাজ্যলাভের পরই নবাবের श्रीनक थानि मञ्जूमनात्र छाँशास्त्र अधिकात्रहाछ करत्रम । शरत নবাবের আদেশে উদরদারারণ এক ব্যাপ্তকে যুদ্ধে কিহত कतिया श्रमदाव बाकाधिकात्र आशे हहेत्यम ।

রাজা শিবনারামণ চক্রমীপ বাজীত স্থলতান-প্রতাপ পর-পণাৰ বৰ্ম ভাগেৰ অধিকাৰী ভিলেন। ডিনি একখন দালাককে छेरात नमक वर्ग निविद्या किया छेगारेन निवानी स्वयानात बिख मक्समात्रक काँकि निष्ठ वान, छाशास्त्र साकक्सा छैन-विष्ठ हत । बाजाना ১১१२ नारण २५७ जबहात्रण के बाक-कमात वाब क्षेकांन क्या किरांक बाका निवस्तातातरन यर्थेष्ठ कन्छ इट्रेग्राक्टिन। अ क्रांका जाँगात हतिकारमास्यत কথাৰ শুনা বায়।

त्राका करनातार्थ वानाकात्नहे तात्कात छेखताधिकाती হম। এই সময়ে তাঁহার ফর্মচারী শহর বক্সী অনেক मण्यक्ति चांचामां करवन। रमञ्जान गर्जारशावित्सव সাহায়ে জননারালণের মাতা গুলারাণী কতকাংশ ফিরাইরা পান। ঐ রাণী বিস্তর অর্থবার করিয়া এক বৃহৎ পুক্রিণী ধনন করাইয়াছিলেন, ভাছা এখন তুর্গাসাগর নামে খ্যাত। त्रांका क्यमात्रायां तत्र ममत्र ममनाना वान्नावन्त हम, काहारि পরগণা কোটালিপাছ, ইদিলপুর, স্থলভানাবাদ, বুজকগ, উমেদপুর প্রভৃতি কল্পেক হান পৃথক্ হয়, তবুও বাহা জ্বলিষ্ট हिन, छाडा अक प्रद क्रिमाती, छाडातरे वत्नावछ रहेन।

ज्यनकात त्वाटकत निर्फिष्ट मिरन थानाना गरेवा कारमकात সাহেবের নিক্ট উপপ্তিত হইতে অভ্যাস ছিল মা। অবধারিত দিনে পূৰ্যান্তের সংখ্য খাজনা জমা না দিলে নিলামে সম্পত্তি विक्रम क्ट्रेटन । এই चारेन बाति क्ट्रेल ताबात व्यर्थलां नी छ्टोभन कर्माठां ती निरंगत रहारि उक्तरम उक्तरम मनुनात मन्ने खि निनाम विकास हरेश श्रान। श्रामात निकत थानावाफी छ ক্ষেকখানি স্ক্রমী তালুক মাত্র তাঁহার বর্ত্তমান সম্পত্তি।

विजयानी त्रामक वाका पत्र शास्त्र विजय वाक्षी दिवा विकास विजय वाका विजय विकास विजय वाका विकास वित ब्रांकप क्षित्रांक्टिनन, खाँदारमत खांखिदर्ग अथनक (महफ्गांखि , প্রাদে বাদ করিভেছেন ও চন্ত্রনীপের রাজসভার ভাঁহারা ব্ৰৱাজ উপাধি ধারণ করিয়া থাকেন। চন্দ্রবীপের বর্জনান वासगरणव अवदा मन हरेरा व वस्य कावदमारक अधन छ उँ। हात्रा बर्ष्ट मणानिछ।

চ স্মৃত্যুতি (পুং) চন্দ্রত ছাভিরিব ইাতির্বক বছরী। চন্দ্রন।
(ভাবপ্রকাশ) [চন্দ্রন দেখ।] (নী) চন্দ্রনক ছাভিঃ
৬ডং। ২ চন্দ্রকিরণ।

हिन्दित्तान [ वांवा वृत्तन (मर्थ । ]

চন্দ্ৰযু, রাজিকালে বৃষ্টির উপর চন্দ্রকিরণ পড়িরা ধর্ণ-কাকারে বে আলোক উৎপর হর, ভাহাকে চন্দ্রবেছা। ইহার উৎপত্তি আকার প্রভৃতি সমস্তই রাদ্ধর্ম ক্রার। ভবে ইহার বর্ণ সম্পার দিবাতাপে উৎপর রাম্ধর্ম ক্রার উজ্জ্ব ও স্টে নহে। প্রকাপ্ত অর্থান্ত আবাৎ ধর্ম স্থার আকার বলিয়া ইহাকেও ধর্ম কহে। [রাদ্ধর্ম দেব।]

চন্দ্ৰধ্বজ্ঞকৈ তু (পুং) দ্যাধিবিশেষ। (বুংপঞ্জি।) পত-দাহত্ৰিকা প্ৰজ্ঞাপায়মিতায় ইছা চন্দ্ৰশ্বলা নামে বৰ্ণিক্ত।

ह्यार्थ, हडेशाम मगरतत २८ मारेन छेखरत नीलाक्खरेनन-মালার দধ্যভাগে অবস্থিত একটা পাহাড়। ইহাকে সীতাকুগু-গিরিও বলিরা থাকে। ইহার উচ্ছার ১১৫৫ ফিটু। ইহাতে ছই প্রকার প্রতার অর পরিমাণে দেখা বার, ১ম দচ্ছিত্র चारधन, २न लोहमः जिष्ठे निरत्ते । व्यनिक मीजाकु अनारम উষ্ণ প্ৰান্তৰণ এই পৰ্কতে ভাৰত্বিত। ইহা হিন্দুদিগের একটা মহাতীর্ধ। কথিত আছে, মহাদেব ও রামচন্দ্র, উত্ত-८३३ थारे ज्ञान मर्चन करतन जिल्ला महारमय अहे शिविक क्लाज অন্যাপি বাস করিতেছেন। বাঙ্গালার সকল স্থান হইতে বংসর বংসর বত্দংখাক হিন্দুযাত্রী এই পুণাভূমি দর্শন कतिराज ज्यानिता थाटक । जनारधा काञ्चम मारम निवहजूर्यनी পর্ব উপলক্ষে তথার সর্বাপেক্ষা অধিক লোকের সমাগম হয়। এই नकन यां वीमिरगत वारमत निमिष्ठ अधिकां ती मामधाती প্রান্ত্রণণণ বাসাঘর নির্দ্ধাণ করাইয়া রাখে। বাজীয়া ঐ সকল গ্রহে বাস করে। অধিকারী তাহাদের নিকট হইতে ভাড়া পায়, এতদ্বাতীত দেবতার্থ বস্ত্র তৈজ্ঞসাদি বাছা কিছু উৎসর্গ করা হর তৎসমস্তই অধিকারীর প্রাপ্য। শিবচভূদশীর সমর প্রত্যেক অধিকারী এইরূপে প্রান্ন ৩।৪ ছালার টাকা উপা-র্জন করে। মলিরের মোহত্তগণ কেবলমাত্র কর পান, ভত্মারা দেবদেবাদির বার নির্বাহ হর। শিবচভূর্দশীর মেলা প্রার দশ দিন থাকে। এই সময় ১০ হইতে প্রায় ২০ হাজার गर्वाच वाजी चारत। देवज ७ कार्किक मारत **এ**वर शहरनत সময়েও বিভন্ন বাজী আদিয়া খাকে। লোকের বিশাস বে চক্রনাথ পর্বতে আরোহণ করিলে আর পুনর্জন্ম হয় না। এই देननम्दन निजन्तनी महारारतंत्र धकती मनित चारक, भर्तरंकत **ष्ट्रिशार्यं क व्यम्भा त्मरमानित्र तम्था वाक् । ठळानाथ इटेटक खात्र** তিন মাইল দক্ষিৰে বাড়বকুগু ও উন্তক্ষে অবদাক্ষ নামক তীৰ্থ- বাই অবিভিত দে এ ছাড়া পর্জন্তের হালে হালে আরও অনেক্
কৃত বা তীর্থ আছে। [চন্দ্রশেশয় ও সীভাকুও শব্দ বেব।]

তাধাল অধান সেলার সমর, নীভাকুওতীর্থে বাজীগণ
দানারূপ পীড়াএত হয়। রাতা বাট প্রভৃতির অপরিচ্ছরতা,
কর্মা পানীর জল ও অতি জনতাই ভাহার কারণ।

প্রবাদ আছে, কুর্নেবের শরীর চন্দ্রনাথ পর্যন্তের একরামে প্রোধিত হইরাছিল। এই হাদে প্রতি বংসর চৈত্রসংক্রান্তিতে বৌদ্দিপের একটা মেলা হর, এবং অনেক লোকে ঘৃত আত্মীর অক্ষদের অহি আদির। তথাকার পবিত্র বৃদ্ধকূপে দিক্ষেপ করে।

২ চট্টপ্রাম কেলার উক্ত পর্বতে অবস্থিত একটা প্রাম। ইহা দীতাকুণতীর্থবাত্রীদিলের প্রধান আক্রা। অক্ষাণ ২২ণ ৩৭ ৫৫ উঃ, দ্রাঘিণ ৯১ণ ৪৩ ৪০ পুঃ।

চক্রনাভ (পং) চল্রো নাভৌ বস্ত চক্রনাভি সংজ্ঞার্থে অচ্। ভারতবর্ণিত একটা দানব। (হরিবংশ ৩২৪)

চক্ৰনামন্ (পং) চক্ৰত নামান্যেৰ দামান্যা বছৰী। কৰ্পুর।
চক্ৰনামান্ত ভট্টাচাৰ্স্য, একজন নৈলানিক, ইৰান নচিত
ভালগ্ৰেছের অনেক টীকা আছে। তল্পণ্যে এই ক্ষথানি পাওৱা
বান্ধ—কুন্ধাঞ্চলিটাকা, গাদাধনীনান্তম, গলাধনের অন্ধানথণ্ডের টীকা, গৌতমক্তবৃত্তি, জাগদীনীর ক্রোড়টীকা,
ভাগদীনী চভূদ্দাক্রণীপত্রিকা, তন্তচিন্ধামণিটিগ্রনী, ভর্কগ্রহটীকা ও ন্যান্তক্রাড়পত্র।

চন্দ্রনি নি বি (জি) চন্দ্রদা নি নি নি বি নি নি বি নি

চক্ষপঞ্চাঙ্গ (ক্লী) চক্ষমানজ্ঞাপক পঞ্জিকা বিশেষ, এই পঞ্জিকা নান্দিণাত্যে প্রচলিত।

চক্ষপণী ( তাঃ) চক্রবৎ পর্বং বস্যাঃ বছত্রী, ততঃ ভীপ্। প্রদাদ্বনী, চলিত কথার গদভোদানী বলে।

চক্সপাপুর (অ) চক্রইব পাপুর:। চক্রের म্যার শুভরবর্ণ।

"বর্ত্ত জানকীকুঙং লোকানাং তারহেত্বে।
কালে কালে বিশেবেণ মজনং সংত্রিবাতি।
চল্রনাথো বির্গাক্তা লোকপাবনহেত্বে।
রখুনকনগিরিরংগে লক্ষণেন পুমাকৃতে। \* \* \* ।
রখুনকনগিরেরংগে লক্ষণেন পুমাকৃতে। \* ত \* ।
কুখং ক্রিনমাযুক্তং ক্রিগাং পুশ্যবং নরা।" (ভা রক্ষণ ১৪। ১০-১২)

\*\*\*

চন্দ্রপান (পুং) চন্দ্রস্থানঃ ৬৬২। চন্দ্রকিরণ। "নির্মিত প্রিথেনা তচ্ছিরস্চন্দ্রপানে:।" (কুমার)

চিত্রপোল, ১ একজন বৌদ্ধ দার্শনিক পণ্ডিত। ইহার উপদেশে নিতান্ত সংসারমায়াবদ্ধ ও ধর্মবিরাগী ব্যক্তিগণ্ড ধর্মপিপাত্ম হইত। ইনি অনেক বৌদ্ধান্ত রচনা করেন। চীনপর্যাটক হিউএন্ সিরং এর "সি-যু-কি" গ্রন্থে ইহার বর্ণনা আছে।

২ গোপাচলের একজন পূর্বতন অধিপতি। ইনি মহারাজ কৌনভের বিতীয় মহিনী সাধ্বীখরা দেবীর জ্যেষ্ঠ পূত্র।

৩ এতাবা অঞ্লের একজন রাজা, আহাই ধেরা নামক হুর্গের প্রতিষ্ঠাতা।

৪ মিবারের স্থ্যবংশীয় একজন রাজা। ইনি এক সময়ে সমস্ত ভারতবর্ষ জয় করেন।

চন্দ্রপুত্র (পুং) চন্দ্রদা পুত্র: ৬তং। বুধ।

"এতচারি-রসায়নকুশলবেসরাশচক্রপুত্রস্য।" ( বৃহৎসং ১৬২● ) চন্দ্রপুর, মধ্যপ্রদেশে সম্বাপুর জেবার অন্তর্গত একটী রাজ্য বা জমিদারী, পশ্মপুর জমিদারী ইহার অন্তর্গত। ১৮৬০ খৃঃ অবেদ ছুইটা প্রমেণ্ট প্রগণা লইর। গঠিত হয়। ১৮৫৮ খৃঃ অনে স্থ্যেক্স শাহের বিদ্রোহে যোগদান অপরাধে কভিপর জমিদারের वार्विक ७००० चारत्रत मण्यन्ति वास्त्रताश हत्र, এवः धी स्त्रनात তথনকার ভেপ্টি কালেক্টর রায় রূপিসিংহকে প্রদত্ত হয়। রাজদ্রোহীগণ ক্ষমা প্রার্থনা করিলে ভাহাদিগকে পুনর্কার ঐ সমস্ত প্রত্যর্পণ করা হয়। কিন্তু রাম্ব রূপ সিংহের ক্ষতিপুরণের নিমিত্ত ডেপুট কমিশনার মেজর ইম্পে এইরূপ ৰুস্পোবস্ত করেন, বে ৪০ বৎসর চক্রপুর ও পল্পুর জমিদারী হইতে ৭৫৫ ্বার্ষিক কর রূপরায় সিংহ পাইবেন এবং তিনি ঐ कमिनात्रीत्र त्राक्षच वार्विक ४>०० होका शवटर्सन्टेस्क निरवन। চক্রপুর ও পদ্মপুর উভয়ই মহানদীতীরে অবস্থিত। সম্বলপুর হইতে প্রায় ৪০ মাইল উত্তরপশ্চিমে পল্লপুর ও তথা হইতে আরও ২০ মাইল পশ্চিমে চক্তপুর অবস্থিত। মধ্যে রায়গড় রাজ্যের কতক অংশ। চক্রপুর পরগণা ছিল্ল বিচ্ছিল বিশৃখাল **छादि अविश्वि नाना अः एम विश्वकः । हेहात मकन अः एमहे** বেশ জল পাওয়া যায়, কোণাও বন জলল নাই, কোন ছানে বালুকা ও কোন ভানের ভূমি রুঞ্বর্ণ কর্দমময়। শৃদ্য চাউল, ইকু, সর্বপ, তিল, ছোলা, সম ইত্যাদি উৎপন্ন হয়। এথানকার ভদরের বন্ধ বিখ্যাত।

চस्म भूत, > जन्दर्गिक धक्षे नीर्वहान।

"কৈলাসং পীঠকেদারং শুভং চক্রপুরং তথা।"

( वृह्योगङ । १ १ )

২ দেশাবলীর মতে ত্রিপুরাস্থ অপ্রভোলার 🕏 ক্রোশ

-দক্ষিণে গোমতানদাতীরে অবস্থিত একটা আচীন প্রাম, এথানে জিপুরাকুম্বরী বিরাজ করেন।

চন্দ্রপুরী, নর্দ্রণ নদীভীরবর্তী একটা প্রাচীন নগরী। রেখা-খণ্ডের মতে এখানে সোমবংশীর রাজা হিরণ্যতেকা রাজ্য করিতেন। (রেবার্থা ৩২)

চন্দ্ৰপূলী (দেশক) একপ্ৰকার স্থমিষ্ট থাদ্যস্তব্য । নারিকেশ-ও চিনি দারা প্রস্তুত হর।

চন্দ্ৰপুন্পা (ত্ৰী) চক্ত ইব প্ৰশং মৃত্যাঃ বছবী। ১ খেত কণ্ট-কানী, হিন্দীতে খেতরেলণী বলে। (রাজনিং) ২ খেত-প্রভা, বাকুচী, চলিত কথায় সোমরাল বলে। ৩ জ্যোৎসা।

চন্দ্রপ্রকাশ (পুং) চন্ত্রত প্রকাশ: ৬৩৭। চন্ত্রের উনয়। ২ চন্ত্রের আলোক।

চন্দ্ৰপ্ৰভ (পুং ) চক্ৰভেব প্ৰভাষত বছৰী। জৈনদিগের অইম তীর্থছর। ইহার পিভার নাম মহাসেন রাজা ও মাডার নাম লক্ষণা। পৌষ বদি ত্রয়োদশ ভিথি, অনুরাধানকত ও বৃশ্চিক রাশিতে চক্রপুরী» নগরীতে ইক্ষুকুবংশে জন্মগ্রহণ করেন। हैशत हबन जिथि हिज्बदिन शक्ष्मी ७ विमानित नाम विकाय । ইহার শরীরটা খেতবর্ণ ও ১৫০ পঞ্চাশ ধছু পরিমিড ছিল। ইনি রাজা উপাধি ধারণ করিয়া দশ (লাথ) বৎসর ভূতলে বিচরণ করিয়া ছিলেন। রাজা চজ্রপ্রভ ১০০ সাধুর সহিত মিলিত হইয়া চন্ত্রপুরী নগরীতে পুলাগবৃক্ষের তলে পৌষ অয়োদশী তিথিতে দীক্ষিত হন। দীকার সময়ে ছুইটী উপবাস করিয়া সোম-দত্তের ঘরে পারণ করেন, ছইদিন কেবল ক্ষীর থাইয়াছিলেন। পরে তিনমাস মাত্র ক্রন্তব্য অবলম্বন করিয়া জ্ঞানলাভ करतन। काननात्छत्र भूर्त्व होन इहे है डेभवाम करतन। कास्त्रन विन मधमी जिथिए हैशात ज्ञात्नामत्र हत्र। २० अगस्त, २०००० माधू, ७७००० माध्यी, १७०० वामी, ৮০০० कावधिकाली, ১০০০० (कवली, ৮००० मनः शर्यात्र, ১००० চতুর্দশপুৰবী, ২৫০০০ শ্রাবক ও ৪৭৯০০০ শ্রাবিকা ছিল। ইহার শাসনযক্ষের নাম বিজয় ও যক্ষিণীর নাম ভৃকুটী, প্রথম গণধরের নাম দির ও প্রথম আন্যার নাম স্থ্যনা। ভাত বদি ৭ তিথিতে সমেত শিখরে কৌশ্বর্গ নামক আসনে ইহার মোক্ষ হর। চক্রপ্রভ মৃগ্যোনিও দেবগণ ছিলেন। ইনি নয় মাস সাতদিন গর্জে থাকিয়া ভূমিষ্ঠ হন। ইহার মোক পরিবার ১০০০। ইহার তিনটা মাত্র জন্ম হয়।

চন্দ্রপ্রভ, ভন্দশিলা বা তক্ষশিলাবাদী একজন বোধিসন্থ। ইনি
ভক্ষশিলায় রাজন্ধ করিভেন। নগরের চারিন্ধারে উাহার
চারিটী দানাগার ছিল। বে বাহা চাহিত তিনি তাহাকে

<sup>🕈</sup> কাহারও সতে আগতী বা বর্ত্তমান পেটমাহটের নাস চল্লিকাপ্রী।

ভাহাই দান করিতেন। সহস্র সহস্র ভিকুক প্রতিদিন মনোমত ধনাদি লইয়া বাইত। অবশেষে কলাক নামে এক কণ্ট ব্রাহ্মণ রাজার নিক্ট আসিয়া তাঁহার মন্তক ভিক্ষা করিল। রাজা ত্রান্ধণকে বিপুগ ঐখর্য্য সম্পত্তি ল্ট্য়া ঐ অসমত প্রস্তাব পরিত্যাগ করিতে অমুরোধ ক্রিলেন। কিন্তু আহাণ রাজার মন্তক ভিন্ন আর কিছুই লইতে স্বীকৃত হইল না। অবশেষে রাজা সভ্যভলের ভয়ে নিজ মন্তক দিতেই প্রস্তুত হইবেন। মন্তক হইতে রাজমুকুট লইরা ভিকুককে দান করিলেন। তদর্শনে মহাচন্দ্র ও মহীধর নামক প্রধান মন্ত্রীবর মূর্চ্ছিত ও গতাস্থ হইলেন। আহ্মণ এই সকল দেখিয়া উপন্থিত ক্রনোক হইতে অহিত আশহা করিয়া রাজাকে কহিল, "কোন নির্জ্জন উদ্যানে গিয়া আমাকে মন্তক অর্পণ করুন।" রাজা তাহাতেই সমত হইলেন এবং উদ্যানে গিয়া ছারক্ত করিয়া দিলেন। তিনি বৌদ্ধমন্ত্র পাঠ করিতে করিতে চম্পকরকে আপনাকে বন্ধন করিয়া ব্রাহ্মণকে মস্তক লইতে আদেশ করিলেন। আহ্মণ রাজার মন্তক কাটিয়া লইয়া গেল। ভদ্রশিলা নগর তৎপরে তক্ষশিলানামে অভিহিত হয়। এই চক্রপ্রেড নুপভিই জনাস্তরে বুদ্দেবরূপে অবতীর্ণ হন। মন্ত্ৰীৰ্য শাৰীপুত্ৰ ও মৌলালায়ন নামে তাঁহার শিযা-রূপে এবং ঐ ভিক্ক বাকাণ দেবদন্ত নামে জন্মগ্রহণ করেন।

( দিব্যাবদানমালা, সমাধিরাজ ও ছাবিংশতিক্ষবদান প্রভৃতি সংস্কৃত গ্রন্থে চক্রপ্রভের বিবরণ দুইবা।)

চন্দ্রপ্রভা (স্ত্রী) চন্দ্রইব প্রভা যতা: বছত্রী। ১ বাকুচী। (রাজনিণ)

২ ঔষধবিশেষ। অথবোধের মতে—বিজ্ল, রক্তচিতা, বিকটু, বিফলা, দেবদারু, চই, ভ্নিম্ব, মাগধীমূল, মুথা, শঠী, বচা, অর্ণমাক্ষিক, সৈদ্ধবলবণ, যবক্ষার, হরিন্তা, দারুহরিন্তা, ধনে, গজপিপুল, ও আতইচ্ ইহার প্রত্যেকের ছইতোলা, শিলাজতু ৮ ভোলা, শৈলজ ২ পল, লোহ ২ পল, সিতা (চিনি) ৪ পল, বংশলোচন, নিক্স্ত (দণ্ডী), কুন্ত (গুল্গুলু) ও অ্লক্ষিত্রের এই সকল দ্রব্য মিশাইরা চূর্ণ করিবে। ইহার নাম চক্তপ্রভা বা চক্তপ্রভাগতিকা। ইহার সেবনে অর্শ, ভগন্দর ও কামলা রোগ ভাল হয় এবং মন্দানি ব্যক্তির পক্ষে বিশেষ ফল হইয়া থাকে। ইহা ছাড়া পৈভিক, ঝোমিক, বায়ুলরোগ, মর্ম্মগত, নাড়ীগত, ব্রণ, গ্রন্থাক্রি, বিদ্রাধি, রাজ্যক্ষা, মেহ, গুক্রক্ষা, আশ্ররী, মৃত্রক্ষ্ম, গুক্রপ্রবাহ ও উদরারর রোগেও এই ওবধ প্রয়োগ করা যাইতে পারে, কিন্তু এই সকল রোগে আহারের পূর্বের এই ওবধ সেবন ক্রিতে হয়। যোল, দ্বির মাৎ, ছালীর ত্র্ম,

জালসভ ছথ অথবা শীতল জল ইহার অন্থণান। ইহা সেবনে আহারাদি সম্বন্ধে কোন নিয়ম নাই, বাহা ইছা তাহাই থাইতে বা পান করিতে পারা বায় এবং শীত, বায়, রৌজ ও মৈথুন বিবরেও কোন নিয়ম নাই। ইহা সেবন করিলে হতীর স্তার বল, ঘোড়ার ন্যায় গমনশক্তি, গরুড়ের ন্যায় দর্শনশক্তি এবং বরাহের ন্যায় প্রবণশক্তি জন্মে। বুদ্ধ ব্যক্তি ইহা সেবন করিলে বলী ও পলিত দূর হন্ন এবং যৌবন ফিরিয়া আইসে। শিবের তপ্তা করিয়া চক্তের প্রসাদে এই মহৌষধ আবিদ্ধত হইয়াছে। (অথবোধ)

৩ চক্রদক্তোক্ত বর্তিবিশেষ। ত্রিফলা, কুরুটাণ্ডের খোলস, হিরাকস্, লোহচুর্গ, নীল শাপলা, বিজ্ল ও সমুদ্র-ফেন এই সকল দ্রব্য ছাগছগ্রের ঘতে পিষিয়া সাতরাত্র একটা তামার পাতে রাখিয়া দিবে। সাতরাত্রি পরে প্রকর্মার হৃদ্ধে পেষণ করিয়া বর্তি প্রস্তুত করিবে। ইহার নাম চক্রপ্রভাবর্তিকা। ইহার সেবনে অদ্ধ ব্যক্তিরও পুনর্কার দর্শনশক্তি অন্মে। চক্রদত্তে আরও অনেক প্রকার চক্রপ্রভাবর্তির কথা আছে, তাহা লানিতে হইলে তদ্গ্রন্থ দ্রইব্য।

চন্দ্রবালা ( জৌ ) চন্দ্রস্থ কর্পুরস্থ বালেব তুলাগদ্ধিতাৎ। ১ স্থূল এলা, বড় এলাচী। (রাজনিণ) ২ ঔষধবিশেষ। চন্দ্রস্থ বালা। ৬ড়ং। ৩ চন্দ্রকিরণ, জ্যোৎসা। ৪ চন্দ্রপত্নী।

চন্দ্রান্ত (পুং) অস্বাবিশেষ।

৪ চক্রকিরণ।

চন্দ্ৰবুধু (অি) চন্দ্ৰ আফলাদকো বুধ: মূলং যত বছতী। যাহার মূল আফলাদজনক।

"চক্রবুরো মদবুরো মনীধিভিঃ।" (ঋক্ ১০।৫২।৩) 'চক্রবুরঃ স্কানাং প্রজানাং আফ্লাদকমূলঃ' (সায়ণ।)

চন্দ্রভ (পুং) চন্দ্রদোব ভা যদা বছরী। চন্দ্রগুভা।
চন্দ্রভার (ক্রী) চন্দ্রইব গুলং ভন্ম। কর্পুর। (শলার্থচিণ)
চন্দ্রভারি, উপাদক দম্পান্ন বিশেষ। ইহারা একপ্রকার
ভিক্ষ বই আর কিছুই নয়। দশনামী ভাঁটের ছার ইহারাও
শিবভক্ত; উপহিত মতে শিব ও কালীর পূলা দিয়া থাকে।
ইহারা গৃহত্ব। কালী, পাটনা প্রভৃতি পশ্চিমোন্তর অঞ্চলের
নানা ত্বানে বাদ করিয়া থাকে। শীতকালে পরিবার দক্ষে
করিয়া ও গো, মেষ, ছাগল, বানর, কুকুর, গর্মভ এবং
কেহ কেহ আর্থ সমভিব্যাহারে লইয়া দেশ দেশান্তরে
ভিক্ষায় গমন করে। এইরপে যাহা কিছু উপার্জন করিতে
পারে, তত্মারা সংসার নির্মাহ করে। জনেকে গৃহে

ইহার। প্রবাদে গিয়া যে দিন যে হানে অবছিতি করে, ডবার টোল অর্থাৎ কুলির প্রস্তুত করিবার মন্ত সামগ্রী লকল সলে সলে রাথে। গোরুতে প্রবাদাত লইয়া বায়, এবং কুরুরে রাজিকালে চৌকি দেয়। ইহারা বথন তিক্ষার যায়, লোকের নিকটে বানর ও ছাগল নাচাইয়া ভিকা গ্রহণ করে। ইহারা অভিশয় নিক্ট লোক; সচরাচর মদামাংস বাবহার করিয়া থাকে।

চন্দ্রভাগ (পুং) চন্দ্রসা ভাগো বিভাগো যত্র বছরী। > পর্বত-বিশেষ। কালিকাপুরাণের মতে হিমালরের নিকটবর্তী শত-যোজন বিস্তৃত একটা পর্বত। এই পর্বতটা সর্বাদা তুবারময় থাকার কুলকুস্থমের স্থায় ধবল বর্ণ দেখার। ইহার উচ্ছার ৩০ যোজন। চক্রভাগা নদী এই পর্বত হইতে প্রবাহিতা। পূর্বকালে ব্রহ্মা এই পর্বতে বিসিয়া দেবভা ও পিতৃগণের জন্ম চক্রভোগ করিয়াছিলেন, তাই দেবভারা ইহার নাম চক্রভাগ রাখিয়াছেন। (কালিকাপুরাণ ২০ আঃ)

চন্দ্রভাগা (জী) চন্দ্রভাগ: পর্বতবিশেষ: দ উংপতিস্থানছে নান্তাকাঃ চক্রভাগ-অচ্টাপ্। একটা নদী। পর্যায়— **ठल छा** भी, ठल्लिका। कालिकाशुत्रार्थ हेशत छै ९ शिखत कथा এইরপ লিখিত আছে—একার আদেশে চক্রভাগ পর্বতের माञ्चल भी जा नमीत छे ९ পछि इस। भी जा नमी हम्बदक প্লাবিত করিয়া প্রবাহিত হইলে তাহার লল অমৃত্যুক্ত হইয়া বুহলোহিত স্রোবরে পতিত হয় এবং আচমে বুদ্ধি পাইতে থাকে। সেই জল হইতে একটী কলা উঠিয়াছিল, তাহার নাম চক্রভাগা। ব্রকার অকুম্ভিতে সাগর সেই ক্তাকে বিবাহ করে। চন্দ্র নিজ গদার অগ্রভাগে সেই সেই গিরির পশ্চিম পার্শ্ব ভেদ করিরা দেন, ভাহাতে লোতস্বতী চক্রভাগা দেই স্থান হইতে প্রবাহিত হয়। সাগর নিজ ভার্যা চন্দ্রভাগাকে লইয়া গৃহে গমন করেন। চক্রভাগা অবাধ গতিতে সাগরে মিলিত হইল। ইহার গুণ-গলার স্থান। (কালিকাপু ২২ অঃ) রাজনির্ঘণ্টের মতে ইহার জলের গুণ—অতিশয় শীতল, দাহ, পিন্ত ও বাতনাশক।

বে পাঁচটী নদী থাকার পঞ্চনদ প্রদেশের নাম পঞ্জাব (অর্থাৎ পঞ্চনদ) ইইয়াছে, চক্রভাগা উহাদের মধ্যে একটা। ইহা সিকু মদের উপনদী। তাঞী নগরের নিকট চক্র ও ভাগা নদীবরের সংবোগে উৎপন হইরা চক্রভাগা নাম ধারণ করিয়াছে। কাশ্মীর প্রদেশের ত্বারম্ভিত হিমালর-পর্বত হইতে উৎপর হইরা অব্দৃদ্ধটের মধ্য দিরা কুটিল গতিতে প্রবাহিত হইতে হইতে শিরালকোট জেলার খাইরি-রিহাল প্রামের নিকট ইংরাক কাজ্যে প্রবেশ করিবাছে।

ভাবী নামে বুহৎ নদীর সহিত মিশিয়া প্রায় ১৮ মাইল পর্যান্ত भिन्नागरकारे ७ अन्त्रारे स्नाबरत्त्र मधा नीमात धाराहिक ছইতেছে। এই স্থানে নদীর উভর তীরত প্রাক্তর পলিময়, क्षवः मनीत शकि नर्रवाहे शतिवर्षननीन । जरशत कहे मनी **रत्रहमा ७ त्यह त्मात्रात्वत्र मधा मित्रा शिवाद्यः। अ शास्म** অনেক বাণিজ্যতরী যাতায়াত করে। নদীতীর হইতে করেক মাইল ভভাগ পলিমর ও কৃষিকর্মোপ্যোগী, তাহার পরবর্তী ছানে নদীর কল যায় না। अञ्जतान्यामा জেলার পশ্চিমভাগে প্রবাহিত হট্যা মরুময় ঝক্সপ্রদেশে প্রবেশ করিয়াছে। তথায় ইহার উভয়তীরত্ব প্রান্তরের বিস্তার প্রায় ৩ মাইল। এই প্রান্তর নৃতন পলিময়, এবং নদী প্রবাহ এথানে সর্বাদা পরিবর্ত্তিত ও নানাভাগে বিভক্ত। একংশ নদীগর্জ প্রাক্তরের মধান্তাগে অবস্থিত। প্রায় তথা হইতেই সমস্ত তীর-ভূমিতে ক্লবিকার্য্য হয়। নদীগর্ভে স্থানে স্থানে অসংখ্য চড়া আছে, প্রায় প্রত্যেক ব্যার সময় স্থানা-স্তরিত হয়। তিম্ম নগরের নিকট চক্রভাগ। বিতম্ভা নদীর সহিত মিলিয়াছে। ওয়াজিরাবাদের নিকট ইহার উপর একটা রেলওয়ে দেতু আছে, এবং ঝম হইতে ডেরা ইমাইল্ খাঁ পর্যান্ত রান্ত। ইহার উপরে নোদেত গিয়াছে।

চন্দ্রভাগী ( ন্ত্রী ) চন্দ্রভাগনা ইয়ং চন্দ্রভাগ-অণ্ ( তন্যেদং। পা ৪।০১২০) বহুবাদিছাৎ ন বৃদ্ধিঃ (বহুবাদিভাশ্চ। পা ৪।১।৪৫। ) ততো ভীষ্। চন্দ্রভাগানদী। (শক্ষরত্বাণ)

চন্দ্রভাসু (পুং) কৃষ্ণপ্রিয়া শ্রীমতী চন্দ্রাবলীর পিতা। ইং ার পিতার নাম মহীভাস্থ ও মাতার নাম স্থপনা। ইং ার চারিটা সংহাদর ছিল। ভাগেদের নাম রত্নভাস্থ, ব্যভাস্থ, স্ভান্থ ও ভাস্থ। ইং াদের মধ্যে চন্দ্রভাস্থ সর্ব্ধ জোষ্ঠ।ইং ার ভগিনীর নাম ভাসুমুদ্রাও পদ্ধীর নাম বিন্দুমতী। (রুং লীং ১৬।২৩ অঃ)

২ ক্লফের এক পুত্র, সত্যভামার গর্ভকাত। ইহার সহিত চক্রবেধার প্রেমঘটত কথা তৈলকে প্রাসিদ্ধ আছে।

চন্দ্ৰভাম (পুং) [চন্দ্ৰহাস দেখা]

চন্দ্ৰভূতি (ক্নী) চন্দ্ৰদোৰ ভূতিঃ কান্তিরসা বছরী। রজত।
চন্দ্ৰমণি (পুং) চন্দ্ৰন্দ্ৰিয়ো মণিঃ শাকপাৰ্থিববং স্মাসঃ।
চন্দ্ৰকান্ত মশি। (হেম°) চিন্দ্ৰকান্ত দেখা

हिन्स्य शुक्त (क्री) हक्त मधनः ७७०। हक्त विचा

চন্দ্মল্লিকা (জী) চল্মলী স্বার্থে কন্টাপ্পৃক্ছস্ক। চল্মলী।

চক্সমলী (জী) চক্রইৰ মলো বদ্যা: বছবী, ততো ভীপ্। লতাবিশেষ, অষ্টাপনী। (শক্তি\*)

রিহাল প্রামের নিকট ইংরাজ ঝাজ্যে প্রবেশ করিরাছে। চন্দ্রমৃদ্ (পুং) চন্দ্রং আছলাবং মিনীতে মি-অকুন্ মানেশঃ।

ষধা চক্রং কর্পুরং মাভি তুশয়তি মা-ক্ষুন্ সচ্ছিৎ (চক্রে মো ডিং। উণ ৪।২২৭) > চক্র ।

"অফুৰিয়ং করোভোব সুধাশ্চন্দ্রমসং ৰপা।।" (পঞ্জন্ত গ্রাঞ্চ) ২ কপুরি।

চন্দ্ৰমহ ( গৃং ) চন্দ্ৰদা মহ ৬চৎ । চক্ৰেং দ্ৰ ।

চন্দ্রা (জী) চল্লেণ মীয়তে মা-ঘঞার্থেক, ততঃ টাপ্। মদী বিশেষ। "কৌশিকীমিশ্রপাশোণং বাহুদামথ চল্লমাম।"

( ভারত ৬৷১ অ: )

চ দুরুমুথ (পুং) > দেবমুখ নামক দিবিরের ঔরসে অপপূপিক। বেশুরে গর্ভে উৎপর একজন ধনী। বালাকালে ইহার কিছুই ধন সম্পত্তি ছিল না, কেবল মহারাজের অফুগ্রহেই পরিশেষে কোটাশ্বর হইয়া ছিলেন। (রাজতর জিণী ৭০১১) (তি) চক্রইব মুখং যদা বছত্রী। ২ যাহার মুখখানি অভিশন্ধ স্থান রীলিকে ভীপ্তয়।

চন্দ্রমূখী (স্ত্রী) চক্রইব মুধং ঘদ্যাং বছত্রী। ১ যে স্ত্রীর মুখ চক্রের ন্যায় স্থল্ব।

চন্দ্রস্লা ( দেশক ) এক প্রকার গাছ।

ह स्त्रां लि ( पूर ) हक्षात्मोनावना वह्बौ । महात्नव ।

"ক্রীতন্তপোভি রিতিবাদিনি চক্রমৌলৌ।" (কুমার ৫।৮।৬)
চন্দ্রবৃথ (অি) চক্র: স্বর্ণময়ো রথো যসাবছত্রী। ১ স্বর্ণময়
রথ। "হোতা মন্ত্র: শূলবচ্চক্ররথ:।" (ঝক্ ১।১৪১।১২)
'চক্ররথ: স্বর্ণময়রথোপেতঃ' (সায়ণ।) (পুং) ২ স্বর্ণনির্দিত রথ। চক্রসারথঃ ৬তং। ৩চক্রের রণ, চক্রমঞ্জের অধিষ্ঠাতা চক্রদেব যে রথে আবোহণ করেন।

চন্দ্রসা (রী) চল্লইব রনো যস্যা: বছরী, ততঃ টাপ্। ভারতবর্ষীয় একটী নদী। "চল্লরসা তাম্রপর্নী" (ভাগবত ৫।১৮।১৮)
চল্লরাও মোড়ে, বিজাপুর রাজ্যের অধীন ও সাতারা
নগরের ৩৫ মাইল বায়ুকোণে স্থিত জাবলির একজন
মহারাষ্ট্ররাজা। খৃষ্টীয় পঞ্চদশ শতাকীর শেষভাগে চল্লরাও
মোড়ে শির্কি প্রদেশ জয় করিবার নিমিত্ত বিজয়পুরের
প্রথম অধিপতি যুস্থক্ আদিল শাহের নিকট হইতে ১২০০০
হিন্দুসৈন্য প্রাপ্ত হন এবং সৈন্য-সাহায্যে ঐসকল প্রদেশ
জয় করেন।

চক্ররাও এবং তাহার পুত্র যশোবত রাও হারাই মোড়ে-বংশ বিথাত হয়। যশোবত রাও আজাদনগরের বুর্হান্ নিজাম শাহকে পুরদ্ধরের নিকট পরাজিত করিয়া তাঁহার হরিছর্গ পতাকা কাড়িয়া লয়েন। এই বীরকার্য্যের জন্য তিনি শৈতৃক রাজপদে অভিধিক হন ও ঐ বিজয়পতাকা ব্যবহার করিতে অভ্যতি পান। তাঁহাদের উত্তরাধিকারী ৭ পুরুষ

পর্যান্ত তথার দাক্ত করেন এবং সকলকেই বংশের ভাপন কর্তার নামে "চক্ররাও" উপাধি ব্যবহার করিতেন।

এই সমস্ত রাজগণ বিজ্ঞাপুরের নরাবের অফুগ্ত किरनन, नदार मिटे कना छेशास्त्र निकृष्टे अन्नगांव कत नहेटजन। १५८६ माल भिवकी छथनकात तांबाटक বিজাপুরের বিপক্ষে অসি ধারণ করিতে অফুরোধ করেন। কিন্তু তিনি সমত হন নাই। সেই সময়ের রাজা চন্দ্রাও শিৰজীকে বন্দী করণাভিপ্রায়ে সমাগত শামরাজ নামক বিজ্ঞাপুর-নবাব-প্রেরিভ সেনাপতিকে নিজ রাজ্য দিয়া যাইতে দেন। শিবজী এই ছল ধরিয়া তাঁহার স্হিত শক্রতা আনরম্ভ করিলেন। কিন্তুচক্ররাও, তাঁহার পুত্রন্বয়, ভাতা এবং মন্ত্রী হিমাতরাও ইহারা, সকলেই বীরপুরুষ ছিলেন, এবং দৈনাগণও শিবজীর দৈনা অপেকা হীনবল ছিল না, স্তরাং স্তত্র শিবদ্ধী প্রকাশ্র শত্রতা না করিয়া কৌশলে কার্যাসিদ্ধির উপায় স্থির করিলেন। তিনি वपुरवाल नामक स्रोतक खाला ध्वः मञ्जाकी कावकी নামক জনৈক মহারাষ্ট্রকে চক্ররাওএর কন্যার সৃহিত বিবাহসম্বন্ধ মির করিবার ছলে ২৫জন মরাসী দৈনাসহ জাবলিতে প্রেরণ করিলেন। তাহারা তথায় যাইয়া শিবজীর উপদেশমত রাজা ও তদীয় ভ্রাতাকে প্রতারণাপুর্বক বিনাশ করিল, এবং নিকটত্ব অরণ্যে অব্স্থিত স্থৈন্য শিবজীর সহিত মিলিত হইল। তৎপরে শিবজী ঐ নগর আক্রমণ করিলে হিমাতরাও প্রভৃতি প্রাণপণে যুদ্ধ করিয়া নিহত हरेलन। जनविध रेश्त्राकताकात्वत भूर्व भर्यास छेहा भिवसीत বংশধরের ও পেশবার অধীন ছিল।

চন্দ্রে†জ (পুং) রাজতরঙ্গিণী-বর্ণিত একজন বীরপুরুষ। ইনি হর্ষরাজের মন্ত্রীছিলেন। (রাজতর্ক্সিণী ৭০১৩৭৬)

চক্রেথে (পুং) রামায়ণ-বর্ণিত একটা রাক্ষন। (৬৮৪।১২)
চক্রেরেথা (স্ত্রী) চক্রত রেথা ৬তং। ১ জ্যোতিঃশাস্ত্র-প্রেসিদ্ধ
চক্রের মণ্ডলস্চক রেথা। চক্রত রেথা ইব আরুতির্যন্তাঃ
বছরী। ২ একটা পরমা স্ক্রনী অপ্ররা। (কাশীথণ্ড ৮ আঃ)
৩ বাকুটী লতা, চলিত কথায় হাকুচ বা সোমরাল বলে।
(রাজনিং) ৪ চক্রশেধরের সহোদরা ভগিনী। [চক্রশেথর
দেখা] ৫ ছলোবিশেষ। যে বৃত্তের প্রত্যেক চরণ ১৩ অক্ষর
বা শ্বরবর্ণে নিবদ্ধ এবং প্রত্যেক চরণের ১, ২, ৩, ৪, ৫, ৮ ও
১১শ অক্ষর গুরু অপর লঘু তাহাকে চক্ররেথা বলে। ইহার
৬ ও ৭ অক্ষরে যতিস্থান। "নদর্যুগলৈশ্ডক্ররেথর্জু লোকেঃ।"
(বৃত্তরক্রাং টাং) ৬ বাণরাজের ক্রা উষার স্থী। (পুরাণ)
কোন কোন স্থানে চক্রলেথা নামেও ইহার উল্লেখ আছে।

চন্দ্র রেখাগড়, মেদিনীপুর জেলার একটা প্রাচীন গড়। নয়া-গ্রাম রাজবংশীয় খেলারের ৪র্থ ভূপতি চক্রশেধর সিংহ কর্তৃক অস্ত্রীয় ১৬শ শতাকীতে এই গড় নিশ্বিত হর। প্রায় ১ মাইল मीर्च शतिथा दाता है हात हर्ज़ किंक् तिष्ठि ७ शूर्किनिटक अकी মাত্র প্রবেশহার। এই পরিখা ৮।১০ ফিট প্রশন্ত ও ৬ ফিটেরও অধিক গভীর এবং লোহিত বর্ণ কঠিন প্রস্তর কাটিয়া বছব্যয়ে নিশ্বিত হইয়াছিল। পূর্বভাগে খারের নিকট একটা গভীর পরিধা ও প্রাচীর আছে। বার হইতে প্রার ২০০ গৰু দুরে রক্তবর্ণ প্রস্তরনির্দ্ধিত একটা স্বাভালিকার ভগাবশেষ আছে। উহা রাজার বাদগৃহ ছইতে পারে। এই शान अथन गञीत जननपूर्व । हक्तर्त्वशागर्द्ध वात्र व्यक्तिकान शूर्व (मडेन नारम १० कि हे डेक्ड এक ही तुइ९ निवमस्मित्र चाह्र, मिनित्री (पिथिटगरे घाँछ श्राठीन विगन्न) दोध रुन्। दक धरे মন্দির নির্মাণ করিল, এখনও ভাহার সন্ধান পাওরা যায় नारें। नशाकारमत त्राकात वाटम हेरात रमवरमवा निर्कार स्म । हिन्द्रत्व (प्रः) हक्त है व कास्नामरका तापूर्य वहवी। > कावाटोत। (खिकाख॰)(क्री) र ज्ञाश। (देवमाक) हत्सला ( जी ) क्नांहरम्म-श्रामक वक्की (मवी।

( রাজ্তর্জিণী ৮।৩৪।২১ )

চহ্দেলেখা (খ্রী) চক্রং তৎকাস্তিং নিখতি নিথ-অন্ উপণ সং ততো বাল্লকাং টাপ্। > কতাবিশেষ, বাকুটা। চক্রত লেথা ৬তৎ। ২ চক্ররেখা। ৩ ছলোবিশেষ। যে সম-রুত্তের প্রত্যেক চরণ ১৫টা অক্ষর বা স্বরবর্ণ নিবন্ধ এবং প্রত্যেক চরণের ৫, ১০ ও ১৩ অক্ষর লঘু ও অপর গুরু, তাহাকে চক্রলেখা বলে। ৭ ও ৮ অক্ষরে ইহার যতিস্থান। "মৌ মো, যৌ চেদ্ভবেতাং সপ্তাইকৈশ্চক্রলেখা।" (ছলোমণ)

৪ বাণরাজের মন্ত্রী কুমাঙকের কন্তা, উথার একজন স্থী, ইহার উদ্যোগেই রূপনী উষা প্রাণপতি অনিক্রের সহিত গোপনে মিলিত হন। (পুরাণ)[উষা দেখ।] ৫ অক্সরা-বিশেষ, স্থানবিশেষে চক্সরেথা নামেও ইহার উল্লেখ দেখিতে পাওয়া যার। [চক্সরেথা দেখ।]

৬ নাগ প্রবার জোটা ক্সা, ইহার কনির্চা ভগিনীর নাম ইরাবতী। (রাজতর্জিণী ১২১৯)

চন্দ্রলোক, চন্দ্রমণ্ডল। পূর্বে চল্লের বিবরণে দেখান গিরাছে
চল্লের যে ভাগ আমাদের দিকে থাকে, তাহা কেবল পর্বভমর,
শুহাদি ধারা বিক্ষোভিত ও জলবায়ুশ্রু। স্থতরাং চল্লের
স্থনীর্ঘ দিবান্তাগে ঐ অংশ অগ্নিবং উত্তপ্ত হইয়া উঠে।
পৃথিবীতে গ্রীয়কালে দিবা করেক ঘন্টা মাত্র দীর্ঘ হর, তাহাতেই স্বেগ্র ভাশ অসম্ভ হইয়া উঠে। তথন ও বায়ুয়ালি ও

(अचत्रिकात्रा रुव्या जान चार्यक कम इटेता वात्र । किन्न हस्त्रा बन्छ नाहे, वाबूछ नाहे, दम्बछ नाहे, खूछताः ১৫ विवनवानी দিৰাভাগের প্রথম স্থাকিয়ণে চক্রত পর্বাত ও প্রান্তর সকল কিরূপ ভীষণ উত্তপ্ত হয়, তাহা করনাতীত। স্মৃতরাং পার্থিব প্রকৃতির কোন জীব যে ছল্লে থাকিতে পারে না তাহা নিশ্চিত। তথায় জ্বত নাই মংখও নাই বায়ুও নাই, স্নুতরাং পক্ষীও উড়িতে পারে না। পার্থিব কোন প্রাণী তথার ঘাইবামাত্র তৎক্ষণাৎ পঞ্চ পাইবে এইরপই অনুমান হয়। তবে বিশ্বপতি धरे हत्यानादकत छेशाती दकान धानी शृष्टि कतिताह्न কিনা ভাগা কে বলিভে পারে ? হইভে পারে দেই সমস্ত প্রাণীর প্রকৃতি চল্লের অমুরূপ, ভাহারা পুণিবীতে আদিলে হরত গ্রাণত্যাগ করিবে। চল্লের অপর পৃঠে জলকায়ু এবং পার্থিব-প্রকৃতির প্রাণী থাকিতে পারে। হয়ত দেখানেও আমাদিগের ভাগ মহুব্যের বাস আছে এবং স্লিল মধ্যে মংভ ও বায়-সাগরে পক্ষী বিচরণ করে\*। হরত সেধানেও পুণিবীর ভার লোতখতী নদী, ভাষল বৃক্ষলতা ও নানাবর্ণের পুষ্ণাদি আছে এবং স্থীতল সমীরণ প্রবাহিত হয়। কিন্তু চল্লের মাধ্যাকর্ষণ শক্তি অত্যন্ত অল বলিরা উহার বায়ু অভিশর লযু, স্থতরাং তথাকার প্রাণীদিগের সহিত আমাদিগের বিশেষ মিল रहेरव ना। **চক্রের দিবস ১ চাক্রমাদের সমান।** চক্রের ঋতু-পর্যায় নাই। প্রত্যেক দিবাই চক্রের গ্রীমকাল ও প্রত্যেক রাত্রিই শীভকাল। পৃথিবী শীভকালে সুর্য্যের অধিক নিকট-वर्जी इश, उक्कना शिष । माच मात्म, हास्त्रमात्मत्र शतिमान. জৈচি আবাড় মাদের চাজ্রমাদের পরিমাণ অপেকা কিছু অধিক হর। স্থতরাং ঐ সময় চল্লের দিবন অপেক্ষাক্বত দীর্ঘ ও কর্ষোর দুর্ভ অংশেকাক্তত অল হয়, স্ক্ররাং তথন চন্দ্রের গ্রীমকাল অপেক্ষাকৃত অধিকতর উষ্ণ হয়৷ সেইরূপ আমাদের গ্রীমকালে চল্লের দীত কিছু প্রথর হয়। [ চক্র, চন্দ্রবীপ ও সোমপিরি শব্দে অপর বিবরণ দ্রপ্তব্য।

চন্দ্ৰলোচন (পুং) এক দানব। (হরিবংশ)
চন্দ্ৰলোহক (রী) চন্দ্ৰইব গুলুং লোহকং ধাতুদ্ৰবাং। রক্ত,
রুপা। (রাজনিং)


( जेकि कर्मा - जेक्स ७ ज: )

<sup>\*</sup> আমাদিপের লাল্লে চপ্রকোকে পিতৃপুরুষপুণের বাসের কথা লেখা আছে। বধা—

<sup>&</sup>quot;প্ৰকাৰতাং প্ৰশংসৈৰ বৃতা সিদ্ধা কিৰাৰতান্। তেবাং নিৰাপৰভাৱং তৎকুলীলৈক বাকৰৈ:। মাংস্থাছপূৰিকৃথিং লভভে সোমলৌকিকাঃ এতে মুখ্যাঃ পিতলে। মাসি আছপুৰস্থ তে ॥"


ठल रहेरछ छेरभन **इस्तर्भ** ( गूर ) इसक वर्भः ७७९। মহাভারত, রামারণ, পুরুবপরম্পরা, চল্লের সন্তান সন্ততি।

হরিবংশ প্রভৃতিতে চক্রবংশের বিবর বেরূপ লিখিত আছে, তদহসারে চক্রবংশের তালিকা লিখিত হইল।




**ు**స్ట

(क) ভাগবতেয় বতে পুলয়বার পুতাত জল, ভাহাদের লাব—আবাসু, লভাবি, নভাবিু, বয়, লার ও বিজ্যুরাণের মতে আব্যু, আবার পুলাব্যু, শতারু, ইতারু ও আবু-ভায়ু। (বিজ্ঙাগণাঃ) মংজপুরাণের মতে আবারু, দুঢ়ায়ু, অবায়ু, ধুতিমনি, বসু, ৩ চিবিদা ও শভায়ু এই আংটলান পুরয়ধায় পুরা। (সংভো২৪।৩৪)। (খ) ভাগষতের মতে হলি বিকলের পুর। (গ) ইদি বিখামিনের পাল্পুত তৃভয়শীয় অবীগতের ওরণকাভ।



করেন। বিক্পুরাণের যতে হুল্ভ জাগুলক সক্তের পুতা বলিয়া কলিচে হন। [মঞ্ভ দেশ।] (১) ইহাদের জাণিকৃত দেশ পাণ্ডা, কেরল, কোল ও চোল নামে প্রসিছ। (২) বিক্পুরাণে সংখ্ডি, উত্তৰ, পাচি, শ্বাভি ও সেঘলাভি এই সভিলন নহৰ পূতা। (মংজা ২৪।৫০) (চ) [মহুমংশ শক্ষে ইহার বিবয়ণ দেখা] (ছ) ভাগবডের মতে মহারাজ হুমাজ ইহাকে বিবাহ কলুব্ৰের পূল বলিয়াইহার উল্লেখ আন্চে। (বিকুপুণ ৪।১) (৩) ভাগবতের মতে সুহোলা। (৪) বিজুপুরাণের মতে কাল, লেশ ও পুংসমদ। ভাগবতের মতে কাল, কুশ ও পুংসমদ। (৫) ইংহার পুল্সণ লাফাণ, কলিয়, বৈজাও শুল এই কয় লাভিতে বিভত হইরাছে। (৩) [শোরব শলে বিহুত বিষরণ অটবা।] (ব) ভাগতভ ত বিজ্পুরাণের যভে ইহার নাম করব্ছ। (৪) ভাগতভ বিজ্পুরাণের যতে ভবহানে বিরভি ও সংঘতি হানে কৃতি পাঠ আছে। সংজপুরাণের মতে ঘতি, ব্যাভি,



• বিষ্ণুয়াৰ ছয়িবংশ, ভাষ্যত, মংসুগুৰাৰ, লিজ ও মাক্তেরগুৱাৰ প্রভিত লার সকল পুৱাৰেই চল্লংশের বিভয় বৰ্ণনা আন্ছে। কিতুপুরশাৰ আনুষ্ঠ কিল নাই। হয়িবংশের মণিভ চল্ডন্নী কোম হানে বিষ্ণুয়াৰ ও কোন কোন হানে ভাগৰত প্রভিয়ে সহিত সমান। এই কালৰ হয়িবংশের মক লিখিক হইল। ছানে ছানে বিসূত ভাগৰকেয় ( ७ ) আহাম্পুর বংশবর্ণনার আন্ত্র বংশবিদী বেজণ এইছলেও সেইলাণেই বণিড আন্চে। मक हिंदीन हर्दे हारह।

চ্প্রবস্তুর্গ (জী) ইব চলবন্ধুং বছাঃ বছবী। প্রিরাং টাখ্। > नगरीएकम । २ हळामूबी।

চক্রবং ( बि ) চক্রোবিদাতে ২ক চক্র-মভূপ্ মক্ত বং। ১ চক্র যুক্ত, বাহার চক্র আছে। ২ দীপ্রিযুক্ত। "চক্রবতারাখসা পতার্থন্ট।" ( ঋক্ ৩।৩০।২০ ) 'চন্দ্রবভা দীপ্রিযুক্তেন' (সার্ব।) हस्त्वम् ( वि ) हलाहेर रमनः यक रहती। याहात मूल्यानि অতিশন্ন ক্ষার, চক্রতুল্য মুখবিশিষ্ট।

চন্দ্রবতী (ত্রী) চন্দ্রবং ভীপ্। ১ বন্ধনান্ডের প্রাতা স্থনান্ডের কন্তা, ইহার কনিষ্ঠ ভগিনীর নাম প্রভাবতী। (হরিবংশ ১৫৩ আ:) [ প্ৰভাবতী দেখ।]

চন্দ্রবর্ণ (ত্রি) চক্রতেব বর্ণোয়ক বছব্রী। ১ বাহার বর্ণ স্থবর্ণের ममृग। "मक्षका मक्षकल्खार्गीः।" ( सक् ১।১৬৫।১২) চিন্দ্রমিভি ক্রবর্ণনাম, ক্রবর্ণনাঃ।' (সাম্প।)

२ हट्डिय कांत्र श्वन ।

চন্দ্রবর্ত্ম (क्री) ছন্দোবিশেষ। বৃত্তরত্বাকরের মতে যে সম-বুত্তের প্রভ্যেক চরপ ১২টা অক্ষর বা শ্বরবর্ণে নিবদ্ধ ও প্রভ্যেক চরণের ১,৩, ৭ ও ১২শ অকর গুরু ও তত্তির লঘু হর, ভাহার নাম চক্রবর্ম। "চক্রবর্ম নিগদভি রনভগৈ:।" (বৃত্তরত্না•) **हस्तर्या**न्, कानक्षत्र र्गनियां छ। ७ हास्त्र त्रांबराय वानि পুরুষ। [চক্রাত্রেরবংশ দেখা]

চন্দ্রস্ত্রী (স্ত্রী) চন্দ্রত বলগী ৬তং। সোমলভা। (ভরভ) কেছ কেছ ব্রাদ্মীশাককে চক্রবল্লরী বলেন।

চন্দ্রবল্লী (স্ত্রী) চল্লন্থ বল্লী ৬তৎ। > গোমলতা। [ সোমলতা দেখ।] ২ মাধবীলভা। (রাঞ্চনিণ) ৩ প্রসারণী। চন্ত্রবল্লী-স্বার্থে কন-টাপ্ পূর্বাহ্রমণ চন্দ্রবল্লিকা শব্দও এই অর্থে ব্যবহৃত। চন্দ্রবসা ( স্ত্রী ) ভারতবর্ষীর একটা নদী। (ভাগবত ৫।১৯।১৮) हस्त्वां है। वर्षमात्नत्र मक्तिनाश्य नारमामत्रक अकडी आहीन নগর। এবানে পোপরাজগণ রাজত্ব করিতেন।

( ভ॰ ব্ৰহ্মখ॰ ৭৪৩ )

**हस्तिम्** (प्रः) हक्षप्रका विम् मधारनाः। वर्गविष्मस, চলিত কথার টাদ বিশ্বলে। ইহার অপর নাম নাদবিশ্। চন্দ্ৰবিমল (পুং) সমাধিবিশেষ। (ঝৌদ্ধশাক্ত) हस्तियलमूर्याथाम 🖺 (११) द्करक्म। চন্দ্রবিহঙ্গম (পুং লী) চল্লইব শুলো বিহলম:। ১ বৰুপক্ষী। ২ পঞ্চিবিশেষ, শৃথী, চলিত কথায় শৃথা**চিল বলে**। চহ্মবেগা, 'একটা প্ৰাভোৱা নদী। বিধ্যাদপ্রাণ ৬ ৭ পটলে

ৰণক্ৰত। [ চাক্ৰাৰণ দেব।:}

ইহার মাহা<del>ত্ম্য বিস্তৃতভাবে</del> বর্ণিত আছে। চফ্রেড (রী) চক্রস চক্রণোক্তাব্যে বত্ন ৬ডং ৷ চাকা- চক্রশালা ( ত্রী ) চল্লেণ শালতে শোভতে শাল-অচ্ ভভটাপ্। ১ জ্যোৎদা। (ক্রিকাঞ) চক্রইব শালতে শাল-কর্টাপ্। २ तथानि वा धानारमत छेनतिष्ठ शृव, हिरमधत । भर्गाक-শিরোগৃহ, চক্রশালিকা, বড়ভী ও কূটাগার।

"বিরদ্গতং পুশাকচন্দ্রশালাঃ কণং প্রতিশ্রলুধরাঃ করোভি 💵 (রঘু ১৩।৪০)

**हिन्द्रभोतिकां** (खी) हिन्द्रभागी चार्थ कन-होल खल-हेच्छ । বড়ভী। (ত্রিকাঞ্ড॰)

**हिट्या निजा ( बी ) हक्क थित्र निजा नाक शार्विवानिः** संशारतिः । > প্রান্তর্বশেষ, চক্রকান্ত। "প্রহলাদিতা চক্রশিলেব তুর্ন্।" (ভটি ১১/১৫।) ২ কুমারের অফুচরী মাতৃকাভেদ।

চন্দ্রপার (পুং) চল্লে ডজে দ্লৈখিকরোগে শ্রইব। ১ বৃক্ষবিশেষ, চাঁদস্র। (ক্লী) ২ ফলবিশেষ, চলিভ কথায় হালিম বলে। भर्याय-हिल्ला, हर्ष्यहत्ती, भक्ष्याहनकातिका, नम्ननी, काद्वरी, मजा। हेरात ७१---हिका, वाक, स्निन्ना ७ चाठीनात्रस्तान-নাশক এবং বলপুষ্টিকর। (ভাবপ্রকাশ)

**চন্দ্রশেখর (পুং) চন্দ্রযুক্তঃ শেধরঃ শৃক্ষং যত বহুত্রী। একটা** व्यंत्रिक भर्कछ, छीर्बञ्चान। अहे भर्कछी हर्षेत्र व्यक्तिः (বর্ত্তমান চট্টপ্রামে): অবস্থিত। এখানে চক্রশেখর নামে শিৰ আছেন। ২ চক্ৰশেশর পর্বতে অবস্থিত একটা শিব মূর্স্তি। তন্ত্রচ্ডামণির পীঠনির্ণরে লিখিত আছে যে— "ठ हे ल नक्ष्याहर्ष्य देख बन्ध खर्म थतः।

ব্যক্তরপা ভগবতী ভবানী ভত্র দেবতা ॥"

( তন্ত্রচুড়ামণি—পীঠনির্ণর )

**ठिष्ठेगामा प्रतीत प्रकाश शिष्ठ इत, त्रहे दा**न खवानी नाम खगवडी ७ हळाए भव नाम देखत बाह्न। [চন্দ্ৰনাণ ও দীতাকুঞ্চ দেখ। ]

চন্দ্ৰ: শেপরে যন্ত বছরী। ৩ মহাদেশ। ঁইতি স্বত্তোলিথিতক মুগ্ধা রহস্থাপালভাত চল্রশেখর:।" ( कुमांत्र द।द৮।)

৪ বারাহীতন্ত্রের মতে — দক্ষিণভাগে সাগর হইতে সার্জিবাম দুরে চক্রশেখর নামে একটা তীর্থস্থান আছে। এথানে আসিয়া কুণ্ডে স্থান করিলে মহাফল হয়। এই ক্লেরের मधाखात्र अर्क साजनरक भन्न क्लाब वर्ता। এই ছान मान, आक, পিতৃতর্পণ ও যথাবিধি দেবতার্চন করিলে সকল পাপ হইতে মক্তি হয় ও সহস্র পোলানের কল হয়। (বারাহীতন্ত ৩১শ পটন) কালিকাপুরাণ বর্ণিত একজন রাজা। কালিকা-

পুরাণে ইবার উপাধ্যান এইরূপ আছে —পৌষ্য নামে একজন প্রবল পরাক্রান্ত নরপতি ছিলেন। ভাঁহার ভিনন্ধী মহিনী।

ताकात तृक मना उपिष्ठि हरेन, उपाणि পूत हरेन ना। নিঃসম্ভান পৌষ্য ভাষ্যাত্রয়ের সহিত ক্মলাসন ব্রহ্মার উপা-সুনাকরেন। ত্রসাস্তুট হইয়া তাঁহাকে একটা ফল দিয়া विल्लान, "वर्न शोषा! এই ফলটী সহজে स्रीर्ग इरेवांत নছে। তুমি তোমার মহিধীগণের দহিত ত্রিলোকপতি মহাদেবের আরোধনা কর, তিনি দাকাও হইলে তোমার অভিলাষপূর্ণ হইবে।" ত্রহ্মার আদেশে পৌষ্য ভক্তিভরে কঠোর তপস্তা আরম্ভ করেন। তাঁহার তপ্সায় সম্ভ इहेम्रा निव तम्था निया विनातन, "वर्म! बन्ना जागांतक যে ফলটা দিয়াছেন, তাহা তিনভাগ করিয়া তোমার মহিষী-গণকে থাইতে দাও। ইহাতে তোমার সর্কলক্ষণসম্পন্ন একটা পুত্র ছইবে। কিন্তু একজনের গর্ভে মাথা, দ্বিতীয় মহিবীর গর্ভে মধ্যভাগ ও তৃতীয় মহিবীর গর্ভে নাভি হইতে ক্ষধোভাগ উৎপন হইবে। পরে এই থওতায়ের যোজনা ' করিলেই স্থলকণ একটী বালক হইবে।" মহারাজ পৌষ্য भिरवत चार्तिभाग्नमारत जाहारे कतिरानन। जाहार**ज ह**ता-শেখর রাজার উৎপত্তি হয়। চক্রশেথর শিবের ভাবতার। ইনি ভগবতীর অবতার তারাদেবীর পাণিগ্রহণ করেন। ইহার কপালে চন্দ্রকলার জায় জ্যোতিঃ ছিল। চন্দ্রশেথরের রাজ-ধানীর নাম করবীর। ইনি তিন্টা মহিধীর উপরে জ্মগ্রহণ करतन विनया हैशांत्र नाम काश्वक रहेशाहिन। हैशांत्र खेत्ररम তারাবতীর গর্ভে উপরিচর, দমন ও অল্ক নামে তিন পুত্র হয়। চক্রশেথর জ্যেষ্ঠ পুত্র উপরিচরকে রাজ্যে অভিধিক করিয়া প্রিয় পত্নী ভারাবতীর সহিতবনে গমন করেন। (कानिकाशु॰ ८० व्यः।) [ जात्रावजी (मथ।]

ध्यवकालिविष्या [अवक (नथा]

চন্দ্রশেখর, এই নামে কএকজন সংস্কৃত গ্রন্থকারের নাম পাওয়া যায়। যথা—> দ্রব্যকিরণাবলীশক্ষবিবেচন নামে ভায়গ্রন্থকারিতা। ২ প্রশ্চরণদীপিকা নামে স্তিসংগ্রহকার। ৩ স্থৃতিপ্রদীপরচয়িতা। ৪ লন্ধীনাথভট্টের পুত্র, ইনি পিল্লভাবোদ্যোত, বৃত্তমোক্তিক ও গ্রাদাসকৃত ছলোমঞ্জরীর ছলোমঞ্জরীজীবন নামে একথানি টীকা রচনা করেন।

 বিষ্ণুপণ্ডিতের পুত্র ও রক্ষভটের পৌত্র। ইনি
 অভিজ্ঞানশক্ষলটাকা, হয়্ময়াটকটাকা ও শিশুপালবধের সক্ষতিস্থামনি নামে টীকা প্রণয়ন করেন।

চন্দ্রশেখর গৌড়ীয়, হর্জনরাজচরিত নামক সংস্কৃত

চিত্রশেথর রস (পুং) ঔবধবিশেষ। পারা, গন্ধক, মরিচ ও সোহাগা ইহাদের প্রত্যেক ১ তোলা, মনালিলা চারি ভোলা মংগুপিতে মর্দন করিয়া ভিনদিন ভাবনা দিবে। মাজা ভিন রভি। পথ্য—শরীরের উত্তাপ অধিক হুটলে ভিজান ভাত ও তক্র প্রস্তৃতি সেবন। পিতপ্রবল থাকিলে মাধার জল দিডে হয়। ইহার অফুপান আদার রস। ইহা স্বিরাদ্ধররোগে বিশেষ উপকারী। (রসেক্সেসারসংগ্রহ)

চন্দ্রশেখর রায়গুরু, গোপীনাণের পুত্র। ইনি মধুরা-নিরুদ্ধ নামে একথানি সংস্কৃত রূপক রচনা করেন।

চত্রেশেথর বাচস্পতি, নবৰীপের একজন স্থতিশালবেতা পণ্ডিত। ইনি বারেক্স শ্রেণীর প্রাক্ষণ ছিলেন। ইংগর পিতা বিদ্যাভূষণ উপাধিধারী ষড়্দর্শনবেতা একজন প্রাসিদ্দ দার্শনিক পণ্ডিত। তাঁহারই নিকট চক্সপেথর স্থতিশাল্প অধ্যয়ন করেন এবং নবহীপে একজন প্রধান স্থার্ভি পণ্ডিত হইয়া উঠেন। ইনি স্থতিশাল্পবিষয়ক নিম্লিখিত গ্রন্থ শুলি প্রণয়ন করেন। যথা—স্থতিপ্রদীপ, স্থতিসারসংগ্রহ, সংকর-ছগ্ভিঞ্জন ও ধর্মবিবেক।

চন্দ্রশেখরবিদ্যালস্কার, দংকিপ্রদারের একজন বিখ্যাত টীকাকার।

চন্দ্রে সেবছত থপ্ত ১০ ক্রোশ দ্রে অবস্থিত থপ্ত-পাড়া নামক গড়জাতনিবাসী একজন রাজপুত্র, থগুপাড়াধি-পতি 🗸 ভামস্থলরদিংহের পুত্র এবং থগুপাড়ার বর্ত্তমান রাজা ন্টবরসিংহ মর্দরাজ ভ্রমরবররায় সামস্তের পুলতাত-ভ্রাতা। চক্রশেথরের পূর্ণ নাম চক্রশেথর সিংহ হরিচন্দন মহাপাত্র সামস্ত। বঙ্গদেশে জোর্চ হুই একটা পুত্রের মৃত্যু হুইলে পিতা-মাতা যেমন পরবন্তী পুত্রগণের কুড়োরাম প্রভৃতি নাম রাথেন, চল্রশেখরেরও তেমনি একটা নাম "পঠানী সাস্ত।" সম্প্রতি है स्त्राम गवर्सणे हैहारक महामरहाशाधात्र छेशाधित ভृविछ ক্রিয়াছেন। ১৭৫৭ শকে ইনি জ্যুগ্রহণ ক্রেন। প্রথমে সংস্কৃত কাব্য, নাটক, অলকার ও ধর্মশাল্প, পরে পিতৃব্যের নিকট সামাল জ্যোতিষ শিথিতে আরম্ভ করেন। ২৩।২৪ বর্ষে নিজ প্রতিভাবলে ইনি একজন অদ্বিতীয় জ্যোতিবিদ হইয়া উঠেন। ইংরাজী অথবা পাশ্চাত্য শিক্ষার শিক্ষিত লা হইরাও অপ্র বনরাজ্যে বদিয়া সংস্কৃত জ্যোতিঃশাল্পে এতদ্র উন্নতি ক্রিয়াছেন যে, তাহা গুনিলে চমৎকুত হইতে হয়। গ্রহোপগ্রহের গতিবিধি পরিদর্শনের জন্ত ইনি कथन कान गृताभी म यहानि वावहात्र करत्रन नाहे, किन्द আপনার অসাধারণ অধাবসায় ৩৭ে শলাকানিবিতি र्य नक्न रवध्यद्व चाविकात कतिबाह्न, छाहा चि আশ্চর্যাঞ্চনক। এই সকল যন্ত্র বারা তিনি প্রহাদির বেধ व्हित कतिया य गकन कनाकन ध्यकान कतियारहन,

ভ দিছাত মতে ধ্বক সংস্থার করিরাছেন, আশ্রের বিষর এই, ভাষার সহিত রুরোপীর নাবিকপঞ্জিকার কতক কতক মিল আছে। আপদ প্রতিভাবলে ইনি সংস্কৃত ভাষার দিছাত্তনর্পনি নামে একথানি জ্যোতিষ্পাল্ল রচনা করিরাছেন, ভাষাতেই তাঁহার বিদ্যাবৃদ্ধির পরিচর পাওরা বার। এখনও এই মহাত্মা উৎকল্পন্পদ্বাসীর গৌরবভাত্তর স্বরূপ বিরাজ করিতেছেন। ইহার দিছাত্তনপ্রাত্মার পঞ্জিত ছইরা উড়িয়ার বিশেষতঃ জপরাথের সকল ক্রিরাকলাপ সম্পর হইরা থাকে।

চ ক্রিকিল, নেপালন্থ একটা পবিত্র গিরি। (হিমবং ২৩ ৮।২০৭)
চ ক্রে শ্রী (পুং) আরু ভূত্যবংশীর একজন রাজা, ইনি তিন বংসর
রাজত্ব করেন। ইহার পিতার নাম জন ও পুত্রের নাম
পুলোমাচি। (বিষ্ণুপুরাণ ৪।২৪।১৩) ভাগবত মতে চক্রশ্রীর
নাম চক্রবিজয়।

চন্দ্ৰসংজ্ঞ (পুং) চক্ৰ ইতি সংক্ৰা ৰখ বছৰী। কপূর। (আমর)
চন্দ্ৰস্ভা, সংধা মধ্যে ঈৰং মেঘাচ্ছের রক্ষনীতে চল্লের চতুদিকে যে আলোকময় মণ্ডল দৃষ্ট হয় উহাকেই লোকে চল্লের
শোভা বা সভা কহিয়া থাকে। অজ্ঞ লোকের বিশাস বে চল্ল আলোকমর দেবগণপরিরত হইয়া সভামধ্যে পৃথিবীর শুভা-শুভ বিষয়ক নীমাংলা করেন। ঐ বৃত্ত বধন বৃহদাকার দেখায়, তথন শীঘ্রই বৃষ্টি হইবে মনে করে এবং ধধন চল্লের অতি নিকট ও কুল্ল দেখায়, তথন বৃষ্টি বিলম্বে হইবে এইরণ ভাবে।

বারুরাশির উপরিত্ব ভারে কুদ্র কুদ্র কলকণার উপর চক্র বিৰ পতিত হইরা ইহা উৎপর হয়। ঐ সকল জলবিন্দু অতি ক্ষুত্র হইলেও চল্রকিরণকে বক্রীভূত করিয়া দেয়। তজ্জ আমরা চল্লের কিছু দূরে আবার আলোকমর বৃত্ত দেখিতে পাই। ঐ তার যধন পৃথিবীর নিকটবর্তী থাকে, তখন বৃত্ত অপেকারত কুল ও দুরবর্তী থাকিলে বৃহৎ দেখার। আরও ध कांतरण मधात द्वांगत्कि हत। तृहर अनकणा अराभका कृष्ट জনকণা আলোককে অধিক ৰক্ৰীভূত করে। এই কারণে মেঘ-शिष्ठ जनकृषा बृह्द इहेरन म्हां इह्द (प्रथात्र। धरे नकन वृह्द कनक्गा भीष्रहे छात्रवण्ठः वृष्टिक्रत्भ कृष्टान भिक्षात मखायमा। प्रवत्तार अत्तरण, "मृत्त्र मखा निक्षे कन, निक्षे मछा मृत्त कन" विनिश्वा त्य व्यवान चाहि, डाहा निठां चम्-লক নছে। রামধকুর ভার এই সভাতেও নানা বৰ্ণ দেখা বার। কথন কথন ঐ সভার কিছু দূরে অপেকারত অম্পট্ট আরও একটা সভা দৃষ্ট হয়। শীতপ্রধান দেশে এই সভার দুপ্ত আরিও কৌতুকল্মক। তথার জলকণা শীতবশতঃ অমিরা কোণবিশিষ্ট ভুষারকণা হইরা যার।

উহার মধা দিয়া চক্সরশিগমনকালে দানারূপ দৃশ্য উৎপাদন করে। তথার সভা ব্যতীত কথন কথন তথাগো টেরার + আফারে চক্সপ্রেণী দৃষ্ট হয়। এই সক্সকে চক্রাভান (False moon) কছে। [রামধন্ত ও স্থা দেখা] চক্রসম্ভব (ত্রী) চক্রঃ সভবো যত বছবী। বুধ।

চন্দ্রসম্ভবা (জী) চক্তঃ সম্ভবো ষ্ঠাঃ বছরী। ক্ষুদ্র এলা, ছোট এলারি।

চন্দ্রস্রস্ (ক্নী) বৃন্ধাবনের অন্তর্গত সক্ষণকুণ্ডের নিক্টবর্ত্তী একটা জ্লাশর। (বৃং নীং ১০)

চন্দ্রত (পুং) চন্দ্রত হতঃ ৬তৎ। বুর।

চন্দ্ৰস্বস ( পুং ) বৃক্ষবিশেষ। ( Vitex Negundo )

চন্দ্র দূর্য্য জিন্দী করপ্রভ (পুং) বুঙ্ক।

ठऋगृर्याथमील (११) र्ष।

চন্দ্র্য্যাত্মক রস (পুং) বৈদ্যকোক্ত এক প্রকার ঔষধ।
পারা, গন্ধক, লোই, অন্ত ওগোক্র প্রত্যেক ৮ তোলা, কড়ি,
শন্ধ প্রত্যেক ৪ তোলা এবং পোক্র বীজ এক তোলা এই
দকল দ্রব্য মিশাইয়া ভাবনা দিবে। পরে পটোল, ক্ষেত্ত
পাপড়া, ব্রহ্মষ্টি, ভূমিকুয়াও, গুল্ফা, গুড়ুচী, দন্তী, বাদক,
কাক্মাচী, ইন্দ্রবারুণী, পুনর্গরা, কেশুরে, শালিঞ্চ ও দ্রোণ
পুলী ইহাদের প্রত্যেকের রস চারিতোলা ভাবনা দিয়া বটা
করিবে। ছাপছগ্ধ অন্থপানে চৌক্ষটী বটি সেবন করিলে
হলীমক, পাণ্ডু, কামলা, জীর্ণজ্বর, বিষমজ্বর, অন্ত্রপিত্ত, অক্চি,
শ্ল, প্রীহা, উদরী, অন্তলা, গুল্ল, বিদ্যান্ধ, উপদংশ, দক্র, শোথ,
মন্দাগ্নি, হিকা, খাস, কাশ, বিমি, শ্রম, ভগন্সর, কণ্ডু, ব্রণ,
দাহ, তৃক্ষা উক্তন্ত, জামবাত ও কটীগ্রহ প্রভৃতি রোগ
বিনাশ হয়। পথা মঞ্জ, মদ্য ও মুগের যুব। গুড়ুচী,
বিফ্লাও বাসক প্রভৃতি অন্থপানেও ইহা সেবন করিবার
বিধান জাছে। (রসেক্রসারসংগ্রহ)

চ ক্রেস্বি, একজন বিখ্যাত জৈন পশুত। ইনি নির্মাবলী-ক্রুত্তক্ষ্মীকা রচনা করেন। এ ছাড়া মাপধী ভাষার সংগ্রহণী নামে একখানি ভূর্তাস্ত লিখিয়া গিয়াছেন।

চন্দ্রেন (পুং) চক্র। আছলাদিকা সেনা ২ ভ বছরী। ভারত-প্রাসিদ্ধ একজন প্রবেদ নরপতি। ইহার পিতার নাম সমুদ্র-দেন। ইনি আখখামার হতে নিহত হন। (ভারত ৭।১৫৬ জঃ) চন্দ্রমেন, একজন প্রসিদ্ধ জৈন পণ্ডিত, হেমস্বির শিবা। ইনি উৎপাদসিদ্ধিপ্রকরণটীকা রচনা করেন, এই গ্রন্থ বিক্রমগতে ১২০০ বর্ষে চৈক্রমাসে লিখিত হয় (১)।

(>) "ৰাম্পৰ্বপতেবু শীবিজনতো পতেবু মুনিভিঃ। হৈতে সম্পন্নমিদং সাহাৰ্যং চাত যে লেনে।" উৎপাদসিদ্ধিশকরণ টাকা। চন্দ্রসেন, চম্পাবজী নগরীর একজন রাজা। পদ্মপ্রাণে লিখিত আছে, রাজা চক্রসেন কোন সমরে মুগরা করিতে যান। কিন্ত সমস্ত দিন ধরিয়াও একটা শিকার পাইলেন না। সন্ধাকালে বহু দূরে একটা মৃগ দেখিতে পাইলেন ও ভাহার প্রতি বাণ নিক্ষেপ করিলেন। মুগ বিদ্ধ হইয়াছে ভাবির। ইনি ক্রতপদে সেই স্থানে উপস্থিত হইলেন। আসিয়া দেখেন সেথানে মুগ নাই, কিন্তু একজন ঋষি যাতনায় ধড়ফড় করিতেছে। রাজা আপনার তৃত্বর্থ ব্ঝিতে পারিয়া ঋষির নিকট অনুনয় বিনয় कतिश कमा প্रार्थना कतिरमन, किन्ह छाहार अधित रक्षां শান্ত হইল না। অবির শাপে তাঁহার শরীর তৎক্ষণাৎ করলার মত কাল হইরা গেল। শাপমুক্ত হইবার আশায় চল্রদেন সর্বাদাই ধর্মকর্ম করিতে লাগিলেন। কিন্তু কিছুতেই তাঁহার শাণমোচন হইল না। অবশেষে পণ্ডিতদিগের পরামর্শে তিনি মাত্রা ঋষির নিকট উপস্থিত হইলেন, এবং তাঁহার আদেশে বসস্তপুরে গিয়া বরাহসাগরে স্নান করিয়া শাপ ও कतामुक्त हरेलन।

উক্ত চম্পাবতীর বর্ত্তমান নাম চাৎস্থ ও বসস্তপুরের বর্ত্তন্যান নাম বাদেরা, ছইটীই রাজপুতানার জয়পুর রাজ্যের জাজর্তানার জয়পুর রাজ্যের পর জাজর্তাত এই বাজনাদিতে বাজ্য পর মালবরাজ্যে রাজত্ব করিতেন এবং খৃষ্টীয় ১ম শতাকীতে নিজ নামে প্রসিদ্ধ চক্রাবতী নগরী নির্দাণ করেন।

২ রেণ্কামাহাত্মাবর্ণিত একজন বিথ্যাত রাজা। ইনি পরত্রামের হত্তে নিহত হন, মৃত্যুকালে ইহার পত্নী গর্ভবতী ছিলেন। তিনি দাল্ভ্য ঋষির আশ্রমে গিরা গর্ত্তরক্ষা করেন। তাঁহার বংশধরগণই চক্রদেনী কারত্ব নামে বিখ্যাত।

কায়ত্ত ৫৭৫ ও ৫৮৯ পৃ: দেও।]
চন্দ্রেন যাদ্বে, ভারাবাইএর একজন প্রধান সেনাপতি,
ধনজী যাদবের পুত্র। ইনি একজন মহাবীর ছিলেন। ইহার
প্রভিদ্দী পেশবাবংশ-প্রতিষ্ঠাত। বালাজী বিশ্বনাথের জন্তুই
ইহার অধঃপতন হয়। [বালাজী বিশ্বনাথ দেও।]

**ठ स**न्यक् हे [ क् हे (नथ ।]

**इस्टर् ( १**१) इस: इख्यान् इन् किश्। ताह।

"একাক্ষণ্ড প্রহা রাহ্ঃসংহারো মৃত্পখন: ;" (ছরিবংশ ৪২ খা:) চন্দ্রহুকু (পুং) চন্দ্রো হনৌ যক্ত বছত্রী। রাহু।

"খেতনীৰ্ষণজ্ঞত্মশুক্তকা চক্ৰভাপনঃ।" (ছিরিবংশ ২৪০ আঃ)
চক্রেত্ত্ত্ (পুং) চক্রং হন্তি হন-ভূচ্। অসুরবিশেষ। ভারতবৃদ্ধ সমরে ইনি শুনক নূপরূপে অবজীপ হন।

"চন্দ্রহাতে যাতেষা' কীর্ত্তিতঃ প্রবরোহস্করঃ।"(ভারত ১৮৬৭ আঃ) চন্দ্রহাস ( পুং ) চন্দ্রতের হাসঃ প্রভাহস্য বছরী, যথা চন্দ্রং

हमकि हम-व्यन्। ১ बक्ना। २ क्रांतरनंत्र बक्ना। (क्री) ७ (क्रोन्स)। (রাজনি॰) (পুং) ৪ একজন রাজা। ইংার পিতা দাব্দিণাত্যপ্রদেশের সম্রাটু ছিবেন। চক্রবাসের বাদ্যকালেই জাঁহার পিতার মৃত্যু হয়, কিছুদিন পরে চন্দ্রহাসক্ষননীও কালগ্রাদে পতিতা হন। একটা ধাত্রী চক্রহাসকে সইয়া वत्न भनाग्रम करत्। रिनवज्ञस्य हैकात्र ब्हानम्यात्र मा হইতে না হটভেই ধাতীরও মৃত্যু হয়। পিতৃমাভৃহীন বালক চন্দ্রহাস এখন নিরাশ্রয়। কেছই ইহাকে রাজপুত্র বলিয়া চিনিত না। একদিন ইনি প্রধান মন্ত্রীর আবাস-সম্পূথে ভ্ৰমণ করিতেছেন, এমন সময়ে একজন দৈবজ্ঞ ইহাকে দেখিয়া বলিলেন, "এই বালক কালে স্পাপরা পৃথিবীর অধি-পতি হইবে।" মন্ত্ৰী মহাশয়ের রাজত্ব লালসা বড়ই প্ৰবল, वासाव प्रकार रम वारका फिनिहे मर्स्सम्बी, जाहे रेमव-জ্ঞের ভবিষাৎ ৰাণী ভাঁহার হৃদয়ে লাগিল। ভিনি চন্দ্রহাসের বিনাশকামনার খাতৃক নিযুক্ত করিলেন। খাতৃকেরা মন্ত্রীর चार्मि ठल्डांगरक नहेबा वंधा कृषिएक ठनिन। किन्द ठल्ड-হাসের রূপ ও কাতরবাক্যে খাতুকেরা ইহাকে ছাড়িয়া দিল। পরে একজন সম্ভান্ত ব্যক্তি ইহাকে শইয়া ধান। তাঁহার আলয়ে থাকিয়া চক্রহাস বন্ধিত হন। বয়োবৃদ্ধির माल माल हैरात मारम ७ वृद्धि वृद्धि भारे एक नाभिन। (कान नगरप्र मन्त्री त्महे कात्न शिवादित्यन, जिन त्मिथाहे চক্রহাসকে চিনিতে পারিলেন এবং তাঁহার বিনাশ কামনায় একথানি পত্র বিধিয়া নিজ পুত্র মদনের নিক্ট পাঠাইরা দেন।

চন্দ্রহাস মন্ত্রীর পত্র লইয়া নিঃশন্ধচিত্তে মন্ত্রীর ভবনে উপ-স্থিত হইলেন। পথে প্রাস্তি দুর করিবার মানদে মন্ত্রিভবনের একটী উদ্যানে নিদ্রাত্মখন্ডোগ করিতে লাগিলেন। ঐ সময়ে মন্ত্রিতনয়া বিষয়া উদ্যানে আদিরা উ হার রূপে মুগ্ধ হইলেন ও উ হাকে বাঁচাইয়া পতিত্বে বরণ করিবার অভিপ্রায়ে পত্রের পাঠ পরিবর্ত্তন করিয়া দিলেন। চন্দ্রহাস নিজিভ, ইহার কিছুই জানিল না। মদন পতা পাইয়া ও চক্রহাসকে দেখিয়া আমার কোন মতামত না করিয়া সেই দিনেই ভগিনী বিষয়াকে অর্পণ করিলেন। মন্ত্রী জানিতে পারিশ্বা একটী দেবালয়ে ঘাতুক নিযুক্ত-করিয়া চক্রহাসকে পূকার ছলে তথার পাঠাইয়া দিলেন। খাতুকের সহিত কথা ছিল যে মুকক দেবালয়ে আসিবে, তোমরা ভাছার শিরশ্ছেদ করিবে। দৈৰঞ্জে চন্দ্র-হাসকে রাখিয়া মন্ত্রীপুত্র মদন দেবালয়ে যার ও অক্রাঘাতে নিহত হয়। কালক্রমে চক্রহাস একছত্ত সম্রাটু হইয়া-हिल्ला। (महाजात्रक) जक्रमान बाहर हैदात जेनाशानी আছা রাণ লিখিত আছে।

চ স্রহাস। (জী) চন্ত্রাস-টাপ্। ১ গুড়্চী। (রাজনিং)
চন্ত্র ইবাহলাদকরোহাসো যস্তাঃ। ২ সায়তী।

"চন্ত্রহাসা চারুদাতী চকোরী চন্ত্রহাসিনী।"

(দেবীভাগবত ১ হাডা৪৮)

৩ বৃহতী।

চন্দ্রহাসিনী (নী) চল্লং হসতি হস-পিনি-গ্রীপ্। গারতী দেবী।
চন্দ্রা (স্ত্রী) চদি-আফ্লাদে রক্টাপ্। ১ এলা, এলাচি। ২
চন্ত্রাতপ, চাদোরা। ৩ গুড়ুচী। (শকার্থচিং)

চন্দ্রণংশু (পুং) চন্দ্রভাংশুরিবাহলাদকোহংশুরস্থ বছরী। > বিষ্ণু, পরমেশ্বর। "ঝদ্ধ: স্পর্টাক্ষরো মন্ত্রাংশুর্ভাস্করছাতিঃ।" (বিষ্ণুদ্দর্শ) চন্দ্রসাংশুঃ ৬তং। ২ চন্দ্রকিরণ।

চন্দ্রাকর (পুং) এক বীরপুরুষ। (রাজভর ৭।৫)

চন্দ্রবিদ্যার স্থাং) ঔষধবিশেষ। রস্পিশ্র, অল. হীরাভত্ম, তাত্র ও কাংস ইছার প্রত্যেকের সমান ভাগ, এই সকলের সমান গ্রুক মিশ্রিত করিয়া ভেলার কাবে এক দিবস মর্দন করিবে। ইছার মাজা ২ রতি । ইছা সেবনে ছক্ষ্ম ও স্ক্রি

চম্দ্রাগ্র ( ত্রি ) ১ স্থবর্ণ প্রভৃতি। ই স্থবর্ণ শৃক।

"দনো রাসছক ধশচন্তাগ্রাং" (ঋক্ ৬।৫৯।৮) 'চক্রাগ্রাং চক্রমিতি হিরণা নাম হিরণাপ্রমুখাং যথা স্বর্ণশৃঙ্গাং' (সারণ।) চক্রাতপ (পুং) চক্র ইব আতপতি শীতলীকরোতি ছারা-দানেন আতপ-অচ্। ১ বিতান, চাঁদোরা। পর্যার—উলোচ, বিতান, চক্রা। চক্রস্যাতপং ৬তং। ২ জ্যোৎসা।

''চক্রাতপমিব রসতামুপেতম্ " (কাদখরী)

চন্দ্রীত্রেয়বংশ, ব্দেলথও প্রদেশের প্রবল পরাক্রান্ত ও লাচীন রাজপুত রাজবংশ। এই বংশীরেরা একণে চন্দেল নামে থ্যাত হইয়া রোহিলথও, গোরথপুর, আলাহাবাদ, আজিমগঞ্জ, নিজামাবাদ, জোন্পুর, মিজাপুর, কনৌজ, ব্দেলথও ও কাণপুর জেলার নানাস্থানে বসবাস করিতে-ছেন। ধর্দির দক্ষিণে এই বংশীর্দিগের বাসন্থান চন্দেলথও নামে বিশ্বাত। নিম দোয়াবে ইহারা রাজা, রাও, রাণা ও রাউত উপাধিভূষিত।

এই রাজবংশের ভূরি ভূরি মন্দির, তামশাসন,শিলালিপি ও প্রকাণ্ড প্রকাণ্ড হুদাদি কীর্ত্তি অদ্যাপি বর্ত্তমান আছে।

কোন্সময়ে এই রাজবংশ প্রাহ্র হয়, তাহা নিশ্চয় কপে জানা যায় না। তবে থজুরাছ, মহোবা, কালএর প্রাস্থৃতি স্থানে প্রাপ্ত শিলালিপি ও তামশাসনাদি দৃষ্টে এবং চক্রকবির পৃথিরাজ-রায়সা ও কেরিস্তাপাঠে জানা যায় যে প্রায় ৮৩১ খুঃ অন্ধ হইতে ১১৮২ খুঃ অন্ধ পর্যন্ত এই রাজ- বংশীয় স্বাধীন নুগতিগণ মহোবা, এজুরাত পাড়ভি ভানে ত প্রবদ পরাক্তমে রাজত ক্রিতেছিলেন ?

**এই বংশের উৎপত্তিবিষয়ে এইরূপ প্রধাদ আছে।**— কাশীরাজ ইজ্রজিতের প্রোহিত হেমরাজের কলা হেম-বতী অতি হুরপা ছিলেন। একদিন তিনি একাকিনী রতিকুত্রে স্নান করিতেছিলেন, এমন সময় চক্রদেব তাঁহার ক্লপে বিষোহিত হইয়া তাঁহাকে আলিজন করেন। তেম-বতী চল্লের এই ধৃষ্টতায় অতি ক্রন্ধ হইয়া অভিসম্পাত कतिरङ छिनाङ इंडेटन हक्क धारे वत राम रा, रहमवङीत পুত্র পৃথীখন হইবে এবং তাঁহা হইতে অনেক রাজ্বংশ छे९भन इटेरव। ट्रमवजी अनुवावसाम गर्ख्यावर्णक कनक व्यापरनामन क्रम्म निर्देशन क्रिक्त हुन विलालन. "छड्डम চিন্তা করিও না। কর্ণবভী নদীভীরে ভোমার পুত্র প্রসূত ছইবে। তৎপরে তুমি তাহাকে ধজুরাত লইয়া পিয়া রাকাকে প্রাদান করিবে। মহোবানগরে তোমার পুত্র রাজত্ব করিবে। আদি তাহাকে স্পর্শমণি দান করিব। দে কালঞ্জরে ছর্গ নির্মাণ করিবে। যথন ভোমার পুত্র ১৬শ বর্ষ বয়য় হইবে, তথন তুমি নিজ কলয়মোচনের জক্ত ভাওযাগ অনুষ্ঠান করিবে এবং বারাণদী ত্যাগ করিয়া কালঞ্জরে বাস করিতে পাকিবে "চক্তের কথামত হেমবতী কর্ণবতী-(বর্ত্তমান কেয়ান) নদীতীরে বৈশাখী শুক্লএকাদশীতে সোমবারে বিভীয় চক্রতুল্য একপুত্র প্রস্ব করিলেন। জাত-মাত্র চক্র দেবগণ পরিবৃত হইয়া সেই তানে আগমন করিয়া উৎসব করিলেন। বৃহস্পতি জাতবালকের জন্মপত্রিকা লিখি-লেন। ঐ বালকের নাম চন্দ্রবর্মা রাথা ছইল। ১৬শ বর্ষ বয়সে চন্দ্রবর্মা এক বুহৎ ব্যাঘ্র বধ করেন এবং পিতা চন্দ্রদেবের নিকট হইতে স্পর্শমণি প্রাপ্ত হন ও রাজনীতি শিক্ষা করেন। তৎপরে তিনি কালঞ্রছর্গ নির্মাণ করেন। পরে থর্জুর-পুরে গমন করিয়া মাতার কলক্ষমোচনার্থ যক্ত অনুষ্ঠান ও ৮৫টা দেবালয় নির্মাণ করেন। অবশেষে তিনি মহোবা অর্থাৎ মহোৎদব নগরে গমন করিয়া ঐ স্থানে রাজধানী স্থাপন করিলেন।

কোন্ সময়ে এই ঘটনা হয়, তাহা ঠিক হয় নাই।
চক্রকবির মহোবাথতের মতে ইহা ২২৫ সংবতে ঘটে।
বিখ্যাত প্রাত্তত্ত্বিদ্ কনিংহাম্ সাহেব ১৮৫২ খৃঃ অব্দে
থজুরাত্ত্ব নগরে অবস্থানকালে চন্দেলরাজ্বংশীয় বাহাত্ত্র সিংহের নিকট হইতে যে সন্ধান পান, তাঁহার মতে ঐ ঘটনা
২০৪ সংবতে সংঘটিত হয়। এ বিষয়ে অনেক মতামত আছে।
ধজুরাত্ত্বতৈ আবিষ্কৃত শিলালিপিতে লিখিত আছে মরীচিনন্দন অবতি ঋষি হইতে চক্রাত্রের জন্ম প্রছণ করেন (১)। তাঁহা হইতেই এই বংশ চক্রাত্রের বা চন্দেল নামে থাত হইয়াছে।

শিলালিপি প্রভৃতি দৃষ্টে চক্রাত্রের বংশের আবির্ভাবকাল স্ক্রেপে অন্থমিত হয়। এই বংশের অধন্তন ৬ ঠ প্রেষ ধল নৃপতির থোদিত লিপি দৃষ্টে জানা যায়, যে তিনি ৯৫৪ খৃঃ অদে রাজত্ব করিতেন। রাজত্বলাল ২৫ বৎসর করিয়া ধরিলে প্রায় ৮০০ খৃঃ অবেলর কাছাকাছি কোন সময়ে ঐ বংশের স্থাপন হইয়া থাকিবে, এইয়প অনুমান করা যাইতে পারে।

চক্সকবি ও অহাস্থা রাজকবিগণ এই বংশের থাবিংশতি জন রাজার নাম লিথিয়া গিয়াছেন। কিন্তু ঐ নাম শুলি রাজত্বলাল অনুসারে ক্রমায়য়ে লিথিত হয় নাই। স্থতরাং কাহার পর কে সিংহাসন আরোহণ করেন, তাহা পাই জানা যায় না। মহোবাতে চক্রকবির যে পৃথি আছে, তাহাতে নিমলিথিত বংশাবলী পাওয়া যায়। ১চক্রবর্মা, ২ রামবর্মা, ৩ রূপবর্ম্মা, ৪ রহিলবর্ম্মা, ৫ বলবর্ম্মা, ৬ রদ্ধর্ম্মা, ৭ বিজয়বর্ম্মা, ৮ বেলবর্ম্মা, ১৩ কেশবর্ম্মা, ১৮ কর্বাশ্মা, ১১ থজুরবর্ম্মা, ১২ নবলবর্ম্মা, ১০ কেশবর্ম্মা, ১৮ কর্বাশ্মা, ১৫ ক্রপবর্ম্মা, ১৯ মনবর্ম্মা, ১০ মাধবর্ম্মা, ১৮ কলাগিবর্ম্মা, ১৯ মনবর্ম্মা, ২০ কীর্ত্তির্ম্মা, ২১ পর্মালবর্ম্মা, ২২ বহ্মিকহর্মা। শিলালিপি দৃষ্টে যেরপ্রজ্ঞানা যায়, তাহাতে এই বংশাবলী ঠিক বলিয়া অন্থমিত হয় না। ক্রিদিগের মধ্যেও এবিষয়ে নানারূপ মতভেদ আছে (২)।

ধজুরাত, মহোবা প্রভৃতি হানে প্রাপ্ত শিলালিপি ও তামশাসন প্রভৃতিতে ১৮ জন রাজার নাম ও রাজ্য-কালাদির বিবরণ জানা গিয়াছে, তাঁহাদের বিষয় নিমে লিথিত হইল।

১ম, রাজা নরুক। (আহুমানিক রাজজ্বাল ৮৩১—৮৫০ খৃঃ অক।) ধলের সময়ে থজুরাত্র খোদিত লালাজি ও চতুভূজের শিলালিপি এবং মহোবার ১২৪০ সংবতজিত

(>) "তক্ষাবিষপ্তরঃ পুরাণপুরুষাদায়ায়ধায়কবে বেঁছ্বমূনরঃ পবিত্রচিত্রিঃ পুর্বে মরীচ্যাদরঃ। ভত্রাত্রিঃ ক্ষুবে নিরম্ভরতপত্তীপ্রপ্রভাবং কৃতং চক্রাত্রেরমকৃত্রিমোক্ষ্লভরজ্ঞানপ্রদীপং মূনিং । অতি স্বভিষিধারিনঃ স লগভাং নিঃশেষবিদ্যাবিদ-ভক্তাজ্বোপনভাধিলঞ্জতিনিধের্বংশঃ প্রশংসাম্পদং ।"

थक्तांच्य नन्त्रीक्षीय मन्त्रिय छ ८ कीर्ग निनाक्तक।

অসম্পূর্ণ শিলালিগিদ্টে জানা বার, নরুক এই রাজবংশের প্রতিষ্ঠাতা। ইহার বিষয় আর অধিক কিছু জানা যার না। অহুমান হয়, ইনি পরিহারদিগকে তাড়াইরা দিয়া মহোবা অধিকার করেন।

২য় বাক্পতি। (আফুমানিক রাজত্বকাল ৮৫০ — ৮৭০ খৃষ্টান্ধ।) উক্ত শিলালিপিতে ইছার নাম পাওরা যায়। ইছার রাজত্ব-কালে কনৌজাধিপ ভোজরাজ চলেরীর অধিকারী ছিলেন।

তয় বিজয় । (আছুমানিক রাজ্যকাল ৮৭ • — ৮৯ • খৃষ্টাক।)
লালাজি ও চতুত্রিশিলালিপিতে ইহার নামোল্লেথ আছে।
যশোবর্মার শিলালিপিতে ইনি বিজয়শক্তি নামে অভিহিত।

৪র্থ রাহিল। (আফুমানিক রাজ্ছকাল ৮৯০ —৯১০ খৃষ্টান্স।)
উক্ত শিলালিপিতে, তদ্তির অব্দর্গড়ের একটী মন্দিরের অনেক প্রান্তরে তাঁহার নাম ধোদিত এবং ঐ গড়ের কতক দেবমন্দির ও পুদ্ধবিণী তাঁহার নির্মিত বলিয়া প্রসিদ্ধি আছে। স্কুতরাং অফুমিত হয়, এই সময়ে অব্দেগড় চন্দেল রাজ্যভুক্ত ছিল। কাল্লার্লেগ প্রপম হইতেই ইহাদের হন্তগত হয়।

ইহাদের তিনটা রাজধানী ছিল। ১ কালঞ্চর—প্রধান সেনা-নিবাস ও তুর্গ। ২ ধজুরান্ত—অগণ্য দেবমন্দিরযুক্ত ধর্মানা। ৩ মহোবা—রাজপ্রাসাদ ও বিচারালয়যুক্ত রাজধানী।

চক্রকবির মতে রাহিল বিধ্যাত দিখিল্লয়ী এবং সিংহল পর্যান্ত গমন করেন, কিন্তু তাহা অযথার্থ বলিয়া বোধ হয়। তিনি আরও বলেন, রাহিল কাল্ঞারের ২০ মাইল ঈশানকোণে রসান নগর ভাপন করেন। রসান যেরূপ প্রাচীন, তাহাতে এই কথা সভা হইতে পারে।

মহোবা-স্নিহিত রাহিল্সাগর এবং তাহার তীরস্থ ধ্বংসাবশিষ্ট প্রস্তর্মন্দির নিশ্চয়ই রাহিল কর্তৃক বিনি-র্মিত। ইহাতে আরও প্রমাণ হয় যে, অজয়গড় ও কাল-শ্লবের ভায় মহোবাও রাহিলের অধিকারভূক ছিল।

চেদিদেশের কলচ্রিবংশীর রাজ। ১ম কজোল নলাদেবী নামা চল্লেবংশীর রাজকভার পাণিগ্রহণ করেন। এই নলাদেবীস্ভবত: রাহিলের বাবিজ্ঞারের ক্তা।

৫ম হর্ষ। (আফুমানিক রাজত্বলা ৯১০—৯০০ খৃষ্টাক।) লালাজি-শিলালিপিপাঠে জানা যায় তিনি অনেক দেশ জন্ন করেন ও গলাবংশীয়া রাজকতা কঞ্কাকে বিবাহ করেন।

৬ চ যশোবর্মা। (আমুমানিক রাজস্বকাল ৯৩০-৯৫০ খঃ অস।) পূর্ব্বোজ্ঞ শিলালিপিতে ইহার উল্লেখ আছে। ইনি হর্ষবর্মার পূত্র। থজুরাহুর শিলালিপি গুলিতে শিথিত আছে—তিনি গৌড়, থশ, কোশল, মিধিলা, চেদি, কাশীর, মালব প্রভৃতি নানাদেশ জয় করেন এবং একটী

<sup>(2)</sup> Cunningham's Arch. Sur. Reports, vol. II. p. 449.

বিফুমন্দির প্রতিষ্ঠা করেন। ইহার মহিবী পুঞানেবী ধল নামে পুত্র প্রস্ব করেন।

শ্ম ধল। রাজত্বাল ১৫০—১৯৯ খৃঃ অল। ইহার রাজত্ব কালে থোদিত তিনথানি শিলালিপি প্রাপ্ত হওয়া গিয়াছে। একথানি ১০১১ সংবতাহিত থজুরাহর চতুর্জিশিলালিপি, অপর্থানি ১০৫৫ সংবতহিত ফুনৌরার শিলালিপি এবং শেষ থানি ১০৫৬ সংবতহিত থজুরাহর লালাজি-শিলালিপি। শেবাক্ত লিপিতে ঐ বংসর ধলের মৃত্যুর কথা লেখা আছে।

মৌছত্রপুরের শিলালিপিপাঠে অহুমিত হয় প্রভাস নামে ধকের এক মন্ত্রী ছিল, লালালির শিলালিপিতে তাঁহার মন্ত্রীর নাম যশোধর লেখা আছে। ১০৫৫ সংবতে ধল-দেবের তান্ত্রকলকেও খোদিত দানপত্রে যে যশোধর ভট্টের কথা আছে, বোধ হয় তিনিই ঐ যশোধর মন্ত্রী হইবেন।

৯৭৮ খৃঃ অব্দেগজনী আক্রমণকালে পাহোররাজ জ্বরপালের সাহাযার্থ দিল্লী, আজমীর কনৌজ প্রভৃতির রাজাদিগের সহিত যে কালঞ্জররাজ গমন করিয়াছিলেন, সম্ভবতঃ তিনিই এই ধল। মৌছত্রপুরের শিলালিপিতে যে একজন রাজ কর্তৃক কাল্তকুজ্জরের কথা লেথা আছে, ঐ রাজা নিশ্চয়ই ধঙ্গ কিছা তৎপুত্র গণ্ডদেব হইবেন। লালাজি শিলালিপিতে লিখিত আছে যে ধঙ্গদেব কাশী, অনু, অঙ্গ ও রাঢ়দেশের রাজমহিবীগণকে কারাগারে বন্দিনী করিয়াছিলেন এবং কোশল, কুন্তল, ক্রথ ও সিংহল রাজগণকে সহচারী করিয়া রাথিয়াছিলেন।

ইনি প্রায় শতবর্ষ বয়সে প্রায়াগতীর্থে দেহত্যাগ করেন।
৮ম গণ্ডদেব। (রাজত্বলাল ৯৯৯—১০২৫ খৃঃ অবস।)
মৌছত্রপুরের শিলালিপি ব্যতীত অব্ভ কোথাও ইহার
নাম পাওয়া যায়না। তাহাতে ইহার মন্ত্রীর নাম প্রভাস
লেখা আছে।

সম্ভবত কালঞ্জররাজ এই গগুদেব লাহোররাজ জ্বর-পালের সহিত ১০০৮ থৃঃ অবেল মাক্ষুদ গজনীর বিরুদ্ধে বৃদ্ধ-যাত্রা করেন। কেরিন্ডায় লিখিত আছে কালঞ্চরাজ নক্ষরার (গগুদেব) কনৌজ জ্বর করিয়া তথাকার রাজাকে বিনট করেন। ইহার প্রতিশোধ জ্বন্ত মাক্ষুদ কালঞ্চর আ্রোক্র-মণ করিয়া অধিকার করেন। (১০২৩ থৃঃ অক)

খজুরাছতে জনৈক কজোল কর্ত্ক প্রতিষ্ঠিত বৈদ্যনাথ মিলির ও তাহার মধ্যে ১০৫৮ সংবতন্ধিত উৎকীণ শিলা-লিপি দর্শনে অনেকেই অন্থমান করেন যে চেদিরাজ ২য় কজোল গগুদেবের সময় খজুরা অধিকার করিয়াছিলেন। কিন্ত ঐ কজোল খজুরাছ-নিবাসী জনৈক ঐশব্যশালী ব্যক্তি মাজ। চেদিরাজের সৃহিত ঐ ক্রোলের কোন সম্পর্কই নাই \*।

যাহা হউক চেদি-বিজেতা কীর্ত্তিবর্মার পুর্বে চেদিরাজ কালপ্তর অধিকার করেন, তাহার প্রমাণ পাওয়া যায়। কারণ ঐ সময়ে চেদিরাজগণের শিলালিপিতে তাঁহাদিগকে কালপ্ররাজ বলা হইয়াছে।

৯ম বিদ্যাধর দেব। (আসুমানিক রাজত্বাল ১০২৫-১০৩৫ খৃ: অব্দ) ইনি গগুদেবের পুত্র। মৌছত্রপুরের শিলা-লিপিতে ইহার নামোল্লেথ ব্যতীত আর কোন কীর্ত্তি নাই। ইহার মন্ত্রী বিখ্যাত দার্শনিক শিবনাগ, এই শিবনাগ ধক ও গণু নুপতির মন্ত্রী প্রভাসের পুত্র। শিবনাগের পুত্র মহীপাল, বিজয়পালের এবং মহীপালের পুত্র অনস্তব্তিবিশ্রা ও সল্লক্ষণবর্দ্ধার মন্ত্রী ছিলেন। সম্ভবতঃ অনস্তের পুত্র গদাধর জয়বর্দ্ধার প্রতীহার এবং পৃথীবর্দ্ধা ও মদনবর্দ্ধার প্রধান মন্ত্রী নিযুক্ত হন।

আবুরিহান্ লিথিয়াছেন,—ইনি জকলপুরের সরিহিত ত্রিপুরীখর চেদিরাজ গালেয়দেবের (১০৩০-৩১ খৃ: অল) সমকালবর্ত্তী ছিলেন।

১ • ম বিজয়পাল দেব। ( আরুমানিক রাজত্বকাল ১ • ৩৫-১ • ৪৯ খৃ: অন্ধ।) উক্ত শিলালিপিতে ইহার উল্লেখ আছে। ইহার মহিধীর নাম ভ্বনদেবী। নশৈরার ১নং শিলালিপিতে লিখিত আছে যে, ভ্বনদেবীর পুত্র দেববর্দ্ধাদেব পিতার পর রাজ্যাধিকারী হন।

১১খ কীর্ত্তিবর্দ্ধাদেব (১ম)। (আফুমানিক রাজত্বলাল ১০৪৯-১১০০ খৃ: অক।) মৌছঅপুরের শিলালিপির ৭ম শ্লোকে লিখিত আছে, বিজয়পালের পর তৎপুত্র কীর্ত্তিবর্দ্ধা রাজা হন। অনন্ত তাঁহার মন্ত্রী ছিলেন। কিন্তু জুনৌরার ১নং শিলালিপিতে লিখিত আছে—বিজয়পালের পর তৎপুত্র শিবভক্ত কালঞ্চরাধিপ শ্রীদেববর্দ্ধা দেব পিতৃসিংহাসনে আরোহণ করেন।

জ্মাবার কালঞ্জরের নীলকণ্ঠ-শিলালিপির ৭ম শ্লোকে দৃষ্ট হয়, যে বিজয়ণালের পুত্র ভূমিপাল শাণিত অসি ছারা বহু শক্রনাশ করেন।

স্ত্রাং ইহা অন্ত্মিত হয় যে, ১ম কীর্ত্তিবর্মা, দেববর্মা। দেব ও ভূমিপাল বিজয়পালের পরবর্তী একই রাজার নাম হইবে ।

মহোবার একথগু শিলালিপিতে দৃষ্ট হয়, কীর্ত্তিবর্ত্মা চেদিরাজ কর্ণকে জয় করেন। প্রবোধচন্দ্রোদয় নাটকের

<sup>\*</sup> Epigraphia Indica, vol. I. p. 148.

<sup>+</sup> J. A. S. B. vol. L. p. 18.

নান্দীভাগে চেদিবিজয়ী যে কীর্ত্তিবর্দ্মার কথা আছে, তিনি এই কীর্ত্তিবর্দ্মা। কিন্তু কালঞ্জরের নীলকণ্ঠ শিলালিণিতে দেখা যায়, ভূমিপালের (কীর্ত্তিবর্দ্মার) পুত্র চেদিরাজ কর্ণকে জয় করেন।

মোছত্রপুরের শিলালিপিদৃত্তে জানা যায় যে কীর্তি-বর্মার পুত্র এবং জয়পালের পিতা সলক্ষণদেব। সম্ভবতঃ এই সলক্ষণদেবই পিতার রাজ্যকালে চেদি জয় করিয়া থাকিবেন।

১১৫৪ সংবতজ্বত দেবগড়ের শিলালিপি ও চন্দেরীছর্গের সন্ধিহিত কিরাতসাগর সম্ভবতঃ এই কীর্ত্তিবর্মারই
প্রতিষ্ঠিত। বুন্দেলথওে চন্দেরীছ্র্গ ও কিরাতসাগর-নির্মাতা
যে কিরাতবর্ম-বিষয়ক প্রবাদ আছে, তাহা বোধ হর এই
চেদিবিজয়ী কীর্ত্তিবর্মারই নামান্তর।

ইনি কালপ্তরতুর্গ সংস্কার করেন ও অব্যাগড়ে অনেক জাটালিকা নিশাণ করেন বলিয়া থ্যাতি আছে।

কীর্ত্তিবর্দ্মার নামান্ধিত যে সমস্ত মুদ্রা পাওয়া যায়, তাহা এই কীর্ত্তিবর্দ্মারই হইবে; কেননা ইহার পৌত্র ২য় কীর্ত্তিবর্দ্মার মুদ্রাতে জয়বর্দ্মার নাম অভিত আছে।

ইনি কলচ্রিবংশীর চেদিরালগণের মুদ্রা অসুকরণে চন্দেল-রাজ্যে প্রথম মুদ্রা প্রচলন করেন।

সম্ভবতঃ ইনি দেবগড়ের তুর্গদংস্থার করিয়া নিজ নামা-মুসারে উহার নাম দেবগড় রাথেন \*।

১২শ সল্লংগণকান্দিব। ( আফু্যানিক রোজস্বাল ১১০০—
১১১০ খুঃ আক।) ১৩১৭ সংবতক্তিত অভায়গড়েরে বীরবাদ্দিত শিলালিপি দৃষ্টে জানো যায় যে কীর্ত্বিদারি পার তৎপুত্র সল্লেকণ রাজা হন †।

সলকণের নানান্ধিত মুদ্রাপ্রাণ্ডে জানাযায় যে সলকণ রাজাছিলেন এবং নিজ নামে মুদ্রা প্রচলিত করিয়াছিলেন।

মৌছঅপুরের শিলালিপিতে লিখিত আছে, কীর্তিবর্মার মন্ত্রী অনত্তের পুত্র বাস্ত, বামন ও প্রহাম তিনজনেই সলক্ষণের সভায় থাকিতেন।

১৩শ জয়বর্মদেব। (ওরফে ২য় কীর্ত্তিবর্মা।) (আফুমানিক রাজ্যকাল ১১১০—১১২০ খৃঃ অস।) লালাজি-শিলালিপির পরিশিত্তে ও ১০১৭ সংবতাত্তিত বীরবর্মের শিলালিপিতে ইহার নাম পাওয়া যায়। লালাজি শিলালিপির পরিশিত্ত ইহারই সময় ধোদিত হয়। উভয় লিপিতেই ইনি সলক্ষণের । পুত্র বলিয়া উক্ত হইয়াছেন।

মৌছঅপুরের শিলালিপি দৃটে জানা যায়, জায়বর্মার পর তাঁহার পিতৃব্য পৃথীবর্মা সিংহাদনে আবোহণ করেন ও তাঁহার পর পৃথীবর্মার পুত্র মদনবর্মা রাজা হন। ১৪শ পৃথীবর্ণাদেব। (আহ্মানিক রাজ্যকাল ১১২০—
১১৩০ খঃ অল।) মৌছত্রপুরের শিলালিপি ও বীরবর্ণা-প্রদন্ত
অজয়গড়ের ১৩১৭ সংবতের শিলালিপির মতে মদনবর্ণার
পিতাও জয়বর্ণার পর রাজা হন। তাঁহার সমরের তুই
একটা মুদ্রা পাওয়া যায়।

১৫শ মদনবর্দ্মদেব। (আহুমানিক রাজত্বকাল ১১৩০—
১১৬৫ খৃঃ অক।) ইহার সময়ের শকাক্ষিত বিভার শিলালিপি
ও তামশাসনাদি পাওমা যায়। তদ্ধারা ইহারই রাজত্বকাল স্ক্ররূপে নির্ণয় করা যায়। মহোবার মদনসাগর ইহারই নির্দ্মিত।

ইহার সময়ের বিশুর জৈনমূর্তি দৃষ্টে বোধ হয়, এই সময় জৈনধর্ম বিশুরে লাভ করিয়াছিল।

চক্সকবির পুত্তক ও প্রাচীন লিপি উভয়েই বর্ণিত আছে, মদনবর্মা মহাবীর ছিলেন এবং বহুদ্র রাজ্য বিস্তার করেন। কালঞ্জের ২ নং শিলালিপিতে লিখিত আছে, মদনবর্মা। অঞ্জরাট জয় করেন। চক্ষকবিও তাই বলেন।

মৌছঅপুরের শিলালিপিতে দেখা যায়, মদনবর্মা চেদি জয় করেন। তাহাতে অনুমান হয় কীর্তিবর্মার পর কলচুরি-বংশীয় চেদিরাজগণ পরাক্রান্ত হইয়া পুনর্বার স্বাধীনত। লাভ করিয়াছিলেন। পরে আবার মদনবর্মা চেদি জয় করেন। \*

অনেকে অনুমান করেন, বেলারী চল্লেলরাজ্যের অস্ত-ভূকি ছিল এবং চল্লেলরাজার অধীন সামস্তরাজ কর্ক শাসিত হইত। এই রাজার নাম বলদেব। সম্ভবতঃ ইনি চল্লেলবংশোদ্ভব হইবেন।

১৬শ পরমর্দিদেব (অথবা পর্যালদেব) (আরুমানিক রাজত্ব কাল ১১৬৫ — ১২০২ থা: অক।) অনেকে ইহাকে চলেল বংশের শেষ রাজা মনে করেন, কিন্তু বান্তবিক তাহা নহে, ইনি পৃথীরাজ কর্তৃক পরাজিত হইয়াছিলেন মাত্র এবং তৎপরেও ইহার বংশধরেরা রাজা করিয়াছিলেন।

পরমর্দিদেবের সময়ে প্রতিষ্ঠিত ১২৫২ সংবত হিত বকে-শ্বরের শিলালিপিতে লিখিত আছে, মদনবর্দ্মার পুত্র যশো-বর্দ্মা এবং যশোবর্দ্মার পুত্র পরমৃদ্দিবর্দ্মা †।

আবার ১০১৭ সংবত্দিত বীরবর্দ্মার অঞ্চরগড়ের শিলালিপিতে দেখা যায়, মদনবর্দ্মার পর পরমর্দিবর্দ্মা রাজা হন। এতছভয়ের সামঞ্জভ রাখিতে হইলে এইরপ অনুমান হয়, যে মদনবর্দ্মার পর উাহার পৌত্র পরমর্দিবর্দ্মা রাজা হন। শেষোক্ত শিলালিপিতে তাঁহাকে বালকবীর বলা হইয়াছে ‡।

<sup>\*</sup> Epigraphia Indica, I. 209.

<sup>† &</sup>quot; " I. 327

<sup>\*</sup> J. A. S. B. vol. L. p. 13.

Do. " p. 15.

<sup>‡</sup> Epigraphia Indica, I. 327.

মুসলমান ঐতিহাসিকগণ ও চক্রকবি এই রাজার বিষয় বিজয় বর্ণনা করিয়া গিরাছেন, তজ্জ্জ্জ ইনি সকলেয়ই নিকট পরিচিত। নজুবা ইহার কীর্ত্তিবরূপ মন্দির, বীর্ত্তিকাণি বা মুলা অভ্তি এমন কিছুই নাই, বাহা বারা অক্তরূপে ইহার রাজ্যকাল নির্ণিত হইতে পারে।

১১৮২ খু: আন্দে প্রমর্দিদেব দিলীখর পৃথীরাজ কর্তৃক পরাজিত ও মহোবা হইতে বিতাড়িত হন। তাঁহার এই পরাজয় চন্দ্রকবি এরপ স্থলনিতভাবে অতিরঞ্জিত করিরাছেন বে ঐ প্রদেশের সকল লোকেই চন্দ্রকবির উক্ত বিষয়ক গীত ওনিয়া থাকে এবং আনেকে উহা হইতে নাটক উপভাগাদি রচনা করেন।

চক্রকবির মতে পরমর্দিদেব কেবলমাত্র ২০০ স্লীসহ পলাইয়া রক্ষা পান, অপের সকলেই হত হয়। সম্ভবতঃ ইহা অতিরক্সিত। যেহেজু তাহার প্রায় বিংশতি বর্ষ পরে, ১২০০ খৃঃ অবদ পরমর্দিদেব কালগ্রেরে কুতব্উদীন্ কর্ভ্ব আক্রাম্ভ হইয়া প্রাণপণে হুর্গরক্ষা করেন। পরে মুসলমান সেনাপতির নিকট আত্মসমর্পণে কুতসঙ্কর হইলে তদীর মন্ত্রী কর্ভ্ব নিহত হন। মন্ত্রী আরপ্ত ক্রক দিবস যথেষ্ট সাহসের সহিত হুর্গরক্ষা করিয়া অবশেষে হত হন। তৎপরে মুসলমানগণ হুর্গ অধিকার করে। যাহা হউক, এই হুর্গ অধিকদিন মুসলমানদিগের হত্তগত থাকে নাই। শীত্রই হিল্বাজ্বণ উহা পুনর্ধিকার করেন।

পরমর্দির সময় হইতেই চলেলবংশের যশোভাতি মলিন হইতে আরম্ভ হয়। প্রথমত: পৃথীরাল ও তৎপরে কুতব্উদীন্ কর্তৃক পরাজিত হইলে তাঁহাদের অধীন সামস্তরজালণ আধীন হইয়া পড়েন এবং চলেলবংশ একটী কুজ রাজাবংশে পরিণত হয়।

পরম্দির পর তৎপুত্র তৈলোক্যবর্দা ও তৎপদ্মে বীর-বর্দা রাজত্ব করেন। অজয়গড়ে তৈলোক্যবর্দার ও বীরবর্দার শিলালিপি আছে। বীরবর্দারে মহিষী কল্যাগুদেবী অজয়গড়ে নির্জ্জাকুপ প্রতিষ্ঠা করেন। ভাহার স্থৃতিচিহ্সকলপ একথানি শিলালিপি খোদিত হয়।

বীরবর্দার পর তংপুত্র ভোজবর্দা রাজা হন, উঁহার সময়ের পর্কতগাত্রখোদিত এক লিপি আছে। ভোজ-বর্দার পর আরও কৃথকজন রাজা হন। অবশেষে ১৫৪৫ খ্যু অবে নেরশাহ কাল্পর আক্রেমণ করিয়া তথাকার চন্দেলবংশীর শেষন্পতি কিরাতিসিংহকে নিহত করিয়া কাল্পরহুর্প অধিকার করেন।

. वह हिल्ला ब्रम् व्यात्र ५०० हरेएक ३६८६ थुः सम शर्याञ्च

প্রায় সার্ক্ষ সন্তালী প্রবল পরাক্রমে বিপুল গৌরবের সহিত রাজস্ব করেন।

চন্দ্রাত্মক (পুং) চন্দ্রগাত্মক: ৬৩ ং। বুধ। চন্দ্রতনয় প্রভৃতি শক্ত এই অর্থে ব্যবহৃত।

চন্দ্রানন (পুং) চক্তইবাননমগ্য বছরী। ১ কার্তিকের। "অমোব্দুনরোরোক্তঃ শিবশ্চক্রাননন্তথা।" (ভারত ৩/২৩১ জঃ)

( তি ) ৩ যাহার মুখখানি চক্রের ক্রায় স্থলর।

চন্দাননরস (পুং) ঔষধবিশেষ। প্রস্ততপ্রণালী—পারদ, অজ্র, চিতা, প্রত্যেক > ভাগ, গন্ধক তিনভাগ, কাঠ্ডুস্থ্রিকার স্মাঠার সহিত মাড়িয়া এক রতি মাত্রায় বটী ক্রিবে। ইহা সেবনে কুঠরোগ ভাল হয়।

চন্দ্রাপীড (পুং) চন্দ্র ভাপীড়ঃ শিরো ভূষণং যদ্য বহুত্রী। ১ শিব। ২ কাশীরাধিপতি প্রতাপাদিত্য বা ছর্লভকের জ্যেষ্ঠ পুত্র. ইংর অপের নাম্বক্তাদিত্য। প্রতাপাদিত্যের মৃত্যুর পর ৬০৪ শকালে ইনি কাশ্মীরের সিংহাদনে অধিরোহণ করেন, ইহার অনেক স্থানিয়ম ও সুশৃঙ্গল শাসনগুণে অনেকেই তাঁহার বশীভূত হইয়াছিল। চক্রাপীড় ত্রিভূবনস্বামী নামক বিষ্ণুমূর্ত্তি श्वापत्नत अञ्च अकरी मिलत निर्माण करतन । त्रहे त्वव ब्वरनत চতুঃনীমার মধ্যে একজন চামার বাদ করিত। মন্দির প্রস্তুত করা হইল, কিন্তু চামার সেই ভান পরিত্যাগ করিল না। कारम ब्राह्मारक स्नामान हरेन। ब्राह्मा चत्र रपहे हर्षाका द्वित्र शृहह याहेमा जाहात निक्र हहेएक श्रशांत क्या कतिया नहेलन। দীন দরিজ ব্যক্তির প্রতি এইরূপ সম্বর্তহারে কাশীরবাসী সকলেই রাজার প্রতি অনুরক্ত হইল। চন্দ্রাপীড়ের পত্নীর নাম প্রকাশা, গুরুর নাম মিহিরদত্ত। ইহার ভাতা তারাপীড करेनक हेक्स काल वावमाशी वाक्रम बाता हैशांक निरु करतन। ইহার রাজ্যকাল ৮ বংসর ৮ মাস। (রাজ্তর্কিণী)

ত মহাকবি বাণভট্টবর্ণিত কাদম্বীকথার নায়ক। ইহার পিতার নাম তারাপীড় ও মাতার নাম বিলাসবতী। বাল্লগশাপে রোহিণীপতি চক্র চক্রাপীড়রপে ভূমগুলে অবতীণ হন। ইনি সর্বশাস্ত্রপারদর্শী, নীতিজ্ঞ ও দেখিতে অভি স্কল্পর ছিলেন। হিমালয়ের নিকটে কিয়র মিথুনের অস্ত্রন্ধান করিতে করিতে মহাখেতার আশ্রমে উপস্থিত হন। মন্ত্রীপ্ত বৈশম্পায়নের সহিত ইহার প্রাণের ভালবাসা ছিল। ক্রমে গ্রন্ধরাজকুমারী কাদম্বীর সহিত ইহার দেখা হয়। প্রথম দেখা হইতেই উভয়ে উভয়ের প্রতি অস্তরক্র হন। মহাখেতার শাপবাক্যে চক্রাপীড়ের বন্ধু বৈশ্বশায়নের মৃত্যু হয়। চক্রাপীড় বন্ধবিছেলানল সহ্থ করিতে না পারিয়া প্রাণত্যাগ করেন ও শুলক নরপতি রূপে ভূমগুলে অবত্রীর্ণ হন।



हळावडी।

দেবাদেশে চক্রাপীড়ের মৃতশরীর রক্ষিত হইরাছিল।
চক্রাপীড় পুনর্কার উজ্জীবিত হইরা কাদম্বীর পাণিগ্রহণ
করেন। (কাদম্বী)

চন্দ্রাভাস (পুং) চক্সইবাভাসতে আ-ভাস-অচ্। যাহা ঠিক চক্রের স্থার দেখার, চক্রের প্রতিরূপ। (False moon)
চন্দ্রামৃতলোহ (ক্লী) ঔষধবিশেষ। ত্রিকটু, ত্রিফলা, ধনে, 
তৈ, জীরা ও সৈন্ধব লবণ এই সম্পরের সমান লোহমিপ্রিত করিয়া নয় রতি পরিমাণে বটি প্রস্তুত করিবে। প্রাতে পবিত্র ভাবে ঈশ্বরের নাম করিয়া ইহা সেবন করিতে হয়। 
রক্তোৎপল ও নীলোৎপলের রস এবং কুল্থ কলায়ের রস 
বা কাথ সহ সেবনে কাস, বায়ু, পিত, বিষদোষ, শাস্থক জর, 
ভ্রম, দাহ, তৃষ্ণা, শ্ল, অক্লচি ও জীর্ণ জর নাশ হয়। ইহা 
বয়া, আথেয়, বল ও বর্ণকর। চক্রনাথ ইহার আবিষার 
করেন, সেই জন্ম উাহার নাম অমুসারে ইহার নাম চক্রামৃতলোহ হইয়াছে। [বুহচক্রামৃতরস দেখা]

ठक्कार्कमीश (श्रः) त्का

চন্দ্রাদ্ধি (পুং) চক্রতার্জঃ ৬তং। চক্রের কলারূপ ভাগ।
চক্রের অর্দ্ধলাগ অর্থাৎ তুল্য চুই অংশের একাংশ
ব্যাইলে অর্দ্ধশনের পূর্বনিপাত হুইরা অর্দ্ধক্র লক্ষ্য।

চন্দ্রান্ত্র (পুং) কর্পুর। (রাজনিং)

চন্দ্রালোক (পুং) চক্রভালোক: ৬৩৫। > জ্যোৎসা, চক্রকিরণ। ২ পীযুষবর্ষকবিক্লত একথানি অশবাদ গ্রাছ। [জয়দেব দেথ।] চন্দ্রবিৎ, রাজপুত জাতির একটা শাথা, ইহারা আপনা-निशक हक्तवः नीय विनया शतिहम तन। है हाता नकत्न हे পরাক্রমশালী ও মিবারের রাণার অধীন। রামপুর বা ভানপুরে চক্রাবৎ সন্দার বাস করেন, তাঁছার আয়ে প্রায় ছয় লক টাকা। রাণা জগৎসিংহ তাঁহার ভ্রাতৃস্ত মধুসিংহকে যে জায়নীর দেন, চক্রাবভেরা সেই জায়নীর ভোগ করিতেছেন। চন্দ্রবিত, স্পারাবলীর পাদদেশে অবস্থিত একটা প্রাচীন नगत । अर्जततात्कत व्यथीन व्यथान नामस्य व्यमानताकगण्यत विथात थातीन त्रावधानी हिन। वनात् मणीकीत्त्र अर्कान-निथरतत थात्र ७ क्लाम मृत्त शामन निकृश वन मरश **এ**ই थाहीन नगरतत्र ध्वःनावरमय পড़िया आह्य। आक्रम धरे প্রাচীন নগরের মদলা লইরা প্রাসিত আক্ষাবাদ নগর স্থাপন করেন। সেই সঙ্গে অধিবাসীগণ শাবরমতী নদীকুলে উঠিয়া वात । এখন खुशाकात ताकछवन ७ मन्तितानित ध्वः शावटणव ষ্ঠীত গৌরবের কতক পরিচয় দিতেছে।

চন্দ্রাবতী, রাজপ্তানার ঝালাবার রাজ্যের রাজধানী ঝাল্রা-

পাটনের দক্ষিণাংশে চক্রভাগানদীতীরে অবস্থিত একটা আচীন নগরী। (ঝাল্রাণাটন দেখা]

চক্রভাগা একটা অতি ক্স নদী, গাল্লোবের কিছু
দ্রে কাদীসিম্ভে মিলিত হইরাছে। এই চক্রভাগানদীর
উভরতীরে চক্রাবতী নগরীর ধ্বংসাবশেষ দৃষ্ট হর। প্রবাদ
আছে বে, রাজা চক্রবেন এই চক্রাবতী নগরী ছাপন
করেন। কিন্তু এখান হইতে আবিষ্কৃত প্রাচীনতম মুলাদি
দৃষ্টে অক্সমান হয় বে, এই নগরী চক্রবেনরও বহুপূর্বের্ম
বিদামান ছিল, বোধ হর তিনিই ইহার প্রঃসংখার
করিয়া নিজ নামে অভিহিত করেন। কাহারও মতে,
গৃষ্টীর ঘঠ শতালীতে চক্রাবতী নগরী ছাপিত হয়, কিন্তু
তাহার জনেক পূর্বের এই নগর প্রতিষ্ঠিত হইয়াছিল,
তাহাতে কোন সন্দেহ নাই। খৃষ্টীর দ্বিতীয় শতালীতে
পাশ্চাতা ঐতিহাসিক টলেমি সাক্রাবতিস্ (Sandrabatis)
নামে বে জনপদের উল্লেখ করিয়াছেন, বোধ হয় এই
চক্রাবতী নগরী সেই জনপদের রাজধানী ছিল।

এখানে চক্তভাগার তটে শত শত বাট ও মন্দিরের চিক্ত্রপাড়ির আছে, তর্মধ্যে চতুর্ভুন্ধ, লক্ষীনারারণ, নরসিংহ, বৃহস্পতি, হরগৌরী, বরাহ অবতার, কালিকাদেবী প্রভৃতি মন্দিরের কতক কতক অংশ এখনও দেখা যায়। সকলেই বলিরা থাকেন, চুর্দান্ত মূহমাদ বোরী ও অরক্ষানিবের আদেশেই এখানকার অমুপম অসাধারণ হিন্দুকীর্ত্তি বিসূপ্ত ও বিধবক্ত হইয়াছে। ফার্প্তুসন, কনিংহাম্ প্রভৃতি শিল্প ও প্রায়তক্ত্রির পরিচয় দিয়া গিলাছেন। এখানকার মত প্রস্তরের উপর নিখৃত শিল্পবিপ্তা ও ক্তর্তাদির মৃত্তু রাজপ্তানাম অত্লনীয়, এখানকার কারকার্য্য অতি পরিপাটী, শোভার আধার ও দর্শকের চিত্তরপ্তক। অনেকেই দ্বির করিয়াছেন, খৃষ্টার সপ্তম শতানী হইতে দশম শতানীয় মধ্যে ঐ সকল হিন্দুকীর্ত্তি স্প্রসম্পান হইয়াছিল (১)।

২ চম্পারণ্যের অন্তর্গত একটা প্রাচীন গ্রাম। (ভং ব্রং ৪১।৩) ৩ রাজা ধর্মদেনের মহিনী। ৪ জীর্থবিশেষ।

চন্দ্রাবর্জা (জী) ছন্দোবিশেষ।

চক্রাবলী (জী) শীক্ষকের থিয়স্থী, ব্যভাসুর অঞ্জ চক্র-ভাসুর কঞা। ইহার মাতার নাম বিন্দুম্ভী ও স্বামীর নাম গোবর্জনমল। ইনি সম্বন্ধে রাধিকার জ্যেঠ্ডুতা ভগিনী। নাধিকার ভার প্রীমতী চক্রাবদীও ক্লককে মন প্রাণ অর্পণ করিলাছিলেন। ইছারও একটী কুঞা ছিল এবং ক্লক তথার বাইরা আনোদ প্রমোদ করিতেন। চক্রা-বলী করলা নামক গ্রামে স্বামীর আলয়ে বাল করিতেন। পক্ষা, শৈব্যাও স্থবেলা প্রভৃতি ইছার স্থী ছিল। এক দিন ক্লক ইছার কুঞাে রাজি বাপন করেন, তাছাতে রাধিকার লহিত ক্লকের ঝগড়া হয়। চক্রাবলী মধ্যে মধ্যে স্থীলরা-ক্রামেও বাল করিতেন। (বুং লীং ১৩ অঃ)

চন্দ্রবিলোক (পুং) কুশবংশীর রামের পুত্র।

চতদ্রাখ (পুং) ধুদ্মারের পুত্র, ইনি ধুদ্যুদ্ধে রক্ষা পাইয়া-ছিলেন। (বিফুপুং) [কুবলয়াখ দেখ।]

চক্রশোন্ (পুং) চক্রপ্রিয়োহশা মধ্যলো । চক্রকান্ত মণি। (রাজনি )

চন্দ্রাস্পাদা (স্থী) চক্র আম্পদং যক্ষা বছরী। কর্কটশৃলী। চন্দ্রাহ্বের (পুং) চক্র আহ্বেরো যক্ত বছরী। কর্পুর।(ত্রিকাণ্ডণ) চন্দ্রিকা (স্থী) চক্র আশ্রমদ্বোক্তাকাঃ চক্র-ঠন্ (অত ইনি-ঠনৌ। পা ধাং।১১৫।) ১ জ্যোৎসা।

"ক্ৰড্ভ্জ সুরতশ্ৰমপ্ৰাং মেঘমুক্তবিশ্লাং ল চক্ৰিকাম্।" (রঘু ১৯।৩৯।)

২ সুল এলা, বড় এলাটী। ৩ মংছবিশেষ, চাঁদা।
৪ চক্সভাগানদী। (শব্দর্মাণ) ৫ কর্ণন্দোটালতা, চলিত কথার
কাণকাটা বলে। ৬ মলিকা। ৭ খেতকন্টকারী। ৮ মেথিকা,
মেথী। ৯ ছোট এলাচ। (রাজনিণ) ১০ চক্রস্র।
(ভাবপ্রকাশ।) ১১ পীঠন্থানের অধিষ্ঠাতী দেবী,
হরিশ্চক্রপুরে এই পীঠন্থান আছে।

"নহাজাবেকবীরা তুহরিশ্চক্তে তুচক্তিকা।"

(দেবীভাগ ৭.৩ । ১৭।)

১২ ছন্দোবিশেষ। যে সমবৃত্তের প্রত্যেক চরণ ১৩ অকরে বা স্বর্বর্ণ নিবদ্ধ ও ৭,৮,১•,১১,ও ১৩ অকর শুক, ইহা ভিন্ন অপর বাঘু হর, তাহাকে চক্রিকা বলে। ৭ ও ৬ অকরে যতিস্থান। "ননতত শুক্ত ক্রিকাশর্প্ত ভি:।" (ছন্দোমঞ্জরী।) ১৩ বাসপুস্পা। (ভাবপ্রণ) ১৪ জ্যোৎনার ভার আহলোদ-দারিনী।

"চক্সিকান্ত্রপ্রভাবেন ক্বডা দত্তকচক্সিকা।" (দত্তকচক্সিকা)
চক্সিকান্তাব (পুং) চক্সিকার তাবো নিভান্দো যত বছরী।
চক্সকান্ত মণি। (রাজনি•)

চন্দ্রিকাপায়িন্ (পুং জী) চন্দ্রিকাং পিবতি চন্দ্রিকা-পা-ণিনি।
চকোর পাধী। (শব্দার্থচিং) জীলিকে ভীপ্ হয়।
চন্দ্রিকাপুরী, প্রাবভীনগরীর নামান্তর।

<sup>(5)</sup> Tod's Rajasthan, II., 732; Fergusson's Indian Architecture, p. 53; Cunningham's Archæological Survey Reports, vol. II., p. 263—270 and XXIII., p. 125—130.

চন্দ্ৰিকাম্মুজ (ক্নী) চন্দ্ৰিকেৰ গুলুমখুলং। খেও পৰা।
চন্দ্ৰিন্ (জি) চল্লোহন্তাজ চন্দ্ৰ-ইনি। ১ চন্দ্ৰবৃক্ত, যাহার চন্দ্ৰ
আহে। ২ পুৰণ্যুক্ত। "চন্দ্ৰী যম্বতি প্ৰচেতাঃ।" (গুকুৰজুঃ
২০/৫৭ ।) 'চন্দ্ৰী স্বৰ্ণময়ঃ" (মহীধৰ)।

চন্দ্ৰিনা (ত্ৰী) চন্দ্ৰিণং মিমীতে মা-ক-টাপ্। চন্দ্ৰিকা, জ্বোৎন্ধা।
চন্দ্ৰিল (পুং) চন্দ্ৰ বাছলকাৎ ইলচ্। ১ শিব। ২ নাপিত।
ত বান্তৃক শাক। (মেদিনী)

চন্দ্রী (স্ত্রী ) চলি-রক্ গোরাদি ভীষ্। বাক্চী। (রাজনি )
চন্দ্রেশ্বর (পুং ) চন্দ্রভ ঈশ্বর: ৬তং। কাশীস্থ শিবমূর্ত্তিবিশেষ। [কাশী ও চন্দ্র দেখ।]

চলেন্টা (স্ত্রী) চক্র ইটো যদ্যা: বছরী, ততঃ টাপ্। উৎপ-লিনী, নালের গাছ। (রাজনিং)

চন্দ্রেহী, বুন্দেলখণ্ডে শোণনদীতীরবর্তী একটা ক্ষুদ্র পল্লী-গ্রাম। শিলালিপিদৃত্তে জানা যার—ইহার প্রাচীন নাম চক্ৰাবতী, একণে ইহাতে কএকটা তৃণাচহাদিত গৃহমাতা দৃষ্ট হয়। কিন্তু এক সময়ে চক্রেং (চক্রাবভী) যে বিশেষ সমৃদ্ধিশালী ও স্থামাহর্দ্যাদি শোভিত ছিল, তাহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়। ইহার নানাভানে মন্দিরাদির ভগ্নাবশেষ পড়িয়া আছে। তন্মধ্যে একটা দেউল অদ্যাপি প্রায় সম্পূর্ণাবস্থায় আছে। এক প্রকাণ্ড উচ্চ চতুরত্র ভিত্তির উপর দেউল স্থাপিত। এই দেউলের কারুকার্য্য অভীব বিস্মাকর ও অতুলনীয়। বাস্তবিক এ প্রকার গঠনের দেউল খুব অরই আছে। ইহা কোন সন্তাসী কর্তৃক সম্ভবতঃ [১] ७२८ मःवटक निर्मिक हम । स्मिडेटन न माय्य विखीर्ग मत-দালান আছে। দরদালান সুলাকার অনতিদীর্ঘ স্তম্ভ হারা পরি-শোভিত। এই দেউলের প্রতিষ্ঠাতাগণ সম্ভবত: শৈব ছিলেন। দেউলের নিকট একটী ভগ প্রাসাদও পড়িয়া আছে। ইহার शर्रनामि मुट्डे व्यक्रमान इम्र एव अथारन शृद्ध महाामीरमञ আ ডড়া ছিল।

চান্দের। প্ং) চক্রত উদয়: ৬তং। ১ চক্রের প্রথম প্রকাশ,
প্রাথিসিক দর্শনহোগ্য স্থানে অবন্ধিতি। ক্লিভিজর্ত্তের
অন্তরালে কোন গ্রহ বা নক্ষত্র আমরা দেখিতে পাই না,
রাশিচক্রের গতি অন্থারে যে গ্রহ যথন পূর্বক্লিভিজ বৃত্ত
অতিক্রম করিয়া আমাদের দর্শনহোগ্য স্থানে প্রথম উপস্থিত
হয়, তাহাকে সেই গ্রহের উদয় বলে। কোন কোন মতে
তিথি অন্থারে চক্রের উদয় হইয়। থাকে। যে দিনে
বে তিপি আড়াই প্রহেরব্যাপিনী হয়, সেইদিন সেই তিথি
অন্থারেই উদয় হইয়া থাকে। [চক্রোদয়াত্তসাধন দেখা]
২ চক্রাতপ। ও ঔবধবিশেষ। প্রস্তুত্রগালী—স্বর্ণ আট

তোলা, পান্দ এক সের ও গন্ধক ছইলের, সক্ষেব কাপাস ফুলের রসে ও মৃতকুমারীর রসে ক্রেমে সর্ক্রন করিবে। তালরূপ মাড়া ছইলে বোতলে প্রিয়া ভাহার মুখটা ভাল করিয়া বন্ধ করিবে; বোতলে কাপড় ও মাটার লেপ দিরা বালুকায়ত্রে ভিনদিন পর্যান্ত পাক করিবে। পারা ভন্ম হইরা বখন নৃত্ন পল্লবের স্থার রক্ষিত হইবে, তখন নামাইবে। ইহার সহিত ৮ তোলা কর্পুর, লাতীফল, মরিচ, লবক থাভাকে ৩২ তোলা, কন্তুরী আখতোলা মিশাইরা খল করিবে; ভালরূপ খল করা হইলে দশ রতি পরিমাণ বটা করিবে। ইহা সেবনে মদোনাজা শত প্রমদাগণের গর্ম নিবারণ করিবার সামর্থ্য হয়। ইহা জরামরণ ও বলিপলিতনাশক, ব্যাহাপক, সর্ম্বরোগনিবারক, উক্রবর্ধ ও মৃত্যুক্ররকারক। ইহার অমুপান—পানের রস, ইক্রবে, লবক ও কার্পান স্থলের রস। কেহ কেহ ইহাকেই মকর্মবন্ধ বলে।

(রুসেন্দ্রসাণ)

চান্দ্রো ( ক্রী ) চক্রতোদয়ে। ষস্তা: বছরী, টাপ্। নেত্র-রোগের ঔষধ বিশেব, চক্রনভোক্ত একপ্রকার বর্তি। প্রায়ত প্রণাণী—হরীতকী, বচ, কুষ্ঠ, পিপুল, মরিচ, বহেড়ার শাস, শঙ্খনান্তি ও মন:শিলা এই সকল এব্যের প্রত্যেক সমভাগে লইরা ছাগছয়ে পেবণ করিবে। অপর নিয়ম বর্তি প্রস্তুত করিবার সমান। ইহা সেবনে ভিমির, কণ্ডু, পটল, অর্ক্রদ্, রাত্রান্তা প্রভৃতি নেত্ররোগ ভাল হয়। (চক্রদক্ত)

**हिट्टिन् । इंग्लिंग (क्री)** हिट्टा न वास्तर अंडर । গণিতাফুদারে চক্রের উদয় ও অস্ত নির্ণয়করণ। সূর্য্য-সিদ্ধান্তের মতে—শুরূপকের অভীষ্টদিনে সূর্যান্ত সময়ের সূর্যা ও চজ্রের ফ্ট সাধন এবং চল্লের দৃক্কক্ষিয় সংস্কার করিবে। [ক্ষুট ও দৃক্কর্ম দেখ।] ইহার পরে সূর্য্য ও চক্তের সহিত ৬ রাশি যোগ করিয়া উভয়ের অন্তর করিবে। যাহা ফল হইবে, ভাহাকে অন্ন (পরিমাণ্বিশেষ) ক্রিয়া ভাপন করিবে। কিন্তু যদি ৬ রাশিযুক্ত চক্ত ও সূর্যোর একরাশি হয়, खरवं खें**रामित अखतरक कना क**तिया नहेरव । **अखत कना वा** অহুকে ঘটকা করিয়া তাহা শ্বারা সূর্য্য ও চক্ষের ভুক্তি গুণ করিবে ও গুণফল ৬ ছারা ভাগ করিবে। যাহা লক হইবে, ভাহা যণাক্রমে চক্স ও স্থো বোগ করিলা পুনর্কার পূর্বরীতি অনুসারে তাহাদের অভার করিলে যাহা কল হয়, তাহাকে পুনর্কার ঘটকা করিয়া পুর্বের স্তায় প্রক্রিয়া করিবে। যে পর্যান্ত চক্র ও স্র্য্যের অবস্তর नमान ना इत्र, राहे भर्गास्त धहे व्यक्तिया कतिए इत्र। এই নির্মে চল্ল ও ক্রোর অক্তর স্মান হইবে। উভয়ের পমান অভারে যত অহা হয়, স্থ্যাভারে পর ভাত অহা পরে চল্লের অভাহর (১)।

কৃষ্ণপক্ষে স্থোর ফুট করিয়া তাহার সহিত ৬ রাশি বোগ করিবে ও চল্লের দৃক্কর্ম সংস্থার করিবে। পরে পূর্কোক্ত প্রক্রিলা করিলে চক্র ও স্থোর সমান অস্তর যত অস্থ হইবে, স্থ্যাতের পর তত অস্থ পরে চল্লের অন্ত হয় (২)। ইহাকে চল্লের দৈনিক উদয়াত বলে। ইহা ছাড়া অপর গ্রহের ভায়ও চল্লের উদয়াত হইয়া থাকে। স্থ্য-সিদ্ধান্তের মতে চক্র স্থ্য হইতে ১২ অংশ পূর্কে অন্ত ও ১২ অংশ পশ্চমে উদিত হইয়া থাকে।

চন্তেলাপাল (পুং) চক্তপ্রিয় উপনঃ মধ্যনো । চক্তকান্তমণি। চন্তেলান্মীলন (ফ্লী) একথানি সংস্কৃত ক্যোভিষগ্রন্থ।

চন্দোরস (পং) চক্ত ঔরস: ৬৩ৎ। ১ ব্ধ। ২ ছন্দোবিশেব। বে সমর্জের প্রত্যেক চরণ ১৪টা অক্ষর বা শ্বরবর্ণে
নিবদ্ধ ও প্রত্যেক চরণের ১, ২, ৩, ৪, ১১, ১২ ও ১৪ অক্ষর
শুক্ত, তদ্ভির অপর অক্ষর লঘু হয়, ভাহার নাম চল্লোরস।
"স্তৌ কৌ লেগা চেদিহ ভবতি চ চল্লোরস:।" (বৃত্তরত্মাকরটাণ)
চমার্গিরি, ১ মহিশ্বরের শিমোগা অেলার অন্তর্গত একটা
ভাসুক। পরিমাণ প্রায় ৪৬৭ বর্গ মাইল। এই ভালুকের দক্ষিণ
ও পশ্চিমভাগে অন্তর্গত পর্বতমালা বিরাজমান। এ সকল
পর্বত হইতে বহুসংখ্যক নির্বরিণী নির্গত হইয়া বিস্তীর্ণ
শ্বলিকেরী ব্রদে পতিত হইয়াছে। এই ব্রদের পরিধি প্রায়
৪০ মাইল। ইহা হইতে হরিদ্রামদী বহির্গত হইয়া তুলভ্রার
সহিত মিলিত হইয়াছে। ভালুকের অবশিষ্টাংশ সমতল ও
বহুল চারণভূমিসমাকীর্ণ। উত্তরভাগ সম্বিক উর্বর ও
উদ্যান, ইক্ষ্কেত্র প্রভৃতি দ্বারা শোভিত। ইহাতে একটা
কৌজদারী আদালত ও ছয়টা ধানা আছে।

২ উক্ত তালুকের সদর, শিমোগা হইতে ২৫ মাইল দ্রপথে ঈশানকোণে অবস্থিত। অক্ষাণ ১৪°১´ উ:, দ্রাঘিণ ৭৫°৫৯´ পু:।

(>) "রবীকো: বড়ভবুতরো: থাপ্ বল্পান্তরাসব:। একরানৌ রবীকোশ্চ কার্য্য বিবর্গনিতকা:। তলাড়িকা হতে ভূজী রবীশো: বজীলালিতে। তৎক্লাবিভরোভূরি: কর্ত্ব্যা বিবরাসব:। এবং বাবৎ দ্বিভিত্তা রবীশো রন্তরাসব:।

তৈঃ প্রাংশ রক্তমেতীন্থ: গুলে হক্ষিত্ময়াৎ পরং ।"(প্রাসি ১০।২-৪)
'এবং তদ্ঘটিকাভিঃ সূর্যাকালিকৌ বড়তত্ব্যদৃক্কর্মসংস্কৃতচল্লৌ
প্রচাল্য তলোবিবরাসব ইতি যাবং দ্বিরীভ্তা অভিরাতাবং সাধাাঃ।
তৈরভিরের স্ভিঃ প্র্যাতদনত্বরং চল্লোহতং প্রাধোতি।' (রলনাব)

(২) ''ভগণার্ক্ক: রবের্দরা কার্যান্ড বিবরাসবঃ। তে: প্রাণে: কৃষ্ণকেতু শীতাংগুরুদরং ব্রন্ধেও।" (সূর্বাসিং ১০'৫) চলপাট, মহিন্তরের অন্তর্গত বলপুর জেলার একটা সহর। ইহার প্রাকৃত নাম 'চরপত্তনম' অর্থাৎ স্থান্দর নগর। এই সহর বললুর হইতে ৩৭ মাইল দুরপথে দক্ষিণপশ্চিমকোণে অবস্থিত। দ্রাখি॰ ৭৭॰ ১৩´ পৃ:, অক্ষা॰ ১২॰ ৩৮´ উ:। স্ত্রের উত্তরপূর্বাংশ শুক্রবারপেট নামে খ্যাত। এই অংশেই শিল্পকর ও ব্যবসায়ীদিগের বাসভান। ১৫৮০ খুঃ অক্টে জগদেব রাম্বল চন্নপাটে একটা গড় নির্দ্ধাণ করেন। তাঁহার বংশীষেরা ১৬০ খঃ অব পর্যান্ত তথায় রাজত্ব করেন, তং-পরে মহিম্বরের উদেয়ার রাজগণ কর্ত্তক পরাজিত ও বিতা-ष्ठिक रन। अक्रवात्र त्रिक विविध वार्तिमञ्जवाकां के त्थलना. লৌহতার এবং কাচের চুড়ি ইত্যাদি নির্মাণ জ্ব বিখ্যাত। এখানে দৈরা শ্রেণীর বিস্তর মুদলমান বাদ করে। ঐ পেটের উত্তরে হুইটা সুবৃহৎ কবর আছে। তন্মধ্যে একটা টিপু-স্থাতানের গুরুর ও অপরটা টিপুর ইংরাজবন্দীদিগের প্রতি দয়াপ্রকাশের জন্ত বললুরের জনৈক শাসনকর্তার নামে প্রতিষ্ঠিত। ১৮৭৩ খুষ্টান্দ পর্যান্ত এই সহর চল্লপাট তালুকের मनत्र ছिन।

চন্বস্বেশ্র স্থামী, দাকিণাতোর জনৈক গ্রন্থলার। ইনি
'বীরশৈবোৎকর্ষপ্রদীপ' নামক এক সংস্কৃত গ্রন্থ রচনা করেন।
চন্রায়পত্তন, ১ মহিপ্রের হাসান জেলার অন্তর্গত একটী
তালুক। পরিমাণ প্রায় ৪৫৪ বর্গমাইল। এই তালুকের
কল দক্ষিণদিকে প্রবাহিত হইয়া হেমবতী নদীতে পড়ে।
ইহাতে রহৎ বৃহৎ পুক্রিণী আছে এবং ভূমি প্রায় সমতল।
পাহাড়ের মধ্যে প্রাবশ্বেলগোলার জৈন ধর্মান্দির প্রতিন্তিত আছে। উত্তরের কক্ষময় অংশ বাতীত ভূমি দর্শ্বর
উর্বর। তথার ধান্ত ও রবিশস্ত উভরুই উৎপর হয়।

২ উক্ত তালুক বা তহ্দীলের সদর। হাদান হইতে ২৪ মাইল পূর্কে একটা গ্রাম। অক্ষা ১২° ৫৪ ১২ উ:, দ্রাঘি ৭৫° ২৫ ৫৫ পূ:। প্রথমত: এই গ্রামকে কোলাতুর বলিত। ১৬০০ খু: অব্দে তথাকার একজন সদ্ধার চর-দেবস্থামীর (বিষ্ণুর) এক মন্দির স্থাপন করেন এবং পুত্রের নাম চরদেবস্থামী রাখেন। তৎপরে ঐ গ্রামেরও নাম পরিবর্ত্তিত হইয়া চন্রামপত্তন হইল। ক্রমে এখানে গড় নির্দ্ধিত হয়। হায়দরআলী গড়ের পরিখাও স্থারগুলি নির্দ্ধাণ করেন। এখানে কোন কোন মুসল্মান রেস্মের কার্য্য করে।

চপট (পুং) চপ-খঞৰ্থে ক, চপ: সাস্থনা চূৰ্ণীকরণং বা তদৰ্থং অটতীতি অট-অচ্শক্ষাদিবৎ সাধু। ১ চাপড়, চড়।

চপড় ( চণট শক্ষ) চড়, চাপড়। চপরাস্ ( হিন্দী ) কর্মচারীর চিহুবিশেষ, ইহা পিত্তল প্রভৃতি ধাতুদ্রব্যে নিশ্মিত, ইহাতে কার্য্যাদ্যের নাম ও কর্মচারীর দ্বর প্রভৃতি থোদিত থাকে।

চপরাদী (হিল্লাজ) যাহার চপরাদ্ আছে, পত্রবাহক, কর্মচারী।

চপল (রী) চ্প-মন্দারাং গতৌ কল। উকারত অকার,
(চ্পেরচেপেধারা:। উণ্১০১০) ১ শীঘ্র, তাড়াতাড়ী। (পুং)
২ পারদ। (ভাবপ্রণ)। ৩ শিলাবিশেষ। ৪ মর্জ্য। ৫ গন্ধন্তব্যবিশেষ, চোরক। ৬ একপ্রকার ইন্দ্র। এই ইন্দ্রে
দংশন করিলে বমন, পিপাসা ও মৃত্র্য হইরা থাকে।
দেবদারু, জটামাংশী ও ত্রিফলার চ্র্ণ মধুর সহিত্ত মিপ্রিভ
করিয়া লেহন করিলে উপশম হয়। (স্ক্রুভ কল ৬ জঃ)
৭ চাতক। ৮ ক্রব। (রাজনি॰) (ত্রি) ৯ তরল। ১০ চঞ্চল।
শুকুল্যান্ডোভিঃ প্রনচ্পলৈঃ। (শাকুন্তলং)

১১ ক্ষণিক। ১২ বিকল, যে ব্যক্তি ভবিষ্যৎ কোন দোষ হইবে কি না, ইহা বিবেচনা না করিয়া কার্য্য করে। চপলক (অি) চপল-স্বার্থে কন্। [চপল দেখ।]

চপল্থাম, বিদ্যারণ্যের নিকটবর্ত্তী পর্ণানদীতীরস্থ একটা গ্রাম। (ত ব্লাহাড্র)

চপ্লতা (ন্থা) চপলা চপলারা বা ভাব: চপল-তল্টাপ্।

১ চাঞ্চলা, অহিরতা। ২ ধ্ইতা। ৩ ব্যভিচারী গুণবিশেষ।

সাহিত্যদর্পণের মতে মাৎস্থ্য ও বেষাদি বশত: চিত্তের যে

অহিরতা জন্মে, তাহার নাম চপলতা। ইহাতে প্রনিন্দা,
পারুষা ও স্বেছাচার প্রভৃতি হইরা গাকে।

"অতাস্থ তাবত্পভোগসহাস্থ ভূক। লোলং বিনোদন্ম মনঃ
স্থানালতাস্থ। মুগ্নামজাতরজসং কলিকামকালে বার্থং
কদর্থরিসি কিং নবমালিকারাঃ ॥" এই স্থলে নায়িকা ভ্রমরকে
সংখাধন করিয়া বলিতেছে, ভূমি অতা পুলিত লতার নিকটে
গিয়া চিত্ত বিনোদন কর, রূপা কেন এই নবমালিকার কলিকাকে কন্ত দিতেছ, ইহাতেই নায়কের প্রতি কট্ন্তি করা
হইয়াছে, স্থতরাং এই নায়িকাতে চপলতা গুল প্রকাশ
হইল। (সাহিত্যদর্পণ)

**ठ** भला ( खी ) ह भनः छान्। ३ नची ।

"চপলাজনং প্ৰতি নচোদ্যমদঃ।" (মাৰ ৯।১৬)

'চপলা চাপলবতী স্ত্রী কমলাচ।' (মল্লিনাথ) ২ বিছ্যুৎ।

"অব্যুত্তবচপলাবিলাসিতগজ্জিতদেশান্তর ভ্রান্তী:।" (আর্য্যাসপ্তং)
ত বেখা। ৪ পিগ্লী। ৫ জিহব!। (শক্চং) ৬ বিজ্ঞা।
গ মদিরা। (রাজনিং।) ৮ মাত্রাবৃত্তবিশেষ। আর্য্যার পূর্বার্ক ও পরার্ক্ষের দ্বিতীয় ও চতুর্থগণ জ্বগণ এবং তৃতীর গণ ওক্ষদ্মাত্রক হইলে তাহাকে চপলাবলে। "উভয়াৰ্করো জঁকারো বিভীয়সূর্য্যো গমধ্যগো যস্তা:।
চপলেতি নাম তখা: প্রকীর্তিত: নাগরাজেন ॥" (বৃদ্ধরুণ)
চপ্লাঙ্গ (অ.) চপলং অঙ্গং যখ্য বছরী। ১ ঘাহার শরীর
চঞ্চন। (পুং) ২ শিশুমার, শুশুক। (হারাণ)

চপ্লাবক্তে (ক্নী) ছন্দোবিশেষ। যে অস্টুভের প্রাণম ও তৃতীর চরণের চঙ্গুর্থ অকরের পরে একটা নগণ অর্থাৎ তিনটা লঘু অকর থাকে, তাহাকে চপলাবক্তা বলে। "চপলাবক্তাম-যুজোর্নকারশ্চেৎ পরোরাশেঃ" (বৃত্তর॰)

চপেট ( পুং ) চপ-ইট-অচ্। চড়, চাপড়, প্ৰভল, প্ৰহন্ত। চপেটা ( স্থী ) চপেট-টাস্। [ চপেট দেখ।]

চপেটী (ন্ত্রী) ভাজমাসের শুক্লপক্ষীর বজী। ক্বভাচন্দ্রকার মতে ইহাই চাপড়াবল্পী। এই ভিথিতে অক্ষর ফল কামনা করিয়া লানাদি এবং সন্তান কামনা করিয়া জলের নিকট "ওঁ বঠৈচা নমঃ" এই মত্ত্রে অরণায়ন্ত্রীপূজার বিধি অনুসারে ব্যাদেবীর অর্চনা করিতে হয়।

স্কন্দপুরাণে লিখিত আছে—সন্তানের আরু বৃদ্ধির জন্ত বারমানের বারটা শুক্লপক্ষীর বজীতে বজীদেবীর আর্চনা করিবে। স্কন্দপুরাণে ঐ সকল বজীর ভিন্ন ভিন্ন সংজ্ঞা কথিত হইরাছে। যথা, বৈশাথে—চান্দনী, জৈচ্ছে—অরণ্য, আবাঢ়ে—কার্দ্দমী, শ্রাবণে—লুঠনী, ভাল্রে—চণেটী, আবিনে—হুর্গা, কার্ত্তিকে—নাড়ী, আগ্রহায়ণে—মূলক, পৌষে—অরপুর্ণা, মাঘে—শীতলা, ফাল্কনে—গো এবং চৈত্তে— আশোকা। কেহ কেহ চপেটীবজীকে মহানবল্পী বলিয়া থাকেন। চপ্য (জির চণ-যং। ভোজনীয়। "চপ্যং ন পার্যুভিবগভ" (জ্রবজু: ১৯০৮)

চমকসুজ্জ (ক্লী) বালসনেমসংহিতার ১৮ মধ্যামের ১ হইতে ২৭ মন্ত্রকে চমকক্জ বলে।

চমচক্র (পুং) কুঙ্গকেত্রের পার্যবর্ত্তী প্রদেশ।

চন্ত্করণ (ক্রী) চমৎ-ক্র-ভাবে লুট্।১ আবাশ্চর্গ জ্ঞান করণ। কর্ত্তরি লুট্। (জি )২ যে চমৎকৃত করে। ৩ যে আবাশ্চর্গ্য জ্ঞান করে।

চমংক্র (অি) ১ যে চমংক্ত করে। ২ যে আবাদ্চর্য্য জ্ঞান করে। চমংকর প্রভৃতি শক্ত এই আর্থে ব্যবস্থৃত।

চমৎকার (পুং) চমংকরোতীতি চমং-কু-কর্ত্তরি অণ্।
১ অপামার্গ। (শক্ষরণ) ক্ল-ভাবে ঘঞ্, ততঃ ৬তং।
২ চিত্তর্ত্তিবিশেব, অলৌকিক বস্তুর জ্ঞান হইলে অনি-র্ক্রনীয় আনন্দের হেতু চিত্তের বিকাশ হয়, তাহার নাম চমংকার। সাহিত্যদর্পণ মতে—চমংকার চিত্তের বিস্তার (প্রক্রতা) স্করণ, ইহার অপর নাম বিস্থয়। কেহ কেহ বলেন—কোন এক অলোকিক বিষয় অভুতৰ করিলে পর 'কি এই' ? এইরপ জ্ঞানধারা হওরাতে চিন্ত-ছাত্তির ঘে বিকাশ হয়, তাহার নাম চমৎকার। আবার কোন মতে অলোকিক বস্তুর অসুত্তব হইলে 'দৃষ্ট হেতু হইতে ইহা সন্তব নহে' এইরপ ভাবিরা কারণান্তরের অনুসন্ধান করিতে যে মানসিক ব্যাপার হয়, তাহার নাম চমৎকার। কেহ বলেন—চমৎকার ক্থ বিশেব, চমৎকারত আহ্লানগত আতিবিশেব। (রস্পকাধর)

উবেগ। "সন্ত্তচমৎকারক্রৎ সম্মা।" (কাব্যচ॰)

চম্ কারক (অি) চনৎ ক্র-গুল্ ৬তৎ। বিশাস্থনক, যে

আশ্চায় জ্ঞান ক্যার।

চমৎকারপুর, নাগরধণ্ড বর্ণিত একটা পুণাস্থান।
চমৎকারিত ( ত্রি ) চমৎকার: সঞ্জাতোহত চমৎকার-ইতচ্।
বিমিত, যাহার চমৎকার অন্মিরাছে।

চমৎকারিন্ (অি) চমৎকরোতীতি চমৎ-ক্ব-পিনি। [চমৎকারক দেখ।]

চম্ৎকৃত ( অ:) চমং-ক্ব-ক্ত । বিপ্রয়াপর। চম্ৎকৃতি ( স্ত্রী ) চমং-ক্ব-ক্তিন্। চমংকার, আদ্রব্য।

চমর (পুং জী) চম্-জননে জরচ্ (জার্ভিকমিত্রমিদেবি-বাসিন্তান্চিৎ। উণ্ ৩।১৩২) মহিষের ন্তার একপ্রকার পণ্ড, বাহার পুছেবারা চামর প্রস্তুত হয়, এই পশু হিমানরের উত্তরস্থিত পর্কতে সচরাচর দেখিতে পাওয়া যায়। পর্যায়— ব্যক্তনী, বভা, ধেছুগ, বালধিপ্রিয়। [চামর দেখা]

"চমরা: স্মরাটশ্চব যে চাভে বনচারিণ:"। (রামারণ)

২ দৈত্যবিশেষ। চমরতেদমিত্যণ্ সংজ্ঞাতাদ্র্জেরনিত্যতা। (ক্লী) ও চামর।

চমরপুচছ (পুংল্লী) চমরত পুচছ ইব পুচছো যত বছতী। ১ বিলহায়ী পশুবিশেষ, কোকড়। (রাজনি॰)

(ক্লী) ৬তং। ২ চামর। জীবিকে ভীপ্ হয়।
চমরিক (পুং) চমরমিব কেশরোহত্তাত চমরঠন্। কোবিদার বৃক্ষ। (অমর ২।৪।২২)

চমরী (জী) চসরত জীলাতিঃ চমর-ভীষ্। ১ চমর-লাতীর জী, চমরগরী। "কুর্কন্তি বালব্যলনৈ দ্চমর্যাঃ"। (কুমার ১৮১৩) ২ মঞ্জী। (মেদিনী)

চম্স (পুংক্লী) চমাতে ভুজাতে সোম: অমিন্, চম-অসচ্ (আত্যবিচ্মীত্যাদি। উপ্ ৩.১১৭) ১ যজীয়পাত্রবিশেষ। পলাশ, বট অথবা অভ কোন বৃক্ষের ১২ অজুলি পরিমিত একথানি কার্চ লইয়া তাহার ৪ অঙ্গুলিতে হাতে ধরিবার জ্ঞাদ্ভ এবং অব্দিষ্ট ৮ অঙ্গুলিতে চারি অঙ্গুলি পরিমিত

চতুকোণ থাত করিবে। ঐ থাতের উভয়পার্থ অঙ্গুলি বিভ্ত হইবে। হোতা ও ব্রহ্মা প্রভৃতির চমদের দও বিভিন্ন কপ হইরা থাকে (১)।

২ লোমপানার্থ পাতাবিশেষ। কর্মণি অচ্। (পুং) ৩ পর্ণট, এক প্রকার পিউক। ৪ লড্ডুক, লাড়ু। ৫ ঋষভদেবের জনৈক পুরের নাম।

**इम्माध्वर्यु ( ११) अफि**क्वित्सव ।

"धानारिक हमनांध्वर्धाव এव (छ।" ( अथर्क २ ७।६১ )

চম্সিন্ ( পুং ফ্রী ) চমস্যুক্ত, যাহার চমস আছে ।

চমলী (স্বী) চমদ-ভীষ্। ১ মুগ অথবা মহবের চূর্ব। ২ শুজ্ মাষচূর্ব। "চূর্বং যচ্ছুক্দমায়াশাং চমলী দাভিধীয়তে" (ভাবপ্রাণ)

২ কাষ্ঠনিৰ্দ্মিত যজীয় পাত্ৰবিশেষ। (ভরত)

চমসোদ্ভেদ ( পুং ) প্রভাদের নিকটবর্তী তীর্থবিশেষ।

"ততস্ত চমদোদভেদমচ্যতস্থগমদ্বলী।" (ভারত শল্য ৩৬ অ:)

মহাভারতে লিখিত আছে—এই ছানে সরস্বতী অদ্থ হইয়াছিল। এই তীর্থে স্থান করিলে অগ্নিটোম্যাগের ফল লাভ হয়।

চমসেন্তেদন (ক্রী) তীর্থবিশেষ, চমসোজেদ। (ভারত ওাচচ আঃ)
চমার্দি, গুলরাটের কাঠিয়াবাড় কেলার মধ্যে গোহেলবাড়ের
মধ্যক্তি একটা ক্ষুত্ররাজ্য। এথানকার রাজার প্রায় দশ
হাজার টাকা আয়, তন্মধ্যে গাইকবাড়কে ৭৬৫১ এবং জুনাগড়ের নবাবকে ৯০১ টাকা কর দিতে হয়।

চমীকর (পং) কৃতস্বর নামক স্বর্ণের উৎপত্তিস্থান, মোণার ধনিবিশেষ। এই জন্ত স্বর্ণের এক নাম চামীকর। (শকার্থচিণ) চৃষ্ (স্ত্রী) চমন্তি বিনাশগতি রিপুন্ চ্ম-উ (ক্রিচমিতনীতি।

উণ্ ১।৮০) ১ সেনামাত্র।

"পখৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্যমৃহতীং চমুং।" (গীতা ১৩)

২ সেনাবিশেষ। অমর ও মেদিনীকোষ অনুসারে ৭২৯ হক্তী, ৭২৯ রখ, ২১৮৭ ঘোটক এবং ৩৬৪৫ পদাতি সর্কাসমেত ৭২৯০, ইহার নাম চমু।

আংধিকরণে উ। (স্ত্রী) ৩ চমস। [ছিব] ৪ আংগ ও পৃথিবী। (নিঘণ্টু)

চমুচর (পুং) চম্যুচরতীতি চম্-চর ট। ১ গৈনিক পুরুষ। (শকার্থচি°) ২ সৈঞাধ্যক্ষ।

**চমুনাথ** ( पूर ) हम्नार नाथ ७७९। देशकांशकः।

(>) "চমসানত বলগমি বভাং হালত্রস্লাং।
আনুলভ ভবেং ককে। বিভারকত্রস্লাং।
বিক্রতময়াঃ লকাণগিলাকমসাঃ জ্ঞাং।
ভাভোবালি বা কাই/ভেষাং দতেরু লকাণং।"
( কাত্যারন্থ্রেহ্বার্ন্ত্রিল্পেই্ল্রেন্থ্রেট্র্র্ন্থ্রিহার্ন্
)

শুব্ভিচমুনাথভোক্সবস্থাণাং।" (বৃহৎসং ১৬ জাঃ)
চমুব্দ (পুং স্নী) চম উর (ধর্জিপিঞ্জাদিন্তা উরোলচৌ। উণ্
৪।৯০) প্যোদরাদিশাৎ অকারস্ত উকার:। মুগবিশেষ।
"ইদমূক্র্গংন চমুক্দৃশং" (প্রেররায়ব)

চমুষদ্ ( অ ) চমুৰু সীদন্তি চমু-সদ্কিপ্ স্থমাদেরাক তিগণভাবে বজং। যাহারা চমস প্রভৃতি মঞ্জীরপাতে অবভান
করে। "দ্রুগা মধ্যুশনমুষ্ণঃ।" ( ধক্ ১০১৪।৪)

'চম্বদশ্চনদাদিপাত্রেঘবস্থিতাঃ।' (সারণ।)
চমুক্র (পুং) চম্ং দানবদৈন্তং হরতি চম্ক্-অচ্। মহাদেব।
"চম্ক্রঃ স্থ্রেশশ্চ" (ভারত আফু ৯১ আঃ)
চম্কন (চমংকরণ শক্ষ) হঠাৎ কাঁপিরা উঠা।

চম্কান (দেশজ) চম্কন, হঠাৎ কম্পন।
চম্কানি (চক্মানি), আফগানস্থানের জাতিবিশেষ। ইহারা
প্রায় ৯০০ বংসব পর্জে পাবল হটতে আফগানস্থানে আসিয়া

প্রায় ৬০০ বংসর পুর্বে পারছ হইতে আফগানস্থানে আসিয়া পট্টকজাতির মধ্যে বাস করে। মুকিম ও কানিগোরাম নামক স্থানধয়ে অদ্যাপি ৩৪ শত চক্মানি আছে।

চন্কানিরা ইদ্লাম্-ধর্মাবলম্বী পারত দেশীয় একটা সম্প্রদায়। ইহাদের আচার ব্যবহার ও ধর্মপ্রণালী অতি কুনীতিপূর্ণ থাকায় পারদ্যরাজ কর্তৃক স্বদেশ হইতে বিতাড়িত হয়। এক্ষণে ইহারা দিয়া সম্প্রদায়ভূকে ও গোড়া মুসলমান বলিয়া পরিচিত। ইহাদের বিশেষ বিশেষ ধর্মাচার ও তদামুস্থিক কুনীতিপূর্ণ ক্রিয়াকলাপাদির বিষয়ে অতি বিস্মুক্ত জনক বিবরণ আছে।

একটা প্রজ্বিত আলোক ইহাদের ব্রভার্ন্থানের প্রধান
অঙ্গ। এই ধর্মার্ন্থানে কি পুরুষ কি স্ত্রী সকলেই যোগদান
করিও। কতক্ষণ মন্ত্রাদি পাঠ ও অভাভ পূর্কক্বতা সমাপন
হইলে পর যথাকালে মোল্লান্ত্রী দীপনির্কাণ করিয়া দিতেন।
তংপরে বীভৎস পৈশানিক ব্যাপার আরম্ভ হইও। এই
বিসদৃশ রীতির জ্বন্ত পারসিকগণ ইহাদিগকে 'নিরাগ-কুশ'
অর্থাৎ দীপনির্কাপক, এবং পাঠানগণ 'অর মুর' অর্থাৎ আমিনির্কাপক বলিও। ইহাদের আদিপুরুবের নাম আমীর
লোবান্। আফগানেরা বলে, এক সময় ৩।৪ বর্ষব্যাপ্রী
ছভিক্ষ হইলে ইহারা দেশত্যাগ করিয়া নানান্তানে চলিয়া
যায়। এইরূপে ইহারা পেশবারের নিকট চম্কানিপ্রামে
আসিয়া বাদ করে।

এক্ষণে চম্কানিদিগের সংখ্যা প্রান্ত ব সহস্র পরিবার হইবে। ইহারা শাস্তপ্রকৃতি, পরিশ্রমী, কাহারও অনিষ্ট চেটা করে না এবং কথনও যুক্ষ বা দস্থাবৃত্তি ক্রিতেও চাহে না। চম্চম ( দেশক ) মিইথাদ্য জবাবিশেষ। চম্চ ( দেশক )[ চামচ দেখ।]

চম্প (পুং) চপি আচ্। ১ কোবিদার বৃক্ষ। (শক্ষমালা) (ক্লী)
২ চম্পক পূলা, টাপাফুল। ৩ জনৈক ক্ষত্রির রাজা, ছরিবংশ
এবং বিজুপুরাণে ইনি চঞ্নামে নির্দিষ্ট। ইহার পিতার নাম
ছরিত, পিতামহের নাম হরিশ্চক্স ও পুত্রের নাম স্থবদেব।
ইনি চম্পাপুরী স্থাপন করেন। (ভাগবত, পত্র)

চম্প্ক (পুং) চপি বুল্। ১ এক প্রকার ফুল ও তাহার গাছ, টাপা (Michelia Champac) পর্যার—চাম্পের, হেমপুশাক, স্বর্ণপূপা, শীতলাছেন, স্প্রত্যা, ভ্রমনাহী, শীতল, প্রমরাতিথি, " স্বর্জি, দীপপূপা, হিরগন্ধ, অতিগন্ধ, হিরপুশা, পীতপূপা, হেমাহর, স্কুমার, বনদীপ। দক্ষিণ উৎকলে কাঞ্চনমু, তৈলল চম্পক্ম, তামিল শেম্বুলা, কর্ণাটে সম্পধি, সিংহলে সপ্লু, মলরে জম্পক, ব্রহ্মে সা-গা, চীনে চেন্-পু-কিরা বলে।

ভারতবর্ধের সর্বজ্ঞই প্রায় এই গাছ ব্যংস, চম্বারাক্ষ্যে এই গাছ এক একটা ৪০।৫০ হাত উচ্চ হয়। ভারতে ইহার কাঠে লামল এবং সিংহলে ঢোলের থোল, গাড়ী পাথী প্রভৃতি প্রস্তুত হয়। চীনে এই গাছের ছাল দালচিনির সহিত ভেমাল দেওবা হয়।

ইহার স্থবর্ণবর্ণ কুস্থা হিন্দুদিগের অতি প্রির ও শ্রন্ধার অনিস। এই ফুল কৃষ্ণপুঞ্জার প্রশন্ত। এই ফুলেই মদনের পঞ্চশরের একটা বাশ প্রস্তুত হয়।

কাহারও মতে, ইহার এতই তীব্র গন্ধ যে মৌমাছি সাধ করিয়াও ইহার কাছে যাইতে পারে না। ইহার ছালের গুণ— রজোনিঃ সারক। মাজ্রাজে সম্পতী নামে যে স্থান্ধি তৈক প্রস্তুত হয়, তাহা এই চাঁপা কাঠ হইতেই তৈয়ারি হয়। ডাক্তার গুসফ্নেসির মতে, ইহার ছাল গুড়া করিয়া স্বিরাম জ্বের ১০ হইতে ৩০ গ্রেণ মাজায় প্রয়োগ করা ঘাইতে পারে।

ইহার গুণ কটু, তিক্ত এবং শীতল। দাহ, কুট্রণ ও কথুনিবারক। ভাব প্রকাশ মতে—ইহার গুণ ক্ষার ও মধুর, বিষ, কুমিরোগ, কফ, বাষু এবং অম্লণিস্তনাপক। ও কদলীরক্ষবিশেষ, চাঁপাক্লার গাছ। (ক্লী) ৪ পূষ্পবিশেষ, চাঁপাফ্ল। "ব্যালোক্যচন্দ্রকারকারলীঃ।" (নৈষ্ধণ)

- গেনসফলের এক প্রকার অবয়ব, চাঁপী। ৬ কদলী-বিশেষ, চাঁপাকলা। (রাজনি॰) ভাবপ্রকাশ মতে ইহা ওক, পক ও বীর্যাকর এবং বাভপিত্রনাশক, ইহার রস অভি শীতল। প্রকাবস্থার এই ফল অভি মধুর।
- ৭ সাঝ্যশাস্ত্রোক সিদ্ধিবিশেষ, চতুর্থসিদ্ধ, কোন কোন গ্রাছে চম্পকত্বলে রম্যক পাঠ আছে। [রম্যক দেখ।]

চল্পকচতুর্দ্দী (ত্রী) জৈ ইমানের শুক্লপকীয় চতুর্দ্দী।
মংখহকে লিখিত আক্ত—"কৈ ঠিমানের শুক্লপকীর চতুদিনীতে মর্ড, সহল্ল অথবা শক্ত লংগ্যক চল্পক পূলারারা
লিবের অর্চনা এবং পারস্বলি প্রদান করিবে, ইহাকেই
চল্পকচতুর্দ্দীত্রত করে। এই ত্রত রাজিতে কর্তব্য। এই ত্রত করিলে ক্ষয় ও অর প্রভৃতি রোগ এবং দশল্ম ক্লত পাপ বিনই হয়।" (সংবংসরকৌমুদীধৃত প্রক্লপ্রাণ এবং উত্তর্যনাথ্যতন্ত্রের ১১ পটলে এই ত্রত ও ইহার ফল উক্ত আছে।)
চল্পকনাথ, একজন সংস্কৃত গ্রন্থকার। ইনি ভাবার্থচরণটাকা,
স্থৃতিচরণটাকা ও শাক্তনীপিকাপ্রকাশ রচনা করেন।

চম্প্রকাশ (ব্রী) চম্পক্ত মালা ৬তৎ। ১ টাপাফ্লের মালা। ২ টাপাফ্লের ভার ব্রীদিগের কঠালকারবিশেষ, টাপকলি। ৩ ছলোবিশেষ। ইহার প্রত্যেক পাদে দশ অকর করিয়া থাকে। প্রত্যেক পাদেরই প্রথম, চতুর্থ, পঞ্চম, ষঠ, নবম এবং দশম এই কর্টী অক্রমাত শুরু থাকিবে, অবশিষ্ট অক্রপ্রলি লঘু হইবে। "ভৌ সগ্রুকৌ চম্পক্মালা।" (বৃত্তরং) কাহারও মতে এই ছন্দের নাম ক্লেবতী।

চম্পকরন্তা (ন্ত্রী) চম্পক ইতি নাম প্রেসিদ্ধা রন্তা মধ্যলো । টাপাক্লা। [চম্পক দেখ।]

চম্প কানন্দদাকুঞ্জ (পুং ক্লী) বৃদ্দাবদের গোবর্দ্ধনস্কিহিত শুম ও রাধাকুণ্ডের নিকটত্ব চম্পকশ্ভিকার কুঞ্জ।

( वृ-नीना ৮ फाः )

চম্পকাবতী (ন্ত্রী) চম্পক-অন্তার্থে মতুপ্, মন্থ বঃ সংজ্ঞারাং দীর্ঘ:। চম্পাপুরী। [চম্পা দেখ।] চম্পকবতীও এই অর্থে ব্যবস্থাত।

চম্পট ( দেশল ) প্রস্থান, পলায়ন।

চম্প্রকারণা (ক্লী) চম্পক্বছ্লমরণাং মধ্যলোও। তীর্থ-বিশেষ, ভারতে ইহা বর্ণিত আছে। এই তীর্থে একরাত্রি যাপন করিলে সহস্র গোদানের কল লাভ হয়। "ততো গচ্ছেত রাজেন্দ্র চম্পকারণামুত্তমম্। তত্রোষ্য রক্ষনীমেকাং গোসহস্রক্ষলং লভেং।" (ভারত বন ৮৪ জঃ) বর্ত্তমান নাম চম্পারণ।

চম্পক ক্ৰিকু (পুং) চম্পকেন পনসাবন্ধৰ বিশেষেণ অলভি চম্পক । অল-উণ্। পনস, কাঁঠাল। ( শন্ধাৰ্থিতিং )

চতপ্রকৃষ্ণ (পুং) চত্তাইব কুলতে কুলি অচ্। মংভাবিশেষ, চালকুড়া। ইহার গুণ—গুল, গুক্তবর্দ্ধক, মধুর ও বাতপিত্ত-নাশক। (রাজনিং)

চম্পাকোষ ( পুং ) চম্পাক লাক ইব কোষো যত বছবী। কাঠাল। ( বিকাশ্ব ) চল্পাৎরায় (চল্পাতিরায়), একজন বিশ্বান্ত ব্লেলা সর্দার, ছত্রসালের পিতা। খৃষীর সপ্তদশ শতালে ইনি দলবল সংজ সুসলমানদিগকে পরাজর করিয়া ধেতাবজী সদীতীরবর্তী সমুদার ভূভাগ অধিকার করেন।

লালকবি রচিত ছতাপ্রকাশ নামক হিন্দীগ্রন্থে ইহার যথেষ্ট পরিচর আছে। [ছত্রসাল দেখ।]

চম্পা ( ত্রী ) চম্পা নদী অন্তি অন্তাং চম্পা অর্প-আদিতাৎ অচ্।

অথবা চম্পেন রাজ ছদিকজ্ঞ প্রপৌতেণ নির্মিতা যা পুরী।

১ গলাতীর হিড অলরাজ্যের রাজধানী, মহাভারতে ও পুরাণে
চম্পা, চম্পাপুরী প্রভৃতি নামে ইহার উল্লেখ আছে।

হেমচক্র মালিনী, লোমপাদপু ও কর্ণপু চম্পার এই কএকটা
পর্যায় লিখিরাছেল। বর্জমান ভাগলপুরের নিকটেই এই নগর
ছিল। বিধ্যাত চীনপর্যাটক হিউএন্সিয়াং চম্পার এইরূপ
বিবরণ লিখিয়া সিয়াছেন,—

"চম্পা একটা বিশ্বত প্রদেশ। উহার রাজধানী চম্পান নগর উত্তরভাগে প্রসাতীরে অবস্থিত। এই প্রদেশের ভূমি সমতল ও উর্কারা এবং স্থচাকরণে কর্মিত হইয়া থাকে। বায়ুমূত্ ভাষত্ত্ব। অধিবাদীশণ সরল ও সত্যবাদী। এথানে বহুসংখ্যক জীব সভ্যারাম আছে। ঐ সকল মঠে প্রায় ২০০ বৌদ্ধ যতি বাস করে। ইহারা হীন-যান-মতাবলধী।

শইহাতে প্রায় বিংশতিটা দেবমন্দির আছে। রাজধানীর চতুর্দ্ধিকত্ব প্রাচীর ইউকনির্দ্ধিত ও অত্যুক্ত এবং
শক্রগণের দ্রাক্রমা। কথিত আছে, এই করের আরত্তে
মধন মছ্যা প্রভৃতি প্রথম সৃষ্টি হয়, সেই সময়ে এক অপরা
কোন অপরাধে স্বর্গচুতা হইয়া মর্ত্তো আসিয়া বাস করে।
পরে কোন দেবের ঔরসে ও অপ্ররার গর্ভে ৪টা পুত্র জয়ে।
ঐ পুত্রগণ অন্থীপকে চারি অংশ করিয়া এক এক জন এক
এক অংশে রাজ্যভাপন করেন। উহাদেরই একজন চম্পা
নগরের ভাগরিতা।

এই নগরের পূর্ব্ধে কিছু দ্রে গলার দক্ষিণ তীরে একটা পাহাড় ও তত্পরি এক দেবমন্দির আছে। ঐ মন্দিরের দেবতা প্রত্যক্ষ ও জনেক জলৌকিক ঘটনা প্রদর্শন করেন। পাহাড়থোদিত করিয়া মন্দিরাদি নির্মিত হইয়াছে। ঐ পাহাড়ও তথাকার শ্বহা প্রভৃতি দেখিবার জন্ম জনেক জ্ঞানী লোক আগমন করেন।

এই প্রদেশের দকিণাংশে অরণ্য মধ্যে হন্তী ও অহাত বহু জন্ত পালে পালে চরিয়া বেড়ায়।" (Si-yu-ki)

ভাগবতাদির মতে—হরিতপুত্র চম্প নিজ নামে চম্প।
নগরী নির্মাণ করেন। [চম্প দেখ।]

২ পূর্ব্ধ উপশীপের এক অতি প্রাচীন রাজ্য। বর্ত্তমান আনাম ও কালোডিয়া অর্থাং কলেজের সর্ব্রদক্ষিণাংশে এই রাজ্য অবস্থিত ছিল। অন্যাপি ঐ স্থানের কতক অংশকে চম্পাক্ষে। ঐ স্থানের অধিবাসীগণ চম্ (চম্পা) নামে প্যাত। প্রবাদ আছে—কল্পোজগণের আগমনের পূর্ব্বে উহারা এক সময়ে শ্রাম উপসাগর হইতে সমস্ত উপশীপ ব্যাশিয়া বাস করিত। পূর্ব্বে ইহারা সকলেই হিন্দুধর্মাবলম্বী ছিল। অম্মান হর, গলাতীরবর্ত্তী চম্পানগরীর অম্করণে ঐ স্থানের নামকরণ হইয়াছিল। পৃষীয় ৭ম শতালীতে পার্থক্য রাধিবার জন্ম উহাকে মহাচম্পা বলা হইত। চীনপর্যাটক হিউএন্ সিয়াং কালোডিয়ার চম্পাক্ষে মহাচম্পা ও গলাতীরবর্ত্তী চম্পাকে শুদ্ধ চম্পা ( চেন-পো) বলিয়া উল্লেখ করিয়াছেন।

আনামবাদীদিগের আক্রমণের পূর্ব্বে এই রাজ্য প্রবল পরাক্রান্ত হিন্দ্রাজ কর্তৃক শাসিত হইত। তথন উহার সীমা শ্রাম ও আনামের বহুদুর পর্যান্ত বিভূত ছিল।

১৫শ শতাকীতে মলয় ও যবনীপের সহিত চম্পার ঘনিষ্ঠতা ছিল এবং ঐ শতাকীর মধ্যভাগে যবনীপের প্রধান রাজা চম্পারাজকভাকে বিবাহ করেন।

আনামীভাষায় চম্পার লোককে সুই বলে। ইহারা বরাবর হিন্দতাবলমী ছিল। ইহানের উপাদনা প্রভৃতি কতক বৌদ্ধ বা কৈনদিগের স্থায়। এথানেও হর, পার্বতী প্রভৃতির পূজা হয়। কএক বর্ষ পূর্বের এথানে কতক গুলি প্রাচীন শিলালিপি ও অফ্লাদন প্রভৃতি পাওয়া গিয়াছে। ঐ গুলির অধিকাংশ সংস্কৃত কিম্বা চন্ ভাষায় লিখিত। ঐ সকল পাঠে জানা যায়, এই হানে পূর্বের পরাক্রান্ত হিন্দ্রাজ্ঞগণ রাজ্য করিতেন। তাঁহারা স্বন্ধ নামাম্লদারে এই প্রদেশে জয়হরিলিকেশ্বর, শ্রীজয়হরিবর্শনিকেশ্বর, শ্রীইক্রবর্শনিবলিকেশ্বর প্রভৃতি শিব-লিক প্রতিষ্ঠা করিয়াছিলেন। এই লিপিগুলির যে গুলি সংস্কৃত ভাষায় লিখিত, সেগুলি অতি প্রাচীন।

ত নদীবিশেষ, এখন যাহাকে চাঁপাই বলে। ৪ পনদের এক প্রকার অবয়ব, চাঁপি। (শব্দার্থচি॰)

৫ কাশীরের সীমান্ত প্রদেশ, ইহার রাজধানীকে ব্রহ্মপুর বলে। ১০২৮ চইতে ১০৩১শ খুটাকের মধ্যে কাশীররাজ অনন্তদেব এই রাজ্য আক্রমণ করেন, শালদেব নামক তথাকার রাজা অনন্তদেবের হল্তে নিহত হন। পরে তাঁহার পুত্র চম্পাবতী নামে এক নগর হাপন করেন। সেই চম্পা এথন চহা নামে প্রাসদ্ধি। রাবী বা ইরাবতী নদীর হারা ঐ নগর হুই ভাগে বিভক্ত হুইরা আছে। [চহা দেখ।]

চম্পা (টাপা) মধ্যপ্রদেশের বিলাসপুর জেলার একটা

জমিদারী। পরিমাণ ১২০ বর্গমাইল। গ্রামসংখ্যা ৬৫, গৃহসংখ্যা ৬০৭৭। এখানকার ক্ষিদারকে কুমার কহে। ইহার সদর চল্পা সহরে। এখানে বিতার ভদ্ধবার বাস করে। ঐ সকল ভদ্ধবারদিগের বছাদি নিকটত্থ বামনিদেহীর বাজারে বিক্রীভ হর।

চল্পাধিপ (পুং) চল্পায়া অধিপঃ ৬তং। কর্ণ। [কর্ণ দেখ।]
চল্পানগর, ভাগলপুর সহরের পশ্চিমভাগত্ব একটা গ্রাম।
এখানে অনৈক মুসলমান সন্নাসীর (১৬২২-২০ অক্টের)
কবর আছে। এখানে ভাগলপুরত্ব ওসবাল জৈনদিগের
পুরোহিতগণ বাস করেন। জেলার মধ্যে এই গ্রামে তসর
পাট প্রভৃতি বল্পের প্রধান আড়ত আছে।

চম্পানের গুজরাটের অন্তর্গত পাচমহাল জেলার একটা প্রাম ও গিরিহুর্গ। ইহা বোদাই হুইতে প্রায় ২৫০ মাইল উত্তরে একটা অভ্যুক্ত পাহাড়ের উপর অবস্থিত। অক্ষাণ ২২॰ ৩১ উ:, ত্রাঘি॰ ৭৩॰ ৩৬ পু:। গড়ের দৈর্ঘ্য প্রায় ১৪২ । गज, वाद वात्र ७७ । गज । गज प्रहेकार विकक्त । একভাগ অত্যাচ্চ, উহাতে প্রাসিদ্ধ কালিকাদেবীর মন্দির আছে। অপরার্দ্ধ অপেকাক্ত অবনত হইলেও গুরাক্রমা। এथान व्यक्ति थाहीनकारनत हिन्दूरनवरनवीत मन्त्रितानि দৃষ্ট হয়। পঞ্চদশ শতাদীর শেষভাগ পর্যান্ত এই অফের ছর্গে এক রাজপুত সন্ধারের রাজধানী ছিল। অবশেষে > १४ द: जारम जाकागांगां पणि माक्रा हल्लान व क्लाद्यत क्वकी व्यव्याहारत कुक हहेगा थे आतम बाक्रमण अ চম্পানের হুর্গ অবরোধ করেন। কণিত আছে, ছাদ্শবর্ষ অবরোধের পর হুর্গ অধিকৃত হয় এবং মাজাদ ইহার স্থাড় অবস্থান দর্শনে এরূপ প্রীত হন যে ইহার অদূরে বর্ত্তমান महत्रमावाम-हम्भारनत नगत दाभन कतिया छेहा वह मन्-জিদাদি ছারা শোভিত করেন। কালে ঐ নগর বিস্তীর্ণ वां शिका श्रांन क्रांश शंग रहा। शांत्र ১৫৬० थुः अक भरी छ ये नगरत अञ्चत्रारित त्राकां पिरंगत त्राक्यांनी हिन।

১৫৩৫ খৃঃ অবেদ ত্মায়্ন চম্পানের তুর্গ জয় করেন। প্রবাদ আছে, ত্মায়্ন কএকজন মাত্র সহচর সঙ্গে প্রাচীরের গায়ে পেরেক মারিরা তুর্গে উঠেন, এবং একটী ছার উন্মুক্ত করিয়া দিয়া সৈত্তগণের প্রবেশের পথ করিয়া দেন। ভাহাতেই তুর্গ জয় হয়। অন্তাদশ শতাকীর শেষভাগে মোগল সাম্রাজ্য ধ্বংসের পর চম্পানের মহারাষ্ট্রদিগের অধীনস্থ এবং স্ববশেষে মুধুজী সিদ্ধিরার হস্তগত হয়। ইহার উত্তরা-ধিকারী দৌলতরাও সিদ্ধিরা ১৮০২ খৃঃ অব্দে বিনাযুদ্ধে কর্ণেল উডিংটনকে এই তুর্গ অর্পণ করেন। ১৮০৩ খৃ: অবে দের জি অঞ্চনগাঁও সদ্ধিবার। ঐ তুর্গ দৌলতরাও সিদ্ধিবাকে প্রত্যপিতি হয়। পরিশেবে ১৮৬১ খৃ: অবে ঐ নগর সময় পাঁচমংল জেলার সহিত বৃটিশ রাজ্যভুক হয়। অভালশ শভাকীতে চল্পানের হইতে বহুলোক পলায়ন করে এবং ইহার উপতৃঠভাগ অরণ্যে পরিণত হয়। এই স্থান সম্প্রতি অভ্যন্ত অবাহ্যকর ও বাসের অবাগ্য। ইহাতে বসভি স্থাপনের জন্য গবর্মেণ্টের প্রভৃত উল্যম ও চেষ্টা রুণা হইয়াছে। ভাহা হইলেও ইহার হুর্গ, পরিধা প্রাচীরাদি এবং মুসলমান রাজধানীর ভ্যাবশেষ সকলেরই চিত্তাক্র্যণ ও কৌতুহল উদ্দীপন করে।

চম্পারিণ, বেহার প্রদেশের বায়্কোণে অবস্থিত এবং পাটনা বিভাগের অন্তর্শ্বতী বালালার লেক্টেনেন্ট গ্রণরের শাসনা-ধীন একটা জেলা। এই জেলা জাবিং ৮৩ ৫৫ ইইডে ৮৫ ২১ পু: ও অক্ষাং ২৬ ১৬ ইইডে ২৭ ৩০ উ: মধ্যে অবস্থিত। পরিমাণ ৩৫৫১ বর্গমাইল। এই জেলার প্রধান বিচারালয়াদি মতিহারী নামক নগরে স্থাপিত। মতি-হারীর অক্ষাং ২৬ ৩৯ উ:, জাবিং ৮৪ ৫৮ পু:।

এই জেলার উত্তরে স্বাধীন নেপালরাক্স, পূর্ব্ধে মক্সঃকর-পুর জেলা, দক্ষিণে মক্সংকরপুর ও সারণ এবং পশ্চিমে গোরধ-পুর কেলা ও রাক্ষবোতয়াল নামক নেপালের কিয়দংশ। পূর্বে প্রায় ৩৫ মাইল পর্যান্ত বাঘমতী নদী এবং দক্ষিণ পশ্চিমে গগুকনদী ও উত্তরে সোমেশ্বরপর্বত অবস্থিত।

এই জেলা পূর্বের সারণের অস্তর্ভুক্ত ছিল। ১৮৬৬ খৃঃ আবদ ইহা একটী পৃথক্ জেলা বলিয়া পরিগণিত হর। আবদ্যাপি সারণের জল মধ্যে মধ্যে মতিহারী গিয়া সেধানকার বিচারকার্য্য করিয়া থাকেন।

যদিও চম্পারণে কোন বৃহৎ নগরাদি নাই, তথাপি তথাকার জনপ্রবাদ ও প্রাচীন মন্দিরাদির ভয়াবশেব প্রাক্তত্ব-বিশ্ পণ্ডিতদিগের কৌতৃহলোদীপক এবং ইহার প্রাকালীন গোরব ও সমৃদ্ধির পরিচায়ক। নানা কারণে জানা যার যে ইহা মগধরাজ্যের অক্তর্ক ছিল। লোরিয়া-নবনগড় নামক গ্রামের নিকট তিনটা প্রকাশু ক্রেগ্র প্রভরম্পেনী বিদ্যানা আছে। জেনারেল কনিংহাম্ অসুমান করেন ঐ সকল প্রস্তর্ক ধ৽ • হইতে ১৫০ • বংসর পুর্বের রাজাদিগের সমাধিদ্বান জন্ত নির্মিত হয়। এখানে আলেক্লাপ্তারের ভারতে আগমনের প্রের্বর একটা রোপ্যমূলা এবং শুপ্তরাজ্পণের সমন্দের অক্রান্ধিত মুক্তিকানির্মিত জ্বর পাওরা গিয়াছে। ঐ হানের নিকটই অপোকপ্রতিন্তিত ৩০ কিট উচ্চ একটা অধ্য প্রস্তুম্বন্ত আছে। এই স্বস্থে

বৃদ্ধের আদেশবেলী লিখিত। অররাজ নামক গ্রামে অপেকারত ক্ত একটা শুল্ক আছে। কেশারিরা নামক ছানে ইউকনির্দ্ধিত এক প্রকাশু চতুকোণ বেলীর উপর ইউকনির্দ্ধিত ৬২ ফিট উচ্চ ও ৬৮ ফিট ব্যাসবিশিষ্ট একটা শুল্ক করেন, ইহা বৃদ্ধেবের কোন কার্গ্যের স্থতিচিত্তরূপ প্রতিষ্ঠিত হইয়া থাকিবে। ইহার নিকটেই বৃদ্ধেবের ম্র্রির ভগ্নাবশেষ পাওরা যার। প্রবাদ আছে, রাজপুতানা হইতে কোন মহাত্মা আসিরা নেপালের সীমান্ত প্রেদেশে সিমরাউনে রাজ্য ছাপন করেন। তথার অন্যাপি জল্ল মধ্যে বহু পরিমাণে প্রাচীন পরিথাদির ভগাবশেষ দৃষ্ট হয়। প্রবাদমতে ১০৯৭ খুটাকে নামুজ্বপাদেব সিমরাউন হাপন করেন।

मूत्रनमानि तिश्व नगरत हल्लात् नत्कात वर्षमान हल्ला-রণ জেলা অপেকা অনেক কুদ্র ছিল। অকবরের রাজ্য-निष्य তোভরমলের লিখিত বিবরণে দেখা যায়, ১৫৮২ খু: অবে চম্পারণ তিন্টা পরগণায় বিভক্ত ছিল, পরিমাণ ▶€>>> विषा ध्वरः ब्राक्ष व्यानात श्वात >8००००, हे†का। >१६८ गाल रेडे रेखिया काल्यानिय वानानात (मध्यानि व्याश्चित्र नमात्र, देहात शतिमाग २०१४ वर्गमाहेन ও ताजव ৩৪ • • • • । টাকা ছিল। বেতিয়ারাজবংশোদ্ভব যুগলকিশোরী निः एड श्रुट्य श्रुट्य गंपक मम् अपना विस्तृति के विद्या एक विद्या हते। अमानि के रशीरवतार जनात अर्फात्कत अनिकाती। অপরার্ছের অধিকাংশ নেপালসীমান্তভিত রামনগরের রাজা ও বেতিয়ারাজকুলোভব আবহুলসিংছের বংশধর মধু-বনির বাবুগণ ভোগ দখল করিতেছেন। ১৮৫৭ খুষ্টান্দে निभारी विट्यांटरत मगर ১२म मःथाक व्यथादाही निछमन এই জেলার সেগোলীতে অবস্থান করিতেছিল। জুলাই মাসে এক দিবস ভাহারা বিদ্রোহী হয় এবং সেনাপতি মেজর হোল্মদ্ প্রভৃতিকে হত্যা করে।

এখানে বৃষ্টি ভাল হয় না। সুবৃষ্টি না হওরায় ১৮৬৬ ও
১৮৭৪ খৃঃ অবলে এই কেলায় হইবার ভীষণ চুর্ভিক্ষ হয়।
এখানে পাশ্চাতা সভাতা অদ্যাপি বিশেষরূপ প্রবেশ লাভ
করিতে পারে নাই। এই জেলা অপেকারত নির্ধন এবং
এখানে বাণিজ্যাদির অবহা তত ভাল নহে। স্ত্রুতি
ভিত্তটেট রেলওয়ে হওয়াতে ইহার সহিত বাণিজ্যের পথ
প্রশেক্ত হইরাছে।

এই জেলার আকার কতকটা ত্রিভুজের ভার। গওক ও বাঘমতী নদীবর উহার ছই বাল এবং নেপালের সীমান্ত দ্বিত অনুচ্চ শৈলমালা ইহার ভূমি, মধ্যভাগে বুড়িগওক নদী ভিপত করিভেছে। জেলার দক্ষিণভাগ সমতল এবং সারণ
ও মুজ্বংফরপুর জেলার ভারা, কিন্তু অপেক্ষাক্কত উর্কর।
উত্তরভাগ বন্ধর ও তরলায়িত। উত্তরসীমান্ন সোমেশ্বরগিরি উচ্চায় সমুদ্রপৃষ্ঠ হইতে ২২৭০ কিট্। এই পিন্নিমালার
অনেক স্থানই মহুবোর স্থারোহ। সোমেশ্বরের পূর্ব প্রান্তে প্রদিদ্ধ গিরিবর দিয়া বৃটীশ দৈত ১৮১৪ ১৫ খৃঃ অবেদ গুর্থাদিগকে দমন করিতে গমন করিয়াছিল। সোমেশ্বর,
কাপন, হলোঁ, হড়া প্রভৃতি আরও কএকটা গিরিপথ আছে।

त्गारम्बत्रगितियवा कृतिणानिमामक नमीगर्क श्रेटि करम উচ্চতর হইয়াছে। দর্ব্বোচ্চ স্থানের প্রায় ২০০ ফিট অস্তরে একটা অনভিবিভত সমতল আছে, ঐ স্থানের ৰায়ু অভি नीउन ७ प्रथम्मर्ग, कन विश्वक धवः धे शान धक्ती बाहा-निराम्ब डेलयक। मर्काफ द्वान ब्हेर्ड मिलार्वद स्माति शास्त्र वदर धरनगिति, रगीनाहेशान, व्यत्रभूनी स काकनमूक, প্রভৃতি হিমালয়ের প্রাকাও শৃল সকল দৃষ্ট হয়। এই अरम्भ अहुत जुग कत्म ७ विखत शास्त्रामि हतिया शास्त्र। शक्षक वर्षाए भागवाभी महीएक वात्रभागहे त्मोका वह अमी जित्वनीचारहे যাভায়াত করিতে পারে। চম্পারণে প্রবেশ করিয়াছে। ইছা কোথাও হাঁটিয়া পার ছওয়া যার লা। নদীর গতি অতিশর কুটিল ও নিতা পরিবর্ত্তনশীল। অপর নদীগুলির মধ্যে ছোট প্রপ্তক ও বাখমতীই প্রধান। এই নদীখ্যেও নৌকাদি যাভায়াত করে। জেলার মধা দিয়া শ্রেণীবন্ধ অনেকঞালি ঝিল ष्पाष्ट्र। त्वाथ इत्र. এहेथान त्कान बुहर नही श्रवाहिल হইত। কালে উহার গতি পরিবর্ত্তি হওয়াতে ঐ সকল ঝিল উৎপন্ন হইয়াছে। প্রায় সকল নদীভেই বর্ধাকালে ভীৰণ বভা আসিয়া বছদুর পর্য্যস্ত জলমগ্প হয়।

এই জেলার রীতিমত বৃষ্টি হয় না, এবং প্রায়ই জনাবৃষ্টি

হয়রা থাকে। গবর্মেন্ট গশুক নদীর তীরে বাধ দিরা

জলপ্লাবন হইতে কডক স্থান রক্ষা করিরাছেন। কিন্তু উত্তর
ভাগের নালাগুলি সময়ে সময়ে জল বাহির লা হওরায়

মধ্যে মধ্যে দেশ জলপ্লাবিত হয়। জেলার উত্তরভাগে স্থান,
তায়, কয়লা প্রভৃতি ও নদীতে স্থারের পাওয়া যায়। জেলার

সমস্ত ভাগেই চ্ণা পাথয় (ঘুটিং) দৃষ্ট হয়। অক্তাপ্ত জাব্য

জাতের মধ্যে কড়িকাঠ, জালানিকাঠ, মধু, মোম, লাক্ষা,
পিপুল, নানাবিধ গাছ গাছড়া, সবিতা অর্থাৎ রক্ষ্তৃপ ও

মাছর বুনিবার নকট অর্থাৎ নাগরমুথা পাওয়া যায়।

আদিম অধিবাদীদিগের মধ্যে থাক ও দেপালীগণ উত্তরভাগে লৌরিয়া ও বগহা প্রগণায় বাস করে। থাক্ষরা

हिमानदात्र नामरार्भ छारम छारम भार्तका मतिर मकरनत कनवाता कथकिए धामा ठांच कत्रिता थाएक । कम्लातर मचाहे एडाम मारम अक मन बाह्म, देशना क्लाबां ग्रह-निर्माण कतिया वान करतना अवः ध्यथान्छः बचावृत्ति बाता कीविका निकाह करता। मल्लेकि भवर्यन्ते हेहारमत क्रिक मृष्टि রাথার অনেকে দ্যাবৃত্তি ভাগে করিরা ক্রবিকর্মাদি অবশঘন করিরাছে এবং এক ছানে বসবাস করিতেছে। গোও নাবে वात्र धक वानिम बाजि व्याद्भ, जाहारमत मःशा >>,•ec। অখানকার ব্রাক্ণগণের সংখ্যা ৭৬,২৮৪, রাজপুত ৮০,৭৬৪, যুদ্ধব্যবসায়ী ত্রাহ্মণ ৪২,২৮০। বেভিয়ারাজ শেবোক্ত শ্রেণীভক্ত। অবশিষ্ট মান্য গণ্য জাতির মধ্যে কারছগণ लाशान । अधिकाश्म शत्रार्थे कर्मकातीरे कात्रव वालाखत । हैहारत्त्र मर्था। २৮৪১)। छडित कूण्मि, क्लामब्री, विनिया, নাশিত, লোহার, বারুই, কুন্তকার, ভত্তবার, কাহার, খোপা, মালা প্রভৃতি জাতি আছে। ছুনিয়া নামক নীচ জাতি বংশপরম্পরা ক্রমে সোরা প্রস্তুত করে। চামার, দোসাধ, মুশাহর, বিন্দ, ধাতুক প্রভৃতি নীচ জাতিরও বাস আছে। পাটনা ও উত্তরপশ্চিমপ্রাদেশ হইতে অনেক মুদলমান আদিয়া এখানে বাদ করিতেছে। বেতিয়া ও চহারীতে রোমান কাবলিক মিশনরীগণ বাস করেন। চম্পারণের সর্বাপেকা বৃহৎ নগর বেতিয়া। মতিহারীতে (म अम्मी आमान आहि। मधुवनी, (क्नाब्रिस, (मर्गोनी, সীতাকুও, অনুদাজ ও ত্রিবেণীঘাট প্রভৃতি নগর আছে। रमाशीनी विद्यारित अन्न थाल। (भाषाक किन कान क दिक्तियात वर्ष वर्ष (मना क्य ।

এথানকার সাধারণ লোকের অবস্থা স্বচ্ছল নতে। প্রায় সকল ক্ষবকই মহাজনদিগের নিকট ঋণজালে আবিদ্ধ। স্তরাং ভাল ফসল জন্মাইলেও শস্যের অধিকাংশই ঋণশোধ ক্রিতে ব্যয় হয়। আবার তাহাদিগের ঋণ ক্রিতে হয়।

চম্পারণে ভারে, অগ্রহায়ণ ও ফাস্কুন তিনমানেই শস্ত হয়। যথাক্রমে উহাদিপের নাম ভাদই, অঘানি ও রবি শস্ত। আশু অর্থাৎ ভাদই ধাল অরই হয়, অধিকাংশ ধালুই অঘানি অর্থাৎ হৈমন্তিক। ভত্তির জেলার অনেকস্থলে নীলকরেরা নীল চাস করেম। বর্ষে বর্ষে ছুই তিন লক্ষ্ণ টাকার নীল এবং আচুর পরিমাণে অভ্যিকণ উৎপন্ন হয়। এখন ইকু চাব হইডেছে।

চম্পারণের উত্তর অংশে থাক্ষগণ জলসেচনের জন্ম স্থার্থ দালা প্রস্তুত করে। দক্ষিণভাগে কৃপাদি বারা সেচন কার্য্য সম্পন্ন হয়। এথানে পুক্রিণীর সংখ্যা খুব কম। চম্পারণে নৈবছর্মিশাক বড় অধিক। কথন ভীবণ অলাবৃষ্টি, কথন প্রবেল বছা দেশকে প্রাণীড়িত করে। রেল পথ বারা আমদানির স্থবিধা ও বাঁধ প্রস্তুত করিয়া গবর্মেণ্ট ঐ হুই বিপদ্ নিবারণের সাধ্যমত চেটা করিতেছেন।

**এই জেলার বাণিজ্য বাবসায়ালি নদীযোগেই অধিকাংশ** সম্পর হয়। স্কুচরাং লোভমুখে নদী দিরা মাল রপ্তানি করা यक महत्व, आयमानि क्य (मक्त नाहा । मुख्यकि (बन हरेवा বাণিজ্যের স্থবিধা হইভেছে। এথানকার উৎপরের মধ্যে মোটা স্তার কাপড়, কছল ও মাটার বাসন প্রধান। নীলকরেরা সকলেই যুরোপীর, স্কুতরাং নীলে এ জেলার লোকের লাভ অল্লমাত্র। এতবাতীত চিনি, সোরা প্রভৃতি কিয়ৎ পরি-মাণে উৎপন্ন হয়। পাটনা হইতে নেপাল পর্যান্ত পথ এই কোলা দিয়া যাওয়াতে বাণিজ্যের বিশেষ স্থবিধা আছে। ১৮१७-११ नाल्य भवर्यन्ते विल्लाए हेराव सामसीन वर्धान এইরূপ হিসাব পাওয়া যায়। মোট রপ্তানি ৫৪৩ • • • ১ है।का, जगर्मा व्यमान नीन २८०००० होका, जिन मर्मभामि ১২০০০, किक्कार्र ७४००००, हिनि ১१०००० धरः কার্পাসবল্ধ ৩০০০০০ টাকা। কার্পাসবল্ধ অধিকাংশই নেপালে প্রেরিভ হয়। মোট আমদানি ১৩৯০০০১ টাকা, তন্মধ্যে প্রধান লবণ ৩৯০০০১ টাকা, ছিট বন্তাদি ১৩০০০১ ७ (शाध्य हाडेनानि २००००, हाका। त्थरमाञ्च स्रवा নেপাল হইতে আইদে। বেতিয়া, গোবিন্দগঞ্জ, বগহা, বভরবা, পাক্তি এবং মানপুর, এই কয়টী নদীতীরত্ব প্রধান वाशिकाष्ट्रांन ।

১৮৬৬ খৃ: অদের পূর্ব পর্যান্ত চম্পারণ সারণ জেলার অন্তর্ভুক্ত ছিল। ঐ বর্ষে উহা একটা পৃথক্ জেলা বলিয়া গণ্য হয়। ১৮৭০-৭১ সালে উহার পুলিস প্রহরীর সংখ্যা ২৭০৪ জন ছিল; অর্থাৎ প্রতি ৬৩৭ জন লোকের জন্য ১ একজন পুলিস ছিল। মতিহারী নগরে দেওয়ানি আদালত ও একটা জেলখানা আছে। বেডিয়ায় একটা হাজত আছে। পূর্বে মতিহারী জেল অতিশয় অস্থাস্থাকর বলিয়া স্ব্রে বিধ্যান্ত ছিল। ১৮৮০-৮৪ অব্দে এক নৃত্তন জেল প্রস্তুত হইয়াছে।

এথানে শিক্ষাপ্রণালী ভাল ছিল না। ক্যাখেল সাহে-বের যত্ত্বে গ্রহ্মেন্টের সাহায্যে পাঠশালা প্রভৃতিতে বিদ্যাম-শীলন পুনর্জীবিত হয়। সম্প্রতি ইহাতে বহুসংখ্যক ইংরেজী বিদ্যালয় ক্ইয়াছে।

চম্পারণ জেলা ২টা চৌকী, ১০টা থানা ও ৪টা পরপণায় Census বিভক্ত। ইহার মাঝোয়া পরগণা আবার ২৫টা ভগ্গার বিভক্ত। Report.

চম্পারণের কল বাহু অপেক্ষাকৃত শীতল। আবাঢ় মান হইতে আখিন পর্যান্ত বৃষ্টি হইরা থাকে। বৈশাথের শেব হইতে জাৈটের কতকদিন পর্যান্ত জয়ানক শ্রীয়। এই নময় পশ্চিম হইতে কালবৈশাথী ঝড় বহিয়া থাকে। পৌষ হইতে কান্তন পর্যান্ত শীত থাকে। গড় বার্ষিক বৃষ্টিপাত আর ৪৭.৯২ ইঞ্চ।

অধানে ম্যালেরিয়া জর প্রবন। গলগণ্ড ও মেধাভাব রোগীও বিজয়। ওলাউঠাও পানিবসন্তও হইরাথাকে । চম্পালু (পুং) চম্পদম্পকত্তবং কোববর্ণং আলাতি প্রতি-গৃহাতি চম্পা-আ-লা-ড়। পনস, কাঁঠাল। (শলরং) চম্পাবতী (লী) চম্পা নদী অন্তি জন্তাং চম্পা-মতুপ্ মন্ত বং।

চম্পাবতী (স্ত্রী) চম্পা নদী অস্তি অভাং চম্পা-মতুপ্ মন্ত বং। চম্পাপুরী। [চম্পকাবতী দেখ।]

চম্পাবতী, রাজপুতানার অন্তর্গত বর্তমান চাংস্থ নগনের প্রাচীন নাম। এই নগর দেওগা হইতে ৩৫ মাইল নৈশ্বতি কোণে এবং জয়পুর হইতে ২৪ মাইল দক্ষিণপুর্বে অবৃহিত। ইহাই পুরাণোক্ত চল্লাসেন রাজার রাজধানী চম্পাবতী নগর। [চল্রাসেন ও চক্রাবতী দেখা]

চম্পাবতী, ভাগলপুর জেলার একটা নদী। ইহার বর্তমান লাম চলন। ভাগলপুরের ২০ মাইল দক্ষিণে এই নদী-তীরে জেথুর নামক স্থানে এক পাহাড়ের উপর একটা মন্দির আছে। ঐ মন্দিরে ১০৫০ সংবতান্ধিত এক ছত্র শিলালিপি পাওয়া যার। [চন্দন নদী দেখ।]

চম্পাষ্ঠী, দক্ষিণ ভারতে প্রচলিত পর্কবিশেষ। ইছা মার্গশীর্ষমাসের শুক্রষ্টীতে থণ্ডোবার মন্দিয়ে সম্পাদিত হয়।
সেধানকার লোকে ইহাকে চম্পাষ্টী কছে।

চম্পু (জী) চপি-উ। গদ্য পদ্যমন্ন কাব্যবিশেষ, যে কাব্যে পদ্য ও পদ্য উভয়ই থাকে।

শগদ্যপদ্যময়ী বাণী চম্পুরিত্যভিধীরতে।" (সাহিত্যদ )
চিম্পেশ (পুং) চম্পায়া ঈশ: ৬তং। কর্ণরাজ। (ত্রিকাণ্ড )
চিম্পোপলক্ষিত (পুং) চম্পায়া নদ্যা নগর্য্যা বা উপলক্ষিত:
৩তং। ১ অঙ্গদেশ, এই দেশে চম্পা নামে নদী অথবা চম্পা
নামে রাজধানী আছে বলিয়া এই নাম হইয়াছে। [বছ]
২ তদ্দেশবাসী।

চলেপালি (দেশজ) একপ্রকার মাছ।
চল্লল, মধ্যভারতের একটা নদী ও ষমুনার প্রধান উপনদী।
ইহার প্রাচীন নাম চর্মারতী। ইহা মৌ-দেনানিবানের ৮।১

<sup>\*</sup> Statistical Account of Bengal, vol. XIII; The Bengal Census Report for 1881, and the Provincial Administration Report.

মাইল অগ্নিকোণে মালব প্রদেশেছ বিজ্ঞান্তেণী হইতে উৎপন্ন হইরাছে। এ অঞ্চলে উহার নাম জনপাড়া। উৎপত্তি স্থানের প্রার ৪০ মাইল দ্রে চম্বল-টেসনে রাজপুতানা-মালব রেলপ্রের গিরাছে। উত্তরাভিম্থে গমন করিতে করিতে ৮০ মাইলের পর চম্বিলা সামক আর এক নদীর সহিত মিলিত হইরাছে। তালনগরের নিকট ইহা উত্তরপশ্চিমাভিমুথী হইরাছে এবং নগংবারা ছুর্গকে বেইন ক্রিয়া শিপ্রা নামে অপর এক নদীর সহিত মিলিত হইরাছে। [চর্ম্ববিতী দেখ।]

চিত্রিষ (স্থী) চমুর্ বর্তমানাঃ ইবোহয়ানি ৭তং চহিব-বঙ্চ রেক -শহাক্ষর:। চমসে অবস্থিত অর, চমসন্থ ভক্ষাক্রবা।

"এব প্রপুর্বী রব তম্ম চন্ত্রিবং" ( ঋক্ ১।৫৬।১) 'চন্ত্রিবশ্চ
শচস্বু চমসেবু অবস্থিতাঃ সোমলকণা ইবং' 'চম্---- তম্থাং
বর্জমানাঃ ইষণ্ডমিং বকারম্ভ রেফশ্ছান্দসঃ' ( সারণ । )

চত্রীষ ( আ ) চষাং ইবাতি গছতি ইব-ক (ইগুপধজ্ঞাপ্রীকিরক:। পা ৩/১/১৩৫ ।) প্রোদরাদিতাৎ রেফো দীর্ঘশ্চ। বৰা চম-উবন্ রেফঃ পূর্ববং। চমসে অবস্থিত, যাহা চমসে থাকে।

"চন্ত্রীয়ো ন শবসা পাঞ্চলন্য:" ( ঋক্ ১৷১০০৷১২ ) 'চন্ত্রীয়ো চন্থাং চমসে রসাত্মনাবস্থিতঃ' ( সারণ )

চিম্বা, পঞ্জাব গবর্মেণ্টের অধীন পর্কভমর একটা হিল্পুরাক্স।
এই রাজ্য কাল্ডাও গুরুলাসপুর জেলাবরের উত্তরে অবস্থিত। জাবিং ৭৫° ৪৯০০ হৈতে ৭৭° ০০০০ পু: এবং অক্ষাণ ৩২° ১০০০ হৈতে ৩৩° ১০০০ উল্লেখ্ড বিস্তৃত। ইহার চতুর্দিকেই উচ্চ পর্কতশ্রেণী। আহুমানিক পরিমাণ ৩১৮০ বর্গমাইল। অধিবাসীর সংখ্যা ১১৫৭৭০।

চিরত্বারমতিত ছইটা পর্বতশ্রেণী চম্বাকে ভেদ করিরা গিরাছে, একটা ইরাবতী ও চন্দ্রতাগা নদীর্বরের মধ্যবর্ত্তী, অপরটা লাধক ও বৃটিশ লাভ্লের সীমার অবস্থিত। ইরা-বতী ও চন্দ্রতাগা নদী দিরা কড়িকাঠ প্রভৃতি রপ্তানির বিশেষ স্থবিধা আছে। ইংরাজ গবর্মেন্ট ইহার অঙ্গলমহল ইক্সারা লইরাছেন। তাহাতে প্রতিবর্ধে প্রায় ছইলক্ষ টাকার কড়ি-কাঠ উৎপর হর। শস্তের মধ্যে গোধ্ম, যব, ভূটা, দেখান, ধান্ত প্রভৃতি জন্মে। নানাবিধ গাছ গাছড়া, রং, কাবাবিচনি, আধ্রোট, মধু, উর্ণা, মৃত্ত ও পক্ষার পালক বিদেশে রপ্তানি হয়।

গ্রীমকালে জন্ হইতে মুগলমান গুজরপণ এলেশে গোমহিবাদি চরাইতে আইদে। প্রায় ৫।৬ লক্ষ ছাগ মেবাদি এবং ৮।১০ সহজ্র গোমহিবাদি গ্রীক্ষকালে চম্বার পর্কতে চরিরা বাকে। চধাপ্রদেশে লোহপ্রস্তর হইতে লোহ উৎপন্ন হর, তাত্রও কিন্নং পরিমাণে পাওরা বার। ইহার সর্ব্ধি বিশেষতঃ দক্ষিণভাগে ভালহোনী নামক স্বাস্থানিবাসের নিকটে স্নেট পাথরের শনি আছে। এখানকার মৃত্তিকা ও জলবায় চা চাবের উপযুক্ত। জললে মুগ, চমর, বজাবরাহ, নেকড়ে প্রভৃতি বাস করে। ঐ সকল শিকার করিবার জন্ত অনেক শিকারী আলিরা পাকে। বর্মান্তরের জললে কত্রিকাম্গ আছে। চমা ও লাহলের মধ্যভাগে শামর হরিণ পাওরা বার।

নানা জাতীর স্থলর পক্ষী এথানে বাস করে। উহাদের বিচিত্র পক্ষযুক্ত গাত্রচ্ছদ বছ্মুলো বিক্রীত হর।

চথা, পঞ্চী ও লাহলের মধ্যে আটটী পিরিবর্মু আছে।
চথাতে প্রায় ৩০০ মাইল রাজা প্রস্তুত হইরাছে। ইহার
মধ্য দিরা মধ্য এসিরার সহিত কতক বাশিজ্য সম্পর হয়।
কাপড়, ছুরি, কাঁচি, তৈল, চর্ম্ম গুউণা বল্লালি আমলানির
মধ্যে প্রধান।

এখানকার রাজবংশীর ক্ষত্রিরগণ সংখ্যার অল্ল এবং অনে-**क्टि हिमाहत्त्रत प्रक्रिंग इ उपछाकां वान करता वर्षा छत्र** ध्येरः काम् ए। स्मनात्र, स्त्रभूत ७ अक्नामभूत स्मनात পাঠানকোট প্রগণার সামান্ত প্রদেশে এক শ্রেণীর ব্রাহ্মণ বাস करतन। हैशता चित्र नतन, नकन हे चित्र धाहीन ती जिनी जि अञ्चराद्य छिनद्रा थाटकन, अवः आधुनिक आछात वावहात्रानि किहूरे अवगड नर्दन। এथान अकान ऋजित्र आह्न : व्यवान धरेक्रण (य डाँशांता भूटर्स बाक्रण क्रिलन, कर्मालाटर क्राबित्र इरेबाट्डन । हैरांत्रा कृषिवानिकानि कतिवा शास्त्रन वर हैरात्मतरे जाजि रहेटज सधिकाः भ तासकर्यानात्री निवृक इत । ইहारमत चाक्रि ७ वावहात्रामि ममजनवानी क्राबित হইতে সম্পূৰ্ণ বিভিন্ন। কাজ্ডা-সীমায় কুনেত জাতি ক্ষবিকর্ম করে, কিন্তু তত্তরগণ তথাকার অমিদার। এই তক্ষ্মণ সম্ভবত: ভুৱাণীয় জাতীয়। ইহারা স্বস্পন বাহক, চৌकिनात्र ७ मक्दत्रत कार्या ७ कतिता थाक । व्यथिवानि-গণের মধ্যে হিন্দু ১০৮৩৭৭, মুদলমান ৬৮৫৯, বৌদ্ধ ৩৮৫, **শिथ १२ এवः युष्ठान ৮**०।

চৰার রাজা ক্ষত্রিরবংশোন্তর। ইনি সন্মান অনুসারে পঞ্জাব ভূপতিগণের ১৫শ এবং সন্মানার্থ ১১টা ভোপ প্রাপ্ত হন। ইনি ১টা কামান ও ১৬০ জন সিপাহী রাখিতে পারেন।

১৮৪৬ অনে চছা ইংরাজ রাজাভূক হয়। প্রথমে ইহার কতক অংশ কাখীরাধিপতিকে প্রদত্ত হইয়াছিল, পরে ১৮৪৭ খৃঃ অনে সমগ্র চছা সদক ছারা উহার রাজা ও তীহার উত্তরাধিকারীসপকে অর্পিত হর। প্রাচীন হিন্দু
নিরমান্ত্রপারে ইহার অনেক বিচারকার্যা হইর। থাকে।
খাজনা আদাধ্যের জন্য প্রত্যেক প্রায়ে এক একজন চর অর্থাৎ
গোমন্তা আছে। উহাদের অধীনে একজন সরকার ও এক
জন বাটোরাল অর্থাৎ চৌকিলার থাকে। পোমন্তা প্রায়ের
কর আদার ও অক্তান্ত বিধর রাজসরকারে জ্ঞাপন করে।

১৮৫৪ খৃঃ আছে ভালহোনী স্বাস্থানিবাস ইংরাজ গ্রমেন্টকে অপিত হর এবং ভজ্জার রাজ্যের কর ২০০০ টাকা
কমাইরা দেওরা হর। ১৮৬৭ সালে চহার বক্লো ও
বসুন নামক স্থানব্যে ইংরাজনৈজের চ্ইটা ছাউনি
প্রেড হর। উহার ক্তিপ্রণ্যরণ কর আরও ২০০০ টাকা ক্যাইরা দিরা একণে বার্ষিক বোট ২০০০ টাকা সাত্র
কর হির হইরাছে। ইহার রাজধানী চহা। [চন্পা দেধা]

২ পূর্ব্বোক্ত চরা রাজ্যের রাজধানী। জক্ষাণ ৩২ণ ২৯´ উঃ, স্তাবিণ ৭৬ণ ১০´ পূ:। এই নগরের অধিবাসীর সংখ্যা ৫২১৮। চন্মেলি (বেশজ) পূস্পবিশেষ, চামেলি।

চয় (পুং) চি কৰণি-কচ্(এরচ্। পা ৩।৩।৬৬) ১ সম্ছ। "চৰবিৰামি ভাৰধারিতং পুরা।" (মাঘ ১।৩।)

२ व 21 । [वदा (नथा] ७ द्याकात।

<sup>4</sup>শৈলাদভূাজ্ববতা চন্নাট্টালকশোভিনী। (ভারণ ৩০১৬০।৩৭)

পরিধা হইতে উচ্ত মৃতিকান্তৃপ। ৫ স্মাহার।
 (মেদিনী।) ৬ পীঠ, বসিবার আসন। (হেম॰) ৭ আয়াদির
 চন্দ্রনরপ সংকারবিশেষ। ৮ বাত, পিত ও ককের অবস্থাবিশেষ।
 "চন্দ্র: শাম্যতি পশুন্ত প্রকোপ: ক্ট্ডি ক্রতম্।" (চক্রপাণি)
চন্নক (বি) চন্দ্র কুশল: চন্দ্র-কন্ (আকর্বাদিভ্য: কন্। পা
 বাং।৬৪।) চন্দ্রক্শল।

চয়ন (ক্নী) চি-ভাবে সূটে। ১ আহরণ। ২ অগ্নাদির সংস্কার-বিশেষ। "সুষধা কামরেত তথা কুর্যাদিতি অচরনক্ত তথা চরনক্তেতি" ( শতং ব্রাং ৯/৫/২/১১) চীরতে হনেন চী-করণে কুটে। তসংস্কারসাধন, যুপ প্রভৃতি।

"বেন ভাগীরখী গলা চরনৈঃ কাঞ্চনৈন্ডিতা।"(ভারত ৭।৫১ আঃ)
চয়নীয় (জি) চি-জনীরর । বাহা চরন করা হইবে, চরনবোগ্য।
চয় (পুং) চরতি স্থ-পর-রাইওভাওভজ্ঞানার প্রায়াতি চর-জচ্।
১ নিল রাজ্য ও পররাজ্যের শুভাওভ জানিবার জন্য নিযুক্ত
দৃত, চার । পর্যার—বথাইবর্ণ, প্রাণিধি, অপদর্প. চার, ন্পর্ণ,
গৃঢ়পুরুষ, অপদর্পক, প্রতিক, প্রতিক্রন, গুপ্তগতি, মন্ত্রগৃচ,
হিতপ্রদী ও উলাহিত। যুক্তিকরতকর মতে চর ছইপ্রকার—
বাহারা প্রকাশ্রভাবে প্রনাগ্যন করে, তাহাদিসকে প্রকাশ
এবং বাহারা প্রপ্তাবে স্বরাজ্য বা প্ররাজ্যের শুভাওভ

অফ্সন্ধান করে, তাহাদিগকে অপ্রকাশ বলে। প্রকাশ চনের নাম দ্ত। দ্তি দেখা বাহারা তর্ক ও দ্বীদিতজ্ঞ, স্বতিশক্তিযুক্ত, ক্লেশ ও আরাসসহনশীল, কার্যাক্ষম, ভরশ্ত, রাজভক্ত এবং সহসাই কর্ত্বনাকর্ত্বন নির্ণর ক্রিতে পারে, ভাহারাই চর হইবার বোগা। হিহার অপর বিবরণ দ্ত শব্দে জ্বইবা। ২ কপর্দক, কড়ি। (রাজনিং) ও মেব, ক্রিট, তুলা ও মকর রাশি।

"চরস্থির ছাত্মক নামধের। মেবাদরোহমী ক্রমশালিধা স্থা:।"
( জোতিত্ত ।) ৪ স্থাতী, পুনর্বস্থ, প্রবণা, ধনিষ্ঠা ও শতভিষা
এই কর্মী নক্ষত্রকে চর বলে।

"বাভাদিভাহরিজরং চরগণ:।" ( লোভিস্তন্থ )

ৎ মঙ্গনবার । ৬ আক্রমীড়াবিশেব । (আি) ৭ চল, অভির । "তক্ত সর্বাণি ভূতানি স্থাবরাণি চরাণি চ।" (মন্থু ৭।১৫) (পুং জী)৮ ধঞ্জন পাধী। (শক্ষমাণ)

৮ দেশান্তর। ইহা ছইপ্রকার পূর্ব্বাপর ও দক্ষিণোভর (১)। স্ধাসিদান্তে চরানরনপ্রণালী লিখিত আছে। দিন ও রাত্রিমান জানিতে ইহার প্ররোজন হর। প্রথমে গণিতা-মুসারে প্রহের স্পষ্ট ক্রান্তিসাধন করিয়া তাহা হইতে ক্রমজ্যা ও উৎক্রমজ্যা সাধন করিবে। [ম্পষ্টক্রান্তি দেখ।] উৎক্রমজ্যা ও ত্রিজ্যা উভরের জন্তর করিলে বাহা হইবে, তাহাকে দিন-वार्म-मन, व्यव्हाताच वृत्खत मार्क वा छाका वर्ण। निन व्यानार्क मिन्नगर्गान । ও উত্তরখোলে इटेशा थाकে, অপরচীর নাম ক্রান্তিজ্যা। বিবুবদিনের মধাক্রালে ১২ আঙ্গুল শঙ্কুর ছান্নায়ত হইবে তাহা বারা ক্রান্তিক্যা গুণ করিয়া ১২ বারা ভাগ क्षिर याहा इहेरव छाहारक कुछा। वरन । कुछारक विका बाता ७ कतिरन याहा इहेरत, जाहारक मिन-वामित्रन वा काष्ट्रा बाजा खान कतिरव। याहा फल क्हेरव ভাহার নাম চরজ্যা। এই চরজ্যার আহুকে চরাস্থ বলে। প্রাহের অহোরাত্রাস্থ্যাধন করির। তাহার চতুর্থাংশের সহিত চরাত্ম যোগ ও অপর চতুর্থাংশ হইতে চরাত্ম বাদ দিলে যে क्रे हैं। त्राणि हरेत, जाहारे निर्नार्क अ ब्रावार्क हरेबा थारक। (২) ( স্বাসি ) [ দিনরাতিমানসাধন দেখ। ] ৯ নদীগর্জে যে বালুকামর স্থান উৎপর হয়।

<sup>(&</sup>gt;) "বেপুনেৰ লকোদরকালিকাতে দেশতেরেণ অপ্রোদ্ধে হয়: দেশভার: প্রাগণর: তথান্ত: বাম্যোত্তর: ডচ্চরস:জ্ঞাকুম্।"
(পোলাধাায় সধ্যস্তিবাং)

<sup>(</sup>২) "ক্লান্তেঃ ক্ৰমেংক্ৰজ্যে ছেকুছা ততোৎক্ৰমখায়। হীনা জিল্পা দিনবাস্থলং জন্দিংগান্তরম্। ৬০। ক্ৰান্তিল্পা বিধুবৃদ্ ভাষী ক্ৰিভিল্প ঘদশোক্তা।

চরক (পুং) চর-এব চর স্বার্থে কন্। ১ চর, দৃত্বিশেষ। ২ বৈদ্যশাস্ত্রপ্রতা মুনিবিশেষ। "দেবাকর্ণয় স্ক্রেন চরকভোকেন জানেহথিলম্।" (নৈষ্ধ্চ॰)

ভাবপ্রকাশে লিখিত আছে যে, যথন নারায়ণ মংখাবতার হইয়া বেদের উদ্ধার করেন, তথন অনস্তদেব অথব্রবেদের অন্তর্গত আয়ুর্বেল প্রাপ্ত হন। ইহার পর অনস্তদেব ভ্তলের অবদা দর্শন করিতে চররূপে পৃথিবীতে আসিয়া দেখিলেন যে, ভ্রমপ্রলবাদী অনেকেই ব্যাধিগ্রন্ত হইয়া বেদনায় কাতর হইয়াছে। দয়ালু অনস্তের হৃদয় গলিয়া গেল। তিনি মানবের হুরবদ্বা দ্র করিতে বড়লবেদবেক্তা মুনিপ্রক্রপে আবিভূতি হইলেন। ইনি চর রূপে পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন, এই কারণ তাঁহার নাম চরক হইয়াছে। চরকাচার্য্য অল্লনি মধ্যেই মানবম্প্রলীর ব্যাধির স্থ-চিকিৎসা করিয়া জগদিগাতে হইলেন। আত্রেমর শিষ্য অগ্নিবেশ প্রভৃতি যে সকল বৈদ্যক গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন, পণ্ডিতব্র চরক দেই সকলের সংস্কার ও সারাংশ গ্রহণ করিয়া নিজ নামে (চরকসংহিতা) একথানি গ্রন্থ প্রণয়ন করিয়া নিজ নামে (চরকসংহিতা) একথানি গ্রন্থ প্রণয়ন করেন। (ভাবপ্রকাশ পূর্বেণ ২ ভাগ)

ত চরকমুনি প্রণীত একথানি বৈদ্যকগ্রন্থ। ইহা আট ভাগে বিভক্ত—স্তা, নিদান, বিমান, শারীর, ইক্সিয়, কল ও সিদ্ধিল্পান। প্রচলিত বৈদ্যক গ্রন্থের মধ্যে চরক একথানি উৎকৃষ্ট গ্রন্থ। ৪ একজন প্রাচীন বৈয়াকরণ। ক্ষীরস্বামী ও মোহনদাস ইহার মত উদ্ভ করিয়াছেন। ৪ চক্রকর। ৫ ভিক্ষ্ক। (শকার্থচিং) ৬ পর্পটি। (রাজনিং) চরক্সংহিতা (স্ত্রী) চরকেণ নির্মিতা সংহিতা মধ্যলোং। বৈদ্যকগ্রন্থবিশেষ। [চরক দেখ।]

চর্কা (চক্র শক্জ) স্তা কাটিবার কলবিশেষ। পুর্বে বল-দেশে প্রত্যেক গৃহত্বের বাটীতে চর্কা থাকিত। অবকাশ মত জ্রীলোকেরা তাহাতে স্তা কাটিত। এখন তত্ত্বারেরা চর্কা ব্যবহার করে। হিন্দুর বিবাহাদি মন্দলকার্য্যে চর্কার প্রায়েজন হয়।

চরকালে (পুং) কালবিশেষ, দিনমান স্থির করিতে ইহার প্রয়োজন হয়। [দিনরাতিমান দেখ।]

চর্কি (চক্র শক্ষ) ১ চক্র, যাহা চতুর্দিকে সমান ভাবে ঘ্রিরাথাকে। ২ এক প্রকার বাজী, ইহার মুগে আমাণ্ডণ দিলে চক্রাকারে ঘ্রিতে থাকে।

ত্ৰিজ্যা ওপাহোৱাতাৰ্দ্ধ-কৰ্ণাখ্যা চৰক্ষাসব:। ৬১। তৎকাৰ্পূক্মুদক্কাৰো ধৰহানী পৃথক্ৰিতে। ৰাহোৱাত্তুৰ্ভাগে দিনৱাত্ৰিদকে মুতে।" ৬২। ( সু্গাসিণ) চরগৃহ (क्री) চররপং গৃহং। মেষ, কর্কট, তুলা ও মকর বালি।[চর দেখা] চরগেহ প্রভৃতি শক্ত এই অর্থে ব্যবহৃত। চরট (পুংস্তী) চরতি নৃত্যতি চর-বাহলকাৎ অটচ্। ধঞ্জন পাথী। (শক্ষাণ) স্তীলিকে তীব্ছর।

চরণ (পুং ক্লী) চর-করণে শৃটি (আর্জার্চাদি পণাস্তর্গত বলিয়া উত্তর লিক। পা ২।৪।৩১।) > দেহাবরববিশেষ, পদ। পর্যায়-----পাদ, পৎ, অভিযু. বিক্রম, পদ, আক্রম, ক্রমণ, চলন, ক্রম। "বিতীয়ে হস্তচরণৌ তৃতীরে বধ মহন্তি।" (মন্থ ৯)২৭৭)

২ বেদের একদেশ, শাধা। "গোত্রঞ্জ চর নৈঃ সহ।" (মহাভাষা)
৩ স্থ্য প্রভৃতির কিরণ। ৪ শ্লোকের চতুর্থ ভাগ,
পাদ। "প্রথমাজিলুসমো যক্ত তৃতীরোশ্চরণো ভবেং।"
(ছলোম॰) ৫ চতুর্থভাগ। "পশ্লস্তি ধেটাশ্চরণাভির্যিতঃ।"
(জ্যোতি॰) ৬ একদেশ। "জ্যোভিশ্চরণাভিধানাং।"
(শা॰ স্০॰) চর ভাবে সূট্। ৭ অফ্টান। "ভপসশ্চরটণেশ্টেরাঃ।" (মহু ৬।৭৫) ৮ গমন।

"যত্তামুকামং চরণং ত্রিণাকে ত্রিদিবে দিবঃ ।" (ঋক্ ৯।১১৩ ৯) ১০ ভক্ষণ।

"অক্তমা ভৈক্ষচরণ মদমিধাচ পাৰকম্।" (মহু ২০১৮৭) ১১ আচার। (হেম॰) চরতি বিচরতাত্ত চর অধিকরণে লাট্। ১২ চারণস্থান, যেখানে বিচরণ করা হয়। "অপ্সরসাং গর্কাগাং মৃগাণাং চরণে চরন্।" (ঋক্ ১০।১৩৬,৬) 'চরণে সঞ্চারভূতে দিব্যস্তারীক্ষে চ তথা মৃগাণাং সিংহাদীনাং সঞ্চারস্থলে পৃথিবাং।' (সায়ণ।)

১৩ ভাতুঋষি গোত্রীয় দাক্ষিণাত্যের একজন রাজা। চরণগ্রন্থি (পুং) চরণভ গ্রন্থি: ৬তং। ত্রন্ক, গোড়ালী। **ठत्रनाम, छानचरत्राम्य नामक हिम्मी अङ्टार्यछ। हिन ১८৮०** খৃ: অবেদ ফরজাবাদের পণ্ডিতপুর্গ্রামে জন্মগ্রহণ করেন। চর্ণদাস্ চরণদাসী নামক বৈষ্ণব সম্প্রদায়ের স্থাপনকর্জা। ইনি ১৭৬০ সংবতে ধুসার নামক বণিকৰংখে জন্মগ্রহণ করেন এবং ১৮০৯ সংবতে গতাত্ত্ব। সমটি ২র আলম্গীরের সমর ইনি আছ্রুত হন। বাল্যকালে ইনি দিলীতে গিয়া উত্তমরূপে সংগীতশিকা করেন। পরে চরণ্দাসী নামক বৈষ্ণবধর্ম প্রচার করেন। দিলীতে ইতার মঠ আছে। ইনি ভাগবত ও গীতার ভাষা এবং সন্দেহসাগর, ধর্মফাহাজ প্রভৃতি হিন্দী বৈষ্ণব গ্রন্থ রচনা করেন। [চরণদাসী দেখ। ] **চরপদাসী** (खौ) > निक खौ। २ अक देवकाव मध्यामाय। চরণদাস ইহার প্রবর্ত্তক। চরণদাসীরা ক্লফকেই জগতের আদিকারণ পরত্রন্ম বলিয়া বিশ্বাস করে বটে, তথাপি ইহাদের मण कणक व्याप्त देवनां खिकनिरंगत्र छात्र। व्यन्तां मा देवकाव- নিগের ন্যার ইহারাও দীক্ষাগুরুকে পাগাড় ভক্তি করে ও ভক্তিকেই সর্বশ্রেষ্ঠ বনিরা মানে। ইহারা জাতিভেদ মানে না। প্রথমে ইহারা শাল্প্রাম পূজা করিত না, অবশেবে রামান্ত্র সম্ভানের সহিত মিল রাবিধার নিমিত্ত শাল্প্রাম পূজা আরম্ভ করিরাছে।

ইহাদের একটা বিশেষত্ব এই যে ইহারা ভক্তিকে কর্ম চইতে সম্পূর্ণ পূথক বিবেচনা করে না। স্কুতরাং ইহারা সদাচার ও স্থনীতি ভাল বাসে। মাধ্ব সম্প্রদায় হইতে ইহারা নীতিশিক্ষা অস্কুকরণ করিয়াছে। [মাধ্ব দেখা]

ইহাদের অনেকে বিবাহাদি করিয়া ব্যবসা বাণিজ্য করে, আবার অনেকে সন্ন্যাসী হইরা ভিক্লা করিয়া বেড়ায়। শেবাকে বৈক্ষবগণ পীতবর্ণ পরিচ্ছদ, ললাটে গোপীচন্দন রেখা. মন্তকে স্চাগ্রা টুপি ও গলায় তুলদীমালা ধারণ করে। ইহাদের বিশুর শিব্য আছে। গোকুল্ছ গোস্বামীদিগের প্রতিপত্তি নাশ করিবার জন্যই স্কুবতঃ এই দলের সৃষ্টি হয়।

শ্রীমন্তাগবত ও গীতা ইহাদের ধর্মশান্ত। চরণদাস নিজে ও তদম্বর্তী অনেকে চলিতভাষায় ঐ গ্রন্থব্যের অন্থবাদ করিয়াছেন। চরণদাসের ভগিনী সাহজীবাই ভ্রাতার নিকট সর্বপ্রথম এই ধর্মে দীক্ষিত হন। দিল্লীনগর ইহাদের প্রধান আড্ডা।

চরণন্তাস (পুং) চরণত তাস: ৬তং। পাদন্যাস, পাদক্ষেপ।
চরণপার্বন্ (ক্নী) চরণত পর্ব ৬তং। গুল্ফ, পায়ের গোড়ালি।
চরণপাতে (পুং) ১ পাদন্যাস। ২ পদস্থলন।

চরণপাহাতী, বৃন্ধাবনের অন্তর্গত কাম্যবনের সীমার মধ্যে লকাল্কিকণ্ডের পার্শ্বন্থ একটা পাছাড়। বৈষ্ণবেরা এই পর্বতের চরণপাহাড়ী নামের কারণ এইরূপ নির্দেশ করেন-"কোন সময়ে গোপমহিলাগণ ক্ষেত্র সহিত লুকালুকি-কুণ্ডে জলক্রীড়া করিতে যাইয়া পরামর্শ করিল যে, ক্লম্ভের সহিত একসঙ্গে ডুব দিব, কিন্তু তাঁহার উঠিবার পূর্ব্বে উঠিব, আবার যেমন দেখিব যে তিনি উঠিবার উপক্রম করিতেছেন, অমনি আবার ডুব দিব। তাহা হইলেই তিনি আতো ও আমরা পশ্চাৎ উঠিয়াছি প্রমাণ হইবে। কৃষ্ণ রাধা প্রভৃতির চালাকি বৃঝিতে পারিয়া প্রথম ডুবেই বছদুর সরিয়া গেলেন এবং একটা পর্বতে উঠিয়া গোপীদের ক্রীড়া দেখিতে লাগি-লেন। এদিকে গোপীরা বার বার ডুবিতে ও উঠিতে লাগিল, কিন্তু ক্লফকে দেখিতে পাইল না, অবশেষে কুঞ্বিরহে কাতর হইয়া স্কলে মিলিয়া কাঁদিতে লাগিল। . কুঞ্চ সময় বুঝিয়া বাঁশী ধরিলেন। গোপীরা ছুটিয়া ভাঁহার নিকটে উপস্থিত হইল। কুফের মধুর বাশীরবে পাষাণ্মর পাহাড়ও কোমল হইরা গেল। ভাহাতে ক্লফের চরণচিল পাহাড়ের চূড়ার অভিত হর। এই কারণে উহাকে চরণপাহাডী বলে। ( ভক্তমাল )

এই পাহাড়ের প্রস্তর বর্ষণ ও নন্দর্গা নামক পাহাড়ব্যরের অন্থর । এক সমরে এই প্রস্তর কাটিরা ব্যবহার
করিবার প্রস্তাব হর, ভাহাতে দেশীর লোক আপত্তি করার
ভাহা কার্য্যে পরিণত হয় নাই। এই পাহাড়ের গড় উচ্চতা
২০ হইতে ৩০ ফিট এবং দৈখ্য এক মাইলের চতুর্থাংশের
অধিক নহে। ইহার অধিকারীর নাম রাধিকাদাস।

এই পর্কতে ইক্রযন, গলের ও নির্বিধীলত। প্রভৃতি জলো। পাহাড়ের চতুর্দিকে কিছু দ্র পর্যান্ত জলল আছে।
এই স্থান দর্শন করিলে ব্রজধামের বছবিধ ফল পাওয়া যায়।
চর্লবৃহ্ত্ (পুং) চরণানাং শাখানাং বাহোহত্ত বছবী। বেদের
শাখাবিভাগাদির পরিচারক একথানি গ্রন্থ। অথক্বিদের
৪৯ পরিশিষ্ট এবং কাড্যায়নের ৫ম পরিশিষ্টকেও চরণবৃাহ
বলে। বেদব্যাস, শৌনক প্রভৃতি রচিত চরণবৃাহও আছে।
রুষ্ণদত্ত, মহীদাস, বিদ্যারণ্য প্রভৃতি রচিত চরণবৃহহের টীকা
দৃষ্ট হয়।

চরণশুক্রা (জী) চরণয়ো: শুক্রারা ৬তৎ। পদদেবা।
চরণস (জি) চরণেন নির্ভি: চরণ-চাত্রর্থিক স (পা ৪।২।৮০।)
চরণনির্ভি দেশাদি।

চরণদেবক (ত্রি) চরণত দেবক: ৬তৎ। যে চরণ সেবা করে।
চরণদেবা (ত্রী) চরণত দেবা ৬তৎ। পদদেবা, পা টেপা।
চরণা (ত্রী) যোনিরোগবিশেষ।

চরণাক্ষ (পুং) অক্ষপাদ, গৌতম।

চরণামুগ (তি ) > শরণাগত। ২ পশ্চালগামী।

চরণাভরণ (ক্লী) চরণভাভরণং ৬তৎ। চরণের অবলকার, পাদভূষণ।

চরণামূত (ক্নী) চরণভামৃতং ৬তং। পাদোদক।
চরণায়ুধ (পুং স্ত্রী) চরণএবায়ুধ: অস্ত্রবিশেষো যম্ম বছরী। কুরুট।
"আকর্ণ্য সম্প্রতি হৃতং চরণায়ুধানাং।" (সাহিত্যদণ ও পরিণ)

ক্রীলিকে ভীষ্হয়। (তিন) চরণৌ আনমুধাবিব ৰজ বছব্রী। ২ যাহার চরণ আরুধের ফায়। "তুওপক্ষ প্রহারেণ জাটায়ুশ্চরণায়ুধঃ।" (রামায়ণ ৩।৫৬।০৫।)

চরণি (পুং) চর-অনি। মহুষ্য।

"সুবিদ্বাসং চকুতিয়ং চরণীনাম্ন" ( ঋক্ ৮।২৪,২৩ ) 'চরণীনাং মহুষ্যাণাংন' ( সারণ। )

চরণিল ( আ ) চরণ-চাত্রথিক ইল। চরণ দারা নির্ভ। চরণোপান্ত ( পুং) চরণভ উপাত্তঃ ৬তৎ। চরণ সমীপ, পারের নিকট। চরতী (স্থী) চিরতী প্যোদরাদিছাৎ ইকারত অকার: । চিরতী, স্বাদিনী। (বেশ)

চরগু (অ) চরণ্য-উণ্। চরণশীল, গমনশীল। "চকুর্ন আছিনী চরগু:।" (ঋক্ ১০।৯৫।৬) 'চরগুম্ভরণশীলঃ' (সারণ।)

চরতা (স্ত্রী) চরত ভাব: চর-তল্টাপ্। ১ চরের ধর্ম, চরত। (দেশজ) ২ র্ছি।

চরথ ( আ ) চর-কাথ। ১ জাজম। "হাতু "চরথম জুন্ব্রেণিং।" ( ঋক্ ১।৩৮।১) 'চরথং জাজমং" ( সায়ণ। )

২ চরণশীল, গমন করা যাহার স্বভাব।

"পুরুত্রা চরথং দধে।" (ঋক্ ৮।৩৩ ৮) 'চরথং চরণশীলং' (সারণ।)

(ক্লী) ও বিচরণ, ভ্রমণ। "ক্রমী ন উর্জাঞ্চরথায় জীবদে।" (অক্ ১।৩৬।১৪) 'চরধায় লোকে চরণায়' (সায়ণ।)

চরদেব (পং) রাজতর দিণী বর্ণিত একজন যোদ্ধা। (৭।১৫৫৪) চরফা (পারসী) বাস্তর চতুর্দিকস্থ নিয়ভূমি, চ্লিত বাদালায় চরফা বলে।

চরভ (क्री) চররাশি, চরগৃহ।

চরভবন (ফী)[চরগৃহ দেখ।]

চর্ম ( জি ) চরতি চর অমন্ (চরেশ্চ। উণ্ ৫।৬৯।) ১ অস্তা । ২ পশ্চিম। ৩ শেৰোৎপন্ন। "অববীৎ ক্রিয়তামেবাং স্তানাং চর্মা ক্রিয়া।" (ভারত ৪।২৪ আ: )

(ক্লী) ৪ **জান্ত,** পশ্চাৎ। <sup>\*\*</sup>উল্তিষ্টেৎ প্রথমং চাম্ম চরমং চৈব সন্থিশেৎ। \*\* (মন্তু ২১১৯৪)

চরমক্লা (পুং) চরমশ্চাসৌ কালশ্চেতি কর্মধা । শেষসময়, মৃত্যুকাল।

চরমক্ষমাভূৎ (পুং) চরমশ্চাদৌ ক্ষাভ্চেতি কর্মধাণ। অন্তাচল, পশ্চিমাচল। চরমগিরি, চরমাচল প্রভৃতি শক্ষ ও এই অর্থে ব্যবহৃত।

চরম ৈ হিক ( তি ) চরমং পশ্চিমন্থং শীর্ষ অন্ত্যক্ত চরমশীর্ষন্-ঠন । পশ্চিমশীর্ষ, যাহার মাথা পশ্চিমদিকে থাকে ।

"অথ দক্ষিণমার্ত্য রুষীং চরমশৈর্ষিকীম্।" (ভারত ১৩,১ •।২৯) চরমাজা (স্ত্রী) অতি কুল অজা।

" हत्रमांका मर्शिहत्रन्।" ( व्यर्थक् ८।১৮।১১ )

চরবী (পারদী) শরীরস্থ ধাতৃবিশেষ, বসা। [বসা দেখ।] চরবীদার (পারদী) যাহার চরবী আছে।

চরব্য (অি) চরবে হিতং চরু-যৎ (উগবাদিভ্যোয়ৎ। পা ৫।১।২।) চরুর হিতকর তণুল প্রাঞ্তি।

চরস্, গাঁজা গাঁছের ও তাহার ফ্লের আঠা। গাঁজার মধ্যে বিশেষতঃ ইহার ফুল ও পক বীজের মধ্যে রজনের মত এক থাকার আঠা থাকে, ঐ আঠা গাঁজা হইতে সমরে সমরে পৃথক্তাবে বাহির করিয়া লওয়া হয়, সেই আঠাকেই "চরস" বলে। বে হানে গাঁলার লাবাদ হয়, তাহার সকল লারগার চরস পাওরা বার না। কারণ বলদেশে ও অপর অনেক দেশের গাঁলা গাছে লাঠা অতি অরমাত্র বাহির হয়, স্তরাং এ সকল প্রদেশে ভালরকম চরসও পাওয়া বায় না। হিমালয়ের নিকটত্ব প্রদেশে বিশেষতঃ গড়বাল ও নেপাল প্রভৃতি হানের গাঁলাগাছে যথেষ্ট পরিমাণে ঐরপ আঠা থাকে, স্তরাং ঐ সকল হানে প্রচুর পরিমাণে চরস উৎপর হয়। য়ুরোপ অতি শীত প্রধান বলিয়া তথাকার গাঁলা গাছ হইতে যথেষ্ট পরিমাণে আঠা নিংস্ত হয় না, স্তরাং তথার সেরপ পরিমাণে চরস উৎপর ইবার আশাও নাই। গাঁলা গাছ তকাৎ তফাৎ থাকিলে তাহাতে আঠা বেশী জয়ে।

প্রীম্মকালে চরস প্রস্তুত হইরা থাকে। ইহার প্রস্তুত প্রণালী সাধারণতঃ তিনপ্রকার—টাট্কা অথচ স্থপক গাঁজা গাছকে অগ্নির মৃহ উত্তাপে নরম করিয়া পরে হামানদিন্তার পেষণ করিলে গাত্রসংলগ্ন আঠা একতা হইয়া চরসকপে পরিণত হয়।

বিতীয় প্রণালী এই—চরস প্রাক্তকারীগণ চর্ম্মনির্মিত পায়লামা প্রভৃতি পরিধান করিয়া গাঁলাক্ষেত্রের মধ্য দিয়া গমনাগমন করে এবং তদ্ধারা গাঁলার্ক্ষের সহিত তাহাদের গাত্রের সংস্পর্শ ও সংঘর্ষণ হওয়ায় গাঁলা রক্ষের রজন সদৃশ আঠা তাহাদের চর্ম্মনির্মিত পরিচ্ছনে লাগিয়া যায়। তাহারা পোযাক হইতে এই আঠা পৃথক্ করিয়া লয় এবং তাহাতেই চরস উৎপর হইয়া থাকে। চরসপ্রস্তুতকরণের শেষ ও সর্কোৎকৃষ্ট প্রশালী এই—গাঁলা গাছের বিদ্যাব্যায় হাত দিয়া উহার মধ্য হইতে নির্মান বা আঠা বাহির করিয়া লইতে হয় এবং উহাই চরস নামে অভিহিত হইয়া থাকে।

পঞ্জাব অঞ্চলে গাঁজার বীক্সগুলি তুলিয়া হস্তদারা একতা মর্দন করিলে চরস পাওয়া যায়। ইর্কন্দ ও কাশঘন প্রাদেশের চরস অত্যুৎকৃষ্ট। তথায় গর্দা নামক চরসই অধিক বাবহাত হয়। গর্দা তিনপ্রকার স্থা, ভলারা ও থাক। কলু, কালড়া ও কাশীর প্রাদেশ দিয়া পঞ্জাব প্রদেশে কাশঘ্র ও ইয়কন্দ প্রদেশের চরস আনীত হয়।

ভারতবর্ষে বোধারী, রকান্দী, কাশ্মীরী প্রভৃতি ভির ভির জাতীর চরস পাওয়া যার। সকল প্রকার চরসের মধ্যে মোমের তার চরসই সর্কোৎকৃষ্ট। নেপাল প্রদেশে বোধারী চরসের আদের বেশী। দিলীপ্রদেশস্থ গড়বাছাত্র নামক স্থান চরসের প্রধান আড্ডা। চন্নদ গাঁলা ও নিজিন্ন ভার নালক পদার্থ, তবে গাঁলার ভার ইহাতে নালকভাশক্তি বেশী নাই। প্রথমে তামাকের মধ্যে চরদ প্রিরা অগ্নিতে আবশুক মত পুড়াইরা লর। পরে অর ভাষাকের দহিত ঐ চরদ মিশাইরা কলিকাতে সালিরা ধূম পান করে। ধূমপান করিবামাত্র নেশা হইরা থাকে, অর্থাৎ চরদের নেশা শীত্রই হর, আবার ঐ নেশা শীত্রই ছুটিয়া বার। চরদ অক্সাৎ বাবহার করিলে মানসিক বিভ্রম ঘটিয়া থাকে। চরদের নেশার চকু অধিক রক্তবর্ণ হয়।

এসিরা, ও মিশরদেশে বছকাল হইতে মাদক দ্রব্য স্বরূপ চরস ব্যবস্থত হইরা স্থাসিতেছে। ডাক্তার রইল ও মরে সাহেব লিধিরাছেন যে যুরোণেও স্থাতি প্রাচীনকাল হইতে ঔষধের মধ্যে চরস ব্যবহৃত হইরা স্থাসিতেছে।

পূর্ব্বেপাঁচ ছয় টাকা করিয়া চরসের সের বিক্রয় হইত। চরুসী (দেশক) যাহারা চরস্থায়, চরস্থোর।

চরা (চড়া) মানভূম কেলার অন্তর্গত একটা গ্রাম। অকণ ২০ ২০ লি উ:, দ্রাঘি ৮৬ ২৭ ০ পু:, পুরুলিয়ানগরের নিকটে অবস্থিত। এথানে কতি প্রাচীন পাথরে নির্মিত ও লোহার বাঁধ দেওয়া ছইটা জৈন-দেবালয় আছে। পুর্নের এইরূপ ৭টা দেবালয় ছিল, ছইটা ভিন্ন সকলগুলিই পড়িয়া গিয়াছে। মন্দিরে তেমন কার্যকার্য্য নাই, কিন্তু এখানকার ভীর্যক্ষরের মৃত্তিভালি দেখিবার জিনিস। এথানে প্রাবক-দিগের নির্মিত কৃতকগুলি বড় বড় জলাশয় আছে।

চরাচর (জি) চর-অচ্নিপাতনে সাধু। ১ জন্ম। ২ ইট। (হেম°) (পুং) ৩ কপর্দক, কড়ি। (রাজনি°) চরেণ সহ অচর:। ৪ ছাবর ও জন্ম।

"চুকোভাল্যোক্সমাসাদ্য যদ্মিংল্লোকাশ্চরাচরাঃ।" (ভাগ তাভা৫)

্ক্নী) চরাচরয়ো: সমাহার:। € স্থাবর ও জন্সম, জগং।
চরাচরগুরু (পুং) চরাচরগু গুরু: ৬তং। ১ পরমেশ্র।
২ স্থাবরজন্মাত্মক জগতের স্টেকির্জা, ব্রহা।

চরাণ (দেশজ ) নানাস্থানে শইমা বেড়ান।
চরাণি (চারণ শক্জ ) মাঠ, ময়দান, পশুচারণস্থান।
চরি (পুং) চর-ইন্ (সর্কাধাত্তা ইন্। উণ্৪।১১৭।) পশু।
চরিক্ত (ত্রি) চর-কর্মণি-ক্রে। সম্প্রিত, ক্রত। (ক্রী) চর
ভাবে ক্রে। ২ চরিত্র।

"রাজ্ঞাং চোভিয়বংখ্যানাং চরিতং পরমাতৃতম্।"(ভাগণ ১০।১।১) উজ্জলনীলমণির মতে চরিত ছইপ্রকার অনুভাব ও লীলা।

"অনুভাবাদ্চ দীলা চেড়াচাতে চরিতং দিধা।" (উজ্জ্বনীণ)
[ অনুভাব ও দীলা দেখা] ও অনুষ্ঠান। (আ) চরকর্মণিক্তা ৪ গতা ৫ প্রাপ্তা ৬ জ্ঞাত।

চরিতমার (বি ) চরিড-মর্ম্ট্র চরিতান্থক।
চরিতব্য (বি ) চর-তব্য। চরিতের বোগ্য। "উপাংশু বাচা
চরিতব্যং।" (ঐতরেমত্রাং ১।২৮)

২ অমুঠের, কর্ত্তব্য।

"নবাপ্যধর্মো বিশ্বন্ধিক্ষরিভব্যঃ কথঞ্চন।"

(ভারত ১।১৯৬ আ: )

চরিতব্রেক্ত (অি) চরিতং অছ্ঠিতং ব্রতং যেন বছরী। ক্বত-ব্রত, যে ব্রতাচরণ করিয়াছে।

চরিতাখ্যান (ক্লী) চরিতভাধ্যানং ৬তং। চরিতকীর্ত্তন, চরিতবর্ণন।

চরিতাখ্যায়ক (অি) চরিতভাগারকঃ, ৬তৎ। যে ব্যক্তি কোন ব্যক্তির জীবনবৃত্তাস্ত লিপিবছ করে, চরিত্রলেপক।

চরিতার্থ ( তি ) চরিতঃ ক্লতোহর্থঃ প্রান্ধেনং যেন বছত্রী । ১ ক্লতার্থ, যাহার কার্য্য বা প্রান্ধেন সিদ্ধ হইরাছে । ২ সফল । প্রান্তিরাসীচ্ছপানাং চরিতার্থা চতুইরী । " ( কুমার ২।৭ )

চরিতার্থতা (স্ত্রী) চরিতার্থক ভাব: চরিতার্থ-তল্-টাপ্। চরিতার্থের ভাব, ক্বতার্থতা।

চরিতার্থস্থ (ক্রী) চরিতার্থস্থ ভাবং চরিতার্থ-দ্ব। ক্বতার্থতা।
শ্বন্যোক্তা ভাবতো নাস্ত চরিতার্থ্যমূচ্যতে।
শ্বন্যাপরি
চরিতিন্ (জি) [মুশ্চরিতিন্ দেখ।]

চরিত্রে (ক্লী) চর-ইত্র (অর্জি-লু-ধূ-ফ্-খনসহচর ইত্র:। পাতা২।১৮৪)
১ স্বভাব। পর্ণ্যার—চরিত, চারিত্র, চরীত। "অচিস্তাং
শীলগুপ্তানাং চরিত্রং কুল্যোষিতাং।" (ক্পাদ্রিৎ ৪.৮০।)
২ অফুঠান। ৩ চেষ্টা। ৪ দীলা প্রভৃতি। (শক্রফ্লাং)

চরিত্রপুর, উৎকলের একটা প্রাচীন নগর। চীনপরিব্রাঞ্জ হিউএন্সিয়ং চে-লি-ত লো নামে ইহার উল্লেখ করিয়াছেন। উাহার বর্ণনার জানা যায় যে এই স্থান সমুদ্রের নিকটবর্ত্তী হওয়ায় তৎকালে এখানে নানা দেশের লোক বাণিজ্য করিতে আসিত।

হরিতকী একত্র কাথ করিবে; এই কাথ দেবনে ব্যি ও

চশম (পারসী) ১ চকু। ২ কুপ। ৩ উৎস।
চশম্থোর (পারসী) ১ যে কিছুই দেখিতে পার না। ২
অরুভজ্ঞ, যে উপকার মনে করে না।
চশম্থোরী (পারসী) ১ কিছু না দেখা। ২ অরুভজ্ঞতা।
চশমা (পারসী) ১ পরিবীক্ষণ, নয়নাবরণ। [চস্মাদেখা]
২ উৎস।

কফাতিসার নষ্ট হয়।

চষক (পুংক্লী) চৰতি ভক্ষতি পিবত্যনেন চৰ-কুন্ (কুন্ শিলি-সংজ্ঞানেপুর্ক্সাপি। উণ্ ২।০২।) মদ্যপানপাতা। পর্য্যায়— গল্বর্ক, সরক, অন্তর্ষণ। যুক্তিকল্পতক্তে লিখিত আছে যে, রাজাদিগের পানপাত্তের নাম চষক। উহা স্থবর্ণ, রজত, ক্ষতিক বা কাচনির্মিত গোলাকার, ত্রিকোণ, অইকোণ বা দশকোণ। এই চারি প্রাকার চষক চারি প্রাকার রাজার পক্ষে প্রাশন্ত। চষকটী যাহার বাবহারের জন্য নির্মিত হইবে, ভাহারে মৃষ্টি-পরিমিত করা উচিত এবং চতুর্ব্বের রাজার পক্ষে ব্যহিত্ত করিতে হয়। মৃত্তিকা বা ফাল-নির্মিত চষক সকলেই ব্যবহার করিতে পারে। জঙ্গলবাসী রাজার পক্ষে কাট, ধাতু বা প্রস্তরের চষক সন্দ নহে। ( যুক্তিকল্পতক্ষ)

(ক্নী) চ্য-কর্মণি কুন্। ২ মধু। ৩ মদ্যবিশেষ। (মেদিনী)
চ্যতি (পুং) চ্য ভাবে অতি। ১ ভক্ষণ। ২ বধ। ৩ ক্ষয়।
চ্যা (দেশক) ১ চাদ করা, ভূমিকর্মণ। ২ যাহা চাদ করা
হইয়াছে।

চ্যাণি (দেশজ) ১ ক্লেত্রে কৃষিকার্য্য। ২ কৃষিকার্য্যের জন্য যে বেতন দেওয়া যায়।

চমাল (পুংক্লী) চষাতে বধাতে ছিন্নিন্তৰ আগচ্ (সানসি-বৰ্ণসিপ্ৰসিত জুলাজুশ্চষালে ৰলপ্ৰলধিকা শল্যা:। উণ্ ৪।১০৭) যুপকটক, সাঁপি, যুপোপরিত্ব কাঠ, লৌহনিন্তি বল্য। [যুপ দেখ।] ২ মধুতান। (সংক্ষিপ্তার উণাদি) চ্যিত ( কি ) চৰ কা । ১ ভকিত। ২ হত। (বেশক) ও মাহা চাস করা হইরাছে।

চ্ছীপোকা (দেশজ) এক প্রকার পোকা। হাতে, নাভিতে ও লিলে এই পোকা হয়, ডাহাতে কটকর ক্ষেটিক জ্বো। হাতে হইলে চন্দন এবং নাভি ও লিজে হইলে মেটে সিন্দ্র দিলে চ্থীপোকা দুল হয়।

চষ্টন (পুং) একৰৰ ক্ত্ৰপ রাজা।

চস্মা, কাচালি নির্দ্ধিত চক্ষ্র আবরণ। প্রধানতঃ একথানি ফেমবিশিষ্ট কাচ কিলা তজপ লছে কোন পদার্থ নির্দ্ধিত ছইথও পরকলা (Lens) মাত্র। ফ্রেমথানি এরপভাবে গঠিত হয় এবং পরকলা ছইথও এরপভাবে তাহার সহিত আঁটা থাকে যে ফ্রেমের মধ্যস্থল নাসিকার উপর স্থাপিত হইলে পরকলা ছইথও চক্ষ্বরের উপর পতিত হয় ও আবরণীর ফ্রায় বলিয়া বোধ হয়। দৃষ্টিশক্তির থর্কাতা নিবারণের ফ্রন্টেই সাধারণতঃ ও প্রধানতঃ চস্মা ব্যবহৃত হইয়া-থাকে। কেহ কেহ দথ করিয়া এবং কেহ কেহ চক্ষ্র মধ্যে ধূলি, বালি প্রভৃতির পতন-নিবারণমানদেও চস্মা ব্যবহার করিয়া থাকেন। স্বতরাং বিভিন্ন উদ্দেশ্ত সাধ্যের উপরেগী চস্মাও বিভিন্ন প্রকারের হইয়া থাকে অর্থাৎ পরকলার আক্রতি ও তৎসঙ্গে উহার গুণ ভিন্ন প্রকারের হইয়া থাকে। পরকলা ছয় প্রকার আক্রতিবিশিষ্ট হয়।

১ সমতল ও মাজপৃষ্ঠবিশিষ্ট অর্থাৎ এক পৃষ্ঠ সমতল ও অপর পৃষ্ঠ ফাজ (Plano-convex)। ২—উভয়পৃষ্ঠ ফাজ (Double convex)। ইহা ছই প্রাকার, উভয় ফাজপৃষ্ঠের ব্যাসার্দ্ধ সমান (Equi convex) এবং একের ব্যাসার্দ্ধ অপ-বের অপেকা হয় গুল (Crossed lens)। ৩—একপৃষ্ঠ ফালা অপর পৃষ্ঠ ফাজ (Meniscus)। ৪—একপৃষ্ঠ সমতল ও অপর ভাগ কৃর্মপৃষ্ঠাকার (Plano concave)। ৫—উভয়দিক ক্র্মণ্ পৃষ্ঠাকার বা ফাপা (Double concave)। ৬—একপৃষ্ঠ ফাজ ও অপর ভাগ ক্র্মাপৃষ্ঠাকার (Concavo convex)। এই হয় প্রকার পরকলার মধ্যে উভয় পৃষ্ঠ ফাজ (Double convex) পরকলা বয়সম্বানিত থর্মান্দ্রি ব্যক্তির ও উভয়দিক ক্রমণ্ পৃষ্ঠাকার (Double concave) পরকলা স্বাভাবিক কিয়া ব্যাধিক্ষনিত থর্মান্টি কারবয়ম্বের উপযোগী। এই জ্লা ক্রমণ্টাকার ও ফাজ প্রকলাই স্টরাচর ব্যবহৃত হইয়া থাকে।

দৃষ্টিশক্তির কম বেশি থর্কতা অস্ক্সারে পরক্লার কুর্মপৃষ্ঠ ও স্থাক্ষতার ইতর বিশেষ হইয়া থাকে।

দৃষ্টিশক্তির ভারতম্য অনুসারে বিভিন্ন প্রকার কুর্মপৃষ্ঠ ও ছাজ পরকলার প্ররোজন। কুত্রিম উপারে স্বাভাবিক দৃষ্টিশক্তি লাভ করাই পরকলা বা চদ্মার মুখ্য উদ্দেশ্ত । উভয়দিক্ মুজ (Double convex) ও কুর্মপৃষ্ঠ (Double concave) পরকলার উপরই আলোক লম্ব বা সমান্তরাল ভাবে পতিত হয়, কিন্তু মুজে পরকলার মধ্য ভেদ করিয়া অপর পৃষ্ঠ দিয়া বাহির হইয়া উহা আর সমান্তরাল থাকে না, পরস্পর বক্রভাবে আদিয়া পরকলার কিছু দ্বে একটা বিদ্তে মিশিয়া যায়:

ঐ বিশ্ব অধিপ্র (Focus) নামে অভিছিত্ত [নিমে ছবি দেখ ] ঐ অধিপ্রম বিশ্তে আলোকসাহায়ে দৃষ্ট পদার্থের একটা প্রতিমৃত্তি উন্টান্ডাবে পতিত হয় কুর্মপৃষ্ঠ পরকলার (Double concave) উপর আলোক সমান্তরাল ভাবে পতিত হয় ও ভেদ করিয়া অপর পার্শ্বে বাহির হইয়া বিভিন্ন দিকে যাইয়া পরস্পর তকাৎ হইয়া যায়। এই সমন্ত বক্ত আলোক রেখাকে বর্দ্ধিত করিলে যে বিশ্বতে মিলিভ হয়, উহাই কুর্মপৃষ্ঠ পরকলার উপর পতিত আলোকের অধিপ্রম (focus)। চাল্নে (Presbyopia), রদ্ধ বয়সে নিকট দৃষ্টি (Myopia senilis), মণিহীনতা (Aphakia), নিকট দৃষ্টি

(Myopia), অম্পর্তদৃষ্টি (Hypermetropia), ক্ষীণদৃষ্টি (Asthenopia), বিষম বা তির্যাক্ দৃষ্টি (Astigmatism) প্রভৃতি রোগে চন্মা বাবহারের দরকার। চলিশ বৎসরের উর্জবয়য় ব্যক্তিগণ চাল্দে (Presbyopia) রোগে আক্রান্ত হইয়া থাকে। ইহাতে দ্রদৃষ্টির কিছু ক্ষতি হয় না, কিন্ত নিক্ট দৃষ্টি অম্পর্ট হইয়া যায় অর্থাৎ দ্রাগত সমান্তর রামার অধিশ্রম (Focus) চকুর মধ্যত্ব চিত্রপত্রের (Retina) উপর না হইয়া উহার বাহিরে হয় এবং এই জয়ই নিক্ট দৃষ্টি অম্পর্ট হইয়া যায়। এরপ স্থলে যাহাতে সমান্তর আলোক রামার অধিশ্রম চিত্রপত্রের বাহিরে না পড়িয়া ঠিক উহার উপর পতিত হয়, দেই উপার অবলম্বনীয়, কারণ পাতার উপর অধিশ্রম হইলেই দৃষ্টি ঠিক থাকে, কোন ব্যত্যর হয় না। উভর প্র য়াজ (Double convex) চন্মার হায়া এই দোব নিবারিত হয়, স্তরাং এ সময়ে উভয় পৃষ্ঠ য়াজ হেমার আবশ্রক। তবে চলিশ বৎসরের উর্জবয়য় য়কয় ব্যক্তির

পক্ষে এক চন্যা কার্য্যকারী হর না, কারণ বরগাল্লারে সমাস্তর আলোক রশির অধিপ্রাপ্ত চিত্রপত্রের বাহিরে বিভিন্ন দ্রম্যের উপর হইরা থাকে, প্রভরাং বিভিন্ন প্রকার চন্মা ব্যবহার করিছে হর। কত বরস্ক লোকের চন্স্তে আলোকের নশির অধিপ্রায় কতন্ত্র পঞ্জে, ডাজার কিচেনার উহার 'ইকোনমী অব দি আইক' (Dr. Kitchener's Economy of the Eyes) নামক প্রত্বে এক তালিকা দিরাছেন।

বয়স			অধিশ্রের দ্রতার ইঞি
8 •	•••	•••	৩৬
8 ¢	•••		•
<b>c</b> •	•••	• • •	₹ 8
@ <b>2</b>		• • •	20
45	•••	•••	<b>&gt;</b> b
<b>.</b>		•••	> 5
48	•••	•••	>8
9 •	•••	•••	> 2
9 @		•••	٥.
ь.	•••	•••	<b>a</b>
40	• • •	•••	• ৮
5.	• • •		. 9
> 0 0		•••	•

Myopia senilis অর্থাৎ বৃদ্ধ বয়সে নিকট দৃষ্টি হইলে ফাজ চন্মা ত্যাগ ও কুর্মপৃষ্ঠাকার (concave) চন্মা গ্রহণ করিছে হয়। ছানি তুলিলেও চক্ষুতে মণির অভাব হয়। ইহাতে নিকট ও দ্রদর্শনের জন্য ছইখানি ফাজ চন্মা ব্যবহারের আবশ্রুক। নিকটদৃষ্টিরোগ ১৫ বংসর হইতে ৩০ বংসরের ব্যক্তির ঘটয়া থাকে। ইহাতে অতি নিকটের পদার্থ দেখিতে পাওয়া যায়, কিন্তু দ্রম্থ পদার্থ দেখিতে পাওয়া যায় না। উপযুক্ত (মাঝারি) কুর্মপৃষ্ঠাকার চন্মা ও রোগের উপযক্ত ওষধ।

অসপট দৃষ্টিরোগে কি নিকটে কি দৃরে কোন স্থানেরই পদার্থ স্পষ্ট দেখা যায় না। এই দোষ থাকিলে চক্ষু ছোট হয়, অলবয়ক্ষের মধ্যে এই রোগ দেখা যায়, ইহা প্রায়ই গৈতৃক। এ রোগে কুর্মপৃষ্ঠ বা মধ্যনিয় চস্মা উপকারী। অধিক লিখন পটন প্রভৃতি চক্ষুর ব্যবহার ছারা ক্ষীণ দৃষ্টিরোগ ঘটিয়া থাকে। মধ্যনিয় ও কাচকল্মের চস্মা ইহার উপ্যোগী।

চকুর পরকলা (lens) স্কৃত্র সমানভাবে ফ্লাজ না থাকায় বিষ্ম দৃষ্টিরোগ ঘটিয়া থাকে, ইহাতে নলাকার (cylindrical) চস্মা ব্যবহারে উপকার হয়।

জারবয়র বাক্তির কীণকৃষ্টিরোগ (short-sight) হইলে সমান্তর আলোকরশি তাহাদের চকুর অন্তরন্থ হইরা চিত্রপত্ত পর্যান্ত না গিয়াই কেব্রায়িত হর অর্থাৎ রশাির অধিশ্রম হয়। প্তরাং ভিন্ন ভিন্ন প্রকারের মধানিম বা কৃশপৃষ্ঠ চন্মা ব্যবহার করিলে স্বাভাবিক সংলে অধিআর ঘটে ও দৃষ্টির পর্বতানট হয়।

দিবারাত্রির আলোকের তারতম্য জঞ চন্মাধারীদিগের বিভিন্ন শুণবিশিষ্ট চন্মা ব্যবহার করা উচিত।

আজকাণ কেছ কেছ সভ্যতার জন্য কেছ বা স্থ করিয়া অন্ত চক্ষে চস্মা ব্যবহার করিয়া থাকেন, আবার কেছ কেছ বাহাদ্রী শইবার মানসে অথবা লজ্জার অন্তরাধে চলিশ বংসর অভিক্রেম করিয়া ও চাল্সে রোগগ্রন্থ হইরাও চস্মা ব্যবহার করেন না। কিন্ত ছঃথের বিবর উভয় প্রকার ব্যক্তিকেই এ জন্য ভবিষ্যতে অন্তাপ করিতে হর।

প্রকলা ছইপণ্ড ব্যাধিগ্রন্ত লোকদিগের চক্র উপযোগী মাজ বা মধানিয় না হইয়া সমতল (plane) ইইলেও হুত্ব চকুতে চল্মা ব্যবহার করায় তাহাদের চক্ এরপ দূবিত হইয়া উঠে যে উহা প্রকৃত ব্যাধিগ্রন্ত ইইলে (চলিলের পরই হউক আর অভ কোন সময়েই হউক) আর কোন প্রকার চন্মায় উপকার করে না। তথন তাহাদিগকে চকুরোগের জভ্ত বড়ই কই পাইতে হয়। তাহায়া বালাবত্বায় হুত্ব চল্মা ব্যবহার না করিলে এ কই ভোগ করিতে হুইত না, কারণ তাহা হইলে রোগের উপযোগী চল্মা ব্যবহার করিলে উপকার হইত।

শেষোক্ত ব্যক্তিগণ চাল্সে-জনিত দৃষ্টির থর্মতা নিবারণ্ডের ক্ষন্ত চস্মা ব্যবহার না করায় তাহাদের দৃষ্টিশক্তি শীল্ল
ক্ষম প্রাপ্ত হইতে থাকে। স্থতরাং অলকাল মধ্যেই তাহাদের
চক্ষ্ নত হইয়া ষায়; তথন চদ্মা ব্যবহার করিলেও কোন
ফল কলে না। চদ্মা রীতিমত ব্যবহার করিলে চক্ষ্র
কোন দেখের স্স্তাবনা থাকে না।

চহলা (দেশক ) অল কাদা।

চা (ইচ্ছা শক্ষ) ১ স্পৃহা, বাছা। (চীন শক্ষ) ২ বৃক্ষবিশেষের পত্র। প্রধানতঃ ত্ইজাতীয় গুলা হইতে চা উৎপন্ন হয়। একজাতি চীনদেশে এবং অপর জাতি ভারত ও দক্ষিণ আন্মেরিকায় জন্ম। দক্ষিণ আন্মেরিকায় ঘাহা জন্মে, তাহা \* হইতে পারাগুয়া-চা (Paraguay tea) উৎপন্ন হয়।

চীনদেশে চার উৎপত্তি সম্বন্ধে প্রবাদ আছে যে, "ধর্ম নামক কোন ব্রাহ্মণসর্গাসী চীনদেশে ধর্মপ্রচার করিতে গিয়াছিলেন। তথায় পৌছিলে দীর্ঘপথত্রমণে নিতান্ত ক্লান্ত

<sup>\*</sup> এই জাতীর গাছকে ইংরাজীতে Holly এবং ভারতে ও পঞ্চাব অঞ্চলে "বক্ষ" বা "কলুচো" বলে।

হইরা নিস্তিত হইরা পড়েন। নদ্রাভলের পর তিনি দৌর্বলা বোধ করিলেন, তাহাতে কুজ হটয়া আপনার জ ছিঁজিয়া ফোলিতে আরম্ভ করিলেন। সেই চুলে শিক্ত গজাইল ও ছোট ছোট গাছ জয়িল। সর্যাদী ঐ গাছের পাতার স্বাদ গ্রহণ করিয়া আধ্যত্মিক চিস্তায় মগ্র হইলেন এবং ঐ সকল গাছই চা গাছ নামে অভিহিত হইল।"

চীনদেশে Thea chinensis নামক বৃক্ষের চা মিং, কুতু, কুি.চা, কিয়া, তু প্রভৃত নামে প্রচলিত। এই সকল নাম হইতে প্রতিপন্ন হয় যে ভিয় ভিয় ভানে ও ভিয় ভিয় সময়ে সেই দেশে কোন কোন শাক সবজী হইতে চা উৎপন্ন হইত। মিং কণাটা তাংবংশের রাজত্বকালে প্রচলিত ছিল, বর্ত্তমান চীন সাহিত্যেও ইহার প্রয়োগ দেখা যায়, এবং চা বাক্ষের উপর প্রায়ই মিং লেখা গাকে।

কু-তুও কু-চা পাতাও আজকাল চা নামে অভিহিত।
সন্তবতঃ "কিয়া" শকে বিলাতী চিকোরী (Chicory)
নামক গাছও বৃঝাইত। এ ছাড়া আর একপ্রকার গুল্ম
(Sageretia theezans) আছে। চীন দেশ হইতে প্রচুর
গরিমাণে চা রপ্তানি হওয়াতে তদ্দেশে চার মূল্য অত্যন্ত বৃদ্ধি
ছইয়াছে। সেজন্ত দরিদ্র লোকেরা ভাল চা ক্রেম করিতে
পারে না। তাই তাহারা চার পরিবর্তে উক্ত গুল্মের
(Segeretia theezansএর) পাতা ব্যবহার করিয়া থাকে।
ইহার সহিত আবার মল্লিকার (Camellia) পাতা মিশ্রত
থাকে। কিন্তু তাহাতে চার অংশ অতি অলই পাওয়া যায়।
যে ঘরে চা বস্তায় পুরা হয় সেই ঘরে যাহা পরিত্যক্তভাবে
থাকে, তাহাও দরিদ্রদের নিকট অলম্ল্যে বিক্রেয় করা হয়।
"তু" কথাটার প্রচলন এখন পর্যান্ত আছে। হানবংশীয়
কোন রালার শাসনকালে "চা" বর্ণের "তু" উচ্চারণ নিষিদ্ধ
হইয়াছিল, তদবধি "চা" নামই অধিক প্রচলিত।

যুরোপীয় বণিক মহলে নানাজাতীয় চার নাম শুনা যায়।
যথা—কাল চা (Black tea), বোহিয়া (Bohea), বিক্ চা
(Brick tea), কলু (Congou) হরিৎ চা (Green tea),
বাক্ল চা (Gunpowder tea), রাজবাকল (Imperial
gunpowder), হাইসন্ (Hyson), পাক্লি হাইসন্ (Pukli
Hyson), হাইসন্ স্কিন্ (Hyson Skin), পিকো (Pekoe),
পিকো-মুচল (Pekoe Suchong), ফুল পিকো (Flowery
Pekoe), স্বাসিত পিকো (Scented Pekoe), পুচল (Pouchong) ও স্বচল (Souchong)। চার ভিন্ন ভিন্ন নামান্ত্রনার এই
সকল নাম রাথা হইয়াছে। উই বা বুই পর্বতে ভ্রেম বলিয়া

বোহিয়া চার নাম হইয়াছে । চীনদেশে কোন বিশেষ চার এই নাম নহে, যদিও কাণ্টন নগরে এক প্রকার ধারাণ কাল চা এই নামে প্রচলিত। কিয়াংস্থ পর্বতে বে সকল হরিৎ বর্ণের চা জ্বো পে প্রলিকে সুংগ্লো (Sunglo) বলা হয়।

কাল রঙের চার নিয় লিখিত ভিন্ন ভিন্ন নাম আছে---

পিক্ষো বা পিকো (নামের অর্থ সাদাচ্ল)—ইহার কচি
পাতার একরূপ শাদা রঙের কেশর হয়। লোকে ইহা খুব পছন্দ
করে। ইহার আনে একটু বিশেষত্ব আছে। কমলা পেকো
( Orange pecco ) খুব স্থান্ধি ও পেকো হইতে একটু
ভিন্ন হাংমুই ( Hungmuey ) অর্থাৎ লোহ্ভ বদরীফুল—
ইহার রঙ্ একটু লাল। স্থচক ও পিকোর আরও ভিন্ন ভিন্ন
নাম আছে, সেই সকলের বাঙ্গালা অঞ্বাদ করিলে রাজক্র,
মাংসবর্গ কেশর, পলানীজ, চটকজিহ্বা, দেবদারু, প্রাদর্শ
প্রভৃতি নাম হইতে পারে।

স্চল বা সিয়ান্চল শদের তার্থ ছোট চারা গাছ বা ছোট জাতি। এইরূপ পূচল তার্থে ভাঁল করা; বতঃ বাঁধার বিশেষ ধরণ হইতে ইহার এই নাম হইয়াছে।

কম্পোই (Compoi) কন্পাই (Kan-Pei) শক্রের অপত্রংশ অর্থ যত্নতথা। চুলান (Chulan)—চুলান নামক ফুলের গদ্ধে স্থাদ্ধি করা হয় বলিয়া কয়েক জাতীয় চাকে চুলান চা বলা হয়। হরিংবর্ণের চার নাম বড় বেশি নাই।

ভারতবর্ষে দেশভেদে চার নামও ভিন্ন ভিন্ন কছোড় জেলার চার নাম "গুলিচাম্"। গাছের বাকলের রঙ্হইতে গুলিচাম্ অর্থাৎ খেতকণ্ঠ নাম হইয়াছে। আসামীরা ইহাকে ফ্লেপ বা ক্লেপ বলে। মটকে মিদাফ্লেপ ও আদামের অঞাঞ প্রদেশে চা হিলকটি নামে প্রসিদ্ধ।

চা যে ভারতজ্ঞাত উত্তিদ্ পুর্বের মুরোপীয়ের। তাহা জানিতেন না। পরে উনবিংশ শতালীর প্রথমভাগে জানিতে পারেন। ১৭৮৮ খৃঃ অবেদ সার জোদেফ্ ব্যাঙ্কস্ ওয়ারেন হেটিংসের পরামর্শে ইট ইতিয়া কোম্পানির নিকট এক দর্বান্ত করেন, তাহাতে চীনদেশ হইতে চার চারা আনা-ইয়া বেহার, রক্পুর, কোচবিহার প্রভৃতি স্থানে চার চাহের অধিকার পাইবার কথা থাকে।

১৮১৫ খৃ: অংক কোন বঙ্গীয় লেপ্টেনান্ট কর্ণেল ভারতের উ: পৃ: প্রদেশে চা গাছের কথা প্রকাশ করেন। তথন হইতে অনেকেই ভারতে চার সন্ধান পাইয়াছেন। ডাক্তার বুকানান হাসিন্টনের মতে, চা আসাম ও ব্রহ্মদেশলাত। ১৮১৬ খৃ: অংক মাননীয় গার্ডনার সাহেব নেগালপ্রদেশে. ১৮২১ খু: অংক মুরক্রক্ট সাহেব বুসাহরে, ১৮২৪ খু: অংক বিলপ্ হিবার কুমায়ুন প্রাণেশে চা দেখিতে পান। কিন্তু প্রকৃতপক্ষে আসামের কমিলনর ডেভিড্ ফট্ সাহেবই ১৮১৯ খা অবল এলেশে চা আবিকার করেন। তিনি ভারত গবর্ষেণ্টের প্রধান সেক্রেটরী জি, স্থইন্টন্ সাহেবকে কতকগুলি চার নমুনা মণিপুর হইতে পাঠাইরা ছিলেন। সেই নমুনা এখনও লগুনের লিনিয়ান্ সভাগৃহে রক্ষিত্ত আছে। মেজর আর ও সি, এ ক্রস্ নামক ছইভাই প্রথমে জাহার নিকট ঐ পাতা আনিয়াছিলেন। ছোট ভাই আসামে ইংরেজাধিকারের পূর্ব্ব হইতে বাণিজ্য করিতেন, পরে ১৮২৬ খা অবল কতকগুলি বীজ ও শাক সবজী লইরা আসেন। সে সমস্তই চা বীজ ও চা গাছ বলিরা প্রমাণিত হর।

ক্রদ্ সাহেব নাগা পর্কতে চা দেখিতে পান। ১৮০৯ খৃঃ
জালের জাগষ্ট মাদে এসিয়াটিক সোসাইটির পত্রিকায় নিথেন
যে তিনি পাহাড়ে ও ময়দানে ১২০টী চা ফলাইবার স্থান
দেখিয়াছেন।

১৮০৪ খৃ: আংক লর্ড উইলিয়ম বেণ্টিক ভারতে চার
চাবের আবশ্রকতা সম্বন্ধে কোর্ট অব্ ডাইরেক্টরের সভার
আবেদন করেন। তদমুসারে ১১ অন যুরোপীয় ও ২ অন
দেশীয় সভ্য লইরা এক সভা গঠিত হয়। ভারতের কোন্কোন্
স্থানে চার চাষ ভাল হইতে পারে, তদস্ত করাই এই সভার
মুখা উদ্দেশ্য। আসামদেশে চা পাওয়া গিয়াছিল, তাই
সভারা সেই দেশে গিয়া ক্রন্ সাহেবের অধীনে নানা
স্থানে বেড়াইয়া তদস্ত করিতে লাগিলেন। চীন দেশ হইতে
চায় বীজ ও চারা আনান হয়। প্রথমে কার্যের তেমন
স্বিধা হয় নাই। ন্তন বাগানে যে সকল চা ফলিতে
লাগিল, ১৮৩৬ খৃ: আব্দে তাহার কতকগুলি নমুনা বিলাতে
ডাইরেক্টরদিগের কাছে পাঠান হইল। কিন্তু সেগুলি ব্যবহার্যা হয় নাই।

যে সকল চা-কর নিযুক্ত হইরাছিল, চা-প্রস্তুত প্রণালী তাহাদের ভালরপ জানা ছিল না। ১৮০৭ খু: অন্দে চীনদেশ হইতে লোক আনান হয়। তাহাদের তত্বাবধানে বেশ প্রক্রের চা হইতে লাগিল। ১৮০৮-৩৯ খু: অন্দে ডাইরেক্টরদিগের নিকট আবার চা পাঠান হয়। এবার চা দেখিয়া তাহারা মোহিত হইলেন। খুব উচ্চ দরে চা বিক্রের হইতে লাগিল। বিণিকেরা আর লোভ সামলাইতে পারিলেন না। চার চাষ সম্ভ্রে প্রামর্শ আঁটিতে লাগিলেন। আসামলেশে আসাম-চা-কোম্পানি নামে একদল কার্য্যে প্রায়্ত হইল। ব্যবস্থানীদিগকে উৎসাহ দিবার অন্ত ভারতগ্বর্থেই স্বর্থান ও

একতৃতীয়াংশ খাসে রাখিলেন। পরে ১৮৪৯ খৃঃ অব্দে অব্দিট্টাংশ একজন চীনদেশীর ব্যবসায়ীর নিকট ৯০০১ টাকা মুল্য সইয়া বিক্রের করেন।

১৮৫০ খৃঃ আন্দে ইট ইন্ডিরা কোল্পানি চা স্থকে বিশেষ বিবরণ জানিবার জন্য ফর্চুন সাহেবকে চীনদেশে প্রেরণ করেন। ভাগ ভাগ চার বীজ ও নিপুণ চা-কর সেই দেশ হইতে আনার ভারও তাঁকার উপর ছিল।

এখন ভারতের আফগানসীমা হইতে ব্রহ্ম-সীমাস্ত পর্যান্ত (অক্ষা হবং ইইতে ৩০০ উ:, ক্রাঘিণ ৭০০ ইইতে ৯৫০ পৃ: পর্যান্ত ) চা জামিমা থাকে। হিমালয়ে সমুদ্রপৃষ্ঠ ইইতে ৪৬৬৭ হন্ত উপরে কোন কোন স্থানে, হিমালয়ের পাদদেশে ১৩৬৭ হাত উপরে, ব্রহ্মপুল্রের তীরে, আসাম, ঢাকা, কোচবিহার, চাটগাঁ, ছোটনাগপুর, দার্জিলিং, তরাই, কালড়া, গড়বাল, কুমায়ুন, কাছাড়, শ্রীহট্ট, দেরা, হালারি-বাগ ও নীলগিরিতে যথেষ্ট চা জান্তে।

জাপানীদের "স্থাঁর চা" Hydrangea Thunbergii নামক বৃক্ষেরই পাতা। দাস্তাফি দেশে Astoria theiformis নামক গাছের পাতা চা রূপে ব্যবহৃত হয়। ধারক শুণবিশিষ্ট Ceanothus Americanus গাছের পাতা নব জার্দি চা (New Jersey tea) নামে ব্যবহৃত হইয়া থাকে।

Sterculia acuminata নামক গাছের পাতা কোলা চা এবং হাব্দী দেশের কাঠা (Catha edulis) নামক গাছের পাতা হাব্দি-চা (Abyssinian tea) নামে ব্যবহৃত হয়।

Melaleuca, Leptospermum, Corræa alba, Acæna sanguisorba, Glaphyra nitida এবং Athenosperma moschota গাছের ছাল হইতে তাদ্মানীয়া চা এবং মরিচ দীপের Augricum fragrans নামক কোন স্থান্ধি লতা হইতে ফংম্ চা (Faham tea) প্রস্তুত হয়।

ইডিহাস।—বহুকাল হইতে চীনদেশে চা-পান প্রচলিত।
চীনদের নিকট হইতে অপরজাতি চার গুণাগুণের প্রেরত
সন্ধান পাইরাছে। স্থলিমান্ নামক কোন আরববণিক ৮৫০
খ্: অব্দে পূর্বদেশের ভ্রমণ্যুত্তাস্তে চার উল্লেখ করিয়াছেন।
ম্যাক্ফার্সন্ উঁহারে "ভারতবর্ষের সহিত য়ুরোপীর
বাণিজ্যের ইভিহাসে" এই বৃত্তাস্ত্তী উন্ত করিয়াছেন।
তাহাতে লিখিত আছে যে চীনদের সাধারণ পানীর জ্বা চা।
খ্: বোড়শ শতান্ধির মধ্যভাগে খ্রীর ধর্মপ্রচারকগণ চীন ও
আপানদেশে গমন করেন। ইহাবের তত্তদেশে পরিভ্রমণের
পূর্বের "চা পান" প্রথার আর কোন উল্লেখ দেখা যার না।
বটেরো (Botero) ১৫৯০ খ্: অব্দে চার বর্ণনা ক্রিরাছেন।

তেকাইরা ( Taxeira ) নামক একজন পর্কুণীল ১৬০০ খৃঃ অংক মলকাষীপে ওফ চার পাতা দেখিরাছিলেন। ওলিরিরন (Ollarius) ১৬৩৮ थुः अस्य भातस्यवामीरमत्र मध्या हात वावहात (मध्यन , डेब्र्यक् विश्वका हीन (मण हहेएंड वे हा नहेशा याहेख। शुरतार्थ अनमाक विश्वकताहे व्यथस हात आभनानी करतन। भरत आमहार्फम् इहेर्ड हा न्छरन मीड হয়। ১৬৬ থঃ অবেদ পার্লিয়ামেণ্টের কোন বিধিতে চা, কফি ও চকোলেট (chocolate) এর উল্লেখ আছে। সেই पाहित्न हत्कात्नहे, मत्रवर ও हात्र वावमात्त्र व्यक्ति गानितन ৮ পেन हिमाद कत आनारमत वाबना आहि। हा उथन **रगा**क्त निक्र क्ष्मन একটা নৃত্ন জিনিস ছিল। कारनक हिन भर्यास हा का कि कहा भित्रमाराई कामपानी হইত। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ১৬৬৪ খৃ: অকে রাজোপ-হারের জন্ম 🖊১ সের চা ক্রন্ন করিয়া লইয়াছিলেন। ১৬१৮ थु: प्रारंग क्लान्नानि खोत्र ebubil • ठा है:गए गहेग्रा ষান এবং তথন হইতেই ইহার ব্যবসা সম্বন্ধে লক্ষ্য পড়ে। কিন্ত शतवर्खी इत्र वरमदत हा e/e अत्र श्राप्ति शामनानी दत्र नारे। माहेवत्रत्व "शाहावानिका" नामक अप्ट निथि ज्याष्ट्र य ১৭১১ थु: जरक ध्यात्र ১৭१६ मन, ১৭১६ थु: जरक ध्यात्र ১৫-৭॥০ মণ্, ১৭২০ খৃ: অবেদ প্রায় ২৩৭৩৮ মণ এবং ১৭৪৫ খৃঃ অবেদ প্রায় ৯১৪৬।৪৫০ চার কাট্তি হয়। দেড়শত वरत्रात्रत्र अधिक कान देष्ठे देखिया काल्लानि देश्न ७ क्रोगिए त हा मत्रवताह कतिशाहित्यन । काम्भानित्र बृहर वादमा हिन। তाहानिगरक हा आमनानीत अञ्च आहास मिट्ड हरे**ड ७ এक वर्नादात वावहादान्यां** है। श्वनारम মজুদ রাখিতে হইত।

বর্তমান সমরে চার অভি রহৎ বাণিজ্য চলিতেছে।
ভিন্ন ভিন্ন দেশে যাভারাতের স্থবিধা বৃদ্ধি এবং তৎসঙ্গে
চার মূল্য হাল ও মাদক জব্যের পরিবর্ত্তে চার প্রচলন
হওয়ায় ইহার প্ররোজনও অনেক বাড়িয়াছে। এক মাত্র
গ্রেট ব্রিটনে ১৮৮২ খৃঃ অকে প্রায় ২৬৬৮৫০৪॥০ মণ চার
আনদানী হয়। ইহার বার আনা অংশ চীনদেশ হইতে
আলে এবং দেশের ব্যবহারের জন্ম প্রায় সমান পরিমাণ
চা রাধা হয়। ইংলগু ও আয়র্লপ্রের প্রত্যেক লোক বৎদরে
গড়েও পাউপ্ত অর্থাৎ প্রায় /২॥০ সের চা ব্যবহার করে।

চাষ।—চার বীজ বিলাতী হণ্ণ (Hawthorn) বীজের মত। চীন দেশে নামাবিধ চা গাছ জন্ম। পরস্পরের বিভিন্নতা অরই। ভিন্ন ভিন্ন প্রদেশ হইতে প্রতি বংসর ইহার বীজ সংগৃহীত হয়। একই বীজ ভিন্ন ভিন্ন দেশে বণদ করিলে কিছু কাল পরে ফসলের মধ্যেও কিছু কিছু বিভিন্নতা হইয়া যায়। স্থানবিশেষে বীজ হইতে ভাল চাও হইতে পারে, আধার স্থান বিশেষে মন্দও হইতে পারে। এ জন্ত চার বীজ দংগ্রহ করিতে হইলে থুব উংকুই চার বীজই সংগ্রহ করা উচিত।

गांत्र अन् एए छिन्, कत्रहून् अवः आर्ड छिक्न् त्था हीन-দেশে যে রূপে চার চাষ হইরা থাকে, ভাহার বিস্তৃত বিবরণ লিখিয়াছেন। আর্চ্চ ডিক্ল গ্রে বলেন, যে চীন দেশে আখিন কার্ত্তিক মাসে চার বীক সংগৃহীত ছইয়া থাকে। বীজগুলি ভাল করিয়া রৌদ্রে ওফ করিয়া রাখিতে হয়। মাঘ ও ফার্কন শাসে পুনরার **मिट नकल वीक २८ घण्डा खरन खिलाहेना कांग**रफत বন্তায় পুরিয়া রন্ধনশালা কি অপর কোন উষ্ণ স্থানে রাখিয়া দিতে হয়। কিছু শুক হইলে বীলগুলি আবার ভিজাইতে হয়। এই রূপে বীজগুলি অভুরিত না হওয়া পর্যান্ত এই প্রাক্রিয়া চলে। তৎপরে সাহর কি অন্ত কোন জিনিসের উপর পাতলা মাটির তার করিয়া অর্দ্ধ ইঞ্জি অন্তর অন্তর অন্ত্রিত বীলগুলি হাপন করিতে হয়। প্রথম চারি দিন বীজ গুলিকে সকালে সকালে জলে छिजारेशा त्त्रोटक शूनिया ताथा हम, आवात्र त्राजिए छाकिया রাখিতে হয়। পঞ্ম দিবসে অক্রঞ্জি ৪ হাত পরিমাণে উচ্চ হইলে ইহাদিগকে ২ ইঞ্জন্তর মাটিতে রোপণ করিতে হয়। পার্কভা ভূমিতে জলনিফাসনের স্থবিধা হয় বলিয়া মরদান অপেকা পাহাড়ে চার চাব ভাল হইরা থাকে।

তৃতীয় বংসরের শেষ ভাগে চার প্রথম ফসল হয়। তং-পূর্ব্বে কাটিলে চা নই হইতে পারে অথবা ফসলের পূব অনিই হইতে পারে। তিন বংসর পর যদি বংসর বংসর চা কাটা না হয় তাহা হইলে প্রত্যেক পরবর্তী বংসরে অতি অয় পরিমাণে বা নিতান্ত অকর্মণা চা অস্মিবে। বংসরে তিন বার ক্রিয়া চা ভূলিতে হয়।

প্রথম বারে বৈশাথ মাসের প্রারক্তে, বিতীর বারে জৈচ মাসে, এবং তৃতীর বার তাহার এক ত্রিশ দিন পরে চা তুলিতে হর। খ্ব সাবধান হইয়া তুলিবে। পাতা তুলিবার সমর যেন গাছের কোন অনিষ্ট না হয়। ৮:১০ বংসর পরে । গাছ গুলিতে আর ভাল পাতা জয়ে না, কেবল হই একটী মোটা পাতা বাহির হইয়া থাকে। তথন চাকরেয়া গাছ গুলির গোড়া কাটিয়া ফেলেও তাহাতে পরবর্ত্তী শ্রীমকালে নৃত্ন অক্কুর জয়ে।

পাড়া তুলিবার পুর্বে শ্রমনীবিলিগকে হাত ধুইরা

51

আনিতে হর। তাহারা পাতাঞ্জি কুড়াইরা এক প্রকার রুড়িতে রাখে। দক্ষ প্রমন্তীবিদিগের মধ্যে একজন /৫ হইতে /৬॥ দের পাতা কুড়াইতে পারে। তাহারা পাতা ভুলিবার সময় বেশ চাতুর্য দেথাইরা থাকে,—এফবারে একটীর বেশি পাতা ভুলে লা।

क्रथ हा शब्द दीनांनी।--(कान त्यांना कार्यगार পাতাপ্তলি ছড়াইরা বায়ুতে ওকাইরা লইতে হয়। তৎপরে अमनीविता পाতा श्रीन २।० घणीकांन ना निम्ना माजाहेबा লয়। ইতাতে পাতাজিলির দ্ব রদ বাহির হইরা যায়। ভাহার পর পাডাভলি আবার একত জমা করিরা কাপড দিয়া এক রাজি ঢাকিয়া রাখে। ইহাতে পাতাগুলি ছইতে একটা উত্তাপ বাহির হয় ও হরিৎবর্ণ পরিবর্ত্তিত हरेग्रा कान कि बुनतवर्ग धातन करत, এक ट्रे इशक বাড়ে ও স্বাদে একটু বিশেষ পরিবর্ত্তন ঘটে। ভাহার পর শ্রমজীবিরা পাতাগুলি চুই হাতে বিশেষ ল্লপে ব্যিয়া नत ७ (तीर एकाहरू तनत्र। वर्षाकान हरेरन कार्छत कत्रनात चाक्रान ভाकिता नत्र। এই व्यवकात कात्रशीनात गालिकापत निक्रे हा विकाय कता हया छाहाता পুনরায় তুই ঘণ্টাকাল আভেণে ভালিয়া লয় এবং বারাপ পাতাগুলি ঝাড়িয়া ফেলিয়া ভাল চা কাগকে মোড়া বাল্লে বন্ধ করিয়া রাখে। বর্ণের বিভিন্নতারুসারে কালপাতা ও नानभाठा कः ७, छेनानकः ७, निः हा कः ७ हा हो कि । প্রভৃতি নামে চা অভিহিত। হপে প্রদেশে নানা প্রকার कः ख जाता, हेशां निगरक छे भक्का ख बर्ग । इरका बम्बत हहेट जहे नकन हा त्रशानि हता। दशनाम दम्दम खनानकः ख জন্মে। ইহার পাতাগুলির রঙ্কাল, একটু শাদার স্বাভাও षाष्ट्र এवः कान कान करन नान ब्रह्त वाहा ।

কিরাংসি প্রদেশের উত্তরপশ্চিমভাগে নিংচোকংশু জন্ম।
ইহার উৎকৃতি জাতি উনিং প্রাদেশে উৎপর হর এবং
কান্টন ও হলো সহরে সাধারণতঃ বিক্রের হইরা থাকে।
ইহার পাতা কালরভের ও একটু ধুসরবর্ণের আভাযুক্ত।
কিয়াংসি প্রদেশের উত্তরপূর্ম বিভাগে ও বোহিয়া
পর্মতের উত্তরাংশে 'হো হাউ' চা লল্মে। এই চার অধিকাংশই বিক্রেরে লগু কিউকিয়াং নগরে এবং অর পরিমাণে
কান্টন, সেজ্মাই ও ফুচু নগরে প্রেরিভ হয়। হো হাউ চা
সর্মাণেকা নিকৃত্ত। কালপাতা চার মধ্যে উপক কাতীর
চাই সর্মাণেকা উৎকৃত্ত। উনান চা নিংচো হইতে ভাল।
কোহেনিএন্ গাছ হইতে ছোট ছোট লাল ও ধ্গরবর্ণের
চা জন্মে। ইহার সর্কোৎকৃত্ত লাতিকে "কাইসন্" বলৈ এবং

নামা নগরের নিকটছ কোন ছান হইতে ইহার আমদানী হয়। এই সকল চার প্রাধান বিজ্ঞ রহান ক্চুনপর। কিছ বে গুলি ফোকিএন্ প্রাদেশের দক্ষিণাংশে জয়ে, সে সমস্ত চা আমর নগরে প্রেরিত হয়। কোরাংটাং প্রদেশে যে কংগু কালে, ভাহার নাম ভেদান্ কংগু। ইহার পাভাগুলি লখা লখা ও শক্ত শক্ত, রঙ্কাল ও ধ্সরবর্ণের আভাযুক্ত। মকাও নগরেই এই চা অধিক বিক্রের হয়।

করেক বংসর ইইল লালণাতা কংগুর একটা অতি উৎকৃষ্ট নকল বাহির হইরাছে। ইহার পাতাগুলি ছোট ছোট। কান্টন সহর হইতে এই চা ইংলপ্তে আনীত হয় এবং কতক কতক আনেরিকার যুক্তরাজ্যেও পাঠান হয়। ইহার এক এক বাজ্যে। মণ হইতে ৮০ মণ অবধি চা থাকে। তেসান্কংগু এক এক বাজ্যে। সের হইতে ।৫ সের অবধি ও কালপাতাকংগু ১/২॥ হইতে ১।৫ চা পূরা থাকে।

লালিপাতা কংশুর ভার হার হার রঙ্ একটু লাল 5 তাথবা পিললবর্ণ হর। হার দেল আমা কংশুর মত। ফোকিএন্ প্রদেশের উঃপৃঃ বিভাগে ভাল হার ক্রেন। ইহার ও প্রস্তুত প্রণালীর কাত্রপ।

ফুল পিকো-ইহা দেখিতে বড় হুলর, কিন্তু বেলি হয় না। পাতার কুঁড়ি হইতে ইহা প্রস্তুত হয়। কুঁড়িগুলি ডুলিয়া তথনই রৌদ্রে শুকাইয়া লইতে হয়। কার-থানার লোকেরা শুক্না পাতা কিনিয়া লামান্ত আগুনে ভাজিয়া লয় ও পরে বস্তায় পুরিয়া রাখে। পাতাশুলি দেখিতে পাথীর কোমল পালথের মত। কতকগুলি হল্দে আরে কতকগুলি কাল। ফুচু হইতে ইংলণ্ডে ইহা রপ্তানী হয়। কিছু কিছু কাণ্টন হইতেও য়য়।

উলং—ফোকি এন্ প্রদেশে এই চার উৎপত্তি। ফুচু ও
আময়বর্ণর হইতে প্রচুর পরিমাণে উলং আমেরিকার
বুক্তরাজ্যে, ইংলগু ও অট্রেলিয়ায় প্রেরিত হয়। ইহার
পাতাগুলি তুলিয়া রৌলে শুকাইভে হয়। পরে জলে
ভিজাইয়া কংশুর মত ভালিয়া লইভে হয়। চা-করেরা এই
অবস্থার ব্যবসাদারের নিকট চা বিজ্রেয় করে। তাহারা
বৌটা ও বারাপ পাতাশুলি বাহিয়া কেলিয়া আবার কলে
ভিজার ও পরে ভালিয়া লয়। তৎপরে কতকগুলি করিয়া
পাতা লড় করে ও সেই জড়ান পাতাশুলি কেবিতে হল্দে, মধ্যে মধ্যে
একটু একটু কাল ও মেটে সবুল রভেরও আভা দেখা বায়।
পাতাশুলির আকার এক রক্ষের নয়, একটু শক্ত ধদ্ধনে
রক্ষের অধ্য জড়ান নয়।

ञ्चनिक् कमना शिका-काकि अन् अ कात्राः हैः श्रामा अहे हा श्रीक्षक इस । (य मकन हा क्यांतारहेर श्रीतिएम श्रीक्षक इस, তাহাদিগকে কাণ্টনস্থগদ্ধি-কমলপিকে! বলে। আৰু যে সকল ফোকিএন প্রাদেশে প্রস্তুত হয়, সে গুলিকে ফুচুমুগন্ধি-ক্ষলাপিকো বলে। প্রথমে পাতাগুলি রৌত্তে ওকাইয়া ল্ইতে হয়। ভাৰার পর শ্রমনীবিরা পাডাগুলি ছই ছাতে ভাল করিয়া ঘৰে। ইহাতে পাতা ওলি একটু জড়ান হয়। এই অবস্থার পাতা ভাল কাণ্টন ও ফুচুর বাজারে প্রেরিড হয়। দেখানকার লোকেরা অল আগুনে পাতাগুলি ভাজিরা মলিকাদূলের সহিত মিশ্রিত করে। তৎপরে পাতাগুলি অগন্ধি বোধ হইলে চালুনি ৰায়া ফলগুলি পৃথক্ করিয়া লইতে হয়। ভালরপে স্থান্ধি করিতে হইলে হই-ৰার এই প্রক্রিয়া করা কর্ত্তব্য। ফুচু প্রদেশের স্থান্ধি কমলা চা ছোট ছোট ও খুব জড়ান জড়ান থাকে। দেখিতে হল্দে রভের, মধ্যে মধ্যে অর পিলল, ভাহাতে কাল আড়াও আছে। কাণ্টন-সুগন্ধি-কমলা চাল্ছাল্ছা, জড়ান জড়ান ও দেখিতে কাল। कथन कथन इन्ट्रिंग । कथन कथन इन्ट्रिंग । याग्र। अनिकमनानिका वाक्य वस थाक जवः देशनाए প্রেরিত হয়। কতক পরিমাণে ভূচু হইতে অষ্ট্রিয়ায়ও যার। এখন ভারতেও অর আমদানী হইতেছে।

স্থান্ধি কেপার—স্থান্ধিকমলাপিকোর ধরণে ইহাও প্রান্তত হইয়া থাকে। ইহার পাতা গুলি বর্জু লাকার স্থান্ধি কমলাপিকো হইতে চালুনি সাহাযো পৃথক্ করিতে হয়। স্কুড়েডে যে সব প্রান্তত হয়, তাহা প্রায় হল্লে পিল্লবর্ণ বা কাল। কাণ্টন নগরে যাহা প্রান্তত হয়, তাহা কাল বা পিল্ল বর্ণ। তবে কথন্ত ক্থন্ত হল্লে ও সবুল রভেরও হইয়া থাকে।

স্থান্তিকরণ।—ফর্চ্ন সাহেব চীন দেশে এইরূপে চা
স্থান্তিকরণ।—ফর্চ্ন সাহেব চীন দেশে এইরূপে চা
স্থান্তিকরিতে দেখিয়াছিলেন। কোন বরের এক কোণে
স্থাকারে কমলাফ্ল রাথে। একস্কন লোক চালুনি হারা
সেই ক্লরাশি হইতে ছোট ছোট কেশরগুলি পৃথক্ করিয়া
ফেলে। ভাহাতে সেই ফ্লর্রাশির শতকরা ৭০ ভাগ থাকে
ও ৩০ অংশ ফেলিয়া দেয়। কমলা ব্যবহার করিতে
হইলে থ্ব ভাল স্টেস্ত ফ্ল দরকার। কিন্তু মল্লিকা স্ল মুক্লিভাবস্থায় ব্যবহৃত হইতে পারে; চার ধহিত মিশাইলে
পর সেই মুক্ল ফ্টিতে থাকে ও গন্ধ বাহির হয়।
এইরূপে প্রায় ১০ মণ চার সলে ॥ মণ ফ্ল মিশান
হয়। তৎপরে ওফ্ল চা ও ফ্ল মিশাইয়া ২৪ ঘণ্টা কাল এই
ভাবেই রাথে। চালুনি লাহায়ে সুই ভিন বার ঝাড়িতে ঝাড়িতে ফুলগুলি সম্পূর্ণরূপে পূথক্ হইরা পড়ে। এই রূপে চা হইতে ফুলের রস যাহা কিছু লাগিরা থাকে, ভাহা শুকাইবার জয় কাঠের করলার আগুনে চা ভাজিরা লয়। চার গছ বড় বাহির হয় না, পরে কিছু কাল ঢাকিরা রাখিলে ক্রমশং গদ্ধ বাহির হইতে থাকে। কথন কথন ছই তিন বার এইরূপ করিলে পর চার গদ্ধ বাহির হয়। চীনবাসীরা নানাজাতীয় ফুলে চা স্থান্ধ করিরা থাকে।

চা স্থান্ধ করিতে সকল স্থা সমান পরিমাণে লাগে না।
ছাইসন্পিকো নামক চা খুব ম্লাবান্ ও স্থাত্ন, এমন কি তুথ
চিনি ছাড়াও পান করা বার। তাহা চীনের কুইছব (Olea
fragrans) স্থল স্থান্ধি করা হর। স্থানের জাতি অমুদারে
ইহার স্থান্ধের ছায়িছের তারতম্য ঘটে। ঐ স্লের গন্ধ প্রায়
এক বংসরকাল ছারী। ছইবংসর পর আর চার গন্ধ থাকে
না, অথবা একরূপ থারাপ তৈলগন্ধ বাহির হর। কমলাস্থল
ও চীনের মলি নামক স্থানে যে সব চার স্থান্ধি করা হয়,
ভাহাদের গন্ধ ছই ভিন বংসরকাল থাকে। এ ছাড়া
সিউহিল্ স্থানর গন্ধ ও তিন চারি বংসর ছানী হয়। বিদেশীরা
সিউহিল্ স্থানর গন্ধই বেশি আদর করে। কিন্তু চীনবাদীরা
এই গন্ধ তেমন ভাল বাসে না।

গুণ।—চা ধারক ও উত্তেজক। পরিশ্রমের পর পান করিলে খুব আরাম বোধ হয়। চার একটা বিশেষ গুণ এই বে, ইহা পান করিলে অধিক রাত্রি জাগরণ করা যায়। এই গুণটা হরিংবর্ণের চাতেই বিশেষ লক্ষিত হয় ও যাহাদের চা পানের অভ্যাস নাই তাহাদের উপরই বিশেষ কার্য্যকরী হয়। কেহ কেহ বলেন, ইহা হাদর ও রক্তাধারকে খুব স্মিগ্ধ রাথে। ডাক্তার বাইলিং বলেন—চা ও ক্ষি স্মিক্ষারক, উত্তেজক, গুবধের নেশা নিবারক, প্রান্তিনাশক ও অক্সান্ত মেদোরোগ-নিবারক। অধিক পরিচালনা হারা মন্তিক্ষের কোনক্ষণ বিক্রতি হটিলে চা পানে অনেকটা প্রাক্কতিত্ব হয়।

লার হান্দ্রি ডেভির মতে হরিৎবর্ণের চাতে টানিন (Tannin) অর্থাৎ অন্ন ও সঙ্কোচক পদার্থ অধিক এবং কাল চাতে এক প্রকার উৎের তৈল অধিক দৃষ্ট হয়। ডাক্তার লিবিগের মতে চা হইতে হক্তের আবের মত এক প্রকার রস ক্লবণ হয়।

চাইট ( दिश्य ) গবাদির পদাধাত।

চাইম, পাৰ্কজীর ত্রিপুরারাজ্যে প্রবাহিত একটা কুজ নদী। আঠারমূরা পাহাড় হইতে নির্গত হইয়া উক্ত রাজ্যের পূর্ব প্রান্তের নিকট গোমতী নদীর সহিত মিলিত হইয়াছে।

চাইবাদা, বাৰালা এেলিডেলির অস্বৰ্গত দিংহভূষ ৰেলাল

একটা প্রধান নগর। সমতল ভূমি হইতে উচ্চহানে অকাণ ২২° ৩২´ ৫০´ পৃঃ ও ত্রাবিণ ৮৫° ৫০´ ৫৭´ উঃ মধ্যে অবহিত। এবান হইতে রোড়ো নদীর দক্ষিণতট দেখিতে পাওরা বার। চতুর্দিকে পর্কত থাকার হানটার লুক্ত বড় মনোরম। পরিনাণকল ৬৪০ একর। এথানে সহস্রাধিক বাটা আছে। ভরধ্যে ডেপ্টা ক্ষিসনরের কুঠি, থানা, জেলথানা, ডাক্তবর, পরর্নেট কুল ও লাভবাচিকিৎসালর প্রভৃতি প্রধান। প্রতি বৎসর পৌয়মানে বড়দিন উপলক্ষে এথানে বড় মেলা হর। ভাহাতে প্রার কেড় লক্ষ্ক টাকার জিনিস আমদানী হইরা থাকে। ১৮৮০ খুটাকে অসভা লোকদিগের সহিত তসর, শুটা ও অভাক্ত জিনিসের কারবার চালাইবার উদ্দেশ্পেই এই মেলা আরম্ভ হর। এথানে তসর, রেসমের শুটা, কাপড় ও শসোর ব্যবসা আছে। মিউনিসিপালিটার বড়ে নগরের অনেক উন্নতি হইরাছে। এখানে প্রতি অধিবাসীকে গড়ে।১৮০ হিসাবে কর দিতে হর।

চাউনি (দেশক) দৃষ্টি, অবলোকন।
চাউল (দেশক) তঙুল। [ডঙুল দেখ।]
চাওন (দেশক) ২ বাজ্ঞা, প্রার্থনা করা। ২ দেখা।
চাওপুর, বলায়ন কেলার রাজপুর পরগণার অন্তর্গত একটা
গ্রাম। পদার বামক্লে এবং বলায়ন্ নগর হইতে ৫৬ মাইল
দ্রে অবহিত। প্রতি বর্ব কার্ত্তিক মালে এখানে এক মেলা
হয়, তাহাতে প্রায় বিশ হাজার বাজী আসিয়া খাকে।
চাওয়া (দেশক) ২ যাজ্ঞা, প্রার্থনা। ২ অবলোকন।
চাওয় (আরবী) চিন্তা, ভাবনা।

চাংভকার, ছোটনাগপুরের মধান্বিত একটা কুদ্র রাজ্য। অক্ষা ২০ ২৯ ছিতে ২০ ৫৫ ৩০ তিঃ এবং দ্রাবি ৮১ ৩৭ হইতে ৮২ ২০ ৩০ পুঃ পর্যান্ত বিভ্ত। ভূপরিমাণ ৯০৬ বর্গ মাইল।

এই রাজ্য গিরি, দরী ও অধিত্যকামর, তাহার উপর বিশাল শালফলল ও মধ্যে মধ্যে কুক্ত গ্রাম। এথানকার গিরিমালা স্পাকারে উত্তরপূর্ক হইতে দক্ষিণপশ্চিমে মিশিরাছে।

ছোটনাগপুর বিভাগের পশ্চিমাংশের শেবভাগে এই রাজ্য, ইহার উত্তর, পশ্চিম ও দক্ষিণ সীমার বাবেলখণ্ড রাজ্য এবং পুর্বে কোরেয়া বা কোড়েয়া রাজ্য। এই স্থান ও করলাসংযুক্ত প্রস্তরময়। কোড়েয়ার মভ এখানেও ভাল করলাউৎপর হয়।

গিরিদরী বারা হুর্ভেল্য হইলেও পিগুারী ও মরাঠাদিগের উপদ্রবে এই কুলু রাজ্য বংগ্ট ক্ষতাচার স্থাক্রিয়াছে। সেই উপত্রব নিবারণের জন্মই এখানকার সর্দার রেবার রাজপুত সন্দারদিগকে ৮ থানি সীমান্ত প্রাম ছাড়িরা দিরাছেন।
এখানকার সন্দার কোরেয়া-রাজবংশসভত।

এই রাজ্য মধ্যে বনাস্ত নেউর নামে ছইটা মাত্র নদী আছে, তাহাতে নৌকাদি চলে না। ছইটা জলল ভেদ করিয়া ছইটা গিরিস্টট গিরাছে। গ্রীম্নকালে এথানকার শালবনে অনেকে গ্রাদি চরাইতে আনে, তজ্জন্য এথানকার রাজাও বেশ কর আদার করিয়া থাকেন।

জনকপুরে কতকশুলি মেটে ঘর আছে, তাহাই এথান-কার রাজভবন। রাজার বার্ষিক আর প্রায় ৩০০০ টাকা। ভাঁহাকে কেবল ৩৮০ টাকা কর দিতে হর।

তথানকার হরচোকা গ্রামে পাহাড়খোলা গৃহাদির ভগাব-শৈব আছে, বোধ হয় পূর্বে সেগুলিতে মন্দির ও বিহার ছিল। চাংভকারের বর্জমান অধিবাসীলের অবস্থা দেখিলে বোধ হয় না, বে ভাহালের কোন পুরুষ ঐ সকল অসাধারণ কীর্ত্তি করিয়া থাকিবে। নিশ্চরই পূর্বকালে এখানে কোন উন্নত ও পরাক্রান্ত রাজা বা জাতির বাস ছিল, তাঁহারাই পাহাড় খোলাই করিয়া মন্দির অথবা আশ্রমাদি নিশ্রাণ করিয়া থাকিবে।

এখানে বহুসংখ্যক হিন্দুর বাস। গোঁড়, মুআসি, কুরু
প্রভৃতি অসভ্য জাতিও এখানে হিন্দু দেবদেবীর পূজা করে।
চাঁই (দেশজ) ১ প্রধান, মুলীভূত। যথা—ইনি এ
বিষয়ের চাঁই। ২ ডেলা। যথা—"গোপাল একটা চাই
ভূলিরাছে।" ও মাছ ধরিবার বছ্রবিশেষ, বংশ শলাকা ছার।
ইহা নির্মিত হয়। মাছ ইহার মধ্যে একবার প্রবেশ করিলে
আর বাহির হইতে পারে না। ৪ চোর, ডাকাত প্রভৃতি
ছুই লোকদিগের দলপতি।

চাঁই, মধ্যবন্ধ ও বেহারবাসী এক নীচ জাতি। চাই অথবা বড়চাই নামেও অভিহিত। চাব ও মাছধরা ইহাদের উপলীবিকা। অযোধ্যা প্রদেশে থাক, নট, ডোম প্রভৃতি নীচ জাতির সহিতও ইহাদের দেখা যার। মুরোপীয় মানবতত্ববিদ্-গণের মতে ইহাদের মুথের ভাব অনেক্টা মলোলীয় ছাঁচে ঢালা। ইহাদের মধ্যেও কতকগুলি গোত্র আছে। যথা— ভারহালী, চরণবংশী, কাশ্রপ ও শাণ্ডিল।

ইহাদের মধ্যে বছবিবাহ, বাল্যবিবাহ, বিধবাবিবাহ ও বয়স্থার বিবাহ প্রচলিত আছে। সচরাচর দশনামী গোস্বামীরাই ইহাদের গুরু। মৈথিল বর্ণব্রাহ্মণগণ এই জাতির পৌরোহিত্য করে।

অঘোধ্যার চাঁইরা মহাবীর, সত্যনারায়ণ ও দেবীপাটনের উপাসক। বেহারের চাঁইগণ পাঁচপীরকে মানিয়া চলে। आस्तात बर्ण अहे आजि क्लांडिगाताबाद श्रृंकांत अक्षत्रकः। जक्क छेरजव ७ आस्मान श्रास्ति हेरारवेद यन मा स्ट्रेरण इर्ल नाम हेराता वत्रास्थारण थाहेरक वक्ष कानवादमः।

ইহাদের মধ্যে কোন রমণী এটা হইলে দে সমাজচ্যুত্ হর, কিন্তু অলাভি মধ্যে একটা ভোজ নিলে আর ভাহার কোন লোব থাকে লা। এটা, রমণীকে তাহার পতি পরিভাগি করিলে দে ভাহার প্রশেরীকে বিবাহ করিতে পারে।

ইহারা বিন্দ্ স্থানিরা প্রভৃতি কাতি অপেকা সমাকে হীন। উত্তরপশ্চিমাঞ্চলে এই কাতি কৃবিক্স ও খনির প্রভৃত করে। পূর্ববলে ইহারা ডালকলাই বিক্রের করিবা খাকে।

স্নিরা ও সলাদিগের মধ্যেও টাই নামে এক শাণা আছে। বালালাবিভাগে প্রার ক্লাধিক চাঁই বাস করে।

চাঁইপুর, বলের শাহাবাদ জেলার অন্তর্গত একটা নগর।
অক্ষা: ২৫: ২'১৫" উঃ, জাবিং ৮০ ০২'৩০" পুঃ। ভবুরার
তা০ কোল পশ্চিমে অবস্থিত।

ঐতিহাসিক হণ্টর সাহেব লিখিরাছেন, "চান্দু নামে এক চেলরাজনাতা এখানে বাস করিতেন, ওাঁহার নাম হইতে ইহার নাম হর চান্দপুর। তাহার অপক্রংশ এখন টাইপুর নাম হইরাছে।" (Statistical Account of Bengal, vol. XI. p. 212.

কিন্ত আমাদের বিবেচনার চাক্ষপুরের অপলংশ না হইরা চাম্প্রাপুরের অপলংশ চাঁইপুর মাম হইরাছে। এখানে আবাদ আছে সতার্গে অস্তররাক ওল্পনিগুলের চপ্ত ও মুপ্ত লামে হইকন সেনাপতি ছিল। অস্তরনাশিনী পার্কাণী উভরকে বিনাশ করিরা চামুপ্তা লামে গাত হন। এখনও এই চাঁই-পুরের আড়াইকোশ পুর্কো মুন্ধেশরী লামে ভগবতীর এক মন্দির দুই হর।

জাবার কাহারও বিশ্বাস কট্নী নদীতটে গোরোহাট নামক স্থানে মণ্ড নামে এক চেক্লস্পারের রাজস্ব ছিল। চণ্ড তাঁহারই প্রাতা। চেক্লরা গণেশ, হতুমান্, হরগৌরী ও নারা-য়ণ স্তির পূজা করিত। এখনও সেই সকল দেবম্রির জ্ঞা-বশেষ নানাহানে দৃষ্ট হয়।

গোরোহাটের মধ্যে মুক্তেশরীর মন্দির বিধ্যাত। যদিও ঐ মন্দিরের এখন নিভান্ত ভগাবহা, কিন্ত এখনও ভাহাতে মহিবমর্দিনী ও শিবলিক বিরাজ করিতেছে। প্রাচীন ব্রুম্রির স্থার ঐ মহিবমর্দিনীর কেশপাশ ও কর্ণবর আছে। এ ছাড়া মন্দিরের গারে নর্তক, বাদ্যকর প্রভৃতির নানা মুর্তি দেখা যার।

**हैं। हे शूरत व हिन्मू तांकान (हक्तिनाटक छोड़ा हैना ट्यन**।

উংহারা রাজপুতবংশীর ও বত্কাল এখানে নির্বিশানে রাজদ্ব করেন। উহারা এখানে একটা হুর্গ নির্দাণ করেন, ভাহার চারিদিকে গড়খাই ও বপ্রশোভিত। নেই প্রাচীন হুর্গ আজও রহিরাছে। প্রার আড়াইশত বর্ব হুইল, পাঠানেরা এখানকার হিন্দুরাজকে ভাড়াইরা হুর্গ ও নগর অধিকার করেন; এখনও পাঠানদেরই অধিকারে আছে। স্থপ্রসিদ্ধ নেরশাহ সমরে সমরে এখানে আসিয়া বাল করিছেন। এখানকার পাঠানদর্দার ইখ্ভিরার খাঁর পুত্র ক্তেখার সহিত বের-খাহের কন্যার বিবাহ হর। কভেখার গোরস্থানের উপর একটা হুক্সর নস্তিদ নির্দাত হুইরাছে।

্টাইপুর নগরটা অভি মনোরম স্থান, এখান হইতে বিশাল ক্ষেত্র ও পাহাড় সরনগোচর হয়।

মৃস্নমান আক্রমণের পর চাঁইপুরের হিল্পরাল জ্রানদীর ভীরে আসিরা নিজ নামে এক নগর পত্তন করেন ও ভখায় বাস করিতে থাকেন।

চাঁইপুর, ভাগনপুর জেনার অন্তর্গত একটা বিখ্যাত প্রাম।

কলা ২৫° ৪৯ ২৮ উ:, ত্রাবিং ৮৬° ৩৬ ৯৬ পু:। পুর্কে

এখানে কেবল আন্ধা পণ্ডিতের বাস ছিল, জাঁহাদের শান্ত্রীর

ব্যবহা হিল্মাত্রেই অতি সন্তানের সহিত প্রহণ করিত।

এখন আর তেমন পণ্ডিতমণ্ডলী নাই, তবে অনেক ব্রান্তবের

বাস আছে।

চাঁচ ( চঞাৰকৰ ) নলনিৰ্দ্বিত আন্তরণ, দরবা।

চাঁচড়া, যশোর জেলার অন্তর্গত একটা প্রাম ও চাঁচড়ারাজ-গণের রাজধানী। অক্ষাণ ২৩ ৯ - উ:, ক্রাহিণ ৮৯০ ১৪ -৪৫ পু:, ঘণোর নগরের প্রায় অন্ধ্যোল দক্ষিণে অবস্থিত।

রাজভবনের জন্ত এই স্থান বহুদিন হইতে প্রসিদ্ধ। এই রাজভবনে চাঁচড়া বা যশোর-রাজবংশের বস্বাস।

ভবেশর রার হইতে চাঁচড়ারাজবংশের সৌভাগোাণর।
ভবেশর উত্তররাটীর কারত ছিলেন ও পান্-ই-আলমের
অধীনে একজন সৈনিকের কর্ম করিতেন। তিনি সৈরদপ্র,
আজনপুর, মৃড়াগাছা, মলিকপুর এই চারিটা পরপণা প্রাপ্ত
হন। পুর্বে ঐ পরগণা কর্মটা রাজা প্রতাপাদিভ্যের অধিকারত্বক ছিল। ১৫৮৪ খুটাকে ভবেশর রামের মৃত্যু হয়।
তৎপুত্র মহতাব্রামরার ১৫৮৮ হইতে ১৬১৯ খুটাক পর্যান্ত
উত্তরাধিকার উপভোগ করেন। তাঁহার সমরে মানসিংহরে
সহিত প্রভাগাদিভ্যের যুদ্ধ ঘটে। এই মৃদ্ধে তিনি মানসিংহকে
যথেষ্ঠ সাহায্য করিরাছিলেন, তজ্ঞক্ত তিনি উক্ত চারিটা
পরগণা স্থারীরূপে ভোগদধল ক্রিবার আন্দেশ প্রাপ্ত হন।
মহতাব্রামের পর উছার বংশধর ক্রম্প্রার ১৬১৯ হইতে

১৬৪৯ शृहोत्तः गर्वाच मन्त्रवि मर्खात करतन । नैक्सिना, थिनियानि, बाचमात्रा, जिन्मावान ७ जाङ्किवानभूत अवनगा ठाँरात अभिकातकुक रहा। ১०৪> वृष्टीत्म अव्यर्गदादात बृह्य रव, ७९भूख मामारवर्षात ३१०४ पृष्ठीच शर्यास जीविक क्रिनन । अरे ख्रीचे नयत मध्य किन सामहस्त्र तूत्र, एरमन्यूत, वाश्वनित्रा, अस्मित्रात्, विश्ववित्रा, बुनक्यूत्र, मनरे, (मायनाणी, त्यावमा, नादम, छामा, कनुत्रा, व्यापम कवित्राज, खाठेना, क्निकांचा धाकुष्ठि द्वांचे वक् क्यांक्कुणि शत्रश्राप्त अधिकात नाक करत्व। हैनिहें श्राप्तक श्राप्त हैं। हिफ़ा-রাজ্যের প্রতিষ্ঠান্তা। মনোক্র রারের মৃত্যুর পর ভৎপুত্র कृष्णतीम ১৭२৯ थृष्ठीच नर्गान ब्राकारकांत्र करतम। छाँदांत সময়ে মহেখরপাশা ও রার্মকল ট্রেড়ারাক্টের অবর্গত इतः। मस्मार्त्र मनीवाबाद्यात्र निक्छे रहेर्छ वाणिकशूत পরগণাও ক্রের করিরাছিলেন। তৎপরে তৎপুত্র শুক্তদেব রার ঐ বিপুল সম্পত্তি ভোগ দখল করেন। তিনি মাতার আংদেশে বিষয়ের । আনা অংশ কনিষ্ঠ স্থামসুন্দরকে অর্পণ करतन। ১৭৪६ पृष्टीत्म उरुपूत नीनकास भिजात बात्रमाना मन्ने जित्र উखताबिकाती इटेरनन । अथन इटेरफ रात्र स्नोना बार्म युगक्रभूत छन्नक जवर हाति बाना बार्म रेमप्रमभूत वा দোবনালী ভর্ফ নামে খাভ হইল।

১१७८ शृहोरम नीनकारस्त्र পूज श्रीकासनान वान्यामीन অধিকারী হইলাভিলেন। উাহার সময়ে দশশালার বন্দো-वछ इत्र अवः निर्फिष्टे मित्न छेमवारखत्र मध्या गवर्त्मभेत्राक्य कमा मिए ना भावाय अदक अदक नमस्य भवनभारे निमास বিক্রন্ন ছইরা গেল। ভাঁহার পরিবারবর্গ শেষে গ্রমেণ্টের আশ্র ভিক্লা করিতে বাধ্য হইলেন। ১৮০২ খুটাকে শ্রীকাত-রারের মৃত্যু হয়। তৎপুত্র বাণীকান্ত মোকদমা করিয়া देनव्रमभूत्र भवनात्र किव्रमः म छेकात्र करत्न । ১७১१ धृडीस्य বাণীকান্ত কালপ্রাসে পভিত হন। তাঁহার পুত্র বর্দাকান্ত রায়। কোর্ট অব্ ওরার্ডসের যত্নে বরদাকান্তের সম্পত্তির অনেক आग्र वृक्षि इत । ১৮२० शृष्टीत्म गवर्र्यत्केत अञ्चाह वत्रमांकास नाहन भवनेश भूनः शास इटेलन । निभारी विक्लार्ट्य नमय তিনি গ্রমেণ্টকে সাহায্য করার রাজা বাহাত্র উপাধি লাভ कतिराम । अन्यानम्हक (थनाठ नाहेरामा । अन्न भुडोरस वत्रमाकारसत मृज्य इहेरन, ७९ शृक्ष स्नानमानास, मानमानास ও र्ममाकाञ्च त्राम बाहाकृत উত্তরাধিকার প্রাপ্ত হন।

এখন চাঁচড়ারাজ ঋণজালে জড়িত ও নানা লোবে খনেক সম্পত্তি নই হইতেছে।

४९८७-- ५९८৮ वृद्धारम्ब मरश हात्रमानीत मश्चित्रती

চাঁচন ( দেশৰ ) ছোলন, স্মাকরণ।

চাঁচিয় (বেশৰ) > কোঁকড়া চুন। "চাঁচর চিকুর ছান্দে, কৰনী টানিয়া বান্ধে, বেড়ি নৰ মালতীর ফুন।" (ক্ৰিক্ছণ) ২ অধ্যুৎসৰ, দোনের পূর্ব্ব দিনে ইহার অভ্ঠান হয়।

**हाँ हित्र दिन्न ( ८४ मब** ) दका कें फा हुन।

চাঁচা ( দেশৰ ) পরিকার করা।

हाँ हि (दमन ) भवनि इ भाग।

চাঁটাটাটি ( দেশৰ ) চড়াচড়ি, মারামারি ।

"পাইরা সমর, নাহি চিনে ঘর পর,

চাটাটাট পড়িল তলে।" (কবিকয়ণ)

চাঁড়ার-মারা ( दिन्न ) मर्छि वित्न ।

**हॅं। क्रांक** ( हक्षांन भक्ष्य ) [ हक्षांन (एव । ]

চাঁড়ালীরা ( দেশন ) চাড়াল সম্মীর।

होंस ( हल भन्न ) [ हल (पथ । ]

চাঁদি, ঘ্শক্ষৰে কেলার একজন পূর্বতন রাজা, ইনি আবাহা-বাদচজ্রোক নামক স্থানে রাজত করিতেন। ঐ স্থানে চাঁদরাজ সম্ভাকে অনেক গল প্রচলিত আছে। তথার চাঁদ-রাণী-কা মন্দির নামে একটা মন্দিরও দৃষ্ট হয়।

চাঁলকবি, বিখ্যাত রাজপুত কবি। [চক্রকবি দেখ।]
চাঁলকুমারী, পঞাবের একজন অধীষরী, মহারাজ রণজিৎ
সিংহের পুত্রবধু ও খড়লসিংহের মহিবী। তৎপুত্র নবনেহালসিংহের মৃত্যুর পর ইনি শিথরাজসিংহাসনে অভিষিক্ত হন।
ইনি অভিশর বৃদ্ধিষতী ছিলেন। মন্ত্রী ধ্যানসিংহকে আদৌ
বিখাস করিতেন না. তিনি বৃধিরাছিলেন ধ্যানসিংহই
তাহার পভিপুত্রের পতনের মৃন, আর কিছুদিন তাঁহাকে এই
উচ্চপদে রাখিলে বোধ হর শিধরাজ্য পর্যান্ত তিনি হন্তগত
করিবেন। এই ভাবিয়া তিনি সিন্ধুবালা উত্তমসিংহকে
প্রধান মন্ত্রীত্ব প্রদান করিলেন। তাহাতে ছই ধ্যানসিংহ
সেই বিচক্ষণা রষ্ণীয় সর্ম্বনাশ করিবার স্থ্যোগ খুঁজিতে

লাগিলেন। তিনি রণজিতের কারক পুর সেরসিংছকে উखत्राधिकाती थाण कतिरागन। (भरव शामाभितिःइ ও धानितिংह्त व्यव्या हानकूमाती ताबा हाताहरनन ७ ३ नक টাকা আরের এক জারগীর পাইলেন। সেরসিংহ পঞ্চাবের ताबा इहेरनन ७ हानकुमातीरक इन्छग्छ कतिवात बना अस्मक চেটা করিতে লাগিলেন। চাঁদকুমারী সেরসিংহকে অভি ঘুণা ক্রিতেন। সেরসিংহ বিবাহের প্রস্তাব করিয়া পাঠাইলে তিনি শগ্রাহ্ন করেন। ভাহাতে হুইমতি সের-নিংছ আপনাকে অপমানিত বোধ করিরা চাঁদকুমারীর महहत्री निगदक बायगीत निवात लाख तथारेता छारा निगदक রাণীর হত্যাকাণ্ডে নিযুক্ত করিলেন। এক দিন পতিপুত্র-हीना (भाकत्रवश्रा भिषदास्माहिती स्मानन विश्रामकत्म हून বাঁধিতেছেন, এমন সময় তাঁহার ছট সহচয়ীগণ কেশগুছ ধরিয়া ভূমিতলে তাঁহার মাণা ব্যড়াইয়া স্বতি স্থািত ভাবে छांहात थान विनाभ कतिन। [शानाभिनिःह भन ६१६ छ ৫৭৬ পৃষ্ঠার চাঁদকুমারী সহল্ধে অনেক কথা ডাইব্য।]

চাঁদকো, দিকু প্রদেশের এক উর্বরা ভূমিখণ্ড, অক্ষা ২৬° ৪০ 'ও
২৭° ২০ 'উ: এবং জাঘি ৬৭° ২৫ 'ও ৬৮° পু: মধ্যে দিকুনদের
দক্ষিণধারে অবস্থিত। এধানে প্রধানতঃ চাঁদিয়া জাতির
বাস। ১৮১৮ খুটান্দে তলপুরের মীর এধানকার চাঁদিয়া
সর্দারকে এই ভূথণ্ড জায়গীর দেন। ১৮৪২ খুটান্দে জায়গীরদার বালি মৃত্যাদ বিপক্ষ মীরের পক্ষ অবলম্বন করায়
থ্যেরপুরের মীর আলী-মুরাদ চাঁদকো আক্রমণ করেন, পরে
সার চার্লস্ নেপিয়ার অনেক কটে এই স্থান উন্নার করেন।
১৮৫৯ খুটান্দে ঘাইবি খাঁ চাক্সকে এই স্থান জায়গীর দেওয়া
হয়। ইহার প্রধান নগর বাইবি-দেরো।

চাঁদেখাঁ, গোয়ালিয়ার নিবাসী একজন বিখ্যাত গায়ক। (আইন্ই-মক্বয়ী)

চাঁদথালী, খুননা জেলার অন্তর্গত একটা আম। অকা ২২° ০২ ০ তাঁ জঃ, জাঘি ৮৯°১৭ ০ পু:। কপোডাক্ষ নদীর তীরে অবস্থিত। এখান হইতে স্থন্দরবন ৪৪০ কোশ মাত্র। পুর্বে এ অঞ্চল অবধি স্থন্দরবন ছিল ও নদীয়ারাজের অধিকারভুক্ত পর্বাতপুর বা বালালপাড়াগ্রামের অংশ বলিয়া গণ্য হইত। ১৭৮২ কি ৮০ খুইান্দে মালিট্রেট্ হেকেল সাহেব প্রথমে বন কটাইয়া এখানে গঞ্জ স্থাপন করেন, তথন হইতে এই স্থান হেকেলগঞ্জ বা "সাহেবের হাট" নামে খ্যাত হয়। বন কটো হলৈ নদীয়ারাজ এই স্থান দাওয়া করিয়া বলেন, শেবে অনেক মোকদমা মামলার পর ঐ গঞ্জের ৫০১ টাকা কর ধার্য হয়। শেবে নদীয়ায়াজ ৮০০১ টাকা মূল্যে এক-

জন জমিদারকে সত্ম বিক্রয় করিয়া কেলেন। ঐ জমিদার গ্রমেণ্টের সহিত বন্দোবত করিতে সত্মত হইলে ইহার ৮৭২ টাকা কর ধাগ্যহর।

প্রতি সোমবারে এথানে এক বৃহৎ হাট বসে। তাহাতে
নিকটত্ব প্রামের বিত্তর লোক উপস্থিত হয়। ভৎকালে নদীতে
শত শত নৌকাও কুলে শত শত লোকের সমাগমে এক অপুক্
প্রীধারণ করে। এই হাটে প্রধানতঃ চাউল, হ্লুল, তামাক,
তৈল ও শাক সব্ধি বিক্রীত হয়। সোমবারে এথানে ব্যমন গোলমাল, আবার অন্য দিনে তেমনি শাস্তভাব ধারণ করে। এ সকল দিনে মনে হয় কেবল কতকগুলি কুটার পড়িরা
আহে, বৃধি লোকের বাস নাই।

চাঁদিগড়, (চক্রগড়, চন্দগড়) কর্ণাটক প্রদেশের বেলসাম্ জেলার অন্তর্গত চাঁদগড় বিভাগের প্রধান সদর। এখানে প্রিশ, ডাক্বর, পাঠশালা ও রাজ্য-কার্যালয় আছে। এখানকার ছোট গড়ও রবলনাথের মন্দির খ্যাত। লোকের বিখাদ এখানকার বরলনাথের পূজা দিলে ওলাউঠা রোগ হয় না। ১৭২৪ খুটান্দে সাবস্তবাড়ীর বিখ্যাত ফোন্দ সামস্তের পূক্র নাগদামস্ত চাঁদগড় জর করিয়া এখানে একটা থানা করেন। ১৭৫০ খুটান্দে কোন্হাপুরের সামস্করাজ পেশবার ভ্রাতৃপুক্র সদাশিব রায় ভাউকে চাঁদগড় হুর্গ, পার্-গড়ও কালানন্দিগড় এবং পাঁচহাজার টাকা মূল্যের সম্পত্তি অর্পণ করেন। এখানকার হুর্গে পূর্বে ৪০টা সামান্য যোজা ও একটা কামান থাক্তিত। এখন চাঁদগড় নগরে প্রায় আড়াই হাজার লোকের বাস।

চাঁদিগাজি, বদের বিখ্যাত বারভূঁয়ার মধ্যে একজন, ইনি চাদ-প্রতাপে রাজত্ব করিতেন। [বারভূঁয়া দেখ।]

চাঁদজে (দেশৰ ) লাকাবিশেষ।

চাঁদতারা, রেসমী বল্লবিশেষ, ইহাতে চাঁদ ও তারার মত ফুটকি থাকে। মালদহের চাঁদতারা প্রসিদ্ধ।

**हाँ मिनी** (दिन्य ) > हाँ दिनाया। २ वाताछा।

টাদপুর, উ: প: প্রদেশে বিজনীর জেলার একটা নগর।
অক্ষা ২৯ দ ২৫ উ:, ও লাখি ৭৮ ১৮ ৫ পূ:, বিজনৌর হইতে দক্ষিণে ১৯ মাইল দ্রে অবস্থিত। পরিমাণ
১৬৫ একর। ১৮৬৮ খুটান্দে সহরের অবস্থা বড় মন্দ ছিল। সম্প্রতি অনেক পাকাবাড়ী ও পরোপ্রণালী প্রভৃতি প্রস্তুত হওয়তে নগরের অবস্থাও অনেকটা ভাল হইয়াছে। প্রথানে তহসীলের কাছারী, ডাক্ষর, থানা,
হাসপাতাল, পান্থপালা, বালক বালিকাদের বিদ্যালয়, পাচ
ছয়টী মন্দির ও মসন্দিদ্ প্রভৃতি আছে। সহর হইতে সাত্টী রান্তা নিকটস্থ গ্রামাভিমুখে চলিরা গিরাছে। বাজারে চিনি ও শক্তের ব্যবসাই অধিক। এথানে সপ্তাহে ছই দিন করিরা হাট বসে। স্থানীর লোকেরা হাঁড়ি, কলিকা, কুঁজো প্রভৃতি প্রস্তুত করে। কেহ কেহ স্তার কাপড়ও বুনিরা থাকে।

২ উক্ত বিজনৌর জেলার একটা তহদীল। চাঁদপুর, বুড়পুর ও বাতা এই কয় পরগণা লইয়া এই তহদীল। পরিমাণ ৩০৭ বর্গমাইল।

চাঁদপুর, মেদিনীপুর জেলার একটা গ্রাম। সম্প্রতটে ভাগী-রথীর মোহানার উপর অবস্থিত। এখানে গ্রীয়কালে সর্ধ-দাই সম্প্রের লিখ দীতল বায়ু বহে। এই জন্ত অনেকে গ্রীয়কালে এখানে আসিয়া বাস করেন।

চাঁদপুর, ত্রিপুরার অন্তর্গত একটা বাণিক্যপ্রধান নগর, মেঘনানদীর ধারে অবস্থিত।

চাঁদরায়, বহুসম্পতিশালী একজন জমিদার, ইহার বাস্থান রাজস্বল। রায় মহাশ্য ধনাত্য হইয়াও অসচ্চরিত্র ও দ্ফ্রা-দলাধিপতি ছিলেম এবং নিজেও দস্মাবৃত্তি করিতেন। প্রজা-भी छन । अत्रथन इत्रवे है होत्र ध्यथान वावना ग्र**हन**। जिन দিন বড়ই গর্বিত হইয়া উঠিলেন। নবাবের অধীনতা তাঁহার পক্ষে ভাল লাগিল না: তিনি রাজকর বন্ধ করিয়া-দিলেন। এখন ভিনি এক প্রকার স্বাধীন। নবাব জানিতে পারিয়াকর আদায়ের জনা লোক পাঠাইলেন। চাঁদরায় তাহাদিগকে তাড়াইয়া দেন। ইনি অধীনত দল্লারা নবাবের প্রতিকৃশভাচরণ করিতে শাগিলেন, নবাব বছ-যত্নেও তাহা নিবারণ করিতে ক্লতকার্য্য হইলেন না i- চাদ-রায়ের ভয়ে ও অভাচারে লোক সকল পথে ঘাটে বাহিব হইতেও সাহস পাইত না। সতীম্বনাশ, সাধুর অপমান প্রভৃতি সমস্ত অসংকার্যাই ইহার অকভূষণ ছিল। ইনি শক্তির উপাদক ছিলেন; প্রতি বংসর ছুর্গোৎসবের বায় নির্কাহের জন্য ছর্কল নিরীহ প্রজাবর্গকে উৎপীড়ন করিয়া অর্থ সংগ্রাহ করিতেন। পূজার সময়ে দেবীর নিকটে লক্ষ লক্ষ ছাগ, মহিধ প্রভৃতি বলি দেওয়া হইত। গোহতা। বদহত্যা প্রভৃতি মহাপাপ আচরণেও ইনি ভীত ছিলেন না।

কিছুদিন পরে পাপের ফল ফলিল, দস্থাপতি চাঁদরার উন্মন্ত হইয়া উঠিলেন। অনেকের বিশাস একটী ব্রহ্মদৈত্য চাঁদরায়ের দৌরাত্মা দেখিয়া ইহার শরীরে আশ্রম করে। ইহাকে বিনাশ করিরা প্রঞাবর্গের শান্তিহাপনই ভাহার প্রধান উদ্দেশ্য। চাঁদরায়ের কনিষ্ঠের নাম সম্ভোষরায়। সজোব অনেক বৈদ্য আনাইয়৷ ইহার চিকিৎসা করাইতে লাগিলেন, কিছুতেই কিছু হইল না, পাণের ফল দিন দিন

বর্জিত ইইতে থাকিল। সম্ভোষরার গড়েরহাট-নিবাসী
নরোত্তম ঠাকুরকে জানাইরা ইহাকে ক্রফমত্তে দীক্ষিত করাইলেন। তাহার কিছুদিন পরেই চাঁদরার নীরোগ হইলেন।
নরোত্তম ঠাকুরের ধর্মোপদেশে ইহার মতিগতি ফিরিরা
গেল। ইনি সকল জনদাচরণ পরিত্যাগ করিয়া সচ্চরিত্র ও
পরম বৈষ্ণব হইরা পড়িলেন। প্রজাবর্গের শান্তি হইল,
নবাবও প্রতিবংসর নির্মিতরূপে রাজকর পাইতে লাগিলেন। (ভক্তমাল।)

চাঁদরায়, বিখাতি বারভূঁরার মধ্যে একজন। ইনি বিক্রমপুর অঞ্চলে রাজত্ব করিতেন। শ্রীপুর ইহার রাজধানী ছিল।

প্রবাদ এইরূপ—অক্বর বাদ্দাহের রাজ্ঞরের প্রায় দেড়শত বর্ষ পূর্বে নিমরায় নামে এক ব্যক্তি কণ্টি হইতে
আসিয়া বিক্রমপুরের অন্তর্গত আরাফুলবাড়িয়া নামক গ্রামে
বাস করেন। এখানকার বঙ্গাধিপের আদেশে তিনিই
বংশার্ক্রমে সর্বপ্রথম ভূঁয়া উপাধি প্রাপ্ত হন। তিনি
ভাতিতে দে উপাধিধারী কায়স্থ ছিলেন। নিমরায়ের
প্রাদির নাম জানা যার না। এই বংশে চাঁদরায় ও কেদাররায় নামে ছই ভ্রাতা জন্মগ্রহণ করেন। কেহ কেহ বলেন,
ধিজিরপুরের প্রসিদ্ধ ভূঁয়া ঈশাধার সহিত চাঁদরায় ও
কেদাররায়ের সর্ব্বদাই যুদ্ধবিগ্রহ হইত। ঈশাধা চাঁদরায়ের
রাজধানী আক্রমণ করিয়া তাঁহার কন্তা সোণাই বা স্বর্ণমন্ত্রীকে
লইয়া গিয়া বিবাহ করেন \*।

উক্ত প্রবাদ প্রকৃত বলিয়া বোধ হয় না। ইতিপূর্ব্বে কেদাররায় শব্দে লিখিত হইয়াছে যে, তিনি ১৯৯২ খৃষ্টাব্দে প্রীপুরে রাজত্ব করিতেছিলেন, সন্তবতঃ জ্যেষ্ঠ টাদরায় ঐ সময়ের কিছুকাল পূর্ব্বে রাজত্ব করিতেন। কিন্তু আইন্-ই-অকবরী পাঠে জানা যায় যে, ১৫৯৮ খৃষ্টাব্দে ঈশার্থার মৃত্যু হয় †। ঐ সময়ে টাদরায় জন্মগ্রহণ করিয়াছিলেন কি না তৎপক্ষেই সন্দেহ। এরপ স্থলে ঈশার্থা কর্তৃক টাদরায়ের ক্লাহরণ একাত্ব অসন্তব।

চাঁদরায় একজন বীরপুরুষ ও নৌযুদ্ধে বিশেষ পারদর্শী ছিলেন, তিনি নিজ বাত্বলে সন্দীপ পর্যন্ত অধিকার করেন। তিনি আপন অধিকার মধ্যে নানাহানে ত্রজোন্তর দান ও শিবমন্দির প্রতিষ্ঠা করিয়াছিলেন, তল্মধ্যে বিক্রমপুরে পদ্মানদীর বামকুলে প্রাচীন শ্রীপুরের নিকট রাজবাড়ীমঠ নামে এক বৃহৎ ও স্থন্দর শিবালর দৃষ্ট হয়, এই প্রাসিদ্ধ মন্দিরের ইউকে অতি স্থানর চিত্র বিচিত্র কুলকাটা আছে। ইহার

Journal Asiatic Society of Bengal, vol. XLIII, pt. I. p. 202.
 Blochmann's Ain-i-Akbari, vol. I. p. 340.

প্রাচীর প্রায় ১১ ফিট পুরু। এরপ ধরণের মন্দির বলে জার এখন দেখা যায় না। এখন ইহার চূড়াবধি দানাস্থানে জন্ম ও বটবৃক্ষ জ্যিরাছে। নদীরা জেলার অন্তর্গত শান্তিপুরের গাঁচ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত বাগাঁচড়া গ্রামে কভকটা ঐ ধরণের ভগ্ন শিবমন্দির দৃষ্ট হয়, এই মন্দিরের পূর্ববারো-পরি ইউকের উপর ৮ ছত্রে ধোলিত এই গ্লোক্টী আছে—

শাকে বারমভদ্বাণ্ছরিণাকে নাকিতে শক্রং
সংস্থাপ্যান্ডস্থা স্থাকরকরক্ষীরোদনীরোপমং।
তামে সৌধমিদমুদাস্তলদানিলীনলোলধ্যকং
ভৎপাদেরিত ধীরধীরবিরভং প্রীচাদরায়ো দদৌ ॥

অর্থাৎ অবিরত-নিশ্চলবৃদ্ধি আই চাদরার ১৫৮৭ শকে শিব প্রতিষ্ঠা করিয়া পূর্ণচন্দ্রের কিরণ ও কীরোনজনতুলা এবং নিবিড় মেঘদংলগ্ন চঞ্চল ধ্বজযুক্ত এই মন্দির সেই শিবপাদে অর্পণ করিয়াছেন।

বাগাঁচড়ার অধিবাসীগণের বিশ্বাস যে এই মন্দিরনির্মাতা **ठाँमतात्र ताका क्रकाटलात खाछि किला। आवात छै**क मिन्द्रित निक्रेवर्जी बाक्षणभागन नामक श्रीरमत स्विवागीता বলিয়া পাকেন যে, ঐ চাঁদরার ক্লফচল্রের প্রপিতামহ নদীয়া-রাজ ক্ষত্রায়ের দেওয়ান ছিলেন। কোন সময়ে তিনি জীক্ষেত্রে যাত্রা করেন. পথে ত্রাহ্মণশাসন নামক এক গ্রাম দেখিয়া ভাবিলেন, বুঝি এখানে কেবল ব্রাহ্মণ্ট বাস करतन, किन्न शास्त्र मर्या अक्लन वाकालत्र महान भारे-रनन ना, क्वन अनार्या ७ अधिमृत वान प्रिथितन। এই সময়ে তাঁহার হৃদ্ধে একটা প্রকৃত ব্রাহ্মণশাসন ভাপনের ইচ্ছা হয়। শ্রীক্ষেত্র হইতে ফিরিয়া আসিয়া তিনি দেওয়ান চাঁদরায়কে মনের কথা বলিয়া ভাহা কার্য্যে পরিণত করিতে আদেশ করিলেন। চাঁদরায় বর্তমান ব্রাহ্মণশাসন নামক গ্রাম মনোনীত করিয়া দেড়শত শাস্ত্রদর্শী ব্রাহ্মণ আনাইয়া ত্রক্ষোত্তর দিয়া বাস করাইলেন। ঐ চাঁদরায় উক্ত শিব-मनित निर्माण करत्रन।

উপরোক্ত ছইটা প্রবাদের মধ্যে প্রথমটা নিভাস্ত অম্লক।
কারণ ১৫৮৭ শকের চাঁদরায় ক্ষচন্দ্রের সমসাময়িক হওয়া
সম্ভবপর নয়। ২য়টা কভদ্র সভ্য তৎপক্ষেও সন্দেহ আছে।
মিদিরনির্মাতা চাঁদরায় ক্ষরায়ের দেওয়ান হইলে তিনি
কেবল নিজ নামে ঐ মিদির প্রতিষ্ঠা করিতে সাহসী হইতেন
না, তাহা হইলে ক্ররায়ের নামও অবশ্র উৎকীর্ণ থাকিত।
মিদিরপ্রতিষ্ঠা উপলক্ষে উৎকীর্ণ সহস্র ধোদিতলিপিতে যেথানেই মন্ত্রী বা রাজপুরুষ কর্তৃক মিদির প্রতিইার প্রশতি লিধিত, প্রায় সেই সেই স্থানে রাজার নামও

महे इत। यन्त्रिशिष्ठिश ७ उद्दर्शनक्त बान्नन्तान चार्यन লাকিণাত্যের নানাস্থানে দেখিতে পাওরা যার। এরাপ ক্লে क्रज्यात्वत चारम् आक्रमणामन शामिण स्टेरन रकन ना के निभिष्ठ क्रमतारमत नाम त्थापिक थाकिरन ? काछ धर के अभिवशक्तिकां कामबाब मस्ववतः ऋजवादम्ब त्मश्यान হুইতে ভিন্ন। ঐ মন্দিরের কাফকার্ব্যের সহিত রাজবাড়ীর মঠের কতক সৌসাদৃত থাকায় এবং & সমতে টালরায়ের পরাক্রম বিক্রমপুরে বিস্তৃত হওরার, এই মাত্র অস্থান হয় যে তিনি কোন সময়ে তীর্থযাত্র। উপলক্ষে জ্রীক্ষত্তে গমন कतियाकित्वन, প্রভাবর্ত্তনকালে উভিযার অঞ্করণে वाशांहणात निकृष्टे कलन काठे दिशा विखत व्यर्थ वाम कतिया শিবমন্দিরপ্রতিষ্ঠা ও তত্রপলক্ষে ব্রন্ধোন্তর দান করিয়া যান। পরে ঐ ত্রেলাতর ত্রাহ্মণশাসন নামে খ্যাত হর। जाकानमामन आध्यद्व लाटकता विनया थाटक, वाल्मवीत भार्ति हामत्रोध निर्द्धः एन। विक्रमशूरवत हाँ बतास्त्रत् e वर्भ नारे, डाँहांत्र कनिर्ह दक्तांत्रतारम् त्र बर्भ व्याह् ।

টাঁদবিবি (অপর নাম চাঁদস্ত্তানা) দাক্ষিণাত্যের এক অতি বিখ্যাতা বীরবালা। আদ্দদনগররাজ হুসেন নিজাম-শাহের কস্তা ও মুর্জনা নিজাম শাহের ভগিনী।

যে সকল গুণ থাকিলে মানব চিরম্মরণীয় ও জগতে পূজা হন, এই বীরবালায় দে সমস্ত গুণের অভাব ছিল না। শৈশব হইতে বিলাসের প্রাসাদে লালিত পালিত হইরাও যেরপ মানসিক বীর্যাবভার পরিচয় দিয়াছেন, ভাহা সাতিশ্য প্রশংসনীয়।

বিজ্ঞাপুররাজ আলী আদিলশাহ চাঁদবিবির অন্থপম রূপ-লাবণ্যে বিমুগ্ধ হইরা উাহার পাণিপ্রহণ করেন, সেই সময়ে রাজবালা শোলাপুররাজ্য যৌতুক পাইয়াছিলেন। বিবাহের পর হইতেই তাঁহার হৃদয়ে পতিভক্তি জাগিয়া উঠে, অশনে শয়নে স্র্বাই তিনি পতিকে সন্তুই রাথিবার চেটা করি-তেন। কিন্তু তাঁহার ভাগ্যে পতিত্বসন্তোগ বেশীদিন স্থায়ী হইল না, ১২৮০ খুটাকে বিজাপুর রাজমহিনী বিধবা হইলেন।

তিনি পতিহীনা হইলেন বটে, কিন্তু যাহাতে পতির মানসম্ম বজায় থাকে, তংপকে তাঁহার বিশেষ লক্ষ্য ছিল। তিনি পতির ভ্রাতৃপুত্র নবমবর্ষীয় ইব্রাহিম্ আদিলশাহকে বিজাপুরের সিংহাসনে অভিষিক্ত করিলেন এবং নিজে তাঁহার অভিভাবক নিযুক্ত হইলেন।

বালক ইত্রাহিমের রাজতের প্রথম ৮।১০ বর্ব কেবল গোলঘোগেই কাটিয়া গেল। বিজাপুরের আমীর ওম্রাহণণ স্ব স্থাধান্ত লাভ করিবার জন্ত নানাপ্রকার কৌশল কাব- লখন করিতে লাগিলেন। এ সময়ে প্রধান মন্ত্রী কমাল বাঁ
সমত দ্বাক্রণকৈ নিক আরভ করিবার বড়বল আঁটিতে
ছিলেন। টাদবিবি জানিতে পারিয়া কলাল বাঁর শিরুদ্ধেদের
আদেশ করিলেন। কিশ্বর বাঁ টাদবিবির আদেশ
প্রতিপালন করিলেন। ক্রমে কিশ্বর বাঁ প্রধান আমীর
ছইয়া বসিলেন। মুস্তকা বাঁ নামে টাদবিবির এক বিশ্বস্ত
বদ্ধ ছিলেন, কিশ্বর বাঁ ওপ্রভাবে তাঁহারও প্রাণবিনাশ
করিলেন। পরে সেই ছুই চাঁদবিবিকে বিজাপুর হইতে
তাড়াইয়া দিয়া সাতারা ছুর্গে তাঁহাকে বন্ধী করিয়া
রাথিলেন। শেষে রেখ্লাস্ বাঁ নামক এক হাব্সি সন্ধারের
সাহাব্যে টাদবিবি মুক্তিলাভ করেন। তথন কিশ্বর
বিজাপুর ছাড়িরা পলারন করিলেন, পথে গোলকুগুায়
মুস্তফার এক আত্মীরের হত্তে নিহত হন।

বিজ্ঞাপুরের এই জন্তবিদ্রোহের সময়ে আক্ষদনপর,
গোলকুণ্ডা ও বিদরের রাজগণ বিজ্ঞাপুর অবরোধ করিলেন।
বিজ্ঞাপুরের সন্দারেরা বৃঝিলেন যে, গৃহবিবাদের ফলে
তাঁহাদের এই দারুণ সঙ্কট উপস্থিত। চাঁদবিবি শক্ষমিত্র
সকলকে ভাকিয়া তাঁহাদের মানসম্ভ্রম ও রাজ্যরক্ষার জন্ত উত্তেজিত করিলেন। আবার সকলে একতাস্ত্রে বন্ধ হই-লেন। শক্রগণের অভিপ্রায় সিদ্ধ হইল না। বিজ্ঞাপুরের
সহিত আক্ষদনপর ও গোলকুণ্ডারাজ সন্ধি করিলেন।
১৫৮৫ খুটানে বিজ্ঞাপুররাজ বালক ইত্রাহিমের সহিত গোলকুণ্ডারাজভগিনী তাজ-স্বতানার বিবাহ হইয়া গেল। এ সময়ে
দিলাবর বাঁ নামে এক ব্যক্তি বিজ্ঞাপুরে সর্কেস্কা হইয়া
উঠিয়াছিলেন, তিনি আবার স্থার মত প্রচারে অগ্রসর হইলেন।

চাঁদবিবির কর্জ্ আর থাটে না। তিনি দেখিলেন বিজাপুরে এখন বেশ স্থখান্তি বিরাজ করিতেছে, দিন দিন রাজ্যের বেশ উরতি হইতেছে। এই সকল দেখিরা শুনিরা হুইচিত্তে জন্মভূমি আক্ষদনগরে আসিলেন। এই সময়ে চাঁদ-বিবির ভ্রাতুপ্ত মিরাণ হুসেনের সহিত এক বিজাপুর রাজক্ষার বিবাহ হইল। উৎসব আমোদ শেষ না হইতেই আক্ষদনগররাজ মুর্জ্জা নিজাম শাহের মনে ধারণা হইল যে পুত্র মিরাণ হুলেন তাঁহাকে হত্যা করিবার চেটা করিতেছে। এই অমূলক বিশ্বাসে তাঁহার মন উত্তেজিত হইরা উঠিল, তিনি পুত্রকে বিনাশ করিবার জন্ত একদিন তাঁহার শরনক্ষে আঞ্চন জ্বালাইরা দিলেন। মিরাণ কোন রক্ষে কলা পাইরা গুপ্তভাবে দোলভাবাদে পলাইরা বান। ১৫৮৮ খুটাকে তিনি মির্জাধার সাহায়ে আক্ষদনগর অধিকার করেন এবং পিতাকে এক গ্রেক ঘরে পুরিয়া তাঁহার প্রাণ্থিনাপপুর্বক

চার্ক্রদত্ত (পুং) স্ক্রকটিক নাটকের নারক। বেখাকঞা বসস্তবেনার প্রোমে মৃথ্য হইরা ভিনি ভাহার বণাসর্ক্র ব্যয় করেন। বসস্তবেনাও চারদত্তকে প্রাণাপেকী প্রিরভম জ্ঞান করিতেন। মৃদ্ধকটিক ব্যক্তীত জিনসেন আচার্য:-ক্রত অরিষ্ট-নেমিপুরাণে ও জৈন পশ্যপুরাণে চারদত্তের প্রসঙ্গ আছে।

চারি দেখ্য (পুং) শ্রীক্ষাকার এক পুজা। নিকুম্ব প্রাভৃতি অহার-দিগের সহিত কৃষ্ণসেনার যেবুজ হইরাছিল, চারুদেষ্ণ সেই বুজে দৈন্যব্যহের পৃষ্ঠদেশ রক্ষা করিয়াছিলেন। (হরি॰:৪৩ আ:) চারিক্ধারা (জী) চারুং চারুভাং ধারুর্তি ধারি-অণ্ অথবা

চাবলী ধারা ব্যবহার: অস্তা:। ইক্রপদ্মী শচী।

চারুধিষ্ণ (পুং) একাদশ মন্তরের সপ্তর্ধির মধ্যে একজন।

চারুনালক (রী) চারু নালং বসা কপ্। কোকনদ, রক্তপন্ম।

চারুনেত্রে (ত্রি) চারু মনোহরং নেত্রং বসা। ১ স্থক্তর নয়নবিশিষ্ট। ২ (পুং) হরিণ। ৩ অব্দরাবিশেব। (কাশীথণ ১০ আঃ)

চারুপদ (পুং) পুরুবংশীর রাজা মন্ত্র্যুর এক পুত্র।

(ভাগা ৯।২০।২।)

চারুপ্ণী (স্থা) চারুণি পর্ণাণি অভা:। প্রসারণী, গছভাদান। চারুপুট (পুং) চারুপুটমত্ত। সম্বীতের ভাগবিশেষ। চারুপ্রতীক (ত্তি) স্থানর উপক্রমযুক্ত। "চারুপ্রভীক আহতঃ" (ঋক্ ২৮৮২) 'চারুপ্রভীকঃ শোভনোপক্রমঃ' (সারণ)

চারুফলা (ছা) চার মলোহরং ফলং অভা:। জাক্ষালতা, আকুরগাছ।

চারুবাত্ (পুং ) জীক্ষের পুত্র। (হরিবংশ ১৬০।৬।)

চারুভদে (পুং) শ্রীকৃষ্ণের একপুত্র। (হরিবংশ ১৬০।৬।)

চারুম্ (পুং) একজন বৌদ্ধ চক্রবর্তী। (বাংপত্তি)

চারুম্তী (জী) স্বরিণীর গর্ভনাত শ্রীক্ষের এক কনা।

(इतिवश्य ३७० व्यः)

চারুযশস্ (পুং) প্রীক্তের একপুত্র। (ভারত অমুণ ১৪ আঃ)
চারুরাবা (জী) ইক্রপত্নী শচীর নামান্তর। (হেমণ)
চারুলোচন (জি) চারু লোচনং যস্য বছরী। ১ ক্ষমর নেত্রযুক্ত।
"তস্যাং প্রণম্য যাতায়াং কামস্তাং চারুলোচনাং" (ছরিণ ১৫৩আঃ)

(পুং) ২ হরিণ। (জিকাও) লিয়াং টাপ্।

চারুবক্তা (তি) চারুবক্তাং মুধং বছ। > ক্লার মুধ্যুক। (পুং) ২ কার্তিকেয়ের এক অন্তর। (ভারত শ্লা ৪৬ কঃ)

চারুবর্দ্ধন ( আ ) চালঃ চালতাং বর্দ্ধতি বৃধ-ণিচ-ল্যুট্। সৌন্দর্যাবর্দ্ধক।

চারুবর্জনা (আী) চাঙ্গবর্জন-জিরাং টাপ্। রমণী। (রাজনি॰)
চারুবিজন ( পুং ) চারু চারুডাং বিক্ষতি বিশ্বল গবাদিয়
বিক্ষে: সংজ্ঞারাং। বার্ত্তিক ৩০১০১০৮।) আইক্রেয়ের একপুত্র।
(হরিবংশ ১৬০০৬)

চারুবেশ ( তি ) চারু বেশং যক্ত বছরী। ১ সুন্দর বেশযুক্ত।
(পুং) ২ রুলিনীর গর্ভলাত শ্রীক্রকের একপুত্র। (ভা॰ অন্ত ১৪জঃ)
চারুব্রেত ( তি ) চারু ব্রতং যক্ত বছরী। সুন্দর ব্রতবিশিষ্ট।
চারুব্রেতা ( ত্রী ) চারুব্রত ত্রিরাং টাপ্। একমাস উপবাসী
স্ত্রীলোক। ( ত্রিকাও )

চারুশিলা ( ত্রী ) চার্কী শিলা কর্মধা। > স্থলরশিলা। "রুত্-হলাচ্চারুশিলোপবেশং" (ভটি)। ২ মণিরদ্ধ।

চারুশীর্ষ (তি ) চারুশীর্ষ: মন্তক্ষ: বস্য বছত্রী। ১ স্থলর মন্তক্বিশিষ্ট। ইল্লের স্থা আলম্ম ধ্বির পুত্রহেতৃ ইহার আরু একটা নাম আলম্মারন। (ভারত অনু ১৮ আ:।)

চারু শ্রেষ্ ( বি ) চারুনী শ্রবদী কণো যত বছরী। ১ স্থলর কণ্যুক্ত। (পুং) ২ শ্রীকৃষ্ণের ক্রিণীগর্ভকাত এক পুত্র। (ভারত আছে, ১৪ সাঃ)

চারুহাসিন্ (অি) চারু যথা ভথা হসতি হস্পিনি। যে হুলুর হাভ করে।

চারুহাসিনী (ত্রী) চাক্সহাসিন্ জিয়াং ভীপ্। ১ স্থলর হাত-কারিণী জী। ২ বৈতালীর ছলোবিশেষ। "অযুগ্ভবা ছারু-হাসিনী" (বৃত্তর•)

বৈতালীয়ের অন্তর্গত প্রাবৃত্তকের বিষম অর্থাৎ প্রথম ও তৃতীর পাদের লক্ষণাক্রান্ত যে ছলা: তাহাকে চারুহাসিনী বলে। চারেক্ষণ (পুং) চার: ঈক্ষণং যক্ত বছত্রী। যিনি চার শারা দেখেন, নুপতি। [চারচক্ষ: দেখ।]

চার্ (দেশজ) বড়শীভে মংখাদি ধরিবার পূর্বে তাহাদিগকে যে ভক্ষান্তব্য দেওরা যায়।

চার্চিক (পুং) চর্চাং বেত্তি তৎপরং গ্রন্থং অধীতে বা, চর্চা-উক্থাদিছাৎ ঠক্। (ক্রুক্থাদিপ্রোস্তার্চক্। পা ৪।২।৬•।) বিচারমল্ল বা চর্চাপরগ্রহ্মধ্যয়নশীল। ( ত্রিকাঞ্চ)

চার্চিক্র (রী) চর্চিকা এব স্বার্থে মৃঞ্। কুছুমাদি দারা গাত্তেপন :

চাৰ্ণক (Job Charnock) একজন ইংরাজ। ইহার পূর্ণ নাম ঘব চার্ণক। ইট ইন্ডিরা কোম্পানির এত্থেণ্ট হইরা বালালার আগমন করেন। ১৬৮১ খুটাজে ইনি মূর্শিদাবাদের নিকটত্ত কাসিমবাজারের কুঠার অধ্যক্ষ ছিলেন।

১৬৮৬ পুষ্টাব্দে দিল্লীখনের শ্রতিনিধি ইংরাক্ষণিগের সহিত গোলঘোগ করিয়া হুগলীর কুঠী আক্রমণ করিলে, চার্ণক্ সাহেব মোগললৈ জদিগকে পরাস্ত করিয়া আনেক বিষয়ে স্থবিধা করিয়া লয়েল। ভারার কিছুকাল পরে সমাট অরলজেবের याजी भूग क वक्षानि बाहाज है रताज कर्ज़क शुक्र हहेरन, তিনি জোধান্ধ হইয়া ইংরাজদিগকে ভারতবর্ষ হইতে বিদ্রিত ও ছগলী বুঠন করিতে আদেশ করেন। তাঁহার चारमक्रम दशनी क्रीत छेनत चछातात चात्र व्हिल् চাৰ্ক সাহেব বাধ্য হইয়া লোকজন সহ হুগলীনদীর মোহা-नाम हिम्मीपीए भगायन करवन। याहा रूडेक, रेहाव অল্লদিন পরেই বালালার মোগলপ্রতিনিধি সন্ধির প্রভাব করিয়া সৈতাদি সহ স্থভাষ্ট নামক হানে আসিবার জন্ত চাৰ্ক সাহেবকে লিখিয়া পাঠান, কিন্তু কাপ্তেন হিথ ভংকালে সন্ধি বন্ধ রাখিয়া যুদ্ধ চালাইবার আদেশ লইয়া ইংলও হইতে এ (मर्ल कांत्रिश পोছिल, हार्नक नारहर नमूनाव रेनछ-गर वारमधन ध्वःग ७ हिशाम भूनश र्गभूक्क मालास উপস্থিত হইলেন। ১৬৯০ খুষ্টান্দে সমাট্ অর্দ্রন্থেবের সহিত ইংরাজদিগের সন্ধি ভাপিত হইলে তিনি বালালাদেশে আগমন করেন এবং হুগলীনদীর তীরত্ব স্থতাত্মী ও ত্রিকটবর্তী স্থান नकन क्रिय कतिया छथाय धक कृति द्यान कतिरनन। অনেকের বিখাস যে চার্ণক সাহেবই কলিকাতা নগরীর প্রতিষ্ঠাতা। [কলিকাতা দেখ।]

১৬৮১ খুটানে চার্ণক সাহেব চাণকে (বারাকপুরে)
একটা বাজার প্রাভিষ্ঠা করেন। অনেকে অফুমান করেন,
উক্ত সাহেবের নামাত্সারে এই স্থানের চাণক নাম
হইয়াছে। কিন্তু ভাষা ঠিক নহে। [চাণক দেখ।]

চার্ণক একদিন গলাতীরে বেড়াইতে গিয়া দেখেন, বে কডকগুলি লোক এক নব্যোবনা স্থল্যী ব্রাহ্মণকস্তাকে তাঁহার মৃত পতির সহিত দাহ করিবার উদ্যোগ করিতেছে, কিন্তু রমনী প্রাণ্ডৱে আর্ত্তনাদ করিতেছে। চার্ণক সাহেব দলবল লইয়া উপস্থিত লোকদিগের নিকট হইতে সেই রমনীকে কাড়িয়া আনিলেন, পরে ভাহার প্রণয়ে আসক হইয়া ভাহাকে বিবাহ করিলেন। কিন্তু কিছুদিন পরে সেই রমনীর মৃত্যু হইল। চার্ণক ভাহার শোকে অধীর হইয়া পড়িলেন। প্রভিবর্ষে সেই রমনীর মৃত্যুদিন উপলক্ষে ভিনি ভাহার সমাধিস্থানে (সেণ্টলন চর্চেচ) গিয়া একটা মুরগ উৎসর্গ করিতেন। ১৬৯২ খুটাকে চার্গকের মৃত্যু হয়।

চ†র্থাবল, উ॰ প॰ প্রাদেশের অন্তর্গত মুজঃফরনগর জেলার একটানগর।অকাং২৯৽৩২৩০ উঃ, ডাবি॰৭৭০৩৮ ৯০ পুঃ। মুলঃকরনগর হইতে ৭ মাইল পশ্চিমে অবস্থিত।

চার্মা (অি) চর্মণা আছোদিতং চর্মন্-অণ্। ১ চর্মাচ্ছাদিত। (পুং) ২ চর্মাচ্ছাদিত রধ। (ভারত)

চার্ল (রী) চর্লণাং সমূহ: চর্লন্ অণ্। (ভিক্লাদিভ্যোহণ্। পা ৪/২/৩৮।) চর্লসমূহ।

চার্শ্মিক (জি) চর্মণা নির্ভি: চর্মণ্-ঠক্। চর্মনিশিত। "চর্মচার্মিকভাণ্ডেরু।" (মহ)

চার্ম্মিকায়নি (পুং স্ত্রী) চর্মিণো ছপতাং চর্মিণ, অপতার্থে কিঞ্কুকাগমণ্ট। (বাকিনাদীনাং কুক্চ। পা ৪।১।১৫৮।) চর্মীর অপতা, ঢালীর সস্তান।

চার্ন্মিক্য (রী) চার্ন্মিক্স ভাবং চার্ন্মিক্ ভাবে বক্ (পত্যস্ত-পুরোহিতাদিভোষক্। পা হাস্য্যস্চার্নিকের ভাব। চার্ন্মিন (রী) চর্নিনাং সমৃহং চর্নিণ্ অণ্। চর্মি-সমৃহ, ঢানীসমূহ। চার্ন্মীয় (ত্রি) চর্মাণ অয়ং চর্মণ্ ছং (উৎকরাদিভ্যক্ষ:। পা হায্য । চর্মান্মির।

চার্য্য (পুং) ব্রাভ্যবৈশ্র হইতে স্বর্ণা স্ত্রীতে উৎপন্ন বর্ণস্কর জাতিবিশেষ।

শবৈখাত আরতে ব্রাত্যাৎ অধ্বাচার্য্য বা । শ (মহু ১০।২৩)
চাল স্উইল কিন্স্, একজন বিধ্যাত পণ্ডিত। ১৭৫০ খুটালে
ইংলণ্ডে জন্মগ্রহণ করেন। ১৭৭০ খুটালে বিংশতিবর্ষ
বয়সে ভারতীয় দিভিলদার্কিদ্ পরীক্ষার উত্তীর্ণ হইয়া
রাজকর্মগ্রহণপূর্বক বঙ্গদেশে জাইদেন। এথানে কএক
বৎসর অবস্থানের পর উাহার বন্ধ হালহেড্ সাহেবকে
সংস্কৃত বিদ্যা অধ্যয়ন করিতে দেখিয়া ১৭৭৮ খুটালে ভাহারও
সংস্কৃত শিক্ষা করিতে ইচ্ছা হয়। সৌভাগ্যক্রমে ভিনি
জন্নায়াসেই কৌত্হল চরিতার্থ করিবার উপযুক্ত একজন
পণ্ডিত পাইলেন, কিন্তু তৎকালে সংস্কৃত ব্যাকরণের উপক্রমশিকা-স্বরূপ কোন পৃত্তকের জন্তির না থাকার, তিনি প্রথমে
ভাহার শিক্ষকের সাহায়ে অধীত ব্যাকরণের সার সন্ধলন
করিয়া ব্যাকরণের উপক্রমণিকা রচনা করিতে বাধ্য হইলেন।

অরসময় মধ্যে তিনি সংস্কৃতবিদার পারদর্শিতালাভ করিলেন। অন্তভ্তিশ্বরূপাচার্য্য প্রণীত সারস্বতপ্রক্রিয়া, বোপদেব প্রণীত মুশ্ধবোধ ও পুক্ষরোভ্তম প্রণীত রত্মালা এই তিনধানি প্রধান সংস্কৃত ব্যাকরণ অবলম্বনপূর্ব্বক ইহাদের মধ্য হইতে আবশুক অংশ সকল উদ্ধৃত ও ইংরাজীতে তাহার অনুবাদ করিয়া একথানি ব্যাকরণ প্রণয়ন করিলেন। তৎপরে তিনি ভগবলগীতা ইংরাজী ভাষার অনুবাদ করেন। ১৭৮৫ খুটান্বে ভাইরেক্টরস্ভা তাঁহার দেখাক গ্রন্থানি মুদ্রায়ণ করিয়া প্রচার করেন।

১৭৮৬ খুঠানে ডিনি ভারতবর্ষ ত্যাগ করিয়া খনেশ যাত্রা করেন। তথার ১৭৯৫ খুটান্দে Trial of Sakuntala অর্থাৎ "শকুত্তলা-পরীক্ষা" নামক একথানি পুত্তক প্রকাশ করেন। উক্ত বংশরে তিনি খচেটার লৌহ্ফণক খুদিয়া দেবনাগরী অক্ষরের ছাঁচ প্রস্তুত করেন।

ইতিপূর্দ্ধে এতদেশে হস্তলিধন ভিন্ন আন্ত কোনপ্রকারে প্রহাদি প্রচারের স্থাবিধা ছিল না। চার্লন্টইলকিল্প্রথম এই অভাব মোচন করিতে হিরসংক্র হইলেন।ইংলপ্তে বসিরা তিনি দেবনাগরী অক্ষরের ছাঁচ প্রস্তুত করিবলেন। মুদ্রায়ন্তের অভানা উপকরণ সকল সংগ্রহ করিরা নিজ গৃহে বসিরা মুদ্রাহণ কার্য্য আরম্ভ করিলেন, কিছ ফ্রাগ্যক্রমে তাঁহার কার্য্য অধিক দ্র অগ্রসর হইতে না হইতেই ঐ বংসর হরা মে দিবলে বাড়ীতে অলি লাগিরা মুদ্রায়ন্তের উপকরণসামগ্রী নই হইরা যার; তবে প্রথের বিষয় এই যে তিনি তাঁহার মুদ্রাহিত ও হস্তলিখিত গ্রহ এবং অক্ষরের ছাঁচগুলি অগ্রিদেবের কবল হইতে রক্ষা করিতে পারিয়াছিলেন; কিন্তু অক্ষর ও অন্যান্ত উপকরণ সকল কতক ভন্মীভূত ও কতক অব্যবহার্য হইরা যার।

মফুব্যের ছুর্বটনা ঘটিতে আরম্ভ হইলে একটা ঘটিয়াই भिष इत्र ना ; এक है। तिथा मिलि हे निक निक आतिक श्राम चित्रा थाटक। हार्नन् उहेन्किक महामरत्रत्र भटक छाहाहे হইয়াছিল, স্মতরাং ভাঁহার উপকরণাদি নষ্ট হইয়া গেলে उँहात डेरनाइव द्वान इत्र। याहा इंडेक, देहात किहू निन পরে ইট ইতিয়া কোম্পানির ভাররেক্টরপণ ইংলভের হার্ট-क्षार्ड महत्त्र हेष्ठे-हेश्विया-कलाम नामक धकति विश्वविमानिय স্থাপন করেন। যাঁহারা ভারতবর্ষে কর্মগ্রহণ করিয়া আসিতে चिनायी, डाँशामिश्य थे विमान्त्य च्यामन कतिएड হইত। প্রাচ্যভাষা বিশেষতঃ সংস্কৃত শিক্ষাই এই কলেজের প্রধান উদ্দেশ্য ছিল। কিন্তু সহজে জ্ঞানলাভ করিবার উপযুক্ত উক্ত ভাষার কোন ব্যাকরণ না থাকায় চার্লস্ উইলকিন্স্ ভাররেক্টরগণ কর্তৃক আহুত ও এ সম্বন্ধে বন্দোবন্ত করিবার ভার প্রাপ্ত হন। তিনি তাঁহার পূর্ম ছাঁচ বারা নৃতন আকর • স্কৃত প্রস্তুত করিলেন, তদ্বারা সূদ্রাহণ করিয়া নিজের वङ्गिरमञ्ज উদ্দেশ্য সাধন ক্রিলেন।

১৮০০ খুটান্দে তিনি ইট-ইগ্রিয়া-হাউসের পুস্তকালয়ের
আধ্যক্ষ নিযুক্ত হন। ১৮০৮ খুটান্দে প্রাচ্যগ্রহাদির অঞ্বাদ
লইরা ইংলপ্তে আন্দোলন উপস্থিত হইলে তিনি তৎসম্বন্ধে
অধিনায়কত্ব গ্রহণ করেন। সেই সময়ে ইংলপ্তের রাজা চতুর্থ
উইলিয়ম তাঁহাকে "নাইট" উপাধিতে ভূষিত করেন।

১৮০৮ খুটাকে ১৩ই সে তারিখে ৮৬ বংসর বর্সে বোকার ব্লীটে উইল্কিল, পর্লোক গমন করেন।

উইল্কিন্ প্রথমে বালালা ও পারসী কলবের ছাঁচ করেন। তিনি সংস্কৃত হিতোপদেশের ইংরাজী ক্ষুবাদ করিরা তাহাও প্রচার করিরাছিলেন। হিন্দুদিগের প্রতি রাজপুরুষদিগের বাহাতে প্রকাও প্রীতি জন্মে, তহিবরে তাঁহার বিশেব দৃষ্টি ছিল এবং মহা উচ্চত্ত্ব, জ্ঞান ও নীতিগ্রন্থ জগবদগীতা বে লাতির ধন তাঁহারা কত প্রছের, ইহা প্রমাণ উদ্দেশেই তিনি গীতার ইংরাজী অন্থবাদ করেন এবং তথনকার বড় লাট ওরারেন্ হেটিংস্কে তাহা বুরাইরা দেন। হেটিংস্ ডার্রেক্টরদিগকে গীতার মাহাত্মা বুরাইবার জন্ত এক মুধ্বদ্ধও লিথিরাছিলেন।

চার্ক্বাক (পুং) চাঙ্গ আপাতমনোরম: লোকমনোরপ্রকো বাকো বাক্যং বস্তু, প্রোদরাদিদ্বাৎ সাধু:। তার্কিকবিশেষ। ইহার নামান্তর বার্হম্পত্য, নাতিক, লোকায়তিক।

ইনি নাত্তিক মতপ্রবর্ত্তক বৃহস্পতির শিষ্য। মহাভারতে ছুর্যোধনের স্থা চার্কাক রাক্ষসের প্রসঙ্গ আছে। তিনি পরিপ্রাঞ্চকরপে যুধিষ্টিরের সভার উপহিত হইয়া জ্ঞাতি ও জ্ঞাক্ষরকারী বলিয়া যুধিষ্টিরের যথেষ্ট নিন্দা করেন ও তাহাকে জীবনত্যাগ করিতে বলেন। তাহাতে সভাস্থ ওছা-চারী প্রাহ্মণগণ কুদ্ধ হইয়া উঠিলেন এবং চার্কাক্ষে ভর্ৎসনা করিয়া হলার ছাড়িলেন। সেই হুলারে দগ্ধ হইয়া চার্কাক ড্তলশারী হইল। (শান্তিপর্ক) জনেকে জ্মুমান করেন যে ঐ চার্কাকই নাস্তিক্মত-প্রবর্ত্তক।

সর্বাদর্শনসংগ্রহে চার্কাকদর্শনের যে সকল কথা আছে, তাহাতে জানা যায় যে বৃহস্পতিই প্রথমে নান্তিকশান্ত প্রণায়ন করেন, পরে চার্কাক ও তাঁহার শিব্যগণ সেই বৃহস্পতির সত প্রচার করিয়া থাকিবেন। বাস্তবিক বৃহস্পতিস্কানামে একথানি নান্তিক-মত-প্রতিপাদ্য গ্রন্থও দৃষ্ট হয়। কিন্তু এই বৃহস্পতি কে ছিলেন, তাহা জানিবার উপায় নাই। পল্লপ্রাণে লিখিত আছে দেবগুক বৃহস্পতি বলদৃগু অম্বর্কাদিক ছলনা করিবার জন্ত বেদের বিপরীত মত প্রচার করিয়াছিলেন।

আবার বিষ্ণুপ্রাণে ঠিক চার্কাকের মত-পরিপোষক কথা প্রসঙ্গে এইরূপ লিখিত আছে—হাদপ্রমুথ ধর্মবল বলীয়ান্ দৈত্যগণ ব্রহ্মার আদেশ লক্ষ্যন করিয়া ত্রিলোক ও বজ্ঞভার হরণ করে। তাহাতে দেবগণ নিতাস্ত কাত্র হইয়া বিষ্ণুর শ্রণাপল হইয়াছিলেন। বিষ্ণু নিজ শ্রীর হইতে শারামোহের স্টে করিলা দেবগণকে বলেন যে "এই মারা- মোহ সমৃদ্য দৈতাকে মোহিত করিবে। পরে তাহারা বেদমার্গবিহীন হইলে তোমরা অনায়াসে তাহানিগকে বিনাশ করিতে পারিবে।" মহাত্মরগণ তথন নর্দ্মদাতীরে তণভা করিতেছিল। বিগম্বরূপে মারামোহ তাহাদের নিকট আসিরা নানা প্রকার যুক্তি দেখাইরা তাহাদিগকে বেদমার্গ প্রস্ত করিলেন। মারামোহের কথার কেছ দেবগণের, কেছ যজানি ক্রিরাকাণ্ডের, কেছ বা আক্রণের নিক্লা করিতে লাগিল। মারামোহের কথা এই—"বনি যক্তে নিহত পশুর অর্গপ্রাপ্তি হর, তবে যজমান নিজের পিতাকে কেন না মারিয়া ফেলে (১) ? বনি অল্পের ভুক্ত অনে পুরুষভৃত্তি লাভ করে, তবে প্রবাসীদিগের উদ্দেশে প্রাম্ক কর, আর তাহাদিগের অর বহন করিতে হইবে না (২)। ইক্র যদি অনেক যক্ত করিরা দেবক প্রাপ্ত হাহা অপেক্লাপ্রের্চ (৩)। আমার ও তোমাদের মত লোকের কাছে যুক্তিযুক্ত বচনই গ্রাহ্ (৪)।"

রামায়ণে অংশাধ্যাকাণ্ডে মছর্ষি জাবালি যথন রামচন্দ্রকে বনবাস হইতে ফিরিয়া বাইতে উপদেশ দিতেছেন, সেই জাবালির বাক্যেও চার্জাকমতের আভাস লক্ষিত হয়, ইহাতে অফুমিত হয়, চার্জাক মত অতি প্রাচীন।

তৈত্তিরীয় আন্দাণের এক ছানে শিখিত আছে—বুহস্পতি গায়ত্তীদেবীর মন্তকে আঘাত করেন, তাহাতে তাঁহার মাথা ছির ভিন্ন হইয়া পড়ে। কিন্তু গায়ত্তী অমরী। তাঁহার মন্তিকের প্রত্যেক বিন্দুতে বষ্ট্কারের উৎপত্তি হইল।

উক্ত উপাথ্যানপাঠে বোধ হয় যে বৃহস্পতি কোন সময়ে বৈদিক ধর্মবিনাশের চেষ্টা করিরাছিলেন।

উপনিষদ ও দর্শনসমূহে কর্মকাপ্তের অবজ্ঞ। আছে। কর্মকাপ্তের বাড়াবাড়ির সমন্ত্র উপনিষদাদির স্থাই। বোধ হয় সেই সমন্ত্রেই বেদোক্ত কর্মকাপ্তের তীত্র প্রতিবাদস্বরূপ বৃহস্পতির তক্সভূত বর্জমান চার্মাক মত প্রচারিত হই রাথাকিবে।

যুরোপে আরিইটল, এপিকুরদ্, বেকন, কোন্ত, মিল প্রভৃতি দকলেই যেমন ইহলোক ও স্থঞ্জীবন লইয়াই বাতঃ. চার্কাকও দেইরূপ আপাতঃ স্থগাচারে বিশেষ

- ( > ) "নিহতক্ত পশোর্যজ্ঞে স্বর্গঞাপ্তির্যদীয়তে। স্থানিতা বজমানেন কিলু তন্মাল হস্ততে।"
- (২) "তৃথকে জারতে পুংসো ভ্রুমভেন চেৎ ততঃ। দ্যাতহু কিং প্রক্ষারং ন বছেরু: প্রাসিন: ॥"
- (৩) "वरेक्षत्रानरेकार्मवष्मवात्भारत्यम् कृष्ठारक। শক্তাদি यদি চেৎকাঠা ভৰরং পঞ্জুক পশুঃ।"
- ( ३ ) "तृष्टिमकतमः आङ्ग्मत्रोद्धण्ड स्टविदिथः।"

( विक्रुश्वान ७ आभ ४৮ आ: 1)

উল্যোগী। যদিও চার্কাকের সহিত তাঁহাদের অনেক মত-ভেদ আমাছে, কিন্তু মূদ কথা এক।

ভারতের স্কল দশনকারই প্রলোক স্বীকার করিয়া গিরাছেন, কিন্তু চাকাক প্রলোক মানেন না, এইজন্ত চার্কাকদশনের অপর নাম লোকায়ত। [লোকায়ত দেখ।]

চার্কাকদর্শনের মতে — সুথই ইহজীবদের প্রধান পক্ষা, ছু:থ আছে বলিয়া যে সুথ ভোগ করিতে চাহেনা, দেত পশুবং মূর্থ। মাছে জাঁয় আর কাঁটা আছে বলিয়া কি বাছ থাওয়া ছাড়িব ? ধাজের কুটা বাছিতে হইবে বলিয়া কি ভাত থাইব না ? পশুসণ শক্ত নত করিবে ভাবিয়া কি কেহ ধাজবীক বপন করিবে না ? ভিক্ক আসিয়া বিরক্ত করিবে বলিয়া কি অরপাক পরিত্যাগ করিতে হইবে ?

চার্নাকের মতে ইহকালের স্থই স্থ, পরকাল অসম্ভব।
বেমন স্থার উপযোগী দ্রবাধাল অর্থাৎ গুড়, তপুল প্রাভৃতি
মাদক নহে, কিছ ঐ সকল দ্রবা হারা স্থ্রা প্রস্তুত হইলে
তাহাতে বেমন মাদকতাশক্তি জয়ের, সেইরূপ পৃথিবী, জল,
তেজ ও বায়ু এই চারিভূত অচেতন হইলেও, তাহারা মিলিড
হইয়া দেহরূপে পরিণত হইলে তাহাতে তৈতনার উৎপত্তি
হয় (৫)। আমি স্থল, আমি রূপ, আমি গৌর, আমি শ্রামবর্ণ
ইত্যাদি লৌকিকব্যবহারেও আআই স্থল, রূপ ইত্যাদিরূপে
মনে হয়। স্থাখাদি ধর্ম সচেতন ভৌতিক দেহেই দৃষ্ট হইয়া
থাকে, অতএব বিলক্ষণ প্রতিপন্ন হইতেছে যে এই ভৌতিক
দেহই আআ, এ হাড়া আর আআ নাই। উক্ত চারিভূতের
অভাব হইলেই আমি অর্থাৎ তৈতনোও বিনাশ হয়, তথন
তাহার অবহিতি অসম্ভব। এই চেতনাবিশিষ্ট দেহ ওল্মীভূত
হইলে আর ভাহার প্ররাগমন হয় না (৬)।

সকল শাত্রেই ঈশ্বের জাত্তিত প্রতিপাদনের জন্য জন্মানই অবল্যন। কিন্তু পরম নাত্তিক চার্কাক এককালেই অনুমান অপ্রাক্ত করিরাছেন। তাঁহার মতে অনুমান ব্যাপ্তিজ্ঞান সাপেক। চক্ষ্ প্রভৃতি ইক্তিরের সহিত কোন পদার্থের সন্নিকর্ব হইলে তবে ভাহার বাফ্ প্রত্যক্ষ হর, এরূপ প্রত্যক্ষ বর্ত্তমান কালে সম্ভব হইলেও ভূক্ত ও তবিবাৎ সম্বন্ধে এককালেই অসন্তব।

বহিং ধ্মের চিরসলী, কেবল এখন নহে, ভূত ও ভবিষ্থ কালের সহগামী। যখন আমরা অন্মি নাই, তখনও বহিং ধ্মের সহচর ছিল, বখন আমাদের মৃত্যু হইবে, তখনও আমি ধ্মের সলে থাকিবে। এই ব্যাপ্তিজ্ঞান ত্রিকাল-ব্যাপক; এরপ জ্ঞান মানসপ্রত্যক্ষ ছারাই হইতে পারে। কিন্তু তাহাও প্রামাণ্য নহে। ক্ষথ হংগ প্রভৃতি অভ্যত্তবেম্ন জন্য মন বহিরিক্রিয় সাপেক। ক্ষতরাং বাহু প্রত্যক্ষ ছারাই ব্যাপ্তিজ্ঞান হইবার যে আপত্তি, মানস প্রত্যক্ষ ছারা ব্যাপ্তিজ্ঞান হইবার যে আপত্তি, মানস প্রত্যক্ষ ছারা ব্যাপ্তিজ্ঞান হইবারও সেই আপত্তি। বদি বল অভ্যমান ছারা ব্যাপ্তিজ্ঞান হইতে পারে, তাহা হইলেও ইতরেতরাশ্রম দোষ ঘটে। কারণ যে ব্যাপ্তি লইবা অভ্যমান সিদ্ধ করিতে চাও, সেই ব্যাপ্তিই অভ্যমান সাপেক।

কাণাদ মতে শব্দ অহুমানের অন্তর্ত। অনুমান বারাই আমরা কোন শব্দ বিবেচনা করিয়। থাকি। মনে কর, কেই কলস আনিতে বলিল। বাহাকে বলা হইল, সে বস্তবিশেষ আনিয়া উপদ্ভিত করিল; আমরাও ঠিক করিয়া লইলাম, ঐ বস্তই কলসী। এইরূপ বৃদ্ধ ব্যবহার দৃষ্টে শব্দার্থের অনুমান হয়, স্থতরাং অনুমানকে ব্যাপ্তিজ্ঞানের উপার বলিলে যে দোষ, শব্দকে অনুমানের কারণ বলিলেও সেই দোষ ঘটে (৭)। স্থার্থায়ুমানে শব্দপ্রােগানাই, স্থতরাং কিরূপে শব্দকে ব্যাপ্তিজ্ঞানের উপার বলিবে? ধুম বেমন অলি ব্যতীত অন্য কোন পদার্থ সাপেক্ষ নহে, এরূপ হলে ধুমে যেমন অনানিরপেক্ষতার জ্ঞান সন্তর, তেমন ভূতভবিষ্যতের দূরদেশবন্তী জ্ঞান সকল হলে সম্ভব্ন হৈ পারে না (৮)।

<sup>(</sup>α) "ক্থমেৰ প্রবার্থ:। ন চাল্ল ছু:খসংভিরতরা প্রবার্থমেব নাজীভি মন্তব্য ক্ষর্কনীরভরা প্রাপ্ত ছু:খস্য পরিহারেণ ক্থমান্তব্যব ভোক্তব্যক্ষাং। ভদ্যধা মৎস্যার্থী সশকান্ সক্টকান্ মংস্যাক্ষাদ্ভে সা ব্যবদাদেরং ভাবদাদার নিবর্ততে। বধা বা ধালাবী সপলালাবি ধালাবা। হরতি ন বাবদাদেরং ভাবদাদার নিবর্ততে। তক্ষাদ্ধ্রভারামুক্লবেদ-নীরং ক্থং ভাল্লুম্চিভম্।... বলি কলিচ্ল্ ভীরুদ্টং ক্থং ভ্রেকং ভর্তি স প্রব্যুক্থি ভ্রেং।" (স্ক্রিন্সংগ্রেহে চাক্ষাক্শন।)

<sup>( ॰ ) &</sup>quot;জত্ত চ্ছারি ভূজানি ভূমিবার্যানলানিলা: ।
চতুর্জাঃ ধরু ভূতেভাকৈত জমুপলালতে ।
কিপুদিভাঃ সমেতেলাো ক্রেবাভোগ মদশজিবং ।
তের্ বিনটের্ সংফ বরং বিনজতি ।"
"আহং ছুল: কুশোলীতি সামাভাবিকরণত: ।
বেহ: ছৌল্যাদিবোগাল সঞ্বাদ্ধান চাপর ।
মন বেহেংহানিভূতিঃ সভবেহৌপচারিকী ।"

<sup>(</sup> ৭) "কাণাদ-মতাত্সারেনাত্মান এবা আন্তাবাৎ ক্রিবাছিটের বা বৃহ্মবাসহার ক্রপলিকাবগভিসাপেকতরা আভিজন্মবালজবালজবি নি

<sup>(</sup>৮) "উপাধাভাবোহপি দূরবগম: উপাধীনাং এইজাক্দ্নিরমাসভ-বেদ এইজাকাণামভাবসা এতাক্দেহেশি অগ্রতাকাণামভাবসি/গৈতিজ্ঞান তথা অসুবানান্যংশকালামভ পুৰণামতিবৃত্ত।"

বদি বেদ ধারা ঈশ্বর ও পরলোক সংস্থাপন করিতে চাও, ठासीक बलन एव, त्वम अक कारन आमानिक नरह, कार्बन উহা প্রত্যক্ষবিলোপী যুক্তিবিশ্বদ্ধ ও ধূর্ত্ত লোকসম্ভত। চার্কাক वनित्रा शिवाह्म- श्रातक थारान अगारावन धीमकिमानी পণ্ডিত রুধা বছ অর্থবার ও শারীরিক কট স্বীকার করিয়া বেদোক্ত কর্মায়ন্তান করিতেছেন, ইহাতে আপাততঃ বোধ হইতে পারে যে অবশুই পরলোক আছে: কিছু বাস্তবিক পর-লোক নাই। ঐ সকল নিক্ষল কর্ম্মে প্রারুত্ত হইবার কারণ এই যে, কতকগুলি বুর্ত্ত প্রতারক বেদের সৃষ্টি করিয়া তাহাতে স্বৰ্গ, নরকাদি নানা প্রকার অলোকিক পদার্থ বর্ণনা করিয়া সকলকে অন্ধ করিয়া রাথিয়াছে: তাহারা নিজে ঐ সকল বেদ-विधित्र अपूर्वान कविया माक्षात्रावत श्रीवृक्ति अवारिया मिरण्ड । সেই ধর্ত্তগণ রাজগণকে নানারূপ যাগাদিতে প্রবৃত্ত করাইয়া তাঁহাদের নিকট হইতে যথেষ্ট অর্থ লইয়াছে ও তাহা হইতেই নিজ নিজ পরিবার প্রতিপালন করিয়াছে। তাহাদের অভীপ্র ব্রিতে না পারাতেই অনেকেই বেদোক্ত কর্মকাণ্ডের অমুষ্ঠান করিয়াছে এবং বছकान इहेरा के श्राप श्राप्त इहेगा जामिरा । বুহস্পতি বলিয়াছেন-অগ্নিহোত্র, বেদাধ্যয়ন, দপ্তগ্রহণ ও ভন্ম-टम्पन এ সমস্তই निर्द्शिष ও काश्रुक्रमितित উপक्षीविका। বেদে আছে যে পুত্রেষ্টিযাগ করিলে পুত্র জন্মে; কারিরীযাগ করিলে বৃষ্টি হয়, শ্রেন্যাগ করিলে শত্রুনাশ হয়, তাই অনেকে ঐ সকল কর্ম করিয়া থাকেন, কিন্তু কৈ তাহাতে কোন ফল ত দেখা যায় না। বেদে এক স্থানে আছে যে, স্র্য্যোদয়ে অগ্নিহোত্র করিবে, আবার অপরস্থানে আছে যে সুর্য্যোপরে হোম করি-বেনা, করিলে প্রদন্ত আহতি রাক্ষদেরা ভোগ করে। এইরূপ त्वरम व्यत्नक विषयात्रवे शत्रम्थत विरतां एमशा याव, व्यावात উন্মত্ত প্রলাপের মত বারম্বার এক কথারও উল্লেখ পাওয়া যায়। এই সকল দোষ দেখিয়া কি প্রকারে বেদের প্রামাণ্য স্বীকার করা যাইতে পারে ? অতএব স্বর্গ, অপবর্গ ও পারলৌকিক আত্মা এই সমস্তই মিথ্যা কথা। ব্রাহ্মণক্ষতিয়াদির চারি আশ্রমের কর্ত্তব্য কর্ম সকলই বুথা। धृর্তেরা বলিয়া থাকে, यरक रय পশুবধ इय मिटे পশু ऋर्ग यात्र। यनि धृर्खनिरगत्र এমনই বিশ্বাস, তবে কেন তাহার যজ্ঞে আপনাপন বৃদ্ধ পিতামাভাকে বিনাশ করে না 
 তাহা হইলে পিতা মাতার স্বর্গ লাভ হইত, আর তাহাদিগের উদ্দেশে রুথা শ্রাদ্ধ করিয়া কষ্টভোগ করিতে হইত না। বদি শ্রাদ্ধ করিলে মৃত ব্যক্তি পরিতোষ লাভ করে, তবে কোন লোক বিদেশে গেলে ভাছাকে পাথের দিবার প্রয়োজন কি ? গৃহে তাহার উদ্দেশে কোন এক ব্রাহ্মণকে ভোজন করাইলেই তাহার ছথি

হইতে পারে। বদি প্রাদ্ধ করিলে মৃত ব্যক্তির তৃথি হর, তবে উঠানে প্রাদ্ধ করিলে গৃহের উপরিস্থ ব্যক্তির পরিতোব হর না কেন ? মৃত ব্যক্তির উদ্দেশে যে প্রেত্তরত্য করা হয়, তাহা রাদ্ধণদিগের উপন্ধীবিকামাত্র, তাহাতে কোন ফল নাই। এদেহ ভক্ষ হইলে আর তাহার পুনরাগমন কোথার? বদি দেহ হইতে আত্মার পরলোকগমনের পর দেহান্তরে প্রবেশের ক্ষমতা থাকে, তবে বন্ধুবাদ্ধবের প্রেহে পূর্বদেহে পূনরার কেন না আসে? যত দিন বাঁচিয়া থাক, প্রথে কাল অতিবাহিত কর, ঋণ করিয়াও স্থত থাইবে। ভণ্ড, ধৃর্ত ও নিশাচর এই তিন বেদের কর্তা। জর্ফরী তুর্ফরী ইত্যাদি পণ্ডিতদিগের নাম সকলেরই জানা আছে। ভণ্ডেরা শিথিরাছে যে অশ্বমেধ্যক্তে রাজপন্ধী অশ্বশির্ম ধরিবেন। ভণ্ডগণ এই রূপ কত কি ধরিবার কথাই শিথিরাছে। সেই রূপ নিশাচরেয়াই (যক্তে) মাংস ভক্ষণের ব্যবহা করিরাছে।" \*

চার্বাক-দর্শন হইতে এই কয়্টী মূল কথা আমরা জানিতে পারি—১ম ইহলোক হঃথমর নয়, স্থুও পরিত্যাগ করিবেনা। ২য় শাস্ত্রাপেকা যুক্তিই প্রবল। ৩য় প্রত্যক্ষ-প্রমাণই প্রমাণ বিলয়া গ্রাহ্ন। [চার্বাক মত বিভ্ত রূপে জানিতে হইলে রুহম্পতিস্ত্র, সর্বাদশিনসংগ্রহ, সর্বাদশিনামণি ও নৈষধচিরতের ১৭শ স্বর্গ ফ্রেইবা।]

 "ब चर्ला नागनर्लावा देनवाचा शांत्रताकिकः। रेनव वर्गाक्षत्रांगीनाः क्रियांन्छ कनमाविकाः । व्यक्षिरहाकः खरहारयमाञ्चिमकः खन्नकर्षनम् । वृद्धिशोक्षशीनानाः जीविका थाजुनिर्द्धित। প ७८७ जिल्छ: वर्गः (ब्याजिस्ट्रांटम भनिवाछि । অপিতা বল্লখানেন তত্ত্ব ক্লাল হিংক্তভে । **मृ**जानामिश असृनाः आहः চেতৃश्विकावशम्। গচ্ছতামিহ জলুনাং কার্যাং পাথেরকল্মন্। ৰগছিত। যদা তৃথিং পচ্ছেমুম্ভত দানতঃ। প্রাসাদন্যোপরিহানামত কম্মার দীয়তে ঃ यावच्छोरवर अर्थर खोरवमृगः कृषा युकः शिरवर । ভত্মীজুতজ্ঞ দেহজ পুনরাগমনং কুত: 🛊 यपि भरिष्ठ भेदाः लोकः (प्रशासिय विभिर्शकः। कन्दां डुटबा न ठाबां छि वक्त त्व हममाकून: । **७७**ण कीवरमाभारता बाक्तरेगर्विहिडचिइ। মুভানাং খেতকার্যানি নত্নাবিদ্যতে ক্চিৎ 🛊 অয়োবেদশু কর্তারো ভত্তধূর্তনিশাচরা:। অফরী তুর্করীত্যাদি পঞ্জানাং বচঃ স্থতস্ । অখন্যাত্র হি লিখন্ত পদ্মীত্রাছং প্রকীর্ষ্টিভম্। ভত্তিত্বৰং পরকৈব আহাজাতঃ প্রকীর্বিতম। मारमानाः शापनः छष्त्रिणाष्ट्रमभीतिकव बार

চার্বাক্রবধপর্বন্ (ক্লী) মহাভারতের অন্তর্গত অবান্তর পর্ক-বিশেষ। কুরুবংশ ধবংস হওরার পর ছর্বোধনের স্থা চার্কাক নামক রাক্ষ্য ব্রাক্ষণবেশে বৃধিষ্টিরের রাজসভার ঘাইরা জ্ঞাতিবিনাশ করিয়া রাজ্যলাভহেতু তাঁহাকে তিরস্থার করিতে থাকে। মহারাজ বৃধিষ্টির তাহার তিরস্থারে ছঃথিত হইলেন। তাঁহার সভান্থিত ব্রাক্ষণগণ ছন্মবেশধারী রাক্ষ্য জ্ঞানিয়া হন্ধার ছাড়িয়া চার্কাককে নিহত করিলেন। চার্কাকবধপর্বা স্ত্রীপর্কের অন্তর্গত বলিয়া আদিপর্কের উপক্রমণিকাতে লিখিত, কিন্তু মুদ্রিত পুত্তকে ঐ পর্বা শান্তিপর্কের মধ্যে দেখা যার।

চার্ববাঘাট (পুং) চারু আহন্তি চারু-আ-হন-অণ্ অন্তস্ত চ ট:।
(দারাবাহনোহণস্তাস্তচ ট: সংজ্ঞারাং চারৌ বা। বার্ত্তিক।
পা ৩২।৪৯।) থকাবিশেষ।

চার্ব্বাদি (পুং) অস্তোদান্তস্বরপ্রক্রিয়ার স্ব্রোক্ত শন্দগণ।
(রুত্যো কেঞ্চার্কাদয়শ্য:। পা ৬।২।১৬•)

চাবর্বী (স্ত্রী) চাক-দ্রিয়াং ঙীপ্। ১ স্থলরী স্ত্রী। ২ জ্যোৎসা। ৩ বৃদ্ধি। ৪ কুবেরের স্ত্রী। ৫ দীপ্তি।

চাল (পুং) চল-ণ অথবা ণিচ্ অচ্। ১ ঘরের চাল। পর্যার পিঠ-পটল, ছদিন্, ফটল, ছাদ। ২ স্বৰ্ণচূড়পক্ষী। ভাবে ৰঞ্। ৩ চলন। চালক ( তি ) চল্-খুল্। > চালক, যে চালায়। ২ ছর্ম হন্তী। চালকুম্ডা (দেশজ) কুমাও বিশেষ। সচরাচর গৃত্রে চালে হয বলিয়া ইহাকে চালকুমড়া বলে। ইহার অপর নাম সাচিকুমড়া। (Benincasa cerifera)। এই কুমড়া "কুমাণ্ডখণ্ড" ইত্যাদি ঔষধে প্রভূত পরিমাণে ব্যবহৃত হয়। এই ফলের আকার অণ্ডের ন্তায় ও ওজনে সচরাচর ৮।১০ সের হইয়া থাকে। অপকাবস্থায় ইহার স্থমিষ্ট তরকারী হয়। পাকিলে এই ফলের গাত্রে খেতবর্ণ গুঁড়ার ভারে একরূপ আবরণ জন্ম। দেবোদেশে কুমড়াবলি প্রভৃতি কার্য্যে এই কুমড়া ব্যবহৃত হয়। বর্ষার প্রারম্ভে ইহার বীজ পোতা হয়, শরৎকাল হইতে ইহাতে ফল হয়। পল্লীপ্রামে তৃণাচ্ছাদিত গৃহের চালে খেতপুষ্প-ভূষিত ও ফলযুক্ত কুমড়াগাছ দেখিতে বড়ই স্থলর। এই সকল ফল নিতান্ত অরক্ষিতাবস্থায় পথের ধারে থাকিলেও পবিত্র ফলবোধে কেহ চুরি করে না। [ কুন্নাপ্ত দেখ।]

চাল্তা, একপ্রকার গাছ ও তাহার ফল। (Dillenia Speciosa)
এই বৃক্ষ স্থানীর্ঘন-পত্রযুক্ত বৃহদাকার ও দেখিতে অতি
স্থানর এবং ভারতবর্ধের সর্ব্বি জন্মিয়া থাকে। বর্ধাকালে
ইহাতে বৃহৎ ভারবর্ণ ফুল হয়, ঐ ফুলের দলগুলি থসিয়া গেলে
আবরক-দলগুলি গুটাইয়া বৃহৎ ফলরপে পরিণত হয়।
হেমস্ত ও শীতকালে ঐ ফল পাকিয়া থাকে।

চান্তার স্থমিট অর প্রস্তুত হর। পাকা চান্তা চিংড়ি মাছের সহিত রন্ধন করিলে অতি উপাদের তর্কারী হর। বীজকোবাদি পরিত্যাগ করিরা উপরের কঠিন খোলাই খাদ্যের জন্ম ব্যবহৃত হইরা থাকে। চান্তা মুখরোচক ও পিড্ডর।

চাল্ডা গাছের খন শুচ্ছ-বছ্ক পত্র মধ্যে শুত্র পূসা ও বৃহদাকার হরিৎবর্ণ কল দেখিতে অতি স্থান্দর বলিরা আনেকে দেবালরের নিকটে ও উল্যানে চাল্ডাগাছ রোণণ করেন। চাল্তাগাছ বীজ হইতে উৎপন্ন হয়।

ইহার কাঠ পরিপক হইলে অভিশর দৃঢ় হর এবং সচরাচর নৌকানির্মাণাদি কার্ব্যে ব্যবস্থৃত হইয়া থাকে। জলে এই কাঠ পচিরা বার না।

চালন (ক্লী) চল-ণিচ্ করণে সূট্। ১ চালুনী। ভাবে সূট্। ২ বায়ুর ক্রিয়াবিশেষ। (ভাগবত অ২৬।৩৬) ৩ চলন।

চালনী ( वी ) চালন-विवार डी १। চালুনी।

চালমুগ্রা, একজাতীয় হক্ষ (Genocardia Odorata)। হিন্দ্ স্থানীরা ইহাকে চাল্মুগ্রা, ছাল্মুগ্রা, চাউলমুলী, বালালা দেশে চাউলমুগ্রী, চাল্মুগ্রা, নেপালী কছ, লেপ্চা ভুকুং, বোদাই অঞ্চলে চাউলমুগ্রা, মগেরা ঠং পং, শৃল্পপুরবাদীরা তালিনোই, পারদীতে ব্রিশ্বমোগ্রা এবং চীনে তকাংচি কহিয়া পাকে।

চাল্মুগ্রা মধ্যায়তন ও চিরহরিৎর্ক্ষ। ইহা দিকিম, ধিদিয়া পাহাড়, চট্টগ্রাম, রেঙ্গুন এবং তেনদেরিম প্রদেশে জারিয়া থাকে। এই বৃক্জের শুঁড়িতে ও রৃহৎ বৃহৎ লাথায় দৃঢ় এবং বর্ত্ত্বাকার এক প্রকার ফল জারিয়া থাকে, এই সকল ফল পেষণ করিলে একপ্রকার তৈল পাওয়া যায়, দেই তৈল বিথ্যাত 'চাল্মুগ্রাতৈল' নামে অভিহিত। চাল্মুগ্রাতৈল আমাদের অতি উপকারী বলিয়া ঐ গাছ স্ক্রিত সমভাবে সমাদৃত হইয়া থাকে।

চাল্মুগ্রার ফল দেখিতে অনেকটা বাদামের মত ও আঘিনমাসের মধ্য সময়ে পাকিরা থাকে। ইহার বীজ এত কোমল যে অরায়াসেই এমন কি হল্তের পেষণে ইহা হইতে তৈল বাহির হয়। এই ফলের গদ্ধ ও আখাদন মল্দ নহে, কিন্তু সোভাগ্যের বিষয় এই য়ে, প্রপক্ষ্যাদি জন্তু সকল এই ফলের অনিষ্ঠ করে না। ঝড় বাড়াসে ফল বৃক্ষ হইতে ভূমিতে পড়িয়া থাকে, কথন বা গাছ হইতে গাড়িয়া আনিতে হয়।

চট্টগ্রাম প্রদেশ হইতে চাল্মুগ্রা ফল কলিকাতা অঞ্চলে বিক্রয়ার্থ আনীত হয়। এই সকল ফল পরু ও অপক তেলে ছই প্রকার। পরু ফলগুলির শক্ত পিল্লবর্ণ ও উহা তৈলে

পরিপূর্ণ, কিন্ত অপকণ্ডলির শাঁদ ক্লক্ষবর্ণ ও উহা হইতে বেশী তৈল বাহির হর না; বে টুকু তৈল পাওরা বার, তাহাও অতি অপরিকার।

কল হইতে তৈল বাহির করিবার উদ্দেশে কলগুলিকে ভালিয়া উহার শাঁস গ্রহণপূর্কক ধোনার ভাগ পরিভাগ করিতে হর; পরে উক্ত শাঁসকে আতপভাপে শুক্
করিরা পশ্চিমদেশবাসীগণ বেরূপে উত্বখলর সাহাব্যে
ভঙ্গ প্রস্তুত করে, সেইরূপে উত্বখল হারা অর্দ্ধ ভগ্গ করিতে
হর। ভারপর অর্দ্ধভগ্গ শাঁস নরম কাহিসের ভিতরে রাধিরা
"ক্যান্টর অইল" প্রস্তুত-প্রণালীতে কলের সাহাব্যে তৈল
বাহির করিরা থাকে। কিন্তু ভাহাতে পরিছার তৈল পাওরা
যার না। কারণ অগ্নির উত্তাপে তপ্ত না হইলে এই তৈল
পরিছত হয় না।

চালমুগরার তৈল সাধারণতঃ ছই প্রকার—এক প্রকার মর্লাবিহীন, উজ্জল এবং দীপ্তিমান। দেখিতে ঠিক 'সেরি' মদের স্থায়। অপর অতি কৃত্ম শস্তকগাবিশিষ্ট, স্বতরাং অমুজ্জন।

জে মস্ মহোদয় রাসায়নিক বিশ্লেষণ ধারা হির করেন, ইহার ৮০ ভাগ অমমিশ্রিত (শতকরা ১১.৭ অংশ Gynocardic acid, ৬৩ অংশ Palmitic acid, ৪ অংশ Hypogœic acid এবং ২.৩ অংশ Cocinic acid রহিয়াছে।) এই সকল অম Glycerylএর সহিত রাসায়নিক সংযোগে সংশ্লিষ্ট। কিন্তু কোন অমের কিছু কিছু অংশ অসংশ্লিষ্ট অবস্থাতেও থাকে। এই তৈল ৪২ ডিগ্রী উঞ্চতায় দ্রব হয়।

চালম্গরা-তৈল চর্মরোগের পক্ষে বিশেষ উপকারী।

এমন কি এই তৈল রীতিমত ব্যবহার করিলে কুষ্ঠব্যাধিও

আরাম হইরা থাকে। ইহার বাহু ও আভ্যন্তরিক উভর

প্রকার প্রয়োগই ফলদায়ক। এ দেশে এখন চালমুগরাবীজ ও উহার তৈলের বহুল প্রচার দৃষ্ট হইতেছে এবং

আনেকে স্থতের সহিত মিশ্রিত করিরা এই তৈল ব্যবহার

করিরা থাকে। ইহার আভ্যন্তরিক প্রয়োগ বলকারক এবং

বাহুপ্ররোগ উত্তেজক। পাঁচ্ডা হইতে কুষ্ঠব্যাধি পর্যান্ত সকলপ্রকার চর্মরোগেই ইহা ব্যবহৃত এবং সমভাবে উপকারী।

চালমুগরা যে উপদংশ রোগের মহৌষধ, তাহা ১৮৫৬
খৃষ্টান্দে ভারতপ্রবাসী খেতপুরুষগণ জ্ঞানিতে পারেন এবং
তাহার কিছুদিন পরে ডাক্তার আর জোন্দ্ প্রকাশ
করেন যে, উহা ক্ষয়কাশ ও গগুমালা রোগে বিশেষ উপকারী।
পরে ১৮৬৮ খৃষ্টান্দে উহা মহোপকারী ঔষধের উপকরণ বলিয়া
ভারতীয় সরকারী ঔষধ-তালিকাভুক্ত হয়।

टन्हे नमत्त्र निथिज इत्र य छैहा कूईव्याधि, शश्चमाना,

অক্সান্ত চর্দ্মরোগ এবং বাত প্রভৃতি রোগে ব্যবহার্য।
সেই সময়ে উহার প্রয়োগ পরিমাণও স্থিরীকৃত হয়। ছয়
গ্রেণ বীজচুর্গ ছারা বটকা প্রস্তুত করিরা দিবসে তিনবার
কিছা দিবস মধ্যে পাঁচ ছয় ফোঁটা তৈল ব্যবহার করিবে।
বর্তমান সময়ে সমগ্র মুরোপথতে উহা পরিব্যক্ত হইরাছে ও
উহার বন্ধঃগোরব দিন দিন বৃদ্ধি ইইতেছে। আজকাল ইহা
হইতে (Gynocardic acid, gynocardata of magnesia
প্রভৃতি) নানাপ্রকার মলম প্রস্তুত হইতেছে।

এই তৈল অত্যন্ত উপকারী হইলেও সকল রুগ ব্যক্তির ব্যবহার্য্য নহে। রুগ ও অরজীর্ন, লোকের পক্ষে ইহা সেরপ নহে, কারণ ঐ প্রকার লোকের পক্ষে ইহা ব্যবহার করিলে ক্ষুধামান্দ্য প্রভৃতি উৎপন্ন হর। এই তৈল আহারের পরে ব্যবহার করিতে হয়। ৪ হইতে ৩০।৪০ গ্রেণ পর্যান্ত মাত্রা হিছার করা যাইতে পারে। Vaselineএর সহিত একত্র করিয়া ইহার উৎক্লপ্ত মন্দ্র প্রস্তুত করিতে হয়।

চালমুগরা তৈল, বীজ্ঞ পি ও ইহার মলম ব্যবহার করিয়া অনেক কুর্চরোগী যে আরোগ্য লাভ করিয়াছে, তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়। রোগের প্রথমাবস্থায় ব্যবহার করিলে রোগ প্রবল হইতে পারে না এবং দিন দিন আরাম হইতে থাকে।

কলিকাতার চাল্মুগরা বীজের মণ ৫ । ৭ টাকার বিক্রীত হয়। কিন্তু আমদানী অর হইলে সমরে ১২ । ১৩ করিয়াও বিক্রের হইতে দেখা বর্ষার শেষে ইহার আমদানি হয়। ইহার তৈল প্রতি মণ ৬০ । ৭০ টাকা। কলিকাতা হইতে বোদ্বাই ও মাক্রাক্র অঞ্চলে রপ্তানি হইয়া থাকে, স্বতরাং তথার অপেকাক্ত মূল্য অধিক।

চালায়ুনী, বন্দদেশের অন্তর্গত ভাগলপুর জেলার একটা নদী।
হরাবত পরগণার বাহির হইয়া পরগণা নারদিগরের অন্তর্গত
থালাগড়ী নামক প্রাম দিয়া প্রবাহিত হইয়া অবশেষে গেঁড়ো
নদীতে গিয়া পতিত হইয়াছে। এই নদীর কিনারায় অনেক
স্থানে চাউল জনিয়া থাকে।

চালিকর, মহারাষ্ট্র-আধিপত্যকালে ধারবারের থাজনা আদায়-কারী একপ্রকার কর্মচারী। ইহারা অপেকারুত অর করে জমি দথল করিত এবং তাহার পরিবর্ত্তে প্রজা-দিগের নিকট হইতে থাজনা আদায় করিয়া দিত। কোন প্রজা থাজনা দিতে না পারিলে চালিকরকে ঐ থাজনা পূর্ব করিয়া দিতে হইত। তম্ভিন্ন তাহাদিগের অস্তাম্ভ দায়িছ ছিল। সচরাচর নির্দ্ধারিত থাজনা ব্যতীত আরপ্ত নানারূপ কর চালিক্রদিগের নিকট আদায় হইত। চালিকরদিগের ক্ষমতাও ছিল। তাহারা অমি বন্দোবস্ত করিয়া দিত।
অন্ধ্রমা বা ভাল শহ্ন না হইলে প্রকারা থাজনা দিতে
পারিবে না তাহাকেই দিতে হইবে, সেই জহ্ম চালিকর অক্ষম
প্রজাদিগকে বীজ, লাগল, বৃষ্ধ ও শহ্ম প্রভৃতি দিয়া সাহায্য
করিত। কোথাও কোথাও চালিকরগণ নিকর জ্বমি ভোগ
করিত। কৃষ্ণানদীর হুইপার্মে চালিকরদিগের ক্রমতা ভিন্ন
রূপ ছিল। তৎকালে এই পদ বড়ই আদরের ছিল।
চালিকরেরা গ্রামের মধ্যে সর্কোৎকৃত্ত জ্বমি দুখল করিত,
সর্কাপেক্ষা স্থলর গৃহে বাস করিত, পভিত ভূমি হাসিল
করিতে পাইত এবং তাহারাই বেসরকারী জ্বমি অন্ন করে
বা নিকর দুখল করিত। তাহাদের হাতে প্রজাদিগের
হিতাহিত মানসন্ত্রম সম্পূর্ণ নির্ভর করিত, এজন্ম কোন
চালিকর নিজ কর্ত্ব্য অবহেলা করিলে তাহার ক্রমতা ও
ক্রমি প্রভৃতি সরকারে বাজেরাপ্ত হুইত।

চালিয়া, মলবার উপক্লের একটা পুরাতন বন্দর। ইহার অপর নাম চালাম, ইহা বেপুর নদীর দক্ষিণদিকে অবস্থিত। এই স্থানে মাস্ত্রাজ রেলওয়ে শেষ হইয়াছে।

চালিশাগাঁ, বোধাই প্রেসিডেন্সীর অন্তর্গত থালেশ জেলার একটা উপবিভাগ। ইহার ভূপরিমাণ ৫০৪ বর্গ মাইল। ইহাতে ১০২টা গ্রাম আছে। এই বিভাগটা জেলার দক্ষিণদিকে অবস্থিত। সাতমালা পর্বতশ্রেণী থালেশ এবং দাক্ষিণাত্যের উচ্চভূমির মধ্য দিয়া গমন করিয়াছে। ইহার উত্তরস্থিত গ্রামের ভিতর দিয়া গির্না, মন্তাড় এবং তিত্র নামক কএকটা নদী প্রবাহিত। ইহাতে ৪০২৭৯৫ বিঘা আবাদী ক্রমি আছে। তাহার অধিকাংশেই শস্ত উৎপন্ন হইরা থাকে।

২ উক্ত থান্দেশ কেলার একটা নগর। চালিশ-গাঁ উপবিভাগের কার্য্যালয় সকল ও জি আই পি রেলওয়ের একটা ষ্টেশন আছে। ইহা ধুলিয়া নগর হইতে ৩০ মাইল দক্ষিণে অবস্থিত।

চালুক্য, দক্ষিণাপথের প্রবল পরাক্রান্ত এক প্রাচীন রাজবংশ।
দাক্ষিণাত্যের শত শত তাম্রশাসন ও শিলাফলকে এই পরাক্রান্ত
রাজ্যণের রাজ্যকাল ও কীর্ত্তিকলাপ কীর্ত্তিত হুইয়াছে।

প্রাচীনতম শিলালিপিতে এই বংশ চল্ক্য, চলিক্য ও চলুক্য ইত্যাদি নামে অভিহিত।

বিহ্লণের বিক্রমান্কচরিতে লিখিত আছে কোন সমরে ব্রহ্মা সন্ধ্যা করিতে ছিলেন। ইক্স তাঁহার নিকট আসিরা বলেন, পৃথিবীতে ঘোর হুদ্দৈব উপস্থিত! আপনি একজন বীরপুরুষের স্থাষ্টি করিয়া অত্যাচার হুইতে ধরাকে রক্ষা করুন। তাহা শুনিয়া প্রস্থাপতি আপনার "চুলুক" অর্থাৎ জলশাত্রের দিকে দৃষ্টিপাত করিলেন। তৎক্ষণাৎ সেই চুনুক হইতে এক স্থান্দর বীর ত্রিভূবনরক্ষার্থ উদ্ভূত হইলেন। সেই চুনুক পুরুষ হইতেই মহাবীর চালুক্যগণ জন্মগ্রহণ করেন। হারীতই তাঁহাদিগের আদিপুরুষ। এই বংশে শক্রদমনকারী মানব্য জন্মগ্রহণ করেন। তাঁহাদিগের আদিবাস অবোধ্যা, তাঁহাদিগের মধ্যে কেহ কেহ দিখিজরোপলকে দক্ষিণদেশ আক্রমণ করেন (১)।

বিহলণের উক্ত বর্ণান্তুসারে জানা বার যে চুলুক হইতে চালুক্য নাম হইয়াছে। কিন্ত প্রাচীনতম শিলালিপি-বর্ণিত চন্ধ্য, চলিক্য ইত্যাদি পাঠ করিলে বিহ্লাণের বর্ণনা কাল্লনিক বলিয়া বোধ হয়। প্রাচীনতম কোন চালুক্য-শাস-নেই ব্ৰহ্মার চুলুক হইতে চালুক্যের উৎপত্তির কথা বর্ণিত নাই। কোন কোন চালুক্য-অত্নাসন পত্তে চালুক্যবংশের পুर्वाभू क्रवशरणत वर्गना-जिभगत्क कत्रिक भूत्राणाशाम मृष्टे रहा। প্রাচ্যচালুক্যদিগের বহুতর তাদ্রশাদনে লিখিত আছে যে, চালুক্যরাজগণ চন্দ্রবংশীয় ও তাঁহাদের ७० পুরুষ অযোধ্যায় রাজত করিতেন। উক্ত রাজগণের মধ্যে শেষ রাজার নাম বিজয়াদিতা। তিনি দিখিজয় উপলক্ষে দাকিণাতো আগমন করেন, কিন্তু এথানে হুদৈবজ্ঞমে ত্রিলোচন-পল্লবের হুস্তে নিহত হন। তাঁহার মহিধী তথন গর্ভবতী ছিলেন, তিনি কুলপুরোহিত বিষ্ণুভট্ট সোমবাজী ও স্থীগণের সহিত মুড়িবেমু নামক অগ্র হারে আসিয়া আশ্রয় গ্রহণ করেন। এথানে যথাকালে তাঁহার একটী পুত্র সন্তান ভূমিষ্ঠ হইল। পুত্র বয়োপ্রাপ্ত হইলে মাতার

(১) "मक्षामभार्यो छन्तान ब्रिटाय मह्म वद्याक्षमा धनमा। বিজ্ঞাপিত: শেখরপারিজাতবিরেকনাদবিগুণৈর্বচোঞি: ১ ৩৯ ১ নিবেলিভকারজনেন নাথ তথা ক্ষিতে। সংগ্রভি বিপ্লবো সে। মভে ৰণ। যক্তবিভাগভোগ: স্মৰ্ত্ৰাভামেষ্টি নিৰ্ক্রাণাম্। ৪৪। ধর্মজ্ঞহামত নিবারণায় কার্যাত্ত্বা কল্চিদ্বার্যাবীর্যাঃ। রবেরিবাংশুপ্রসরেণ যশু বংশেন হুছা: ককুভ: ফ্রিরন্তে । ১৫। भूबम्मद्वण अजिलामामानस्यरः मभाकरी वत्ना विविधः। সন্ধ্যামুপুর্ণে চুলুকে মুমোচ ধাানামুবিদ্ধানি বিলোচনানি # 85 # হিমাচলক্তৈৰ কৃতঃ শিলাভিক্লারজাপুনদচাক্তদেহঃ। অধাৰিরাসীৎ হুভটন্তিলোকতাণপ্ৰীণক ুকুকাৰিধাডুঃ 🛚 ৫৫ 🖡 क्ट्यन क्रियाङ्कितात वःभः भीत्तः श्रमाणाक्ष्येव व्यवाहः । ४१ । विशक्तनोत्रास्कृ उकीर्खिशाती शांती उ रेडाानिश्रमान् न रख। সানব্যনামা চ বভূব মানী মানব্য খং কৃতবালরীশাম্। ৫৮। প্রসাধ্য তং রাবণমধ্যবাস বাং হৈথিলীশঃ কুলরাজধানীন্। তে कविद्यान्ताक स्वाहित भूतीय वाशार विषध्निवासम् । ७० । किरीवरः (किरि विकिष्ठ) विषः विमाननीकात्रिकाः कर्वन । ठका: ननः नागवथकपृथि न्नक्याबाः निनि विविधानाम् । ७३ । ভত্তবৈভূপিতিভি: সনীলং চোলীরহ:সাঞ্চিপি দক্ষিণারে: ।'

(বিক্রমাক্চরিত ১ম দর্গ।)

মুথে পিতৃপুরুষগণের ইতিহাস জানিতে পারিলেন। তবন তিনি চলুক্য নামক শৈলে নন্দা গৌরী, কুমার, নারায়ণ ও মাতৃকানিগকে পরিতৃপ্ত করিয়া রাজছত্ত ধারণ করিলেন। তাঁহার নাম বিষ্ণুবর্ধন। তিনি গক ও কাদম্বরাজগণকে পরাজয় করিয়া স্বেডছত্ত্র, শহ্ম, পঞ্চমহাশব্দ, পালিকেতন, প্রতিচ্ছা, বরাহলাঞ্চন, মর্রাসন, মকরতোরণ ও গকাযম্নাদি চিছে বিভূষিত হইয়া অকুয় প্রভাবে দক্ষিণাপথ শাসন করিতে থাকেন (২)।

প্রত্নত্ববিদ্ ফ্লিট্ সাহেব উক্ত প্রবাদকে করিত বলিয়া উড়াইয়া দিতে চান। তাঁহার মতে, পুলিকেশিবরুভ হইতেই চালুক্যবংশ দাক্ষিণাত্যে আধিপত্য বিস্তার করেন। তংপুর্বে চালুক্যরাজগণ উক্তরাঞ্চলে রাজত্ব করিতেন এবং সম্ভবতঃ শুর্জররাজগণের অধীন ছিলেন।

ভার ওয়ালট্র ইলিয়ট সাহেব লিথিয়াছেন—

"চালুক্যরাজগণের দাক্ষিণাত্যে স্থাগমনের পূর্ব্বে পল্লবর রাজগণ আধিপত্য বিস্তার করিয়াছিলেন। ত্রিলোচনপল্লবের রাজ্যকালে জয়সিংহ অপর নাম বিজয়ানিত্য নর্মানা অতিক্রম করিয়া যুদ্ধক্ষেত্রে প্রাণত্যাগ করেন। তাঁহার মহিনী বিষ্ণু সোম্যাজীর গৃহে আশ্রয় গ্রহণ করেন ও তথায় রাজসিংহ নামে এক পুল্র প্রস্বর করেন, তাঁহার অপর নাম রণরাগ বা বিষ্ণুবর্দ্ধন। তিনিও পিতৃপদ্বীর অস্থুলরণ করিয়া পল্লবগণের সহিত বিবাদ বাঁবাইলেন, তাঁহাদিগকে সম্পূর্ণক্ষপে পরাজয় করিলেন এবং পল্লবরাজকুমায়ীর পাণিগ্রহণ করিয়া রাজ্য হাপন করিলেন। তাঁহার উত্তরাধিকারী পুজের নাম পুলিকেণী (১ম)।" (৩)

১ম পুলিকেশীর রাজ্যকালে উৎকীর্ণ লিপিদৃষ্টে জানা যায় যে পূর্বে চালুক্যরাজগণের ইন্দুকান্তি নগরীতে রাজধানী ছিল, তংপরে পুলিকেশী (১ম) বাতাপি নগরী জয় করিয়া এথানে রাজধানী প্রতিষ্ঠিত করেন। বাতাপিনগরের বর্তমান নাম বাদামি। [বাদামি দেখ।] সম্ভবতঃ এই স্থান পল্লবরাজগণের অধিকারে ছিল, পুলিকেশী পল্লবরাজকে তাড়াইয়া বাদামি অধিকার করেন। বীরবর পুলিকেশিবল্লভ ১১১ শকে (৪৮৯ খুষ্টাব্দে) সিংহাসনে অধিরোহণ করেন (৪)।

যেবুরের সোমেশ্বর-মন্দিরে উৎকীর্ণ শিলাফলকে লিথিত

স্পাছে বে, তিনি চুই সহস্ৰ গ্ৰাম দান ও অগ্নেধ্যক্ত ক্রিয়াছিলেন (৫)।

পুলিকেশীর পুত্র কীর্তিবর্দ্ধা, ইনি দল, মৌর্ব্য ও প্রসিদ্ধ কাদম রাজগণকে পন্নাজ্য করিন্নাছিলেন। কীর্তিবর্দ্ধার পর তাঁহার কনিষ্ঠ মদলীল ৪৮৮ শকে অভিবিক্ত হন। বাদ্ধমির শুহামন্দির-মধ্যন্ত বরাহমূর্তির পার্মে উৎকীর্ণ শিলালিশিতে বর্ণিত আছে বে, ইনি বাজপের, অগ্নিষ্টোম, অথমেধ প্রভৃতি বক্ত করেন এবং তাঁহার রাজদ্বের ১২শ বর্ষে ৫০০ শকে কার্তিকী পূর্ণিমায় বিকৃষ্ঠি প্রতিষ্ঠিত হয় (৬)। এতত্তির ইনি রেবাতট, মাতক, কলচ্রি, কোরণের কিয়দংশ এবং শকরগণের পুত্র বুদ্ধকে পরাজ্য করেন।

কীর্দ্তিবর্দ্ধার পুত্রগণ সকলেই অপ্রাপ্তবয়স্ক থাকার মঙ্গ-লীশ রাজ্পদ গ্রহণ করিরাছিলেন। তিনি রেবতীদ্বীপ আক্রমণ ও কলচুরিদিগকে পরাভব করেন। জ্যেষ্ঠ সহো-দরের পুত্র সত্যাশ্রর বরোপ্রাপ্ত হইলে তাঁহাকেই রাজ্যভার প্রত্যপূর্ণ করিয়াছিলেন (৭)।

সত্যাশ্রয়ের অপর নাম পুলিকেশী (২য়)। ইহার ভায় পরাক্রমশালী নরপতি চালুক্যবংশে আর কেহই জন্মগ্রহণ करबन नाहै। हेनि ৫৩১ भरक जाजारिज्ञाहर करबन। ঐহোলের মেগুট-মন্দিরে উৎকীর্ণ ৩০৪ শকের শিলালিপিতে লিখিত আছে, মহারাজাধিরাজ সত্যাশ্রয় কোশল, মালব, গুর্জর, মহারাষ্ট্র, লাট, কোঙ্কণ ও কাঞ্চী জয় করেন, স্তিনি মৌর্য্য, পল্লব, চোল, কেরল প্রভৃতি নৃপতিবর্গকে পরাজয় করিয়াছিলেন। যে রাজাধিরাজ হর্ষের পাদপদ্মে শত শত নূপতিবৰ্গ অবনত মন্তকে থাকিতেন, সেই মহা পরাক্রান্ত হর্ষরাজ্ঞ সভ্যাশ্রমের নিকট পরাস্ত হইয়াছিলেন। সভ্যাশ্রম পণ্ডিতমণ্ডলীকেও বিশেষ সমাদর করিতেন। "কালিদাস ও ভারবি সদৃশ কীর্ত্তিমান (জৈনপণ্ডিত) রবিকীর্ত্তি তাঁহার যথেষ্ট অমুগ্রহলাভ করিয়াছিলেন (৮)। এ ছাড়া তিনি রাষ্ট্রকটরাজ গোবিন্দকে পরাজয় করিয়াও মহাযশোলাভ করেন। চীনপরিত্রাজক হিউএন্সিয়াং ইহার রাজ্যসমৃদ্ধির ও তথাকার রীতিনীতির বর্ণনা করিয়া গিয়াছেন। কাহারও মতে পারস্তরাজ ২য় থোক্রর সহিত ইহার উপঢৌকন আদান-

Indian Antiquary, VIII. p. 13.

<sup>(3)</sup> Indian Antiquery, vol. XIV. p. 51.

<sup>(9)</sup> Madras Journal, 1858; Journal Royal Asiatic Society, (N.S.) vol I. p. 251.

<sup>(8)</sup> Indian Antiquery, vol. VII. p. 209.

<sup>(</sup>৫) "স হি তুলগগলেকোগ্রামসারং সহস্থরপরিমিভমুদ্দিস্যাচ্চকারবিলেধে।"

<sup>(</sup>a) Indian Autiquary, vol. VI. p. 364.

<sup>(1) ,,</sup> vol. VII. p. 13-14.

<sup>(</sup>b) ,, vol. V. p. 70-71.

প্রদান ও পত্রবিনিময় হইয়াছিল (৯)। ৫৫৬ শকাব্দ পর্য্যস্ত ভাঁহার আধিপত্যের প্রমাণ পাওয়া যায়।


স্ত্যাশ্রের মৃত্যুর পর কাঞ্চীর পলবরাজ চোল, পাণ্ডা ও কের্লরাজের সহিত মিলিত হইয়া চালুক্যরাজ্য 'আক্রমণ করেন। এ সময়ে সত্যাশ্রয়ের পুদ্র সম্ভবতঃ চন্দ্রাদিত্য অথবা আদিতাবর্মা কোরণ বাতীত আর সমস্ত জনপদই হারাইয়া ছিলেন। অমুজ বিক্রমাদিত্য বীর্য্যপ্রভাবে পল্লবরাজন্তবর্গকে পরাস্ত করিয়া কতক পিতৃরাজ্য উদ্ধার করেন। কিন্তু কিছুকাল পরেই পল্লবগণের হত্তে চালুক্যরাজ নিগৃহীত হন, কিছুদিন পরে বিক্রমাদিতা যথেষ্ট দলবল সংগ্রহ করিয়া পলবরাজধানী ্কাঞ্চীপুর আক্রমণ করিয়া প্রতিশোধ লইলেন। দেবশক্তি প্রভৃতি পরাক্রাস্ত সেক্সকরাজগণ তাঁহার মহাসামস্ত ছিলেন। যেবরের শিলাফলক অমুসারে ২য় পুলিকেশী বা সত্যাশ্ররের পুত্রের নাম নড়মরি, বোধ হয় তাঁহারই অপর নাম চন্দ্রা-দিতা। এই শিলাফলক মতে নড়মরির পুলের নাম আদিত্য-বর্মা। প্রত্নতত্ত্ববিদ ফ্লিট্সাহেব নড়মরি ও আদিত্যবর্মা এই ছই নামই কল্লিভ বলিয়া উড়াইয়া দিতে চাহেন, ভাঁহার মতে পুর্ব্বতন শিলালিপিতে ঐ হুই নাম দৃষ্ট হয় না। বিক্রমাদিত্যের থোদিত লিপি পাঠে বোধ হয় যে, তিনিই পুলিকেশী সত্যা-শ্রমের পর সিংহাসনে আরোহণ করেন, কারণ তাহা হইলে বিক্রমাদিত্যের সময়ে উৎকীর্ণ লিপিতে তৎপূর্ব্ববর্তী অন্ত কোন চালুক্যরাজের নাম থাকিত। কিন্তু মহাত্মা ফ্লিটের এই মত আমাদের সমীচীন বলিয়া বোধ হইল না। বিজয়-মহাদেবীর তামশাসনে পুলিকেশী সত্যাশ্রয়ের পুত্র বিজয়মহাদেবীর স্বামী চক্রাদিত্য মহারাজাধিরাজ উপাধিতে ভূষিত হইয়াছেন (১০)। ঐ তামশাসনে বিক্রমাদিত্যের নামও আছে। ইহাতে এইরূপ বোধ হয় যে, চন্দ্রাদিত্যের অল্পকাল রাজ্যভোগের পর তাঁহার মৃত্যু হইলে অমুজ আদিত্যবর্মা অল বয়সেই রাজ্যলাভ করিয়া ছিলেন, তৎকালে মহিধী বিজয়-মহাদেবী তাঁহার অভিভাবক স্বরূপ রাজকার্য্য পর্য্যালোচনা করিতে ছিলেন, কিছুকাল পরে আদিত্যবর্মার মৃত্যু হওয়ায় বিক্রমাদিত্য সিংহাসনে অভিষিক্ত হন। তাঁহার জ্যেষ্ঠ চক্রাদিত্য পল্লব-দিগের হস্তে উত্যক্ত ও রাজ্যচ্যুত হইয়াছিলেন বলিয়াই বোধ হয় বিক্রমাদিত্যের শাসনাদিতে তাঁহার নাম দৃষ্ট হয় না।

বিক্রমাদিত্যের রাজ্যকালীন শকচিহ্নিত কোন গিপিই এ পর্য্যস্ত আবিদ্ধৃত হয় নাই! ছুই একথানি যাহাও পাওয়া গিয়াছে, তাহাও ক্ত্রিম (১১)। তবে তৎপুত্র বিনয়াদিত্যের সমরকার শক্চিহ্নিত খোদিতদিপি পাঠে জানা বার যে তিনি ৬০১ শকে রাজ্যাভিবিক্ত হইয়াছিলেন (১২)।

বেবুরের শিলাফলক-মত্তে—বিক্রমাদিত্যের পুক্রের নাম যুদ্ধমন। ইহার নামান্তর বিনয়াদিত্য। ইহার ৬১১ গতশকান্ধিত তামশাসনে লিখিত আছে যে, পল্লবপতি হইতে
চালুক্যবংশ নিগৃহীত ও বিলুপ্তপ্রান্ন হইলে সেই পল্লবপতিকে
বিনয়াদিত্য পিতার আদেশে বন্দী করিয়াছিলেন। এই
বিনয়াদিত্যের অপরাপর তামশাসন পাঠে জানা যায়, যে তিনি
এক সময়ে প্রবল পরাক্রমে সমস্ত দাক্ষিণাত্যে আধিপত্য
বিস্তার করিয়াছিলেন।

থেড়া হইতে আবিষ্কৃত ৩৯৪ সম্বদ্ধিত বিজয়রাজের ভাষ্ক্রশাসন, নৌসারি হইতে ৪২১ ও স্থ্রটের ৪৪০ সম্বদ্ধিত শিলাদিত্য প্র্যাশ্রের তামশাসন, বলসার হইতে সংগৃহীত ৯৫০ শকাদিত মঙ্গলাজের তামশাসন এবং নৌসারির ৪৯০ সম্বদ্ধিত পুলিকেশি-বল্লভ-জনাশ্রেরে তামশাসন পাঠে বোধ হয় যে হ্রবিজ্ঞেতা পুলিকেশি-সত্যাশ্রের সময় হইতে এই চালুক্যবংশীয় জন কএক রাজা গুজরাট অঞ্চলে রাজত্ব করিতেন। তাঁহাদের সহিত বিথ্যাত পুলিকেশি-সত্যাশ্রম প্রভৃতিরও বিশেষ সম্বন্ধ ছিল।

নাসিক জেলার নির্পণ্ গ্রাম হইতে প্রাপ্ত নাগবর্দ্ধনের তাদ্রশাসন ও বিজয়রাজের তাদ্রশাসন একতা করিলে এই-রূপ বংশাবলী দৃষ্ট হয়—(১৩)



আবার পূর্ব্বোক্ত নৌসারি ও বল্দারের তাম্রশাসন কয়-খানি একত্র করিলে এইরূপ বংশাবলী পাওয়া যায় (১৪)।

<sup>(5)</sup> Journal Royal Asiatic Society, vol. XI. p. 165.


<sup>(&</sup>gt;•) Ind. Ant. vol. VIII. p. 45

<sup>(&</sup>gt;>) Ind. Ant. vol. VII. p. 218.

<sup>(52)</sup> Indian Ant. vol. VI. 85, VII. 186.

<sup>(&</sup>gt;e) Bombay Branch Royal Asiatic Society, vol. II. p. 4; and Ind. Ant. vol. VII. p. 252.

<sup>(&</sup>gt;8) Verhandlungen des siebenten Int. Orientalisten Congresses in Wien, Arische Section, p. 210f and Jour. Bom. Br. R. As. Soc. vol. XVI. p. 2.



প্রথম বংশাবলীপাঠে বোধ হয় ২য় পুলিকেশিবল্লভের সমরে জরসিংহ জ্যেষ্ঠ ভ্রাতার সাহায্যেই অথবা যে কোন প্রকারে হউক শুর্জররাজের কিয়দংশ অধিকার করিয়া-ছিলেন, তাঁহার পৌল্র বিজয়রাজ পর্যান্ত ঐ স্থানে রাজত্ব করেন। তৎপরে এই বংশের লোপ হয় অথবা বাতাপি বা শুর্জররাজগণ কর্ভুক বিতাড়িত হইয়া রাজাচ্যুত হন।

বোধ হয়, সেই সময়েই কাঞ্চীপুরের পল্লবরাজ চোল, কেরল ও পাগুরাজের সহিত মিলিত হইয়া বাতাপিপুরীর চালুক্যরাজবংশ ধবংসের জফ্ত অন্ত্রধারণ করিয়াছিলেন।

যুবরাজ শিলাদিত্যশ্র্যাশ্রয়ের অনুশাসন-পত্রে লিথিত আছে যে, ২য় পুলিকেশির পুত্র বিক্রমাদিতাই তাঁহার পিতা জয়সিংহধরা শ্রয়কে অমুগ্রহ করিয়াছিলেন। ইহাতে বোধ হয় যে. মহারাজ বিক্রমাদিত্যসত্যাশ্রয় পিতৃরাজ্য উদ্ধার কবিয়া আপন কনিষ্ঠ সহোদর জয়সিংহধরাশ্রয়কে গুর্জারের দক্ষিণাংশ অর্পণ করিয়াছিলেন। পিতার বর্ত্তমানেই বোধ হয় শিলাদিত্য কালগ্রীদে পতিত হন, সেই জম্ম তিনি আর রাজপদ গ্রহণ করিতে পারেন নাই, তাঁহার পরে অরুজ বিনয়াদিত্যমঙ্গলরাজ রাজা হন। তাঁহার ৬৫০ শকাঞ্চিত তামশাসন দৃষ্ট হয়। তৎপরে পুলকেশিবলভ-জনাশ্রয় লাতৃ-সিংহাসনে আরোহণ করেন, তাঁহার ৪৯০ (চেদি) সম্বদক্ষিত তামশাসন দৃষ্ট হয়। তৎপরে কে রাজা হন, তাহা এথনও কোন থোদিতলিপিছারা জানা যায় নাই। যে সময়ে উক্ত পিতা ও পুত্রগণ দক্ষিণগুর্জ্জরে রাজত্ব করিতেছিলেন, তংকালে বিক্রমাদিত্যের পুত্র বিনয়াদিত্যযুদ্ধমল্লকে বাতাপির সিংহাসনে দেখিতে পাই।

নানা স্থান হইতে এই বিনয়াদিত্যের তামশাসনাদি পাওয়া গিয়াছে, তৎপাঠে জানা যায় যে, ইনি ৬০২ শকে রাজপদ লাভ করেন। ইনি পিতার আদেশে ত্রেরাজ্যের পল্লবসেনাদিগকে পরাজয় করিয়া পল্লব-রাজধানী কাঞী পর্যান্ত অধিকার করিয়াছিলেন। কলজ্র, কেরল, হৈহয়, বিল, মালব, চোল ও পাগুরাজ প্রভৃতিও তাঁহার নিকট পরান্ত হইয়াছিলেন। এমন কি তিনি সমস্ত দাক্ষিণাত্যের রাজ-চক্রবর্তী হইয়াছিলেন।

তাঁহার অভাব হইলে তৎপুত্র বিজয়াদিত্য ৬১৮ শক हरेएठ ७६६ भक भगास निवाभाम **बाका**मस्कां करवन। ইহার প্রদত্ত তাম্রশাসন পাঠে বোধ হয় ইনিও অনেক স্থান জয় ও অনেক গ্রাম দান করিয়াছিলেন (১৫)। পালিধ্বজ্ঞ তাঁহার অধিকৃত হইয়াছিল এবং বৎসবাজ প্রভৃতি ইহলোক हरेए अवनत नरेशाहित्नन (>७)। তৎপুত্র মহারাজ বিক্রমা-দিত্য (২য়), ইনি ৬৫৫ হইতে ৬৬৯ শক পর্য্যন্ত প্রবল প্রতাপে রাজত্ব করেন। বোক্তলে গ্রাম হইতে সংগৃহীত তাম্রশাসনে শিথিত আছে—ইনি তিনবার পল্লবরাজধানী আক্রমণ ও निम्पिणिवर्षाक विनाम करत्न। भन्नवताम नतिश्रह-পোতবর্মা কাঞ্চীপুরে যে রাজ্বসিংহেশ্বর ও অপরাপর যে সমস্ত দেবতার প্রস্তরমূর্ত্তি স্থাপন করিয়াছিলেন, মহারাজ বিক্রমাদিত্য (২য়) সেই দেবমগুলীকে সোণা দিয়া মুড়িয়াছিলেন। তৎপুত্র কীর্ত্তিবর্দ্মা (২য়) ৬৬৯ শকে রাজ্যারোহণ করেন, তিনিও এক-বার চালুক্যবংশের চিরশক্র পল্লবরাজকে আক্রমণ করিয়া-ছিলেন এবং সার্বভৌম উপাধি গ্রহণ করেন (১৭)।

মিরাজরাজ্যের অন্তর্গত কোথেম হইতে সংগৃহীত ৫ম বিক্রমাদিত্যের তাম্রশাসনে লিখিত আছে যে, (২য়) কীর্টিবর্মার সময়ে চালুক্যরাজ্যশ্রীর দারুণ বিদ্ন ঘটিয়াছিল (১৮)।

তাম্রশাসন দারা ৬৭৯ শক পর্যান্ত ২য় কীর্ন্তিবর্দ্মার অধিকারকাল দেখিতে পাই। বোধ হয় উহারই অনতিপরে রাষ্ট্রকূটাধিপতি ২য় দন্তিত্ব কীর্ন্তিবর্দ্মাকে পরান্ত করিয়াবিন্তার চালুক্যরাজ্য অধিকার করিয়াছিলেন। তৎকালে প্রাচ্য চালুক্যরাজ্য অধিকার করিয়াছিলেন। তৎকালে প্রাচ্য চালুক্যরাজ্য অধিকার পূর্বভাগে প্রবলপরাক্রান্ত চালুক্যরংশ যে নিতান্ত হীনাবন্থা প্রাপ্ত হইয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। পূর্ব্বর্ণিত ৫ম বিক্রমানিত্যের তাম্রশাসন পাঠে জানা যায়, পশ্চিম দাক্ষিণাত্যের চালুক্যবংশের পূনরায় অভ্যুদয় হইলেও আর ২য় কীর্ত্তিবর্দ্মার পুত্র বা উত্তরাধিকারী রাজ্যাধিকার পান নাই। তাঁহার পিতৃব্যবংশীয়গণই প্রবল হইয়াছিলেন। তাঁহার, পিতৃব্যের নাম ভীম। তৎপুত্র কীর্ত্তিবর্দ্মা (৩য়), তাঁহার পুত্রের নাম তিলভূপ। তৈলের পুত্রের নাম বিক্রমানিত্য। বিক্রমানিত্যের পুত্র ভীমরাজ, তৎপুত্র অয়গার্য্য, ইনি (রাষ্ট্রকূটাধিপ) ক্লঞ্চের কন্তার

<sup>(5</sup>a) Ind. Ant. vol. VI. p. 85, VII. p. 186, VII. p. 14.

<sup>(39)</sup> Ind. Ant. vol. VIII. . 28.

<sup>(&</sup>gt;1) ,, ,, ,, ,, ,, ,,

<sup>(</sup>১৮) "ভত্তবো বিক্রমাদিতাঃ কীর্ত্তিবর্দ্ধা তদাক্ষরঃ।

र्यम ठालकाताका मीत्रखतातिगाङ्कृति ।"

পাণিগ্রাহণ করেন। তাঁহাদের পুজ বিক্রমাদিতা (৪র্থ)।
ভীম হইতে বিক্রমাদিতোর পূর্ববর্তী রাজগণ বোধ হয়
ভাতি সামান্ত জনপদে রাজত্ব করিতেন অথবা পরাক্রান্ত
রাষ্ট্রকটরাজের মহাসামস্ত মধ্যে গণ্য হইরাছিলেন।

অব্যণের পুর ৪র্থ বিক্রমাণিত্য হইতেই এই বংশের পুনরভাবয়।

ক্লিট সাহেবের মতে—৪র্থ বিক্রমানিত্যের প্র তৈল (২য়)
হইতেই চালুক্যরাজ্যের প্রক্লার সাধিত হয়। কিন্ত ৪র্থ
বিক্রমানিত্যের তামশাসন ও যেবুর-শিলাফলকে লিখিত
আছে যে (৪র্থ) বিক্রমানিত্য বিজ্ञয়বিভাশী ও বিরোধিবিধাংসী ছিলেন, চেনিরাজলন্ধণছহিতা বোহাদেবীকে তিনি
বিবাহ করেন, তাহার অপর নাম বিজিতানিত্য (১৯)।
ইহাতে বোধ হয় যে, ইনি চেনিরাজের সাহাযোে প্রথম নপ্ত
গৌরব উলারের চেষ্টা করেন। ডাক্রার বুর্ণেলের মতে, ইনি
৮৯৫ শক হইতে ১১৯ শক পর্যন্ত রাজত্ব করেন। পরবর্ত্তী
জয়িসংহদেবের সমকালীন শিলালিপিতে লিখিত আছে, যে
সত্যাশ্রর ক্লোন্তব নৃর্মাড়ি তৈল (সন্তবতঃ তৈল ২য়) রট বা
রাষ্ট্রক্টরাজগণকে বিদলিত ও তাহাদের হাত হইতে রাজ্যোদার করিয়া চালুক্যকুলচুড়ামণি হইয়াছিলেন (২০)।

অন্নান হয় যে পিতার সময়েই বীরবর তৈল (২য়) রাজ্যোদার করিতে সমর্থ হইয়াছিলেন।

৪র্থ বিক্রমাণিত্য অথবা ২য় তৈলরাজ বাতাপিনগরীতে রাজত্ব করিয়াছিলেন কি না, তাহার কোন নিদর্শন নাই।

৯৭৫ শকাজিত ১ন সোমেশরদেবের দামন্ত্রিক শিলাফলকে তিনি কল্যাণাধীশর বলিয়া পরিচিত হইয়াছেন। বোধ হয় তাঁহার পূর্বপূরুষ ৪র্থ বিক্রমানিত্য বা ২য় তৈল চালুক্যরাজ্য পুনরুজার করিয়া কল্যাণে রাজধানী স্থাপন করেন। [কল্যাণ দেখ।]

৪র্থ বিক্রমাদিত্যের পুদ্র তৈল (২য়) এক মহাপরাক্রান্ত রাজা ইইয়াছিলেন। যেব্রের শিলাফলকে দিখিত আছে যে তৈল রাষ্ট্রকৃটরাজ কর্করের ছইটী রণস্তম্ভ বিচ্ছিন্ন করেন। তিনি কুটিল রাষ্ট্রকৃটদিগের হস্ত হইতে চালুক্যবন্নভরাজলন্দী উন্ধার করেন। চৈদ্য ও উৎকলরাজকে সমরে পরাভব এবং রাষ্ট্রকৃটরাজ (ভন্মহের) কন্তা জাককার পাণিগ্রহণ করেন। তাঁহার উরদে জাককার গর্ভে (২য়) সত্যাশ্রম্ন জ্বম গ্রহণ করেন। ইনিও নীনাস্থান জন্ম করিয়া রাজ্যের পুষ্টি- সাধন করিয়াছিলেন। সত্যাশ্রারের পর তাহার অন্থল দশবর্দ্দা বা যশোবর্দ্দা সিংহাদনে অভিবিক্ত হন। তাঁহার মহিবী ভাগ্যবতীর গর্ভে (৫ম) বিক্রমানিত্য বৈলোক্যমল বলভেন্ত জন্মগ্রহণ করেন। ইহার তাম্রশাদন দৃত্তে জানা যার যে ইনি ৯৩০ শকে রাজপদ-প্রাপ্ত হন। ইনি মহারাজাধিরাজ পরমেশর-পরমভট্টারক উপাধি গ্রহণ করিছিলেন। তাঁহার পর তাঁহার কনিষ্ঠ প্রাভা জর্মিংছ-জপদেকমল রাজিসিংহাদন লাভ করেন। তল্পোরের শিলাফলক পাঠে জানা যার যে ইনি মালবদিগকে বিধ্বস্ত এবং চের ও চোলরাজগণের সহিত যুদ্ধ করেন। সমস্ত কুন্তলদেশ ইহার অধিকৃত হইয়াছিল। ৯৬৪ শক পর্যান্ত ইহার রাজ্যকাল। ইহার ভগিনী অক্কাদেবী। তৎপরে তাঁহার পূল সোমেশর আহ্বমল প্রবলপ্রভাপে রাজত্ব আরম্ভ করেন। বিক্রমান্ধচরিতে লিখিত আছে যে ইনি হইবার চোলরাজ্য জন্ম করিয়াছিলেন, কিন্তু আবার ১ম কুলোভ লের অন্তশাসনাদি পাঠে বোধ হন্ন যে ইনিও তাঁহার নিক্ট এক-

সোমেশ্বরের পুজের নাম ভুবনৈকমল বা ২য় সোমেশ্বর।
ইনি ৯৯০ হইতে ৯৯৭ শক পর্যাস্ত রাজস্ব করেন। ইনি
কাদম্বরাজগণকে শাসন করিয়া কনিষ্ঠ ভ্রাতা জয়সিংহ
ত্রৈলোক্যমল্লকে বনবাসীর শাসনকর্ত্ব প্রশান করেন।
জয়সিংহ তথায় ১০০১ হইতে ১০০৩ শক পর্যান্ত শাসনকার্য্য
নির্বাহ করিয়াছিলেন।

বার প্রাঞ্জিত হইয়াছিলেন। এই ১ন সোমেশ্বের সময়ে

বনবাদ্রীর কাদম্বরাজগণ পুনরায় স্বাধীনতা লাভ করেন।

সোমেখরের তিন পত্নী বচলাদেবী, চক্রিকাদেবী ও মৈললা-

(मर्वी। देशत ভिश्ति अक्तहारम्वी, यामवताक आह्वमाहत

সহিত তাঁহার বিবাহ হয়ৢ (২১)।

তংপরে সোমেখরের মধ্যম ভাতা ৬ চ বিক্রমাণিতা অিতৃবনময়ের অভাগর। মহাকবি বিহ্নণ ইহাকেই উপলক্ষ
করিয়া "বিক্রমান্ধণেবচরিত" নামক কাব্য রচনা করেন।
চোলরাজকভার সহিত ইহার বিবাহ হইয়াছিল। যে সময়ে
তিনি তুলভদানদীতীরে শিবিরে অবস্থান করিতেছিলেন,
সেই সময়ে তাঁহার খণ্ডরের মৃত্যুসংবাদ তাঁহার কর্ণগোচর
হয়। তিনি অবিলপে সলৈতে কাঞ্চীপুরাভিম্থে যাত্রা করিলেন। এধানে দারণ বিজ্রোহীদিগকে দমন কয়িয়া প্রকৃত
উত্তরাবিকারীকে কাঞ্চীপুরের সিংহাসলে অভিষিক্ত করিলেন,
তংপরে তিনি গলৈকোণ্ডলোলপুর আক্রমণ করেন। অনতিকাল পরেই তিনি শুনিলেন যে, যে তাঁহার শ্লালক বিজ্রোহীদিগের হত্তে নিহত হইয়াছেন এবং বেলিরাজ রাজিগ

<sup>(</sup>১৯) "অভবস্তরে। তনুকো বিজরবিভাসী বিরোধিবিজাংসী তেজো বিজিতালিত।সতাধনো বিজ্ঞানিতাঃ ।"

<sup>(%.)</sup> Ind. Ant. vol. V. p. 17.

<sup>(33)</sup> Ind. Aut. vol. XII. p. 122.

রোজেন্দ্র কুলাভূল চোড়দেব ১ম) কাঞীপুরী অবিকার করিরাছেন। তিনি অবিলয়ে রাজিগের বিরুদ্ধে সৈক্তালনা করিলেন। রাজিগ (রাজেন্দ্রচোড়) বিরুদ্ধানিত্যের প্রাতা চালুক্যরাজ ২র লোমেখরকে সাহায্যার্থ আহ্বান করিলেন। বিরুদ্ধানিত্য সোমেখর ও রাজিগ উভয়কেই পরাত্ত করিলেন। রাজিগ পলাইয়া রক্ষা পাইলেন, কিন্তু সোমেখর বন্দী হইলেন। এইবার বিরুদ্ধানিত্য সিংহালনে অতিবিক্ত হইয়া দাক্ষিণাত্যের সার্ব্বতৌম নূপতি বিলয়া আসনাকে ঘোরণা করিলেন। (বিরুদ্ধাক্তিরত)

তাঁহার রাজ্যারোহণ হইতেই তিনি "চালুক্যবিক্রমবর্ধ"
নামে এক নব অন্ধ প্রচলন করিলেন। ৯৯৭ শকে কান্ধনমালের শুক্রপঞ্চমী হইতে এই অন্ধের আরম্ভ। [চালুক্যবিক্রমবর্ধ দেখ।] শত শত তাস্ত্রশাসনে এই মহাবীরের
প্রতাপ ও মহিমা খোবিত হইরাছে। কাদম্বাজ্ঞগণ তাঁহার
আশ্রমগ্রহণ করিয়াছিলেন। তিনি প্রীত হইয়া কাদম্বাজ্ঞকে
আপন কস্তা সম্প্রদান করেন। বিক্রমাদিত্য ১০৪৮ শক অবধি
রাজ্ফ করেন।

তৎপরে তাঁহার পুল সোমেশ্বর ৩য় বা ভূলোকমল সিংহাসন প্রাপ্ত হন। এই সময় হইতেই চালুক্যগৌরবরবি হীনপ্রভ হইতে আরম্ভ হয়। চেদি ও গণপতিরাজ্পণ চালুক্যরাজের বিরুদ্ধে অন্তথারণ করেন। বিস্তীর্ণ চালুক্যরাজের বিরুদ্ধে অন্তথারণ করেন। বিস্তীর্ণ চালুক্যরাজ্য এক এক করিয়া বিপক্ষের করকবলিত হইতে লাগিল। অনেক কপ্তে ভূলোকমল্ল ১০৬০ খৃষ্টাব্দ পর্যন্ত রাজ্যলন্দ্রী রক্ষা করেন। তৎপরে তাঁহার লাতা জগদেকমল্ল [২য়] অপর নাম জয়কর্ণ সিংহাসনে আরোহণ করেন। তাঁহার সেনাপতির নাম কালিদাস (২২)। রাজা জয়কর্ণ বড় ধার্শিক ছিলেন, নানাস্থানে ইনি দেবতা ও মন্দির প্রতিষ্ঠা করিয়া গিয়াছেন (২৩)।

তৎপরে ভূলোকমল্লের পুত্র তৈল বা ত্রৈলোকমল্ল (৩য়)
১০৭২ শকে সিংহাদনে অভিধিক্ত হন। তৎপুত্র বীরসোমেশ্বর
৪র্থ আবার চালুক্যরাজ্য ঐ কিছুদিনের জন্ম গৌরবাধিত
করিয়াছিলেন। তাঁহার রাজত্ব কালে অর্থাৎ ১১১১ শক
পর্যান্ত চালুক্যগৌরব অক্সাছিল, কিন্ত তৎপরে মহিস্থরের
হয়দাল বল্লালবংশের অভ্যাদয়ে চালুক্যরাজ্য বিলুপ্ত হইবার
উপক্রম হয়।

সিউএল সাহেব লিথিয়াছেন, ১১৮৯ খৃঃ অব্দের পর আর প্রতীচ্য চালুক্যের নামগন্ধ শুনা যার না (২৪)। কিন্তু বৌধ হর যে তথনও প্রভীচ্য চালুক্যবংশ এককালে বিলুপ্ত হর লাই। ৩৬৬ শকান্ধিত একথানি ভাত্রশাসনে কল্যাণপুরাধীশর বীর নোণখের নাম পাওয়া যায়। কিন্ত ৩৬৬ শকে কল্যাণপুরে কোন চালুক্যের রাজধানী ছিল না, বিশেষতা ঐ শাসনপত্রের লিপি আধুনিক বলিয়াই বোধ হয় (২৫)। এরূপ স্থলে উক্ত শকান্ধ সন্তবতঃ চালুক্যবিক্রমবর্ষেরই হইবে। যদি এ অন্থমান প্রকৃত হয়, তাহা হইলে ১৬৬৩ শকেও কল্যাণপুরে বীর নোণম্ব রাজম্ব করিতেছিলেন।

পূর্বক্ষিত চালুক্যবংশ হইতেই প্রাচ্য চালুক্যবংশের উৎপত্তি। যে সময়ে বাদামি ও কল্যাণের চালুক্যরাজগণ দাক্ষিণাড্যের পশ্চিমাংশে আবিপত্য বিস্তার করিয়াছিলেন, সেই সময়ে বেলীরাজ্যে প্রাচ্য চালুক্যগণ আধিপত্য করিতেছিলেন। দাক্ষিণাত্যের পূর্ব অংশে ইহারা রাজত্ব করিতেন বিলিয়া প্রাচ্যচালুক্য নামে অভিহিত করিলাম। হর্ববিজেতা পূলিকেশি সত্যাপ্রয়ের অমুজ কুজবিষ্ণুবর্দ্ধনই প্রাচ্য চালুক্যবংশের আনুদিপুক্ষ।

পুলিকেশি সত্যাশ্ররের আধিপত্যকালে বিষ্ণুবর্দ্ধন যৌবরাজ্যে অভিষিক্ষ ইইয়ছিলেন এবং চালুক্য-সামাজ্যের
পূর্ব্ব অংশ জ্যেষ্ঠের অধীনে শাসন করিতেন। অবশেষে
তিনি বেঙ্গীরাজ্য অধিকারপূর্ব্বক স্বাধীনভাবে রাজ্য করিতে
থাকেন। তাঁহার ও তদ্বংশীয় নরপতিগণের শত শত অমুশাসনলিপি আবিষ্কৃত ইইয়াছে। বাদামি ও কল্যাণের চালুক্য
রাজগণের প্রকৃত রাজ্যকালনির্ণরে যেরূপ অমুবিধা, এই
প্রাচ্য চালুক্যের তাম্রশাসনাদিতে প্রত্যেকরাজ্যের রাজ্যকাল
বিবৃত থাকায় ইহাদের প্রকৃত সাময়িক ইতিহাস উদ্ধারে
সেরূপ গোল্যোগ্য নাই।

কুজবিষ্ণুবর্দ্ধন স্বদত্ত অমুশাসনাদিতে কোথাও কুজবিষ্ণু, কোথাও বিষ্ণুবৰ্দ্ধন, কোথাও বিট্ররস, কোথাও প্রীপৃথিবী-বল্লভ, কোথাও বা বিষমসিদ্ধি বিরুদে আপনার পরিচয় দিয়াছেন। পুলিকেশি সত্যাশ্রয়ের ৮ম বর্ষে লিথিত তাদ্রশাসনে (৫০৮ শকে অর্থাৎ ৬১৬ খৃষ্টাকে) ইনি যুবরাজ আখ্যায় ভূষিত ছিলেন (২৬)। আবার বিশাথপত্তন জেলার অন্তর্গত চিশুরুপিল হইতে সংগৃহীত বিষ্ণুবর্দ্ধনের ১৮ সম্বদম্বিত তাদ্রশাসনে জাহার সর্ব্বপ্রথম "মহারাজ" উপাধি দেথিতে পাই। এই তাদ্রশাসন সাহায্যেই জানা যায় যে বিষ্ণুবর্দ্ধন বাদামি রাজ্য হইতে অনেক দূর পূর্ব্বে আসিয়া রাজ্য স্থাপন করেন।

<sup>(22)</sup> Indian Antiquary, vol. VI. p. 140.

<sup>(39)</sup> Jour. Bom. Br. Roy. As. Soc. vol. X. p. 287.

<sup>(24)</sup> B. Sewell's Dynasties of Southern India, p. 11.

<sup>(34)</sup> Ind. Ant. VIII. p. 94, plate I and II

<sup>(</sup>to) Indian Antiquary, vol. XIX. p. 303.

প্রাচ্য চালুক্যগণের তামশাসন-মতে বিষ্ণুবর্জন ১৮ বর্ষ রাজত্ব করিয়াছিলেন। কিন্ত ঐ রাজ্যকাল তাঁহার যোবরাজ্যে জ্ঞান্তিবক হইতে গণিত হইয়াছে।

তৎপরে তাঁহার জ্যেষ্ঠপুত্র ১ম জন্মদিংহ ৫৫৬ শকে রাজপদে অভিষিক্ত হন এবং ৫৮৫ শক পর্যান্ত ৩০ বর্ষ রাজত্ব করেন।

তৎপরে জয়সিহের কনির্চ ল্রাতা ইক্সভট্টারক সাতদিন মাত্র রাজত্ব করেন। মহারাজ প্রভাকরের পূব্র পৃথিবীমূলের প্রদস্ত গোদাবরীর তামশাসনে লিখিত আছে যে তিনি (গঙ্গরাজ) ইক্সবর্মা প্রভৃতি রাজভাবর্গের সহিত মিলিত হইয়া ইক্সভট্টারকের উচ্ছেদের জন্ত ঘোরতর সংগ্রাম বাঁধাইয়া-ছিলেন (২৭)। ইক্সভট্টারকের পর তৎপুত্র (২য়) বিষ্ণুবর্জন ৫৮৫ হইতে ৫৯৪ শক পর্যন্ত ৯ বর্ষ রাজত্ব করেন। কোন কোন তামশাসনে তাঁহার নাম বিষ্ণুরাজ, সর্কলোকাশ্রয় উপাধি এবং বিষমসিদ্ধি বিশ্বদ লিখিত আছে।

তৎপরে ২য় বিষ্ণুবর্জনের পুত্র মান্ধি-যুবরাজ ৫৯৪ হইতে ৬১৯ শক পর্যান্ত ২৫ বংসর রাজত্ব করেন। ইহার উপাধি সর্বলোকাশ্রম ও বিরুদ্ধ বিজয়সিদ্ধি, ইনি একজনী মহাপণ্ডিত ছিলেন। আধ্যাত্মিক শান্তাদিতে ইনি অনেককেই পরাজয় করিয়াছিলেন। পূর্ব্ববর্তী সকল চালুক্যরাজের শাসনাদিতে লিখিত আছে যে স্বামী মহাসনের অমুগ্রহে চালুক্যবংশ রাজ্য শী অর্জন করেন, কিন্তু এই মন্ধিরাজের একথানি শাসনে লিখিত আছে যে কৌশিকীর বরপ্রসাদেই তাঁহা-দের রাজ্যলাভ ইহারাছিল (২৮)।

তৎপরে মন্ধিযুবরাজের জ্যেষ্ঠপুত্র ২য় জয়িসংহ ৬১৯ হইতে ১৬৩২ শক পর্যাস্ত ১৩ বর্ষ রাজ্যভোগ করেন। তৎপরে ২য় জয়িসংহের বৈমাত্রেয় ভ্রাতা কোন্ধিলি ৬ মাস মাত্র রাজত্ব করেন।

কোন্ধিলির পর তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা ৩য় বিষ্ণুবর্দ্ধন তাঁহাকে রাজ্যচ্যুত করিয়া ৬৩২ হইতে ৬৬৯ শক পর্যান্ত ৩৭ বর্ষ রাজ্যশাসন করেন।

তৎপরে ৩য় বিষ্ণুবর্দ্ধনের পুত্র বিজয়াদিতা ভট্টারক ৬৬৯ হইতে ৬৮৭ শক পর্য্যস্ত ১৮ বংসর প্রবল প্রতাপে রাজ্যভোগ করেন, ইহার বিক্রমরাম ও বিজয়সিদ্ধি এই ছই বিরুদ ছিল।

বিজয়াদিত্যের পুজের নাম বিষ্ণুরাজ বা ৪র্থ বিষ্ণুবৰ্দ্ধন। ইনি ৬৮৭ শক হইতে ৭২২ শক পর্যান্ত ৩৬ বর্ধ রাজত্ব করেন।

তৎপরে তাঁহার, বীরপুত্র {বিজয়াদিত্য ুনিরেক্রমৃগরাজ ৭২২ হইতে ৭৬৬ শক পর্য্যস্ত ৪৪ বর্ষ রাজ্যশ্রী ভোগ করেন। ইহার প্রথমাবস্থার তাম্রশাসনাদি উৎকীর্ণ হইবার সময়ে ইনি যুবরাজপদে অভিধিক্ত ছিলেন। ইহাতে কেহ কেহ অহমান করেন, যে ইনি ৪ বর্ষ যৌবরাজ্য ও ৪০ বর্ষ রাজপদ ভোগ করেন। ইনি চালুক্য-অর্জ্জুন ও সমস্তভ্বনাশ্রম নামে আত্মপরিচয় দিরাছেন। নানা স্থান হইতে ইহার তাম্রশাসন পাওরা গিরাছে। তৎপাঠে জানা যাম—ইনি গলবংশ-ধ্বংসের অনলম্বরূপ ও নাগাধিপবিজ্ঞেতা। ইনি ঘাদশবর্ষব্যাপী দিবারাত্র সংগ্রামে গল্প ও রাইসৈক্তের সহিত শতাইবার যুদ্ধ করিয়া শতাই শিবলিল প্রতিষ্ঠা করেন। তৎপুত্র মহারাজ কলি-বিষ্ণুবর্দ্ধন বা ৫ম বিষ্ণুবর্দ্ধন। ইনি ১৮ মাস রাজস্ব করেন।

কলিবিষ্ণুর জ্যেষ্ঠপুত্র গুণক বিজ্ঞাদিত্য বা তয় বিজ্ঞাদিত্য। কোন কোন তাম্রশাসনে গুণগ বা গুণগাঙ্গবিজ্ঞাদিত্য নাম ও সমস্তভ্বনাশ্রম উপাধি দৃষ্ট হয়। ইনি একজন অঙ্কশাস্ত্র-বিং পণ্ডিত ছিলেন। ইনি রট্টরাজ কর্তৃক আহুত হইয়া অসমযোজ্দিগকে আক্রমণ করেন, যুদ্ধে মলিরাজের মন্তক্ছেন এবং (রাষ্ট্রক্টরাজ ২য়) ক্রঞ্জকে পরাস্ত করিয়াছিলেন। ইনি ৭৬৭ হইতে ৮১১ শক পর্যাস্ত ৪৪ বর্ষ রাজ্য করেন।

তৎপরে ৩য় বিজয়াদিত্যের কনিষ্ঠ প্রাতা যুবরাজ ১ম বিক্রমাদিত্যের নাম পাওয়া যায়, ইনি রাজপদ লাভ করিয়া-ছিলেন কি না, তাহার স্পষ্ট উল্লেখ নাই (১)। তৎপরে বিক্রমাদিত্যের কনিষ্ঠ প্রাতা ১ম যুদ্ধমল্লের নাম পাওয়া যায়। ইনি মহারাজ চালুক্যভীমের পিতৃব্যরূপে বর্ণিত হইয়াছেন। ইনিও বোধ হয় রাজপদলাভ করিতে পারেন নাই।

যুবরাজ ১ম বিক্রমাদিত্যের পুত্র ১ম চালুক্যভীম ৮১১
শক হইতে ৮৪১ শক পর্যন্ত ৩০ বর্ষ রাজত্ব করেন। ক্রফাজেলাস্থ ইদর হইতে প্রাপ্ত তাম্রশাসনে লিখিত আছে—৩য়
বিজয়াদিত্যের পর বেঙ্গীদেশ রট্টগণ কর্তৃক আক্রান্ত হইয়াছিল। চালুক্যভীম ক্রফাবল্লভকে পরাস্ত করিয়া পিতৃরাজ্য
পুনক্রদার করেন। ইহার সেনাপতির নাম মহাকাল।

চালুক্যভীমের জোর্চপুত্র ৪র্থ বিজয়াদিতা ৮৪১ শকে

৬ মাস মাত্র রাজ্যভোগ করেন। নানা স্থানের তাম্রশাদনে

ইনি কোলবিগও বিজয়াদিতা, কোলভিগও বিজয়াদিতা,
কোলবিগও, কোলবিগওভান্তর, কলিমর্ত্তান্ধ, কলিমর্তিগও

ইত্যাদি নামে বর্ণিত হইয়াছেন। ইহার পত্নীর নাম মেলানা।

ইনি সমস্ত বেলীমওল ও ত্রিকলিক শাসন করিতেন।
পট্টবর্দ্ধনীবংশীয় পৃথিবীরাজের পুত্র ভওনাদিত্য অপর নাম
কুস্তাদিত্য ইহার প্রধান অম্বচর ছিলেন।

<sup>(&</sup>lt;9) Journal Bombay Branch Royal Asiatic Society vol. XVI, p. 19.

<sup>(</sup>RF) Hultzsch's South Indian Inscription, vol. I. p. 35.

<sup>(3)</sup> Ind. Ant. vol. VI. p. 70 and vol. XI. p. 161s.

২৩ তৈল [৩য়] বা ত্রৈলোক্যমল্ল [৩য়ৢ] (শক্ত ১০৭২-১০৮৪)

২৪ সোমেশ্বর [৪র্থ] বা ত্রিভূবনমল্ল [৩য়ৢ (শক ১০৮৪-১১১১)

## প্রাচ্য চালুক্যবংশাবলী । কার্ত্তিবর্মা

```
১ कुल विकृवर्षन (धोहा) (১৮ वर्ष। भक ७७४-६६७)
           সত্যাশ্রয় বল্লভ (প্রতীচ্য)
                                                                        ৩ ইন্দ্রভট্টারক (१ দিন। শক ৫৮৫)
        २ जग्निः ह [ ১ম ] ( ७० वर्ष । भक ६६७-६৮६ )
                                                                     ৪ বিষ্ণুবৰ্দ্ধন [২য়] (৯ বর্ষ। শক ৫৮৫-৫৯৪)
                                                                     मित्रिय्वज्ञांक (२० वर्ष। नक ६৯৪-५১৯)
৬ জন্মসিংহ [ ২য় ] ( ১৩ বর্ষ । শক ৬১৯-৬৩২ ) ৮ বিষ্ণুবৰ্দ্ধন [৩য়] (৪৭ বর্ষ । শক ৬৩২-৬৬৯) ৭ কোকিনি (৬ মাস। শক ৬৩২)
                                       ৯ ভট্টারক বিজয়াদিত্য (১৮ বর্ষ। শক ৬৬৯-৬৮৭)
                                        ১০ বিষ্ণুবৰ্দ্ধন [ ৪র্থ ] ( ৩৬ বর্ষ । শক ৬৮৭-৭২২ )
                        ১১ নরেন্দ্রমূগরাক বিজয়াদিত্য [২য়] ( ৪৪ বর্ষ । শক্ ৭২২-৭৬৬ )
                                                                                                           ৰূপক্ষ
                                         be कनि विकृवंदन [ en]
                                       ( ১৮ मात्र । भक् १७७-१७१ )
            ১৩ श्वनक विकासामिका [ ० म ] प्रताक विकासामिका [ > म ]
                                                                           यूक्सल [ >म ]
             ( ४८ वर्ष। भक १७१-४३)
                                                                             ১৮ তাড়প
                                       ১৪ চালুক্য-ভীম [ ১ম ]
                                                                        ( > মাস। শক ৮৪৭ )
                                    (৩· বৰ্ষ ) শক ৮১১-৮৪১)
                                                                         २> यूक्तमल [ २য় ]
                                                                     (१ वर्ष। भक ४००-४८१)
             ১৫ কোল্লবিগণ্ড বিজয়াদিত্য [ ৪র্থ ]
                                                        ১৯ বিক্রমাদিত্য [২য়]
                     (৬ মাস। শক ৮৪১)
                                                     ( >> মাদ। শক ৮৪৮-৮৪৯ )
            ১৬ অন্ম [১ম], বিষ্ণুবৰ্দ্ধন [৬৪] রাজমহেক্স ২২ চালুক্যভীম [১ম], বিষ্ণুবৰ্দ্ধন [৭ম]
                    (१ বর্ষ। শক ৮৪১-৮৪৮)
                                                          (>२ वर्ष। भक ४६१-४७४)
                                   ২০ ভীম [৩য়] ২৪ দানার্ণব
                                                                       ২৩ অম [২য়], বিজয়ানিত্য [৬৪] বা রাজমহেক্স
 ১৭ বেত বিজয়াদিত্য [৫ম]
    (३६ मिन। मक ४८४) .
                          (৮ মাস। শক ৮৪৯-৫০) (৩ বর্ষ। ৮৯৩-৮৯৬)
                                                                                (२६ वर्ष। अक ४४४-४२०)
         সত্যাশ্রয়
     (भन्नी-गनमारगोत्री)
                                               (৩০ বৰ্ষ বিপ্লবের পর)
                                                                               ২৬ বিমলাদিভ্য
                                                   ২৫ শক্তিবৰ্মা
                                                                          (१ বর্ষ। শক ৯৩৮-৯৪৫)
                                            (১२ वर्ष । भक २२७-२०৮)
        বিজয়াদিত্য
                                                    ২৭ রাজরাজ [১ম], বিষ্ণুবর্দ্ধন [৮ম]
(৪১ বর্ষ। শক ৯৪৫-৯৮৬)
                                                                                            বিজয়াদিত্য [৭ম]
   (भन्नी-विषयमशामवी)
                                                                                           (तनी भागनकर्छा)
                                                                                        (७० वर्ष। मक २४०-२०००)
         বিষ্ণুবৰ্দ্ধন
                                             ২৮ রাজেক্রচোড়, কুলোত্তক, চোড়দেব [১ম]
( ৪৯ বর্ব। শৃক ৯৮৬-১০৩৫)
         मल्लार प्र
     (পদ্মী--চন্দলদেবী
                                                      রাজরাজ (বেলীনাথ)
                                                                            বীরচোড় বিষ্ণুবর্দ্দন
        महाविक्य वर्षन
                               २> विक्रमण्डा
 ( ১১২৪ শকে বেলীরাজ ) (১৫ বর্ষ। শক্ত ১০৩৫-১০৫০) (শক্ত ১০০০-১০০১) (বেলীনাথ শক্ত ১০০১-১০২২) (কলিলের গালের
                                                                                                  রাজ রাজরাজের পরী)
                    ৩০ কুলোভুক চোড়দেব [২র] (শব ১০৫০ শকে অভিবেক)
```

উক্ত বিজয়দিত্যের পুত্র আত্ম সম বা হাজসংহক্ত বিশ্বর্জন
(১৯) ৮৪১ ইইতে ৮৪৮ শক পর্যান্ত ৭ বর্ব রাজত করেন।
ইহার জ্ঞাতি সামন্তগণ ইহার বিরুদ্ধে রাইক্টদিগের সহিত
বোগ দান করেন। ইনি উত্তর শক্রদন নিপাত করিয়াছিলেন। ইহারই সমরে রাজমহেক্রপুর (বর্জমান রাজমহেক্রী) চালুক্যরাজ্যভুক্ত এবং প্নরার রাজমহেক্র নামে
অভিহিত হইতে থাকে।

তৎপরে অন্তের জ্যেষ্ঠপুত্র ( ৫ম ) বিজয়াদিত্য অপর নাম বেত একপক্ষ মাত্র রাজত্ব করেন। ২র অন্তের তাদ্রশাদনে লিখিত আছে বে, বেত বিজয়াদিত্য যুদ্ধমলের পুত্র তাড়প কর্ত্তক রাজ্যচ্যুত ও ৰন্দী হইয়াছিলেন (২)।

পিট্টপুরের শিলাফলকে ও গোলাবরী হইতে আবিস্কৃত তাদ্রশাসন পাঠে বোধ হয় বে, তাড়প বেত বিজ্ঞয়াদিত্যকে বন্দী করিয়া সিংহাসন অধিকার করিলে বেতের পুত্রগণ বেলী অঞ্চলে পলায়ন করেন। বোধ হয় তৎকালে রাজমহেন্দ্রীতেই রাজধানী ছিল। বেলীতে গিয়া বেতের পুত্রগণ প্রথমে সামান্ত-ভাবে থাকিয়া অবশেষে তথাকার লাসন-কর্তৃত্ব গ্রহণ করেন। কারণ, ১১২৪ শকে ঐ বংশীয়মল্লবিষ্কুবর্দ্ধন "বেলীদেশব স্ক্রমেন্দ্র" নামে অভিহিত হইয়ছেন। [২৬৮ পৃষ্ঠার প্রাচ্যচালুক্যবংশাবলীতে মল্লবিষ্কুবর্দ্ধনের পূর্বপ্রক্রের বংশাবলী দ্রাইব্য।]

যুদ্ধমন্ত্রপুত্র তাড়পের ভাগ্যেও বেশীদিন রাজপদ ভোগ করিতে হর নাই, তিনি ১ মাস রাজত্ব করিতে না করিতে চালুক্যভীমের পুত্র (২য়) বিক্রমাদিত্য তাঁহাকে বিনাশ করিয়া রাজপদ গ্রহণ করেন, তিনিও ১১ মাস ত্রিকলিঙ্গ ও বেঙ্গীমগুল শাসন করেন। তৎপরে ১ম অক্সের আর এক পুত্র ভীম (৩য়) যুদ্ধে বিক্রমাদিত্যকে পরাত্ত করিয়া ৮ মাস মাত্র রাজ্যলন্দ্রী উপভোগ করেন। তাড়পের পুত্র ২য় যুদ্ধমন্ন ভীমকে মারিয়া ৮৫০ শক হইতে ৮৫৭ শক পর্যান্ত ৭ বর্ষ রাজ্যসভোগ করেন।

তৎপরে ৪র্থ বিক্রমাদিত্যের পুত্র ও ১ম অলোর বৈমাত্রের (২য়) চালুকাভীম বা (৭ম) বিক্র্বর্জন ৮৫৭ শক হইতে ৮৬৮ শক পর্যান্ত ১২ বর্বকাল রাজ্য অধিকার করেন। ২য় অম বা ৬৯ বিজয়াদিত্যের একথানি অপ্রকাশিত ভারশাসনে লিখিত আছে—বে মহারাজাধিরাক্ত বিভীর চালুক্যভীম প্রীরাজমব্য, মহাবীর ধলগ বা বলগ, ছর্জ্ব তাতবিক্তি বা তাতবিক্যন, রণত্র্মদ বিজ্জ, ছ্র্জান্ত অধ্যপ+, চোলরাক্ত লোববিক্তি, যুদ্ধলা

এবং গোবিল: ক্রেরিড বিপুল সৈত্তবর্গকে বিনাশ করেন।
তিনি সর্কলোকাপ্রদ, গঞ্জমহেক্র, রাজনার্তত, কর্মিরালাত ও
বেলীনাথ প্রভৃতি নামে পরিচর দিয়া গিরাছেন।

প্রাচ্য চালুক্যরাজগণের মধ্যে ইনি একজন মহা পরাক্রমশালী হইয়া উঠিয়া ছিলেন। ইহার শাসনপত্রে ইনি "মহারাজাধিরাজ পরমেশ্বর পরমভটারক" এই উচ্চ উপাধি ও ইহার
বরাহলাহিত মোহরে ত্রিভূবনাকুশ নাম খোদিত আছে।



চালুকারাজের ভাত্রশাসনে সংলগ্ন মোহর।

ইহার পদ্ধীর নাম লোকমহাদেবী। তৎপরে ২য় চালুক্যভীমের পুত্র অন্ম ২য় বা ৬ঠ বিজয়াদিতা সিংহাসনে অভিষিক্ত
হন। ইহার প্রদত্ত অনেক তাদ্রশাসন পাওয়া গিয়াছে,
তাহাতে ইনি সমস্তত্বনাশ্রম ও রাজমহেক্স নামে এবং মহারাজাধিরাজ পরমেশ্বর পরমভট্টারক উপাধিতে ভূষিত হইয়াছেন। ইনি ৮৬৮ হইতে ৮৯৪ শক পর্যাস্ত ২৫ বর্ষ রাজত্ব করেন।

তৎপরে তাঁহার বৈমাত্রেয় জ্যেষ্ঠ ল্রাতা দানার্গব সিংহাসনে অধিষ্ঠিত হন। তাঁহার ৩ বর্ষ রাজ্যভোগ হইতে না হইতে চালুক্যরাজ্য অরাজক, বিশৃষ্থল ও বিপ্লবপূর্ণ হইয়া উঠিল। রাজজ্ঞাতিবর্গ ও প্রতিপক্ষ চোলরাজ্ঞগণ চালুক্য সিংহাসন গ্রহণ করিবার জন্ম সকলেই উন্মন্ত হইয়া উঠিলেন। কেহ কেহ অনুমান করেন যে, চোলরাজ গলৈকোণ্ড-কো-রাজরাজ রাজকেশরিবর্মার অব্যবহিত পূর্কপূক্ষ সমস্ত বেলীরাজ্য কিছুদিনের জন্ম অধিকার করিয়াছিলেন। গোদাবরী জেলান্থ চোলুরী নামক স্থান হইতে সংগৃহীত তাম্রশাসনে (৩) লিখিত আছে—"প্রায় ২৭ বর্ষ ধরিয়া বেলীমপ্তল অরাজক ছিল।"

<sup>(</sup>R) Ind. Ant. XIII. p. 248

थछीठानक्षवःनीत्र (वशूद्वत्र भिनानिशिवर्शिक च्याशद्वत्र ।

Epigraphia Indica, vol. I. p. 347f. † देनि मचवड: २इ हान्काओस्पन गुर्कावर्षी २३ वृद्धमत।

<sup>‡</sup> প্ৰকৃতভ্ৰিৎ কিনুট্সাহেৰ ই'হাকে রাউক্টরাজ ৫ম গোবিদ্য বলিয়া ভিনুক্ষিয়াহেন।

<sup>(9)</sup> Dr. Hultzsch's South Indian Inscriptions, vol. I. p. 94

তৎপরে দানাগ্বের জ্যেষ্ঠপুত্র চালুক্যচন্দ্র শক্তিবর্দ্ধা বেলীর
সিংহালন অধিকার করেন। আরাকান ও প্রামনেশ হইতে
এই শক্তিবর্দ্ধার নামাজিত স্বর্ণমূলা পাওরা গিরাছে। ইনি
নহড শক্ত হততে ৯৩৮ শক্ত পর্যান্ত ২২ বর্ষকাল রাজ্যশাসন
করেন। তৎপরে শক্তিবর্দ্ধার কনিষ্ঠ বিমলাদিত্য রাজ্পদে
অভিবিক্ত হন। ইনি স্থাবংশীর চোলরাজ রাজরাজের ক্সা
ও রাজ্জেটোলের কনিষ্ঠ ভগিনী কুগুবামহাদেবীর পাণিগ্রহণ
করেন। ইহার রাজ্যকাল ৯৩৮ হইতে ৯৪৪ শক্ত।

মহারাজ বিমলাদিত্যের গর্জে রাজরাজ জন্মগ্রহণ করেন।
কোরুমেরি হইতে সংগৃহীত তাদ্রশাসনে লিখিত আছে—রাজরাজ ৯৪৪ শকে সিংহরাশিতে সৌরভাত্রপদ রুক্ষ্ণিতীরা
তিথি শুক্রবারে সাম্রাজ্যে অভিবিক্ত হন (৪)। ইনি নিজ্
মাতৃল রাজেল্রচোলের কক্তা অনুজনেবীকে বিবাহ করেন।
৯৮৬ শক পর্যান্ত ৪১ বর্ষ ইহার রাজত্বলাল। আরাকান ও
ভাম হইতে ইহারও স্বর্ণমূলা পাওরা গিয়াছে (৫)।

তৎপরে তাঁহার বীরপুত্র কুলোভুল-চোড়দেব বেলীরাজ্যে অভিষিক্ত হন। ইনিও চোলরাজ রাজেল্পদেবের কস্তা মধু-রাস্তকীদেবীর পাণিগ্রহণ করেন। তিন পুরুষ ধরিরা মাতৃল-বংশের সহিত বৈবাহিক ক্ত্রে আবদ্ধ হইয়া চালুক্য রাজগণ এই সময়ে প্রকৃত "চোল" হইয়া পড়িরাছিল এবং সেই জন্মই প্রত্যেক্তেই মাতামহের উপাধি গ্রহণপূর্বক রাজ্যাভিষিক্ত হইতে দেখা যায়। [চোলরাজবংশ দেখ।]

মহাবীর কুলোভুঙ্গ চোড়দেব নানাস্থান জয় করিয়া গলাপুরী বা গলৈকোণ্ডচোলপুরম্ নামক স্থানে রাজধানী স্থাপন
করেন। বিখ্যাত কাঞ্চীপুরে ইহার রাজসভা বসিত। বোধ
হয়, যে সময়ে উত্তরাধিকার লইয়া চোলরাজ্যে বিজ্ঞোহ উপস্থিত
হইয়াছিল, ইনি সেই সময়ে চোলরাজ্য অধিকার করিয়া
তথার কিছুদিনের জন্ম রাজপাঠ স্থাপন করেন।

গালেমরাজ চোড়গলের তামশাসনে লিখিত আছে যে তাঁহার পিতা রাজরাজ রাজেন্সচোড়ের কন্সা রাজস্বলরীর পাণিগ্রহণ করেন এবং দ্রমিল যুদ্ধে জয়ন্ত্রী অর্জ্জন করিয়া বেলীরাজ্যে অধিষ্ঠিত হইয়াছিলেন। তৎপরে বিজয়াদিত্যকে বেলীরাজ্যের ভারার্পণ করিয়া কলিকে চলিয়া আইসেন।

(a) "ৰে। রক্ষিত্য বহুৰতীং শক্ৰবংসাৰের্ বেদাধুরালিনিধিবর্তিৰু সিংহগেহকোঁ। কৃষ্ণিবতীর্দিবসোত্তরভজিকারাম্ বারে ভ্রোবিনিজি লগ্গবরেহজিবিজা।"

কোরুবেলির ডাম্রশাসন ৩।২।৪র্ব পঞ্জি।

িগালের দেখ। বিশ্ববজ্ঞ চালুক্যরাক কুলোভুল-চোড়দেব চোলরাল্য আক্রমণের ব্যবর জাবিড্ভুবে জাবাতা রাজরাজের সাহায্য পাইরাছিলেন, এবং বোধ হর কেই কছই তাঁহাকে কিছুদিনের কন্ত বেলীর শাসনভার প্রদান করেন। গালের-রাজ রাজরাজের পর কুলোভুলের পিভ্যা ও রাজরাজের কনিঠ ল্রাভা বিজয়াদিত্য ৯৮৬ শক হইতে ৯৯৯ শক পর্যন্ত বেলীমগুল শাসন করেন।

বিজ্ঞানের বিক্রমান্তদেবচরিতে মহারাজাধিরাল কুলোভুল-রাজেজ্র-চোড়দেব কেবল রাজিগ নামে অভিহিত হইয়াছেন। ইনি প্রথমে চোলরাজ্য অধিকার করিলে চোলরাজজামাতা (কল্যাণপুরের) চালুক্যবংশীর বঠ বিক্রমালিত্য সনৈত্তে
আসিরা গলাপুরী আক্রমণ করিরা তাঁহাকে পরাত্ত ও কাঞী
উদ্ধার করেন। কিন্তু তিনি কল্যাণপুরে প্রত্যাপমন করিরা
রাজ্ছত্র গ্রহণের পরই বোধ হয় কুলোভুল আবার চোলরাজ্য
অধিকার করিয়া বসেন। তিনি ৯৮৬ শক হইতে ১০৩৫ শক
পর্যন্ত ৪৯ বর্ধ প্রবল প্রতাপে রাজ্য করেন।

তৎপরে তাঁহার জ্যেষ্ঠপুত্র বিক্রমচোড় ১০৩৫ হইতে ১০৫০ শক পর্যান্ত ১৫ বর্ষ রাজত্ব করেন। ইনি প্রথমে কিছু দিন বেঙ্গীতে রাজপ্রতিনিধি ছিলেন। ইনি রাজা হইলে ইহার কনিষ্ঠ ২য় রাজরাজ ১০০০ শকে অমদিনের জন্ত বেঙ্গীতে রাজপ্রতিনিধি হইরাছিলেন। তৎপরে কুলোভুলের ভূতীর পুত্র বীরচোড়দেব বা ৯ম বিষ্ণুবর্দ্ধন ১০০০ হইতে ১০২২ শক পর্যান্ত প্রতিনিধিত্ব গ্রহণ করেন।

বিক্রমচোড়ের পর তাঁহার পুত্র ২য় কুলোভুল-চোড়দেব ১০৪৯ শকে চালুক্যসাম্রাজ্যে অভিবিক্ত হন। চিন্তুর হইতে সংগৃহীত তাম্রশাসন পাঠে জানা বায় বে ১০৫৬ শকে তিনি রাজত্ব করিভেছিলেন। তৎপরে আর কতদিন তিনি রাজত্ব করিয়াছিলেন অথবা তাঁহার পর কে চালুক্যসাম্রাজ্যে অভিবিক্ত হন, তাহার বিশেষ প্রমাণ পাওয়া বায় না। তবে প্রোচ্য চালুক্যবংশীয় ১৭শ নৃপতি বেতবিজ্বয়দিত্যবংশীয় মল-বিষ্ণুবর্দ্ধনকে ১১২৪ শকেও বেজীসিংহাসনে অভিবিক্ত দেখি।

[ ২৬৮ পৃষ্ঠার প্রাচ্য চালুক্যবংশাবলী দেখ । ]
চাল্য ( জি ) চল কর্মণি-গ্যৎ। চালনীর, যাহাকে চালান যায়।
"প্রভৃতির্ন চাল্যঃ" (ভাগবত ২।৭১৭)

চাবড়, গুজরাটের একটা প্রাচীন ও বিখ্যান্ত রাজপ্ত-রাজবংশ।
চাবড়বংশীর নানা শাধার রাজপ্তগণ ভির ভির আদিপুরুবের
নামোরেধ করেন, স্তরাং বদিও ইহারা অভি উচ্চ শ্রেণীর
রাজপুত মধ্যে গণ্য এবং বদিও অণহল্লবাড়ের চাবড়-নৃপতিগণ
ইতিহাসে স্থাসিদ্ধ, তথাপি তাঁহাদিগের বংশোংপদ্ধি-বিবরণ

<sup>(</sup>a) Ind. Ant. XIX. p. 79.

আজিও অভাত রহিয়াছে। কেহ কেহ অতুমান করেন এই कां वित्तन वहेरक जानिया त्रीताहेतांका अधिकां करवन। काम फेलबारिक बांका विखान कतिना, जनागर वह नानीब বনরাজ পট্টনরাজ্য স্থাপন করেন। আবার কেহ কেহ বলেন. চাবভন্নণ ৰচবিত্বভাও বিশাভ প্রমার-বংশোত্তব। এই প্রমার বংশ হুইতেই বর্ত্তবান বহুনংখ্যক রাজপুত বংশ উত্তত হুইয়াছে। এমন কি প্রাচীনকালে এক সমরে ইহাদের রাজ্য এরূপ বহু বিশ্বত रहेत्राहिन (न, 'नर्जात-का-मूनुक' वनित्रा अवाद চनिত हिन। ভালরাটের প্রায় সমস্ত প্রধান প্রধান বিখ্যাত নগরে প্রমারগণ কোন না কোন সময়ে রাজত করেন। পটননগরেও প্রথমে প্রমারদিগের রাজধানী ছিল। চাবড়গণ এখানে আসিরা অণ-হল নামক এক পশুপালকের সাহায়ে পট্রনের ভগাবশেষের मर्था श्रमात्रताक्र गर्भिक वह वर्ष नाज करतन । वनताक সেই অর্থ সাহায্যে পূর্ব্ধরাজধানীর ধ্বংসাবশেষের উপর ৮০২ সংবতে এক নৃতন নগর স্থাপন করিলেন, এবং অণহলের নামাত্মসারে উহার নাম অণহলবাড় রাখিলেন। প্রাচীন বর্দ্ধ-মানপুরও বহুপুর্বের প্রমারদিগের শাসনাধীন ছিল বলিয়া প্রবাদ আছে। সম্প্রতি ঐ প্রদেশের দক্ষিণাংশে এক শিলা-লিপি পাওরা গিরাছে, তাহাতে লিখিত আছে প্রমারবংশীর এক নুপতি বালাক্ষেত্র ( বর্ত্তমান বালাক )-নগরে রাজ্ত্ব করিতেন।

সম্ভবতঃ উক্ত চাবড়রাজগণ হইতেই পালানপুরের চাড়চট অর্থাৎ চাবড়চটের নামকরণ হইরা থাকিবে। তথাকার প্রবাদেও এরপ অনুমিত হয় যে, ঐ চাবড়গণ প্রমারবংশের এক শাখা মাত্র। বনরান্ধ বছরান্ধের পৌত্র ও দীবগড়াধিপতি বেণিরান্ধের পুত্র। পরস্পরাগত প্রবাদ যে, বছরাজ আরবসাগরের উপকৃলে রাজ্য করিতেন। তথায় তিনি ও পরে তাঁহার পুত্র বেণীরাজ রাজত্ব করেন। বেণীরাজ জনৈক সওদাগরের বছমূল্য রত্নাদি রাথিয়া প্রভারণা করায় সমুদ্র কুদ্ধ হইয়া বেণীরাজ সহ সমগ্র মীপ জলসাৎ করিয়া কেলে। তৎকালে গর্ডবতী রাজরাণী স্বপ্ন-বোগে এই বিপদ জানিতে পারিয়া পলায়ন করিয়া প্রাণ রক্ষা করেন। তিনি প্রথমে পঞ্চাসরে এবং ঐ নগর ধ্বংসের পর অরণ্যে গমন করেন। চন্দুর নামক স্থানে তিনি বনরাজ নামে এক পুত্র প্রদাব করেন। বনরাজ বয়:প্রাপ্ত হইয়া ফুর্দান্ত দত্মাপতি হইলেন। চতুপার্থ হইতে বহুসংখ্যক দক্ষ্য আসিরা তাঁহার দল পুষ্ট করিতে লাগিল। এক সমন্ন তিনি কনোজের রাজস্ব বলপূর্বক আত্মসাৎ করেন। এই অর্থে ডিনিম্বল বৃদ্ধি করিতে नाशित्नन। खराभर कार्य नारम करेनक त्रांथान श्राहीन পট্টননগরীর সঞ্চিত বছ গুপ্তমর্ঘ বনরাজকে দেখাইরা দিল। বনরাজ ঐ অর্থ ছারা বিখ্যাত অণ্তশ্বাড়পত্তন নামক নগর হাপন করিলেন। ঐ প্রেদেশে চারণ ও ভাটমণ চাবড়-রাজ্বণগের ঐতিহাসিক অনেক ঘটনা কবিভার নিশিবদ্ধ করিরা রাখিরাছে। ঐ সকল কবিভার দীব্নগর-ধ্বংসের বিবরণ এবং বনরাজ বে প্রমারবংশীর ভাহার উল্লেখ আছে। বিখ্যাত প্রাভর্বিত্বার্গেস্ বলেনবে, তিনি একটা বংশাবলীতে বনরাজ, বেণীরাজ্ব ও বছরাজ ইহারা বিক্রমাদিত্য নামক প্রমার-বংশীর রাজার বংশোত্তব বলিয়া উল্লেখ দেখিরাছেন। তিনি অম্মান করেন যে, কনকসেন নামে বনরাজের কোন পূর্বাক্রম কনকবভী (বর্জমান কাটপুর) নামক হানে বাস করেন, অবশেবে সম্ক্রভীর দিরা দীব্নগরে গমন করেন। তংপরে বছরাজের সমর দীব্নসর চাবড়দিগের অধিক্রত হয়। উল্লিখিত কনকাবভী বা কাটপুর বর্জমান বালাকের অন্তর্গত। সম্প্রতি এক শিলালিপি পাওরা গিরাছে, তভ্টে জানা যার এই বালাকে একজন প্রমার বংশীর রাজা ছিলেন।

ঐ প্রদেশের কবিগণ বেদ্ধপ বর্ণনা করিয়া গিয়াছেন, \*
তাহাতে দেখা যায় যে ৯৯৭ সংবতে চাবড়গণ অগহলবাড়
হইতে বিতাড়িত হন এবং ১২৯৭ সংবতে আলাউদ্দীন্ অগহলবাড় অধিকার করেন। ৯৯৭ সংবতে মূলরাজ ঐ নগর আক্রমণ
করিয়া রাজা হন ও সকলকে বিনাশ করেন। প্রবাদ আছে যে,
তিনি এই সময় বিজয়সোলাকীর প্ররোচনায় নিজ মাতার
মন্তক ছেদন করেন। ছিল্ল রক্তাক্ত মন্তক যথন সিঁড়িতে
গড়াইয়া গড়াইয়া সপ্রমসোপানে উপস্থিত হইল, তথন মূলরাজ
উহা ধরিয়া রাখিলেন। বিজয় সোলাকী তাহা ভনিয়া বলিলেন,
'বিলি তুমি সিঁড়ির নীচ পর্যন্ত মাথা গড়াইডে দিতে, তাহাহইলে
তোমার বংশ চিরকাল পট্রনে রাজত্ব করিতে পারিবে।' যাহা
হউক, চাবড়গণ প্রক্রত কোন বংশোত্তব তাহা নিশ্চয়ররপে নির্নন

এক সমরে গুজরাটের সমস্ত উপকৃল চাবড়রাজ্যের অস্তর্ভুক্ত ছিল। মান্ধুদ্গজনীর আক্রমণ সময়ে সোমনাথ-পাট্টনাধিপতি চাবড়বংশীরের অধিকারে ছিল।

<sup>\*</sup> একটা কবিতার ব্যৱাল কর্তৃক অণ্হল্পুর ছাপ্নের বর্ণনা করিয়া উচ্চার দিখিলয়ের বর্ণনা এইরূপ আছে—

শ্বধন চাড়-চড়েল, শক গণসেন হণারো ।

সরবুদ দীবী আংশ, হেস ওতর দীশ আবো ।

পারবরীরো প্রমার, বাসভীন্যাল বসারো ।

নগকোটা করনেত্র, খেত গাঁজণী থসালো ।
ভোংগ বেভোগ শক্তপাং, রণারত তণে বাধীরো রজ ।

বণরাজ কুবরে বাণীরো, দশবো আণ্ডলপুর ভ্রংগ ।

আণ্ছলবাড়পদ্তনের প্রাচীন গৌরব চিক্ত অদ্যাপি বর্ত্তবান আছে। ইহার ভয়াবশেষে অদ্যাপি বহুসংখ্যক মর্শ্বরপ্রভার-নির্মিত ভয়মূর্ত্তি পাওয়া যায়। তথাকার লোকে ঐ সকল পোড়াইয়া চৃণ করিত। বর্ত্তমান ডাকখরের নিকট একটা মন্দিরে শিবপার্বতীর মূর্ত্তি ও ৮০২ সংবতে 'খোদিত একটা শিলালিপি আছে।

চাবত্ত (চামুভ) পুণাজেকার অন্তর্গত একটা পর্বত। ইহাতে একটা বহু প্রাচীন ছুর্গ আছে। এই পর্বাভ জুনানগরের ১০ মাইল বায়ুকোণে এবং নানাঘাটের ১০ মাইল জ্বমি-कार्ण कविष्ठ। हार्ल, शिमा, रुष्मत्र ७ भिवनव এই চারিটী ছর্গ নানা-গিরিপথ রক্ষা করিতেছে। চাবওছর্গ স্বভাবত: অতি ছবারোহ। ইহার কুত্রিম প্রাচীরাদি ভত ত্মদৃঢ় ছিল না। ১৮২০ খুষ্টাব্দে হর্ণে উঠিবার স্থান গোলা ছারা উডাইরা দেওয়া হইরাছে। একণে পার্বজীয় লোক ় বাতীত কেহ উহাতে উঠিতে পারে না। ইহার শিথর-দেশে চাবওবাই (চামুওা) দেবীর মন্দির আছে। এথানে क्रन दिन शांश्रम यात्र, किन्ह अञ्चास त्रम जान भिर्दन ना। আন্ধানগরের নিজামশাহীবংশের স্থাপয়িতা মালিকআন্ধান ১৪৮७ थुड्डीत्स हादछ व्यक्षिकांत्र करत्रम । ১৫৯৪ थुड्डीत्स বিতীয় নিজামবুর্হানের শিশুপুত্র বাহাছর প্রায় একবর্ষ কাল চাবণ্ডভূর্নে বন্দী থাকিয়া পরবর্ষে আন্ধাননগরের সিংহাদনে অধিষ্ঠিত হন। ১৬৩৭ খুষ্টান্দে শাহজী চাবও অর্থাৎ जनकर्ग सागनिमिशक मान करत्रन।

১৮১৮ খৃষ্টাব্দে মহারাষ্ট্র-সমরের সমরে মেজর এক্টরিজচালিত একদল দৈল্য চাবগুরুর্গ অধিকারে প্রেরিত হয়।
১লা মে তারিখে রাত্রিকালে ইংরাজনৈম্ম রুর্নে শতাধিক
গোলাবর্বণ করিলে প্রাতঃকালে মুর্নন্থ ১৫০ জন মহারাষ্ট্রনৈল্য
পরাজয় স্বীকার করে।

চাবুগু, দাক্ষিণাত্যের প্রাচীন সিন্দবংশের রাজা। এই নামে
সিন্দরাজবংশে ছইজন নৃপতি ছিলেন। প্রথম চাবুণ্ডের
নামোল্লেথ ছাড়া আর কোন কীর্ত্তি গুনা মার না।
চাবুণ্ডের থোদিত শিলালিপি পাওয়া গিয়াছে। বর্ত্তমান
বিজাপুরের দক্ষিণতাগ ও ধারবারের উত্তরপূর্ব্বভাগ লইয়া
প্রাচীন সিন্দরাজ্য গঠিত ছিল। ২য় চাবুণ্ড আরুমানিক
১০৮৪ শকে (১১৬১ খুঃ অবেদ) প্রাহত্তি হন। ইনি বিতীয়
আবৃগির প্ত্র ও ১ম পর্মাড়ির কনিষ্ঠ প্রাতা। ইনি প্রতীচ্য
চালুক্যরাজ ৩য় তৈলের সামস্তরাজ ছিলেন। দেমলদেবীর গর্ভে চাবুণ্ডের আবৃগি ও পর্মাড়ি নামে হই পুত্র
জিয়ে। তাঁহার সমরের একথানি শিলালিপি অরশিবিদি

ও অপরধানি পদ্তদকল নামক স্থান হইছে পাওয়া গিরাছে।
শেবাক্ত অস্পাসন ১০৮৪ শকে খোদিত। এই সম্মে
চাব্ও ত্রিশন্ত কলাবাড়ী, সপ্ততি কিন্তকাড় ও সপ্ততি বাধ্দল
প্রভৃতির অধীখন ছিলেন। দেবলাদেবী ও রাজপ্ত্র আবৃণি
প্রভিনিধি স্বরূপ পদ্তদকলে রাজস্ব করিডেছিলেন। ফলচুরি নুপতি বিজ্ঞালের ভগিনী চাব্ধের ২র মহিবী ছিলেন।
তাঁহার গর্ভে চাব্ধের বিজ্ঞা ও বিজ্ঞাম নামে আর চুই
প্ত জন্মে। এই সমর ইংারা কলাচুরিরাজনিকের অধীন
ছিলেন বলিরা বোধ হর না। চাব্ও কলাচুরি রাজকভাকে
বিবাহ করিরা কতক স্থানীনতা ভোগ করিজেন। ১১৮০-১
খৃঃ অবল বিজ্ঞামরাজ কলাচুরিবংশীর সক্ষরাজের সামস্ত ছিলেন
বলিরা বোধ হর। ইংার পর সিন্দবংশের কোন উল্লেখ
পাওয়া যার না।

চাদা, রাবলপিণ্ডীর ৩০ মাইল পশ্চিমে ও সাহধেরি নামক স্থানের ২৪ মাইল দক্ষিণে অবস্থিত একটা বৃহৎ সহর। ইহার বর্ত্তমান নাম ফতেজল; পূর্ব্বে চাশ নামেই বিখ্যাত ছিল। খুসালগড় ও কালাবাগ নগর্বর যে হইটা প্রধান রাস্তার উপর অবস্থিত, সেই ছইটা রাস্তার সঙ্গমন্থলে এই সহর স্থাপিত এবং ইহাই এই সহরের উন্নতির অক্তম কারণ। এই সহরের একমাইল অস্তরে একটা বৃহৎ পোস্তা আছে; এই পোস্তা ২২৫ ফিট দীর্ঘ, ১৬০ ফিট প্রশন্ত ও ২৬ ফিট ত ইঞ্চি উচ্চ। ইহার চতুর্দিকে আরও অনেক প্রাচীরের ত্যাবশেষ আছে। এই সমস্ত ভ্যাবশেষ্যহ পোস্তাকে এ অঞ্চলের লোকে চাশ্ধেরী বা চাশপোন্তা কহিরা থাকে।

উক্ত পোস্তার পূর্ম্মদিকে ও উহার অভি নিকট আর একটী কুত্র পোস্তা আছে। ইহা দৈর্ব্যে ৫ ফিট মাত্র।

এ প্রাদেশস্থ লোকের বিখাস যে চালপোন্তার প্রচুর পরিমাণে ধনসম্পত্তি প্রোথিত আছে; কিন্তু এ পর্যান্ত অর্থ ব্যয় করিয়া গোন্তা খুঁড়িয়া ধনসম্পত্তি বাহির করিতে কেহই সাহসী হয় নাই।

চাশ, বাদালা প্রদেশের অন্তর্গত মানভূম জেলার একটা গ্রাম। এখানে একটা পুলিশ থানা আছে।

চাষ (পুং) চাবরতি ভকরতি কর্ণানিকং চাবি-অন্। > বর্ণচাতক, নোণাচড়া। ২ নীলকণ্ঠ (Coracias Indica) ইহার
পর্যার—কিকীধবি, নীলাক, পুণ্যদর্শন, হেমতুগু, মণিঞ্জীব,
বন্তিক, অপরাজিত, অশোক, বিশোক্ষ, নন্দন, পুটিবর্জন।
বৃতির মতে—এই পাণী দেখিরা উক্ত কর্মটী নাম পাঠ করিলে
কার্যাসিদ্ধি হর। ইহাকে বধ করিলে ক্ষত্রির, বৈশ্র ও শুদ্র
বধের স্থার উপপাতকের প্রারন্ধিত চাক্রারণ করিতে হয়।

"হস্বা চাবং মঞ্কমেব চ। --- শুক্তইত্যাত্রতং চরেব।" (মৃত্র ১১/১৩২) "পুত্রহত্যাত্রতং শুক্তবিটুক্তবিশ্ববংইত্যাপণাতকপ্রায়ন্দিভং"

(कूझ्क।)

ইহাদের মন্তক ও কঠদেশ মেটে হরিতাভ নীলবর্ণ, কপাল লবং রক্তবর্ণ, গ্রীবা হল ও উদর পাংশুবর্ণ, প্রভ্রম্ব ও পুদ্ধে শীতাভ গাল নীলবর্ণ, পক্ষরর ও তাহার দীর্ঘপালক সম্নার ফিকে নীগবর্ণ, পুদ্ধ গোড়ার প্রশ্ন ও শেষ দিকে বিভ্ত, পদম্ব লোহিতাভ শীতবর্ণ, চঞ্ছ ধ্সরবর্ণ, চক্ষের পাতা পীতবর্ণ। ইহাদের দৈর্ঘ্য প্রায় ১৩ ইঞ।

এই পঞ্চী ভারতবর্বের সর্বজ দেখিতে পাওয়া বায়।

য়ুরোপে ও এসিয়ার অভাভত্বানে নীসক্ঠজাতীয় নানারূপ
পন্দী বিচরণ করে।

\*

ভারতবর্ষীর নীলকণ্ঠপক্ষী গভীর অরণ্যে থাকে না।
ইহারা কলনের প্রান্তভাগে, গুল্মবনে, উদ্যানে, শৃষ্ঠকেত্রে,
নির্মরাদির নিকটে এবং প্রামের চতুর্দিকে দৃষ্ঠ হর।
ইহারা সচরাচর উচ্চ বৃক্লের চূড়ার অভাবনিদ্ধ কর্ কর্ শব্দ এবং মৃত্য করিতে করিতে চারিদিকে কটিপতকাদি পুঁকিতে থাকে। ভূমিতে কোন সঞ্জীব কটিপতকাদি দেখিবামাত্র তৎক্ষণাৎ সেই স্থানে উড়িয়া গিয়া তাহাকে ধরিরা কেলে, পুনর্কার পূর্কাহানে বসিয়া নৃতন কটিটিদি অ্যেষণ করে। দেশীর লোক চৌঘরা ফাঁদে জীবস্ত ঘূর্ঘুরে বাঁধিয়া ইহাদের বসিবার স্থানের নিকট রাথিয়া দের। চাষ্পক্ষী সেই স্থানে একবার বসিলে নিঃসন্দেহ ঘূর্ঘুরে দেখিতে পার এবং ফাঁদে পড়ে।

বর্ধার প্রারম্ভে বৃদ্ধের কোটরে, ভগ প্রাচীরের ফাটলে অথবা প্রাচীন দেবমন্দিরাদির গাত্তে বাসা করিয়া একবারে ৩।৪টী শুত্রবর্ণ ডিম্ব প্রাস্থ্য করে। এই সময় ইহারা স্মাতিশর কলহপ্রিয় ও কুদ্ধভাব ইইরা পড়ে।

তৈলদভাষার এই পক্ষীকে পালুপিত অর্থাৎ ছ্ধ্পাথী বলে। তৈলদীদের বিশ্বাস স্বরপরা গাভীকে ঘাসের সহিত চার্যপক্ষী অর্থাৎ পালুপিত্তপাথীর পালক থাওয়াইলে গাভীর অধিক ছগ্ধ হয়।

বরাহমিহিরের মতে—হাত্রাকালে চাষপক্ষী উত্তরদিকে থাকিলে কার্য্যসিদ্ধি, অপরাস্থে ঐ পক্ষী মকুলের সহিত বামদিকে থাকিলে ৬৩, দৃষ্টির অগ্রভাগে পাপপ্রদ এবং পূর্বীত্রে যাত্রাত্বান্ত গ্রাহ্থ হইবে। (বৃহৎসণ ৮৬।২৬-৪৬) আবার চাষ-পক্ষী রথের ধ্বন্তে বৃদিলে যুবরাজের অমঙ্গল হর।

( বুহৎসংহিতা ৪৮।৬২ )

চাস (পুং) চাষ প্ৰোদরাদিত্বাৎ সত্তং। ১ চারপক্ষী। ২ ইকু-বিশেষ। (দেশজ্ব) ৩ কৃষিকর্মা, ভূমিকর্ষণ। চাসক্ষান, নোধাই প্রেসিডেনির অন্তর্গন্ত পুণাজেলাছ একটা প্রান । ইবা ভীমানদীর উপর অবস্থিত এবং ধেম নামক হান হইতে ও মাইল উত্তরপতিম। ইহান্ন লোকসংখ্যা ২২০০। পেশবাদিগের সমরে এইখান প্রেসিম্বি লাভ করে। বালানি বাজিরাওর কপ্তা করিনীবাই এখানে কএকটা অটালিকা ও উৎক্রই ঘাট এবং মহাদেবের এক স্থলার মন্দির প্রতিষ্ঠা করেন। সেই লিক সোমেখর নামে বিখ্যাত। মন্দিরটা নানা প্রকার কার্ক্কার্য্যে খচিত এবং ইহার আম্পাকিক অস্তান্ত মণ্ডপ ও প্রক্রনির্দ্যিত দীপমালা ইহার শোভা আরো রম্বি করিতেছে।

চাসমধোর (পারসীজ) চকুলজাহীন।

"কৃচকী চাসম্খোর চোকলখোর হর" ( প্রীধর্মন্নল ।১১। )
চাসা, উলিখার এক ক্লবিজীবী জাতি। অনেকে অন্থ্যান করেন
এই জাতীয়েরা অনার্যা, ক্রমে হিন্দুস্মাজে প্রবিশ লাভ করিরাছে। ইহারা চারি শ্রেণীতে বিভক্ত। যথা—ওড়চারা বা
মৃতিচালা, বেনাজিয়া, চুকুলিয়া ও স্কুক্লিয়া। প্রত্যেক শাখার
মধ্যে আবার কাশ্রপ ও শালঋষি গোক প্রচলিত। চুকুলিয়া
শ্রেণীর চাসাগণ সংখ্যার অন্ধ এবং সমুদ্রক্তে লবণ প্রস্তুত

करंत्र। हैशामतं मत्था चरशांखा विवाह रुम मा।

অপর শ্রেণীর সংখ্যা অত্যন্ত অধিক। উড়িব্যার সমাজবন্ধন বালালা অপেকা শিথিল ছিল বলিরা অনেক অনার্য্য জাতি এই চাদাদিগের দলভুক্ত হইরা যার। এদিকে ধনশালী চাদাগণ স্বয়ং লালল ও ক্ষিকার্য্যাদি পরিত্যাগ করিয়া মহান্তি উপাধিগ্রহণপূর্বাক নিয়প্রেণীর কায়ন্থ মধ্যে পরিগণিত হইবার চেষ্টার আছে।

ইহাদের মধ্যে বাল্যবিবাহ ও বন্ধহের বিবাহ উভয়ই প্রচলিত। বাল্যবিবাহই অধিক গৌরবার্হ। আট বা নয় বর্ষে কল্পার বিবাহ দিয়া যৌবনপ্রাপ্তি পর্যান্ত তাহাকে স্বামীর কাছে যাইতে দের না। বছবিবাহের বিশেষ বাধা নাই। তবে স্ত্রী বন্ধা না হইলে দরিক্রতানিবন্ধন অনেকেই দিতীর বিবাহ করে না। চালাদিগের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত আছে। বিধবা সচরাচর দেবরকে বিবাহ করে, দেবর না থাকিলে ইচ্ছামত অপর স্বামী গ্রহণ করিতে পারে। বিধবার বিবাহে আচারাদি নাই। দক্ষিণহন্তের পরিবর্তে বামহন্ত দারা পাণিগ্রহণ কার্য্য সমাধা হয়। স্বামী অসতী স্ত্রীকে পরিত্যাগ করিতে পারে। এরূপ স্থলে পঞ্চারত ও জ্ঞাতিদিগের নিকট তাহার বিচার হয়। বিচারে স্ত্রী জ্বসতী স্থির হইলে স্বামী এক বংসরের খোরাকী দিয়া তাহাকে পরিত্যাগ করে। পরিত্যকা স্বী বিধবাবিবাহের নির্মে আবার বিবাহ করিতে পারে।

চাসারা অনেকেই বৈষ্ণব সম্প্রদায়ভূক। ইহাদের পুরোহিতগণ বর্ণপ্রাক্ষণ। ইহারা মৃতদেহের অগ্নিসংকার করে, কথন কথন সমাধিও করিয়া থাকে। সমাধি দিবার সময় শবের সহিত অয় ও ফলাদি পুতিয়া ফেলে। অগ্নিসংকার করিলে কথন ঐ জম্ম পুঁতিয়া ফেলে, কথন বা গঙ্গাজলে দিবার জন্ম কলনে রাথিয়া দেয়। প্রাদ্ধাদি হিন্দ্নিয়মে সম্পার হয়।

চাদারা অধিকাংশই ক্ববিজীবী এবং ইহাই তাহাদিগের জাতিগত ব্যবসা। তবে অতি অল্প লোকই বাণিজ্ঞা ও চাকরি করে। চাকরগণ অনেকে চাকরাণ্ জমি ভোগ করে, অপরে বেতনভোগী ভৃত্য। সমাজে ইহারা মালিদিগের নিম্ন ও জলাচরণীয়। ইহারা ব্রাহ্মণ ব্যতীত অপর কাহারও গৃহে ভাত থায় না। বহু বরাহের মাংস এবং শালমাছ ব্যতীত অপর সকল আছই ইহাদের আহার্য।

চাসাধোবা, বাঙ্গালার কৃষি ও বাণিজ্যোপজীবী জাতিবিশেষ। কেহ কেহ শিল্প গৃহনিশ্মাণাদিও করিয়া থাকে। চাসা-(धाराजा विनिन्ना थाटक त्य, जाहाजा दिवस्त्र खेजरम ७ दिवान । ক্সার গর্ভে উৎপন্ন। আরও বলে যে—স্চরাচর চাসাধোবার क्रिकिक्यार्गितनधी स्थारा अर्थाए त्रञ्जक विनिष्ठा स्वत्रभ अर्थ कत्रा হয়, তাহা সম্পূর্ণ ভ্রমাত্মক, প্রকৃত অর্থ চাস অর্থাৎ ক্লবি, তাহার ধব অর্থাৎ স্বামী, অর্থাৎ চাসজ্মির অধিকারী। ইহাদের উৎপত্তিবিষয়ক আরও একটী গল্প আছে। তাহা — "একদিন ব্লার ধোপানী মলিনবসনাদি লইবার জন্ত পুত্রসহ ব্রন্ধলোকে উপস্থিত হইল। পিতামহ তৎকালে নানাকার্য্যে ব্যস্ত থাকায় পুত্রকে অপেক্ষা করিতে রাখিয়া ধোপানীকে যাইতে বলিলেন। বালক কিছুক্ষণ অপেক্ষা করিয়া বাড়ী চলিয়া আদিল। ইত্যবসত্তে ব্রহ্মা মলিন বস্ত্র সমুদর শইয়া সেই স্থানে উপস্থিত হইলেন এবং ধোপানীর পুত্রকে না দেখিয়া ভাবিদেন, হয়ত কোন অসুর তাহাকে গ্রাস করি-শ্বাছে। যাহা হউক, ধোপানীকে সান্ধনা করিবার নিমিত্ত তিনি তাহার পুত্রের অফুরূপ একটা বালক স্পষ্ট করিলেন। এমন সমরে ধোপানী যথাপুর্ব্ব নিজ পুত্র সমভিব্যাহারে তথার আবাসন করিল। এক্সা আপনার ভ্রম বুঝিতে পারিয়া মহা-বিত্রত হইলেন, অবশেষে তাঁহার স্বষ্ট পুত্রটী ধোপানীকে मित्रा विनातन, <del>वि</del>राहिक भागन कतित्व आत **এই** भूख मित श्रेरिक छि९भन्न श्रेन्नाहि, खूळत्राः तळ्ळानि द्योककत्रन প্রভৃতি নীচ কার্য্য করিবে না, ক্লবিকার্য্যই ইহার উপ-जीविका रहेरव।" याहा रुजेक এই क्रश शो ब्रव्जनक कियम ही থাকিলেও চাসাধোবাদিগের কতিপয় লোকের সামাজিক অবস্থা দেখিরা কেছ কেছ ইছাদিগকে জাবিড়ীর বংশোন্তব বলিরা অন্থমান করেন। সম্ভবতঃ ইছারা ধোবারই এক শাধা, ক্রবিকার্ব্যাদি উচ্চ-বৃদ্ধি অবলম্বন করিরা এক্ষণে আর ধোবা অর্থাৎ রক্তক বলিরা পরিচর দিতে চাহে না।

**ठामारधावामिरगत्र जिन त्यांगे चारह। यथा—उछत्रत्राही.** দক্ষিণরাচ়ী ও বারেক্স। বান্ধণ, কামন্থ প্রভৃতি উচ্চজাতির শ্রেণী বিভাগের স্থার ঐ বিভাগ আদি বাসস্থানপরিচারক। চাসাংধাৰাদিগের বিভিন্ন শ্রেণীর মধ্যে আহারাদি হয়, কিছ क्छा जामान धामान हरन ना। हेशांसद मरश जानिमान, चाजूनश्वि, वाचश्वि, तृह्दवें, ध्वनश्वि, काञ्चल ७ माजिना এই কয়টা গোত্র আছে। কোন গোত্রের লোক নিজ গোৰে বিবাহ করিতে পারে না, কিন্তু মাতার গোরে विवाह कतिए भारत । देशामत्र मर्पा आत्र पृष्टे विভाগ चाट्ट-यथा कूनीन ७ त्मोनिक। कूनीनग्न कुनीन किशा মৌলিক উভন্ন শ্রেণীতেই বিবাহ করিতে পারে, কিন্তু মৌলিকগণ নিজ শ্রেণী ভিন্ন কুলীন শ্রেণীতে বিবাহ করিতে পারে না। এই জন্ম মৌলিকগণের বিবাহ অনেক नमम कहेनांश रम, कांत्रण नकलारे कूलीनिमिश्राक कछा मान করিতে উৎস্থক। বছবিবাহ নিষিদ্ধ, কিন্তু স্ত্রী বন্ধ্যা বা তাহার অসাধ্য রোগ থাকিলে স্বামী পুনর্বার বিবাহ করিতে পারে।

ন্ত্রী অসতী হইলে স্বামী তাহাকে পরিত্যাগ করে এবং প্রায়ন্তিন্ত, ব্রাহ্মণভোজন, কুটুখভোজন ও সত্যনারায়ণের পূজাদি করিয়া পাপমুক্ত হয়।

চাসাধোবাদের অধিকাংশ বৈক্ষবসম্প্রানায় ভূক্ত, অতি অরসংখ্যক লোকই শাক্ত। ইহাদের মধ্যে একজনও শৈব নাই। বৈক্ষবমতাবলম্বীগণ মাংস ভোজন করে না, কিন্তু মংশু থাইয়া থাকে। ক্রমিব্যবসায়ীগণ লন্দ্রীদেবীর পূজা করের, আবার শিরব্যবসায়ী চাসাধোবারা বিশ্বকর্মার পূজা করিয়া থাকে। ইহাদের পুরোহিতগণ বর্ণব্রাহ্মণ মধ্যে গণ্য।

বঙ্গসমাজে চাসাধোবাদিগের স্থান ধোবা হইতে উচ্চ
নহে, সকলে ইহাদিগকে ধোবাদিগের সমানই বিবেচনা
করে। ইহাতেও ইহাদের অপেক্ষাকৃত অন্নসংখ্যা দেথিরা
সহজেই অমুমান করা যাইতে পারে যে, অন্নদিনই এই জাতির
উৎপত্তি হইরা থাকিবে। কেননা এই জাতি প্রাচীন হইলে
সম্ভবত: বন্ত্রধোতকরণরূপ নিক্কাই বৃদ্ধি পরিত্যাগ ও ক্র্যিরপ
উচ্চতর উপজীবিকাবলম্বন জন্ম ইহারা এতদিন সমাজে
উচ্চতান অধিকার ক্রিত। ইহারা শুঁড়ী, ধীবর ও
কৈবর্ত্তদিগের স্থার অস্তাজশ্রেণী মধ্যে পরিগণিত। ইহারা
জলাচরণীর নহে। ইহাদের অনেকে ভূমিসাক্ষতি ক্রিয়া

ক্ষবিকাৰ্ব্য করিতেছে ও জনেকে শহাবিক্ররানি বা ভেজারতি ক্ষরিয়া অনেক অর্থসঞ্চর করিয়াছে। জনেকে আবার স্ত্রধার, রাজমিল্লী প্রভৃতিরও কর্ম করিয়া থাকে।

চাহড়দেব, নলপুর বা নরবাররাজ্যের একজন হিন্দু রাজা।
তাঁহার সমরে প্রচলিত মুলা বারা জানিতে পারা যায় বে তিনি
১৩০৩ হইতে ১৩১১ সংবৎ (খু: ১২৪৬—১২৪৪) পর্যন্ত
রাজ্য করেন। তিনি পরিহারবংশের উচ্ছেদক মলয়বর্দ্রদেবকে
সিংহাসনচ্যুত করিয়া নরবার রাজ্যের রাজা হন ও তথার
এক নব রাজবংশ প্রতিষ্ঠা করেন। কিছুকাল স্বাধীনভাবে
রাজ্য করিয়া পরিশেষে দিল্লীরাজ সাম্স্উন্দীন্ আল্তামাসের
অধীনে করদরাজ মধ্যে গণ্য হন। চাহড়দেবের মৃভ্যুর পর
তাঁহার পুত্র পিতৃসিংহাসনে আরোহণ করিয়া ১৩১১ হইতে
১৩৩৬ সংবৎ (খু: ১২৫৪-১২৭৯) পর্যন্ত রাজ্য করেন।

চাহড়দেব, দিলীর অধিপতি পৃথীরাজের কনির্চ লাতা। দিলী ও আজমীর উভর রাজ্যই পৃথীরাজের ছিল; স্থতরাং পৃথী-রাজের অধীনে ইনি কিছুকাল দিলীতে করদরাজা হইরা রাজত্ব করেন, রাজস্থানের ইতিবৃত্তপাঠে এইরূপ অমুমান হর। যাহা হউক চাহড়দেব পৃথীরাজ অপেক্ষা অনেক অংশে স্থান হইলেও একজন বিখ্যাত রাজা ছিলেন, তৎপ্রচলিত মুদ্রাদৃষ্টে জানা যায়।

চাহমান, রাজপ্তদিগের এক বিধ্যাত শাখা। চৌহান্নামে খ্যাত। দিলীর শেষ হিল্বাজ-বিধ্যাত বীর পৃথীরাজ এই বংশে জন্মগ্রহণ করেন। ইহারা মালব ও রাজপ্তানার নানা স্থানে বিস্তুত হইরা পড়েও বিভিন্ন পরিবারে বিভক্ত হয়।

চাহমানদিগের উত্তব সহকে ভিন্ন ভিন্ন মত প্রচলিত আছে। কাহারও মতে ইহারা অগ্নিকুলসভূত ও আরু পর্কাতের উচ্চশৃক্ষতি অনলকৃত্ব হইতে এই জাতির উত্তব। কিন্তু,বাংক্ত চাহমানদিগের সাধারণ গোত্র, সেইজক্ত অনেকেইহাদিগের জন্ম সহকে প্রথমোক্ত মত পরিহার করিয়া ইহারা ভ্রুকুলোদ্ভব জামদন্য বাংক্তের বংশে উৎপন্ন হইরাছে এইক্রপ অকুমান করিয়া থাকেন। পূথীরাজের রাজত্বকালে চাহমানেরা আপনাদিগকে বাংক্তবংশীর বলিয়া পরিচন্ন দিত। যাহা হউক, থিচি চাহমানদিগের কুলকবি মুক্জি চাহমানদিগকে কেবল "অনলোভব" বলিয়া উল্লেখ করিয়া গিরাছেন এবং চাহমান শক্তের বুংপত্তি অর্থেও অনলোভব বলিয়া মনে হর। অনেকের মতে প্রকৃত্ত নাম চতুরমান; চতুর অর্থে চারি অর্থাৎ অনলোভব পরিহার, প্রমার, শোলাঙ্কী ও চাহারমান এই চারিজাতির মধ্যে ইহা একটী। চৌ-শক্ষ ছিন্দীভাষার চতুল্ শক্ষের অপন্তংশ; স্থ্তরাং চাহারমান শক্ষের

স্পর নাম চৌহান্ চতুরমান শক্ত হইতেই উৎপন্ন হইয়াছে— ইহা অনেকের বিখাস।

মাণিকরার এই বংশের স্থাপনকর্তা বলিরা অন্থমিত হর। তিনি ৮০০ খৃঃ অবেদ আলমীরে রাজত্ব করিতেন ও শহর হল পর্যান্ত আপনার রাজ্য বিস্তার করেন। চাহমানরাজগণ ১১৯৩ খৃষ্টাত্ব পর্যান্ত আজমীর সিংহাসন অসম্ভূত করেন। এই বংশের শেষ রাজার নাম পৃথীরাজ।

পৃথীরাজ তদীর মাতামহ কর্তৃক দিল্লীর সিংহাদন প্রাপ্ত হন এবং দিল্লী ও আজমীর উভয় স্থানের রাজা হইরা ১১৯৩ খৃষ্টান্ধ পর্যান্ত রাজত্ব করেন। ঐ বংসর মহন্মদবোরী এদেশে আসিরা পৃথীরাজকে পরান্ত করিরা দিল্লী ও আজমীর গ্রহণ করিরা চাহমানবংশীর রাজাদিগের উচ্ছেদ সাধন করেন।

এখন সাহারণপুরের উত্তর ও পূর্মাঞ্চলে, জাহাজিরা-বাদের সমীপত্ব প্রদেশে, জালিগড় জেলার, রোহিলথও প্রদেশে এবং বিজনোর জেলার পশ্চিম পরগণার বহুসংখ্যক চাহমান দেখিতে পাওয়া যায়।

এতন্বাতীত গোরক্ষপুর, আজিমগড়, দিল্লী ও মিরটে ইহাদিগের অনেকে বাস করিয়া থাকে। চাহমানদিগের মধ্যে রাজকুমার, হর, থিচি, ভদৌরিয়া, রাজোর, প্রতাপরুর, চক্রদুর্গর এবং মৌচনা নামক কর্মটী শ্রেণী বিশেষ বিধ্যাত।

ইহারা আপনাদিগকে পৃথীরাজের বংশধর বলিয়া পরিচয়
দের এবং সেই জক্ত ছই এক বর ভিন্ন অপরের সহিত একত্র
বিদিয়া আহারাদি করে না। ইহারা রাজা উপাধিতে ভূষিত।
মোচনা-শ্রেণীভূক্ত চাহমানগণ সাধারণতঃ মৈনপুরীর রাজা
বলিয়া বিধ্যাত। এতভিন্ন অপর শ্রেণীভূক্ত চাহমানদিগের
মধ্যে রাণা, রাও, দেওয়ান প্রভৃতি উপাধি দুই হইয়া থাকে।

মণ্ডাবারের রাওবংশ এবং নিমরাণার রাজবংশ পৃথীরাজের সহোদর চাহড়দেবের পৌক্র সকৎরাজের বংশ। সঙ্গৎরাজ বার্দ্ধক্যাবস্থার প্রবায় দারপরিগ্রহ করিতে অভিলাষী হইরা তৌহারবংশীর একটা রূপলাবণ্যবতী কামিনীর করপার্থী হন এবং উক্ত রমণীর গর্জজাত পুত্রই কেবল তাঁহার রাজ্যাধিকারের উত্তরাধিকারী হইবে, অপর মহিষীর সন্তানেরা রাজ্যাধিকার হইতে বঞ্চিত হইবে এই প্রতিজ্ঞার আবদ্ধ হইরা তাঁহাকে বিবাহ করেন। মণ্ডাবারের রাওবংশের আদিপুরুষ লাহ এবং নিমরাণার রাজবংশের আদিপুরুষ লোরি এই রাণীর গর্জসম্ভূত। সঙ্গৎরাজের বংশীয় চাহমানদিগের মধ্যে মণ্ডাবাররাওবংশ বংশমর্য্যাদায় ও অন্যান্থ বিষয়ে শ্রেষ্ঠস্থান পাইরা থাকেন। রাওবংশের প্রাধান্থ সক্ষদ্ধে পরবর্ণিত প্লোকটা শুনিতে পাওয়া যায়—

"লাছ মংডাবর বৈঠিয়ো আঠোং মঙ্গলবার। জো জো বৈরী সংচরে সো সো গিরে মার॥"

প্রিয়তমা কনিষ্ঠ পরীসভ্ত উক্ত হুইটা পুত্র বাতীত সঙ্গং রাজের অপর মহিধীর গর্জজাত আরও উনবিংশতিটা পুত্র ছিল, তাঁহারা ভিন্ন ভিন্ন ছানে গমনপূর্বক আবিপত্য ছাপন করিবার চেষ্টা করেন। জন্ম প্রদেশের স্থপ্রসিদ্ধ স্পরিকাণ তাঁহাদিগের অন্তনের বংশ। উপরিলিখিত চাহমানবংশীরেরা মুসলমাননিগের আধিপত্যবিভারে পুনঃ পুনঃ বাধা প্রদান করিরাছিলেন এবং কেই কেই মুসলমানরাজ্ঞাদিগের রাজভ্ব সময়ে ভিন্নংখাল স্বরাজ্যে স্থাধীন জন্ম-পতাকা উত্তীর্গান করিয়াছিলেন।

রেবা রাজ্যের পূর্বে এবং কৈমুর পাহাড়ের দক্ষিণে
সারগুলা ও সোহাগপুরের মধ্যে চৌহানপণ্ড নামক একটা
বিভ্ত স্থান আছে; এথানে অনেক চাহমানবংশীর লোক বাস
করিরা থাকে এবং তাহারা মৈনপুরী চাহমানদিগের বংশসভূত
বলিরা পরিচর দেয়। চাহমানদিগের বাস জন্ম বেটি হর উক্ত
স্থানের নাম চৌহানপণ্ড হইয়াছে। চাইমানিদিগের বিখ্যাত
নামক চক্রসেনের নিমিছিসারে চৌহানগণ্ডের চক্রকোণা নাম
হইয়াছে। উত্তরপ্রদেশীয় চাহমানগণের মধ্যে কেই কৈহ
বলেন চক্রকোণা রেবারাজ্যের সন্নিকট নহে। উহা কলিকাতা
হইতে ৪০ মাইল অন্তরে মেদিনীপুরের নিকট অবস্থিত। অপর
কেহ কেহ বলেন বর্জমানের নিকট চক্রকোণা নামক যে
স্থান আছে, উহাই সেই চক্রকোণা। ফলে রেবারাজ্যের
নিকটয় অনার্যজ্যাতির বাসভূমি পার্বজ্যপ্রদেশে চাহমনিগণ
না গিয়া বর্ত্তমান বন্ধপ্রদেশের মধ্যে যে ভাহারা উপনিবেশ
স্থাপন করিয়াছিলেন, ইহা অসক্ষত বিলিয়া যৌধ হর না।

কেই কেই বলৈন, গোরক্ষপুরের চাইমানগণ চিতোররাজ রম্মনের পুত্র রাজনেনের বংশ। এই বংশের একটা শাখা বিহারপ্রদেশে উপনিবেশ স্থাপন করিন। কোন স্থানের চাইমানগণ এত নিকৃষ্টবংশসভূত যে তাহারা রাজপুত-দিগের মধ্যে গণনীর নহে। উত্তররোহিলথও প্রদেশের চাইমানগণ ঠিক একপ।

চাহনি (দেশৰ) দৃষ্টপাত।

"তুমি যে চাহনি চার্ড সে চাহনি কোঁথা পাও।"

(ভারতচন্ত্র বিদ্যাণ)

চিক (দেশজ) ১ কণ্ঠভিরণ ভেন। ২ বংশথগুনিশ্বিভ এক-প্রকার পদা।

চিকন ( দেশজ, সংস্কৃত চিকণ শদজ ) ১ স্থানী, চক্চকে। ২ স্থাচিকার্য্য দারা কার্শাদ, উর্ণা বা রেসমী বজের উপর নানাবর্ণের স্থাদি বোগে পূপা প্রভৃতির চিত্র অধিত করাংক হিন্দি ও বাদালাভাষার চিকণ, চিকণকারিও চিকণদালি বলে। কাপড়ের উপর কুলডোলা ও বুটা-ভোলার নামও চিকণ।

ভারতবর্ষ বছপ্রাচীনকাল হইতে এই কাব্যের জন্ত বিখ্যাত। সহিঁকুতা ও স্ক্রকার্য্যে নৈপুণ্য থাকার এদেশীর লোকে অতি অন্নার্নাসেই চিম্প শিক্ষা করিতে ও উহাতে নৈপুণ্যপ্রদর্শন করিতে পারে।

সভ্য অসভা পৃথিবীর সকল দেশেই চিকণ প্রচলম আছে।
সকল অসভাদেশেই একটা উৎকাই শিরের অঙ্গবাধে চিকণকার্যা শিক্ষা দেওরা হয়। ইংলগু, ফ্রাল্স, আমেরিকা
প্রভৃতি স্থানে প্রানাদিছিতা রাজকল্পা হইতে কুটারবাদিনী
দরিক্রালিকা পর্যন্ত এই কার্যা শিক্ষা করে। যাহা হউক
যদিও প্রকণে মানারূপ যদ্রাদি সাহায়ে সুরোপে অভি
অৱসময়েও অর্যারে বছবিধ চিকণের কাল করা বন্তাদি
প্রভৃত ইইতেছে, ভথাপি প্রবল প্রভিত্তির মধ্যেও
আজ পর্যন্ত ঢাকার জামদানি, কারচব্ প্রভৃতি প্রাধান্ত ও
পৌরবরকা করিতেছে। দীন, পারস্ত, তুর্কিস্থান ও ভারতবর্ষের চিকণ কাল আজও যুরোপ প্রভৃতি সভ্যদেশে সাদ্বরে
বিক্রীত হইয়া থাকে।

সচরাচর কার্পাসস্থতা, রেসম, উর্ণা অথবা স্বর্ণরৌশ্যাদির তার প্রভৃতিই এই কার্য্যে ব্যবস্থত ইইয়া ধাকে। স্থ্রাদি যথাসাধ্য ক্রঞ্জিত ক্রিয়া লইতে হয়। ক্থন ক্থন তংসহ পক্ষীপতকাদির পালক, প্রকলা থও, চুম্কি, व्यागीमिटगंत्र नवत्कनामि किया मूर्वामिख मरदेशाकिछ इत्र। ভিন্ন ভামর উপর ভিন্ন ভিন্ন স্ত্রাদি হারা কাজ করাতে উহাদের মামও ভিন্ন ভিন্ন হইয়া থাকে। বথা-कांत्रवर्ष, खाममानि, बांश्रेन, ठांत्रधाना, मृशा, कनिमा रेडामि। काशीमवाद्धत्र डेशद श्ले, दानम, डेनी अथवा বর্ণরোপ্যাদির অরিধারা কুল তোলা হর। রেনমী ও পদমী কাপড়ে কার্পাস্থত ব্যতীত এ সকল দ্রব্য নিরাও প্রচিকার্য্য সম্পন্ন হয়। স্বৰ্ণদেৱীপ্যাদির তার ও রেসমস্থ্র অভাইর। একর্মণ হল হয়, উহাকে চলিত ভাষার "কালাবভূন" বলে। श्किकार्या बेंशावर दिनी वावशत । धरेकरल धूछि, छेंफानि, निर्मान, कार्किं, ऐनि, कार्ड, छागा, भाग, होनज, गर्नि छ বালিশ প্রভৃতির আবরণ অতি ক্রন্দরক্ষণে ও আশ্চর্য্য নৈশ্ণ্য नश्कादंत्र नोनावर्ध्वत्रं भव-भूभक्षीवानित्रं প্রতিক্ষতি हात्रा শোভিত হয়। রাজা ও ঐথব্যশালী ব্যক্তিগণ ঐ সকল বছ-मूना পরিচ্ছদ বাবহার করেন ও মহা আভ্ররযুক্ত আস-वादित्र मञ्ज दाथिया (मन। (क्ट (क्ट वह महत्व केंका ব্যন্ন করিরা চক্রতিপ এবং হস্তাখাদির গাত্রাবরণও স্বর্ণরোপ্যাদি বারা পচিত করেন। সর্ব্বাপেক। বহুমূল্য সোণার কাজকে কার্চব্ কহে। প্রথমে রেসমী বা পশমী জমির উপর কোনপ্রকার বর্ণবারা পুশাদির চিত্র অবিত করে, পরে কালাবতুন দিয়া স্চিনাহায্যে তুলিয়া লয়। অপেকাকৃত অরপরিমাণে স্বর্ণরোপ্যের কাজ পাকিলে তাহাকে কারচিকণ বলে। স্তার কাপড়ের উপর সোণারপার কাজের নাম কামদানি।

ঢাকার জ্বামদানি কাপড় বিখ্যাত। উহার ফুল সকল তাঁতেই তোলা যার। স্থানিপুণ তস্কবারগণ বস্ত্র বুনিতে বুনিতে যথাস্থানে বংশনির্মিত স্থাচিসাহায়ে প্রতানস্ত্রের সহিত ফুলের স্ত্র বসাইরা দের। সোজা বাঁকা সকলদিকেই ইহারা ফুলের সারি রাখিয়া যায়। বাঁকা সারি হইলে তাহাকে তেড়চা কহে।

ইতন্তত: বিক্ষিপ্ত ও পৃথক্ পৃথক্রপে ফুল কাটা হইলে তাহাকে বৃটিদার বলে। আরও নানারপ জামদানি কাপড় আছে। ৰথা—ঝালআর, পারাহাজারা, ডুরিয়া, করেলা, গোঁদা, শব্রগা ইত্যাদি। ভিন্ন ভিন্ন ফুল ও বিভাসের প্রভেদাহ্লারে ইহাদের নাম হইয়া থাকে। পূর্বের জামদানি কাপড়ের বিভার কাট্তি ছিল, সম্প্রতি অনেক ব্রাস হইতেছে।

আদাম হইতে বহু পরিমাণে মুগা ঢাকার আদে।
মুগার কাজ করা কাপড়কে কদিদা বলে। ঝাপ্পন, ঝকা,
ডুরিয়া, চারথানা প্রভৃতি আরও নানাপ্রকার রেদম ও স্ত্রেরস্চিকার্যযুক্ত কাপড় ঢাকার প্রস্ত হয়। মুগা-চারথানাকদিদা, কাটারুমি-কদিদা, নীলা-চারথানা-কদিদা প্রভৃতি বস্ত্র
আরব, পারভা, তুর্কিছান প্রভৃতিদেশে বহু পরিমাণে বিক্রীত
হয়। বদন-থাদ-হাঁদিয়া, সমুদ্রশহর প্রভৃতি বহুমূল্য স্টিকার্য্যও
তথার সমাদরলাভ করে। ৪৯ গজ দীর্ঘ ৩৪ ইঞ্চি বিভৃত ঢাকার
একথানি ঝাপ্পনের মূল্য ১৫ ইইতে ৬০ টাকা, ৫৯ গজ দীর্ঘ
৩৯ ইঞ্চ বিভৃত কদিদার মূল্য ১২ ইতে ৩০ টাকা।

কলিকাতায় নানাস্থান হইতে আনীত বহুপ্রকার স্থানত বৃটিদার শাড়ী বিক্রেয় হয়। বিখ্যাত ঢাকাই শাড়ী প্রথমে ঢাকাতেই প্রস্তুত হইত, এক্ষণে নানাস্থানে উহার অমুকরণ হইতেছে। য়ুরোপীয়গণ পদা প্রভৃতির জ্বন্ত বহু পরিমাণে চিকণ কাজ করা কার্পাসবন্ত ক্রেয় করিয়া থাকেন। বিবিদিগের পরিচ্ছদ, শিশুদিগের পোষাক, রুমান ইত্যাদির স্থান চিকণকাজ কলিকাতা ও তরিকটয় নানা স্থানে হইয়া খাকে। লক্ষোনগরে ছাদশ শতাধিক দরিক্র সন্ত্রাস্ত মুসলমান-মহিলা ও বালক বালিকা উৎকৃষ্ট চিকণকার্য্য করিতেছে।

সোজনী নামে আর একরূপ বস্ত্র লেপের জন্ম প্রস্তুত হয়। বাঙ্গালার মালদা, রাজসাহী, নদিরা, উড়িষ্যার পুরী প্রভৃতি জেলার, বোষাই, শিকারপুর (সিন্ধুপ্রদেশ) ও কাশ্মীর প্রভৃতি স্থানে নানাপ্রকার সোজনী প্রস্তুত হয়।

বোধারা হইতে আনীত সোজনী বড়ই জাঁকাল, তাহাতে অতি উজ্জ্বল বর্ণে রঞ্জিত রেসমের কাজ থাকে।

পাটনা ও মুর্শিদাবাদ নগরে কালাবভূনবোগে বহুমূল্য চিকণের হন্তাখাদির সজ্জা, ঝালরযুক্ত চন্ত্রাতপ, পাকীর আব-রণ, অঙ্গরাথা, টুপি, কার্পেট ইত্যাদি প্রস্তুত হয়। ভার-তীর শিল্পপদর্শনীতে মুর্শিদাবাদের মহারাণী স্বর্ণমন্ত্রী কার্চব্ কাজ করা একটা চন্ত্রাতপ ও একটা পাকীর আবরণ প্রেরণ করেন, উহাদের মূল্য যথাক্রমে ১৫১৮ ও ২০০০ টাকা। শারণ হইতে প্রক্রপ কাজযুক্ত বালিশের থোলের একটা আদর্শ প্রেরিত হয়।

নাটক, যাত্রাদির অভিনেতাদিগের পরিচ্ছদ, তাজ প্রভৃতিতে অনেক সময় বহুমূল্য কারচবের কাজ হয়। ক্লিকাতার ঐ সকল প্রস্তুত হইয়া থাকে।

উত্তরপশ্চিমপ্রদেশে লক্ষে, কাশী, আগ্রা প্রভৃতি স্থানে অতি স্থলর স্থাচিকার্য্যসম্পন্ন কামদানি, জর্দোজি প্রভৃতি প্রস্তুত হয়। মথমলের উপর সোণা ও রূপার কাজকে জর্দোজি বলে। লক্ষোএর শাড়ী, দোপাট্টা, কোট, শাল প্রভৃতির হাঁসিয়া, জিনের আচ্ছাদন, ব্যাগ, ঝালর, পাছকা ইত্যাদি ভারতের সর্বাত্ত বিক্রীত হয়। এথানকার স্থারোপ্যের তার, কালাবতুন প্রভৃতি স্থাচিকার্য্যের উপকরণ সম্প্রতি মুরোপে বিশেষ সমাদৃত হইতেছে। বারাণসীর শাড়ী সর্বাত্ত বিধ্যাত। আগ্রায় হুকার নল, টুপি, কোমরবন্দ ইত্যাদি বিচিত্র স্থাচিকার্য্য শোভিত হয়।

পঞ্চাবের অমৃতসর, লুধিয়ানা, দিল্লী, প্রভৃতি নানা স্থানে উৎকৃষ্ট স্থানির কাজ সম্পন্ন হয়। এই সকল স্থানের স্থানির কাজ করা মলিদা প্রভৃতি শীতবন্ধ, টেবিল, চেয়ার, বিছানা ইত্যাদির চাদর, পদা, ক্রমাল ইত্যাদি সাহেবেরাই বেশী ব্যবহার করেন। লুধিয়ানা, স্থরপুর, শুরুদাসপুর, শিয়ালকোট প্রভৃতি স্থানে কাশ্মীরীশাল প্রস্তুত হয়।

পূর্ব্বে কাশীরেই উৎকৃষ্ট শাল প্রস্তুত হইত, তদমুসারে উৎকৃষ্ট শালের নাম কাশীরীশাল হইরাছে। কাশীরীশাল ছই প্রকার। ১ম প্রকারের শাল তাঁতে বুনিবার সময় বহুসংখ্যক মাকুদারা ভিন্ন ভিন্ন বর্ণের স্তা দিরা একবারেই চিত্রাদি করা হয়। এই প্রকার শালই উৎকৃষ্ট। ২য় প্রকার শালে স্চিনাহায়ে কুলাদি তোলা হয়। ইহা অপেক্ষাকৃত্ত

অপর্ক্ত। প্রথমপ্রকার শাল তিলিবালা, তিলিকার, কানিকার, বিনৌত এবং বিতীরপ্রকার অমলিকার নামে খ্যাত। স্প্রতি কাশীরে কাশ্মীরীশালের অতি হীনাবস্থা বটিরাছে।

অমৃতসর, শিয়ালকোট, মণ্টগদরী, রাবলপিন্তি, কিরোজপুর, হাজারা, বরু, হিসার, লাহোর, কর্ণাল, কোহাৎ প্রভৃতি পঞ্জালের অনেকস্থানে কুলকারী লামে আর এক রকম চিকণের বস্ত্র প্রস্তুত্ত হয়। ক্তার কাপড়ের উপর রেসমের স্তার নিরা কুল বুলিলে তাহাকে কুলকারী কহে। পঞ্জাব অঞ্চলে ক্রকপদ্মীগণ এই কুলকারী তৈরার করে। তথার জীলোকেরা ইহার ওড়মাও আল্রাথা করিরা থাকে। সাহেবেরা কুলকারী কড় ভালবাগেন, ভত্তির নানাবিধ চিকণকার্যাযুক্ত আলোরান, রামপুরী-চানর প্রভৃতি পঞ্জাবে প্রস্তুত হইরা থাকে।

বোশাই প্রেমিডেন্সির মধ্যে শিকারপুর, রোহরি, করাচি, হার্ম্রাবাদ, স্থরাট, সাবস্তবাড়ী, বোশাই প্রভৃতি স্থানে চিকণ কার্যা হইরা থাকে ।

শিকারপুর, রোহরি, স্থরাট প্রভৃতি স্থানে স্চিকরদিগকে **ठिक**ण्माञ्ज वा कू निष्माञ्ज वरण। इंशां प्रगण्यान। इंशां হাতজারি, কারচোবি, বদলানি এবং রেসমী-ভরাত-কাম এই চারি প্রকার স্বরিকার্য্যে পটু। হাতে বোনা স্বর্ণ-রোপ্যের জরির স্থচিকার্ব্যকে হাতজারি এবং পাতলা দোণা রূপার তারক্ষির কালকে বদলানি করে। রেসমী-ভরাত-কাম কার্য্যে প্রথমে রেসমের উপর স্তর্জারা চিত্র অন্ধিত করিয়া তাহার মধান্থান স্বর্ণ-রোপ্যের জরি দিয়া পুরণ করে ৷ কার-চোবি काञ्र आवात ( ভাগে বিভক্ত। यथा ) कमव्টिकि, २ बिक्-ठमक्, ७ जत्राजकत्रािं , बिक-छिकि । १ कनकिकि। টিকির অর্থ চুম্কি, ঝিক্ একরূপ সোণার হত্ত এবং চলক অর্থে আঁকাবাঁকা। কৃসব্-টিকির অর্থ সোণারূপার চুম্কির কাজ, ঝিক হুত্রের আঁকাবাকা কাজকে ঝিকচলক, ঝিকের চুমকিযুক্ত হইলে চলক্টিকি হয়। করাচির অনুকরণে বস্তের উপর ফুল তোলা থাকিলে তাহাকে ভরাতকরাচি বলে।

আসামে স্থলর ফুল-কাটা রেসম ও কার্পাসবন্ধ প্রস্তুত হয়। ইহাদের অধিকাংশই তাঁতে বোলা হইরা থাকে। সকল শ্রেণীর স্ত্রীলোকই ঐ কাজ করে। নৃতন নৃতন ধরণের প্রশাদি বুনিতে পারিলে তাহারা গৌরব মনে করে। তথায় চাদর, খনিয়াকাশড়, চেলেক, পরিদিরা-কাপড় ইত্যদি প্রস্তুত হয়। রেসমের রিহা অর্থাৎ স্ত্রীলোকের চাদর এবং এড়া-বর-কাপড়, ইত্যাদি সোণার্মপার জরি দিয়া প্রস্তুত হয়। এশানকার মুগারেসমের ব্রুদ্ধি বছল পরিমাণে স্থাচিকার্যার্ক হইরা থাকে। এই সকল কাপড়ের আঁচলা অভিস্কার ও ঘন ফুলকাটা হয়।

সম্প্রতি এদেশে ধনী দরিক্র সকলেই চিকণকাল ব্যবহার করিতেছেন। বড় লোকের মহিলাগণ বিচিত্র স্থারোপ্যধ্যতি ছকুল পরিধান করেন, দরিক্ররমণী কার্পাস্থতের অরম্ল্য গুল্বাহারশাড়ী পরিয়া সধ মিটান। ধনবান কার-চোবের কোট, টুপি, পারজামা ও কার্মীরীশাল গারে দিয়া আয়াস করেন, নির্ধন চাদর ও বৃটিদার কামিল পরিয়া কথকিং থেদ মিটান। বাহার সোণার জরি কিনিবার সামর্থ্য নাই অথচ সধ আছে, জিনি ভারকসির কাজেই বিলাস-পিপানার শান্তি করেন।

রুরোপীর পশুভগণের মতে আদিরীরদেশ চিকণকার্ব্যের আদি-উৎপত্তি স্থান, তথা হইছে নানাদিকে ইহা বিস্তৃত হইরাছে। প্রিনি বঁলেন, ফ্রিজিরগণ ইহার উদ্ভাবরিতা এবং তজ্জন্তই রোমের স্চিকরগণকে ফ্রিজিরান বলিত। বাহা হউক ইহা অতি প্রাচীনকাল হইতেই ভারতবর্ষে প্রচলিত হইরা আদিতেছে। (ঋথেদ ২০৩৬, ২০০৮।৪।) মোজেদের সমর ছিক্রগণ মধ্যে ইহার চর্চ্চা ছিল। মিসর, আরব ও পারসিকগণ প্রাচীনকালে স্থানর স্টিকার্য্য করিত। টুর-বৃদ্ধের পূর্কে সিডনের রমণীগণ স্থচিকার্য্যে নিপুণ ছিল, তৎপরে গ্রীকরমণী-গণ উহাতে নৈপুণ্যলাভ করে।

চিকণ কেবল সৌথিন কার্য্য নহে। ইহা অর্থাগমেরও একটা উপায়। যুরোপে নানারূপ কল সাহায্যে স্চিকার্য্য সম্পন্ন হইয়া থাকে। মান-হান্মেন-নিবাসী মিঃ হিলম্যান (M. Heilman) এক যন্ত্র আবিকার করেন, তদ্ধারা একবারে ৮০ হইতে ১৪০টা পর্যান্ত স্টো চালাইতে পারা যায়। অকবারে ৮০ হইতে ১৪০টা পর্যান্ত স্টো চালাইতে পারা যায়। অকবাং হস্ত বারা বে সময়ে ১টা মাত্র ক্ল তোলা হয়, তদপ্রকা অন্নসমরে ঐ যন্ত্র সাহায্যে ৮০ হইতে ১৪০টা ক্ল তোলা হয়, তদপ্রকা অনুসমরে ঐ যন্ত্র সাহায্যে ৮০ হইতে ১৪০টা ক্ল তোলা হয়, তদপ্রকা অবলম্বিক হইয়াছে। স্কাদির ছাবা ও ভিন্ন ভিন্ন বর্ণবিদ্যা অবলম্বিক হয়রাছে। স্কাদির ছাবা ও ভিন্ন ভিন্ন বর্ণবিদ্যা আরার । উহা কাপড়ের নীচে রাধিয়া আগে পেন্সিল্ দিয়া ভিন্ন ভিন্ন রংএর দাগ দিয়া লইতে হয়। তৎপরে স্টি দিয়া ব্যোপযুক্ত বর্ণের স্তভাবারা ঐ সকল স্থান প্রকা করিয়া দেয়। বার্লিনে প্রথম উত্তব হয় বলিয়া এইরূপ করিয়া করার্ক (Berlin-work) কহে। ইহাতে স্টিচান্ননে নৈপুণ্য ভিন্ন অয় কোন প্রকার বাহাছির নাই।

[ স্থাচি দেখ।]

চিক্রবল্লপুর, ১ মহিস্কর রাজ্যের কোলার জেলার একটা
তালুক। ইহার ক্ষেত্রকল ৩৭৯ কর্মনাইল; জ্বখানে নশিছর্গ

ও কণবারহর্প নামক ছইটা প্রাচীন ছর্গ এবং বিচারালর, থানা প্রভৃতি বিদ্যান আছে। ২ উক্ত নামধের ভালুকের নদর।
ইহা কোলার অবহিত হইতে ৩৬ মাইল অন্তরে, অক্ষাণ্ড ১৩ ২৬ ১০ উ: ও জাবিং ৭৭ ৪৬ ২০ পু:। এখানে একটা হর্ম আছে। উক্ত ছুর্ম প্লিগারদিগের আদিপুরুষ মোরস্থ বোকলবংশীর মলবৈরিগও কর্তৃক ১৪৭৯ খুটাকে নির্মিত হর এবং কালজেনে বলবৈরিগওের বংশধরেরা মহিস্থরের হিন্দ্রপতির বিদ্ধুকে অন্তর্ধারণ ও জাহার অধীনতা অস্বীকারপূর্কক চিক্বলপুরে স্বাধীনতা অবলয়ন করেন, কিন্তু প্রামিক হারদ্বর্মাণি মহিস্থর-সিংহাসনে আরোহণ করিরা ১৭৬১ খুটাকে চিক্বলপুর ও নলীহর্গ অধিকার করিলে এথানজার গগুবংশীয় শেব ভূপতি কোবভূরের কারাগারে প্রেরিভ হন। এথানকার বর্তমান অধিবাসী সংখ্যা ১০৬২০।

চিকলদহ, ২ বেরার প্রদেশের অন্তর্গত ইলিচপুর জেলার অবস্থিত একটা পাহাড়। ইহা গাবিলগড়হর্গ হইতে প্রায় দেড় মাইল ও ইলিচপুর হইতে প্রায় ২৫ মাইল অন্তর। ইহার উচ্চতা ৩৭৭৭ ফিট। অক্ষাং ২১ ২৪ ও ক্রাফিং ৭৭ ২২ পূ:। ২ উক্ত পাহাড়ের অধিত্যকার অবস্থিত একটা পল্লী। এই পল্লীটা মেলঘাটতালুকের অন্তর্গত। এখানে একটা স্বাস্থ্যনিবাস আছে; এস্থানটা অধিত্যকার স্থাপিত হইলেও এস্থানে আরোহণ করা কইলাধ্য নহে, এমন কি অব্যারেহণে এখানে উঠিতে পারা যায়। গো, শকট কিন্বা উত্ত্র হারা এখানে স্থ্যসামগ্রী আনীত হয়। এ স্থানটা নাতিণীতোক্ষ। শীতকালে তাপমান্যম্প্রে ৫৯ ও প্রীয়কালে ৮০ উক্ষতা অন্তর্ভ হয়। এখানকার সাধারণ উক্ষতা ৭১ কারেণহিট্। এখানে আলু, চা, কাফি প্রভৃতি প্রচুর পরিমাণে জন্মিরা থাকে। এখানকার দৃশ্য অতি মনোহর। গোলাপ, পন্ম প্রভৃতি ফুল এখানকার অধিবাদীদিগকে মোহিত করিয়া রাখে।

চিকাকোল ( প্রীকাকুলম্ ) মাজ্রাজ্ঞেরিডেলীর গঞ্জামজেলার অন্তর্গত একটা তালুক। ক্ষেত্রফল ৪০২ বর্গমাইল। এথানে পূর্বে হিন্দু ও বৌধরাজাদিগের অধিকারভূক কলিল্বাজ্যের কেক্রস্থল এবং মোগলরাজাদিপের অধীনস্থ
সরকার প্রদেশের রাজ্ঞ্যানী ছিল। এই স্থানটী ১৫৬৮ খৃষ্টান্দ
পর্যান্ত উৎকলের গজপতিরাজগণের রাজ্যভুক্ত ছিল। পরে
বঙ্গালার মুসলমান-শাসনকর্তা অধিকার করিরা কৃতবশাহী
বিভাগের অন্তর্ভুক্ত করেন। কিন্তু এবানকার শাসনভার হিন্দ্রাজ হত্তেই ন্যন্ত থাকে। অবশেষে ১৭২৪ খৃষ্টান্দে আসক্তা
নিজাম্-উল্-মূলক দান্দিণান্ড্যের রাজ্ঞাতিনিধি নিক্তা ও
হায়দরারাদে রাজ্ঞানী স্থাপন করিরা চিকাকোল্রাজ্যের

সম্পূর্ণ শাসনভার নিজ হতে গ্রহণ করেন। স্থাতরাং এই সময় হইতেই প্রকৃত পক্ষে এখানকার হিন্দুরাজগণের উদ্দেদ সাধিত হয়। মুসসমানদিগের শাসনসময়ে এই ভালুকটা ইছাপুর, কাশিমকোটা ও চিকাকোল এই তিনটা বিভাগে বিভক্ত হয়। হারজাবাদের নিজাম বাহাছর ইহার কতক জংশ উত্তর সরকার প্রদেশের সহিত করাসীদিগকে ১৭৫০ খৃষ্টাব্দে, পরে ১৭৬৬ খৃষ্টাব্দে ইংরাজদিগকে প্রদান করেন। কাশিমকোটা ও চিকাকোল বিভাগরর ইংরাজদিগের হতুগত হওরার পর বিশাধপত্তন কোলার অন্তর্ভুক্ত হয়, পরে ১৮০২ খৃষ্টাব্দে গঞ্জামজেলার অন্তর্ভুক্ত হইয়াছে। এই তালুকের মধ্যে ৩টা সহর আছে।

২ ( শ্রীকাকুনম্ ) উক্ত ভানুকের অন্তর্গত একটা সহর।

অকা ১৮ ১৭ ২৫ ডিঃ ও ল্রাফি ৮০ ৫৬ ২৫ পুঃ। সমুদ্রতীর হইতে ৪ মাইল ও মাক্রাজ হইতে ৫৬৭ মাইল অন্তরে

লাগবলীনদা এবং প্রাণ্ট টুকরোডের উপর অবস্থিত। জনেক

দিন পর্যান্ত এই স্থানে সেনানিবাদ ছিল। এই সহরে ১৮১৫

গুষ্টাব্দে কিছু দিনের জন্ম জেলার শাসনকর্তার ও ১৮৬৫ গুষ্টাব্দে

কিছু দিনের জন্ম জেলার জন্মাহেবের বিচারালয় স্থাপিত হয়।

এখনও এধানে ফৌজদারী ও দেওয়ানী বিচারালয়, চিকিৎসালয়, ভাক্বর, বিদ্যালয় প্রভৃতি রহিয়াছে। এখানকার
রাজসংক্রান্ত অট্টালিকা সকল প্রাচীন ছর্গের চতুংপার্যন্ত
পরিধার অভ্যন্তরে অবস্থিত। ইহার দক্ষিণপার্গে এখানকার অধিবাসীপণ বাদ করিয়া থাকে। এই স্থানে গোলকুণ্ডার

ক্ষুত্বসাহীবংশের শাদনকর্ত্তা দেরমহম্মদর্থার প্রতিটিত বহুসংখ্যক

মস্জিদ অভাবধি মুসলমান শাসনকর্তাদিগের আধিপত্যের
ও এই প্রাচীন সহরের উৎকর্ষের সাক্ষ্য প্রদান করিতেছে।

এই সহরের স্থানীয় হিন্দু নাম শ্রীকাকুলম্ ও স্থানীয় মুসলমান নাম মহ্দুজ্ বা মন্ফুর বন্দর। লাসেনের মতে প্রাচীন মণিপুরের অপত্রংশ মন্কুর হইয়াছে। কেহ বলেন, চিকাকোলের প্রাসিদ্ধ মুসলমানশাসনকর্তা অন্বর্উদ্দীন্থার পুত্র মুফজ্থার নামাকুসারে এই সহর্টীর শেষোক্ত নামকরণ হইয়াছে। ইহার স্থানীয় নাম গুল্চানাবাদ অর্থাৎ মনোহর গোলাপবাগান।

এখানকার অধিবাসীগণের মধ্যে শতকরা বিংশতিজন ব্যবসা বাণিজ্য করিয়া ও শতকরা আটজন শিল্পকার্য্য করিয়া জীবন যাপন করেন। এখানকার শিল্পকার্য্য অতি পরিপাটী, ঢাকা অপেকা হীন নহে।

১৭৯১ খৃষ্টাব্দে চিকাকোলে হার্কিক উপস্থিত হওয়ায় এ স্থান একরূপ জনশৃত্ত হইয়া উঠিয়াছিল। ১৮৬৬ খৃষ্টাব্দেও একবার ছর্কিক হয়, কিন্তু তাহা প্রাথমবারের তাায় জনিইকর হয় দাই। চিকরিষু (তি) করিজং কেপ্ত ইচ্ছ: ক্ল-সন্-উ:। কেপণ করিতে অভিগাধী।

চিকর্তিষু (ত্রি) ক্লং-সন-উ। করিতে অভিশাষী।

চিকাগো, আমেরিকার এক বিধ্যাত নগর। [আমেরিকা দেখ।] সার্বজাতিক ও সার্বধর্ষিক প্রদর্শনীর জয় এই স্থান বিধ্যাত। [প্রদর্শনী দেখ।]

চিকাতি, মান্ত্রাজ্ঞপ্রেসিডেন্সীর অন্তর্গত গঞ্চান্জেলার মধ্যস্থ একটী রাজ্য। এথানকার অধিবাসী সংখ্যা ১১৯১৭, তন্মধ্যে অধিকাংশই হিন্দু। ৮৮১ খুটান্দে একজন সামস্ত এথানে একটী ছুর্গ নির্মাণ করার উৎকলের তথনকার রাজার নিকট হইত্তে এই রাজ্য প্রাপ্ত হন। বলিন্দা নদী ইহার মধ্যে প্রবাহিত হওয়ার রাজ্য মধ্যে পমনাগমনের বিলক্ষণ স্থবিধা আছে। এথানকার প্রধান সহর চিকাতি।

চিকারী (দেশজ) সেতারে আবদ্ধ বে পাঁচটী তারের জতি-রিক্ত আরও তিন চারিটী কুজ কুজ তার আবদ্ধ থাকে, ভাহা-দিগের নাম চিকারী।

চিকিত ( ি ) কিং-জ্ঞান ঘট্-লুক্ পচাগ্যচ্। চি জ্ঞানে কর্মণিক নিষ্ঠায়াঃ সার্ব্ধাতুকসংজ্ঞায়াং ( ছন্দ্রভূষ্ণা। পা ওঙা১১৭।) শপ্জুহোত্যাদিয়াং তম্ম শুন্থিম্। ১ অতিশয় জ্ঞানবিশিষ্ঠ। ২ জ্ঞাত। "অং সোম প্রচিকিতো মনীষা" (ঋক্ ১১৯১১।) 'প্রচিকিতঃ প্রকর্ষেণ জ্ঞাতঃ' ( সায়ণ ) (পুং ) ৩ ঋষিবিশেষ। চিকিতান ( ি ) কিং-জ্ঞানে কানচ্। ১ অভিজ্ঞ। "চিকি-তানো অচিত্তান্" (ঋক্ ৩১৮৮২) 'চিকিতানঃ কর্ম্মান্তিজ্ঞ।' ( সায়ণ ) ২ (পুং ) ঋষিবিশেষ।

চিকিতাম্বন ( পুং ) চিকিতের গোত্রাপত্য।

চিকিতি ( এি ) জ্ঞাত। পরিচিত।

চিকিন্তু (ত্রি) কিং-উণ্ বেদে দিছং। অভিজ্ঞ। "অচেত্যশ্বিলিচ-কিতুর্ব্যবাট্" ( ঋক্ ৮।৫৬।৫ । )

চিকিত্বন্ ( ি ) কিং-জ্ঞানে কনিপ্ বেদে দিছং। জ্ঞানবিশিষ্ট। "তুত্তাং চিকিছনা"। ( ঋক্ ৮।৬০।১৮।)

চিকিত্বিৎ (ত্রি) যিনি জ্বানেন বা জানান। "ত্বা চিকিত্বিৎ স্নৃতাবিরি" ( ঋক্ ৪।৫২।৪ ) 'চিকিত্বিৎ জ্ঞারপস্তীং' সায়ণ। চিকিত্বিমানস্ (ত্রি) সর্বজ্ঞান্তর্গবিশিষ্ট। "চিকিত্বি-

শ্বনসাং ত্বা" (ৰক্ ৫।২২।৩) 'চিকিছিজ্জানশ্বনো যক্ত অসৌ।'
( সারণ )

চিকিৎসক (পং) চিকিৎসতি রোগং অপনমতি কিৎ-স্বার্থে সন্ (গুপ্তিজ্বিজ্ঞাঃ সন্ বছলং। পা ৩)১/৪।) খুল। মিনি রোগ আরাম করেন, বৈদ্য। "চিকিৎসকানাং সর্কোবাং মিথ্যাপ্রচরতাং দমঃ।" (মন্থ ৯)২৮৪) পর্যার—রোগহারী, অগদকার, ভিবক্। চিকিৎসক রোগ পরীক্ষা করিয়া বিচারপূর্কক ঔষধ দান করিবেন; না চিনিয়া ঔবধ প্ররোগ করিলে রাজা তাহাকে দশু করিবেন। দোষ বিনা ব্যাধি হইতে পারে না। সেই সকল দোষের আত্মানিক লক্ষণমারা রোগনির্ণয় করিবেন; বিকার শান্তি করিতে না শারিলেও তিনি লক্ষিত হইবেন না। বৈশ্বশাস্তক, কতী, কিপ্রহন্ত, শুদ্ধাচারী, সদ্যরোগ প্রতীকারে সমর্থ, প্রিয়বাদী, অধ্যবসায়ী, ধার্শ্মিক ইত্যাদি গুণবিশিষ্ট চিকিৎসকই প্রশংসনীয়। মলিনবস্ত্র, অপ্রিয়বাদী, অভ্যানী, ঔবধ প্রয়োগে অনভিক্ত ও স্বয়ং গৃহে আগত এইরূপ চিকিৎসক ধ্রম্বরীর সমান হইলেও জনসমাজে কথন আদর্শীর হয় না।

চিকিৎসক ধর্মজ্ঞানে চিকিৎসা করিবেন। জীবিকানির্বাহের জস্তু কেবল ধনীদিসের নিকট হইতে ধন গ্রহণ
করিবেন। যিনি ক্লেশসহিষ্ণু, আন্তিক ও চিকিৎসকের বাক্য
শ্রতিপালন করেন এবং যাহার জাত্মীয়স্মজন আছে, পণ্যাদির
যোগাড় হইতে পারে এইরপ রোগীই চিকিৎস্ত। যিনি ভীক,
কৃতয়, শ্রদ্ধাহীন, ধ্র্ক, শঙ্কাযুক্ত, ক্রোধশীল, তিনি চিকিৎসকের
বৈরী অর্থাৎ তাহাকে কথনও চিকিৎসা করিবেনা। (ভাবপ্রকাশ)
চিকিৎসন (ক্লী) আরোগ্যকরণ, চিকিৎসা।

চিকিৎসা :(স্ত্রী) কিং-সন্ ভাবে অ:। রোগ-প্রতীকার।
পর্যায়—য়ক্প্রতিক্রিয়া, উপচার, উপচর্য্যা, নিগ্রহ, বেদনানিষ্ঠা, ক্রিয়া, উপক্রম, শম, চিকিংসিত, প্রতীকার, ভিষণ্ক্রিত, রোগপ্রতীকার। চিকিংসা তিন প্রকার,—দৈবী,
আহরী, মাহ্যী। পারদপ্রধান চিকিংসা দৈবী, অস্ত্রাঘাতাদি
আহরী, ছয় রসদারা যে চিকিংসা তাহাকে মাহ্যী কহে।
মাহ্যীই কলিয়ুগে আদরণীয়। যে ক্রিয়ায় শরীরস্থ ধাতু সকল
সমতা প্রাপ্ত হয়, অহ্ন ব্যাধি জয়েয় না, তাহাকে চিকিংসা
কহে। চিকিংসার ফল—অর্থ, মিত্রতা, ধর্ম, যশং ও কার্য্যাভাাস। চিকিংসার অল—রোগী, দৃত, বৈদ্য, দীর্ষ আয়ু:। পথ্যদ্রব্য, শুক্রমাকারী। পটু, নির্মালবেশ ও রোগীর স্লাতি দৃত
অশ্ব বা ব্যে আরোহণ করিয়া শুলুপুশ্ব ও ফলহন্তে বৈদ্যকে
আনিতে ঘাইবে। (ভাবপ্রাণ) [ আয়ুর্মেদ দেখ।]

চিকিৎসিত (ক্নী) কিং-সন্ভাবে জ্ঞা ১ চিকিৎসা। ২ ভেষজা কর্মণি জ্ঞা চিকিৎসা-ইডচ্ (ব্রি) ৩ ক্লডরোগ-প্রতীকার, চিকিৎসা দারা যাহার রোগ শাস্তি হইরাছে। (পুং) ৪ ঋষিভেদ।

চিকিৎস্ম ( আ ) চিকিৎ-সন-উ। বিনি চিকিৎসা করেন।
চিকিৎস্ম ( আ ) কিৎ-স্বার্থে সন্ কর্মণি বং। প্রতিকার্য্য, চিকিৎসাসাধ্য। "ভেষজ্ঞৈ: স চিকিৎস্তঃ স্থাৎ" (ভারত শাস্তি ১৪ আঃ)
চিকিন ( আ ) নি নতা নাসিকা অস্ত ইনচ্ প্রস্কুতে-

কিকাদেশ:। (ইনচ্ পিটচ্ চিকচি চ। পা ৫। ২।৩৩।) নত, নাসিকাযুক্ত, খাঁদা।

চিকিল (পুং) চি বাহলকাৎ ইলচ্ কুক্চ। পদ্ধ, পাঁক।
চিকীৰ্যক (অ) কৰ্জুমেচ্ছুকঃ কু-ইচ্ছাৰ্থে-সন্ (ধাতো কৰ্মণঃ
সমানকৰ্জ্কাদিছোৱাং বা। পা ৩।১।৭) ততো ধুল্। ক্রিতে
অভিলাবী।

চিকীর্বা (স্ত্রী) কর্ডুমিছা র-সন্ ততঃ অঃ প্রত্যরঃ (পা ৩।৩।১০২।) করিবার অভিনাব।

"নাশকর্ম চিকীর্বরা।" (ভারত ২।১ । ।২৪।)

চিকীয়ু (অ) কর্ড মিচ্ছ: ক্ল-সন্ উ (সরাশংসভিক্ষ উ:। পা অহা১৬৮।) করিবার ইচ্ছাবিশিষ্ট।

চিকীর্ষিত (ত্রি) কর্জুমিটং ক্ব-সন্কর্মণি জ। অভীপিত, অভিনবিত।

চিকীর্যা (ত্রি) কর্ত্যবাং ক্র-সন্ কর্মণি যং। করিতে অভিলয়নীয়।

চিকুর (পুং) চি ইত্যব্যক্তশব্দং কুরতি চি-কুর্-কঃ। ১ কেশ।

"চিকুরপ্রকার জয়ন্তি তে" (নৈষধ)। ২ বৃক্ষভেদ। ৩ পর্বত।
৪ সরীস্প। ৫ সর্পবিশেষ, আর্য্যকের পৌত্র বামনের দৌহিত্র
ও স্ব্যুথের পিতা। (ভারত উদ্যোগ ১০৩২) (ত্রি) ৬ চঞ্চল।

চিকুরকলাপ (পুং) চিকুরাণাং কলাপঃ ৬তং। কেশসমূহ।

(হেম ৩।২৩২) [চুল দেখ।]

চিকুর ( পুং ) নিপাতনাদীর্ঘ:। কেশ, চুল।

চিকোড়ি, ১ বোদাই প্রদেশের অন্তর্গত বেলগাঁও জেলার মধ্যস্থ কতকগুলি গ্রামসমষ্টি; উক্ত জেলার উত্তরপন্চিমে অব-স্থিত। ইহার উত্তরে কোলাপুর ও আর্থনি, দক্ষিণে গোকাক ও শাহপুর, পূর্ব্বে গোকাক এবং পশ্চিমে কোলাপুর-রাজ্য। ইহাতে মোট ২১৫টা গ্রাম আছে। তন্মধ্যে ১৫৮টা গ্রাম গবর্মেন্টের ও ৫৭টা অপর লোকের কর্তৃথাধীনে রহি-য়াছে। ইহার ক্ষেত্রফল ৮৪০ বর্গমাইল, অধিবাদী সংখ্যা ২৪৫৬১৪। ১৮৪৯-৫০ খুষ্টাকে ও ১৮৫২-৫০ খুষ্টাকে গবর্মেন্ট চিকোড়ির জ্বিপ করেন।

ইহার মধ্যস্থ ৩০০।৪০০ ফিট উচ্চ মালভূমির হারা ইহা
সভাবতঃ উত্তর ও দক্ষিণ হুই ভাগে বিভক্ত। ক্লফা ও
তাহার উপনদী হুধগঙ্গা উত্তর চিকোড়ির মধ্য দিয়া এবং
ঘাটপ্রভা ও তাহার উপনদী হরণকাশী দক্ষিণ চিকোড়ির
মধ্য দিয়া প্রবাহিত হইয়া ইহার উর্বরতা র্দ্ধি করিতেছে। ইহা সন্থাদ্রিপর্বতের অনভিদ্রে অবস্থিত বলিয়া
ভিন্ন ভার প্রামের জলবায়ু ভিন্ন ভিন্ন প্রকার। পূর্বাঞ্চলে
হৃষ্টির স্ম্পূর্ণ অভাব, কিন্তু অভান্তর প্রদেশে ও পশ্চিমাঞ্চলে

VI

অপর্যাপ্ত রৃষ্টি হয়। আবার মধ্যক্ত মালভূমির উপরে জর্ব্**টি** হইয়া থাকে।

कृषिकार्या बातारे এथानकात अधिकारण अधिवानी निरुगत भौतिका निर्काह इहेग्रा थाएक। অল্ল লোকেই বস্তবয়ন. কম্লাদি প্রস্তুত ও রঙ্গের কর্ম করিরা জীবন যাপন করে। এপানকার অনেক গ্রামে সাপ্তাহিক হাট বসিরা পাকে। নিপানি, শক্ষের ও চিকোড়ি নামক সহরত্রর বাণিজ্য জন্ত বিশেষ বিখ্যাত; এই তিনটী স্থান প্রধান রাম্ভার উপর অবস্থিত এবং সেইজন্ত অন্ত স্থানের বাণিজ্ঞা দ্রব্য এই এই স্থানে আনীত ও এখানকার উৎপন্ন সামগ্রী অপর স্থানে त्रश्रामि रहेन्ना थाटक । এ প্রদেশের জমিদারগণ সঙ্গতিশালী। এখানকার প্রধান উৎপন্ন শস্ত জোয়ারি। গোধুম ও অক্তান্ত শস্তাদিও এথানে জিন্ময়া থাকে, কিন্তু তত বেশী উৎপন্ন হয় না। চিক্লেডি > বেলগাঁও জেলার একটা উপবিভাগ। উপরি লিখিত চিকোড়ির গ্রামসমষ্টি শইয়া এই উপবিভাগ সংগঠিত। ইহা একটা ক্বিকার্য্যকুশল উপত্যকাভূমি; ইহাতে বহুসংখ্যক বর্দ্ধিকু গ্রাম আছে। ইহার ছই তিন মাইল দক্ষিণে অহুর্ব্ধর পাহাড় পুর্বাপশ্চিমে বিস্তৃত, ইহার উত্তরাঞ্চল অতিশয় উর্বরা। এই উপবিভাগ ইকু, উপাদেয় ফল ও ভাল ভাল বাগানের জন্ম বিখ্যাত।

এই উপবিভাগের উত্তরপ্রদেশের জলবায়ু মনোরম ও স্বাস্থ্যকর; মধ্যঅঞ্চলের জলবায়ু না ভাল না মন্দ, কিন্তু দক্ষিণঅঞ্চলের জলবায়ু অতিশয় অস্বাস্থ্যকর। ইহার দক্ষিণে অতিশয় বৃষ্টির প্রান্থভাব, কিন্তু পূর্বাদিকে স্থবৃষ্টি হয় না।

চিকোড়ি উপবিভাগের উত্তরদিকে ক্লফা, উত্তরপশ্চিমে এবং দক্ষিণপশ্চিমে হুধগঙ্গা ও বেদগঙ্গা এবং দক্ষিণে হ্রণ-কাশী ও ঘাটপ্রভা নদী প্রবাহিত হওয়ায় এখানে জলকট নাই; এতয়াতীত ক্ষুদ্র ক্ষুদ্র স্রোতস্বতী, থাল ও পু্ষ্রিণী বহু-তর রহিয়াছে।

২ উক্ত জেলার জন্তর্গত চিকোড়ি উপবিভাগের একটা সহর। অক্ষা ১৬° ২৫ উ: এবং জাখি ৭৪° ৩৮ পৃ:। এই সহরের চতুর্দিকে পাহাড়। ক্লঞানদী এখান হইতে ১০ মাইল অন্তর। লোকসংখ্যা ৫৬৯৯। ইহা একটা বাণিজ্যা-প্রধান স্থান। রত্মগিরিউপকৃলস্থ রাজপুর নামক স্থান ও নিকটবর্তী অপরাণর স্থানের সহিত এখানকার বাণিজ্যা চলিয়া থাকে। ব্যবসানিপুণ মুসলমান বণিক্রণ কোলাপুর রাজ্যের মধ্যস্থ অক্তরে নামক স্থান হইতে তঙুল, দক্ষিণ বিজ্ঞাপুরের বাঘলকোট নামক স্থান হইতে গোধ্ম, রত্মগিরির মধ্যস্থ রাজ্ঞাপুর হইতে নারিকেল, তরকারী,

থেক্র, লবণ, মদলা প্রভৃতি এবং বোদাই হইতে বস্তাদি আমদানি করিয়া থাকেন। এ হান হইতে রাজাপুরে কার্পাদ, গঞ্জিকা, ভামাকু প্রভৃতি, পুণা জেলায় চিনি, বেলগাঁও অঞ্চলে পাণ ও ভামাকু প্রভৃতি রপ্তানি হইয়া থাকে। এখানে সাধারণ জীলোকদিগের অতি উত্তম পরিচ্ছদ প্রস্তুত হইয়া থাকে। এখানকার হুর্ণকারেরা অলঙার মধ্যে উৎক্রইয়পে হীরকথগু হাপন করিতে নিপুণ বলিয়া প্রাসিদ্ধিলাভ করিয়াছে। এখানে প্রতি রহম্পতিবারে সাপ্তাহিক হাট বসে। হুর্গ ও সহরের মধ্যে হুই ফিট গঞ্জীর ও হুই ফিট প্রশিক্ত একটী ক্ষুদ্র তটিনী প্রবাহিত হইতেছে; ইহার জলে জর আরাম হয় বলিয়া সাধারণের বিশ্বাদ। এখানে ছোটআদালত, বিদ্যালয়, ডাক্বর, থানা প্রভৃতি প্রতিতিত আছে।

চিক্ক (পুং) চিক্ ইত্যব্যক্তশব্দেন কায়তে শব্দারতে চিক্-কৈ-ক। ছুছুলরী, ছুঁচা। নি নতা নাসিকা অন্ত নি-ক চিকা-দেশ:। (ইন্চ পিটচ্। পা ৫।২।৩০) কেপ্রত্যব্র চিকাদেশো-বক্তবেটা (বার্ত্তিক)। (ত্রি) নতনাসিকাযুক্ত, বাঁকা।

চিক্কণ ( ি বি ) চিত্যতে জ্ঞায়তে চিত্-কণ-কশ্চ। ১ নিশ্ধ,
চিকণ, চক্চকে। "কঠিনশ্চিক্কণ: শ্লক্ষ" ( ভারত ১২।১৮৪।৩৪ )
(পুং) ২ গুবাকর্ক্ষ। (ক্নী ) ও গুবাকফল। ৪ হরীতকীফল।
(পুং) ৫ ঔষধপাকের অবস্থাবিশেষ। পাক তিন প্রকার—
মন্দ, চিক্কণ, থর চিক্কণ। (বাভট)।

চিক্কণা (স্ত্রী) চিক্কণ স্ত্রিয়াং-টাপ্। > উত্তম গাভী। পর্যায়— নৈচিকী। (শক্চস্রিকা)। ২ পুগফল, স্থপারি।

চিকণী (স্ত্রী) চিকণ গোরাদিয়াৎ ভীষ্। ১ গুবাকর্ক। ২ গুবাকফল। ৩ হরীতকী।

চিক্কণকণ্ঠ (क्री) নগরবিশেষ।

চিক্কণশক্ষী ( পুং ) চিক্কণ আমিষবিশিষ্ট মৎস্ত।

চিক্লদেব, মহিন্দররাজ্যের যাদববংশীয় একজন রাজা। তিনি
১৯৭২ খৃষ্টাব্দ হইতে ১৭০৪ খৃষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন
এবং তঞ্জারের একোজির নিকট হইতে বঙ্গলুর ক্রয় ও
অন্তামপূর্ত্তক কতকগুলি স্থান অধিকার করিয়া নিজ
রাজ্যের পৃষ্টিসাধন করেন। রাজ্যসংক্রান্ত নানাবিধ স্থানিয়ম
সংস্থাপন করিয়া তিনি প্রজাগণের অতি প্রিয় হইয়া উঠেন।
মহারাত্ত্রগণ তাঁহার নিক্ট পরাজিত হন। তিনি বৈষ্ণবধর্মে
দীক্ষিত ছিলেন।

চিক্কনর্তি, বোৰাই প্রদেশন্ত ছবলী নামক স্থান হইতে প্রার ১১ মাইল পূর্বাদদিশে অবস্থিত একটা কুদ্র গ্রাম। ইহার অধি-বাদী সংখ্যা ৪০১ জন মাত্র। এই গ্রামে কমলেশ্বর নামক একটা মন্দির আছে। ঐ মন্দিরে উৎকীর্ণ প্রাচীনকালের একথানি শিলাফলক দৃষ্ট হর।

চিকরায় তিত্ময্য, দাক্ষিণাত্যের অন্তর্গত পুদন্র নামক ভানের একজন নরপতি। তাঁহার পিতার নাম ইম্মি তিম্বয়। তিনিই বিজয়নগরাধিপতি ক্লফদেবরারের সহার-তায় আদিলশাহীবংশীয় মুসলমানদিগের সহিত সংগ্রামে প্রস্তু হন এবং ১৫১০ খুৱাকে তিনটা ন্তন হর্গ নির্মাণ করেন। চিকরায় তিম্বয় তদানীজন রাজকর্তৃক বিশেষ স্মানিত হন এবং নিজ আধিপত্য বিভার করেন। ইনিই পুদন্র নগর নির্মাণ করেন।

চিক্করায়বাসব, দান্দিণাত্যের জন্তর্গত পুক্রব্রের জ্বিপতি চিক্করারতিক্ষয়ের পুত্র। অতি শৈশবাবস্থার তিনি সিংহাসন প্রাপ্ত হন। ১৬৩৯ খুটান্দে মুসলমানেরা তাঁহার রাজ্য আক্রমণ করিরা কিরদংশ আক্রসাৎ ও অবশিষ্টাংশ তাঁহাকে প্রদান করেন। তাঁহার পুত্রের নাম বীর্চিক্সার। তিনি মুসলমানদিগের প্রিয় হইরাছিলেন।

চিক্কস (পুং) চিক্কয়তি পীড়য়তি চূর্ণকারিণমিতি শেবঃ চিক্ক-অসচ। ববচূর্ণ, যবের ছাতু।

চিকা (স্ত্রী) চিক্তরতি পীড়য়তি ভোক্তারং চিক-মচ্ ক্রিয়াং টাপ্। শুবাকফল, স্থারী।

চিক্কির (পুং) চিক্ক-ইরচ্। মৃষিকভেদ, ইহার দংশনে শিরপীড়া, শোথ, হিকা ও বমির উৎপত্তি হয়। ক্যায়াদি প্রয়োগ ক্রাইলে শান্তি হয়।

চिकुत ( प्रमब ) विदार।

চিক্কুরু বিন্বর, কণ্টিকবাসী জাতিবিশেষ। ইহাদের মাতৃভাষা কণাড়ী; ইহাদিগের পুরুষমাত্রেই নিজনামের সহিত
'আপা' অর্থাৎ পিতা এবং রমণীমাত্রেই 'আবা' অর্থাৎ মাতা
শব্দ সংযোগ করিয়া থাকে এবং নামের শেবে ক্ষন্ত কোন
প্রকার উপাধি উল্লেখ না করিয়া ভাহাদিগের জাতিগত নাম
অর্থাৎ চিক্কুরুরিনবর এই শব্দ প্রেরোগ করে। যাহার নাম
"আয়" সে আয়াপা-চিক্কুরু-বিন্বর বিলিয়া পরিচয় দেয়।
ইহাদের ৬৪টী শাখা আছে, তর্মধ্যে আরে, বিলে
মেনস্ এবং মিনে প্রধান। পাত্র পিতৃগোত্র ও মাতৃগো
পরিত্যাগ করিয়া অপর গোত্রের ক্লাকে বিবাহ করি
পারে। ইহারা ক্লাবর্গ ও দৃঢ়কার। সামাল্ল একতল গৃ
বাস করিয়া থাকে এবং সামাল্ল ক্ছল, লেপ ও কতক্ত্রা
মৃৎপাত্র ভিল্ল অপর কোন মূল্যবান্ গৃহসামগ্রী ইহাদিগে
আবাসগৃহে প্রায়ই দেখা বার না। ইহাদিগের মধ্যে চাক্
রাখা প্রথা প্রচলিত নাই। ইহারা পক্ষী ও হাগাদি প্র

প্রতিপালন করিরা থাকে, কিন্তু বদি কেহ কুকুর প্রতিপালন করে, তাহা হইলে নিক্যই তাহাকে সমাজচ্যত হইতে হয়।

ক্রটা, দাইল ও নানাবিধ উত্তিক্ষ ইহাদিগের দৈনস্দিন থাদ্য। ছাগ, মেব, ধর্নগোস, হরিণ ও পক্ষীমাংস এবং প্রাম্যাদিরা ব্যবহারের প্রথা প্রচলন আছে। নির্দেব ও ধর্ম্মাদেবের অর্চনোপলক্ষে ইহারা ছাগ বলি দের। বীরভদ্র ইহাদিগের ফুলদেবতা ও প্রোহিতেরা অসম। বিবাহাদি ব্যাপারে অসমের আবশ্রক।

এই জাতীয় পুরুষ কি স্ত্রী কেহই প্রত্যহ স্নান করে না। পর্ব্বোপলকে উপবাস করিতে হইলে কিয়া কোন স্থানে ভোজনাদির নিষত্রণ হইলে পুরুষগণ এবং সপ্তাহ মধ্যে একদিন মাত্র রমণীগণ স্থান করে। পুরুষগণ শুদ্দ ও মস্তকে শিখা রাখে এবং জামা প্রভৃতি পরিচ্ছদ পরিধানপূর্বক শরীর षाष्ट्रांतन करतः, त्रमणीशंश महात्राष्ट्रकामिनीतिरात्र नगात्र (পাষাক পরে। मञ्जास পুরুষ এবং রমণীগণ স্বর্ণরোপ্যনির্শ্বিত অলঙার ব্যবহার করিয়া থাকে। ইহারা কণ্টসহ, মিতবায়ী, কিন্ত অতিশয় অপরিষার। ব্যবসা বাণিজ্য ইহাদের পৈতৃক वृक्ति, किन्न इः दथत विषय वर्षमान नमत्य ठाहात्र। वानिका वावनारम रमक्रभ मरनानिरवन करत्र ना। कार्भानवञ्चवम् ७ क्रियकर्ष कतियाहे खीविकानिस्ताह करत। वानक वानिका अ রমণীগণ পুরুষদিগের কার্য্যে সাহায্য করিয়া থাকে। লিকায়ত এবং সালিগণ এই জাতি অপেকা মর্য্যালায় কিছু উচ্চ, কিন্তু শিম্পি এবং কুরুবর জাতি কিছু নীচ। ইহারা অগ্রহায়ণ হইতে বৈশাধ মাদ পর্যান্ত কয়েক মাদ অধিক পরিশ্রম করে।

বাল্যবিবাহ, বিধবাবিবাহ ও বছবিবাহ প্রথা এ জ্বাতির মধ্যে প্রচলিত আছে। পতির পরলোক হইলে, পত্নীর পিতামাতা কিশ্বা অন্ত কোন গুরুজন তাহাকে একটা নব-পরিচ্ছেদ প্রদান করে এবং সে প্রদীপহস্তে পতিকে প্রদক্ষিণ করিয়া থাকে। কিন্তু পত্নী পতির অগ্রে ইহজ্পং পরিত্যাগ করিলে পতির শিরোদেশ পুশামালায় বিভ্ষিত করিয়া দেয়।

চিক্কুকবিনবরগণ সামাজিক কলতে বড়ই নিপুণ; কিন্তু তাহাদিগের সামাজিক কলত জাতীয় পঞ্চায়ত ছারা মীমাংসিত হয়। বালকগণ ছাদশ বর্ষ পর্যান্ত পাঠশালায় অধ্যয়ন করিয়া থাকে।

চিক্কেরুর, ৰোমাই প্রদেশের অন্তর্গত কোড় নামক স্থানের দশ মাইল পশ্চিমে অবস্থিত একটা সহর। প্রতি ব্ধবারে এথানে হাট বদে। তণ্ডুল এথানকার প্রধান পণ্য দ্রব্য। এথানে হিরিকেরে নামক একটা বৃহৎ সরোবর আছে। উক্ত সরোবর-ভীরে ১০২৩ ও ১০২৫ শকে থোদিত ছইথানি শিলাফলক আছে। এখানে বাণশঙ্করী, হত্মন্ত ও সোমেশ্বর দেবের মন্দির এবং উক্ত মন্দিরত্তরেও বথাক্রমে ৯৭৫, ১০২৩ ও ১০২৩ শকে খোনিত তটা শিলাফলক দেখিতে পাওরা বার। এতবাতীত ৯৯৯ ও ১১৪৪ শকে খোনিত প্রস্তর্কলক-সংযুক্ত ছইটা বীরগলপাধর এবং ১০৪৭ ও ১০৫১ শকে খোনিত ছইখানি বৃহৎ শিলাফলক দৃষ্ট হইরা থাকে।

চিক্নায়কন্হল্লি, > মহিন্তবের অন্তর্গত তুমকুর জেলার একটা তালুক। ইহার ক্ষেত্রকল ৩৫৫ বর্গমাইল। এই তালুকের উত্তরদিকে পূর্বপশ্চিমে বিস্তৃত একটা পাহাড় আছে। এই পাহাড়ের পূর্বদিক্ জললময়, কিন্তু পশ্চিম ও দক্ষিণ দিকের ভূমি উর্বার ও ক্ষিক্শল। এখানে থানা, বিচারালয় প্রভৃতি আছে। নারিকেল প্রভৃতি পণ্য সামপ্রী এখান হইতে অন্ত

২ উক্ত তালুকের সদর, তুম্কুর সহর হইতে ৪০ মাইল অন্তরে অবস্থিত। জ্বলা ১৩° ২৫´১০ঁ উ: ও জাবি ৭৬° ৩৯´ ৪০ঁ পু:। হাগাল্বাবংশীর চিক্তনারক মামক সামস্ত কর্ত্বক এই সহর প্রতিষ্ঠিত হয়। ১৭৯১ খুইাক্লে ভারতবর্ধের বড়লাট লর্ড কর্ণওয়ালিস্ শ্রীরঙ্গওনে গমন করিলে মহারাষ্ট্র-সেনাপতি পরশুরামভাও তাঁহার সহিত মিলনাভিলাবে শ্রীরঙ্গওনাভিমুথে আইসেন ও পথিমধ্যে এই সহর লুঠন করিয়া অধিবাসীদিগের নিকট হইতে বছল অর্থ সংগ্রহ করেন। বর্তমান সময়ে এ স্থান বিশক্ষণ সমৃদ্ধিশালী হইয়া উঠিয়াছে। মোটা কার্পাসবন্ধ এখানকার প্রধান পণ্য। এখানে ৭টী প্রসিদ্ধ মন্দির আছে।

চিক্মগালুর, (অর্থাৎ কনিষ্ঠকল্লার নগরী।) ১ মহিন্থর রাজ্যের
অন্তর্গত কদ্র জেলার ও চিকমগালুর তালুকের প্রধান সহর।
বললুর হইতে ১৩ • মাইল দ্রে অবস্থিত। অক্লা • ১৩ • ১৮ ১৫ ছি:, দ্রাখি • ৭৫ • ৪৯ ২০ পু:। ১৮৬৫ খৃষ্টাব্দ হইতে এই স্থানটী কদ্র জেলার সদর হইরাছে; ইহার নিকট কাফির চাব হয়
বলিয়া এস্থানে অনেক ম্সলমান বিশিক বাস করিয়া থাকেন।
প্রবল পূর্ববায়ু সময়ে সময়ে এই সহরের অনিষ্ঠ করিয়া
থাকে, তির্বার্রণার্থ সহরের চতুপার্শে তক্লরান্ধি রোপিত
হইরাছে। ইহার চতুর্দিকের ভূমি অতিশয় উর্বরা, তাহাতে
কার্পাস উৎপল্ল হয়। এখানে বিস্তৃত বাজার আছে এবং
সাংখাহিক হাটও বসিয়া থাকে।

২ মহিত্রর রাজ্যের অন্তর্গত কদ্র জেলার একটী তালুক। এথানকার ভূমি উর্বর। কাফি ও কার্পাদ প্রচুর জন্মিয়া থাকে। এথানে বিচারালয়, থানা প্রভৃতি বিদ্যমান আছে।

চিক্রেংস (জী) ক্রমিভ্মিছা ক্রম্ ইছোর্থে সন্ জ-টাপ্। ১ व्याक्रमण्य व्यक्तिगाय । २ शमत्नत् रेक्शं।

চিক্রাশী (जी) वृक्तवित्य । (Swietenia Chickrusey.) চিক্রি বেৎকর, কর্ণাটকবাসী একজাতি। অপর নাম অড্-বিচিঞ্চর ও ফান্সেপার্দ্ধি। ইহারা সংখ্যার অত্যন্ত হইলেও বিজা-পুর জেলায় প্রায় সকল স্থানে কিছু কিছু দেখা যায়। ইহারা বর্ণসঙ্কর। ধাকড়, কাব্লিকার ও রাজপুতজাতির মিশ্রণে উৎপন্ন।

ইহাদের মাতৃভাষা গুজরাটী, কিন্তু ইহারা কণাড়ী ও হিন্দু-স্থানী ভাষার বেশ কথাবার্তা কহিতে পারে। ইহাদিগের শরীরের বর্ণ ক্লঞ্চ নহে, কিন্তু ইহারা এত অপরিকার ও मज्ञा थाटक रव, रमिश्राल कृष्कवर्ण विनिज्ञा रविश इत्र । ऋक छ মলিন বস্তুখণ্ড দ্বারা কেশপাশ বন্ধন করে এবং ছিন্ন ধূলিধূসরিত বস্ত্র হল ও কটিলেশে জড়াইয়া রাখে। রমণীগশ অপরিষ্কৃত ক্ষামা ও পিতলাদি নির্মিত অলস্কার ব্যবহার করে।

ইহারা সাধারণত: ভ্রমণশীল, স্থতরাং গৃহাদি নির্মাণ না করিয়া ময়দান মধ্যে অনারত স্থানেই বাস করে ় এবং শভের সমরে দলে দলে ভ্রমণে বাহির হয়। সামান্ত কৃটি ইহাদের প্রধান আহার, কিন্তু মাংস পাইলে আর আহলাদ ধরে না। তবে শুকর ও গোমাংস ভক্ষণ করে ना। ইহারা সর্বাদাই স্থরাপানে উন্মন্ত থাকে। ক্লুবক-দিগের শহাদি অপহরণ ও মৃগয়া করিয়া ইহারা জীবিকা-নির্ম্বাহ করে। অস্ত কোন কার্য্য করিতে চাহে না। ঘলমা, তুলজাভবানী এবং বাছটেশ প্রভৃতি ইহাদিগের কুলদেবতা। এই সকল দেবতার প্রতিমূর্ত্তি ইহারা বস্ত্রে বাঁধিয়া রাখে এবং আখিনমাসে পূজা করিয়া থাকে। ইছারা कान भरकाभनक उभवामानि, भारमानश्रामा किया তীর্থবাত্রা করে না। ভবিষ্যম্বাণী ও যাত্রবিদ্যায় ইহারা সম্পূর্ণ বিখাস রাখে। ইহাদের রমণীগণ তপ্ততৈলে অসুলি নিক্ষেপ করিয়া সতীত্বের পরিচয় দেয়। যদি অঙ্গুলি দগ্ধ হর, তাহা ছইলে সে অসতী বলিয়া প্রতিপন্ন হয়। বালাবিবাহ ও বিধবা-विवाह इंशाप्तत मर्था अनिक आरह। इंशात नवर्गह ममरा সময়ে অশ্বিসংকার ও সময়ে সময়ে মৃত্তিকায় প্রোথিত করে। পঞ্চারতগণ ইহাদের সামাজিক বিবাদ মীমাংসা করিয়া থাকে। চিক্রিদ (তি) ক্লিদ যঙ্লুক অচ্। অতিশর ক্লেদযুক্ত, অতিঘর্মাক্ত। চিক্রীড়া (স্ত্রী) জীড়িভূমিছা জীড় ইছার্থে দন্ত্র-টাপ্। ক্রীড়া করিবার ইচ্ছা।

চিথলবহল বোষাইপ্রদেশের নাসিকজেলার অন্তর্গত মালি-গাঁর ১ মাইল দূরে অবস্থিত একটা স্থান। এখানে একটা वष शोनिमनित्र कारक ।

চিথাদিয় ( তি ) খাদিতৃমিক্ষ্য খাদ-ইচ্ছার্থে সম-উঃ। খাইভে অভিলাষী।

চিথ্লি, খালেশ জেলার অন্তর্গত একটা কুত্র জীলরাজ্য। সাত-পুরা পাহাড় ও তাড়িনদীর মধ্যে অবস্থিত। অধিবাসীদের ভাষা গুজরাটী, মরাঠী ও হিন্দুস্থানী এই তিন ভাষার মিল্রণে উৎপর। এরাজ্যের অধিকাংশ জঙ্গলময়, এই জঞ্চ অভিশন্ন অস্বাস্থ্যকর; কেবল তাপ্তীনদীর সমীপস্থ অলমাত্র জমি-উর্বার। মেবাসীবংশীর জনৈক সন্দার এখানকার শাসনকর্তা। চিথলি বেরার প্রদেশের বুল্দানা জেলার অন্তর্গত একটা তাসুক। ইহার মধ্যে একটা সহর ও ২৭২টা গ্রাম আছে। ইহার ক্ষেত্রফল ৪৬৫১৯৪ একারের অধিক, কিন্তু অতি অল श्रान्हे कृषिकार्रगां भर्यां । अधिवानी मः था। आह एए नक । চিথ্লি এই ভালুকের প্রধান নগর। তথার বিচারালয়, থানা প্রভৃতি আছে।

চিথলি, স্বরাট জেলার একটা উপবিভাগ ইহার ক্ষেত্রকল ১৬৭ বর্গমাইল এবং ইহাতে ৬২টী গ্রাম আছে। এপানকার व्यधिवानीमःशा ७०১৪१। উচ্চ ও निम्नकृमित्कत्म এই উপবিভাগটী ছইভাগে বিভক্ত। উচ্চ অংশটী গিরিনি:স্ত नमी कर्डक প्राविज इटेटन अजिम एजमन डेर्सज्ञा नरह. কিন্তু নিয়াংশ অতিশর উর্বরা: তথার অধিকা, কাবেরী, থরেরা ও অরঙ্গা নদী প্রবাহিত হইতেছে এবং নানাবিধ শহা. ইকু ও নানা জাতীয় ফল প্রচুর পরিমীণে জন্মিয়া থাকে।

২ উক্ত উপবিভাগের সদর। অক্ষা<sup>\*</sup> ২•° ৪৬´ উ: ও জাঘি ৭৩° ৯ পুঃ। এখানে বিচারালয়, থানা, ডাক্ঘর ও **ठिकि**९मानम् **या**ट्ड ।

চিখাদিষু ( ত্রি ) থাদিতমিচ্ছঃ খাদ-ইচ্ছার্থে সন্-উ। থাইতে

চিন্নট (পুং) চিন্ন ইত্যব্যক্তশব্দেন অটতি চিন্ন-অট্-অচ্ শক-कानिकार অলোপ:। মৎগ্ৰভেদ, চিক্ডীমাছ। পৰ্যায়—মহাশ্ৰ। (हात्रावनी)। এই मৎच शुक्रभाक, वनवीर्वाकत, शिक्षापिनामक, মুপরোচক এবং কফ ও বাতবৰ্দ্ধক। (রাজবল্লন্ড) উষাপানে এই মাছ পরিত্যাগ করিবে। (বৈদ্যক) [ চিক্লড়ি দেখ।] চিক্লটী (জী) চিক্লট অলার্থে ভীপু। चुर्वाहिक्डी।

চিক্সড (পুং) চিকট প্যোদরাদিশ্বাৎ সাধু। চিঙ্জী মাছ। চিঙ্গ ডিু (দেশজ) শবরহিত কঠিন খোসা আচ্ছাদিত স্বনামখ্যাত


মংশু। প্রাণিতব্ববিৎ পশুতগণ চিক্লড়িমাছকে কর্কটানির

সহিত একশ্রেণীভূক্ত করিয়াছেন।

ইহাদের সাধারণ লক্ষণ—উভন্ন পার্ষে দীর্ঘ গ্রন্থিযুক্ত পদ ও তন্মধ্যে সন্থের ছইটা দাড়া বৃহদাকার ও আত্মরকার আত্র

ত্বরূপ ধারাল কাঁটিছ ভার অছিককাল শরীরের আহরণরূপে পরিণত। গাঞ্জন কটিন ও প্রতিযুক্ত।

এই মাছ আকার, বর্ণ ও গঠনভেবে বহুলাভিভে বিভক্ত।
সচরাচর গজাভিক্তি, মোচাচিক্তি বুনোচিক্তি, গুলেচিক্তি,
কারাতিক্তি, বাস্নাচিক্তি, কালচিক্তি প্রভৃতি নানারপ
চিক্তিমাছ বাজারে ঘেথিতে পাওরা বার। এই সমত বংক্ত
অতি ক্তু কারাচিক্তি হইতে /> পের />। সের ওজনের
পল্লাচিক্তি পর্ব্যন্ত দেখা বার। আকারগত পার্থক্য
ধাকিলেও ইহালের গঠনালি এক রূপ। মন্তক্তের নিকট



সর্বাপেকা ছুল ও ক্রমে পুছের দিকে স্ক্র হইরা গিরাছে।
ইহারা শরীর ওটাইরা পুছে ও মন্তক একত্র করিতে পারে।
মন্তকের খোসা অভি দৃঢ় এবং সন্মুখে করাতের স্থার
ধারাল খঙ্গা ও স্থতীক্র দাড়া ছইটার সাহাব্যে ইহারা
অপেকাক্রত বলবান্ প্রাণীর হন্ত হইতে রক্ষা পায়। ইহাদের
চক্র গঠন অস্থান্য প্রাণী হইতে সম্পূর্ণ বিভিন্ন। কাঁকড়ার
স্থার ইহাদের ছইচক্র ছইটা ক্ষ্ম ক্ষ্ম দাড়ার অগ্রন্থাণে
অবস্থিত, ইচ্ছামত তাহা ইতন্তভঃ সঞ্চালন করিতে পারে।

ইহারা মধ্যে মধ্যে শরীরের খোদা পরিবর্জন করে। খোদা ছাড়িলে ইহাদের শরীর কিছুদিন অভিশর কোমল থাকে, পরে অবিলয়েই দেই খোদা অনৃচ হইরা যার। বাঙ্গালা, উড়িয়া ও ভারতের অভাভ ছানের সকল প্রধান প্রধান নদীতে ও পৃষ্ঠবিশীতে ছোট বড় নানারূপ চিঙ্গ্ডিমাছ পাওয়া বার। বড় গলাচিঙ্গু পৃষ্ঠবিশীতে অধিক জন্মে না, কিন্তু কৃত্ত চিঙ্গুড়ি বিস্তর হইরা থাকে। ইহারা অও সমুদার পরিপঞ্চাবভা পর্যান্ত উদরের উপর ধারণ ক্রিরা থাকে।

চিঙ্গলপাৎ (চেলল্পং) মাক্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত একটা নেলা। জল্লা ১২° ১৩´ ছইতে ১৩° ৫৪´ উ: এবং জ্রাঘি ৭৯° ৩৫´ ছইতে ৮০° ২৩´ পু:। বৃহস্তম দৈর্ঘ্য ১১৫ মাইল অবং প্রহ ৪২ মাইল। পরিমাণকল ২৮৪২ বর্গনাইল। ইহার পূর্বে বলোপনাগর, উত্তরে নের রজেলা, দক্ষিণে দক্ষিণআর্থট এবং পশ্চিমে উত্তরআর্কট জেলা ক্ষবস্থিত। এই ক্ষেলার ৬টা নগর ও ১৯৭টা গ্রাম আছে।

এই জেলার অধিকাংশ হানই সমত্তন ও মক্ষমর । সক্তৃমি কোথাও সম্প্রপৃষ্ঠ হইতে ৩০০ কিটের অধিক উচ্চ নহে, বরং উপক্লের নিকট কোন কোন হান সম্প্রপৃষ্ঠ হইতেও নির । এই সকল হান এ পর্যন্ত বাল্কাপূর্ণ হিল, সম্প্রতি হানে হানে কুলানি রোপণ করার উপক্লের কৃত্ত মৃতন প্রকার হইরাছে। মধ্যভাগে কোথাও বিত্তী প্রভৃতি বৃক্ষসমাকীর্ণ প্রামাবলী, কোথাও আবার বালুকাক্ষরময় কুলাবরর ধর্ত্রক্রমম্বিত অন্তর্জর প্রকেশ। আবার হানে হানে প্রক্রিকীতীরে শ্রেণীবছ ভালত্ত্বও দেখিতে গাওরা বার। উত্তর্গান্দিমভাগে নাগলপুরস্ ও কালাক্ষ্ পাহাড় বিভ্ত। এই পাহাড়ের উচ্চভ্য হানে কালাক্ষ্ হুর্গ সম্প্রপৃষ্ঠ হইতে ২০৪৮ ফিট উর্কে অবিভিত।

ইহাতে পালার, কোর্জেলিরার, মারারণবর্ষ বা জরানিয়ানন্দী, চেরার, অদরার এবং কুবদ্ প্রভৃতি নদী আছে। কোন নদীতেই নৌকাদি যাতারাত করিতে পারে না। উপকৃলের নিকট পুলিকত্ব, এরুর প্রভৃতি ব্রদ হইতে উত্তর-দক্ষিণে বিভৃত থাল কাটা হইরাছে। ঐ সকল খাল দিয়াই নৌকাদি গমনাগমন করে। পুলিকত্ব ব্রদের দৈর্ঘ্য ৩৫ মাইল, প্রস্থুত হইতে ১১ মাইল পর্য্যন্ত এবং গভীরতা ১৪ হইতে ১৬ ফিটের অধিক নহে। এই জেলার ১১৫ মাইল বিভৃত উপকৃলে বিশ্যাত "মাক্রাজী চেউ" নামক উচ্চ উচ্চ ভীষণ তরক পর্যানা প্রতিহতক্র। নৌকাদি এখানে থাকিলে ভালিরা যার। পুলিকত্ব ও কোবিলকে সামান্ত পোতাশ্রর আছে। এই জেলার আকরিক পদার্থ অধিক পাওরা যার না।

কাষাকম্ ও নাগলপুরম্ পাহাড়ে বন আছে, কিন্তু তাহাতে অধিক কাঠ উৎপন্ন হর না। সম্প্রতি বাসুকামর উপকৃলভাগে একপ্রকার কাউগাছ রোপিত হইরাছে। ইতিমধ্যেই, ঐ সকল বৃদ্ধ অনেক দূর ব্যাপিরা গিরাছে। অক্সান্ত বৃক্ষের মধ্যে তাল, তেঁতুল, নারিকেল, আম, অবখ, বট, শিংলগা প্রভৃতি প্রধান। মাজ্রাজনগর এই জেলার অন্তর্গত হওরার ইহাতে বহুসংবাক খাল, রাজপথ ও রেলওয়ে আছে। অরণ্যে অতি অরসংবাক বন্ধ জন্ত দেখা বার। কর্মসূলি সরোবরে বিত্তর কুন্তীর দেখিতে পাওয়া বার।

চিত্রলপথ প্রাচীন বিজন্পুররাজ্যের অন্তর্গত ছিল। এখনও ইহার স্থানে হানে প্রাচীন ঐতিহাসিক ঘটনার বিতর নিদর্শন পাওয়া বায়। ১৫৬৪ খৃঃ অব্দে তালিকোটে বিজয়য়াজ-বংশের রাজ্যাবলান হইলে, সম্ভবতঃ ঐ বংশীর রাররাজগণ এই জেলার রাজত্ব করেন। ১৬৩৯ খৃঃ অব্দে শ্রীরজরারের নিকট হইতে ইট ইভিয়া কোম্পানি মাজ্রাজনগর প্রাপ্ত হন। লাক্ষ্যিত্য প্রাথান্ত লাভের জন্ত ইংরাজ করাসীতে ভীবণ বিবাদের সমর চিজলপতে অনেক সংগ্রাম হইরা গিরাছে। ১৭৬০ খৃঃ অব্দে আর্কটের নবাব মৃহত্মদজালি প্রভ্যুপকারত্বরূপ ইটইভিয়া কোম্পানিকে এই জেলা জারগীর দেন। ১৭৬০ খৃঃ অব্দে সমাট্ শাহজালম্ ঐ দান মঞ্র করেন। ১৭৬০ খৃঃ অব্দে সমাট্ শাহজালম্ ঐ দান মঞ্র করেন। ১৭৬০ হইতে ১৭৮০ খৃঃ অক্ষ পর্যান্ত এই জেলা নবাবের ইজারাভুক্ত ছিল। ঐ সমরের মধ্যে হারদর্আলি ছইবার এই জেলা আক্রমণ করিরা বহুসংখ্যক লোকের প্রাণ বিনাশ করেন। তৎপরেই আবার ভীবণ হর্জিকে ঐ জনপদক্তে প্রার জনশ্ভ করিয়া কেলে। তাহার পর এথানে নৃতন বন্দোবন্ত হর।

১৭৮৪ খৃ: আন্দে সমন্ত জেলা ১৪ ভাগে বিভক্ত ইইল।
তাহার চারি বংসর পরেই উহা আবার ভিন্ন ভিন্ন কালেকীরিতে
বিভক্ত হয়। এই সমন্ত কালেকীরি লইয়া আবার ১৭৯০
খৃ: আন্দে একটা জেলা হয়। ১৮০১ খৃ: আন্দে সন্তিয়াবাদ
বিভাগ ও পুলিকত্প্রাদেশ চিল্লপতের অন্তর্গত হয়।
১৮৬০ খৃষ্টান্দে মাজ্রাজনগর এই জেলার অন্তর্ভুক্ত ইইয়াছিল,
পরে ১৮৭০ খুষ্টান্দে পুনর্কার শ্বতত্র বলিয়া গণ্য হয়।

হারদরআলির আক্রমণ ও হর্ভিক্লাদির পর এই জেলার লোকসংখ্যা অনেক কমিরা যার। এখন ক্রমে ইহার লোক বৃদ্ধি হইতেছে। এখানকার অধিবাসীর মধ্যে হিন্দু ৯৩৯৩১৪, মুসলমান ২৫০৩৪, এবং অবশিষ্ট ১৬৭৭৪ জন খুটান। জেলার মধ্যে প্রধান নগরগুলির নাম ক্লাঞ্চীপুর, সেন্টটমাসেন্ মাউন্ট (একটা সেনানিবাস), সৈদাপেট, ভিরবেভিরর, চেঙ্গলপৎ, পানামলি (সেনানিবাস), ভিরুবর্লুর ও প্রবর্ষ্। এভন্যুতীত আরও অনেক কুল্ত সহর আছে।

মাক্রাজের অভ্যান্ত জেলার ভার এথানকার ভূমি উর্বরা নহে, স্থতরাং অভ্যান্ত জেলা অপেক্ষা ইহা দরিজে; বেথানে সর্বাদা জল পাওয়া যায় এইরূপ স্থানেই শহ্যাদি উৎপন্ন হয়। কার্চ অভিশন্ন ছন্ত্রাপ্য বলিয়া লোকে গোময়াদি আলাইয়া কেলে, স্থতরাং রীভিমত সার পাওয়া বার না।

অনেক জমীদার মাস্ত্রান্তেই বাস করেন, স্থতরাং নিজ জমি পরিদর্শন ও তাহার উন্নতি সাধনের চেষ্টা না করার প্রজাগণ কৃষিকার্য্যে তেমন যত্ন করে না। প্রজাগণ অধিকাংশই দরিক্র প্রায়ই সমস্ত থাজানা দিরা উঠিতে পারে না। জমিদারগণ থাজনার কতক অংশ ছাড়িয়া দিরা আদার করেন।

चनावृष्टि, चित्रृष्टि हेलानि निवसन हेशांक चानकवात **अप्रानक इर्फिक हरेबा शिवादह। जबार्या ३१०० धृहोदम जन** সেচনের অব্যবস্থা না হওরার, ১৭৮০ খ্র: অব্দে মহিন্মরসৈত্ত-भर्गत बाक्रमर्ग, ১१৮१ थुः बरन बनावृष्टित्छ, ১१৮८ भुः बरन অভিবৃষ্টি ও ভজ্জাত ভীষণ বজার খালবিলাদি ভগ হওয়ার, এবং ১৮-৬-৭ খু: অব্দে সমন্ত মান্তাৰপ্ৰেসিডেনীতে অৰ্থা হওৱার ভীৰণ চুৰ্ডিক উপস্থিত হয়। ১৮৬৭-৬৮ খুঃ অব্দেশত অত্যস্ত মহার্য হর, ১৮৭৬ সনেও ধান্ত টাকার 🖊 সের মাত্র বিজ্ঞার হয়। এই জেলার আর একটা প্রাক্লভিক বিডখনা আছে। বৈশাথ ७ कार्डिकमार्ट्य अधारन छीवन क्षेत्र बहेबा आवरे नानाकरन **जिन्हें उर्शाहर करते। ১९८७ हटें उ४८४ थुः जस नर्गास** এইরূপ ১৫টা কড়ের উরেখ পাওয়া যার। ১৮৭২ খুটাব্দে আর একবার ভীবণ ঝড় হয়। এইরপ ঝড় প্রায়ই বলোপসাগরে উৎপত্ন হইয়া মাজাল নগরের উভরপার্বে চুই শতাধিক মাইল ব্যাপিয়া ভীষণবেগে পশ্চিমাভিমুখে প্ৰৰাহিত हत्र। शृह, तृक्क, महत्र महत्र भीका, नाहानानि हुर्गीकुछ हहेग्रा यात्र ७ व्हनःश्वाक मञ्जू, त्शारमवानि आन्छात्र करत् ।

উপকৃলত্ব মান্ত্ৰাজনগর ব্যতীত আর কোথাও বহির্বাণিক্য हत्र ना। मधा**कार्य अञ्चर्तानिका अज्ञाधिक हरे**त्रा थारक । ১৮৬8 খুষ্টাম্ব পর্ব্যক্ত পুলিকছতে 😘 আদারের গৃহ ছিল এবং বেশ বাণিজ্যও হইত, কিন্তু ঐ বংসর শুবগৃহ স্থানাম্বরিত হওয়ার উপকৃলভাগ একরূপ বন্দরশৃক্ত হইরাছে। এখানে গবর্মেন্টের লবণ-পোক্তান আছে। তথার বহুসংখ্যক লোক কার্য্য করিয়া कीविका উপार्कन करत । भित्रामीमात्रशंगहे वर्भशतम्भत्राकरम লবণ প্রস্তুত করিয়া থাকে। উৎক্রষ্ট বন্তবর্ষনাদি একরূপ লোপ পাইয়াছে বলিলেই হয়, কেবল এখানকার আর্লিনগরে হুই এক শত তদ্ধবায় আঞ্জ হন্দ্ৰ কাৰ্পাস বন্ধ প্ৰস্তুত কৰি-তেছে। তাহারও আর তেমন খ্যাতি নাই। সামাল্ল পরিমাণে বাসনাদি প্রস্তুত হর এবং নীলও উৎপন্ন হইয়া থাকে। স্থানে স্থানে প্রচুর মংস্থ পাওয়া যায় ও তাহা হইতেই কিছু আর হইরা থাকে। সন্নিহিত সমুদ্রেও মংস্ত, শুক্তি ও কচ্ছপাদি গুত হইয়া মাল্রাজ নগরে আনীত হয়। দক্ষিণভারতীয় রেলপথ 'এই জেলার ভিতর দিয়া গিয়াছে।

রাজস্ব আদারের স্থবিধার জস্ত এই জেলা চিল্লগৎ, কাঞ্চীপুর, মধুরাস্তকম, পোনেরি, দৈদাপেট ও ভিন্নবন্ধ এই ছয়টা তালুকে বিভক্ত। রাজস্ব আদারের প্রধান কর্মচারী কালেক্টর ও মাজিট্রেট দৈদাপেটে বাস করেন। চিল্লগতে ক্রেসনে বিচারকার্য্য সম্পার হর। মাজ্রাজনগর এই জেলার অন্তর্গত হইলেও ইহার বিচারকার্য্যাদি সম্পূর্ণ স্বতন্ত্রভাবে মাজ্রাজনগরেই হইরা থাকে। এই জেলার ১৩টা জেল আছে। সম্প্রতি এখানে বিভালিকার উরতি হইতেছে। মাজ্রাজনগরের সন্নিহিত বলিরা ইহার অনেক বিভালরে ইংরাজী প্রবেশিকা পর্যন্ত পড়ান হইরা থাকে। কেবল দৈদাপেটে গবর্মেন্ট ভাপিত একটা বিভালর আছে।

এই জেলা উক্কটিবন্ধের অন্তর্গত হইলেও সমুদ্রক্লবর্ত্তী বিনিরা নাতিশীতোক। ভারতবর্ধের মধ্যবর্ত্তী প্রদেশ সকলের ভার ইহাতে কর্মন দারুণ গ্রীম কর্মন ভীবণ শীত হর না।
ইহার উত্তাপ কারেণহিটের ৬৩° হইতে ১০৭° অংশ পর্যান্ত হইরা থাকে। অভ্য সমর বড় একটা জর হয় না, কিছ শীতকালে কালাজর অনেকক্ষে আক্রমণ করে, এবং অনে-কেরই বসত্ত ও চকুউঠা রোগ হয়।

২ চিক্লপংকেলার একটা তালুক। পরিমাণ ৪৩৬ বর্গকাইল। এই তালুকের ভূমি মধ্যভাগে লোহিভপলিযুক্ত ও
পশ্চিমভাগে বালুকামর। সাধারণতঃ ইহা পাহাড় জললাদিপূর্ণ
ও অমুর্ব্বর, তথাপি জেলার অস্তান্ত তালুক অপেক্ষা নানারূপ
দৃশ্রপূর্ব। ১৮৮৩ পৃষ্টাকে ইহাতে ৩টা ফৌজদারী ও ২টা
দেওরানি আদালত ছিল।

৩ উক্ত জেলা ও তালুকের প্রধান নগর। জক্ষাণ ১২° ৪২´১ঁ উ:, জাখি ৮০°১´১৩ঁ পূ:। এই নগর মাস্ত্রাজের ৩৬ মাইল দক্ষিণে, চিললপং-আর্কোন্ন লাইন ও দক্ষিণভারতীয় রেলপথের সক্ষমে অবহিত। ডিব্রীক্ত সেসন্জ্ঞা, সব-কালেক্ত্রির ও সিভিলসার্জ্ঞান এই নগরে বাস করেন, তদ্ভির এখানে ডিব্রীক্ত মুব্দেকের আদালত, জেল, হাঁসপাতাল, ডাকঘর প্রভৃতিও আছে। দেশীয় পথিকদিগের বিশ্রামার্থ স্থানীয় লোকের সাহায্যে এখানে একটা ছত্র আছে। যুরোপীয়দিগের জন্ম একটা বাদ্লা নির্দ্ধিত হইরাছে।

চিল্লপং-ছর্ণের উপর দিয়া সম্প্রতি রেলপথ গিয়াছে।
এখন ঐ হর্গ কোন ব্যবহারেই আসে না। কিন্তু পূর্বের
অতিশর বিধ্যাত ছিল। বিজয়নগরের রাজগণ হীনতেজা
হইলে পর ভাঁহারা চিল্লপং ও চক্রগিরি এই হুই স্থানে
যথাক্রমে রাজত্ব করিতেন। এই সময় পৃষ্ঠীয় ১৬শ শতান্দীর
শেষভাগে চিল্লপতের হুর্গ নির্দ্মিত হয়। এই ছর্গের গঠনপ্রণালী অপর হুর্গের স্থায়।

ইহার হুর্গম অবস্থিতি দেখিলে বোধ হয় এই হুর্গ অজের, ইহার তিনদিকে জলাভূমি, অপর দিক্ স্থদ্চ পরিথা ও প্রাচীরাদি বারা স্থরক্ষিত। পূর্ব্বে এই হুর্গ মাক্রাজনগরের একটা বার বদিরা গণ্য হইত। ক্ষিত্ত চতুর্দিক্ হইতেই গড়ের উপর গোলাবর্ষণ করিতে পারা বার। ১৬৪৪ খুটাকে এই হুর্গ

গোলকুতার দর্দারদিগের হত্তপত হর। ভাঁহারা আর্কটের नवावत्क के क्रम व्यर्ग करवन । नवाव व्यावात >१८> वृः व्यरम ক্ষরাসীদিগের সাহাব্যে কর্ণাট-আক্রমণকালে চাদসাহেবকে थागान करवन। ১१८२ युडीएम क्रांटेव এই हुई आक्रमण अ ছুর্গন্থ ফরাসীনৈভ্রদিগকে পরাত্ত করিরা ছুর্গ অধিকার করেন। তংপরে ঐ সকল হুর্গ কখন করাসী বন্দীদিগকে রাধিবার ছান, রসদ রাধিবার ভাশার, কখন চতু:পার্যন্থ পলিগার-গণের বিরুদ্ধে যুদ্ধ করিবার জক্ত সেনানিবাস ইত্যাদিরূপে वारक्छ इत। शदत ১१८৮ शृंडीत्व माळांचत्रकात्र निमिख চারিদিকের মুর্ব হইতে সৈক্তাদি মাজানে আনিত হইব। এই সমরে চিক্লপংগুর্গ একবারে পরিতাক্ত হইরাছিল। কিন্ত नीवरे आवात कतानीपिशक पिक्त रहेक अक्षेत्रत रहेक मिथिया के छार्ग मालास्त्र केक्नन देश्त्राकरेनल बाबा स्त्र। করাসীদেনাপতি লালি আসিয়া দেখিলেন হুর্গ ইংরাজ-হত্তগত ও চর্জ্জর, স্নতরাং তিনি মাক্রাজাভিসুথে গমন করিলেন। **এই युद्ध कुर्नाड रेम्छ्रगन भक्तमनाटक भन्कार इटे**एउ स्नाक्रमन করিয়া বিশেষ ক্ষতিগ্রস্ত করে।

১৭৮০ খুষ্টাব্দে জেনারল বেলির শুস্ত ভগ্ন করির। ইংরাজ-সৈক্ত এই হুর্গে আশ্রম লয়। মহিন্তরমুদ্দের সময় এই হুর্গ একবার মহিন্তরের হস্তগত হয়, পরে আবার ইংরাজেরা জয় করেন। চিল্লপৎ ও চন্ত্রগিরির পলিগার বা নায়কদিগের নিকট হইতে ১৬৩৯ খুষ্টাব্দে ইংরাজগণ মান্ত্রাজনগর নির্মাণ করিতে আদেশ পান।

চিচাঙ্গিল, পঞ্চাবের বন্ধুজনার অন্তর্গত একটা গিরিমালা।
অক্ষা ৩২° ৫১ উ:, দ্রাখি ৭১° ১০ ৪৫ পূ:। ইহার অপর
নাম শিক্ষড় বা মরদানি। এই গিরিশ্রেণীর উচ্চশৃঙ্গের
নাম স্থাজারং, উহা কালাবাগ নামক স্থান হইতে ১৬ মাইল
এবং সমুদ্রপৃষ্ঠ হইতে ৪৭৪৫ ফিট উচ্চ। ইহার পূর্বানিকে
বন্ধু উপত্যকা। মিয়ানবালি হইতে যে পথ বন্ধু উপত্যকাভিমুথে আসিয়াছে, ভাহা চিচালির দক্ষিণপ্রাস্তর্গিত ট্যাংদারা
নামক গিরিপথ দিয়া গিয়াছে।

চিচিক্লা, এক প্রকার লতানিয়া গাছ (Trichosanthes anguina.) ইহার ফল প্রান্থ এ৪ হাত লম্বা ও সর্পাক্ষতি ইইয়া থাকে। ইহার বর্ণ হরিতাত ওল্ল। শীতকালে এই ফল জল্মে এবং ঝিলে, শিম প্রভৃতির ভার তরকারীরূপে ব্যবহৃত হয়। সচরাচর পুক্রিণীর তীরে ইহার বীজ রোপণ করে, এবং লভা আপ্রন্থ পাইবার জন্ত কাঁটাগাছ পুতিরা দেয়। চিচিকা ফল অতি শীম্ব শীল্প বৃদ্ধি পার। ইহার সংস্কৃত নাম চিচিপ্ত।

[ हिहिश्व (मर्थ । ]

চিচিও (গ্রং) কলবিশেব, চিচিলা। গর্বাল—খেজরালি, শ্বনীর্ব,
গ্রহক্তক, বইকল। ইহার ওণ—বাতণিজনাশক, বল ও কচিকারক, পথ্য, প্রার পটোলের যত উপকারক। (হারীত)

চিচ্গড়, মধ্যপ্রদেশক জাঙারাজেলার দক্ষিপপুর্বপ্রাক্তিত
একটা বিল্বত রাজ্য বা জমিলারী। এই রাজ্যটা প্রবিল্বত
হুইলেও নালাকারণে ইহার অবস্থা ভাল নহে। ইহার ক্ষেত্রকল
২৩৭ বর্গমাইল, তল্মধ্যে কেবল ১২ বর্গমাইল মাত্র স্থানে
স্থানিকর্দ্ধ হইরা ধাকে। এখানকার অধিবাদীর মধ্যে হল্বা,
গৌড় ও গোরালারাই প্রধান। চিচ্গড়ের বনে মূল্যবান্ কার্চ
গাওরা বার। চিচ্গড় ও পালক্ষ্ম ইহার প্রধান সহর।
চিচ্গড়সগরে এখানকার অধিপতি একটা কুণ খনন ও একটা
সরাই নির্মাণ করিয়াছেন।

চিঞ্চকেড, বোষাই প্রেলিডেলির অন্তর্গত পছোরা তালুকের একটা বিখ্যাত ছান। অপর নাম মাই-জি। প্রেভিবৎসর ১৫ই পৌষ হইতে এথানে একটি বেলা বলে। প্রবাদ আছে বে কোন রমনী এখানে সমাধিত্ব হন, তহপলকে বর্ষে বর্ষে কোন হইরা থাকে। ঐ রমনী জন্মনরজেলার হিবরি প্রামের ফিরোলী কুশবির কভা, খণ্ডর শান্তগী কর্তৃক লাছিত ও বিতাড়িত হইরা মালপাহাড়ে আনিরা গোরক্ষনাথের নিকট বোগলিকা করেন। অবলেবে তিনি চিঞ্চকেড়ে আনিরা উপস্থিত হন। প্রতিবৎসর অবিবাসীরা তাঁহার জন্ত একটা কুটার নির্দাণ করিরা দিত, তিনি প্রতিবংসরই উহা দল্প করিরা ফেলিতেন। বাদশবর্ষ অস্তে তিনি স্বরং ভূগর্ভে সমাধিগত হন। অবিবাসীগণ ভক্তির সহিত তাঁহার পূজা করিরা থাকে। চিঞ্চনি, ঠানজেলার একটা নগর। এই নগর চিঞ্চনি তারাপ্রের বিজ্ঞান উত্তরকুলে এবং বরদা ও মধ্যভারতীর রেলপথের বলান টেশন হইতে ও মাইল দুরে অবস্থিত।

চিঞ্চবড়, হাবেলীর একটা নগর। পুণার ১০ মাইল উত্তরপশ্চিমে পাবনা নদীর তীরে অবস্থিত। এই নগরে রম্যজ্ঞটালিকা, মন্দিরাদি পূর্ব ও নদীতীরে স্থলর সোপান-শ্রেণীবিরাজিত ঘাট ছিল। সম্প্রতি একটা রেলওনে টেশন হইরাছে। প্রবাদ আছে যে গণপতি এখানে নরাকারে বাস করেন। এ সম্বন্ধে একটা উপাধ্যানও শুনা যায়—

প্রায় ২৫ - বৎসর পূর্বের পুণানগরে এক ধর্মণীল দরিত্র দম্পতি বাস করিছেন। তাঁহারা গণেশের উপাদনা করিয়া এক পুত্র লাভ করেন। ঐ পুত্রের নাম মন্ত্রবা। পুত্রের জন্মের পরই তাহারা চিঞ্চবড়ের চারি মাইল দক্ষিণে পিয়লীতে আসিয়া বাস করেন। পিতা মাত্রি কুমুর পর আজন্ম ধর্মণীল মরবা চিঞ্চবড়ের চুই মাইল পশ্চিমে ভাতবড়ে বিরা খাদ করিতে লাগিলেন। এই ভাতবড় হইতে ডিনি প্রভিদানে ২৫ জ্বোল সুরবর্তী মরগাঁরে शर्रात्मत बिक्टत गुका निष्ठ रहिष्टन। यत्रशिकत धर्मन मक्षण मन्नवात्र वर्षाञ्चनागनर्गतन श्रीष्ठ स्टेना श्रीष्ठवान्नटे उाहारक अक वाडी कविता इब नाम कतिछ। अकनिन के राजि এक अक्षरानिकारक शृद्ध प्राधिका त्यस्य भिग्नाहिण, এমন সমর মরবা উপস্থিত হইয়া বধাপুর্ব ছগ্ধ চাহিলেন। **अक्षरांतिका ७९क्नांर हक् शांदेन अब्हे हद्ध जानि**ग्रा महतात्क आनान कतिन। धारे चाक्रां चहेना हाविनित्क লানিতে পারিল। অনতিকাল পরেই মরবা মহাগাইবীর श्वितकीय रुक्तांश कार्यांश कविराम । सबबात संस्थारशेखव চারিদিকে রাষ্ট্র হইরা পড়িল। জাঁহাকে দর্শন করিবার নিমিত্ত নানাস্থান হইতে লোক আনিতে লাগিল। কিন্ত তাহাতে মন্নবার উপাসনাদির ব্যাঘাত হওবার তিনি **डिक्क्दफ् अवशा मध्या शिवा मुकाहेबा बहिरमन। बदारा** वृद्ध क्रेटन डाहात शक्तु अखिमारन २६ ट्यान हाछिता मत्रगां छ যাওয়া ছকর হইয়া উঠিল। একদিন ডিনি পুলা শেষ হই-বার পর তথার উপনীত হইলেন এবং মন্দিরছার বন্ধ দেখিয়া বাহিত্তে শর্ম করিয়া ত্রহিলেন। পথপ্রমে ক্লান্ত थाकाइ मैंबरे छारात्र निजाकर्यन रहेन। यक्ष भरनमहान्य তাঁহাকে দর্শন দিরা কহিলেন, "ভূমি আমার পূজা কর এবং ভবিষ্যতে আর কণ্ট খীকার করিয়া এতদূর আসিও না, আমি তোমার এবং তোমার পুত্রপোত্রাদির দেহে বাস করিব।" মরবার নিজা ভাঙ্গিলে দেখিলেন, মন্দির ছার উন্মুক্ত হইয়াছে। অনন্তর তিনি গণপতির পূজা করিয়া প্রস্থান করিলেন। প্রভাতে পুরোহিতগণ আসিরা গণপতির গলায় এক নৃতন পুশহার প্রদত্ত ও বন্ধহার অপকৃত দেখিয়া प्यान्धर्वाविक ब्हेन। नामास प्यत्नकाटनहे मद्रवाद शनाव म्बर्ध होत्र मुद्दे हरेन, अवर मन्निण्यान खर्मनार मन्नवादक बन्नी क्रतिरक बाक्का मिरनन। शर्शिमत कृशीय मत्रवा मुक्ति-লাভ করিয়া চিঞ্বড়ে আগমন করিলেন এবং দেখিলেন তাঁহার গৃহভিত্তি ভেদ করিয়া পণেশের মূর্ক্তি উথিত হই-बाह् । जिनि এই मूर्डि शुका कतिएउ नागिरनन । व्यवस्थर মুর্ত্তির নিমে আপনি সমাধিত্ব হইলেন। তাঁহার পর তৎপুক্ চিন্তামৰ ২ৰ গণেশাৰতার বলিয়া গণা হইলেন। কথিত আছে, विशां कवि कुकां बारमंत्र गत्कद्रमाइनार्थ अक्तिन विस्नामण গণেশমূর্ত্তি ধারণ করিয়াছিলেন। চিন্তামণ বৃদ্ধ হইরা পরলোক গমন করিলেন। নারায়ণ ভূতীর দেব হইলেন। তৎপুত্র সম্রাট্ অমুদ্ধ কেব উপহাদ করিয়া তাঁহার থাছের নিষিত গোমাংস প্রেরণ করেন, কিন্তু তাঁহার স্পর্শনাত্র একগুছু যুথিপুলে পরিণত হব। সন্ত্রাট্ট তাঁহার এই আন্তর্য কার্য্যে প্রীত হইরা তাঁহাকে চিরছারীরূপে আটথানি গ্রাম প্রদান করেন। ৪র্থ অবতার ২র চিন্তামণ, ধম নারারণের পুত্র ধর্মধর, ৬৯ তর চিন্তামণ এবং ৭ম দেব ২র নারারণ। শেবোক্ত ব্যক্তি কৌত্হলপরবশ হইরা মরবার সমাধি খনন করেন। সমাধিছ মরবা ধ্যানভঙ্গে অভিশাপ করিলেন যে, ইর্ম নারারণের পুত্রের পর আর দেববংশ থাকিবে না। তাহাই হইল। ২র নারারণের পুত্র ধর্মধর ১৮১০ খৃঃ অবদ অপুত্রক লীলা সংবরণ করিল। অনন্তর তাঁহার দ্রসম্পর্কীর শধরী নামে জনৈক বালককে দেবপদে অভিবিক্ত করিরা মন্দিরের বহুম্ল্য সম্পত্তি রক্ষা করা হইল। গ্র দেবতার সম্বন্ধ এখনও অনেকের বিশ্বাস যে, ব্রাহ্মণ ভোজনের সমর বতই লোক হউক না কেন, অতি অরমাত্র মিষ্টারাদি থাকিলেও দেব তাহাতেই সকলকে পর্য্যাপ্তরূপে ভোজন করাইতে পারেন।

দেববংশীরেরা নদীতীরে এক স্থলর প্রাসাদে বাস করেন। এই প্রাসাদের কতক অংশ নানাফড় নবিশ্ (১৭৬৪-১৮০০ খৃঃ অঃ) ও কতকাংশ মহারাইসেনাপতি হরিপছফড় কে (১৭৮০—১৮০০ খৃঃ অঃ) নির্মাণ করিরা দেন। প্রাসাদের নিকটেই পরলোকগত দেবদিগের এক এক মন্দির নির্মিত হইরাছে, তল্মধ্যে মরবার মন্দিরই প্রধান। ইহাতে মরাঠী ভাষায় উৎকীর্ণ এক লিপি আছে। তদ্বারা জানা বায় এই মন্দির ১৫৮০ শকে আরম্ভ হয়। শ্রীনারায়ণ অর্থাৎ ৩য় গণেশাব-তারের মন্দিরে আর এক লিপি আছে। ঐ মন্দির ১৬৪১ শকে নির্মিত হয়।

এই সকল মন্দিরের বার্ধিক আয় প্রার ১৩৮০০ টাকা।
পূর্বোক্ত অরদক্ষেব প্রদত্ত আটটী গ্রামের থাজনা হইতেই
ঐ টাকা আদায় হইয়া থাকে। গণেশের সম্মানার্থ প্রতিবংসর
অগ্রহারণের রক্ষপক্ষে চিঞ্চবড়ে এক মেলা হইয়া থাকে।

মরবার বিবরণ সম্বন্ধে মতান্তর লক্ষিত হয়। কেহ কেহ বলেন, মরবা কিল্প-নিবাসী ও ধর্ম্মশাল ছিলেন। যৌবনের পূর্বেই অকর্ম্মণ্য বোধে পিতা কর্তৃক তাড়িত হইয়া তিনি চিঞ্চ-বড়ে আগমন করেন। পথিমধ্যে মোরেশ্বর বা মরগাঁও নামক ছানের গণেশের উপাসনা করিতে তাঁহার একান্ত নিঠা হয়। স্থতরাং তিনি চিঞ্চবড় হইতে প্রতিদিন তথায় বাতায়াত করিতে লাগিলেন। একদিন ভাত্রনাসে গণেশচতুর্থী বোগে মন্দির লোকে লোকারণ্য থাকার মরবা বৃক্ষতলে নিজ্ঞ নৈবেদ্য গণেশের উদ্দেশে অর্পন করিলেন। কিন্তু দৈববলে ঐ নৈবেদ্য ডৎক্ষণাৎ মন্দিরাভ্যন্তরে ও মন্দিরেয় নৈবেদ্য বৃক্ষতলে আনীত হইল। পুরোহিতগণ বালককে কুহকী অনুষান করির। প্রাম্ব হইতে দ্ব করিরা দিল। পরে স্বল্লালে গণপতি পুরোহিতকে আদেশ করিলেন বে, "তুমি শীত্র মরবাকে লইরা আইস, সে আমার পূলা করিবে।" পুরোহিতগণ অনেক অনুযোগ করিলেও মরবা আসিলেন না। স্বথ্নে গণেশ মরবাকে কহিলেন, "আমি তোলার সহিত চিক্তবড়ে অবহান করিব।" পরদিবল মরবা লান করিতে করিতে দেখিলেন যে, তাঁহার আরাষ্য মরগাঁওরের গণেশমুর্ত্তি ভাসিয়া আসিতেছে, তিনি তৎক্ষণাহ তাহা গৃহে লইরা গোলেন এবং একটা মন্দির নির্মাণ করিয়া তন্মধ্যে রাখিলেন। করিছিল ব্যাপ্ত হইল যে, মরবা গণেশদেব হইরাছে। পরে মরবা বিবাহ করিলেন এবং তাহার পর তৎপুত্র চিন্তামণ গণেশাবতার বলিয়া প্রতিত হইতে লাগিলেন। বিখ্যাত ভ্রমণকারী লর্ড ভালেনিয়া বৎকালে এই মন্দির দর্শন করেন, তথন করিত গণেশাবতার চক্রামেণ ভূগিতেছিলেন।

১৮০৯ খুটাকে মিসেন্ প্রেহান্ এই মন্দির দর্শন করেন। তিনি বলেন, ঐ সময়ের দেব একটা বালক মাত্র। তিনি প্রতিদিন অতিমাত্র অহিফেণ দেবন করিয়া চকু লাল করিয়া থাকিতেন। চিচিচ কুটী (ত্ত্রী) পক্ষীর চিৎকার।

চিচিটিক (পুং) চীরতে চি কর্মণি ৰিপ্-চিৎ অগ্নি: তত্র চিটিং প্রেষণং পদ্ধতি চিটি-গম্-ড প্ৰোদরাদিকাৎ মুম্। কীটভেদ, উচ্চিঙ্ডা।

চিছুদৈবজ্ঞ, প্রশ্নসার নামে সংস্কৃত জ্যোতির্গ্রহকার।
চিছুক্তি (স্ত্রী) চিদেব শক্তিং কর্মধাণ। চৈতভাশক্তি। "মারাং
ব্যুদভাচিজ্কতা কৈবল্যে স্থিত আত্মনি" (ভাগবভ ১।৭।২৪।)

চিচ্ছায়াপতি (প্রী) চিভি বৃদ্ধাদে: বৃদ্ধাদে বা চিতে: ছায়া প্রতিবিদ্ধ তম্মা আপতি: প্রাপ্তি: । চিচ্ছক্তিতে বৃদ্ধিস্থাদির প্রতিবিদ্ধ বা বৃদ্ধিস্থাদিতে চিচ্ছক্তির প্রতিবিদ্ধ । পর্য্যায়—চিৎ-প্রতিবিদ্ধ, চৈতক্তাধ্যাস, চিদাবেশ । বিষয়ের সহিত ইন্দ্রিয়ের সন্নিকর্ম হইলে বৃদ্ধির বিষয়াকারে বৃদ্ধি হইয়া থাকে । বিষয়াকারবৃদ্ধিতে পুরুষের প্রতিবিদ্ধ পতিত হয় । চেতনের ছায়া পাইরা অচেতন বৃদ্ধিও চেতন হইয়া উঠেন । বিষয়াকার পরিণাম হইলে বৃদ্ধিও চৈতক্তে প্রতিবিদ্ধিত ইন । তথন পরিণামীর প্রতিবিদ্ধ পাইয়া অপরিণামী নির্দেপ পুরুষও আপনাকে স্থবী ছংখী ইত্যাদি জ্ঞান করেন । (সাংব্যভাষ্য)

চিচিছ্ৎস্থ (তি) ছেও মিচ্ছ; ছিণ্ইচ্ছার্থে সন্-উ। ছেদন করিতে অভিলাধী।

চিচিছল (পুং) > দেশতেদ। ২ তদ্দেশবাসী। "মেলকৈজৈপুরেন্-কৈব বিচ্ছিলৈন্চ সময়িতঃ।" (ভারত তীয় ৮৮ জঃ।) চিচ্ছুক (চিৎস্থ) ভাগবতের একজন টীকাকার।

চিঞা (স্ত্রী) > তিন্তিড়ীর্ক্ষ, তেঁতুল গাছ। ইহার পাতার রস

শুন্মরোগের উপকারক। তম্মা ফলং ইত্যণ্ হরীতক্যাদিছারুপ্ (হরীতক্যাদিভ্যন্ত। পা ৪।০।১৬৭) চিঞ্চাফল, তেঁতুল।

চিঞাটক (পুং) ভূণবিশেষ।

চিঞ্চাম (क्री) हिटक्ष्वामः। अम्रनाक, आमक्रन।

চিঞ্চানার ( পুং) চিঞ্চারা ইব সারোহন্ত। অমশাক, আমরুল। চিঞ্চিড়া ( ত্রী ) বৃক্ষবিশেষ।

চিঞ্চিনী (স্ত্রী) নগরীবিশেষ, গঙ্গাদারের দক্ষিণভাগে অবস্থিত। চিঞ্চী (স্ত্রী) চিঞ্চ গৌরাদিয়াৎ ভীপু। গুঞ্জা।

চিকোটক (পুং) চিচ্ছে অটতি চিঞ্চা-অট-গুল্ প্ৰোদরাদিশাৎ সাধু। তুণবিশেষ, চেঁচক।

किंछे ( तम्ब ) व्यव्हार ।

চিটাগুড় (দেশব) তরল চট্চটে থারাপ গুড়।

চিটিঙ্গ (পুং) কীটভেদ, উচ্চিঙ্ডা।

চিট্টী (স্ত্রী) চেটতি প্রেরর্থতি চিট্-ক গৌরাদিশাৎ ভীপ্। ১ চণ্ডাল-বেশধারিণী যোগিনী, বশীকরণের জক্ত তাহার উপাসনা করিবে। মন্ত্র—"ওঁ চিটি! চিটি! মহাচাণ্ডালি অমুকং মে বশমানর স্থাহা"। যাহাকে বশ করিবার ইচ্ছা তাহার নাম তালপত্রে লিখিয়া ক্ষীরমিশ্রিত জলে রাত্রিতে সিদ্ধ করিবে, তাহা হইলে অবশ্রই সে বশ হইবে, এই বিধিন্নরা রাজা ৭ দিনে বশীভূত হয়। (তন্ত্রসার) (দেশজ) ২ পত্র।

চিঠা ( দেশজ ) > জমীর পরিমাণ যাহাতে লিখিত হয়। ২ পত্র। চিডা ( দেশজ ) চিপিটক, চিড়ে।

চিড়িক (দেশজ) > বিহ্নাৎ চম্কান। ২ বেদনাদিতে দপ্দপানি।
চিড়িয়াথানা (হিন্দী চিড়ীয়া অর্থাৎ পক্ষী, পারস্ত থানা অর্থাৎ আবাদ) পক্ষী রাথিবার স্থান।

চিডিয়াঘাস (দেশজ) একপ্রকার ঘাস।

চিড়িমার (পারসীজ) তাস থেলার একটা রঙ্।

हिए विष् ( (मन्ज ) हक्ष्म ।

চিৎ (ব্রী) চিৎ-সংজ্ঞানে সম্পদানিত্বাৎ ভাবে কিপ্। ১ জ্ঞান,
চৈতন্ত। "ভগবত শিচন্মাত্রভাবিকারিণঃ" (ভাগবত ৩।৭।২)
২ চিতবৃত্তি। "চিদসি মনাংসি ধীরসি" (ভারুবজু: ৪।১৯)
'অচেতনদেহাদি সজ্ঞাতন্ত চেতনত্বং সম্পাদয়ন্তী বাত্তবস্তম্প্র
নির্নিক্ষরপং সামান্তজ্ঞানং জনয়ন্তী বৃত্তিশিত্তং দেবাত্র
চিশিন্তাচাতে।' (মহীধর) ও নির্বিকরকপ্রত্যক্ আত্মত্বরূপ
সকল নস্তব অবভাসক জ্ঞান। "চিদিহাত্মীতি চিন্মাত্রমিদং
ভিন্নির্বাহন। চিৎত্বং চিদহসেতেচ লোকাশ্চিদিতি ভাবয়েৎ।"
(জারত্রাং।) চিনোতি চি-কর্ত্তরি কিপ্। (পুং) ৪ চয়ন-

করা। কর্মণি কিপ্। (পুং) ৫ অমি। (অব্য) ৬ অসাকল্য। ৭ বিভক্তান্ত কিম্ শন্দের উত্তর প্রত্যারবিশেব "কন্চিৎ কিঞ্ছিৎ" ইত্যাদি।

চিত ( কি.) চি-কর্মণি জ। ১ ছন। ২ রুতচরন।

চিতং, পঞ্চাবের অন্তর্গত অন্থালা ও কর্ণাল জেলার একটা নদী।
ইহা সরস্থতী নদীর কএক মাইল দক্ষিণে উৎপন্ন হইরা সরস্থতীর সহিত সমাস্তরভাবে কিছু দূর গিরাছে। বালচকর
নগরের নিকট উভর নদীর বালুকামর গর্জ প্রার মিলিত হইরাছে, কিন্তু কিছুদূর গমনের পরই আবার পৃথক্ হইরাছে।
চিতংনদী যমুনার সহিত সমস্তরালভাবে হান্সি ও হিসার
অভিমুখে গমন করিরাছে। নদীর এই অংশ পন্চিম যমুনাথালের এক অংশ। ইহাতে ক্লবিকার্যের বেশ স্থবিধা
হইরাছে। পূর্বে এই নদী ভাটুনেরনগরের কএক মাইল
নিম্নে ঘর্ষরানদীর সহিত মিলিত হইত; আজও বালুকামর
সেই প্রাচীন গর্জ দৃষ্ট হয়। পরে স্রোত্ত পরিবর্ত্তিত হইলে
বর্জমান থালে পরিণত হইরাছে। কেহ কেহ অন্থমান করেন
চিতং একটা মন্ত্রাকৃত থালমাত্র, ক্লবিকার্য্যের স্থবিধা জন্ত
থনন করা হইয়া থাকিবে।

চিতরতলা, উড়িয়ার কটকজেলার অন্তর্গত মহানদীর একটা শাথা। এই নদী বিরূপার উৎপত্তি-স্থান হইতে ১০ মাইল নিমে মহানদী হইতে বিচ্ছিন্ন হইয়াছে। কিছুদ্রে আসিরাই চিতরতলা ও স্থন এই ছই শাথার বিভক্ত হইয়াছে। প্রায় ২০ মাইল গমনের পর এই ছই নদী পুনরার মিলিত হইয়া স্থন নাম ধারণ করিয়াছে ও পরে উপক্লের কিছুদ্রে মহানদীর মোহানার পতিত হইয়াছে। কেল্পোড়া থাল প্রথমে এই চিতরতলানদীর উত্তর দিয়া আদিয়াছে, পরে স্থননদীর উত্তর দিয়া আদিয়াছে, পরে স্থননদীর উত্তর দিয়া কটক হইতে ৪২২ মাইল দ্রে মার্লাঘাই নামক স্থানে নদীতে মিশিয়াছে।

চিতলতুর্গ, মহিন্তর রাজ্যের অন্তর্গত নগর বিভাগের একটা হর্গ। হুর্গের নামান্থনারে ঐ জেলা ও উহার প্রধান নগরের নামও চিতলহুর্গ হইরাছে। ছাতার স্থার আকার বলিয়া এই হুর্গকে ছিত্তলহুর্গ বলে, তাহা হইতে চিতলহুর্গ নাম হইরাছে। জেলার পরিমাণফল ৪৪৭১ বর্গমাইল। ইহার উত্তর ও উত্তরপূর্কাসীমায় মাল্রাজ প্রেসিডেলির অন্তর্গত বেলারী জেলা, দক্ষিণে ও দক্ষিণপূর্কাসীমায় মহিন্তরের ভূম্কুর্ জেলা এবং পশ্চিমে কদ্র ও মহিন্তরের শিমোগা জেলা অবস্থিত। উত্তর-পশ্চিমে ভূসভদানদী ইহাকে ধারবার হইতে পৃথক্ করিতিছে। ইহার প্রধান নগর চিতলহুর্গ বঙ্গার হইতে প্রায় ১২০ মাইল উত্তরপশ্চিমে অবস্থিত। আকাং ১৪০ ১৪ উঃ,

জাখি ৭৬ ২৬ পৃ:। এই নগরেই বিচারালয় ও প্রিশ-ভৌশন আছে।

महिन्द्रदात मध्य এই জেলা मर्साएका अपूर्वता ७ श्रास्त्र-ষ্টিমর। এখানে বার্ষিক রূপাত অত্যস্ত অল। বেদবতী নামে তুলভদ্রার একটা উপনদী জেলার নৈশ্বতিকোণ হইতে ইশানকোণাভিমুখে বহিতেছে। অমুচ্চ গিরিমালা স্থানে স্থানে পূর্ব্বপশ্চিমে বিস্কৃত। তত্তির অন্ত স্থানে বিস্তীর্ণ প্রান্তর আছে। हेश नमुजुर्छ हरेल अफ २००० किं छेछ। शीयकाल বেদবতীতে বালির চড়া পড়ে, প্রায় অল থাকে না। বালি খুঁ ড়িলে তবে কিছু জল পাওরা যায়। এই জেলার কোনধানেই তেমন গাছপালা হয় না। অনেকে বলেন যে. বড় বড় বনজন্দল কাটিয়া ফেলাতেই বৃষ্টির অভাব ও তজ্জ্ঞ ক্রমেই জমি অমুর্বরা হইরা পড়িরাছে। কুত্রিম উপারে জলসেচনাদির বাবকা করিলে উত্তম শক্তাদি জন্ম। পশু-চারণের উপযোগী তৃণসমাচ্ছন্ন ক্ষেত্রও স্থানে স্থানে দেখিতে পাওয়া যায়। দক্ষিণভাগে লবণাক্ত মাটীতে নারিকেল প্রভৃতি গাছ জন্ম। মধ্যভাগের পাহাড়ে খনিজ লৌহ, চুবক, নেট-পাথর ও অক্তান্ত পাথর পাওরা হার। পাহাড়ে ব্যান্ত, ভলুক, দীপি, তরকু ও বহাবরাহ বাস করে।

পলিগার সন্ধারণণ বহুকাল চিতলতর্গে রাজত্ব করিতেন। এই জেলার অন্তর্গত নিশু গু। নামক অতি প্রাচীন গ্রামে খুষ্টীয় ৫ম শতান্দীয় এক শিলালিপি পাওয়া যায়। তৎপাঠে জানা যায় যে, ঐ স্থান গঙ্গবংশীয় রাজাদিগের অধীন কোন জৈন রাজার রাজধানী ছিল। চালুক্য ও বলালবংশীয় রাজ-গণের প্রাধান্তকালে গঙ্গবংশীয় কোন রাজাই সম্ভবতঃ এই স্থানে রাজত্ব করিতেন। মুসলমানগণ বল্লালবংশ জয় করিলে বিজয়পুরের হিন্দুরাজগণ দাক্ষিণাত্যের অধীশ্বর হন। এই সময়েই রাজধানী বিজয়পুর হইতে বহু দূরবাসী সামস্ত-রাজগণ একরূপ স্বাধীনতা লাভ করেন। তন্মধ্যে চিতলছর্গ, নিত্রগল ও নায়কন্হটির পলিগারেরাই প্রধান। এই পলিগারগণ বেদর বা বোয়াজাতি, প্রাচীন কিরাত জাতির স্তায়। এই রাজবংশের স্থাপয়িতা ১৫০৮ খৃষ্টাব্দের সমকালে চিতলত্র্গ অধিকার করেন। দাক্ষিণাত্যে মোগল, পাঠান ও यहाता है निरंगत त्यात युक्तकारन शिनगात्रगंग कोन ना कोन পক্ষ অবলম্বন করিতেন। জনৈক সন্দারের বিশাস্থাতকতায় ১৭৭৯ খুপ্টাব্দে চিতলত্র্গ হারদর্শালির অধিকৃত হয়। হায়দর-भानि त्राख्नात्क वन्नी ७ त्वमत्र वानकशगत्क निक कर्त्य नियुक्त করেন এবং সমন্ত নগরবাসীকে নিজ রাজধানীতে লইয়া যান। ১৭৯৯ খৃষ্টাব্দে টিপুর মৃত্যুর পর চিত্তগৃহ গ । ১৮৩০-৩১ খৃঃ অব্দে সমন্ত মহিন্দ্রের সহিত চিত্তলর্গ ইংরাজগবর্মেন্টর অধীন হয়। পরে ১৮৮১ খৃইাজে মহিন্দ্রের শাসনভার পূর্ব্বরাজবংশীর রাজার হত্তে অর্পিত হইন্যাছে। স্প্রতি বৃটিশ নির্মেই ইহার শাসনভার্য চলিভেছে। দবন্গিরি, হরিহর, চিতলত্র্গ ও ভূর্বহুর এই ক্রটী প্রধান নগর। চিতলত্র্গের দক্ষিণে যোগীমঠ নামক পর্বভের উপর একটী স্বাহ্যনিবাস আছে।

শভের মধ্যে ধান্ত, ভূটা, বাজরা, সরিষা, তিল প্রভৃতি ও কোন কোন স্থানে কার্পাস জন্মে, দক্ষিণভাগে নারিকেলও উৎপন্ন হয়। এখানে শক্ত অতিশর হর্ম্মূল্য। বহুকাল হইতে বেদবতীনদীর উপর ১৫ লক্ষ টাকা ব্যরে একটা বাধ করিবার করনা হইতেছে। তাহা সম্পন্ন হইবে জেলার অনেক অংশ বিশেষ উর্বরা হইবে। ইতিমধ্যে বহুব্যরে জলাগমের অনেক উপায় করা হইবাছে।

দেশীয় লোকে কার্পাস, উর্ণা ও কোছ প্রভান্তির নানাবিধ

দ্রব্য নির্মাণ করে। কোন কোন স্থানে কার্পাসের অতিস্ক্রম্ম ও স্থানর বজাদিও প্রস্তুত হয়। জেলার সর্ব্যক্ত উৎক্রই

কম্বল প্রস্তুত হইয়া থাকে। কোন কোন কম্বল ২০০০ হইতে

০০০০ শত টাকা পর্যান্ত মূল্যে বিক্রীত হয়। জেলার মধ্যভাগ্নে

পর্বতে লোহ পাওয়া যায়, তাহাতে ক্রমিকার্য্যের যন্ত্রাদি ও

ছুরী, কাটারি ইত্যাদি নির্মিত হয়। মালিবেমুর ও হরিহরের

কাচের চুড়ি মন্দ নয়। মোটা কাগজও স্থানে স্থানে প্রস্তুত

হয়। সম্প্রতি কাচের কাজ একপ্রকার উঠিয়া যাইতেছে।

দবন্গিরি প্রধান বাণিজ্যস্থান। এখানকার বহাগুবাক্, মরিচ ও কম্লাদির সহিত মাস্ত্রাজ্য হইতে আনীত ছিট্বস্ত্র, বাসন ও লবণাদির বিনিময় হয়। নায়কন্হটি নগরে বার্ধিক মেলা হইয়া থাকে।

২ উক্ত চিতলত্র্গ জেলার একটা তালুক। একটা পাহাড়-দ্বারা উত্তর ও দক্ষিণে এই তালুক তুই ভাগে বিভক্ত। এই তালুকের পশ্চিমভাগে ভীমসমুদ্র নামে সার্দ্ধ তিনমাইল দীর্ঘ ও তুইমাইল বিশ্বত একটা প্রকাশু জলাশর আছে।

চিতলমারি, বাদালার অন্তর্গত খুলনাজেলার একটা গ্রাম।
এই গ্রাম মধুমতীনদীতীরে অবস্থিত। এথানে চৈত্রমাসে
৬ দিন ধরিয়া একটা মেলা হয় এবং তাহাতে প্রায় প্রতিদিন
৪০০০ লোকের সমাগ্য হইয়া থাকে।

চিত্তলমাছ, (Notopterus Chitala) মংস্থাবিশেষ। এই জাতীয় মংস্থা অনেকাংশে ফলুইমাছের মত। পৃষ্ঠদেশ অতিশন্ত কুজাকার, নাগিকা উন্নত এবং পৃষ্ঠের পাথনা মস্তক অপেকা পুছের অধিক নিক্টবর্ত্তী। ইহাদের শব্দ অতি ক্ষে এবং রৌপাবর্ণ। ইহাদের বিতার কাঁটা আছে। গলদেশ হইতে উদ্বের নিম পর্যান্ত প্রায় ৫> সারি কাঁটা থাকে। বর্ণ পৃষ্ঠদেশে ধ্সর ও তান্ত্রাভ, কিন্তু পার্মদেশ রৌপোর ভার। এক একটা চিত্রসাছ ৩৪ হাত বড় ও ওজনে কেড় মণ ছই মণ পর্যান্ত হইরা থাকে। বজোপসাগর, উড়িব্যা, আসাম, সিন্তু-প্রদেশ, ভাম, করম প্রভৃতি স্থানের নদী ও পুন্ধরিণীতে এই মাছ বাস করে। নিয়বকেই এই মাছ বেশী বড় হয়।

ইহারা ছোট ছোট ৰাছ ধরিয়া থার বলিরা বে প্রুরিণীতে চিতল মাছ থাকে, সেথানে অগ্রাস্ত মাছ অধিক জন্মিতে পারে না। ইহাদের আবার বিভিন্নরূপ জাতিও দেখা যার।

টাট্কা চিতলমাছ শাইতে সুস্বাহ ও পৃষ্টিকর। অধিকতর তৈলাক বলিয়া অনেক সময় কেবল তৈলসংগ্রহ জন্তই ইহাদিগকে ধরা হয়। তৈল সংগ্রহ করিতে হইলে মাছ ধরিয়া প্রায় ২৪ ঘণ্টাকাল রাখিয়া জলে সিদ্ধ করিবে, পরে ভাজিয়া জাঁতা দিবা চাপিলে তৈল বাহির হইবে। ঐ তৈল পরিকার করিয়া আলাইবার জন্ত ব্যবহৃত হয়। অবশিষ্ঠ অংশে উত্তম সার হয়।

চিতা (স্ত্রী) চীয়তে শ্বশানাগ্নিরস্তাং চি অধিকরণে ক স্থিয়াং
চাল্। শ্বদাহাধার, চুলী। পর্যার—চিত্যা, চিতি, কার্চ্মচা,
টৈত্যা, চিতাচ্ডক, চিত্যা। চিতার শ্বদাহের প্রথা অতি
পূর্বালা হইতে প্রচলিত। শতপথবান্ধা, কাত্যারনশ্রোতস্ত্র,
লাট্রারনশ্রোতস্ত্র প্রভৃতি বৈদিক গ্রন্থে চিতার কথা আছে।
কাত্যারনশ্রোতস্ত্রের মতে যে কোন সমস্থানে বহল তৃণ
কার্চাদির নিরভাগে অগ্নি রাধিয়া চিতা রচনা করিতে পারা
যায় (১)। কার্চাদির স্থানে ক্রীরযুক্ত অর্ক্রক, হুর্কা, শর, মুঞ্জ,
পৃশ্লিপর্ণী, মারপর্ণী, অধ্যতা অথবা চণ্টণিকাকার্চে চিতা
সাজাইবে (২)।

ভ্ৰতিত্ব লিখিত আছে—সগোত্ৰজ, সপিও অথবা বনুবৰ্গ শবকে লইবা চিতার স্থাপন করিতে পারে। পুরুষ হইলে দক্ষিণদিকে পা রাখিয়া উব্ড করিবা শোয়াইবে, কিন্তু স্ত্রী হইলে চিৎ করিবা শোয়াইতে হয়। [দাহ দেখ।]

ভদ্ৰে মন্ত্ৰসাধনাক চিভার কথা লিখিত আছে। বীর-তন্ত্রের মতে—যে কোন পক্ষে কট্রনী বা চতুর্দদীতে চিতাসাধন হইতে পারে, তবে ক্লফপক্ষই প্রশস্ত। দেড়প্রহর রাত্র অতীত হইলে শব লইয়া চিভার গিয়া আপনার হিতের জস্তু সাধন করিবে। জর করিবে না, হাসিবে না, চারিনিকে চাহিবে না। আপনার মনেই মত্রপাঠ করিবে। সাধনের সমর আমিবফুক অল্ল, ওড়, ছাগ, স্থরা, পারস, পিটক ও ইচ্ছামত নানাফল দিয়া নৈবেদ্য করিরা শত্রপাণি স্ক্রদের সহিত বীরসাধন করিবে।"

তন্ত্রসারে লিখিত আছে—
"অসংস্কৃতা চিতা গ্রাহা ন তু সংস্কারসংস্কৃতা।
চাণ্ডালাদিরু সংপ্রান্তা কেবলং শীলসিমিদা।"

অর্থাৎ অনংকৃত চিতাই ব্রীরাচারে প্রালম্ভ, যে চিতার সংকার করা হইরাছে তাহা উপবোগী নহে। বিশেষতঃ চাঁড়াল প্রাভৃতিকে বে চিতার দাহ করা হইরাছে, সেই চিতার দীয় অতীই সিদ্ধি হর। ২ সমূহ। (মেদিনী)

চিত্তাকড়ি (দেশৰ) একপ্ৰকার কছি।

চিতাচ্ছাদন (ক্নী) চিতারাঃ আচ্ছাদনং ৬তং। চিতার আচ্ছাদন-বস্ত্র।

চিক্তাপ্তন (দেশৰ) চিৎ হইয়া পড়া।

চিতাবাধ (চিত্রব্যাধ্র, চিত্রক) শার্দ্দ্দ্দ্র জাতীর অপেক্ষারত ক্রাবেরব মাংসাসী হিংল্লজন্ত। রুরোপীর প্রাণিতকবিদ্গণ ইহাদিগকে বিড়ালজাতির মধ্যে গণ্য করেন। সচরাচর নানাবর্ণে চিত্রিত বলিরাই ইহাদিগকে চিত্রব্যাধ্র বা চিতাবাধ্বলে। ইহাদের সমস্ত অবরব প্রদৃঢ় ও সবল, গঠন অনতি স্থুল, মন্তক গোলাকার, দংট্রা অতিশয় তীক্ষ এবং পারের থাবা প্রতীক্ষ নথর-বিশিষ্ট। ইহাদের পুত্র প্রদীর্ঘ এবং সর্বাঙ্গ ঘন কর্কশ লোমাবৃত্ত। গাত্রে গোল বক্র রেখা প্রভৃতি নানা আকারের রক্ষবর্ণ চিহ্ন আছে। ইহাদের বর্ণ প্রারই ক্রকাভ পীত। ভারতবর্ষ, পূর্বউপদীপ, আফগানস্থান, সিংহল প্রভৃত্তি এসিয়ার নানাস্থানে ও আফ্রিকার চিতাবাধ্ব দেখা বার। নানাস্থানে ইহাদের নানারপ জাতি আছে। অনেকে কালবাধ্বেও এই শ্রেণীভূক্ত করেন। এই চিতাবাধ্বেরই ক্লোকার এক জাতিকে বিবিবাধ্বলে।

চিতাবাৰ নিবিড় অরণ্যে বাস করে না, ঈষং জন্ধপূর্ণ গিরিপার্যে থাকিতে ভালবাসে। ইহারা ভরানক হিংলা। মহস্তকে কিছুমাত্র ভর করেনা এবং কোন কোন সময়ে শিকারীকে পর্যান্ত মারিয়া কেলে। ইহারা মৃগশাবক প্রভৃতি বক্ত আছ ধরিয়া খার, স্থবিধা পাইলে গোমহিষাদিও নাই করে। কথন কখন আমে প্রবেশ করিয়া গোমেহাদি এমন কি বালকবালিকা পর্যান্ত ধরিয়া লইয়া বায়। ইহানের লক্ষ্ণ ও গ্রনাদি প্রায় ব্যাছের জার। জনারাসেই এ৬ হাজ উচ্চ প্রান্তীর সক্ষন করিয়া বাইতে পারে। স্থানেক সমহ নিকটে

<sup>(</sup>১) "বিভানং সাধ্যিত্বা সনে বছলতুণেহত্তরাল্পে চিভিং চিনোভি ৷\*
( কাডাগ্রনলৌভত্ত ২০।গা১০)

<sup>(</sup>२) 'न डिकियर मुख्क नाहार्यः य तृतेनः कारेकेन्छिकिर्विह्या छातृत्न स्वरमः ( सर्वेकांगः)

পাইলে ৰথেকা গোরু, ছাগল প্রভৃতি মারিয়া কেলে। কুধা না থাকিলেও ইহারা প্রাণীহিংনার নিবৃত্ত হয় না। ইহারা প্রায়ই মৃতজ্ঞত্ত থার না, তবে বেশী কুধা পাইলে মৃত জীবও উদরসাং করে। ইহারা গুলবনে লুকাইয়া চুপ করিয়া বিদয়া থাকে, সক্ষে কোন প্রাণী আসিলে অমনি তাহার উপর লাফাইয়া পড়ে। কথন কথন সন্মুখ বুদ্ধ করিয়াও শীকার করে।

ইহারা সহজে পোষ মানেনা। কিন্তু শৈশবাবস্থায় ধরিরা ইহানিগকে পোষ মানাইতে ও কুকুরের ক্লার প্রভুর আক্রা পালন করিতে দেখা গিরাছে। ভারভবর্ষের জনেক স্থানে পোষা চিতাবাঘ সলে লইরা জনেকে তামালা দেখাইরা জীবিকা উপার্জন করে। আবার জনেকে চিতাবাঘ শুরিরা তদ্বারা মুগাদি শিকার করে।



(Falis jubata) মধ্যভারতে, দাকি-পাত্যের মধ্যভাগে, রাজপুতানা ও সিদ্ধু প্রদেশ প্রভৃতি স্থানে দেখিতে পাওয়া যায়। সিরিয়া, মেসোপটেমিয়া প্রভৃতি এসি-যার দক্ষিণপশ্চিমভাগে এবং আফ্রিকার সর্বত্য ইহারা অল্লা-ধিক বাস করে। ইহাদের বর্ণ ধুসর ও খেত এবং গায়ে খন ঘন গোলাকার কৃষ্ণবর্ণ চিহ্নযুক্ত। প্রত্যেক চকুর প্রাপ্ত হইতে একটা ক্লফবর্ণ রেখা টানা, পুচ্ছে ডোরা ও অগ্রভাগে রুষ্ণবর্ণ, উদরের লোমাবলী দীর্ঘ ও রুদ্ধে অল্প কেশর থাকে। ইহাদের চকু গোলাকার, কটিদেশ সরু, পদ দীর্ঘ। এই জম্ভ লইয়া ক্লফসার ও অক্তান্ত মুগশিকার করা যায়,তাই ইহাদিগকে শিকারী চিতা বলে। কিছু বড় হইলে ধরিয়া আনিয়া পোষ মানার, পরে শিকার করিতে শিখার। পোষ মানাইবার সময় रेशिनिगरक व्यवशा উত্তেজিত कतित्व वा मर्त्वना वन्नी कतित्रा त्रांथित किङ्क्टेंकन रह ना। সাवधारन यर्थाभयुक श्राधीनजा এবং আদর দেওরা চাই। শিকারে যাইবার সময় শিকারীগণ চিতাকে একটা শকটের ভিতর রাখিয়া চক্ষে ঠলি দিয়া লইরা যায়। পরে সমুখে কৃষ্ণসারমূগের পাল দৃষ্ট হইলে যথাসাধ্য নিকটে গমন করিয়া শক্ট হইতে চিভাকে বাহির করে এবং ভাহার চকের ঠুলি খুলিরা দের। চিতা শিকার দেখিবামাত্র নিঃশব্দে তাহার দিকে অগ্রসর হয়, পরে যথন নিকটে গমন করে বা শিকার যদি জানিতে পারে, অমনি व्यक्तरात नव करन्द्र भिकारतत जैभन्न शिवा भएए। यनि व्यथम উন্যামই ধরিতে না পারে, তবে ক্রোধে ও হতাশে অধীর হইরা বিকট মুথভিঙ্গপুর্বাক বিদিয়া থাকে। চিতা দলের মধ্যে সর্বাপেকা বহদাকার রক্ষসারকেই আক্রমণ করে এবং গলার কামড়াইয়া ও মন্তকের উপর একথাবা দিয়া এরপভাবে তাহাকে আয়ও করে যে রক্ষসার শুঙ্গরারা চিতার কিছুই করিতে পারে না। শিকারের পর মুগের একটা পা কাটয়া পরিশ্রমের পুরস্কার শ্বরপ চিতাকে দেওয়া হয়। যে রক্ষসারের ক্রতগতির নিকট কি বিলাতী কি দেশীয় কোন ডালকুতা সমকক নয়, সেও চিতার নিকট সহজেই পরাস্ত হয়। কিন্তু চিতা অধিকক্ষণ দৌড়িতে পারে না। শিকারীগণ চিতাকে শিশুকাল হইতে পালন করিলে ভাল শিকার করিতে পারে না, কিছু বড় হইয়া মাতার নিকট পশু ধরিবার কৌশল শিক্ষা করিবার পর উহাদিগকে ধরিয়া পোষ মানাইলে তবে উৎক্লষ্ট শিকারী হয়।

চিতামণপুর, বেহারের অন্তর্গত শাহাবাদ জেলার একটা নগর। চিতালিয়া, বালালার অন্তর্গত সাঁওতালপরগণার একটা জমি-দারী, ইহা গবর্মেণ্টের সম্পত্তি।

চিতারেবা, মধ্যপ্রদেশের একটা নদী। ইহা ছিল্পবারাজেশা হইতে উৎপন্ন হইরা ৫০ মাইল আসিরা নরসিংহপুর জেলার অন্তর্গত পাটলোন্ নামক স্থানের নিকট সকরনদীতে পতিত হইরাছে। নর্মানা-মাইনিং কোম্পানির করলা এই নদীর সাহায্যে অন্তর প্রেরিত হর। চিতাভস্ম (क्री) চিতারা: ভস্ম ৬৩ং। চিতার জস্ম।

চিতাক্সমি (স্থী) চিতারা: ভূমি ৬৩ং। শ্বশাম।

চিতাক্সঢ় (নি) চিতাং শারুঢ় ২৩ং। চিতাতে বে শারোহণ

করিরাতে।

চিতাশায়িন্ (বি) চিতারাং শেতে চিতা-শী-ণিনি উপসং।
চিতাতে যে শয়ন করিরাছে।

চিতাসাধন (ক্লী) চিতারাং সাধনং ৭তং। চিতার উপরি
সাধন। উভরপক্ষের চতুর্দনী বা অপ্তমীর দিনে রাত্রি দেড়প্রহরের সমরে চিতার উপরে বসিরা নির্ভিক্চিত্তে ইউমত্র রূপ
করিবে। সামিব অর, শুড়, ছাগ, মদ্য, পারস, পিষ্টক এবং
নানাবিধ কলছারা নৈবেদ্য করিরা পূজা করিবে। (ভরসার)
চিতাহরিন (দেশজ) চিত্রমুগ।

চিত্তি ( ত্রী ) চীয়তে অস্তাং চি আধারে ক্তিন্। ১ চিতা।

ি চিতা দেখ।

"চিতিং দারুময়ীং চিদ্বা।" (ভাগবত ৪।২৮/৫) ন্দীর আটাযুক্ত আকল প্রভৃতি বৃক্লের কাঠ, দ্র্বা, মুঞ্জ, মাবণরী, চণচণিকা (ধঞ্চে), অখগন্ধা ইত্যাদি হারা অনেক তৃণযুক্ত স্থানে চিতি নির্মাণ করিবে, চিতির কাঠামুসারে মাটীর ওণ হইয়া থাকে।

ভাবে ক্রি। ২ সমূহ। ৩ চরন। ৪ অয়ির সংশ্বারবিশেষ। "গার্হপত্যং চেব্যন্ পলাশশাধাব্যুদ্হতি অবস্তৃতি হৈতৎ গার্হপত্যং চিনোভি" (শতপথবান্ধণ ৭।১।১।১ ।)

৫ ইট্টকাদির সংস্কার। "প্রাণভৃত উপদধাতি। প্রাণা বৈ প্রাণভৃতঃ প্রাণানেবৈ তত্ত্পদধাতি। তাঃ প্রথমারাং চিতা উপদধাতি" (শতরাহ্মণ ৭।১।১।১।) ৬ ভিত্তিক্ ইট্টকসমূহ। [চিতিব্যবহার দেখ।] ৭ ছর্মা। "চিতিক্টেডজ্ঞভাবাদ্ বা চেতকা বা চিতিঃ স্থতা" (দেবীপুং ৪৫ আঃ) কপ্ হইলে দীর্ঘ হয় (চিতেঃ কপি। পা ৬।০।১২৭।) যথা একাচিতীক ইত্যাদি। চার দীপ্রৌ-কিন্। ৮ চৈতক্ত।

চিতিকা (স্ত্রী) চিতিরিব কারতি চিতি-কৈ-কটাপ্। ১ কটিশৃথাল, মেথলা। চিতি-স্বার্থে কন্টাপ্। ২ চিতিশব্দের যে যে অর্থ। [চিতি শব্দ দেথ।] চিতা-স্বার্থে কন্টাপ্। ৩ চিতা।

চিত্তিম্ (ত্রি) চিতিরস্তান্থিন্ চিতি-মস্তার্থে মতুপ্। যে দেশে বা স্থানে চিতা আছে।

চিতিব্যবহার, যেরূপে ইষ্টক ও প্রস্তরাদির পরিমাণ নিরূপণ করিতে হয়, তাহার প্রকরণকে চিতি করে।

ভান্ধরাচার্য্যের মতে---

"উচ্ছ্যুরেণ গুণিতং চিতেঃ কিল ক্ষেত্রসম্ভবন্ধলং খনং ভবেৎ। ইটিকা খনহুতে খনেচিতেরিটিকাপরিমিতিস্ত লভ্যুতে। ইউক্টেছ্রেরছড্ড্রিডিন্ডিড্রে স্থাংকরাল্ড ল্বনাং চিভেরণি।" ( লীলাবতী ৯৬)।

প্রথমে খাভব্যবহার অস্থসারে ইউক প্রভৃতি চিতির ক্ষেত্রফল সাধন করিলে উচ্চতা (উচ্ছুর) হারা গুণ করিলে ভাহাই চিভির খন হইবে। পরে ইউকাদিরও খনফল আনরন করিয়া উপরোক্ত চিভির খনকে ভাগ করিলে ইউকাদির পরিমাণ হইবে।

পূর্ব্বোক্ত মতে চিতির উচ্ছি,তিকে ইটিকাদির উচ্ছি,তি দারা ভাগ করিলে তারকল সিদ্ধ হয়।

উনাহরণ—ইটকানির দৈর্ঘ্য ১৮ অসুল, প্রস্থ ১২ অসুল, ও উচ্চতা ও অসুল। বাহার দৈর্ঘ্য ৮ হাত, প্রস্থ ৫ হাত ও উচ্চতা ও হাত, এমন চিতির (পাঁজার) মধ্যে কত ইট্ ও তাহার মধ্যে কত তর সংখ্যা থাকে তাহার নিরূপণ কর। অসুলিপরিমাণে চিতিরে ইটকানির ঘনকল ৬৪৮ হয়। আর অসুলপরিমাণে চিতিতে ১৬৫৮৮৮ ঘনকল হয়। অতএব চিতির ঘনকল ১৬৫৮৮৮ কে ইটকার ঘনকল ৬৪৮ দিয়া ভাগ করিলে ২৫৬০ চিতির ইটকের সংখ্যা হইল। এইরূপ আবার চিতির উদ্ভিত্তি ও হাত অর্থাৎ ৭২ অসুলিকে ইটকের উচ্চতা ও অসুলিহারা ভাগ করিলে ২৪ চিতির অরের পরিমাণ হইল।

চিতিসাপ (দেশজ) একজাতীর সর্প, চিতুইসাপ। ইহার। চালে বাস করে। [সর্প দেখ।]

চিতোর, রাজপুতানার অন্তর্গত উদয়পুরের একটা হুপ্রসিদ্ধ প্রাচীন নগর ও পূর্বতন রাণাগগের রাজধানী। অক্ষা ২৪° ৫২ ডঃ, দ্রাঘি ৭৪° ৪১ পু:। নীমচ হইতে রাজবন্ধ এই নগর দিয়া নসিরাবাদ গিরাছে। ইহা হোল্কর-সিদ্ধিমা-টেট রেশওরের একটা টেসন।

চিতোরের কোন উচ্চস্থানে দণ্ডায়মান হইয়া চতুর্দিকে নেত্রপাত করিলে এক অপূর্ক দৃশ্র নয়নগোচর হয়। প্রথমেই সমতল হইতে ক্রমোচ্চ প্রবণভূমি পর্ক্ষতাকারে উথিত, তাহার শীর্ষন্থানে প্রাচীরবেষ্টিত গড় শোভিত, ইহার কোন স্থানে হিন্দুগোরবের উজ্জল দৃষ্টান্তস্বরূপ অত্যুক্ত জয়ন্তম্ভ অচল অটল ভাবে দণ্ডায়মান, কোনস্থানে অত্যাশ্চর্য্য ভাষ্মরকার্য্যমাধিত প্রকাশ্ত সোধমালা অকুশ্র অবস্থায় বর্তমান থাকিয়া তাৎকালিক অত্ত বুদ্ধিকৌশল ও শির্টনপ্রণ্যের পরিচয় প্রদান করিতেছে; কোথাও বিত্তীর্ণ জলাশয় ও ভাহাদের তীরম্থ প্রানাদ সকল মহাপরাক্রান্ত রাণাদিগের বাসন্থান নির্দেশ করিতেছে ও তাঁহাদের অত্ত বীরকার্য্য সকল স্থাত-পথে উপস্থিত করিতিছে ও তাঁহাদের অত্ত বীরকার্য্য সকল স্থাত-পথে উপস্থিত করিতিছে । প্র্যাকুলতিলক মহাবীর রামচন্দ্রের বংশধর ক্রমাও

বে নগত্র প্রক্রিউড করেন, বে ছাদশবর্বীর দ্বাজপুত বালকের भीर्ता निवनीक्रमस्याहिक क्र्यंत जानाउँकीरनतः जनगा रिन्छ जबनजर्गान शबन करत तारे महारीत वामरणत बनावित महाताब ভীমসিংহ ও মহাপরাক্রান্ত দিখিলরী কুন্তরাণার রাজধানী স্থামুদ্ধ ভারতবিখ্যাত চিতোরনুগর এবং মৃত্যুকে আলিজন করিয়াও বাঁহারা সমরে পুঠ প্রদর্শন করিতেন না এরপ শত শত বোদ্ধার প্রসবিনী বীরমাতা চিতোরনগরী একণে কিরূপ फर्मना थाथ रहेबाहर, हेरा तिथित कारात मता मखालत फ़ेमब ना रव १ त मिटक निवासी कवा बाब, मारे निटकर छति ভূরি ভ্রমাবশের ইহার প্রাচীন গৌরব ও স্থবসমুদ্ধির পরিচর দিতেছে। কোৰাও অত্যুক্ত শুস্ত, কোৰাৰ ভয়প্ৰাসাদ, কোণাও প্ৰকাও তোরণ্যার, কোথাও দেবালয়, এমন কি একখণ্ড সামান্ত প্রস্তর পর্যান্ত কোন না কোন ঐতিহাসিক ঘটনার বিকাশ করি-তেছে। বান্তবিক হিন্দুকুলগৌরব রাজপুত-রাজধানী চিতোরে গমন করিলে বর্ত্তমান অধংপতিত হিন্দুর হৃদরে যে কি এক ष्यश्र्म ভाবের উদয় হয়, তাহা লেখনীয়ারা ব্যক্ত হইবার নহে।

শৈলের পশ্চিম পাদদেশে চিতোর নগর অবস্থিত। নগ-বের আকার একটা বিশাল আয়তক্ষেত্রের ভায়। ইহার চতুর্দিক তুর্গদংলগ্ধ প্রাচীরবেষ্টিত। পশ্চিমভাগে অদুরে গমেরীনদী বহিতেছে, তাহার উপর পাথরের স্ত্রেকালের প্রতি উপেক্ষা করিয়াই যেন বর্ত্তমান রহিয়াছে। চিতোরের সমৃদ্ধিকালে শৈলশুক্ত তুর্গের ভিতর রাজপ্রাসাদ, কীর্ত্তিক্ত ও ञ्चान्न मिन्दापि निर्मित हरेड. काष्ट्रिर निम्नष्ट नगरत सम्मद व्योगिकानि निर्मित रम्र नारे। निम्नष्टनगत्राक जनशाँग करर। প্রাচীন শিলাফলকে উক্ত নগর চিত্রকৃট ও পাহাড়ই চিত্রকৃটাচল नाम वर्ণिङ इहेबाइ । नगरत्रत्र भूर्व्य ७। भारेन मीर्घ रेनन-শিখরে ভবনবিখ্যাত চিতোরগড় অবস্থিত। এই গড়ের দৈর্ঘ্য প্রায় ৫৭৩৫ গজ ও বিস্তার ৮৩৬ গজ। শিখরদেশ অতিশয় হুর্গম, কিছুদুর নিয় হইতে প্রবণ্ডুমি ক্রমনিয় হইয়া সমতলে মিশিয়া আদিয়াছে। হুর্নের অভ্যন্তরে প্রকাণ্ড প্রকাণ্ড অনেক জলা-শয় আছে। সর্ব্ব উত্তরভাগে হুর্গ প্রাচীর ১৭৬১ ফিট ও সর্ব্ব দক্ষিণভাগে ১৮১৯ ফিট উচ্চ। হুর্গে প্রবেশ ব্রম্ভ তিন দিকে তিনটা ভোরণছার। ঐ সকল ছার পর্যান্ত উঠিবার তিনটা ক্রমোচ্চ পথ আছে। পশ্চিমদিকের রাজপথই তন্মধ্যে প্রধান। এই পথ প্রার > মাইল দীর্ঘ। নগরের অগ্নিকোণ হইতে ছইটা তোরণ দিয়া প্রথমে উত্তরমুখে ১০৮০ গব্দ পর্যান্ত গিরাছে, পরে বাঁকিয়া গিয়া আরও এ৪টা তোরণ পার হইতে হইতে ৫০০ গল অতিক্রমণের পর রামপোল নামক ছৰ্গৰাৱে মিশিয়াছে। সমস্ত পথ সমভাবে ১৫ ইঞ্চিতে ১ ইঞ্চ জ্পমান্ত ও ছালে ছালে প্রস্তর-নির্শিত। ২র বার উত্তরভাগে লবছিত, ইহাতে উঠিবার পথ অভি হুর্নন, স্থতরাং প্রায় অব্যবহার্য। প্র্যাপোল নামে পর বার পূর্বভাগে অবস্থিত। এই বারে উঠিবার পথ প্রার ৭৫০ গল, ইহার উপরের অর্থাংশ প্রস্তরনির্শিত। চুর্গে প্রায় ৩২টা সরোবর থাকার প্রচুর জল পাওরা করে। পর্বতনিরে মগরের উপরিভাগে একটা নির্বরিগ্নি আছে, তথার সকল সমরেই অ্যাচ্ ও স্বাহাকর জল পাওরা যার। মধ্যভাগে অত্যর হানে গোধ্ম চাস হর, কিন্ত চারণযোগ্য ত্থাদি পাওরা যার না।

চিতোরগড়ের অবস্থান অতি উৎক্লই ও স্থান । ইহা চতুর্দিকের সমতন হইতে ১৫০ ফিট উচ্চ । পর্বতিগাত্র গভীর, ছর্গম ও নিবিড় ধাও জললে পরিপূর্ণ। বর্তমান সর্কোৎক্লই কামানখারাও ইহার উপর গোলাবর্ধণ করিতে পারা যায় না। বাত্তবিক চিতোরের সৌভাগ্যের সময় সমগ্র ভারতবর্বে এরণ গড় একটাও ছিল কি না সন্দেহ।

রাজপুতেরা বলিয়া থাকে স্থ্যবংশাবতংস নৃপকুল-ধুরন্ধর মহাপতি রামচক্রের কনিষ্ঠ তনর লবের পবিত্র বংশে বপ্তরাও জন্মগ্রহণ করেন। ইনিই ৭২৮ খুষ্টাব্দে চিতোরগড় নির্দ্ধাণ করিয়া তথার রাজধানী স্থাপন করেন। ১৫৬৮ খুষ্টাব্দ পর্যান্ত তথার বংশীরেরা তথার রাজত্ব করিতেন, পরে ঐ অব্দে সমাট্ অক্বর চিতোরগড় অধিকার করিলে তথনকার রাণা উদয়-সিংহ উদয়পুরে রাজধানী স্থাপন করেন।

চিতোরের থাটীন মন্দির ও কীর্ত্তিস্তাদির মধ্যে কুন্তরাণার কীর্তিস্ত, খোবাসিনস্তম্ভ, মোকলন্দির মন্দির, শিলারচৌরী প্রভৃতিই প্রধান। এতত্তির হুর্গের সর্ব্বিট বছল ভ্যাবশেষ পড়িয়া আছে। হানে হানে জৈনদিগের খোনিত অনেক শিলালিপিও পাওয়া বার। ভন্মধ্যে সর্ব্বাপেকা প্রাচীন লিপিধানি ৭৫৫ বিক্রমান্দে উৎকীর্ণ।

মানব ও গুর্জারের স্থলতানকে পরাজয় করিয়া সেই জয়বোষণার্থ কুস্তরাণা-প্রতিষ্ঠিত প্রস্তরের কীর্ত্তিস্তর্ভই চিতোরের
হিন্দুগোরবের প্রধান পরিচারক। ইহার উচ্চতা ১২২ ফিট
এবং প্রস্থ নিয়দেশে ৩৫ ফিট ও উর্জভাগে ১৭ই ফিট মাত্র।
ইহা ৯টা তলে বিভক্ত। প্রত্যেক তল স্থাপন্ত ও চতুর্দিকে
বাতায়নসমন্বিত। স্তন্তের পাদদেশ হইতে চূড়া পর্যাস্ত স্থানর রাজভান্তর কার্য্য-সমন্থিত। উহাতে হিন্দু দেবদেবীর
ম্র্জি, পৌরাণিক জনগণের মূর্ত্তি প্রভৃতি ধোদিত এবং কুস্তরাণার কীর্ত্তি ও তাঁহার পূর্বপ্রস্থাণের কীর্ত্তিকলাপ-বিঘোষক
শিলালিপি আছে। রাজপুত ঐতিহাসিক টড্ সাহেব উক্ত
কীর্ত্তিস্তর্ভে উৎকীর্ণ শিলালিপি সাহায়ে লিথিয়াছেন, ১৫১৫ সংবতে অর্থাৎ ১৪৫৮ খুটান্দে উক্ত কীর্ত্তিন্ত নির্মিত হয় (১)।

"In Samvat 1515, the temple of Brimba was founded and this year, Vrishpatwar (Thursday), the 10th.....on the immoveable Chutterkote, this Kheerut Stambha was finished".



fecultas mamm

ঞাত্বতবিদ্ কনিংহামের অন্থবর্তী গ্যারিকও টডের মত শীকার করিরাছেন। (২)

বিখ্যাত শিল্পান্তবিৎ কাও সন্ সাহেবের মতে ১৪৩৯

খুষ্টাকে ঐ অয়ভন্ত নির্মিত হয় (৩)। আবার বিখ্যাত হতীয় সাহেব লিখিয়াছেন—"The chief object of interest is the Khirat Khúmb, the pillar erected in 1450 by Ráná Khúmbhu, to commemoratehis defeat of the combined armies of Málwá and Gujarat in 1439." (8)

কিন্ত উপরোক্ত একটা মতও ঠিক নহে, ১৫১৫ সমতে কি ১৪০৯ খৃঃ অথবা ১৪৫০ খৃষ্টান্দেও নির্দ্মিত হর নাই, বান্তবিক ১৫০৫ সংবতে অর্থাৎ ১৪৪৮ খৃষ্টান্দে ঐ কীর্ত্তিন্তন্ত সম্পূর্ণ হর। উক্ত কীর্তিন্তন্তে উৎকীর্ণ ১৮৪-১৮৭ স্লোকে এইরূপ পরিচর আছে—

"বর্বে পঞ্চদশে শতে ব্যপগতে সপ্তাধিকে কার্ত্তিকভান্তানকৃতিথো নবীনবিশিবাং 

তীতিত্রকৃটে ব্যধাৎ।
উপ্তত্তারগচারকীরনিকরন্দীতপ্রভান্তাস্থরপ্রোদক্ষৎকপিশীর্বকান্ধিতিশিরোরম্যাং মহীবল্লভঃ 
৪ ১৮৪
শ্রীবিক্রমাৎ পঞ্চদশাধিকেছিলন্বর্বে শতে পঞ্চদশে ব্যতীতে।
চৈত্রাসিতেছনক্ষতিথো ব্যধারি শ্রীকৃস্তমের্কর্মধাধিপেন ॥১৮৫
প্রণ্যে পঞ্চদশে শতে ব্যপগতে পঞ্চাধিকে বৎসরে
মাঘে মাসি বলক্ষপক্ষদশমী দেবেজ্য প্র্যাগমে।
কীর্ত্তিস্তমকারম্বরপতিঃ শ্রীচিত্রকৃটাচলৈ
র্মানা নির্শ্বিতনির্জ্করাবতরবৈর্মেরো র্হসন্তং শ্রিয়ং॥ ১৮৬
সৎপ্রাকারপ্রকারং প্রচ্বরুরগৃহাড়ম্বরং মঞ্জ্ঞভূকশ্রেণীবরেণ্যোপবনপরিসরং সর্ক্সংসারসারং।
নন্দব্যোমের্শীতছ্যাতিমিতিকটিরে বৎসরে মাঘ্যাদে
পূর্ণায়াং পূর্বরূপং ব্যরচয়দচলং ছর্সমুর্কীমহেক্সঃ॥ ১৮৭

অর্থাৎ সপ্তাধিক পঞ্চলশ শতবর্ষ (১৫০৭) অতীত হইলে
নরপতি কুস্তকর্ণ কার্ত্তিকমানের প্রথম ত্রয়োদশীতে চিত্রকুটে
উন্নততোরণথচিতহীরকপ্রভাষারা দীপ্যমান এবং যাহার শিরোদেশ কপিংবজ্ব ষারা শোভমান এমন নৃতন আত্রাগার নির্মাণ
করেন।[১৮৪] বিক্রম হইতে পঞ্চলশাধিক পঞ্চলশশতবর্ষ (১৫১৫)
অতীত হইলে মহারাজ চৈত্রমানের ক্রফ্তর্রোদশীতে কুস্তমেক্র নির্মাণ করেন। [১৮৫] পঞ্চাধিক পঞ্চলশশতবর্ষ (১৫০৫)
অতীত হইলে নরপতি মাখমানের শুক্রদশমী রহম্পতিবার
প্র্যানক্ষত্রে চিত্রকুটে অচলক্ষরপ খোদিত নানা দেবতার
ম্র্রিষার স্বমেকর শোভাজয়কারী কীর্ত্তিক্ত স্থাপন করিয়াছিলেন। [১৮৬] নবাধিক পঞ্চদশশতবর্ষে (১৫০৯) মাঘমানের পূর্ণিমাতিথিতে পৃথিবীপতি স্কলর প্রাচীরবৃক্ত অনেক

<sup>( &</sup>gt; ) Tod's Rajasthan, vol. II. p. 657.

<sup>(2)</sup> Sir A. Cunningham's Archeological Survey Reports, vol. XXIII. p. 111n.

<sup>( )</sup> Fergusson's History of Indian Architecture

<sup>(\*)</sup> Dr. Hunter's Imperial Gazetteer, (2nd ed) vol.

º अस गाउं "विनिशार"।

দেবমন্দিরশোভিত মধুর গুল্লনীল ভ্রমর কুলপূর্ণ-উপবন-বিরা-জিত সকল সংসালসার জচল ছর্গ নির্দ্ধাণ করেন। [১৮৭]

উক্ত প্রমাণ বারা হিরীকৃত হইতেছে বে ১৫০৫ বিজ্ঞান সংবতে মাঘমাসে উক্ত কীর্ষিত্তক্ত নির্মিত হয়। টড্সাহেব যে ১৫১৫ সম্বতে "বৃদ্ধ" নামক দেবমন্দির নির্মাণের কথা লিথিয়াছেন, তাহাও সম্পূর্ণ প্রমান্মক, বাত্তবিক কীর্ষিত্ততে উৎকীণ ১৮৫ প্লোকে উক্ত বর্ষে কৃষ্ণমেক নির্মাণের কথাই লিথিত আছে \*।

বিধ্যাত টড্ সাহেবের মতে এই জয়তত্ত্ব দিলীর কুতব্মিনার অপেকা উৎকৃষ্ট। কিন্ত কনিংহাম্ সাহেবের মতে এই
তত্ত্ব কুতব-মিনারের সমকক হইতে পারে না। তিনি বলেন,
ইহার আপাদমন্তক স্ক্র ভাকরকার্য্যে পরিপূর্ণ থাকার ইহার
দৌলর্য্য বৃদ্ধি না হইয়া বরং ছাসই হইয়াছে। এরূপ না হইয়া
যদি মধ্যে মধ্যে শাদা জায়গা থাকিত, তাহা হইলে সৌল্য্য
আরও বৃদ্ধি হইত। ইহাতে উঠিবার সোপানশ্রেণী অতি
অপ্রশত্ত ও হারগুলি অতি কুল্র।

অপর একটা স্তন্তের নাম কীর্ত্তম্ অর্থাৎ ছোটকীর্ত্তম্। ইহা সন্তবতঃ দেবোদেশে নির্মিত হয়। এই স্তন্ত সম্প্রতি পতনোমুথ হইয়া আছে। প্রাচীরের স্থানে স্থানে ফাটিয়া গিয়াছে, এবং চূড়ার কতক অংশ ধ্যিয়া পড়িয়াছে।

চিতোরের মন্দিরগুলির মধ্যে মোকলঞ্জী-কা-মন্দির ও শিক্সারচোরী নামক মন্দিরদ্বাই প্রধান। প্রবাদ আছে— রাণা কুন্তকর্ণ পিতা মোকলন্দীর দ্বৃতিচিহুস্বরূপ উল্লিখিত মোকলন্দী-কা-মন্দির নির্মাণ করেন, আবার কাহারও মতে মোকলন্দী স্বয়ং ঐ মন্দির প্রতিষ্ঠা করেন। ইহা পূর্বপশ্চিমে ৭২ ফিট দীর্ঘ এবং উত্তরদ্ধিণে ৬০ ফিট বিভ্ত। ইহার মধ্যস্থলে চতুকোণ প্রকোষ্ঠ, উহার উপরের ছাদ থিলান করা এবং ক্রমে গোলাকার স্কৃটীর আকার ধারণ করিয়া চূড়ার পর্যাবসিত হইয়াছে। এই প্রধান প্রকোষ্ঠের পশ্চাতে

মন্দিরের পূর্বাংশে অপেকাকৃত কুল একটা গর্ভগৃহ আছে, তাহা অতিশয় অন্ধকারময়। মন্দিরের কোথাও আলোক गरिवात वत्मावतः नारे। छेळात निवाकाराक मीभगाराया ব্যতীত কিছুই নেত্রগোচর হর না। মন্দিরের উন্তর, দক্ষিণ ও পশ্চিমদিকে জিন্টী দরদালান ও প্রবেশহার আছে, তরাধ্যে পশ্চিমদিকের ঘারই প্রধান। পূর্বাদিকের প্রকোষ্ঠে একটা প্রকাণ্ড প্রস্তরমূর্ত্তি স্তম্ভাকারে দণ্ডারমান আছে। প্রস্তরের তিনদিকেই মুর্ভি খোদিত ও অত্যুৎকুট্ট ভারুরকার্য্য-শোভিত। এই মন্দিরের সর্ম্মত্রই প্রেন্তরখোদিত বহুসংখ্যক ষুর্জি পরিপূর্ণ। ইহার কোথাও বাদ্যকরগণ, কেহ ঢোল, কেহ করতাল, কেহ বাঁশী, কেহ মাগড়া ইত্যাদি লইরা বাদ্য করি-তেছে: কোথাও বিচারকগণ বিচার করিতেছেন, সন্মধে প্রহরী কর্ত্তক ধত অপরাধী ভীতি বিহ্বলচিত্তে দভারমান. কোথাও কোন মহিলা জলকুত্ব মন্তকে লইরা আসিতেছে, সন্মধে করজোড়ে জনৈক পুরুষ দণ্ডায়মান: কোথাও কোন বীরপুরুষ যদকেত্র হইতে সশস্ত্র প্রত্যাগত, সন্মুখে শিশুক্রোড়ে করিয়া তাহার প্রিরতমা আবন্দে ডাহাকে অভ্যর্থনা করিতেছে. কোথাও যোদ্ধাগণ অসি চর্ম্ম লইয়া যদ্ধ করিতেছে, ইত্যাকার নানা ভাবের স্থন্দর স্থন্দর থোদিত মূর্ত্তি শত শত বর্তমান।

শিলারচোরী নামক মন্দিরের গঠন ঢেরার মত। ইহার প্রধান গর্জগৃহ মধ্যভাগে নির্মিত। তাহার চতুর্দিকে চারিটী দরদালান, তর্মধ্যে পূর্ব্ধ ও দ্বিশিদিকে হার নাই, উত্তর ও পশ্চিমদিক্ দিয়া মন্দিরে প্রবেশ করা যায়। হিন্দুদেবমন্দিরাদি প্রায়ই পূর্ব্বহারী হইয়া থাকে, কিন্তু চিতোরের মন্দিরাদি প্রায় সবই পশ্চিমহারী। প্রবাদ যে এই শিলারচোরী রাণা কুন্তের জৈনধর্মাবলম্বী কোষাধ্যক্ষ কর্তৃক নির্মিত।

শিক্ষারচৌরীর মধ্য দিয়া মিবার-রাজ্যাপহারী বনবীর আত্মরক্ষার্থ এক প্রাচীর নির্মাণ করেন। ঐ প্রাচীর হারা গড় তুইভাগে বিভক্ত হইয়া গিয়াছে।

চৌখানের অদ্রবর্তী সরোবর মধ্যে ভীমসিংহ ও রাণী পদ্মিনীর প্রাসাদ। সম্প্রতি এই প্রাসাদের সংস্থার হইরাছে। একটা উচ্চভূমির উপর মিবারের অধিষ্ঠাত্রী কালিকাদেবীর মন্দির স্থাপিত। অনেকে অনুমান করেন এই মন্দিরের নিম্ন-ভাগ এমন কি স্কন্তাদি পর্যাস্ত রাণাদিগেরও পূর্বে নির্ম্মিত; রাণাগণ ইহার সংকার করিয়াছেন মাতা।

এতত্তির কুরুরেশ্বমন্দির, অরপূর্ণাদেবীর মন্দির, রত্নেশ্বর-দিংহের প্রাসাদ, নবলক্ষতাগুরি প্রভৃতি আরও অনেক অত্যাশ্চর্য্য মন্দিরাদি এবং স্থ্যকুণ্ড, মাতাজিকুণ্ড প্রভৃতি চিতোরের শোভাসম্বর্দন করিতেছে।

<sup>\*</sup> কীর্ত্তিভার শিলালিশির একৃত পাঠোছার করিতে না পারিমাই
টড্ প্রভৃতি পূর্বতন ইতিহাসিকসণ সকলেই এনে পড়িমাছেন। এইরুগ
অপরাপর শিলালিশির প্রকৃত পাঠোছারের অভাবে মহাস্কাটিড রচিত
রাজহানের ইতিবৃত্ত অধিকাংশই অমাক্ষক হইরা পড়িমাছে। স্তরাং
থত্যক শিলালিশির বীতিমত পাঠোছার হওরা আবগুক।

উজ কীৰ্ভিছছের শিলালিপিতে রাণা কুছকর্ণের পূর্বপ্রবাণের কীর্ত্তিকলাপাদি বর্ণিত আছে। এই শিলালিপিথানি অভি আবঞ্চ হইলেও কেইই এপর্যান্ত ইহার প্রকৃত পাঠোছার করেন নাই। বাহল্যভয়ে কেবল বিশিষ্ট স্থান মাত্র উদ্ধৃত করিলাম।

চিৎকণ (ত্রি) চিণিত্যব্যক্তশব্দং করোতি চিৎ-কণ্-ব্সচ্। যে চিৎ এই শব্দ করে।

চিৎকণকস্থ (ক্লী) চিৎকণস্থ কন্থা ৬তং। কন্থাপন্ত ক্লীবত্বং
(সংজ্ঞারাং কন্থোশীনরের । পা ২।৪।২০) কন্থার সংজ্ঞাভেদ। পূর্ব্ব-পদের আদিস্বরের উদান্ততা। (আদিশ্চিহণাদীনাং। পা ৬।২।১২৫)
চিৎকার (পুং) চিৎ-ক্ল-ভাবে দুঞ্। চীৎকার, ভরাদি জ্ঞ উচ্চ-শন্ধ। "স বিষীদতি চিৎকারাৎ তাড়িতো গর্দভো যথা" (হিতোপণ)
চিৎকারবৎ (ঝি) চিৎকার-অন্ত্যর্থে মতুপ্ মন্ত বন্ধং (মাহপ্র্যাশ্চ মতোর্বোহ্যবাদিভ্যঃ। পা ৮।২।১।) চিৎকারকারী।
"বৈনায়ক্যশ্চিরং বো বদনবিধৃত্যঃ পাস্ত চিৎকারবত্যঃ।"
(মালতীমাধব।) চিৎকারবৎ-স্ক্রিয়াং ত্তীপ্।

চিত্ত (ক্লী) চিতী জ্ঞানে করণে জ্বন। ১ অন্তঃকরণভেদ। "মনো বৃদ্ধিরহকারন্চিত্তং কারণমান্তরং" (বেদান্ত।) ২ মন। "তব চিত্তং বাত ইব এজীমান্" (ঋখেদ ১।১৬৩।১১।) 'তব চিত্তং মনঃ' (সায়ণ)।

সাম্যামতে চিত্ত ত্রিগুণায়ক প্রকৃতির কার্য্য। ইহার অধিষ্ঠাতা অচ্যত। চিত্ত বাহ্ন ইন্দ্রির দারা বাহ্নবস্তর গ্রহণ করিয়া থাকেন।

বেদান্তসারে লিখিত আছে—নিশ্চরাত্মক অন্ত:করণ-বৃত্তির নাম বৃদ্ধি এবং সংক্রমিকরাত্মক অন্ত:করণ বৃত্তিকেই মন বলে। চিত্ত ও অহঙ্কার এ উভয়ই বৃদ্ধি ও মনের অন্তর্গত হুই বৃত্তি মাত্র। অনুসন্ধানাত্মক অন্ত:করণ বৃত্তিকে চিত্ত এবং অভিমানাত্মক অন্ত:করণবৃত্তিকে অহঙ্কার বলা যায়।

আবার চার্লাকের মতে মনই আত্মা। মন বিশুদ্ধ হইলে প্রাণাদির অভাব হয় (১)।

পঞ্চনশীর মতে—চক্ষু প্রভৃতি পঞ্চজানেক্রিয় ও বাক্
প্রভৃতি পঞ্চকর্মেক্রিয়ের নিরস্তা মন হৃৎপদ্মগোলকে অবস্থিত,
ভাহাকেই অন্তঃকরণ বলা যায়। আন্তরিক কার্য্যে মন
স্বাধীন, কিন্তু বাহ্ছ বিষয়ে ইক্রিয় পরাধীন। সত্ব, রজ ও
ভম: মনের এই তিনটা গুণ আছে, এই সকল গুণ ছারা মন
বিক্বত হয়। বৈরাগ্য, ক্রমা, গুনার্য্য ইত্যাদি সত্বগুণের
বিকার। কাম, ক্রোধ, লোভ এবং বৈষয়িক ব্যাপার সম্দয়
রক্র:গুণের বিকার। আলস্ত, ল্রান্তি ও তক্রা ইত্যাদি মনের
ভমোগুণের বিকার। আলস্ত, ল্রান্তি ও তক্রা ইত্যাদি মনের
ভমোগুণের বিকার। (২০৭-৯)। পঞ্চভূতের সত্বগুণসমষ্টি
হইতে অন্তঃকরণ উৎপন্ন হয়, সেই অন্তঃকরণ বৃত্তিভেদে
তুইপ্রকার মন ও বৃদ্ধি। অন্তঃকরণের সংশ্রাত্মক ভাবকে
মন এবং নিশ্রমাত্মকর্তিকে বৃদ্ধি বলে। (১০৮)

বেদাস্তদর্শনের মতে প্রাণই মনের কারণ। "তন্মনঃ প্রাণ উত্তরাং।" মরণকালে মনই প্রাণে লয় হয়। শারীরিক ভাষ্যে শক্রাচার্য্য লিখিয়াছেন—

"মন প্রাণে লয় হয়। এখানে মনোবিবক্ষিত বৃত্তি লয় हम कि मत्नत्रहे नत्र हम, ध मचरक मत्नह हहेरछ भारत । वृश्वि সহিত মন প্রাণে লয় প্রাপ্ত হয় বলিলে অর্থ সঙ্গতি, হয় বটে। মন যে প্রাণমূলক শ্রুতিতেই তাহার প্রমাণ আছে। পণ্ডিতেরা বলেন, মন অরম্লক, প্রাণ জলম্লক। অরমর মনের লর ছান প্রাণ, দেখাও যায় অয়ের লয়ছান জল। অভেদভাবে গ্রহণ क्रिल अवश्रहे वना यात्र, अबहे मन आत जनहे व्यान। अब ও মন একই এই দৃষ্টিতে অবশ্বই প্রাণকে মনের প্রক্বতি বলা ষাইতে পারে। আবার স্থাপ্ত মিরমাণ অবস্থার প্রাণের কাৰ্য্য অৰ্থাৎ খাদ প্ৰখাদ থাকে, কিন্তু মনোবৃত্তি থাকে না, এরপও দৃষ্ট হয়। এরপ হইলে মন বে প্রক্রুতপকে প্রাণ্মূলক নহে, এজন্ম প্রাণে মনের স্বরূপ বিলয় অসম্ভব। মনের প্রাণ-মূলকতা আছে সে কথা আবার সে প্রণালীর প্রকৃতিতে কার্য্য বিলয় মানিতে গেলে অন্নেও মনের বিলয় মানিতে হয়, এরপ মন অলে. অর জলে এবং প্রাণও জলে লয় প্রাপ্ত হয় বলিতে হইবে। কিন্তু প্রাণক্রপে পরিণত জল হইতে যে মনের জন্ম, তাহার প্রমাণ নাই। সেই জক্তই বলিতেছি প্রাণে মনের বৃত্তি বিলয় হয়, কিন্তু স্বরূপ বিলয় হয় না।"(৪।২।৩ স্ত্রভাষ্য।) যোগবাশিষ্ঠরামায়ণের মতে-

"অসম্যক্ দর্শন হইতে অনাত্মপরীরাদিতে যে আত্মদর্শন হয় এবং অবস্তুতে যে বস্তুজ্ঞান জয়ে, তাহাই চিত্ত (২)। ভাবাভাব অবহার ও ছঃপসমূহের আধার এবং আশার বশবর্তী এই শরীরের বীজই চিত্ত। এই চিত্ত বৃক্ষের ছইটা বীজ এক প্রাণম্পদন, বিতীয় কঠিন ভাবনা। প্রাণম্পদন বারা চৈতন্ত রুদ্ধ হয়, তাহাতে ছঃথ জয়ে। ভাবনাবারা ভব্যবস্তু উৎপন্ন হয়, প্রুদ্ধ বাসনাবিহ্বল হইরা সেই বস্তুর ভক্জানে মুগ্ধ হইয় পড়ে, মৃত্তরাং বাসনাবশে জীবস্বরূপ ভূলিয়া যায়। এই জল্পই যোগীগণ প্রাণায়াম ও ধ্যান বারা প্রাণম্পদন বোধ করেন। প্রোণম্পদ বোধ হইলে চিত্তের বিমল শাস্তি হয়। এইরূপে যে ব্যক্তি চিত্ত হইতে সাংসারিক ভাবনা পরিভ্যাগ করিয় মায়াতীত পরম বস্তুর ভাবনা করে, ভাহারই নাম অচিত্তত্ব বা চিত্তশৃক্যতা। বাসনা ও প্রাণম্পদ্দ উভয়ের মধ্যে একের কম্ম হইলে ছই নই হয়। কারণ বাসনা বারা প্রাণম্পদ্দ আবার

<sup>(</sup>১) "ইতরত্ত চাৰ্কাকঃ অভোত্তর কারা, মনসি ক্তেগুলাণাদেরভাবাৎ।" (বেদাভাসার)

<sup>(</sup>২) "অসমান্দৰ্শনং বংভালনাল্লভাল্লভাবনন্। বন্ধজনি বজ্লখ্ডভিজেং বিভিন্নোখৰ !" (বোগণাশিউ ২৬।৪৭)

প্রাণম্পন্দ হইতে বাসনা উৎপন্ন হয়। জ্ঞের বস্তুর পরিত্যাগ করিতে পারিলেই প্রাণম্পন্দ ও বাসনা উভরই নষ্ট হয়।

ক্ষণিকবাদী বৌদ্ধেরা বদেন বেমন অগ্নি নিজকে প্রকা-শিত করিয়া অপর বস্তুকে প্রকাশ করে, সেইরূপ চিত্ত স্থপ্রকাশ শু বিষয়প্রকাশক, চিত্ত অভিরিক্ত পৃথক আত্মা নাই।

পভঙ্গলি বলেন চিত্ত স্বপ্রকাশ হইতে পারে না (যোগস্থ ৪।১৮)। कार्रण हिन्छ मुझ, त्व वन्त मुझ छाहा चश्रकान नत्ह, त्रमन ইন্তির বা শবাদি, তাহার একজন প্রকাশক আছে, তিনিই আত্মা। অমি দুষ্টান্ত হইতে পারেনা। কারণ অমি কিছু অপ্রকাশ নিজরপকে প্রকাশ করে না। প্রকাশ্র ও প্রকা-শকের সংযোগ হইলে বস্তুর প্রকাশ হয়, কিন্তু আপনার স্তিত আপনারও সংযোগ হইতে পারে না। চিত্ত এক সমরে স্ব ও পর উভরকে প্রকাশ করিতে পারে না। কারণ ক্ষণিকবাদীর মতে সব বস্তুই ক্ষণিক উৎপত্তি ভিন্ন वश्चत्र अञ्च कान वााभात नारे। हिं उ९भन्न इरेग्रारे विनर्ध হুইল, ক্লিব্নপে অপর বস্তু প্রকাশ করিবে ? যদি বল পর চিত্ত बाता शूर्स हिटलत शहल इहेरन, शूर्सन्कि ও পরবৃদ্ধি बाता গৃহীত হুইবে, পরবৃদ্ধির গ্রহণ কিন্ধপে হুইবে ? তৎপর বৃদ্ধি-দারা তাহার গ্রহণ। এপানেও অনবস্থাদোষ হইক। যতগুলি অফুডৰ হইল, ততগুলি স্থতিও হইবে, অফুডবের ফ্রায় স্থতি ও পর পর স্বৃতি ছারা গ্রাহ্ম পুথক্রপে কোন স্বৃতির অবধারণ इटेट शादिन ना। अठ এव স্মৃতিসাক্ষ্য দোষ हहेन।

ষোগস্ত্রকার পভঞ্জলির মতে—চিত্ত ঘটাদির স্থান্স দৃশ্য ও জড়পদার্থ, (৩) আত্মার সহায় ব্যতিরেকে চিত্ত কিছুই করিতে পারেনা (৪)। চিত্ত এক না বহু এ সহদ্ধেও যোগস্ত্রের বৈয়া- দিকভাষ্য ও রাজমার্ত্তও নামক বৃত্তিতে স্ত্রুরবিস্তর অনেক কথাই লিখিত আছে, শেষে স্থিরীকৃত হইয়াছে মন এক, বহু নহে। কারণ যোগীগণের এক চিত্তই সকল চিত্তের অধিষ্ঠাতা, মত্তএব যোগীর এক চিত্ত নানাপ্রকার কার্য্যে বহুচিত্তকে প্রেরণ করিতে পারে। যোগস্ত্রকারের মতে, চিত্তর্ত্তি পঞ্চবিধ-প্রমাণ, বিপর্যায়, বিকল্প, নিদ্রা ও স্থৃতি। প্রত্যক্ষ, অমুমান ও আপ্রবাক্য ইহাদিগকে প্রমাণ, এক বস্তুকে অস্তবস্ত্র বলিয়া জমজ্ঞান তাহারই নাম বিপর্যায়, বস্তুর স্বরূপ অপেক্ষা না করিয়া কেবল শক্ষক্স জ্ঞানামুসারে যে এক প্রকার বোধ হয় তাহাকে বিকল্প, যে অবস্থার চিত্তে সর্ব্ব বিষয়ের অভাব বোধ হয়, তাহাকে নিদ্রা এবং পূর্ব্বে প্রমাণ নার। যে যে বিষয় অমুভূত

হইয়াছে, কালান্তরে সংসার দারা বৃদ্ধিও সেই বিষয়ের আরোপ করাকে স্বভিত্তত্তি বলা বায়। যোগ জভ্যাস করিতে হইলে চিত্তের ঐ পঞ্চবৃত্তির নিরোধ করা চাই। (১৮৬-১২) [যোগ দেখ।]

বৈষাসিক ভাষ্যকারের মতে মন ও প্রাণ ইহারাই পরশারের সাহায়ে যোগ সাধন করিয়া থাকে। প্রাণবায়ু সংযত
হইকেই ইন্দ্রিয়র্ভিও সংযত হয়, তাহা হইকে চিত্তের নিরোধ
বা একাপ্রতা সাধিত হইতে পারে। রেচক, পূরক ও কুন্তক
এই ত্রিবিধ উপায়েও চিত্তের একগ্রতাসাধন হয়। যোগস্ত্রকার
বলেন, সমস্ত বিষয়ামূরাগ পরিভাগে করিতে পারিলেও চিত্তের
একাপ্রতা জন্মে, তাহাকেই চিত্তশৃষ্পতা বা বীতরাগ বলে।
রাজমার্তওকারের মতে ঐরপ অবহাকেই সম্প্রভাতসমাধির
বিষয় বলা বায়। মহর্ষি পতঞ্জলি বলেন যে, চিত্তর্ভি নিরোধ
হইলে আর চিত্তের অমুরাগ জনিতে পারে না, চিত্তে সমার্বি
উপস্থিত হয়। এ সময়ে একমাত্র ধােয় বিষয়ে চিত্ত অমুরক্ত
থাকে, তথন বিষয়ান্তরে চিত্তের আসক্তিমাত্র থাকেনা। (৩)২২)
ভগবলগীতার লিথিত আছে—

যেমন বায়ুশ্ন স্থানে প্রদীপের শিখা স্থিরভাবে থাকে, সেইরূপ নির্ব্বিকল্প সমাধিতে চিত্ত একাগ্র হইয়া নিশ্চল হয়।
তথন যোগী আত্মাকে জানিতে পারিয়া নিজ আ্মাতেই সন্তই
থাকেন। (৬।১৯-২০)

পতঞ্জলিও লিথিয়াছেন-

যে সময় চিত্ত আপনার ও পুক্ষেরে বিশেষ দর্শন করে, তথন কর্তৃত্ব, জ্ঞাতৃত্ব ও ভোক্তৃত্বাদি জ্ঞান নির্ভ হইয়া আয়া চিত্তে ঐক্যপ্রাপ্ত হয়। চিত্তের কর্তৃত্বাদি অভিমানের নির্ভি হইলেই কর্মা নির্ভি হইয়া যায়। (বোগস্ত্র ৪।২৪-২৫)

যোগস্ত্রকার আরও লিথিয়াছেন—

চিত্তসংযম-সিদ্ধি-বিষয়ে ত্রিবিধ পরিণাম হইরা থাকে—নিরোধ-পরিণাম, সমাধি-পরিণাম ও একাগ্রতা-পরিণাম। এই ত্রিবিধ পরিণাম দারা দিবিধ ভূত ও দিবিধ ইন্দ্রিরেরও ধর্ম, লক্ষণ ও অবস্থা এই ত্রিবিধ পরিণাম হইরা থাকে। চিত্তের এই ত্রিবিধ পরিণাম অতীত হইরা সমাধি সম্পন্ন হইলে অতীত-আনাগত-জ্ঞান, শব্দাদি প্রত্যেকের প্রতি সংযমহেতু সর্ব্ব ভূতাদি সমস্ত পদার্থের জ্ঞান ও পূর্বজ্মান্তরীয় জাত্যাদি জ্ঞান এবং লোকের মুথ দেখিরা তাহার মনোভাব জ্ঞানিবার ক্ষমতা জ্বো। (যোগস্ত্র ৩৯, ১৬-১৯)

কর্মণি ক্ত। ৩ জাত। কর্ত্তরি ক্তা। ৪ জ্ঞাত, বিনি জানেন।
চিত্তগর্ভ ( জি ) চিত্তং গর্ভয়তি গৃহাতীতি ধাবং চিত্ত-গর্ভ-মচ্।
চিত্তগ্রাহী, মনোহর। "বয়াকিনং চিত্তগর্ভাস্থ স্কুকঃ।" ( ঝক্
বে৪৪০৫) 'চিত্তগর্ভাস্থ চিত্তগ্রাহিণীমু স্কুতিমু' ( দায়ণ। )

<sup>(</sup>७) "ন তৎ স্ভাসং দৃগ্জাব।" বোগং সুং ৪।১৮।

<sup>(</sup>a) "ন ফু চিত্তমেৰ যদি সংখাৎক্ষীং প্ৰকাশকং তদা স্পর্থকাশরণ-ভাদাভাদমৰ্থক প্ৰকাশয়তীতি।" ( রাজমার্ভক )

চিত্তচাঞ্চল্য (ক্লী) চিত্তখ্য চাঞ্চল্যং ৬তং । মনের অস্থিরতা।
চিত্তচারিণ্ (ত্রি) চিত্তে চরতি চিত্ত-চর-ণিনি। বাহাকে সর্বাদা
মনে ভাবা যার। "পত্তীনাং চিত্তচারিণী।" (ভারত বন।)
চিত্তচালন (ক্লী) চিত্তস্থ চালনং ৬তং। মনোর্ত্তির চালনা।
চিত্তজ্ব (পুং) চিত্তে জারতে চিত্ত-জন্-ড। কন্দর্প, কাম।
চিত্তজ্ব পুং) চিত্তে জারতে চিত্ত-জন্-ড। কন্দর্প, কাম।
চিত্তজ্ব ত্রি। চিত্তং জানাতি চিত্ত-জ্ঞা-ক। বিনি চিত্ত বা
আশের ব্ঝিতে পারেন।

চিত্তদোষ ( পুং ) চিত্তক্ত দোষ: ৬৩९। চিত্তের দোষ, বিষয়াদি গ্রহণে অসামর্থ্য।

চিত্তনদী (স্ত্রী) চিত্তমেব নদী অবধারণে কর্মধাণ। চিত্ত-বৃত্তিরপ নদী। এই নদী পাপ ও পুণ্যবাহিনী। অবিবেক অবস্থায় পাপবাহিনী, তথন কেবল সংসারের দিকে ধাবমান হয়, বিবেকাবস্থায় পুণ্যবাহিনী, তথন কেবল কৈবল্যই ইহার অভিলবণীয়।

চিত্তনাশ (পুং) চিত্তস্থ নাশ: ৬৩৫। চিত্তবৃত্তির নাশ।
চিত্তনির্বৃতি (স্ত্রী) চিত্তস্থ নির্বৃতিঃ ৬৩৫। মনের শান্তি।
চিত্তপরিকর্মন্ (ক্রী) চিত্তস্থ পরিকর্ম ৬৩৫। মৈত্রাদিভাবনারূপ চিত্তের সংস্কার। [চিত্তপ্রসাদন দেখ।]
চিত্তপ্রসাথিন্ (ত্রি) চিত্তং প্রমথাতি চিত্ত-প্রমথ-ণিনি। যে
চিত্তকে ব্যাকুল করে।

চিত্তপ্রসন্ধতা (ব্রী) চিত্তস্থ প্রসন্মতা, ৬তৎ। মনের ভৃষ্টি, প্রীতি। চিত্তপ্রসাদ (পুং) ৬তৎ। মনের সম্ভোষ।

চিত্তপ্রসাদন (ক্লী) চিত্তপ্র প্রসাদনং ৬৩৫। মৈত্রাদি ভাবনা 
দারা চিত্তকে নির্মাণ করা। মৈত্রী, করুণা, মুদিতা, 
উপেক্ষা। স্থার প্রতি মিত্র ভাব হংথীর প্রতি করুণা, 
পুণাবানের প্রতি হর্ব এবং পাপীর প্রতি উপেক্ষা দেখাইবে, 
এইরূপ ভাবনার চিত্তের রাজস ও তামস ধর্ম নিবৃত হইলে 
কেবল সাত্তিক শুক্লধর্ম উদিত হয়। "মৈত্রীকরুণামুদিতোপেক্ষাণাং স্থমত্থপুণ্যাপুণ্যবিষয়াণাং ভাবনাতশ্চিত্রপ্রসাদনং॥"
(যোগস্থ ১০০।)

চিত্তভূ (পুং) চিত্তে ভবতি চিত্ত-ভূ-কিপ্। কন্দৰ্প, কাম।
চিত্তভূমি (স্নী) চিত্তভ ভূমি: অবস্থা ৬তৎ। চিত্তের অবস্থা।
পাতঞ্জলোক্ত চিত্তের অবস্থাভেদ যথা—ক্ষিপ্ত, মৃদ, বিক্ষিপ্ত,
একাগ্র, নিরুদ্ধ। ক্ষিপ্ত—রজোগুণ বারা চলিত বিষরে সর্ম্বদা
আন্থিন। মৃদ—তমোগুণের উদ্রেকহেতু নির্রাবৃত্তিযুক্ত।
বিক্ষিপ্ত—ক্ষিপ্ত হইতে কিছু বিশেষ এই যে কথনও স্থির
হয়। একাগ্র—একবিষয়ে মন থাকা। নিরুদ্ধ—বৃত্তিসকলের
নিরোধ হওয়ার কেবল সংসার্রূপে অবস্থিত। ক্ষিপ্ত, মৃদ

ও বিক্পিটেড সমাধির উপযোগী নয়। একাগ্র জবত্বার সংপ্রজাতসমাধি হয়, রাজস ভামসত্তি নির্ত্ত হইরা যায়, কেবলমাত্র সাত্তিক থাকে। জসংপ্রজাতসমাধিতে তাহারও নিরোধ হয়। মধুমতী, মধুপ্রতীকা, বিশোকা ও ঋতন্তরা এই চারি ভূমি। একাগ্র ও নিক্লব্ব এই ছই ভূমির অন্তর্গত। (যোগসং > ব্যাস।)

চিত্তমোত্ (পুং) ৬-তৎ। মনের মোত্। চিত্তযোনি (পুং) চিতং ঘোনিকংপতিস্থানং যত বছরী। কন্দর্প। চিত্তরাগ (পুং) ৬তৎ। মনের অন্তরাগ।

চিত্তলনার, মধ্যভারতের অন্তর্গত চাঁদা বেলার নিকটস্থ একটা অমিদারী। ইহার জমিদার জিগারগুণ্ডা নামক স্থানে অবস্থিতি করেন। এখানকার জঙ্গলে উত্তম সেগুণকাঠ পাওরা যার।

চিত্তবং ( আ ) প্রশস্তং চিতং বিদ্যতে অভ চিত্তপ্রশংসায়াং মতুপ্মভাব। উদারচেতা, উন্নতমনা:।

চিত্তবলাস, মাজ্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত বিশাধপন্তন জেলার একটা নদী। ইহার অপর নাম বিমলীপন্তন। ইহা গোলকুণ্ডা পাহাড় হইতে নির্গত হইরা পূর্ব্বদক্ষিণাভিমুথে গোপালপলি, জমি ইত্যাদি নগর দিরা ৫৮ মাইল গমনের পর বিমলীপত্তনের নিকট সমুদ্রে পতিত হইরাছে। চিত্তবলাস নগরের নিকট ইহার উপর এক সেতু নির্শ্বিত হইরাছে।

চিত্তবাদ (পুং) চিত্তরপঃ বাদ মধ্যলো কর্ম্মধা। মন খুলে বলা বা মনের মত্ত বলা।

চিত্তবিকার (পুং) ৬তং। মনের বিকার।

চিত্তবিক্ষেপ (পুং) চিত্তপ্ত বিক্ষেপঃ ৬তং। মনের চঞ্চল অবস্থা, এই অবস্থা যোগের ব্যাঘাতকারী। পাতঞ্জলে চিত্ত-বিক্ষেপ নয় প্রকার উক্ত হইয়াছে যথা—ব্যাধি, স্ত্যান, সংশয়, প্রমাদ, আলস্ত, অবিরতি, ভ্রান্তিদর্শন, অলক্ত্মিকত্ব, অনবস্থিতত্ব। ব্যাধি অর্থাং ধাতুরসাদির বৈষয়ঃ। স্ত্যান—চিত্তের অকর্মণ্যতা। সংশয়—উভয়কোটিক জ্ঞান অর্থাং ইহা হইতেও পারে । প্রমাদ—সমাধিসাধনে যয় না করা। আলস্ত—শরীবের কফাদি জন্ত গুরুত্ব ও চিত্তের তমোজন্ত গুরুত্ব হেতু অপ্রবৃত্তি। অবিরতি—বিষয় বাসনার অনিবৃত্তি। ভাত্তিদর্শন—মিধ্যাজ্ঞান। অলক্ত্মিকত্ব—সমাধিভূমির অলাভ। অনবস্থিতত্ব অর্থাং লক্ত্মিতিত্ব অনবস্থিতি। (যোগস্থ ১০০। ব্যাস)

চিক্তবিদ্ (তি) চিত্তং বেত্তি চিত্ত-বিদ্-কিপ্। ১ চিত্তজ্ঞ, যিনি মনের ভাব বৃথিতে পারেন। (পুং) ২ বৌদ্ধভেদ।

চিত্তবিনাশন (অ) চিত্তং বিনাশয়তি চিত্ত-বিনাশি-নন্দ্যাদিখা-শ্ল্য । ২ চিত্তবিনাশক। ভাবে-ল্যুট্ (क्री) ২ চিত্তের বিনাশ। চিন্তবিপ্লাৰ (পুং) চিন্তত বিপ্লবো, বন্ধাৎ বছরী। ১ উদ্ধাদ-রোগ। ৬তং। ২ চিন্তের অসবস্থিতি।

চিত্তবিজ্ঞার (গাং) চিত্তত বিশেষেণ জনগননহানং রশ্বাৎ বছরী। ১ উন্মানরোগ 1 ২ বৃদ্ধিজংশ। "অহো চিত্তবিকারো ২রং ভাষা মে চিত্তবিজ্ঞাং।" (ভারত ১৮।২ জঃ)

**চিত্তবিশ্লেষ** ( ११ ) ७७९ । मनाच्या

চিন্তর্ন্তি (ত্রী) চিন্তক বৃদ্ধিঃ ৬তং। চিন্তের অবস্থা,
চিন্তের বিবরাকার পরিণাম। পাতঞ্জনে পাঁচপ্রকার বৃদ্ধি
উক্ত হইরাছে, বথা—প্রমাণ, বিপর্যার, বিকর, নিজা, ভৃতি।
ইহারাও ক্লিষ্ট ও অক্লিষ্ট ভেদে ঘিবিধ। অবিদ্যাদি ক্লেশহত্ক বৃদ্ধি ক্লিষ্ট, ধাহা উক্ত ক্লেশ-হেতৃক নহে তাহা অক্লিষ্ট।
চিত্তল (পুং ত্রী) চিন্তং লাভি চিন্ত-লা-ক। ঘূপাভেদ। বৈদ্যকশাস্ত্র মতে—ক্লক্তিলের তৈল ছারা পক্ত, লবণযুক্ত চিন্তলমাংস
ক্লচিকর ও রক্তপিত্তনাশক। (শক্তার্থটিচ)

চিন্তসমূল্পতি (স্ত্রী) চিন্তস্ত সম্রতি: ৬তং। ১ মনের উরতি। ২ গর্মা।

চিত্রন্থিত (ত্রি) ৭তং। ঘাহা মনে রাখা যার।

চিত্তহারিন্ (ত্রি) চিত্তং হরতি চিত্ত-হ্ন-পিনি। মনোহারী, স্থলর।
চিত্তামুবর্তিন্ (ত্রি) চিত্ত-স্থাহ্বং-ণিনি। যে মন যোগাইয়া চলে।
চিত্তাস্তর (ক্লী) অক্তচ্চিত্তং স্থপস্থপেতিসং বা চিন্তুস্ত স্বন্তরং
৬৩২। ১ অক্ত চিত্ত। ২ মনের ভিতর।

চিত্রাপহারক ( আ ) চিত্তহাপহারকঃ ৬তৎ। চিত্তকে যে হরণ করে, মনোহারী, স্থাদর।

চিত্তাপাহাড়, পঞ্জাবের রাবলপিণ্ডি জেলার একটা গিরিমালা।
ইহা ত্রিভুজাকৃতি, তাহার ভূমি নারানগরের নিকট সিদ্ধনীর
পূর্ককৃলে এবং শীর্ষবিন্দু প্রায় ৫০ মাইল পূর্কে মর্গলা
গিরিসকটের নিকট অবস্থিত। ইহার স্কাপেকা বিস্তার ১২
মাইল। তারীভূত চূণাপাথরে ইহা শাদা দেখায় বলিয়া ইহার
নাম চিন্তাপাহাড় হইয়াছে। পাহাড়ের গায়ে স্থানে স্থানে
জলপাই গাছ জন্মে এবং ইহার পাথর হইতে যথেষ্ট চূল পাওয়া
যায়। ইহার পশ্চিমভাগ অতিশিয় বদ্ধর ও হ্রারোহ। পূর্কভাগে
স্থানে স্থানে উচ্চশৃদ্ধ ও স্থানে হালে গভীর থাল দৃষ্ট হয়।

চিন্তাপনী, পঞ্চাবের অন্তর্গত হশিখারপুর জেলাছ গিরিমালা।
ইহার অপর নাম দোলাসিংহী। ইহা জামবান্চনের পূর্ব সীমা। এই গিরিমালার উপর একটা স্থান আছে, ইহাকেও চিত্তাপর্ণী বলে। এথানে দেবীর একটা প্রসিদ্ধ মন্দির আছে।
প্রতি বংসরে আনেক যাত্রী তাহা দেখিতে আলে।

চিন্তাভোগ (পুং) চিত্তত আভোগ: একবিষয়তা ভতৎ। একবিষয়ে চিত্তের প্রবৃত্তি, মনের ছৈর্যা। পর্ব্যায়—মনকার। চিন্তাধালিলি, মান্ত্রাজের অন্তর্গত বেলারী জেলার একটা সহর। অনা ১৫° ১৭° উ:, জাবি ৭৯° ৪৭° পৃ:। অধিবাসীর সংব্যা ৩৭৫৯। এই সহর ভূলভালানদী ও হল্পেটনগর হইতে ২ মাইল দূরে অবস্থিত। এখানে একটা প্রধান হাঁট বলে। এই হাটে নিজামরাজ্যের পণ্য জব্য সকল আমদানি হইরা খাকে। ইহাতে ৩।৪টা মাত্র উন্তম রাস্তা আছে। হল্পেটের অনেক সমূত্র বণিক্ এখানে বাস ফরেন। বেলা সামক থাল এই নগরের ভিতর দিরা সিরাছে।

চিন্তি (ত্রী) চিড-ভাবে কিন্। > বৃদ্ধিবৃত্তি। "উতু দ্বা বিশ্বে দেবা অগ্নে! ভবন্ধ চিন্তিভিঃ।" (শুরুবজু: ১২।৬১) ২ অগ্নিভন্ধ-পরিজ্ঞানার্থ চিন্তা। "চিন্তিং জুহোমি মনসা স্বতেন।" (শুরুবজু: ১৭।৭৮।) 'চিন্তিং অগ্নিভবপরিজ্ঞানার্থং চিন্তনং' (কেদদীপ)। ৩ কর্মা। "সাচিন্তিভি নিহি চকার" (ঝক্ ১।১৮৯।২৯।) 'চিন্তিভিঃ কর্ম্মাভিঃ' (নিক্লন্ধ)। ৪ খ্যাভি। "চিন্তিং দক্ষপ্ত স্কুতা অমন্বে" (ঝক্ ২।২১)৬) 'চিন্তিং খ্যাভিং' (সায়ণ) ৫ অথক্ষনিবির পত্নী। "চিন্তিভবর্থকণ: পত্নী লেভে পুরুং ধৃতত্রভং" (ভাগবত ৪।১)৩৮)। কর্ত্তরি ক্তিন্। ৬ জ্ঞাপক যা প্রাপক্ষণা শাসিতা বা' (সায়ণ)। (ঝক্ ১)৬)৭।৫।) "চিন্তিকেভিন্তিতা প্রাপমিতা বা' (সায়ণ)। চিন্তন্ত (ত্রি) চিন্তং অস্ত সঞ্জাতঃ চিন্ত-ভারকাদিবাদিতচ্। চিন্তন্ত্রন্ত।

চিত্তিন্ ( ত্রি ) চিত্তং অস্ত অন্তি-চিত্ত-ইনি। প্রশন্ত চিত্তযুক্ত।
"জ্যারন্তমন্টিভিনো মা বি যোষ্ট।" (অধর্ক ৩৩০।৫)।

চিত্রিবলাস, মাস্রাজ প্রোনিডেলির অন্তর্গত বিশাখপতন জেলার একটা নগর। অকা ১৭° ৫৬ ২০ উ:, জাবিং ৮৩° ২৯ ৩০ পু:। বিমলীপত্তন হুইতে বিজয়নগ্রাম পর্যাস্ত রাজবর্ম এই নগরের মধ্য এবং সন্নিহিত চিত্তবিলাস ও গোস্থানী নদীব্যের উপরস্থ সেকু দিয়া গিরাছে। ইহাতে একটা বৃহৎ পাটের কারধানা আছে।

চিত্তীকৃত (ত্রি) অচিত্রং চিত্তং কতরদভূততদভাবে চি।
চিত্তের সহিত প্রাপ্ত, ঘাহাকে একাগ্রচিত্তে চিন্তা
করা গিয়াছে। "একোময়েহতবান্ ধিবিধপ্রধানৈশ্চিত্তীকৃতঃ
প্রক্রনায়।" (ভাগবত ৪/১/২৬)

চিত্র, মাজাজ প্রেদিডেনির অন্তর্গত উত্তর আর্কট জেলার একটা ভালুক বা সর্ভিভিজন। পরিমাণফল ৬৭১ বর্গমাইল। এই ভালুক উন্তর্গার্কটের মধ্যভাগে অবস্থিত। ইহাতে জনেক উচ্চ উচ্চ পাহার্ড এবং চিন্ত্র, বেকটগিরি, অর্প্তপ্তা ও ক্রালা নামক পোইনন্দীর চারিটা শালা আছে। বর্ধাকাল বাতীত ঐ সকল নদীতে জল থাকে মা। অধানকার ভূমি লাল ও বানুকামর, পর্বাত হইতে আনীত পলি পঞ্চার বেশ উর্বার। পূর্বে এখানে লোহ ভোলা হইত, কিছ এখন ঐ ব্যবসার লোপ পাইয়াছে।

২ উক্ত তালুকের প্রধান সদর। জকাণ ১৩° ১৩ ২০ তিঃ, দ্রাখিণ ৭৯° ৮ ১০ পুঃ। এই নগর বেলুর প্রেসন হইতে ১৮ মাইল উত্তর ও মাজাজের ১০০ মাইল দ্রবর্ত্তী। এই নগরে রাজকীয় বিচারালয়, পুলিস প্রেসন, জেলখানা, বিদ্যালয়, হাঁসপাতাল, দাতব্যচিকিৎসালয় প্রভৃতি আছে। ১৮৭৪ খঃ অব্দ পর্যন্ত চিন্ত বে ইংরাজনিগের সেনানিবাস ছিল। প্রথমে আর্কটরাজবংশীয়দিগের সম্পত্তি ছিল, অবশেষে ১৭৮১ সালে সর আইয়ার-কুট্ অধিকার করিয়া ইংরাজনরাজ্যভক্ত করেন।

চিত্তোন্ধতি (স্ত্রী) ৬৩९। ১ মনের উন্নতি।২ গর্বা। চিত্তোম্বেগ (পুং) ৬৩९। মনের উদ্বেগ।

চিৎপতি (পুং) চিতঃ জ্ঞানত পতিঃ ৬তৎ। পূর্বপদত্ত ন প্রকৃতিস্বরত্বং (ন ভূবাক্চিদিধিরু। পা ৬।২।১৯) ১ মনোভি-মানী জীব। "চিৎপতির্মা পুনাতু" (যজুঃ ৪।৪।) ২ হৃদরেশর। চিৎপাত্ত (পুং) চিৎ হইয়া পতন।

চিৎপাবন, কোষণস্থ আন্দেরে প্রক্ত নাম। স্থানিখণে ইংরা চিত্তপুতাক্মা নামে বর্ণিত হইয়াছেন। [কোষণস্থ্রাক্ষণ শব্দে বিস্তৃত বিবরণ দ্রষ্টবা।]

চিৎপুর, কলিকাতার উত্তরপশ্চিমপ্রান্তবর্ত্তী একটা প্রাচীন স্থান। চিত্রেশ্বরী দেবীর মন্দিরের জন্ম এই স্থান প্রাসিদ্ধ। চিৎপ্রবৃত্তি (স্ত্রী) ৬তং। চৈতন্তোর প্রবৃত্তি।

চিৎফিরোজপুর, উত্তরপশ্চিমপ্রদেশস্থ বালিয়াজেলার একটী সহর। ইহার অপর নাম বড়গাঁও। অক্ষা ২৫° ৪৫´ ৪″ উ:, দ্রাঘি ৮৫° ২´ ৩৯″ পু:। এই সহর বালিয়া হইতে ১০ মাইল অস্তরে উক্ত নগর হইতে গাজিপুর যাইবার পথের উপরে এবং সর্যুন্দীর তীরে অবস্থিত। ইহা ক্ষ্মিকর্মের জন্ম বিখ্যাত।

চিৎবইল, মাক্রাজ প্রেসিডেক্সীর অন্তর্গত কদাপা (কড়াপা)
কেলার মধ্যস্থ পালামপেট নামক তালুকের একটী প্রধান
সহর। অক্ষা ১৪° ১০ ৩০ উ:, দ্রাঘি ৭৯° ২৪ ২৯ পু:।
পূর্বের এই নগরে একটী সামান্ত রাজ্যের রাজধানী ছিল ও
ইহার শাসনকর্তা ঘাটপর্কতের পশ্চিম পার্যস্থ বিজয়নগররাজ্যগণের অধীনস্থ অন্তর্গর প্রধান সামস্ত বা মহামগুলেশ্বর
ছিলেন। ১৮০২ খুটাকে এখানকার অধিপতি ইংরাজারাজ
কর্ত্বক সিংহাসনচ্যত ও বৃত্তিভোগী হন।

চিত্য (পুং) চীয়তে চি-য নিপাতনে। (চিত্যান্নিচিত্যে চ। পা অসাত্ত । ) ২ অগ্নি। (ত্রি) ২ চয়নীয়। চীয়তে অস্মিন্ অগ্নিরিতি শেষঃ। (ক্লী) ও শবদাহ করিবার চুল্লী। চিতায়াং ভব: চিতা-বং। (বি) ৪ চিতা হইতে স্বাত। "চিত্যমান্যাস-রাগশ্চ আয়সাভরণোহভবং।" (রামায়ণ ১।৫৮।১১।)

চিত্যা ( স্ত্রী ) চীয়তেৎখিরস্থাং প্রেতস্থ চি-য নিপাতনে, ব্রিরাং টাপ্। ১ চিতা। ভাবে ক্যপ্। ২ চরন।

চিত্র (ক্নী) চিত্রাতে চি-ক্র্ (অমিচিমিদিশসিভাঃ ক্র্:। উণ্ ৪।১৬০।) ১ তিলক। ২ আলেখ্য। "উত্তমাধমভাবেন বর্ত্তরে পটচিত্রবং।" (পঞ্চদশী ৬/৫) [চিত্রবিদ্যা শব্দে বিস্তৃত বিবরণ দেখ।] ৩ অন্তুত, আশ্চর্য্য। "চিত্রং সংক্রীড়মানাস্তাঃ ক্রীড়নৈবিবিধৈ স্তথা।" (রামায়ণ ১।১০/৪) ৪ শক্ষালয়ারভেদ, পদ্মাকার বা ধড়গাদির আকারে বর্ণবিদ্যাসের নাম চিত্রালয়ার। (সাহিত্যদং ১০/৬৪৫।)

৫ কাব্যভেদ। যদি শব্দ ও অর্থের বৈচিত্র্য থাকে এবং ব্যাব্যার্থ অক্ট্রভাবে থাকে, তাহাকে তৃতীয় অবম কাব্য বলে। (কাব্যপ্রকাশ ১ উ:।) ৬ ছলোভেদ। ইহার লক্ষণ্ণ সমানিকাছলের পাদ্বরের সমান, তাহার প্রত্যেক পাদে ষোল অক্ষর অর্থ্য, অর্থাৎ প্রথম, তৃতীয়, পঞ্চম ইত্যাদি প্রকল্প এবং যুগ্ম অর্থাৎ বিতীয়া চতুর্থ ও ষষ্ঠ ইত্যাদি বর্ণ লঘু হইবে। (ছলোমঞ্জরী)। ৭ আকাশা। ৮ কুঠবিশেষ। ৯ ক্লি পুং) কর্ব্র বর্ণ, বিচিত্রবর্ণ। চিত্রয়তি পাপপুল্যে বিচার্য্য লিখ্যতে চিত্র-পিচ্ অচ্। (পুং) ৯ যমভেদ। "ব্কোদরায় চিত্রায়" (তিথা-দিত্র্যা)। ১০ চিত্রগুর্প। ১১ এরগুর্ক্ষ। ১২ অশোকর্ক্ষ। ১৩ চিত্রকর্ক্ষ। (ত্রি) ১৪ বিচিত্রবর্ণবিশিষ্ট। "নিস্গচিত্রোজ্ঞ লক্ষ্মপক্ষ্মণ।" (মাঘ) ১৫ আশ্রুর্যান্ত্রকনক, বিশ্বয়কর। "চিত্রাঃ শ্রোতৃং কথান্তরে পরিবক্রন্ত্রপঞ্চিক্র (ভারত ১)১।৩১।)

চিত্রক (ক্লী) চিত্র-স্বার্থে কন্! > তিলক। চিত্রেণ চিত্র ইব বা কারতি চিত্র-কৈ-ক। (পুং) ২ ব্যাঘবিশেব, চিতাবাঘ। ৩ শুর, বলবান্। ৪ এরগুরুক্ষ। ৫ চিতা। ৬ ওষধি ডেদ, চিরাতা। ইহার ৩৫৭—এহণী, কুঠ, শোধ, অর্শ, কুমি, কাদ, বাতলেম, বাতঅর্শ, শ্লেম ও পিত্ত-বিনাশক, অগ্নিবর্দ্ধক ও কটু।

চিত্রকশাক কাসমর্দের সহিত মর্দন করিরা হিঙ্কের সহিত তৈলে পাক করিরা আহার করিবে। (শব্দার্থচি°) চিত্ররতি চিত্র-স্বার্থে কন্। ৬ (ত্রি) চিত্রকার। (পুং) ৭ মুচুকুন্দ। ইহার গুণ শিরংশীড়াদিনাশক। (ভাবপ্রকাশ)

চিত্রকণ্ঠ (পুং) চিত্রঃ কণ্ঠোষস্থ বছব্রী। ১ কপোত, পান্নরা। ২ বনকপোত, ঘুঘু।

চিত্রকগুটিক। (স্ত্রী) গুটিকাবিশেষ। চিত্রক, পিপুলের মূল, ক্ষার, লবণ, ত্রিকটু হিঙ্গু ও যমানী একত্র চূর্ণ করিয়া লাড়িম বা নেবুর রস দ্বারা গুটি পাকাইবে, পরে সৌবর্চন, সৈন্ধব, বিট্, উত্তিদ্, সামূজ এই পঞ্চলবণের সহিত এক প্রহর পর্য্যস্ত জ্বনলে পাক করিবে। (চক্রদন্ত )

চিত্রকপ্ত ড়িকা, বৈদ্যকোক ঔষধবিশেষ। প্রস্তুত প্রণাদী—
চিতাম্ল, পিপুলমূল, বেক্লার, সাচিক্লার, পঞ্চলবণ, ত্রিকটু,
হিন্দু (হিং), বনবমানী, চই, এই সকল একত্র চুর্ণ করিয়া
টাবানের বা দাড়িমের রসে মর্দন করিয়া > মাবা পরিমাণে
গুড়িকা প্রস্তুত করিবে। ইহা আমপাচক ও অয়িদীপ্তিকার্মন। (ভৈবজ্ঞার\*)

চিত্রকৃষ্ঠ, বৈদ্যকোক ঔষধবিশেষ। প্রস্তুত প্রণাদী—মৃত্ ৪ সের। কাথার্থ চিতামূল ১২॥• সের, জল ৬৪ সের, শেষ ১৬ সের। কাঁজি ৮ সের, দধির মাৎ ১৬ সের। কর্বার্থ পিপুল, পিপুলমূল, চই, চিতামূল, ভুঁঠ তালীশপত্র, যবক্ষার, সৈন্ধব, জীরা, ক্ষজ্জীরা, হরিদ্রা, দারুহরিদ্রা, মরিচ, সমুদায়ে ১ সের। পাকের জল ১৬ সের। এই মৃত্ত পান করিলে প্রীহা, গুলা, উদরাগ্রান, পাঞ্, অরুচি, জর, অর্শ:, শূল প্রভৃতি নানারোগ ভাল হয়। (ভৈষজ্যর\*)

মতান্তরে ঘৃত চিত্রকের কাথ ও কল্পারা পাক করিবে। ইহা—গ্রহণী, গুলা, শোথ, প্লীহা, শূল ও অর্শ নাশক এবং অগ্নিবর্দ্ধক। (চক্রদন্ত)

চিত্রকৈতৈল, বৈদ্যকোক্ত ঔষধবিশেষ। প্রস্তুত প্রণালী—
তৈল ৪ সের, গোমৃত্র ১৬ সের। কন্ধ চিতামূল, চই, যমানী,
কন্টকারী, করঞ্জবীজ, সৈদ্ধবলবণ ও আকন্দপত্র মিলিত ১
সের। ইয়ার নম্ভে নাসার্শ ভাল হয়। (ভৈষজ্যর\*)

প্রকারাস্তরে চিত্রক, চই, জোয়ান, এলাচ, করমচার বীজ। আকল ও লবণ তৈলের সহ একত্র করিয়া গোমূত্রে পাক করিবে। ঐ তৈলের গুণ অর্শনাশক। (ভৈষজার°)

চিত্রকম্বল (পুং) কম্বলভেদ, গালিচা।

চিত্রকর (ত্রি) চিত্রং করোতি চিত্র-ক্র-ট। ২ যে চিত্র করে, চিত্রশিল্পকর। ২ বর্ণসঙ্কর জ্বাতিবিশেষ, পটুরা, শূদার গর্ভে ও বিশ্বকর্মার ঔরদে এই জ্বাতি উৎপত্তি হইরাছে। (ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণ) রামারণ মহাভারতেও চিত্রকরের উল্লেখ আছে।

[ हिळविमा (पथ।]

চিত্রকর্ণ্মন্ (তি) চিত্রং কর্ম যক্ষ বছরী। ১ চিত্রকর। ২ আশ্চর্য্যকর। (পুং) ৩ তিনিশর্ক। ৬টি তৎ (রী) ৪ চিত্রকার্য্য, শির।

চিত্রক-পিপ্ললী মৃত, বৈছকোক ঔষধবিশেষ। প্রস্তুত প্রণালী—মৃত ৪ সের, হ্রা ১৬ সের, করার্থ পিপুল ও চিতামূল মিলিড ১ সের। পাকের জল ১৬ সের। এই মৃত পাক করিলে বরুৎ ও লীহা নষ্ট হয়। (ভৈষজার\*) চিত্র কহরীত কী (স্ত্রী) চিত্রকের সহিত পাককরা হরীতকী।
আযুর্বেদোক ঔষধতেদ। চিত্রক, আমলকী, ওড়্চী, ও
দশম্লের রস হারা হরীতকী চূর্ণ ওড়ে পাক করিবে, পরদিন
কিকট্ ও তেজপত্রের ক্ষারহারা মধুতে পাক করিবে। ইহা
সেবনে অগ্রিহ্নি এবং ক্ষর কাস, নাসিকারোগ, ক্রিমি, ওঅ,
উদাবর্জ, অর্শ ও খাস আরোগ্য হর। (চক্রদন্ত)

ভৈষ্
ভারত্বাবলীর মতে, ইহার প্রস্তুত প্রণালী—পুরাতন
শুড় ১০০ পল। কাপার্থ চিতামূল ৫০ পল, জল ৫০ সের,
শেব ১২॥০ সের; আমলকীর রস (অভাবে কাথ) ১২॥০
সের; শুলঞ্চ ৫০ পল, জল ৫০ সের, শেব ১২॥০ সের।
দশমূল প্রত্যেক ৫ পল, জল ৫০ সের, শেব ১২॥০ সের।
এই সমূদায় কাথ একত্র করিয়া তাহাতে গুড় গুলিরা
ছাঁকিয়া হরীতকীচুর্গ ৮ সের দিয়া পাক করিবে। পাক
সিদ্ধ হইলে, শুট, পিপুল, মরিচ, শুড়ত্বক্, তেজপত্র,
এলাইচ প্রত্যেক চুর্গ ২ পল ও ঘবক্ষার ৪ তোলা প্রক্ষেপ
দিবে। পরদিনে মধু ২ সের মিশ্রিত করিবে। অগ্রির
বল বিবেচনা করিয়া অর্ক্নতোলা হইতে ২ তোলা মাত্রা
স্থির করিবে। ইহা সেবন করিলে অগ্রির দীপ্রি এবং
ক্ষম, কাস, প্রীনস, ক্রিমি, গুল্ম, উদাবর্গ্ত, অর্প ও খাসরোগ
নষ্ট হয়। (ভৈষ্কার\*)

চিত্রকাথি, বোদাই প্রদেশবাসী এক প্রকার জাতি। ইন্দাপুর, পুরদ্ধর ও পুণা এই তিনটা স্থান ভিন্ন পুণাজেলার অপর সকল স্থানেই ইহাদিগের বাদ দেখিতে পাওয়া যায়। চিত্র ও কথা এই ছইটা শব্দ দারা ইহাদিগের জাতীয় নামের উৎপত্তি হইয়াছে, কারণ ইহারা লোকের নিক্ট দেবদেবীর ও বীর পুরুষদিগের প্রতিমূর্ত্তি অর্থাৎ চিত্রপ্রদর্শন এবং পৌরাণিক কথা শুনাইয়া ভিক্ষা করিয়া থাকে। ইহারা বলে যে, শোলাপুর জোলার অন্তর্গত দিক্লানপুর ইহাদিগের পূর্কা বাস ছিল; সাছ রাজার রাজত্ব কালে (খঃ ১৭০৮-১৭৪৯ খঃ অব্দে) ইহারা পুণা জেলায় আদিয়া বাস করিয়াছে। ইহাদিগের মধ্যে শ্রেণী বিভাগ নাই। যাদব, মোরে প্রভৃতি ইহাদিগের উপাধি। স্মান উপাধিবিশিষ্ট ব্যক্তির মধ্যে আহারাদির প্রচলন আছে, কিন্তু বিবাহ প্রচলন নাই। ইহাদিগের পুরুষগণের নামের অ্বস্তু বিবাহ প্রচলন নাই। ইহাদিগের পুরুষগণের নামের

ইহাদিগের মাতৃভাষা মরাঠা। ইহাদিগের আকৃতি প্রকৃতি মরাঠা কুণবি জাতির মত। ইহারা শিখা ও গোঁফ রাথে। ইহারা ছাগ, মেব প্রভৃতির মাংসভক্ষণ এবং নেসা করিতে ভালবাসে। প্রায় চিত্রকাথি জাতি অপরিকার, কিন্তু মিতব্যুমী ও অতিথিসেবক। ইহারা সময়ে সময়ে কাঠপুত্রলিকার ন্ত্য ও তাহাদিগের বৃদ্ধ দেখাইয়া জীবিক। উপার্জ্ঞন করে।

হাদশবর্ধ বল্লাক্রমকালে ইহারা চিত্রপ্রকর্শন-ব্যবসা আগন্ত
করে। হিন্দুধর্মে ইহারা অতিশর অহুরক্তা। পুর্ক্তাপুদ্রের
ভবানী দেবী ও জেভুদ্নীর খাভোবা ইহাদিগের কুল্দেবতা।

ইহারা বৈশ্ববর্ধে দীক্ষিত হইলেও ভবানীই ইহাদিগের
প্রধান আরাধ্য হেবী। মহাপ্রাইদেশের ক্রমকর্পণ বে সক্ল
পর্কানি পালন করিয়া থাকে, ইহারাও সেই সমস্ত পালন
করে। আলাগী, জেকুরী প্রভৃতি ইহাদিগের তীর্থহান।
গন্তান ভূমিঠ হইবার অলক্ষণ পরেই ইহারা প্রস্তি ও জাত
সন্তানকে সান করাইয়া হেয়।

বিবাহাদি কার্য্যোপলকে বন্ধকঠাকে কল্পাকর্তার নিকট গিয়া প্রস্তাব উপাপন করিছে হয়। ৩ বংসর হইতে ২০০০ বংসর পর্যান্ত পুক্ষের ও ৩ বংসর হইতে ২০ বংসর পর্যান্ত রম্পীগণের বিবাহ হইয়া থাকে। যে কোন শ্রেণীর প্রান্ত্রপ হউক না কেন ইহাদিগের পৌরহিত্য করিতে সারে। ইহারা শবদেহ গোর দের এবং তের দিন মৃতাশোচ গ্রহণ করে, শেষ দিন মৃত ব্যক্তির উদ্দেশে স্বজাতির ভোল দেয়। এই উপলক্ষে সময়ে সময়ে ছাগ বলি দিয়া তাহার মাংস আহার করে। প্রতি ভাজমাসে ইহারা মৃত ব্যক্তির উদ্দেশে উৎসব করিয়া থাকে। ইহাদের পঞ্চায়ত সামাজিক বিবাদের মীমাংসা করে। সামাজিক অপরাধে অপরাধী পাঁচ জনকে ভোজ দিলেই আবার সমাজে গৃহীত হয়।

চিত্র কাদিলোই, বৈদ্যকোক ঔষধবিশেষ। প্রস্তুত প্রণালী—
চিতামূল, শুঠ, বাসকমূল, গুলঞ্চ, শালপাণি, জালকটাভন্ম, আপাঙ্গমূলভন্ম, পুরাতন মাণ প্রভ্যেক • তোলা;
লোহ, অন্ত্র, পিপুল, তাম্র, যবক্ষার, পঞ্চলমণ, প্রত্যেকে হ
তোলা, গোমূত্র ১৬ দের। মৃত্ অগ্নিতে পাক করিবে। শীতল
হইলে অধু ২ পল মিল্রিত করিয়া লইবে। এই চিত্রকাদি
লোহ সেবন করিলে শ্রীহা, শুন্ম, উদরামর, যক্তং, গ্রহণী,
শোগ, অগ্নিমান্দ্য, জ্বর, কামলা, পান্ধুরোগ, শুদল্রংশ ও
প্রবাহিকা আরোগ্য হয়। (ভৈষজ্যরং।)

চিত্রকায় (ত্রি) চিত্রঃ কারঃ শরীরং যত বছরী। চিত্রক-ব্যাহ্র, চিতাবার। (রাজনিং)

চিত্র কার (ত্রি) চিত্রং করোতি চিত্র-কৃ-অণ্। ১ চিত্রাক্ষা।
(পুং) ২ সম্বরজাতিভেদ। গান্ধিকীর গর্ভে স্থপতির ঔরসে
ঐ জাতির উৎপত্তি। (পরাসরপদ্ধতি)।

চিত্রকারিন্ (তি) চিত্রং করোতি চিত্র-স্থ-শিনি। চিত্রকর। চিত্রকুগুল (ম:) চিত্রে কুগুলে ২৯ বছরী। গুডরাট্রের মূত্র-ভেদ। (ভারত জাদি ১১৭৬) চিত্রকুট (পুং) চিত্রাণি কুটানি অভ বছরী। পর্মভবিশেষ।

"নদর্শ চিত্রকুটছং স রামং সহলক্ষণং।" (ভারত বন ২৭৬ জঃ)

রামারণ মতে ঐ পর্মত প্ররাগক্ষেত্রের নিক্টবর্ত্তী

তর্মাজান্রমের সাড়ে ডিন মোজন দক্ষিণে অর্যন্তি; ইহার
উত্তরপার্যে পুণাতোরা মন্দাকিনী নদী ধরুলোতে বহিতেছে।

(রামারণ অবোধ্যা, ৯২ জং)। ঐ ছানে ভগবতী সীতারপে

বিরাজমান। "চিত্রকুটে তথা সীতা বিক্ষ্যে বিদ্যাধিবাসিনী"

(দেবীভাগবত)

আদিরামারণীয় চিত্রকৃটমাহাত্ম্যে ও ভবিষাপুরাণীর বন্ধ-খতে শিবিত আছে, রাম জানকী এই ছানে অবস্থান করেন বলিরাই ইহা পুণাভূমি। অধুনা ঐ পর্বত আমতা দামে অভিহিত। এখনও কিন্তু দেশীয় লোকে ইহাকে চিতরকোট বলিয়া থাকে। এখন এই পাছাড় বান্দাজেলার मध्य अवश्वित । देशांत्र शावतनत्म शरास्थी ननी धावाहित । পুণান্দেত্রের চারিদিকে প্রদক্ষিণা দেওয়া আছে, তীর্থবাতীগণ তাহারই চারিদিক প্রদক্ষিণ করিয়া খাকে। পরোঞ্চীনদীর তীরে অথবা শৈলদেশে ৩৩৷৩৪টা ভুদুশু ও স্থরম্য মন্দির আছে, ঐ সকল মন্দিরের দেবদেবার অভ বৃটাশাধীন ৩৯ থানি গ্রাম ও দেশীয় রাজ্যভুক্ত কয়থানি গ্রামের আয় নির্দিষ্ট আছে। রামনবমী ও দেওয়ালী উপলক্ষে পুর্বে এথানে চল্লিশ পঞ্চাশহাজার ভীর্থযাত্রী আসিত. এখন বিশহাজার লোকও হয় না। পূর্কো ঐ সময়ে আনেক (प्रभाव ताका ও পেশবার পরিবারবর্গ আগমন করিতেন। এখনও পাণ্ডাদের ভন্নাবধানে ৩০টা ঘাট আছে, স্নান করিবার কালে ঐ সকল পাণ্ডাকে কিছু কিছু দিতে হয়।

চিত্রকৃটে রামারণোক্ত ফলাকিনী ও মালিনী নামে হুইটা কুদ্র নদীও প্রবাহিত হুইতেছে।

২ চিতোর নগরের শিলালিপি-বর্ণিত প্রাচীন সংস্কৃত নাম। [চিতোর দেখ।] ৩ হিমালয়ের একটা পবিত্র শৃদ্ধ।

( श्मिवल्थक ४।३०५ )

৪ সীতানদীর পূর্বতেটে অবস্থিত একটা শর্বাত।

"নীলাজে দক্ষিণশাখাং যোজনৈকসহলকে।

সীতা পূর্বাতটে চিত্রং বিচিত্রং কুটমপ্যতঃ॥"লৈ হরিবংশ ৫।১৯১। 
চিত্রেক্কুৎ (ত্রি) চিত্রং করোতি চিত্র-ক্র-ক্ষিপ্। ১ চিত্রকর।
২ আকর্য্যকর। (গুং) ৩ সম্বরজাতিতেন। ৪ তিনিশর্ক।

চিত্রেকেতু (গুং) ১ গরুডের প্রভেদ। (ভারত ৫।৯৯ আঃ) ২

করণের এক পূত্র। (ভাগং ৯।১১।৭) ৩ উর্লার গর্জজাত বলিটের
পূত্র। (ভাগং ৪।১।৩৪) ৪ কংসার গর্জজ বছবংশীর দেবভাগের
পূত্র। (ভাগং ১১।২৪।৩) ৫ শুরুবেন দেশের এক রাজা। তিনি

পুত্রশোক সম্ভপ্ত হইলে দেববি নারদ আসিরা তবজানের ক্ষা তাহাকে বাহ্মদেবমন্ত্রাদি উপদেশ দিরাছিলেন। (ভারা ৬১৪।৬) (ব্রি) ৬ চিত্রপতাকাযুক্ত।

চিত্রকোণ (পুং) চিত্রঃ কোণোহক্ত বছত্রী। অঞ্চনিকা, অঞ্চনী। চিত্রক্রিয়া (ব্রী) কর্মধাণ। চিত্রকার্য্য।

চিত্রক্রির (আ) বিচিত্র বলবিনিষ্ট। "চিত্রক্র চিত্রতমং বর্ষোধাং।" (ঝক্ ৬৬৬৭) 'হে চিত্রক্র বিচিত্রবল'। (সারণ)। চিত্রগ (আ) চিত্র-গম্ভ। চিত্রার্শিত, চিত্রলিধিতা। চিত্রগত (আ) চিত্র-গম্ফর্জরি জা। চিত্রার্শিত। "ওভাতে রণেহতীব পটে চিত্রগতে ইব।"(ভারত ভীর ৪৪ জঃ)

চিত্ৰপক্ষ (ক্লী) চিত্ৰঃ গদ্ধোৎক বছবী। > হরিতাল।

( वि ) २ जान्धर्ग गन्नयूक ।

চিত্রপ্ত ও (পুং ) চিত্রাণাং পাপপুণ্যাদিবিচিত্রাণাং গুপ্তং রক্ষণং ষশ্বাৎ বছরী। ১ যমভেদ। "চিত্রগুরায় বৈ ধনঃ।" (ব্যক্তর্শণ) লোকপিভাষ্ ব্ৰহ্মা সমস্ত জগৎ সৃষ্টি করিয়া খ্যানে নিমগ্ন হইলে তাঁহার কায় হইতে বিচিত্রবর্ণ এক পুরুব মস্তাধারলেথনীহতে নি:স্ত হইল। পিতামহের ধ্যান ভল হইলে তিনি সমুৰ্বিহৃত সেই বিচিত্ৰ গঠন পুৰুষকে নিরীক্ষণ করিলে, সে বলিক "হে তাত! আমার নাম কি ? আমাকে উপবৃক কাৰ্য্যে নিযুক্ত ককন।" ব্ৰহা স্বকায়সভ্ত পুরুষের মধুর বাক্য ভনিয়া আননিদত চিত্তে কহিলেন, "আমার কার হইতে উৎপত্ন হইরাছ, এজস্ত তুমি কার্ত্থ নামে খ্যাত হইলে, আর ভোমার নাম চিত্রগুপ্ত হইল। লোকদিগের পাপপুণ্যবিচারার্থ ভূমি যম-রাজের পূরে গিয়া বাস কর" এই বলিরা ত্রনা অন্তর্হিত হইলেন। ভট, নাগর, দেনক, গৌছ, জীবান্তব্য, ৰাধুর, অহিচাণ, শৈকদেন এবং অষ্ঠ ইহারা চিত্রগুরের পুত্র। চিত্রগুপ্ত ইহাদিগকে স্ব স্ব কার্য্যে নিমুক্ত করিয়া পৃথিবীতে স্থাপন করিরাছিলেন। (ভবিবাপুরাণ)

তিনি মান্নবের নলাটে ভাকী ভভাভড ফল নিখেন।
( পদ্মপুরাণ, পাভালধণ ১০২ জঃ)

তিনি বনরাজ কর্তৃক নিবৃক্ত হইরা পাশীদিগকে যাতনা প্রদান করেন। ("তত্রাপি চ তদ্ব্যাপারাদ্বিরোধ:।" শা॰ স্॰) গক্তৃপ্রাণের প্রেভক্তের নিধিত আছে, যমলোকের নিকট

চিত্রগুরাস্থ নামে একটা বছর লোক আছে, তথার চিত্র-স্থপ্তের অধীনে কায়ক্তরণ পাশীগাণের পালপুণ্যের বিচার করিয়া থাকেন।

কার্ত্তিক্ষাসের শুক্লবিত্তীয়াতে কারত্বেরা ভক্তিপূর্বাক চিত্রশুক্তকে পূজা কৃরিবে। গরুপুলা, ধুপদীপ, নৈবেদ্য, পটবল্ল, শুৰ্করা, পূৰ্ণপাত্ৰ ইজ্যাদি উপাইরণ ছালা বিধিৰ বাদ্য-বাদনপূর্বক সহাসমালোহের সহিত ভাষার পূজা সমাপন করিলা আক্ষণ ও ভারছদিগকে আহার ক্যাইবে।

চিত্রপ্তরের নমস্বার-মত্র বধা—

"নসীভাজনসংগুক্তং স্বাচরদি ভূতলে।

লেবনীচ্ছেদনীহন্ত চিত্রপ্তর ! নমোহন্ত তে ।

চিত্রপ্তর নমন্তপ্তর শমন্তে ধর্মরূপিণে।

তেবাং বং পালকোনিত্যং নমং শাবিং প্রবন্ধ মে॥"

ত্বরাচার দৌদাস নামক রাজা কার্ত্তিক মাসে শুক্রবিতীয়া ভিপ্তিতে চিত্রগুল্থের পূজা করিয়া জনস্ক পাপ হবঁতে নিক্ষৃতি লাভ করিয়াছিলেন এবং জব্তে স্থালোকে গমন করেন। ঐ ভিনিতে মহাবাহে ভীয়া চিত্রগুপ্তের উপাসনা করার চিত্রগুপ্ত সম্ভব্ত হইয়া বলেন, হে মহাবাহো! আমি ভোমার প্রতি প্রীভ হইয়াছি, ভোমার মৃত্যু হইবে না। বধন ত্মি ইছা করিবে, তখন ভোমার মৃত্যু হইবে। চিত্রগুপ্তের প্রসাদেই ভীলের ইছার্ভ্যু হইরাছিল।

কার্তিক্রানের তরুপক্ষের বিতীরার নাম বম্বিতীরা। ঐ তিবিতে বন, বসক্ত ও চিত্রগুপ্তকে পূজা করিবে। তগিনী হত্তপ্রস্তুত জ্লাদি ও পঞ্ব পান ভোজন করিলে বৃদ্ধি, বলঃ, আয়ুব্দি এবং সর্ক্রামনা সিদ্ধ হর। প্রাতা ভোজনাতে দের দ্রবাদি তপিনীকে দিবেন। প্রার্থনা মত্র—

> "উৎপজে প্রলয়েকৈর ত্যাগে দানে ক্তাকৃতে। লেথককং সদা শ্রীনাংশিদ্যভাগ নমোস্বতে। ক্রিরা সহ সমুংপর সমুক্রমধনোত্তব! চিত্রভাগ মহাবাহো মমাদ্যবরদোভব।" (ভবিয়োত্রপুরাণে চিত্রভাগ্রভক্পান)

শ্রিরা সহসম্পন্ন সমূত্র মধনোত্তব" ইহা ছারা বোধ হই-তেছে চিত্রপ্তর লন্ধীর সহোদর সমূত্রমহ্মকালে সমূত্র হইতে উথিত হইরাছিলেন।

গোমন্তের (বর্তমান গোরার) মাসীশের শব্দাবকীনদীর নিকট প্রাচীন চিত্রপ্রথমন্দিরের ভরাবশেব আছে। "সুগুনং চৈব মর্জ্যানাং চিত্রপ্রপ্রক্ত মন্দিরে।"

(ज्ञांजि मानीनमा २००४।)

২ এক্সন ধর্মনাত্রকার। জলোৎসর্গ ও মঠপ্রফিষ্টাদি-তত্তে রমুনকন চিত্রগুপ্রস্থতি উদ্ধৃত করিয়াছেন।

চিত্ৰগৃছ (প্লেক্টা) ৬তং। চিত্ৰশালা। চিত্ৰস্কু বা চিত্ৰ ক্ৰিবাস গৃহ। [চিত্ৰবিদ্যা দেখ।]

চিত্রগ্রীব (কি) চিত্রা গ্রীবা বস্ত বছরী। বিচিত্র গ্রীবাবিশিষ্ট। চিত্রঘণ্টা (গ্রী) চিত্রা ঘণ্টা মস্তাঃ বছরী। কাশীত্ব দেবীভেদ।

"বিখে। বিধে। বিখভুজে। নমোহস্ক তে खीठिज्ञचर्णे। विकटि ज्ञानिंक !" (कानीथ्छ e कः) क्तिशाकनी (जी) कानीय (परीविश्वत । "रेम्क विवयरकेनी षाणीकर्षसः इमः।" (कामीथ्छ ०० **जः**)

চিত্রচাপ (পুং) ধৃতরাষ্ট্রের পুত্রভের। (ভারত ১।৬৭ অঃ) চিত্রজল্প (পুং) চিত্রো মনোহরোজন্ম কর্মধা। বাক্যভেদ, প্রিয়ব্যক্তি প্রিয়ব্যক্তির নিক্ট রোধের সহিত অনেক ভাবময় উৎকণ্ঠাযুক্ত যে ৰাক্য বলে। ইহার দশটা অঙ্গ বধা-প্রজন্ন, পরিজন্নিত, বিজন্ন, উজ্জন্ন, সংক্রন, অবজন্ন, অভি-জরিত, আজর, প্রতিজর ও মুজর। প্রজর অবস্থার প্রেরসী অস্থা, ঈর্ধা ও গর্মযুক্ত হইয়া অবজ্ঞার সহিত কৌশল করে। পরিজ্ঞন্নিত অবস্থার স্বামীর নিষ্ঠুরতা, শঠতা ও চপ্দতা ইত্যাদি দেখাইয়া ভাব ভঙ্গিতে নিজের সর্গতা প্রকাশ করে। বিজ্ঞা অবস্থায় অভিমান চাপিয়া রাধিয়া অহুরা প্রকাশপূর্বক প্রিয়-তমের প্রতি কটাক্ষে কথা বলে। উজ্জন্ন অবস্থায় গর্বা চাপিয়া ঐর্বার সঙ্গে কুহকাখ্যান ও অস্থার সহিত আক্ষেপ। সংজন্ন ে অর্থাৎ উপহাস ও আক্ষেপ করিয়া প্রিয়তমাকে অক্সতজ্ঞ ইত্যাদি वना। अवस्त्र अर्थार नेर्वाशृक्षक (यन स्टाम श्रिमकनरक निर्हेत्, কামুক, ধৃষ্ঠ ইত্যাদি বলা। অভিজ্ঞব্লিত অর্থাৎ প্রিয়কে ত্যাগ 🌣 করাই উচিত, ভঙ্গিতে ও অহুতাপের সহিত এরূপ ভাব প্রকাশ করা। আজর অর্থাৎ মনের থেদে প্রিয়কে কুটিল ও ছ:থদায়ক বৰা। তিনি যে অন্তের স্থদাতা তাহাও ভদিতে প্রকাশ করা। প্রতিক্রর অর্থাৎ প্রিয়ত্তম প্রেরিত দূতকে সন্মান করিয়া বেশ স্থির ভাবে কথা বলা যে "তিনি অন্তের প্রতি আসক্ত, তাহারা হলনে সর্বনাই একত থাকেন। এ অবস্থায় আমার যাওয়া উচিত নয়।" স্কল্প অর্থাৎ সর্বতা, গান্তীর্য্যতা, চপলতা ও উৎকণ্ঠার সহিত প্রিয়তমকে জিজ্ঞাসা क्ता। (উज्ज्वननीनमणि)

চিত্ৰতপুল (ক্নী) চিত্ৰ ভুগো বস্ত বছত্ৰী। বিড়ক। চিত্ৰতণ্ডুলা (জী) বিড়ঙ্গ।

চিত্রতৈল ( ক্লী-) এরওতৈল, ভেরাপার তেল।

চিত্র হুচ্ (পু: ) চিত্রাত্বক্ যশ্র বছরী। ভূজ্জপত্র।

চিত্রদ গুক (পুং) চিত্রো দণ্ডো যক্ত বছত্রী-কপ্। শ্রণ, ওলগাছ। চিক্তাদীপ ( প্ং ) পঞ্চদশীপ্রকরণের অন্তর্গত দীপভেদ। চিত্র যেমন পটে অন্ধিত থাকে সেইরপ স্বচৈতন্তে জগচিত্রও অন্ধিত ৷ তাহাকে মারাময় ও মিথ্যাজ্ঞানে উপেকা করিয়া চৈততাই এক ও বছরার অনবারণ করিবে। এই চিতা দীপের বিষয় াহারা নিক্ত অসুসন্ধান করে, তাহারা জগচ্চিত্র অব-' (गायम अवस्था अवस्था प्रति भूष भूष इवसी। (अक्ष्मिनी।)

हिज्रमुनीक (जि) विहिज्रमर्नन। "চিত্ৰদুৰীক্ষৰ্ণঃ" (ঋক্ **७।८१। (ठिज्युनीकर विठिज्युननेश ( नाम्रण**)

চিত্রেদেব (পুং) কার্ত্তিকের এক অমুচর। (ভারত শল্য, ৪৬ অঃ) ठिखामियी (जी) > मरहज्यामियी, वस्माकान न्छ। २ শক্তিবিশেব। কলিকাতার উত্তরপ্রাক্তম চিৎপুরের উত্তরে চিত্রদেবী নামে এক শক্তিমূর্ত্তি আছে। বোধ হয় তাঁহারই নামামুগারে চিত্রপুর এবং তাহা হইতে বর্তমান চিৎপুর नामकत्रण इहेत्रारह। [ हि९शूत ७ हिट्यपती स्मर्थ।]

চিত্রধর্মান (পুং) দৈতানৃপতিভেদ। (ভারত ১।৬৭ আঃ) চিত্রধরশর্মা, একজন বিখ্যাত নৈয়ায়িক। ইনি ঈশরবাদ ও সংস্থারসিদ্ধিদীপিকা নামে সংস্কৃত ভাষার নব্য ভারএছ প্রণয়ন করেন।

क्रिक्क ( जना ) हिंज-विशार्थ था। ज्यानकथा, ज्यानकविथ। "তর্করামাস চিত্রধা" ( ভাগণ ৩১৩।২• )

চিত্রধাম (क्री) কর্মধা। চিত্রনির্মিত পুলার মণ্ডল, নর্মতো-छन्य छन्।

চিত্রপ্রজ্ঞতি (ত্রি) বিচিত্র গতিবিশিষ্ট। "চিত্রপ্রস্থৃতির-রতির্যো" ( ঋক ৬।৩।৫।) 'চিত্রধন্ধতির্বিচিত্রগতিঃ' ( সায়ণ )

চিত্রধ্বজ একজন পাশ্চারাজ। [পাশ্চা দেখ।]

চিত্রনেত্রা (জী) চিত্রং নেত্রং ষষ্ঠাং, বছবী। > সারিকা, भागिक। २ महनशकी, महना।

চিত্রেন্সস্ত (ত্রি) চিত্রে স্তস্তঃ ৭তং। চিত্রার্পিত, চিত্রিত।

চিত্রপক্ষ (পুং ) চিত্রৌ পক্ষো যভ বছরী। তিত্তিরীপক্ষী। ইহার মাংস বাত, কফ ও গ্রহণীনাশক। (রাজনি॰)

চিত্রপট (পুং) > চিত্রিত বস্ত্র, ছিট। ২ চিত্রাধার, পট। 'নিঃশেষং বৃষ্ণিদৈয়াং তু স্থিতং চিত্রপটে যথা" (হরিবং ৩১৭ অঃ)

চিত্রপট্ট (পুং) চিত্রিত পট। "চিত্রপট্টং ময়াদত্তং ঘচ্চিত্রং বীক্ষ্য জীবতি" ( হরিব ১৭৭ অ:)

চিত্রপটু ( বি ) চিত্রে পটু: ৭তং। চিত্রকার্ব্যে কুশব। চিত্রপতি, সিদ্ধান্তপীযুষ নামে শ্বতিদংগ্রহকার।

২ পূর্ব্বোক্ত চিদম্ম তাল্কের প্রধান নগম ও একটা প্রাচীন তীর্থ, ইংরাজেরা চিলম্বরম্ বলিয়া থাকেন। এই নগর কদালুরের ২৫ মাইল দক্ষিণে সমুক্রক্ল হইতে ৭ মাইল দ্রে অবস্থিত। অক্ষাণ ১১° ২৪ ৯ উ:, জ্রাঘিণ ৭৯° ৪৪ ৭ পু:। তালুকের সদর বলিয়া এখানে জ্বেলার অধীনস্থ কালেক্রী, দেওয়ানি ও পুলিস আদালভ, ডাক্মর ও সাহেবদিগের বাঙ্গলা ইত্যাদি আছে। অধিবাসীগণের একচতুর্থাংশ রেসম ও কার্পাসবন্ত্র বপন করিয়া থাকে। এখানে চিদম্বরেশ্বর দেবের উৎসব উপলক্ষে প্রতিবৎসর পৌবমাসের শুক্রপঞ্চমী হইতে পুর্ণিমা পর্যান্ত একটা মেলা হইয়া থাকে। মেলায় চতুর্দিক্ হইতে প্রায় ৫০।৬০ হাজার লোক দেবদর্শন ও ব্যবসাদি উপলক্ষে আসিয়া থাকে।

দাক্ষিণাত্যে ইংরাজ-করাসী বিপ্লবের সময় চিদ্বরম্ একটা সেনানিবাস মধ্যে পরিগণিত হয়। ১৭৪৯ খৃং অবেদ কাপ্তেন কোপ্ দেবীকোটের আক্রমণে বিক্ল মনোরথ হইরা ফিরিয়া আসিবার সময় সদৈত্যে এথানে উপস্থিত হন। ১৭৫৩ খৃং অবেদ ফরাসীরা ইংরাজ সৈক্সদিগকে এই স্থান হইতে তাড়াইয়া দেয়। ১৭৫৯ খৃং অবেদ ইংরাজেরা ইহা দথল করিতে চেন্তা করেন, কিন্তু সিদ্ধরম্ অর্পণ করিলে তিনি পরিধা প্রাচীরাদিবারা স্থৃদ্ করেন। ১৭৮১ খৃঃ অবেদ সর্কাইরার কুটু চিদ্বরস্
আক্রেমণ করিয়া বিশেষ ক্ষতিগ্রস্ত ও শেষে বিভাড়িত হন।

চিদম্বের দেবালয়ৠল অতি বিখ্যাত। তল্পধ্যে শিবছর্গার
কনকসভা সর্ব্ধ প্রধান। শ্বলপ্রাণের মতে পৃক্ষম মন্ত্রর তনর
ধ্যেতবর্ণ (নামান্তর হিরণ্যবর্ণ) এই মন্দির নির্দ্ধাণ করেন।
ধ্যেতবর্ণের খেতকুঠ হইরাছিল, এই নিমিন্ত পিতৃদন্ত গৌজনাজ্য
ভোগে বীতস্পৃহ হইরা তীর্থ পর্যাটন করিতে করিতে দাক্ষিণাত্যের কাঞ্চীপ্র নগরে উপস্থিত হন। তথায় জনৈক ব্যাধ
মুখে সংবাদ পাইলেন যে চিদম্বর নগরে ব্যাত্রপদ নামে কোন
ধ্যেবি বাস করিতেছেন। কোতৃহল পরবশ হইরা তিনি চিদম্বরে
আগমন করেন। ধ্যবিবর অরণ্য মধ্যে আকাশরূপী শহরদেবের এক মন্দিরের নিকট বাস করিতেন। খেতবর্ণ তথায়
আসিলে তিনি ধ্যানযোগে সকল জানিতে পারিয়া শহরের
আজাক্রমে রাজাকে হেমতীর্থে স্নান করিতে আদেশ করিলেন।
তদন্ত্রারে সেই তীর্থে স্নান করিতে আদেশ করিলেন।



किस्यावद अक्षी नाडमिन्द्र।

ছিল ভিনি দিব্য কাঞ্চল-কান্তি লাভ করিলেন। ভদৰ্ধি
ভিনি খেতবর্ণের পরিবর্ত্তে হিরণ্যবর্ণ নামে অভিহিত হইলেন।
শহরের ক্লপার সেই উৎকট রোগস্ক্ত হইরা তিনি কনক-সভা
নামে শিবের মন্দির নির্মাণ করিয়া দেন। এই মন্দির মধ্যে
কোন বিগ্রহ বা লিল নাই। এখানে মহাদেবের পাঞ্চভৌভিকস্তির অক্ততম আকাশম্তির পূজা হয়। দেবালয়ের সমূথে
একটা পর্দা আছে। কোন বাত্রী দেব দর্শনে আসিলে প্রোছিতগণ পর্দা ভূলিয়া দেন, তথন দেবালয়ের দেওয়াল ব্যতীত
আর কিছুই দৃষ্টিগোচর হয় না। কেননা দেবতা আকাশক্রপী,
ক্তরাং মানব চক্লর অগোচর। এই লিল চিদম্বর-রহস্থ নামে
কথিত এবং ইহা হইতেই নগরের নাম চিদম্বর হইয়াছে।
মন্দিরের পুরোহিতগণ দীক্ষিত নামে বিখ্যাত। ক্ষেত্রমাহামের
মতে ইহারা পল্পযোনির আদেশে তেয়াই হইতে বারাণসী গিয়া
বাস করেন। হিরণ্যবর্ণ ইহাদের ভিন সহস্র ব্যক্তিকে চিদম্বরে
আহবান করেন। তদবধি ইহারা এখানে বাস করিতেছেন।

এই সকল প্রবাদ বিশ্বাস করিতে গেলে চিদম্বের মন্দির অতি প্রাচীন ৰিদ্যা প্রমাণিত হয়। কাশ্মীর-রাজবংশের ইতিবৃত্তে হিরণ্যবর্ণ রাজা ও তাঁহার সিংহলজয়ের উল্লেখ আছে। ইনিই যদি চিদম্বের কনকসভা নির্মাতা হন, তবে ঐ মন্দির খৃষ্টীয় পঞ্চমন্তানীতে নির্মাত হইয়াছে বলিয়া প্রতিপদ্ম হয়। আবার কোল্পেলশরাজকাল নামক প্রতকে বর্ণিত আছে, "বীরচোলরায় এক দিন চিদম্বেম্মর (শিব)ও পার্কতীকে সমুদ্রতীরে নৃত্য করিতে দেথিয়া তাঁহাদের জন্ম কনকসভা নির্মাণ করেন" এই বীর-চোলরায় ৯২৭ খৃঃ অবেল হইতে ৯৭৭ খৃঃ অব পর্যান্ত রাজত্ব করেন। তদম্পারে এই মন্দির খৃষ্টীয় দশমন্তানীতে নির্মাত বলিয়া প্রমাণিত হয়।

উক্ত গ্রন্থে অপর একস্থানে উল্লিথিত আছে—
"অরিবৈরিদেব নামে বীরচোল-রাজের পৌত্র
চিদম্বরেম্বরের উদ্দেশে গোপুর, মগুপ, সভাগৃহ ও
প্রাকারানি নির্মাণ করেন।" এই অরিবৈরিদেব
১০০৪ খৃঃ অন্দের সমকালে প্রান্থভূতি হন। এই
প্রাচীর সম্ভবতঃ দেবালয়ের ভিতরের প্রাচীরই
ছইবে। বাহিরের প্রাচীরগু সম্ভবতঃ ঘোড়শশতাকীর
প্রথমতাগে আরম্ভ হয়, কিন্তু উহা সম্পূর্ণ হইয়া
উঠে দাই।

মন্দিরের চতুঃদীমার মধ্যভাগে একটা প্রৱণী

আছে। ইহার দৈখ্য ১৫ কিট ও প্রস্থ ১০ ফিট এবং চতুর্দিকে প্রস্তর দিরা বাধান। ক্ষেত্রমাহান্ম্যের মতে এই তীর্থ প্রাচীন হেমতীর্থের উপর নির্মিত হইরাছে। বহুতর লোক এই সরোবরে অতি ভক্তিভাবে দান করে। তজ্জ্ঞ এবং জলাদি যাতারাতের কোন বিশেষ বন্দোবন্ত না থাকার উহার জল সবুজ হইয়া পড়িরাছে। পানীয় জলের জন্ম মন্দিরে ৪টী কুপ আছে। ঐ সকল কুপের জলও স্বাস্থাকর নহে।

এই সরোবরের উত্তরভাগে পার্বভীর মন্দির। এই মন্দিরের সন্মুখের নাটমগুপ অতিস্থলর ও নানাবিধ ভান্ধর-কার্য্য সমন্বিত।

পুদরিণীর দক্ষিণদিকে বিধ্যাত সহস্রস্তমশুপ। এই মশুপ অনেকাংশে শ্রীরঙ্গমের মন্দিরের স্থান, কিন্তু তাহা অপেক্ষা আধুনিক বলিয়া বোধ হয়। এই মশুপে অত্যুৎ-রুপ্ত ভাল্পরকার্য্যস্কু এক সহস্র শুন্ত আছে।

অপর একটা মগুপে নটেশ্বর মহাদেবের মূর্ত্তি আছে।
প্রবাদ এক সময়ে মহাদেব একপদে নৃত্য করিয়া ভগবতীকে
পরান্ত করেন। তদবধি ঐ স্থানে নটবেশে একপদে অবস্থান
করিতেছেন। স্থল প্রাণাদির মতে ঐ মূর্ত্তি শ্রীরামচক্রেরও
পূর্ব্ববর্তী। কিন্তু ঐ সকল প্রাণাদিতে বিস্তর অলীক উপাখ্যান থাকায় বিশ্বাদ্যোগ্য নহে।

অপর একটা মন্দিরে অনন্তশায়ী বিষ্ণুমূর্ত্তি ও পিরিইয়ার নামক আর একটাতে বিদ্নেখরের মূর্ত্তি আছে। সমস্ত দেবা-লয়ের পরিমাণ ফল প্রায় ১২০ বিঘা।

দীক্ষিত উপাধিধারী পুরোহিতগণ মন্দিরের দেবসেবাদি করিয়া থাকেন। সকল দীক্ষিত এক সভায় সমাগত হইয়া কর্ত্তবাকির্ত্তব্য স্থির কয়েন। একজন সভা কোন বিষয়ে আপত্তি করিলে তাহা আর কার্য্যে পরিণত হইতে পারেনা। সর্ক্রাদী সন্মত না হইলে কোন কার্য্যই হয় না। যাহার উপনয়ন হইয়াছে, এরপে দীক্ষিত হইতে সকলেরই সভায় ে সমান ক্ষমতা। এই জন্ম বালকগণের অতি অল্লবয়সেই উপনয়ন কার্য্য সম্পন্ন হইয়া থাকে। কুড়ি জন করিয়া দীক্ষিত একবারে পূজায় নিযুক্ত থাকে। ইহাদের এক একজন প্রতিদিন এক এক মন্দিরে পূজা করে, এইরূপে ২০ দিনে প্রত্যেকেরই দকল মন্দিরে একবার করিয়া পূজা করিতে হয়। তথন নৃতন ২০ জন আসিয়া উহাদের স্থান অধিকার করে। পূজার নৈবেদ্যাদি পুজক দীক্ষিতই গ্রহণ করেন, কিন্তু উৎসবাদির সময়ে বা অগ্র কারণে বছপরিমাণে মোদক ও দক্ষিণাদি সংগ্রহ হইলে তাহা সকল দীক্ষিতেই ভাগ করিয়া লয়। ইহারা পালাক্রমে এক এক দল করিয়া দেবতাদিগের পূজা আদায় করিবার নিমিত্ত মাজ্রাজ হইতে কুমারিকা পর্যন্ত প্রত্যেক গ্রামে ভিক্ষা করিয়া বেড়ায়। এইরূপ ভিক্ষায় যাহা উপার্জিত হয়, তাহার যংকিঞ্ছিৎ দেবাসেয়ায় জ্বর্পণ করিয়া জ্ববশিষ্ট তাহারা স্বয়ং গ্রহণ করে। কোন দীক্ষিত একবাড়ী হইতে একবার ভিক্ষা গ্রহণ করিলে জার কোন দীক্ষিত সে বাড়ী যায় না।

চিদম্রতন্ত্র, স্বন্ধপুরাণীর চিদম্রমাহাত্ম্য প্রভৃতি সংস্কৃত গ্রহে চিদম্বরের দেবমাহাত্মাদি বিভৃতরূপে বর্ণিত হইরাছে।

[ मकत्राठाया (मथ। ]

চিদাকাশ (পু: ক্লীং) চিৎ আকাশমিব নির্লেপছাৎ সর্ব্বাধার-ছাচ্চ। আকাশবৎ নির্লিপ্ত পরব্রহ্ম। যেমন আকাশ কোন পদার্থের সহিত লিপ্ত না হইয়া সর্ব্বাধারক্তপে অবস্থিত আছে সেইকপ চিন্মর পরব্রহ্ম সর্ব্ববস্তুতে নির্লিপ্ত হইয়া ও সকলের আধারকপ বিদ্যানান রহিয়াছেন।

চিদাত্মন্ (পং) চিৎ চৈতস্থমাত্মা স্বরূপমস্থ। চৈতন্তস্বরূপ পরবৃদ্ধ।

"এতক্রপং ভগবতোহ্রূপস্থ চিদাত্মনঃ।" (ভাগং ১।৩)৩০)

চিদানন্দ্রোগী, একজন দার্শনিক, তোটকব্যাথ্যা-রচ্মিতা।

চিদানন্দ্রার্থতী, আত্মপ্রকাশ নামক বৈদান্তিক গ্রন্থের একজন ব্যাথ্যাকার।

চিদাভাস (পুং) চিত আভাস: প্রতিবিশ্ব: ৬তৎ। > বৃদ্ধি বা মহন্তকে চৈতন্তের প্রতিবিশ্ব। ২ জীবাত্মা। (বেদান্তসাং) চিদ্রাপ (অি) চিদেব কপমশু বছরী। > ক্রিযুক্ত। ২ হৃদ-

ফোলু, প্রশক্তচেতা। ৩ জ্ঞানময়। (পুং) ৪ আত্মা। (ফ্লী) ৫ চিতোরূপং চৈতভাত্মরূপ। [চিত্রদীপ শব্দ দেখ।]

চিত্রাস ( তি ) চিদিব উল্লাস উজ্জ্বণঃ কর্ম্মধাণ। ( উপমানানি সামান্তবচনৈ: । পা ২।১।৫৫) ২ চৈতন্তের ন্থার উজ্জ্ব। "মুক্তা-ফলৈন্চিত্লাদৈ:।" (ভাগণ ৯।১১।৩৩)। 'চিৎ চৈতন্তং তহচ্লাদৈ-কৃজ্জ্বলৈং' ( শ্রীধর ) উৎ-লস-ভাবে ঘঞ্। ৬তৎ। (পুং) ৩ চৈতন্তের ক্রুরণ।

চিদ্রাপাশ্রাম, একজন বিখ্যাত ব্যাকরণবিং। ইনি পরিভাষেলুশেথরের বিষমী নামে টীকা ও দীপব্যাকরণ রচনা করেন।
চিদ্ধিলোম, শহুরাচার্য্যের একজন শিষ্য। দাক্ষিণাত্যে অনেকের বিশ্বাস যে, ইনিও শহুরবিজয় নামে সংস্কৃত ভাষায় একথানি শহুরাচার্য্যের চরিত্র রচনা করেন। এই গ্রন্থে চিদ্ধিলাস বক্তা এবং বিক্ষানকন্দ শ্রোতা।

চিনকুলি থাঁ, নিজাম্ উল্মুল্ক আসক্ জা দাক্ষিণাত্যে দিল্লীর মোগলসমাটের একজন প্রতিনিধি, তিনি প্রথমে মালবপ্রদেশের শাসনকর্তা ছিলেন। তৎকালে মহারাষ্ট্রী শস্তুজী ও সাহর মধ্যে গৃহবিচ্ছেদানল প্রবল হইলে তিনি শস্তুজীর পক্ষাবলম্বন করেন। চন্দ্রদেন নামক মহারাষ্ট্রী

সেনাপতি সাত্র বিরাগভাজন হইবা তাঁহার শরণাপর হইলে তিনি তাঁহাকে আশ্রয় ও পারিতোধিক প্রদান করেন। ইনি হাইদ্রাবাদের নিজাম বংশের প্রতিষ্ঠাতা।

(১৭১৪-১৭২০) খৃত্তীকে দিলীর সমাটের উপন্ন সৈন্ধদ
বন্ধের একাধিপত্যে বিরক্ত হইরা তিনি মানবদেশের শাসনকর্ত্বপদ পরিত্যাগপুর্বক সমুদার দক্ষিণাপথের অধীশ্বর

হইবার চেত্তা করেন। তিনি থান্দেশ লুঠন ও তংবিক্লজে
প্রেরিত মোগলসৈন্তদিগকে বুর্হান্পুর নামক স্থানে সম্পূর্ণ

রূপে পরান্ত করেন। যোগল সেনাগতি দিলাবার আলি থা

এই যুদ্ধে নিহত হন। পরে মহারাষ্ট্রসৈন্ত-সেনাপতি আলমআলি থার অধীনে নিজাম-উল্মুল্কের বিক্লজে বাত্রা

করেন। বালাপুর নামক স্থানে সেনাপতি শমন সদন গমন

করেন। বালাপুর নামক স্থানে সেনাপতি শমন সদন গমন

করেন। বাহা হউক অর্লিন মধ্যেই দিলীতে সৈয়দদিগের

আধিপত্য ধ্বংস হয় এবং স্ফ্রাট্ মৃহম্মদ শাহ ভাঁহাদিগের

করকবল হইতে মৃক্তিলাভ করেন। চিন্কিলিচ থাঁও তং
কালে দাক্ষিণাত্যের স্থায়ী রাজপ্রতিনিধি নিযুক্ত হয়েন এবং

স্থাধীনভাবে রাজত্ব করিতে থাকেন। কিন্তু স্থাটের সহিত

তাহার মনোমালিন্ত রহিয়াই গেল।

১৭২৭ খুটাজে নিজাম্উল্মূল্ক মহারাইদিগের ক্ষমতা প্নক্ষীপ্ত হইতে দেখিয়া বড় শক্তিত হইলেন। তিনি নানা কৌশলে তাহাদিগকে বশীভূত করিয়া হায়জাবাদ নগরে রাজধানী স্থির করিলেন।

১৭২৮ খুষ্টাব্দে পুনরায় পেশবার বাজীরাওর সহিত তাঁহার ঘোরতর যুদ্ধ হয়। শস্তুজী এই সকল যুদ্ধে তাঁহাকে माशया करत्रन। किन्ह वाकीत्रां अत्र युक्करेनशूरण निकाम-উল্মূল্ক সন্ধির প্রস্তাব করিতে বাধ্য হন। বাজীরাও সন্ধির প্রস্তাব অমুমোদন করেন। সন্ধির শর্ত্ত এই-শস্ত্রজীকে তামতে পাঠাইতে হইবে। ভবিষাতে মহারাষ্ট্রদিগের অংশ মত রাজস্ব সংগ্রহ সম্বন্ধে কোনরূপ প্রতিবন্ধক না হয়, এই জন্ত কতিপয় স্থদৃঢ় হুর্গ প্রতিভূষরূপ রাখিতে হইবে এবং वाकी बाजन जामात्र कतिया मिटल इटेटव। निकाम-উলমুল্ক প্রথমটা ভিন্ন অপর ছটাতে সম্মত হন; পরে বাজীরাও শতুজীকে তাঁহার তাবু হইতে নিরাপদে নিজাম-উলমূলক সমীপে প্রেরণ করিতে সন্মত হওয়ার, তিনিও তৎপ্রস্তাব অনুমোদন করেন। তদনস্তর তিনি কথন মহা-রাষ্ট্রগণের সহিত সম্ভাব কথন বা অসম্ভাবে কাটাইরা ১৭৪৮ খ্ঠাৰ পৰ্য্যন্ত দাক্ষিণাত্যে স্বাধীনভাবে রাজন্ব করেন। ১৭৪১ शृहोत्क कार्यगाननात्क छाहात्क विली गांजा कतिएक हम, কিছ তথার কিছুদিন অবস্থানের পর ভাঁহার পুত্র নাসির- ব্দরে বিজোহবার্তা গুনিরা সম্বরে দাব্দিণাত্যে প্রত্যাবর্তন করেন। ১৭৪৮ খুঃ তাঁহার মৃত্যু হয়।

চিন্মক্ষেম্, মাজাজ প্রেদিডেলীয় কডাপাজেলার রারচাতী তালুকের অন্তর্গত একটা সহর। অক্ষা ১৩° ৫৬ উঃ, ক্রাবি॰ ৭৮°৪৪ পুণ।

চিনা (দেশৰ) ১ নিদর্শন। ২ পরিচিত।

हिनि. यक्त आचानविनिक्ट भनार्थवित्नव। अठि धाहीनकान হইতে ভারতবর্ষে চিনি ব্যবস্থাত হইগা আসিতেছে। রামায়ণ মহাভারতাদি গ্রন্থে ভাহার বিস্তর আমাণ পাওয়া বায়। ( রামায়ণ ২।১০০।৬৭, ভারত ১২।২৮৫।৪৪, স্থক্রত ১।৪৫ আ:।) मःच्रुष्ठ भक्ता, ४७, ७७, প্রভৃতি শব হইতেই যে আরবী কণ্ড, মলম গুল, পারদী শক্তর প্রভৃতি শর্করা-ৰাচক শব্দ উৎপন্ন হইয়াছে তাহাতে সন্দেহ নাই। এছাডা গুড়, শর্করা, গুড়োম্ভবা, দিতা, মিষ্ট, ইকুসার, বালুকা-श्विका हेजानि अष्ड्र मश्कु भर्यात्र मुहे इत । वार्षिन मकत्रम, ফরাসী স্থকার ও ইংরাজী স্থগার শব্দের সহিত সংস্কৃত শর্করা मर्बात मर्मान रमोमाम् च चारह। मः इंड धर् थं धर्माम्क, থও, মাক্ষিক শর্করা, উপলা, ভফ্লোপলা, শর্করা, দিতাথও, দৃঢ়গাত্রিকা ইত্যাদি চিনির সংস্কৃত নাম দৃষ্ট হয়। এতদ্বারা অফুমান হয়, ভারতবর্ষ হইতেই চিনির ব্যবহার চতুর্দিকে বিস্তৃত হইয়াছিল। প্রথমে ভারতীয় নামেই শর্করা অভিহিত হইড, কিন্তু ক্রমে ঐ সকল সংস্কৃত শব্দ ভিন্ন ভিন্ন স্থানে নানা-রূপ অপদ্রংশ হইয়া যায়। চরক, স্ক্লেড প্রভৃতি প্রাচীন আয়ুর্কেদ গ্রন্থকারদিগের পুস্তকে নানাস্থানে ধণ্ড, শুড় প্রভৃতির উল্লেখ দৃষ্ট হয়। তদপেক্ষা প্রাচীন মন্থ প্রণীত সংহিতাতেও শর্করার উলেথ আছে। পথশ্রান্ত সম্বাবিহীন বিজ পথিক প্রপার্শবর্ত্তী ইঞ্কেত্র হইতে চুইগাছি ইকু লইলে দণ্ডনীয় ছইবে না, মহু এরূপও নির্দেশ করিয়াছেন। কেহ শুড় চুরি করিলে পরজ্বনা বাচড় হইবে এইরূপ বিধিও দৃষ্ট হর। মত্র-সংহিতার দশম অধ্যায়ে শর্করা ও মিটারের উল্লেখ আছে। স্থুতরাং মমুর সমর হইতে শর্করা, ঋড় প্রাঞ্তির ব্যবহার ও ইক্ষুর যে চাষ ছিল ভাহাতে সন্দেহ নাই।

অতি প্রাচীনকালে মুরোপে চিনির ব্যবহার প্রচলিত ছিল তাহার বহল দৃষ্টান্ত পাওরা যাম। হেরোভোটন, খিওফ্রাইন, সেবেকা, মিনি প্রভৃতি প্রাচীন লেথকদিগের প্রছে ইহার উল্লেখ আছে। খৃষ্টার সথ্য শতাব্দীতে পলন্ ইব্লিনেটা অতি প্রাচীন কালের প্রস্কার আর্কিনিনের অন্থবর্তী হইরা "দেখিতে সাধারণ লবধের মত কিন্তু মধুর ভার স্থমিষ্ট, ভারতীয় লবণ" নামে বে বস্তুর উল্লেখ করেন, তাহা চিনিরই

কর্মা। ইহাতে বােধ হয় ভায়ত হইতেই চিনিয় উৎপত্তি হইয়া থাকিবে।

ভারতবর্ষের অনেক্সানে এরপ অনেক গ্রাম আছে বাহা-দিগের নামের সহিত শর্করা, ওড়, বঙ্গুর ইত্যাদি শব্দের উচ্চারণগত বিশেষ সাদৃশ্র আছে। বোধ হয় ঐ সকল ন্থান গুড় শর্করা প্রভৃতি উৎপন্ন ক্রব্যের নামানুসারে আব্যাভ हरेबाह् । क्रुक्शित (Fluckiger) ও होन्याति (Hanbury) সাহেব অনুমান করেন, বাদালার গৌড় আখ্যা এইরপেই হইরাছিল। বান্তবিক পূর্বে বাঙ্গালার যে বহু পরিমাণে ইকু চাষ হইত, তৰিষয়ে সন্দেহ নাই। আরও অনেকে অমুমান করেন, ভারতবর্ষের বধ্যে প্রথমে বন্ধ দেশেই ইন্দুর চাব আরম্ভ হয়। তৎপরে এই স্থান হইতে ক্রমে উত্তরপশ্চিম প্রদেশ, পঞ্জাব, দাক্ষিণাত্য প্রভৃতিতে বিভৃত হইয়া পড়ে। খুষীয় নবম শতাকীতে পারভোপদাগরের কুলে ইকুর চাব হইত, তাহার প্রমাণ পাওয়া বার। পৃষ্টীয় ধর্ম-বোদ্ধাগণ (Crusaders) সিরীয় প্রদেশে ইকু দেখিয়াছিলেন। ঐ সময়ের একজন ইতিহাস-লেথক লিখিয়াছেন. "ধর্ম যোদ্ধাগণ ত্রিপলীদেশের ক্ষেত্র সকলে স্থকা (Sukra) নামে বছ পরিমাণে মধুযুক্ত তৃণ দেথিয়াছিল।" এই সকল মধুময় তৃণ যে ইকু তাহাতে আর কি সন্দেহ? সারাসিনগণ প্রথমে মুরোপে ইকুর চাব আরম্ভ করে। চতুর্দশ শতান্দীতে যুরোপে চিনির প্রচলন দেখিতে পাওয়া যায়। ১৩২৯ খুষ্টাব্দে স্কটলণ্ডেও এক আউন্স গাঁটী রূপায় এক পাউও স্থপ-রিষ্ণত চিনি পাওয়া যাইত। চিনি যে সর্বপ্রথমে ভারতবর্ষে আবিষ্কৃত হয়, এ বিষয় বছকাল পর্যান্ত গ্রীক্ ও রোমকগণ জানিতেন না। ভারতবর্ষ হইতে আরব, গ্রীদ প্রভৃতি স্থানে চিনির আমদানির কথা আরব দেশীয় প্রাচীন গ্রন্থকারদিগের গ্রন্থে পাওয়া বায়।

১৩০৬ খৃষ্টান্দে স্থলতানের অধিকৃত রাজ্য মধ্যে ও সাইপ্রদ্, রোডদ্, সিসিলি প্রভৃতি খৃষ্টধর্মাবলন্ধী রাজার অধীনত্ব দেশসমূহে প্রথমে চিনি প্রস্তুত প্রণালী প্রচলিত হয়। ইতালি,
স্পেন ও ভূমধ্যসাগরন্থ বীপবাসীগণ আরবদিগের নিকট হইতে
ইক্ষুর চাব, উহা হইতে রসনিঃসরণ ও চিনি প্রস্তুত প্রকরণ
শিক্ষা করে। ১৪২০ খৃষ্টাব্দে পর্জুনীর্জেরা সিসিলি বীপ হইতে
মেদিরার ইক্ষুর আমদানি করে। যাহা হউক স্পেনীর ও
পর্জুনীর্জ হইতে সর্বপ্রথমে ভারত ও চীনদেশীয় চিনি প্রস্তুতকৌলল রুরোপথতে প্রচলিত হয়, তবিষয়ে সংশয় নাই। কেহ
কেহ বলেন, ১৬২৭ খৃষ্টাব্দে বার্কাডোজে ইংরাজনিগের চিনির
কারথানা প্রথম স্থাপিত হয় এবং ১৬৭৬ খৃঃ অব্দে উহা চরমদীমার পদার্পণ করে। ইংরাজনিগের কারখানা স্থানের অর

দিন পরেই পর্জ্ শীক্ষপণ মুরোপ খণ্ডে ব্রেজিলদেশীয় চিনির বহুল প্রচার করে।

কেবল ইক্ষু ও ধেকুর গাছ হইতেই বে চিনি উৎপন্ন হর তাহা নহে, বছসংখ্যক তরু গুঝানি হইতে জ্বরাধিক পরিমাণে চিনি বাহির হইরা থাকে, নিন্নে চিনিউৎপাদক উদ্ভিদ্ সক-লের একটা তালিকা প্রদন্ত হইল।

ইক্, খর্জুর, তাল, নারিকেল, সাগু, বিটুপালঙ, মাপল্ (Sugar Maple) ও নিম। এত ভিন্ন ভূটা, দেধান, কাশীরবৃল ইত্যাদির রস হইতেও চিনি প্রস্তুত হইতে পারে। নলী প্রস্তুতকালে বধন নীল পচিতে দেয়, তধন নীলে সারের সহিত্ত নীলের চিনিও জলের সহিত দ্রব হইয়া যায়। চিনি থাকার শীস্ত্রই এই মিপ্রদ্রেরে অন্তর্গৎসেক (Fermentation) হইতে থাকে এবং তৎপ্রজাবে নীলবর্ণ নীলসার খেতবর্ণ নীলে পরিণত হয়। এই খেতনীল পুনর্বার নীলবর্ণ করিতে বিন্তর অর্থ ব্যয় ও পরিশ্রম সাধ্য, কিন্তু এই নীলজাত চিনি সকলেই অকর্মণ্য বোধে ফেলিয়া দেয়। কাফি-উৎপাদকগণ কেবলমাত্র কাফির বীজগুলি গ্রহণ করে, কিন্তু ফলের সারভাগের সহিত্ব বিন্তর চিনি প্রতি বর্ষে অযথা পরিত্যক্ত হয়। পাট হইতে এক প্রকার চিনি ও তাহা হইতে এক প্রকার স্থরা প্রস্তুত হইতে পারে।

শধুকপুপ অর্থাৎ মৌল ফুলে প্রচুর পরিমাণে চিনি আছে।
তজ্জ্ম যে যে স্থানে মৌল উৎপন্ন হয়, সেই সেই স্থানে উহা
হইতে বিখ্যাত মৌলের মদ্য প্রস্তুত হইয়া থাকে। কিন্তু আজ
পর্যান্ত কোন রাসারনিকই মৌল হইতে দানাকারে চিনি
প্রস্তুত করিতে পারেন নাই।

নানাজাতীয় কল কুল হইতে চিনি পাওয়া যাইতে পারে।
আমরা যাহা কিছু মিষ্ট দ্রব্য ভোজন করি, তর্মধ্যে সকলেই
কোন না কোন আকারে চিনি বিদ্যমান আছে। যে মধু পান
করি, তাহাও চিনির অবস্থা ভেদ ব্যতীত আর কিছুই নহে,
পুলাদির মিষ্ট রদ লইরা মধুমক্ষিকাগণ তাহাই মধুরূপে
পরিণত করে। স্থতরাং মধু পরোক্ষভাবে রক্ষজ চিনির
ভেদমাত্র। আঙ্কুর, আতা, পেয়ারা, জাম, আনারদ, জামরুল
প্রভৃতি স্থমিষ্ট ফলে চিনি থাকাতে ঐ দকল হইতে অতিশয়
মনোহর স্থান্ধযুক্ত আদব প্রস্তত হয়। আর্য্যশবিগণের
সোমস্থরা বোধ হয় এইরপ কোন বস্তবারা স্থবাসিত হইত।

কুঁচ বা গুঞ্জার মূলে এবং যটা মধুর মূলেও কিঞ্চিৎ পরিমাণে শর্করা আছে, তক্ষন্ত উহা মিষ্ট বোধ হয়। দারুচিনিতেও চিনি আছে, কিন্তু উহাদের পরিমাণ অন্ন এবং ঐসকল বন্ধও অধিক মিলে না। স্থতরাং ঐ চিনি বিশেষ কোন কার্যো আদে না।

সকরকল আলু, গোল আলু প্রভৃতির পালো হইতেও চিনি প্রস্তুত হইয়াছে। সম্প্রতি কার্পাদের বীজ হইতে ইক্ষুজ চিনি হইতেও উৎকৃষ্ট চিনি প্রস্তুত হইতেছে।

কাঠচূর্ণ ও ছিন্নবস্ত্র হইতেও নেপোলিয়ানের উদ্যুদ্দে চিনি প্রস্তুত হইয়াছিল। ইহার প্রক্রিয়া অতিশয় কট সাধ্য।

**এই मक्न इटेंटि एर हिनि इय्. त्रामाय्रनिरक्त्रा छाटा** প্রধানতঃ চারি শ্রেণীতে বিভক্ত করিয়াছেন—ইকুল শর্করা, মধুজ শর্করা, ফলজ শর্করা এবং হগ্মজ শর্করা। এই চারি প্রকার চিনির মধ্যে আত্মাদের বৈলক্ষণ্য আছে। ইকুজ শর্করা অপেক্ষাকৃত রসনাপ্রিয়, অয়ায়াস্প্ভা, স্নতরাং বহু প্রচ্পিত। ইক্ষু, পালং মূল, থেজুর, সালগম প্রভৃতির রস হইতে যে চিনি উৎপন্ন হয় তাহা ইক্ষুজ শর্করা, মধু ও টাটকা ফল হইতে উৎপন্ন চিনি মধুজ শর্করা, ফলের মণ্ড, আঙ্গুর ও অন্তান্ত ভঙ্ক পদার্থ ্ হইতে উৎপন্ন চিনি ফলজ শর্করা এবং জন্ত্বগণের হুগোৎপন্ন চিনি চগ্ধজ শর্করা নামে অভিহিত। কেহ কেহ ঐ চারি প্রকারে বিভক্ত না করিয়া ইক্ষুজ ও ফলজ এই ছই প্রকার বিভাগ করিয়া থাকেন। ऋরাপীয় রাসায়নিক মতে—ইক্ষ চিনিতে অঙ্গার ১২, উদজন ১১ ও অমুজন ১১ ভাগ; মধুজ চিনিতে অ॰ ১২, উদ॰ ১২ ও অয়॰ ১২ ভাগ, ফলজ চিনিতে অ৽ ১২, উদ ১২, অম ১২ ও জল ২ ভাগ এবং হগ্মজ চিনিতে অ ২৪, উদ ২৪, ও অয় ২৪ ভাগ থাকে। যে চিনি ইকুজ নামে থ্যাত, তাহা বর্ণবিহীন, গন্ধশৃন্ত, স্থমিষ্ট আস্বাদযুক্ত, অল দ্ত, কিন্তু ক্ষণভঙ্গর। সাধারণ পরিষ্কৃত চিনির স্থায় শীঘ্র শীঘ্র দানা প্রস্তুত করিতে গেলে, দানাগুলি কুদ্র কুদ্র হয়, কিন্তু অধিক উত্তাপে দ্রব করিয়া ধীরে ধীরে শীতল করিলে দানাগুলি মিছরির ভায় অপেকাক্বত বড় হয়। ইহার আপেকিক শুরুত্ব ১৬। অনাবৃত অবস্থায় রাধিলে ইহার কিছুমাত্র পরিবর্ত্তন हर ना, উত্তপ্ত इटेटल दिहात क्लीय ज्यान नहे इहेशा यात्र माछ। এক তৃতীয়াংশ পরিমিত শীতল ও যে পরিমাণেরই হউক না (कन উख्थ कल हेश जुर हत्र। स्वतामात्त्र हेश जुर हहेगा থাকে, কিন্তু জলের মত নহে। ফারেনহিটের তাপমান যন্ত্রের ৩২০ ডিগ্রী উষ্ণ হইলে চিনি অতি মস্থা, বর্ণহীন, তরল পদার্থের মত হইয়া পড়ে এবং ঐ তরল পদার্থ অকস্মাৎ শীতল হইলে অতিশয় স্বচ্ছ গোটা বাঁধিয়া থাকে, কিন্ত কিছু সময় রাথিয়া শীতল করিলে অসম্ভ হইয়া যার। বেশী উষ্ণ হইলে ইহার অঞ্চার ভিন্ন অপর অংশ 'সকল বাষ্পাকারে উড়িয়া যায়। হুইথগু গোটা বান্ধা চিনি (মিছরী) অন্ধকারে পরস্পার সংঘর্ষিত হইলে আলোক উৎপন্ন হয়। ইকুজ চিনি পুষ্টিকর, ইহাতে থাদ্য দ্রব্যাদিও বেরপ স্থমিষ্ট হইয়া থাকে, অপর কোন প্রকার চিনিতে সেরপ হয় না।

প্রস্রাবের দোব নিবারণ করিবার বজগুলি উপায় উত্তাবিত হইরাছে, ফলজ চিনি ভাহার অক্সতম উপার। বহুমূদ্র
ব্যাধিগ্রন্থ ব্যক্তির প্রস্রাবের সহিত উক্ত প্রকার চিনি বাহির
হয়। স্বতরাং ঐ সমরে ফলজ চিনি ব্যবহার করিলে উপকার
হইরা থাকে। কারণহিটের ১৪০ ডিগ্রী উক্ষ করিলে ইহা
নরম হইরা বায় এবং ২১২০ ডিগ্রী উক্ষভার দ্রব হয়, কিছ
ভদপেকা উক্ষভর হইলে ইহা কারে (Caramel) পরিণত হয়।
ইক্ষ চিনি জলে যত শীঘ্র দ্রব হয়, এ প্রকার চিনি তত শীঘ্র
দ্রব হয়না এবং দ্রব হইলে উহা দ্রবাবস্ক্রার ইক্ চিনির ভার
নির্মাল ও স্থমিষ্ট থাকেনা। উত্তপ্ত স্থরাসারে ইহা দ্রব হয়।
কিছ অরমাত্র শীতল হইলেই পুনরার ক্ষ ক্র ক্র দানা বাঁধিয়ঃ
যায়। মধুজ চিনি ভীক্ষ স্থরাসারে তরল হয়।

হৃদ্ধক শর্করা সচরাচর বর্ণহীন। ইহা প্রায় ছয় গ্রুণ শীতল অথবা আড়াই গ্রুণ উক্ষজনে দ্রব হয়। ইহার আস্থান তেমন স্থমিষ্ট নহে, ইহা বায়ুতে অনারত থাকিলে পরিবর্টিত কিয়া স্থরাসারে দ্রবীভূত হয়না। আয়ের সহিত মিশাইয়া উত্তপ্ত করিলে তাহা ধীরে ধীরে ফলজ চিনিতে পরিণত হয়। জল্পগণের হয় ছিঁড়িয়া গেলে তাহার জল ফুটাইয়া তাহা দানাকারে পরিণত হইলে বে চিনি হয়, তাহাকে হয়জ চিনিবলে। উপরি লিখিত চারি প্রকার চিনি ভিয় আরও কয় প্রকার চিনি নবাবিদ্ধত হইয়াছে, কিন্তু সে সমস্ত চিনিই ইক্ষুজ চিনির আয় । অতি অয় দিন হইল কয়লা-মধ্যে চিনির অতিত্ব উত্তাবন হইয়াছে। কোন কোন রাসায়নিক বলিতেছেন তাহা অপেক্ষা বেশী মিইতা আর কোন দ্রব্যে নাই।

থেজুর গাছের নির্যাস হইতে প্রতিবৎসর বছ পরিমাণে গুড়, চিনি ইত্যাদি উৎপন্ন হইয়া থাকে। বালালার সকল স্থানেই থেজুর রস সংগৃহীত ও তাহা হইতে গুড় প্রস্তুত হয়, তর্মধ্যে যশোর, বরিশাল ও ফরিদপুর জেলাতেই সর্বাপেক্ষা অধিক। থেজুর গাছ ৫।৭ বৎসরের হইলে পর তাহার শিরোভাগে শাখার নিমে একদিক্ চাঁচিয়া কেলে। ত্বক্ ছোলা হইলে পর ঐ সমস্ত স্থানের রস একস্থানে গড়াইয়া পড়িতে পারে, এরূপ করিয়া আলি কাটিয়া দেয়। ত্ইদিক্ হইতে ত্ইটী আলি গিয়া মধ্যস্থলে মিলিত হয়। পরে ঐস্থানে একথপ্ত বাঁশের পাতি কিম্বা টিনের ফলক রাখে। ঐ পাতির নিমে রস সংগ্রহ করিবার জন্ত একটী হাঁড়ি বাঁধিয়া দেয়। বৈকালে এইরপ করিয়া রাখিলে সমস্ত রাত্রি ঐ স্থান হইতে রস নির্গত হইয়া ভাওে সঞ্চিত হয়। প্রত্যুবে অধিকারী আসিয়া রসপূর্ণ ভাও

লইয়া যার। এইরূপ ক্রমাগত ও দিন রূস সংগ্রহ হইলে রুক্তক ৩ দিন বিশ্রাম দেওরা হর। সচরাচর অগ্রহায়ণমাস হইতে ফাল্পন পর্যান্তই রস সংগৃহীত হইরা থাকে। তর্মধ্যে পৌষমাসে অর্থাৎ অত্যন্ত শীতের সমর্ছ অধিক পরিমাণে রস নির্গত হয়। একটা পূর্ণ-বয়ম্ব অর্থাৎ ১৬।১৭ বৎসরের বৃক্ষ হইতে গড়ে প্রতি দিন ৮ সের রস নির্গত হইতে পারে। প্রথম করেক বংসর चन्न शतिभारंग এवः मस्या ४।१ वरमत शूव चिथिक शतिभारंग तम হয়, তৎপরে আবার রসের পরিমাণ হাস হইতে থাকে। রস লইলে ধেক্সর গাছের পরমায় অনেক হাস হইরা যায়। আবার অনিয়মিতরূপে রূপ সংগ্রহ করিলে আরও অরায় হয়। কেহ কেহ ৩।৪ বর্ষের গাছ হইতেই রস লইতে আরম্ভ করে। हेहारि शाह भीष भीषहें ऋष हहेगा यात्र এवং वह करहे वड़ हहे-লেও তাহাতে বেশী রদ হয় না, শীঘ্রই মরিয়া যায়। বাদলা किश क्यांना इटेल मिन दम मध्यह कदित्व ना, जाहा इटेल রসও ভাল হয় না, আর গাছ পচিয়া যায়। এ বংসর গাছের যে দিক চাঁচিয়া রস লইবে, পর বংসর তাহার ঠিক বিপরীত-দিকে কাটিবে। এইরূপে প্রতি বৎসর থেজুর গাছে একটা করিয়া খাঁজ পড়ে। ঐ সকল খাঁজের সংখ্যা গণনা করিয়া তাহার বয়দ অহুমান করা যায়, রদ হইতে এইরূপে গুড় ও চিনি প্রস্তে হয়। সমস্ত বুক্ষ হইতে রস একত করা হইলে উহা তৎক্ষণাৎ নিকটবন্ত্ৰী কার্থানায় লইয়া গিয়া কডায় চডাইয়া জাল দিতে থাকে। রস অধিকক্ষণ রাথিয়া দিলে উহাতে অন্তরুৎদেক (Fermentation) হইয়া স্থরায় পরিণত হয়। তথন তাহাতে গুড় হয় না। সেইজন্ম কাল বিলম্ব না করিয়া রস হইতে গুড় প্রস্তুত হইয়া থাকে। রস খুব টাট্কা ও উৎক্ট হইলে ৬ সেরে ১ সের গুড় হয়, অক্তথা ৭৮ সেরে ১ সের শুড় হইতে পারে। সিউলি নামে এক জাতি বাঙ্গালার নানাস্থানে খেজুর রস হইতে গুড় প্রস্তুত করে। ঐ গুড় হইতে ইক্ষণ্ডড়ের প্রণালী অমুসারে চিনি প্রস্তুত হইয়া থাকে। একশত থেজুর গাছ হইতে প্রতি বংসর ১২০ মণ পর্যান্ত গুড় হইতে পারে।

থেজুরের স্থায় তালগাছ হইতেও গুড় ও চিনি হইতে পারে। মলবার উপকূল তালের কাঁদি স্থানে স্থানে কাটিয়া দিয়া রস সংগ্রহ করে। ঐ রস হইতে গুড় ও চিনি প্রস্তুত হয়। বালালা দেশে তালের রস (তাড়ি) হইতেও গুড় প্রস্তুত অতি অল্ল হয়। বৃদ্ধদেশে বহু পরিমাণে তালের গুড় উৎপন্ন ও ব্যবহৃত হয়।

মাক্রাজ অঞ্চলে নারিকেল গাছ হইতে গুড় প্রস্তুত হয়। দাক্ষিণাত্যে নারিকেল গাছ বাঙ্গালার থেজুরগাছের কাজ করে। বর্ত্তমান শতাকীর প্রারম্ভে করাসীয়াইবিপ্লবের সময় ফ্রাব্সে চিনির আমদানি বন্ধ হইরা বার। নেপোলিয়ান বোনাপার্ট আদেশ করেন, বে কেই য়ুরোপজাত কোন বস্তু হইতে অব্লব্যরে অনেক পরিমাণে চিনি প্রস্তুত করিতে পারিলে লক্ষমুলা প্রস্থার পাইবে। এই সময় অনেকেই অনেক পদার্থ হইতে চিনি প্রস্তুত করেন, তন্মধ্যে বিটের চিনিই সর্ব্বোৎক্লই ও স্থলত হইয়াছিল। বলা বাছল্য উত্তাবিত্তা প্রতিশ্রুত লক্ষমুলা প্রাপ্ত হন। পরে ইক্ প্রতি-

সিংহলের দক্ষিণাংশে সাঞ্চরক্ষ হইতে চিনি উৎপন্ন হয়।

চিনিই সর্কোৎকৃষ্ট ও স্থলত হইয়াছিল। বলা বাহল্য উদ্ভাবন্ধিতা প্রতিশ্রুত লক্ষ্মুলা প্রাপ্ত হন। পরে ইক্ষু প্রতিদ্বনীতার ইহার লোপ পাইবার উপক্রম হয়। কিন্তু বিদেশীর চিনির উপর অতিশয় কর বৃদ্ধি হওরার বিটের চিনি টিকিরা যার। এখনও মুরোপে বিট্ মূল হইতে প্রভূত পরিন্মাণে চিনি প্রস্তুত হইতেছে, কিন্তু ভারতবর্ষে তেমন উৎকৃষ্ট

বিট্ও হর না, স্থতরাং বিট্ হইতে তেমন ভাল চিনিও পাওয়া যায় না। একরূপ বিট্পালন এদেশে উৎপন্ন হয় বটে, কিন্তু উহা শাকাদিবৎ বাঞ্চনরূপে ব্যবহৃত হয় মাত্র।

हेकू, हेरात ७ ७ ७ हिनि।

ইকু হইতেই (বিশেষতঃ ইকুর পরিপকাবস্থায়ই) অধিক পরিমাণে চিনি পাওয়া যায়। তরুণাবস্থায় ইকুতে অধিক চিনি থাকেনা, উহাতে খেতদারও চিনির পূর্বরূপ সোট (Glucose) বিদ্যমান থাকে। তাহাই ক্রমে চিনিতে পরিণত হয়। আবার ইকুর মূলভাগে অধিক চিনি ও খেতদার প্রভৃতি অয় পরি-মাণে এবং অগ্রভাগ অপেকাক্কত অয় চিনি ও অধিক মাতার সোট খেতদারাদি বিদ্যমান থাকে। ভিন্ন ভিন্ন কালে ১০০ ভাগ ইকুরস বিশ্লিষ্ট করিলে নিম্নলিধিত ফল পাওয়া যায়—

	১ম পরীকণ ৩১ আংগ্রন্থ	২য় পরীক্ষা ২৯ সেপ্টম্বর	৩য় পরীক্ষা ১০ ডিসেম্বর
ইক্ষুর দৈর্ঘ্য সপত্র "	8 <del>১</del> ফিট	० दे किंग्रे २० दे "	€
রদের আপেক্ষিক গুরুত্ব	2.009	2.08	2.042
শর্করা	8.5¢	p.00	79.00
সোট	५'२१	₹.००	ره.
ভশ্ব	'৭৩	.46.	.40
শ্বেতসার	2.42	٤4.	०.५६
অন্ন	.>@	•••	•••
<b>छ</b> न -	≫5.0₽	PP-00	92.92
`	>00	> 0 0	> • •

তালিকায় দেখা যাইতেছে যে সেপ্টেম্বর মাসে চিনির ভাগ আগষ্টের প্রায় মিগুণ, এবং ডিলেম্বরে সেপ্টেম্বরের থিকা, আবার দৈখা যাইতেছে যে সেপ্টেম্বর ও ডিসেম্বর মাসের মধ্যে মুক্স্ অর্থাৎ সোটের জ্ঞান কমিরাছে এবং খেতলার বাড়িরছে। ইহা দেখিরা অম্পান হর, মোটজাগই কোন রামারনিক ক্রিয়াকভাবে চিনির্মণে পরিণত হয়। প্রের্গর কিরণ ব্যতীত কুম্মলতাদি বর্দ্ধিত হইতে পারেনা এবং কুম্পত্র সকল বায়ুছিত ম্যারলারক বালা লোকা করিতে পারে না, প্রথম রোজ ইইলে রামারণিক ক্রিয়া ক্র্যাণে চলিতে থাকে, মুভরাং কুমানিও স্থান্ধর বর্দ্ধিত হয়। এই কারণে রোজ ইক্র পলে বিলেব হিতকারী। বে বৎসর অপেক্ষাক্রত অরব্ধি হয় এবং আকাশমণ্ডল অনেক সময় পরিষার থাকে, সে বৎসর ইক্ অতি উৎক্রই ও স্মিট হয়। কিছ বর্ষা অবিক হইলে অববা গগনমগুল মেঘাক্রম থাকিলে ইক্র বৃদ্ধি ও মিটপ্রের ব্যাঘাত হয়।

কর্মন্ত উৎকৃষ্ট গুনা জমিতেই ইক্ষ্ম চাৰ হইয়া থাকে।
ইক্ প্রায় ৮।৯ মাদ কাল ধরিয়া বাড়ে, এইজন্ত কেত্রে রীতিমত
সার দিতে ও জলদেচনের ব্যবস্থা করিতে হয়। বাজালায়
ক্ষকগণ ৫।৬ বার চাব দেয় এবং গোময়, ভয়, বালুকা, প্রাতন প্রাচীরাদির মৃত্তিকা প্রভৃতির সার দিয়া জমি তৈয়ার করে।
ইক্র পাতা, পোয়া ইত্যাদিই ইক্কেতের সর্কোৎকৃষ্ট সার।
পরে লাজল দিয়া উহাতে দেড় হাত অস্তর একটা নালা
প্রস্তুত করে। নালা প্রস্তুত হইলে উহাতে এক বা দেড় হাত
অস্তর এক একথানি ডগা অর্থাৎ ইক্র অগ্রভাগ সোজাহুজি
ভাবে কেলিয়া যায়। অনস্তর ৪।৫ ইঞ্চি মাটা দিয়া ঐ ডগা
সকল ঢাকিয়া দেয় ও সঙ্গে সঙ্গে জল সেচন করিতে থাকে।
১০।১৫ দিন পরে এক একটা ডগা হইতে ৮।১০টা পর্যান্ত অন্ধ্র দেখা দেয়, তথন অতি সাবধানে ইক্ ক্ষেত্র একবার অয়
করিয়া খুঁড়িয়া উহাতে জল্গেচন করা হয়। চৈত্রমাদই
ইক্রেপিণের প্রশন্ত সময়। কথায় বলে—

"আথ, আদা, পৃই, তিন চৈত্রে কই।"
আথ এক হাত দেড় হাত বড় হইলে পর প্নরাম একবার
ভমি খুঁড়িয়া প্রত্যেক ঝাড়ের গোড়ায় মাটা দেওয়া চাই।
ইহার ক্ষেত্র যতবার নিড়ান হয়, ততবারই জল সেচন করিতে
হয়। ভাদ্রমাসে আথের গোড়ার পাতা দিয়া ডগা হইতে উৎপদ্ধ সমস্ত আথপ্রলিকে এক একটা ঝাড় করিয়া বাঁদে।
প্রত্যেক ঝাড়ের গোড়ায় আবার মাটা দিয়া থাকে। আখিন,
কার্ত্তিকমাসে ইকু অনেকটা মিই হয়। শৃগালগণ একবার এই
কোমল ইকুর রসাখাদ করিলে আর ভূলিতে পারেনা। ক্রমক
এই সময় একজন রক্ষক নিযুক্ত করে। সে আথবাড়ীর মধ্যে
তিন হাত উচ্চ করিয়া মাচা বাঁধে এবং মাচার উপন্ধ একটা ক্যু

কুঁড়ে করিয়া রাঝিকালে সেই স্থানে থাকিরা পৃগালানির উপদ্রব ইতে ইক্ রক্ষা করে। মাচা হইতে হাও গাছি বিচালির দড়ি কেজের চতুর্দিকে বেড়া পর্যান্ত বিকৃত্য থাকে। রক্ষক বিদ্যা ঐ ইড়ির সোড়া টানিকেই সমন্ত আধবাড়ী নড়িতে থাকে, হুতরাম পৃথালানি পলারন করে। অনেক রাথা বা রক্ষক হুথে রাঝি কাটাইবার নিমিন্ত কাচার বীচে আওণ আলিরা, নাগড়া বাজাইতে বাজাইতে গাল, করে ও পৃগাল তাড়ার। কথন কথন রক্ষকপত্নী মানের পিটকালি উপারের খাল্য লইরা আথ কেতে বালীর নিকট বার। উভ্তের মহানকে রাজি হাপন করিয়া আথবাড়ীর মধ্যেও স্থান্থ অন্তব্যক্তের।

মাব, কান্তনমানে ইকু পরিপত হয়। তখন কোদালি দিয়া সমত ইকু কাটিয়া একত করে এবং পাতা ছাড়াইয়া ইকুদও ও ডগাওঁলি অর্থাৎ ইকুর অঞ্রভাগ পুথক করিয়া দের। আলোক ও উদ্রাপ পাইবার জন্ম ক্রম্কগণ আথের শুক পাতা দারা আঞ্জ জানিয়া থাকে। ইহাকে গান্যাল দেওয়া বলে। সমস্ত আৰ ছাড়ান ও ডগা গুলি ভাগ করা হইলে আখগুলি এক পণ অর্থাৎ ৮০ গাছি করিয়া তাড়া বাঁধা হয়। তাহার পর সমন্ত আখ গাড়ী করিয়া আথশালে লইয়া গিয়া মাড়াই করে। এক वर्मत राथारन हेकू हाव इत्र. शत वार्ष मिथारन हेकू हाव ना দিরা অক্ত কিছু চাব হর। পুর্বেক কাঠের চর্কিকলে আথ মাড়াই হইজ। তেঁতুল কাঠের ও বা ৩২ ইঞ্চ লখা ও ৫।৬ ইঞ্চ ব্যাদের চুইটী গুঁড়ি উপাৰ্ পিরি দৃঢ় ভাবে ছইদিকে क्रहें भाषांत्र मर्था वस दाथियां क्रहेकन लाटक क्रहेनिक হইতে ও ডিগুলি ঘুরাইতে থাকে। একজন আপ লইয়া ৰ্ভভির মুখে ধরিয়া দের। এইক্লপে আথ গুড়ির ভিতর দিয়া পার হইলে কতক রস নির্গত হইয়া যায়, তখন স্পার একজন के चर्क निष्णिविक हेकू नहेशा अथम वाक्तिक अमान करता। এইরপে ১৬ বা ততোধিক বারে আধ হইতে মথাকার্য্য রস কাহির করিয়া চপা বা খোরা ফেলিয়া দের। এইরপ আথ মাডার অধিক পরিশ্রম ও অক্লবিধা বলিয়া সম্প্রতি সর্বত লোচার শাল বাবহৃত হইতেছে। লোচার শাল নানাপ্রকার, কোন শালে হুইটা কোনটার ভিনটা ওঁড়ি থাকে। আবার कान भारतात खं फिश्वित त्राका माँछ कत्राम, कानगात खं फि-গুলি উপরি উপরি ফাপিত। এই সমত কল বাপাধারা কিলা পো. মহিধাদি কর্ত্তক চালিত হয়। মাঝারি গোছ একটা আখনাড়া কল গোরু बाরা টানা হইলে প্রতিদিন ৪০।৫০ মণ রস ও তাহাতে ৭।৮ মণ ওছে হয়। এই সকল करनत मना खनानुजारत ৮०, इहरू ১०००, होका भर्याख। সম্প্রতি বাজালার সর্বাত্তই এইরূপ লোহার কলের ব্যবহার

হইতেছে। বাহারা করং কিনিতে না পারে, তাহারা প্রায়ই অপরের নিক্ট হইতে ভাড়া করিয়া আনে। সচরাচর ইহার ভাড়া প্রতিধিন ৯ টাকা।

আধ্যাতা হইকে ঐ রস অতি শীর জাল দিয়া প্রতে পরিণত করা হয়। পুর্ফো ২াও হাত গভীর লবা খাল का क्रिया केशांक अभाग्ने मार्गित वान (कृषि) वनान रहेल। ইহাকে জোল বলেও এই জোহনত্ত মুখে ৬৯ পাতা খড কাঁটা ইত্যাদি দিলা জাল দিলে অগ্নিশিখা সমস্ত কঁডির निश्च विश्वा जलत मृत्य वाहित रहेना सहित । मुन रहेएड शक्ती केषि जरणकांक्र मीति ७ जरनिष्टेंश्वनि श्राप्त अक হাত উচ্চ থাকিত ৷ সমস্ত কঁডিতে রস দিয়া অর অর জান দিলে ক্রমে রস যত গুকাইয়া আসিত ততই শেবদিকের কঁডি হইতে রুদ মুখের অধিক উত্তথ্য কুঁড়িতে নীত ও ঐ चुना कैंछि नुजन क्रम नियां भूर्व कहा इटेंछ। मूर्यंत कुँछि ৫টা হইতেই শুড় প্রান্তত হইড, শেষের শুলিতে রস গাঢ করা হটত মাত্র। রুদে প্রথম হটতেই অধিক আল দিলে ভাল দানাদার গুড় হর না। প্রথমে মৃত্তাপে ঘন করিতে হয়। আজকাল সর্বাত্র লোহার ডেকে রস হইতে গুড় প্রস্তুত হইতেছে। রস হইতে গাদ প্রভৃতি তোলা হইলে যথন বড় বড় বুৰুদ সহ কুটিতে থাকে, তখন হাতা দিয়া নাড়িতে হয়। পরে ৩৬ হইরা আদিলে প্রথমে কতকটা লইরা জোলের সন্মধন্ত ইক্ষুর অধিষ্ঠাত ওরক্ষক দেবতা পোড়াভ ডার (১) উপর ও অগ্নিতে ঢালিরা দের এবং দেবার্চ্চনা, শুরু, পুরেনাহিত প্রভৃতির জ্বন্য রাথিয়া দিয়া পরে সমস্ত গুড় মাটীর কলসীতে जिला तार्थ। এই সমস্ত কলসীকে শুড়ের পারা বলে। একটা পায়াতে ৬ হইতে ৩০ সের পর্যান্ত গুড় ধরে। রুষক এই সমস্ত ৩ ড বাড়ী লইয়া যায় এবং সংবৎসরের নিজের ব্যবহারের উপযুক্ত রাথিয়া অবশিষ্ট বিক্রন্ম করে।

ভারতবর্ষে ক্ষকগণ গুড় হইতে চিনি প্রস্তুত করে না।
মোদকগণ ক্ষকের নিকট হইতে গুড় কিনিয়া লয় এবং চিনি
প্রস্তুত করে। ভিন্ন ভিন্ন স্থানে নানাক্রপ উপায়ে চিনি প্রস্তুত
ইইয় থাকে। সকলেরই প্রাণালী প্রারই এক প্রকার। নিমে
দেশীর উপায়ে চিনি করিবার প্রাণালী লিখিত হইল—

প্তচ্ছের পালা ২।৯ মাল ব্যাধিলে প্তডের অধিকাংশ দানা বাঁৰিয়া বাছ। ভৰন পায়ার মুখ ভাঙ্গিয়া শৈবাল দিয়া ঢাকিয়া তলায় ছিদ্র করিয়া দিলে ছিদ্র দিয়া সমস্ত চিটা বাহির হইয়া যার। শৈবালের স্থাণে উপরের কতকটা দামাকার গুড भाग बरेबा राज । उत्थम के भाग ज्ञान हाहिया जरेवा शूनर्सात কৃতন শৈবাৰ ঢাকা বিত্তে হয়। তৎপর দিবস আবার শাদা সংশ স্ট্রা স্থবার নৃতন শৈবাল দিতে হর। এইরপে ক্রমে क्रांस नमछ ठिछ। वाश्वि बहेबा वाब ध्वर खड बातकछ। শালা হট্যা পড়ে। তখন ঐ দ্ৰব্য হোলে ভকাইয়া বস্তা कतियां ब्राट्य । इंशांट्य शाना. शानाश्वर वा शाना विनि কহে। এই দোলাই অনেক হলে চিনির পরিকর্তে ব্যবহৃত হর। দোলা হইতে পরিষ্কৃত চিনি প্রস্তুত করিতে হইলে মোদক পোঁহ বা পিতলের একটা বৃহৎ কড়া চলায় চড়াইয়া উহাতে দোলা ও জল ঢালিয়া দেয়। যখন ফুটতে থাকে. তথ্ন উহাতে অল অল তৈল, চধকল, চণজল, কার্কল ইত্যাদি ঢালিতে থাকে। তখন উহার উপরে গাদ উঠিতে থাকে, মোদৰ কাঁমরা দিয়া তাহা উঠাইয়া ফেলিয়া দেয়। এইরপে যথম আর গাদ উঠে না, তথন জাল দিয়া ঘন করিয়া हला हरें एक कड़ा नामाहेश त्राप्थ। नीकन हरेल काहारक দানা কাঁধিতে আরম্ভ হয়। ঐ সমন্ত দানাই শর্করা। রস इहारक के भक्ता हाँ किया ताथित जातात्र नुजन माना वाँ थिए পাকে। এইরূপে সমস্ত দানা সংগ্রহ করিয়া অবশিষ্টাংশে काल-पित्रा अन्तर कार्या वावका हा। कथन कथन के तम চুলাতেই জলপুত করা হয়। তথন সমস্ত চিনি দানা बांधिएक शाम्र ना। ककवाद्यहे कानात्र छात्र रहेना यात्र। ক্র দ্বাকে পাটায় ফেলিয়া স্টবং কোমল থাকিতে থাকিতে কাঠের তাড়ু বা পেষণী দারা পিরিতে থাকে। ক্রমে উহা ভঙ্ক শাদা ধুলার আকার ধারণ করে, ইহাকে মাড়াচিনি বা ধুলুরা চিনি কহে। মিঞী বা মিছরি চিনিরই ভেদ মাতা। জর্জ ওয়াট সাহেব অনুমান করেন, পুর্বের এদেশে অধিক পরিমাণে স্থপরিক্লাড চিনি হইত না। চীন ও মিসর হইতে ঐ স্থপরিষ্কৃত চিনি এদেশে রপ্তানি হইত। এইরূপে চীনজাত শর্করা চিনি ও মিসরজাত শর্করা মিশ্রী আখ্যাপ্রাপ্ত হইয়াছে।\* কিছ তাঁহার এই কলনা প্রকৃত বলিয়া বোধ হয় না, বছ পুর্বকাল হইতেই যে ভারতে শর্করা নামক নানাবিধ চিনি প্রস্তুত হইত, তাহা সুশ্রত প্রভৃতি প্রাচীন সায়র্কেদে উক্ত हरेशाइ। [ नर्कता नक (मथ। ]

<sup>(</sup>১) পোড়াওঁড়া একটা আমা দেখতা। অজ কৃষকগণের দৃঢ় বিবাস বে পোড়াওঁড়া ঠাকুরই প্রথম হইছে শেষ পর্যায় আব রক্ষা করে। প্রতরাং স্বাংসর মধ্যে পোড়াওঁড়ার বিপ্রাম নাই। প্রথমে ডগা-গরলে পোড়া-ওঁড়াকে চৌকি দিতে হয়। তাহার পরই আথবাড়ীতে প্রায় দশমাস কাল আথ রক্ষার কাটিচা বায়। ঐ কার্বা পেব হইতে মা হইতেই আবার আথবালে পোড়াওড়াকে ওড় দেখিতে হয়। এইরণ সর্বামা কোন না কোন কার্বো বাল্প থাকার, অবকাশহীন কোন লোককেও কৃষকগণ পোড়াওড়া কহিরা থাকে।

<sup>\*</sup> Dr. Watt's Dictionary of the Economic products of India.

গুড় হইতে চিটা বাহির করিয়া সায়ভাগ **ডক করিলে** তাহাকে ভুরা বা ভুরাগুড় কহে। ভারতচক্রও ভুরা এই **অর্থে** ব্যবহার করিয়াছেন।

"আট পণে আনিরাছি আধসের চিনি। অন্য লোকে ভূরা দের ভাগ্যে আমি চিনি।" এতদারা ভূরা চিনি অপেকা নিক্নষ্ট বলিরাই প্রতীত হর। কিন্তু উত্তরপশ্চিম প্রদেশ ও পঞ্জাব প্রভৃতি স্থানে ভূরা শব্দে উৎক্রষ্ট চিনি অর্থাৎ মিছরি বুঝার।

কাশীর দোবরা চিনি অতি উৎক্ষ । ছুইবার পরিষ্কৃত করা হয় বলিয়া ইহার বোধ হয় দোবরা নাম হইরাছে।

ওলা ও ইংরাজী লোফ-স্থগার (Loaf-sugar) একই পদার্থ। ভারতবর্ষে নানাস্থানে নানাক্রপ ইকু জুনিয়া থাকে। বাঙ্গালার কাজলী, কাতরি, থাগড়া, ছাঁচি, হুবে, পুঁড়ি, বোম্বাই প্রভৃতি তম্ভিন্ন মরিচসহর, ওটাহিটা, বাবেঁন, শিক্ষাপুর, চীন প্রভৃতি হইতে আথের বীজ আনিয়াও চাস হইতেছে। काछनी आरथत तः नान अथवा तिश्वर्ण। তि म नकरनत्रहे तः क्रेयः भीज। इत्थं व्यात्थित तः माना। ठिवा विठिवा व्यापेश পাওয়া যার। সিঙ্গাপুরের একরূপ স্বচ্ছ আথ অতিশর কোমল ও মিষ্ট, কিন্তু অতিশয় ভক্ষপ্রবণ বলিয়া ঝড় বা বেশী বাতালে সহজে ভাঙ্গিয়া যায়। বোশ্বাই ও ওটাহিটীর আথ সর্বাপেক। অধিক বড হইয়া থাকে। কেবল চিবাইয়া রস থাইবার জন্য বহুপরিমাণে ইকু বাবহৃত হয়। এই সমস্ত ইকু অপেকাকৃত অনেক কোমল। থাইতে খুব ভাল হইলেই সে আথে উৎকৃষ্ট চিনি হয় না। কোমল ও ভঙ্গপ্রবণ আথ চাস করিলে ক্ষতির ভর অধিক। খুব সতর্ক হইয়া রক্ষানা করিলে শুগাল ও মানুহেই অনেক थाইयां ফেলে। मन्या मृगानां पित्र উপদ্রব হইতে এড়াইবার জন্য অনেকে কাতরি, থাগড়া, চীনে প্রভৃতি কমিন আথের চাষ করিয়া থাকে। এই সকল আথে শুড প্রায় সমান হয়, তা ছাড়া মাহুষের কথা দূরে থাকুক, শৃগাল, রুই ইত্যাদিও একথানি নষ্ট করিতে পারে না। সেই জন্য এই त्रकन व्याथ ना वैधिति ও कान कि उर ना। यदं পि प्रा গেলেও ইহাদিগকে নির্বিদ্ধে তুলিয়া দেওয়া যায়।

শৃগাল ও চোরের উপদ্রব ব্যতীত আথের আরও অনেক বিশ্ব আছে। ১ম আথচাস বহু ব্যরসাধ্য, স্মৃতরাং দরিদ্র ক্লবক ঋণ না করিরা আথচাস করিতে পারে না। কিন্ত দেশীর মহাজনদিগের কবলে একবার পড়িলে কেহই সহজে ঋণজাল হইতে মুক্ত হইতে পারে না। ইক্ষুচাব এইরূপ বিপদ্দেথিয়া সহজেই বিশেষ সঙ্গতি না থাকিলে, কেহু অগ্রসর হইতে চার না। ভাহার পর দেবতার অমুগ্রহ হইলে যদি কেহু চাস করিল, তথন আবার কই, ইপুর, শৃগাল ভর্কানির উপদ্রব আছে। সমরে সমরে ইহাদের এরূপ উপদ্রব হর বে সমস্ত ইকুক্তে একেবারে নট হইরা বার। তা ছাড়া মড়ক লাগা, ধনা ধরা ও জন্যান্য কীটাদির উপদ্রব আছে। একরূপ কীট আথের গারে ছিল্ল করিরা বাস করে এবং রস পান করিতে থাকে। ইহারা একহানে ছিল্ল করিরা তাহাতে প্রবেশ করে এবং ক্রেমে পথ কাটিরা জ্ঞাসর হইতে থাকে।

একবার ছই একটা আথে কই লাগিলে সমন্ত ঝাড়ে ব্যাপ্ত 
হইরা পড়ে। অনেক সমর দেখা বার, বে স্থালররপ আথ 
জারিরাছে, বাহিরে কোন বৈলক্ষণ্য নাই, কিন্তু একগাছি ভাজিরা 
দেখ, কোন পাব (পর্ক) শুক, কোথাও বা লাল ও বিখাদ 
হইরা গিরাছে অথবা সমস্তটাই একরপ অয়াভাদযুক্ত 
হইরাছে। বাবু অরক্তক মুখোপাধ্যার ও অন্যান্য অনেক 
ক্ষিতভামুসন্ধিৎস্থ মহোদর এই বিষয় পর্ব্যালোচনা করিরা 
হির করিরাছেন, যে বহুবর্ষ ধরিরা এক অমিতে একরপ ইক্
আবাদ করিলে পুর্নোক্ত রোগের প্রাহ্রভাব অধিক হয়।
ভাঁহারা পরীক্ষা করিরা দেখিরাছেন, বালালার ঘেদকল অমিতে 
বোলাই আথের চাস ১৯২০ বংসর ধরিরা হইতেছে তথার 
এই সকল রোগ অত্যন্ত অধিক, আবার যেথানে ১০।১২ বংসর 
মাত্র চাস হইতেছে, তথার আনে প্রক্রপ কোন রোগ নাই।

অনেক সময় ইক্কেত্রে বহু পরিমাণে আগাছা ও পর-গাছা জন্মিয়া বিত্তর ক্ষতি করে। এই সমস্ত পরগাছার দৌরাত্মো অনেক সময় কৃষককে ইক্চাস বন্ধ করিতে হয়। পরগাছা আথের গোড়ার উৎপর হর এবং উহার গার শিকড় ফুটাইতে থাকে। ইহাদের শিকড় ইক্র অক্ ভেদ করিলে ইক্ মার বর্দ্ধিত হর না, শুক্ষ ও মৃতবং হইয়া যার। প্রথমে জমিতে শণ, নীল প্রভৃতি আবাদ করিয়া পরে ভালক্ষপ সার দিলে ইহাদের হাত এড়াইতে পারা যায়।

এই সকল বিদ্ন বিপত্তি অতিক্রম করিয়া যৎকিঞ্চিৎ ইক্
জায়িলেও রক্ষা নাই। দেশীয় প্রথা অমুসারে কোন দিজ
ইক্কেত্রে প্রবেশ করিয়া যথেচ্ছা ইক্ ভাজিয়া লইয়া গেলেও
ভাহাকে কিছু বলিবার যো নাই; কেন না মমুর নিয়মায়্রসারে বিজের ইক্গ্রহণে অধিকার আছে। তা ছাড়া পথিক,
গাড়োয়ান, রাথাল প্রভৃতি গোপন ভাবে অনেক অপহরণ
করে। প্যাদাল দিবার (অর্থাৎ ইক্ কর্ত্তনের) দিন আথবাড়ীতে একরূপ লুঠ পড়িয়া যায়। লোক আসিয়া যথেচ্ছা
ভক্ষণ করে ও সূচার গাছি না লইয়া ফিরে না। চক্ষের
উপর এইরূপ ডাকাতি দেখিলেও দেশাচারের খাতিরে ক্ল্যক্
কিছু বলিতে পারে না। আধশালেও ব্রাহ্মণাদি বা অপর

লোক আসিলে ভাহাকে গুড়, রস. বা আথ দিতে হইবে, কাহাকেও নিরাশ করিরা রিজহুতে কিরাইলে অবর্ম হর। ভাহার পর বধন গুড় হইবে, তখন গুরু, পুরোহিত, নাপিত, ধোপা, সকলকে গুড় দিতে হর। এইরপ অবিপ্রান্ধ রারের পর অয়াংশ মাত্র ক্লবকের ভাগারে বার, ইহাতে অনেক সমর ক্লবকের লাভ হওরা দূরে থাকুক, চাসের থরচই উঠে না। এই কারণে অনেকে আথের চাস করিতে চার না। ভাহার উপর ক্লবক অশিকিত। পিছুপিতামহাদি প্রদর্শিত প্রাচীন প্রণালীর অভিক্রম করিরা নৃতন প্রণালী অবলহন করিতে জানে না বা চাহে না। স্থতরাং এদেশে গুড় ও ভাহার সলে সলে চিনির ব্যবসারও বে অধংপতন হইবে ভাহা আশ্রহণ নহে। অভএব শিক্ষিত ব্যক্তিদিগের এ বিষরে মনোবোগ দেওরা আবশ্রক হইরাছে, ইহাতে ভাহাদের লাভও আছে, ভাহাতে দেশের উপকারও আছে।

খুষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে স্পেনবাসিগণকৰ্ত্তক কানেরি-দ্বীপ-পুঞ্জে ইকু চাস আরম্ভ হয়। ইতিপূর্ব্বে ১৪২০ খুষ্টাব্বে পর্ত্ত গীজ-গণ সিসিলী দ্বীপ হইতে মেদিরা ও সেণ্ট টমাস দ্বীপে ইহার চাস कत्त्र। ১৫०७ थृष्टीत्म कान्तित्र बीश हरेए हेरा সানডোমিকো দ্বীপে প্রচলিত হয়। ১৫৮০ খুঃ অব্দে ওললাজগণ ত্রেজিলে সর্ব্বপ্রথম ইকুর চাস ও চিনির কারথানা স্থাপন করেন, কিন্তু শীঘ্ৰ তথা হইতে পর্জ্যাজনিগের বারা বিতাড়িত হইয়া পশ্চিমভারতীয় দ্বীপপুঞ্জে কারধানা করেন। हेरताकान >१८० मुहात्म वार्वार्षाक बीरम वादः >७५८ मुः करम कारमका बीर्ल हिनित कांत्रथाना कतिरामन वर्षे, किंख मीखरे চিনির ব্যবসা লইয়া ইংরাজ, ফরাসী ও পর্তুগীজদিগের মধ্যে ভয়ানক আডাআডি চলিতে লাগিল। ইংরাজেরা নানা উপায়ে খরচ কমাইরা সর্বাপেকা স্থলভ মূল্যে চিনি বিক্রম করিতে লাগিলেন। কিন্তু ১৭২৬ খুটানে ক্রাসীগণ সানডোমিলোর কারধানার প্রাভূত উন্নতি সাধন করিয়া ইংরাজ্দিগের সৃষ্টিত টক্কর দিয়া যুরোপে বিস্তর চিনি চালান मिट्ड नाशित्नन।

এইরপে ভারতবর্ষ হইতে ইক্ষুর চাস রুরোপ ও আনেরিকার প্রচলিত হইরাছে। খুরীর অন্তাদশ শতালীর শেবভাগে রাজনৈতিক বিপ্লবে সান্ডোমিলোর ফরাসী-চিনির
কারথানা উঠিরা বার। স্বতরাং ইংরাজ ব্যবসারীদিগের
চিনির কাটতি অত্যন্ত বাড়িরা উঠে। এ সমর চিনি অতিশর মহার্ছহর, এমন কি এই সমর ইংলতে অতি কদর্যা চিনিরও
সের প্রার ৮০ আনায় বিক্রের হইত। ভাহাতে ভারতবর্ষ হইতে
চিনি রপ্তানী করিবার জন্ত সকলেই ইউ ইপ্তিরা কোম্পানিকে

শহরোধ করেন। তথন ভারতীর চিনি এত অধিক পরিমাণে বিলাতে রপ্তানী হইছে লাগিল বে আমেরিকার চিনি ব্যবসারী ইংরাজগণ দেউলিয়া হইবার উপক্রম হইল। কর্ত্বপক্ষ আমেরিকার কারথানা সকলের এইরপ ক্ষরবস্থা দেখিরা তাহাদের মুখ চাহিয়া গুছের হার কমাইয়া দিলেন, কিছ তারতীর চিনির গুছ অত্যন্ত বাড়িয়া গেল। তৎকালে লাসত্ব-প্রথার প্রতি সাধারণের তরানক বিবেব থাকার, ক্রীত লাস বারা প্রত্নত আমেরিকার উৎকৃষ্ট চিনিও পরিত্যাগ করিয়া লোকে ভারতের চিনি ব্যবহার করিত। এই সমস্ত চিনি বালালা হইতে রপ্তানি হইত। ১৭৫৫ খুইান্সেও বালালা হইতে হওানি হিত। ১৭৫৫ খুইান্সেও বালালা হইতে চিনি রপ্তানির কথা দ্রে থাকুক, ধরচের উপস্ক্র পরিমাণ চিনিও এখানে উৎপর হয় না। নানাহান হইতে চিনি, শুড় প্রভৃতি বালালার আমদানি হইরা থাকে।

আজকাল আমেরিকার নানাস্থানে, মরিসন্, ওটাহিটা, শিলাপুর প্রভৃতি বীপে প্রভৃত পরিমাণে চিনি উৎপর হইতেছে। বলা বাহল্য এই সকল কারথানার অধিকারীগণ সকলেই যুরোপীয়। ইক্রস হইতে চিনি প্রস্তুত পর্যাপ্ত সমস্ত কার্যাই বৃহৎ বৃহৎ কল বারা সম্পন্ন হয়। উভিদ্ভস্ক পণ্ডিত সাহাব্যে জমিতে চাস ও সার দেওরা এবং উপযুক্ত ইক্ রোপিত হয়। আমাদের দেশীয় কলে ইক্ হইতে শতকরা ৫০ ভাগের অধিক রস বাহির হইতে পারে না, কিন্তু যুরোপীয়গণের উৎকৃত্ব কল সাহাব্যে শতকরা ৭৫ ভাগ রস বাহির হয়।

ভারতবর্ষে যুরোপীর প্রণালীতে ইক্ চাস ও চিনি প্রস্তুত করণের চেষ্টা অনেকবার করা হইরাছে। ১৭৭৬ খুষ্টান্দে কলিকাতার বণিকদল প্রথম এই উদ্যম করেন। গবর্ণর জেনারেল থ্র কোম্পানিকে সাহায্য করিতে স্বীকৃত হন। তাঁহারা প্রথমে কতক ভূমিতে ইক্ রোপণ করেন, কিন্তু জ্নমাগত কই কীটে এরপ অনিষ্ট করে যে কোম্পানিকে থ্র উদ্দেশ্য পরিত্যাগ করিতে হয়। তাঁহারা তৎপরে দেশীর ক্ষকগণের নিকট হইতে ইক্ লইরা কিছুদিন চিনি করেন, পরে বিশেষ লাভ না থাকার থ্র ব্যবসা পরিত্যাগ করিতে বাধ্য হইরাছেন। ইহার পর এ বিষয়ে প্রথম উদ্যমকারীগণকে বিশেষ সতর্কতা ও সহিক্ত্তার সহিত কার্য্য করিতে হইবে। বণিকসমিতির দশা দেখিরা কাহারও হতাশ হইবার বিশেষ কারণ নাই, বরং তাঁহাদের কিন্ধপ সাবধান হইতে হইবে তাহাই বুঝা যায়।


চিনি প্রস্তুত করিবার কৌশল নানা প্রকার প্রচলিত আছে। বিদেশীর কলে প্রস্তুত চিনিতে হিন্দুধর্মবিশহিত কোন কোন

পদার্থ দেওয়া হয় বলিয়া উহা হিন্দুর পক্ষে অভোজা, স্বভরাং अस्मा करन हिनि श्रेष्ठ रहेठ ना। त्रह९ कड़ा, स्क्रक किया हैं। जित्र मार्था हेक्त्रन ताथिता छेरात नीति जान निष्क 🗷 मूथ খুলিয়া রাথিতে হয়। অধির উস্তাপে ঐ রনের উপরিভাগে व्यक्षकात मिनन भगार्थ अभिन्ना वात्र, उहा अविना माज क्रिया क्रिनारक इत्र. **देशांक शामाकाना सरक**। अ**हेक्रा**श কতক সময় আল দেওয়া ও গাদ তোলার পর জলীয় অংশ বাস্প হইনা গেলে এবং উহা ঘনীকত হইনা গুড়কপে পরিণত হইলে শীতল করিবার জন্ম মুৎপাত্তে ঢালিয়া রাখিতে হয়। রীতিমত দানা বাঁধিলে উহার মধা হইতে তরল অংশ ত্যাগ করিয়া কেবলমাত্র সারাংশ রাধিবার উদ্ধেশে ঐ গুড় মোটা বস্তথতে বাঁধিয়া ডাছার উপন্ন চাপ প্রয়োগ করিতে হয়। তরল অংশ স্কুচারুরূপে নিঃস্ত হইয়া গেলে সারাংশে জল মিশ্রিত করিয়া পুনরায় জালের উপর চাপা-ইতে হয়; এবারে ইহার সহিত সামাঞ্চ চুণ ও মুগ্ধ মিশাইতে হয়, কারণ চূণও ছথে ময়লা কাটে। আলের উপর থাকিয়া উত্তপ্ত হইলে উহার উপর পুনরায় বয়লা (গাদ) জমিতে থাকে ও উহা তুলিয়া ফেলিতে হয়। ক্রমাগত এইরূপ প্রক্রিয়ার পর যথন আর ইহার উপর মলিনাংশ (গাদ) দৃষ্ট হয় না, অপচ ज्लीव यः न बान्नाकाद्य भुथक् इहेबा यात्र, उरकारन हेश नामाहिया नीजन कत्रिवात अग्र मुश्लात्व त्राथित्ज हम। মুংপাত্র মধ্যে দানা বাঁধিলে তরলাংশ পুথক করিবার জন্ম তলনেশে ছিদ্র ও চিনির বর্ণ উজ্জ্বল ও পরিকার করিবার জন্ম পাত্রের উপরিভাগ শৈবাল দারা আরুত করিয়া রাখিতে হয়। শৈবাল নিংস্ত রুদ পাত্রের মধ্য দিরা প্রবাহিত হইরা চিনির মলিনাংশের সহিত ছিন্ত দিয়া বাহির হইয়া যার। শৈবালের গুণে চিনির দানা শুল্র হইরা পড়ে। পরে হাঁড়ি হইতে চিনি বাহির করিয়া লইতে হয়। এই চিনি পুনর্বার আলে চড়াইয়া পূর্বের ভার আবার দানা বাঁধিতে দের। চিনির মধ্য হইতে পাত্রের ছিদ্র দিয়া যে রস বাহির হইমা যায়, তাহা অপর পাত্রে ধরিয়া অন্ত প্রয়োজনে লাগান হইয়া থাকে। हीमरार्भ ७ এই खिक्सियां प्र हिनि खेख र हरेया थारक।

আমেরিকা মহাদেশে অতি সহজ উপারে ইক্রস হইতে
চিনি প্রস্তুত করা হইরা থাকে। তথার আধ-মাড়া
কল হইতে নিঃস্তরস প্রণালীর মধ্য দিরা পাত্রে পতিত
হয়। ঐ পাত্রগুলি অন্নিক্ণের উপর স্থাপিত। অমিক্ণ্ড
সকল সময়ে প্রজ্ঞানিত থাকে না; পাত্র রুক্পুর্ণ ইইলে
অন্নিক্ণ্ড প্রজ্ঞানিত ও সেই সমরে রুক্রের সহিত অতি
অন্ন পরিমাণে চুণ মিপ্রিত করা হয়। পাত্রস্থ রুস উত্তথ

হইলে উহার ঘদ আংশ উপরে ভাসিয়া উঠে। দ্বস পরিষ্কৃত कतिवात जब ये मिनम क्न जान्मदक जुनिहा दक्तिंश निष्ठ इत, डेवांटकरे धरमत्म शामरकामा बत्म। किंद्रकर धरे-হ্মপে ভাপে শরিকত হওরার পর বধন দেবিতে পাওয়া যায় যে বাদের উপরিভাগ শুরুবর্ণ ফেণার উপলাইরা উঠিতেছে সেই नबात अधिकथा जी निर्वाण कतिया तिएक हम धावः धाक ঘশ্টাকাল ঐ রুল লেই অবস্থায় রাথিয়া পরে অপর পাতে ঢ়ালিরা ছের। <u>এই সমরে র</u>স দেখিতে ঠিক সি*দ্*লবর্ণ স্থরার ক্লার উজ্জ্ব 👁 পরিকৃত বোধ হয়। সমুদার পাত্রান্তরিত হইলে উহার জনীর অংশের ক্ষঞ্জির বাম্পাকারে পরিণত করিবার জন্ত পুনরায় রুসপূর্ণ পাজের তলদেশে অঘির উত্তাপ দেয়। অগ্নির উত্তাপে রলের উপরিভাগে গাদ একত হইলে উহা অভি সভর্কভাবে তুলিয়া ফেলে; স্মবশেবে রস জমাট বাঁধিবার উপযোগী হইলে, হাতা কিম্বা ঐক্লপ কোন উপকরণ দিয়া প্রথমে শীতলকরণার্থ কাষ্টনির্মিত বান্ধ কিমা নলের ভায় আক্রতিবিশিষ্ট কোন পাত্র মধ্যে রাধিরা পুনঃ পুনঃ নাড়িতে হয়, পরে ঘন করিবার জন্ম ভাহা হইতে অপর পাত্রে ঢালিয়া থাকে। এই পাত্র মধ্যে রসের কিয়দংশ কোমল দানাবিশিষ্ঠ হয় ও কিয়দংশ খন আটাল জানাবিহীন তরল অবস্থায় থাকে। मानामात्र ज्यः म, माना विद्यीन उत्रम त्रम इटेट পुथक इटेटनरे চিনি হয়। স্থতরাং উভয় প্রকার পদার্থ পৃথক করাই দর-কার। তরল অংশ হইতে দানাদার অংশ পৃথক করিবার জন্ম শেষোক পাতা হইতে দানাযুক অংশ বাহির করিয়া একটা বৃহৎ গৃহ মধ্যে লইয়া যায়। উক্ত গৃহের মেজের मर्था गर्छ क्रिया यर्थंडे श्रीमार्ग जत्रन श्रेमार्थ-धातरणत উপরুক্ত চৌবাচ্চা প্রস্তুত ও তাহার উপরিভাগে ফ্রেমের উপর কতকগুলি থালি পিপা স্থাপিত। ঐ সকল শৃক্ত পিপার জনদেশ কলার ডেগো ঢাকা ও তাহাতে আট দশটী করিয়া ছিত্র থাকে। পূর্মালিধিত দানাদার অথচ সামাস্ত তরল ক্রমিপ্রিক চিনি এই সকল পিপার মধ্যে রাথিলে উহার তরল ज्यान क्रांच महिल कनात्र एडानात्र मधा नित्रा ध्यवाहिल हरेग्रा नीक स्मि गर्सक को बाका मध्य পতिত दत्र धवर एक विनि लिलाज बरवा चहिया गांव।

চিনি প্রস্তান্তর জন্ত অনেক খলে জনেক প্রকার কল আবিষ্কৃত হইয়াছে; তয়াধ্যে: ভব্লিউ এও এ মইন (-W. and A. Monie) সাহেব কর্জ্ক আবিষ্কৃত কলই য়ুরোপথওে সর্বাত্র প্রচলিত ও বিলেষ আদৃত। [চিত্র দেখ।] এই কলে ভাশ্রনির্মিত শৃশ্ব কটাহ সংলগ্ন থাকে, ইহার ব্যাস ৯ ফিট্ ও নিয়াংশ ছিত্র। উভর ভলের মধান্বলে ২ ইঞ্জি কিয়া এক



চিনি প্রস্তুত করিবার কল।

ইঞ্চি পরিমিত স্থান ধুম চলাচলের জন্ত শৃন্ত থাকে। ইকুরস পুর্ব্ববর্ণিত প্রণালীমত উত্তপ্ত ও উহার মলিনাংশ পুথক হট্যা তরুল হটলে এবং উত্তথাবস্থাতেই তৈলের স্থার ঘন হইলে উহাকে এই কলের শুক্ত কটাহে ঢালিয়া **मिए** इत । कल-मः नाम नुखं कठीर सिकिश तम नीजन হঠতে আরম্ভ হঠলে উহাতে দানা বাঁধিতে থাকে। দানা वांविवात मगरम साहारक मानाश्वित ठिक এकक्रभ हम. তৎপক্ষে চিনি প্রস্তুতকারীগণকে বিশেষ মনোযোগী হইতে হয়। তাহারা শুক্ত কটাহের সমুদায় অংশ রসপূর্ণ না করিয়া উহার ততীয় কি চতর্থ অংশ রস পূর্ণ করিয়া অধির উত্তাপ প্রদান করিতে থাকে এবং দানাগুলি আয়তনে বৃহৎ হইয়া আসিলে উহার মধ্যে ক্রমশ: মলিন রস দিয়া অগ্নির উত্তাপ দিতে থাকে। এইরূপে কটাহের রদ দানাযুক্ত মুগুকার হইলে উহা অপর পাত্রে ঢালিয়া এই পাত্র মধ্যে রাখিয়া শীতল করিলেই চিনি হয়, কিছ প্রস্তকারীগণ উহা তথন শীতল না করিয়া অস্তাম্ত দেশে রপ্তানির জন্ম তদপেকা কৃত্র কৃত্র পাত্র মধ্যে ঢালিয়া শীতল करत । हिनित्र छान माना वाँधितन এवर छेश शैछन स्टेरन পর পাত্রতলম্ভ ছিত্রগুলির ছিপি খুলিয়া দেয়। ছিপি থোলা হইলে পাত্রমধান্ত বে বল জমিয়া দানাকারে পরিণত হয় नहि, छोहा वहिर्गेष्ठ ' ध्यानी मिन्ना ध्याहिक हहेगा वृहर থাত মধ্যে গিরা জমে। পরে পুনরার ঐ রস কলের পৃক্ত কটাহে স্থাপন করিয়া উহা অপেক্ষা কিছু অর শুণবিশিষ্ট চিনি প্রস্তুত করে, ইহাই মাঝারি চিনি। এই চিনির অবশিষ্ঠ রসাংশ লইয়া ভদপেকা থারাপ চিনি প্রস্তুত করা হয়।

ইংলণ্ডে ও অহাত দেশে চিনি পরিষার করিবার জন্ত যথেষ্ট চেষ্টা হইয়া থাকে। চিনি পরিকার করিবার স্থান আট নয় তল উচ্চ। অপরিষ্কৃত চিনি উহার উচ্চতম লানে লইয়া গিয়া চিনি-পরিষারকগণ সম্ভবমত উহার সহিত উষ্ণ জল ও সমাস্ত গোরক মিশাইয়া তলদেশে অগ্নির উত্তাপ দেয়, তাপ বেশী হইলে গোরক্তের সারভাগ খন হইরা উক্ত তরল পদার্থ মধ্যস্থ সমূদার অপরিষ্ণত অংশ সহ পাতলা গাদের স্থায় উপরে ভাসিয়া উঠে। সেই তরল চিনি মোটা ঘন বুনানি কার্পাসবস্ত্র निर्मित थनिए हाँकिमा नहेए हम । এই थनि गांगिकिनीत নামে অভিহিত। শীল্প শীল্প খলির মধ্য হইতে রুল নিঃসরণের জন্য উহা লোহদত্তে ঝুলাইয়া রাথে এবং পাছে শীঘ্র শীতন হইরা বার, এই উদ্ধেশে উহার চারিপার্শে উত্তাপ প্রয়োগ করে। वक्षनिर्मिष थेनि निशा नकन ध्यकांत्र मश्रमा नष्टे हम्र वट्डे किन्न উহার ক্লবর্ণৰ যার না. সেই জন্য থলি হইতে বহির্গত হইলে পুনরায় লোহনির্শ্বিত অঙ্গারান্থি-পরিপূর্ণ পাত্র মধ্যে রাথিয়া দের। ঐ পাত্মের উচ্চতা সচরাচর ২০।৩০ ফিট এবং ব্যাস আম ৫।৬ কিট। পাত্রস্থ অসার চুর্ণ করিরা দেয়। অসার চর্ণের মধ্যে দিয়া প্রবাহিত হওয়ার পর ইহার বর্ণ শুভ্র ও উজ্জল হর। এই সমর অগ্নির উত্তাপ প্ররোগ করিয়া জলীয় অংশ বাস্পাকারে পরিণত করিলে গুড়, উজ্জন ও পরিষ্কত চিনি প্ৰস্তুত হয়।

চিনি অধিকতর পরিষ্কৃত ও দানাঙলি গোটাবাঁথিয়া বৃহদাক্ষতিবিশিষ্ট হইলে তাহাকে মিছরী বলে। চিনির রস অচার্করপে পরিষ্কৃত হইলে চিনি প্রান্তত করিবার উপবৃক্ত সাধারণ কটাহ অপেকা বৃহৎ কটাহে রাথিয়া অগ্নির উত্তাপ ও মধ্যে মধ্যে নৃতন রস ঢালিয়া দিতে হয়, উহার মধ্যে বড় বড় দানা দৃষ্ট হইলে উহা কেন্দ্রবিমুখ (Centrifugal Machine) কলের মধ্যে পাত্রান্তর করা হয়। উক্ত কলে ঢালিবামাত্র দানাবিশিষ্ট অংশগুলি অবশিষ্ট রস হইতে পৃথক্ হইয়া পড়েও গুজ হইয়া যায়। এই বড় বড় দানাদার চিনিই মিছয়ী নামে অভি-হিত। এই প্রকার চিনির দানাগুলি সহজে ত্রব কয়া য়য় লা।

জগতে কি পরিমাণে চিনি প্রস্তুত হইরা থাকে, তাহা
নির্দারণ করা সহজ ব্যাপার নহে। ১৮৫৩ খ্রঃ অব্দে ইলি
সাহেব কোন্ দেশ হইতে কি পরিমাণ চিনি ভিন্ন দেশে
রপ্তানি হইরা থাকে, তাহার একটা তালিকা প্রস্তুত করিবার
প্রস্তান পাইরাছিলেন। তাঁহার ক্বন্ত তালিকা দৃত্রে জানঃ
যায় যে—

ভারতবর্ষ ও বৃটীশ আমেরিকায়	>>>>>€	মণ,
ফরাসী উপনিবেশ সকলে	<b>&gt;9996</b> •	মণ,
হলণ্ডের উপনিবেশ সকলে	>969600	म्ब,
ম্পেনের উপনিহবশে	27809¢•	মণ,
ডেক্মার্কের উপনিবেশ সকলে	२०७२๕०	মণ,
ব্ৰজিল দেশে	84	म्न,
আমেরিকার যুক্তরাজ্য হইতে	৩৭৫৩৭৫+	মণ,
	त्मां । १०००००००००००००००००००००००००००००००००००	<b>지</b> 역.

ইক্-চিনি অন্ত দেশে রপ্তানি হইয়া থাকে। তিনি আরও দ্বির করেন যে, যে পরিমাণ চিনি এক এক দেশ হইতে ভির দেশে রপ্তানি হইয়া থাকে, উক্ত পরিমাণ চিনি সেই সেই দেশের প্রয়োজন জক্তও ব্যক্তিত হয়। তিনি যে কেবলমাত্র ইক্রসোৎপর চিনির বিষর দ্বির করিয়াছিলেন তাহা নহে; তিনি তাহার তালিকা মধ্যে ৪৫০৭৫০০ মণ বিটম্নের চিনি, ২৭৫০০০০ মণ খেজুরে চিনি এবং ৫৫০০০০ মণ মাপল্ চিনির বিষয় উল্লেখ করিয়াছিলেন। যাহা হউক যদি তাহার তালিকা বিশুদ্ধ বলিয়া গ্রহণ করা যায়, তাহা ৬৮৭৫০০০০ মণের অনেক অধিক চিনি প্রস্তুত হইয়া থাকে, তাহা স্বীকার করিতে হইবে। মাকুলক্ সাহেবের মতে ১৮৫৮ খৃষ্টান্দে সম্লায় শৃথিবীতে ২৫০০০০০০ হত্তেই ওয়েট চিনি প্রস্তুত হইয়াছিল।

অপরাপর দেশ অপেকা ভারতবর্ষে চিনি অধিক প্রারোজনে লাগিরা থাকে। চিনি ভিন্ন কোন প্রকার নিষ্টান্ন কিলাল থাল্য সামগ্রী প্রস্তুত হইতে পারে না। মিষ্টান্ন, প্রকার প্রভৃতি থাল্য দ্রব্য প্রস্তুত ব্যতিরেকেও বছ বিষরে চিনির আবশ্রক হইয়া থাকে।

উত্তরণশ্চিমাঞ্চল কালী, গালিপুর প্রভৃতি ছানে অবিভ পরিমাণে চিনি প্রভৃত হয় এবং উৎকৃত্ত ও বিশুদ্ধ বলিয়া বিখ্যাত। নিঠাবান হিন্দু সন্তান দেশীয় ব্যতীত বিদেশীয় পরিকৃত চিনি ব্যবহার করেন না।

(১৮০৬-৩৭ খৃ: অবে সম্প্র ভারতবৃষ্ হইতে ৫১০৮৪৬-১
১৮৪০-৪১ খৃঃ অবে ১৬৪৬৮৮৯৮ এবং ১৮৪৭-৪৮ খৃটাকে
১৬৬২৮৫২৪ টাকার চিনি বিদেশে রপ্তানি হর। এই
সমত চিনি অধিকাপেই বালালা দেশে উৎপন্ন হইত।
১৮৪৫ খৃটাকে ইংলতে বালালা দেশলাত চিনির উপর গুড়
অভ্যন্ত বাড়িরা বার। ঐ বর্ব হইতেই ভারতীর চিনির বাবসা
কমিতে থাকে। ১৮৯০-৯১ সালে ভারতবর্বে হইতে মোট
৩৮৩৭৫৪১ টাকার চিনি ও ৩৭৯১৮৭১ মণ গুড় ইত্যাদি
বিদেশে রপ্তানি হর।

ঐ বৎসর মরিচসহর, চীন, আমেরিকার যুক্তরাজ্য ও উপ-নিবেশ সমূহ হইতে মোট ৩,০২,৬৮৪৬৯৬ টাকার চিনি ও ৭৩০৩৬০ টাকার গুড় প্রভৃতি ভারতবর্বে আমদানি হর।

১৮৮৯-৯ সালে বাঙ্গালা হইতে ৫৮৬৯৬ মণ চিনি ও ৩৯৪৩৩৭ মণ শুড়, দোলা ইত্যাদি ভারতের নানাস্থানে রপ্তানি হয়। ঐ বর্ষে ভারতের নানাস্থান হইতে আমদানি পরি-মাণ ১০১৩ মণ চিনি ও ৭৬৬৮২ মণ শুড় ইত্যাদি।

গত ১৮৯০-৯১ খুঁটান্সে আমদানির পরিমাণ প্রায় ৭০১ লক্ষ টাকা। কিন্ধ ঐ বংসর বাঙ্গালা হইতে ২৪২০৬১ টাকার চিনি ও ৩১০০১ টাকার শুড়, মোট ২৭৩০৬১ টাকার মাত্র বিদেশে প্রেরিত হয়। স্থতরাং ঐ বর্বে প্রায় ৬৯২ লক্ষ টাকা কেবল চিনি, শুড় ইত্যাদি ক্রেয় জন্মই বাঙ্গালাকে দিতে হইয়াছে।

ক্লেড্জাতির প্রস্তুত চিনির প্রতি পূর্ব্বে লোকের বে স্থা। ছিল তাহার শৈথিলাই বিদেশীয় চিনির কাট্তির কারণ।

কেবল কলিকাতা নগরেই প্রতিবর্বে প্রায় ও তিন লক মণ চিনি থরচ হয়। ১৮৮৬-৮৭ খুষ্টাব্দে কলিকাতার প্রত্যেক ব্যক্তি গড়ে ১৩ দের ১০ ছটাক চিনি ভক্কণ করিরাছিল।

চিনিওৎ, পঞ্চাবের অন্তর্গত বৃদ্ধ জেলার একটা নগর। ইহা
চক্রভাগানদীর ছই মাইল দক্ষিণে এবং বৃদ্ধত উদ্ধিরাবাদে যে রাজা গিয়াছে, তাহাতে অবস্থিত। অক্ষাণ ৩১°
৪৩'৩২' উ:, জাবিণ ৭৩'০ ৫৯' পু:। এখন সমৃদ্ধিশালী।
এখানে একটা উৎক্রই মস্জিদ এবং একজন মুসলমান
সাধুর নামে প্রতিষ্ঠিত একটা মন্দির আছে। কাঠ এবং
প্রস্তারে খোদিত কাক্ষ্কার্যের জন্ধ এ স্থান বিখ্যাত। যে
সমরে, আগ্রার বিখ্যাত তাজ্মহল নির্ম্মিত, হর সে সম্বে

অশানকার স্থাতিগণ তথার গমন করিছাছিল। চিনিঞ্জ তহনীলের কার্য্যালর সকল এই নগরে অবস্থিত।

চিনিকাররাকা (নেশজ) এক ক্রকার গাছ। ইহার ফল কাম-রাকার ভার। আকারে ভাহার অর্কেক। পরিশকাবছার ইহার বর্ণ থোর সর্বুল, কিন্তু কামরাজার ভার আক্রান্ত নহে। ইহা কামরাজার বভ জন্ন নর, এবং ইহার আক্রান্ত ভেম্বন উত্তম নহে।

চিনিবাদাম (দেশক) দক্ষিণআমেরিকাজাত ফল। কিন্তু
এখন ভারতবর্ষের সর্বএই ইহা উৎপন্ন হয়। এই বাদাম
মানির ভিতর জন্মে এবং সেই খানেই ইহা পরিপক্ষ হয়। এই
নিমিত্ত ইহাকে ভূঁইমুগ বলে। ইহার আত্মানন বাদামের ভার।
চিনিত্তাপ (পুং) ভোপচিনি।

চিন্চিন্ (দেশজ) অর অর আলা করা।

চিন্তক (ত্রি) চিন্তমতি চিন্তি-ধূল্ (ধূল্ড্চৌ। পা অ১।১৩৩) বে চিন্তা করে, চিন্তমিতা।

চিস্তন ( রী ) চিতি-ণিচ্ ভাবে-স্ট্। অমুধ্যান, চিন্তা।
চিন্তনীয় ( ত্রি ) চিতি-ণিচ্ কর্মণি অনীয়। অমুধ্যের, ভাবনীয়।
"অতোহস্থানিস্তনীয়ন্ত" ( ভাগণ ৮।১১।৩৮ )

চিন্তায়িভ্রা ( বি ) চিতি-ণিচ্ কর্মণি তব্য। চিন্তনীয়, ধ্যের।
চিন্তা ( স্ত্রী ) চিতি-ণিচ্-স্ত্রিয়ামঙ্ ( চিন্তিপুজিকথিকুদিচর্চক ।
পা অঅ১০৫) ততোহ দন্তছাৎ টাপ্ ( জ্বজান্যভাগ্নিশ্ । ) ১
আধ্যান, ভাবনা । "চিন্তাং দীর্ঘতমাং প্রাপ্তঃ" (ভাগং ৭।৫।৪৪।)
২ কম্পনাপতি উদয়ের পদ্মী । (রাজতং ৮।৩৪৫৩) ৩ নাটকোক ব্যভিচারি গুণবিশেষ । লক্ষণ,—প্রিয় বন্ধর অপ্রাপ্তিহেত্
তিবিষয়ক ধ্যান ; ইহা দৃষ্টির শৃত্রতা, শারীরিক তাপ ও দীর্ঘনিশাস হারা অন্থমিত হয় । চিন্তা করণ রন্দেশ ব্যভিচারী ।
(সাহিত্যদর্শণ) ৪ দর্শনসম্ভোগবিষয়ক ভাবনাতেদ । (রসমঞ্জরী)
পর্য্যায়—জাধ্যা, শ্যান, চিন্তিতি ।

চিন্তাকর্মন্ (क्री) চিত্তৈব কর্ম্ম কর্মধাণ। চিন্তারূপ কার্য। চিন্তাকারিন্ (জি) চিন্তাং করোতি চিন্তা-ক্র-পিনি। যে চিন্তা করে।

চিন্তাপর (তি) চিন্তাপরা প্রধানং যত বছত্রী। চিন্তাসক্ত, চিন্তাবিত।

চিস্তান্ত্রি (পুং) চিস্তারাং সর্ককামনো মণিরিব। শাক-পার্থিব-বং সমাসঃ অথবা চিন্তরা ধ্যান-ধারণাদিনা মন্ততে আহুরতে চিন্তা মন-ইণ্ । ১ ব্লা। ২ ব্লবিশেষ। ও কামপ্রদ মণিতেদ। "চিন্তামণীভূদারাংক্ত চিন্তিতে সর্বকামদান্" (হরি ১৫২ আঃ) ৪ সর্বকানদারমেশ্ব। ৫ মন্ত্রবিশেষ। ও ঘাত্রিক যোগ-

যুরোপে ইহার নাম চায়্না (China), পশ্চিম মঙ্গোলীয়-গণ ইহাকে 'কাণে' এবং মাঞ্রীয় তাতারগণ 'নিকণ কোণ', জাপান বাসীগণ 'থ' ও আনামবাসীগণ 'ছীন' কছে। চীনারা আপনাদের দেশকে 'চং কুয়ো' অর্থাৎ মধ্যরাজ্য বলে। তাহারা ইহাকে 'চং হো' অর্থাৎ 'মধ্য প্রস্থন'ও কহিয়া থাকে। বর্তুমান রাজবংশ ইহাকে 'টাট্-সিং-কুয়ো' অর্থাৎ 'পবিত্র সাম্রাজ্য' এই আথ্যা দিয়াছেন। তিজ্ঞ 'চং থ্যাং' 'টিয়াং চেয়ো' অর্থাৎ স্বর্গীয়রাজ্য প্রভৃতি আরও অনেক রূপক নাম আছে।

চীনদেশের ভূমি প্রায় সর্ব্বজ্ঞই উর্ব্বরা। তিববতের পর্ব্বত হইতে বহির্গত হইয়া ইয়াং-সি-কিয়াং ও হোয়াং-হোনদীয়য় ইহার বছবিন্তীর্ণ প্রদেশে জ্বল দান করিতে করিতে সাগরে প্রবেশ করিয়াছে। এই নদীম্বয়ের উপর দিয়া একটা স্থানীর্ম থাল কাটা হইয়াছে তন্ধারা ক্রমিকার্য্যের বিস্তর স্থবিধা হয়। হোয়াং হো বা পীতনদীয় গতি অতি পরিবর্ত্তনশীল। সম্প্রতি ইহার গতি পরিবর্ত্তিত হইয়া অনেকদ্র পর্যান্ত বিস্তার্গ করিয়াছে। এই সকল কারণে পীতনদীকে "চীনের শোক" (Chines Sorrow) কছে। অপর নদী সকলের মধ্যে দক্ষিণভাগে কান্টন্নদী ও উত্তরভাগে পিহোনদী প্রধান।

চীনের ভূমিকে প্রধানতঃ তিনভাগে বিভক্ত করা থাইতে পারে। ১মত, পশ্চিমভাগে উন্নত মালভূমি; ২য়ত, মধ্য ও দক্ষিণাংশে পার্কাত্তমে এবং ৩য়ত, পূর্কাভাগে প্রকাণ্ড সমতল ক্ষেত্র। পে-লিং ও ইয়ন্-লিং এই ছইটা পর্কাতশ্রেণী উত্তরদক্ষিণে ইহাকে তিনভাগে বিভক্ত করিতেছে। নন্ লিং পর্কাত দক্ষিণভাগে অবস্থিত।

চীনের রাজধানী পিকিন্ নগর। পিকিন্ শব্দের অর্থ উত্তর রাজসভা, ইহা রাজ্যের উত্তরভাগে বৃহৎ প্রাচীর হইতে ৩০ ক্রোশ দক্ষিণে পিহোনদীর তীরে অবস্থিত। একটা অভ্যুচ্চ প্রশস্ত প্রাচীর নগরকে বেষ্টন করিয়া আছে। ইহার লোক সংখ্যা প্রায় ১০ কক। অপরাপর নগরের মধ্যে নাজিন্, কান্টন্, সাজ্যে, আময়, ক্ষ্চু ও নিংপো প্রধান। নাজিন্ নগর পূর্বের রাজধানী ছিল।

वितिनीय अधिकादित मस्या दश्कः श्री श देश्तां अपन अधिकृछ। জলবায়।--চীনের অধিকাংশ প্রদেশেই শীত গ্রীগ্রের অতিশয় বৈষমা লক্ষিত হইয়া থাকে। পিকিন নগরের নিকট শীতকালে এক্লপ শীত হয় যে, নদী প্রভৃতি পৌষমাদ ছইতে প্রায় ৩।৪ মাস বরফাবত থাকে। আবার গ্রীন্ম-কালে অসহা গ্রীন্ম হয়। কিন্তু পিকিনের গড় তাপাংশ ইহার সম অক্ষান্তর্বভী যুরোপের নগর সকলের গড় তাপাংশ অপেক্ষা অনেক কম। পিকিন ৩৯° ৫৪ উ: অক্ষাংশেন্থিত হইলেও ইহার গড তাপাংশ ফারণহীটের ৫৪° অংশের অধিক নহে। কিন্তু নেপ্লুস নগর ইহার প্রায় ১° উত্তরে অর্থাৎ ৪০° ৫০´ উ: অক্ষাংশেস্থিত হইলেও উহার গড় তাপাংশ ৬৩°। ইহার কারণ চীন রাজধানীতে শীতকালে তুরস্ত শীত হয় এবং ভাপমানের ভাপাংশ অনেক অর থাকে। কাণ্টন নগর কলিকাতার সম অক্ষান্তর্বাতী হইলেও উভয়ের জলবায়ু শীতোঞ্চতা বিষয়ে বিস্তর পার্থক্য দেখা যায়। বৃষ্টি-পরিমাণ দকল বর্ষে সমান নতে। সচরাচর বার্ষিক ৭০ ইঞ্চি পরিমিত বৃষ্টি পতিত হয়, কোন কোন বংসর ৯০ ইঞ্চি পর্য্যন্ত হইয়া পাকে। অগ্রহায়ণের মধ্য হইতে ফারনের কতকদিন পর্যান্ত উত্তর পূর্ব্বদিক হইতে অতি শীতদ বায়ু বহিতে থাকে। উद्धिमामि এই काटन वर्षिठ इय ना।

বৈশাথ মাদে দক্ষিণ বায়ু বহিতে আরম্ভ হয়। এই বায়ু দক্ষিণে উষ্ণ দাগর সকলে প্রচুর বাষ্পাযুক্ত হইয়া উত্তর বায়ু দারা শীতল চীনদেশে আদিবামাত্র, সেই বাষ্পারাশি কুমাটিকার্মপে পরিণত হয়। এই সময় রৃষ্টিও হইয়া থাকে। অবশেষে আষাঢ়, প্রাবণমাদে ভয়ানক গ্রীয় উপস্থিত হয়। কান্টন্নগরের নিকট এই সময় বায়ু অতিশয় উত্তপ্ত হয়য়

এত পাতলা হইয়া যায় যে তীবণ কটিকাদি উৎপন্ন হয়।
চীনারা এইরূপ টাইফুন্ (Typhoon) অর্থাৎ কটিকাকে
অতিশন্ম ভন্ন করে। কাণ্টনের নিকটস্থ প্রেদেশে বিশেষতঃ
হেনান্ দ্বীপের উপকৃলে এই ঝটিকার উপদ্রব অধিক। চীনের
অলবামু স্বাস্থ্যকর এবং অধিবাসীগণ দীর্ঘজীবী।

জীবজন্ত ।-- চীনের পার্বত্য ও অরণ্য প্রদেশে হস্তী, গণ্ডার ভরুক, কেন্দুরা, উকামুথী, মহিষ, ঘোটক, উষ্ট্র, ব্যুগর্দভ. বরাহ প্রভৃতি বস্তু জন্তু বাস করে। উত্তর প্রদেশে বীবর দেবল, আর্মন প্রভৃতি উৎকৃষ্ট লোমোৎপাদক পশুসমহ দেখা যায়। এই দেশ সমমগুলের অন্তর্মন্ত্রী হইলেও এখানে অপেক্ষাকৃত শীতের অধিকা বলিয়া সমমগুলের অনেক প্রাণী বাস করিতে পারে না। ব্যাঘ্ন, তরক্ষ প্রভৃতি হিংস্তক জন্ম জনাকীৰ্ প্রদেশে অতি বিরল। শিলোথাবাঘ দক্ষিণ অংশে ছাই একটা দেখিতে পাওয়া যায়। কিন্তু কলিকাতার সভিত প্রায় এক অক্ষরেপান্ত হইলেও কান্টনে একটীও শীলোথাবাঘ দেখা যায় না। সিংহ একবারে নাই। গৃহপালিত পশুর মধ্যে গো, মহিষ, ছাগ, মেষ, অশ্ব, শুকরাদিই বেশী। চীনেরা গৃহপালিত পশুর প্রতি কিছুমাত্র যত্ন করে না। গো, মেয, অখাদি মাঠে চরিতে ছাডিয়া দেয়। পশুদিগের জন্ম যে থাত্ম সংগ্রহ করিয়া রাথিতে হয় এবং তাহাদিগকে যে আহার **मिटल इश्, तम ख्वान हेरा**मिटगंत खाटमी नारे। काटलरे এখানের সমস্ত পশুই অতি ক্ষুদ্রাকার ও হীনবল। অর্থ সকলও ক্ষুদ্রাবয়ব ও ভীরু, এমন কি তাতারদিগের যুদ্ধাধের হ্রেযা-রব প্রবণমাত্র প্রায়ন করে। যাহাহউক এদেশের ছাগ ছোট হইলেও য়ুরোপীয়দিগের নিকট অতি উপাদেয় খাদ্য। এত ডিয়া অন্তর অজ্ঞাত এমন আরও নানাপ্রকার পঞ্মাংস চীনারা ভক্ষণ করে। চীনারা ছাগ কিম্বা পনির খায় না। বলদ, উষ্ট প্রভৃতি পশু ভারবহন করে, কিন্তু মজুর অতিশয় স্থাত বলিয়া অল্পময়ই বলদ প্রভৃতি ভার বহনে নিযক্ত হয়। এখানে আদামদেশীয় বানরই বিখ্যাত। দক্ষিণভাগে কস্তুরিকা-মৃগ আছে। তাতারদেশীয় অরণ্যে একজাতি পক্ষবিশিষ্ট উन्नामुणी ७ रेम्पूत (मिथिएल शां अग्रा गांग्र। रित्रण, कृष्णमांत्र, বস্থাবরাহ, শশক, কাঠবিড়াল প্রভৃতি শিকারও হুর্লভ নহে।

চীনে নানাপ্রকার অন্কৃত পক্ষী দৃষ্ট হয়। এখানকার স্থাপ ও রোপ্যবর্ণের কুকুটজাতীয় পক্ষী অতি প্রসিদ্ধ, উহাদের এক শ্রেণীর পুচছ ৬ ফিট পর্য্যন্ত লক্ষা হইয়া থাকে। চীনের অরণ্যে ডাক, তিতির, বটের, বাণহাঁদ প্রভৃতি বিস্তর পক্ষী বাদ করে। হংদ, সারদ, চক্রবাক প্রভৃতি জলচর পক্ষীও বিস্তর। এথানে একরপ ধুদারবর্ণ হংদাক্তি পক্ষী আছে,

তাহারা মংস্থ ধরিতে অতি পটু। চীনেরা ঐ পক্ষী প্রবিয়া ছদ হইতে উহাদিগের বারা মাছ ধরাইরা দয়। অক্সায় বছজাতীয় পক্ষীর মধ্যে সামরিক ভারুইপক্ষী, একপ্রকার ঘুত্ব গুলুকণ্ঠ কাক বিধ্যাত।

বহুসংখ্যক লোকের বাস ও নদী সকল সর্বাদা জগণ্য নৌকাদি ছারা উদ্বেলিত হওয়ায় কাল্টন্ নগরের উত্তরে হালর কুত্তীরাদি ভীষণ জলজন্ত আয় নাই। গ্রীয়কালে বহুসংখ্যক কুকলাস, টিক্টিকি, শরট প্রভৃতি দৃষ্ট হয়। বিষাক্ত সর্প অধিক নাই। একরূপ শাধ্মালা চিতিই তথায় সর্বাপেক্ষা বিষাক্ত ও ভয়য়র সর্প। ইহারা ২০ ফিট লঘা হয়।

চীনের নদী, হাদ ও সরোবরে অতি স্থাহ নানারূপ মৎস্থ পাওয়া যায়। তথাকার অতি স্থার ম্বর্গ ও রোপার্বর্গ মংস্থ অতি বিথ্যাত। ইহাদের আকার সামাস্ত পুঁটিমাছের স্থায়। কাচের বোতলে করিয়া এই সকল মংস্থ নানাদেশে রপ্তানী হয়। কি সম্দ্র, কি নদী, সর্ব্বেই বছল পরিমাণে মংস্থ শ্বত হইয়া থাকে। সার্, কে এফ্ ডেভিস্ (Sir J. F. Davis) অনুমান করেন যে, চীনের স্থায় পৃথিবীর কোন স্থানেই জল হইতে এত অধিক থাছ সংগহীত হয় না।

কীট পতন্ধাদির মধ্যে পদ্পাল চীনের কয়েকটা জেলার বিস্তর অনিষ্ট করে। কান্টন্নগরের নিকট কাঁকড়া-বিছা দেখিতে পাওয়া যায়। এখানকার বৃক্ষে একপ্রকার মাকড়সা বাস করে, উহারা ক্ষুদ্র ক্ষুদ্র পাথীও জালে ধরিয়া থাইতে পারে। কান্টনের পূর্বাদিকে লো-ফো-শান্ পর্বতে একজাতি বৃহদাকার অতি স্থলর প্রজাপতি বাস করে, ইহাদের বহুসংখ্যক প্রতিবংসর পিকিনে প্রেরিত হয়। রেসমোৎপাদক শুটাপোকা বহু প্রাচীনকাল হইতেই চীনে জন্মিতেছে। চীনের উৎক্লই রেসম নানা দেশে রপ্তানী হইয়া থাকে।

আকরিক।—চীনের আকরিক সম্পত্তির বিষয় অতি অল্প মাত্রই জানা যায়। পর্বতময় প্রদেশে স্বর্গ, রৌপা, লৌহ, তাত্র, পারদ, রঙ্গ, দস্তা, দীসা প্রভৃতি সকল প্রকার ধাতৃই উৎপন্ন হয়। কিন্তু ক্র্যিকার্য্যের অন্তুত বিস্তৃতি জ্বন্ত থনি সকল রীতিমত থোদিত হয় না। এখানে স্বর্গে মৃদ্রা হয় না, এবং সন্ত্রাট্ ব্যতীত অতি অল্প লোকেই স্বর্ণালয়ার ব্যবহার করে। ব্রন্ধদেশের দীমান্তস্থিত ইউনান্ প্রদেশে নদী সকলে স্বর্ণরেণু পাওয়া যায়। উহাতে রৌপ্যেরও থনি আছে, এবং বিখ্যাত পি-টাং অর্থাৎ সিত-তাত্র ধাতৃও এই প্রদেশেই উৎপন্ন হয়। পি-টাং ধাতৃ প্রায় রৌপের স্থায় উজ্জন। জাপান হইতে স্বর্ণ-বর্ণ তাত্র আনীত হয় তাহা অতি স্কন্মর। সাধারণ তাত্র ইউনান্ ও কিউ-রো প্রদেশে পাওয়া যায়।

ছ-কুরাং দ্রদের নিকট হরিৎবর্ণ আকরিক তাদ্র দৃষ্ট হয়। হিস্কুল, হরিতাল, কোরাল্ট 'ও সৈদ্ধব লবাণাদিও পাওরা যায়। সমুক্তজনে লবণ প্রস্তুত হয়।

গৃহ নির্দ্ধাণোপযোগী প্রান্তর ও স্লেট-প্রান্তর দেশের সর্ব্ধ এ প্রচ্র পরিমাণে পাওয়া যায়। এখানকার মর্দ্মরপ্রন্তর উৎকৃষ্ট নহে। তত্তির স্থানে স্থানে চ্ণী, মরকত, পারা প্রভৃতি বছম্ল্য প্রত্যরও পাওয়া যায়।

চীনের কেওলিন্ নামক কর্দম অতিশর বিথ্যাত। চীনাবাদন সকল ইহাতেই প্রস্তুত হয়। চীনারা একপ্রকার পড়িমাটীর সহিত কেওলিন্ মিশ্রিত করিয়া বাসন প্রস্তুত করে। তারিয়া অস্থান্থ সকল প্রকার কলুসাদি নির্মাণোপ্রোগী মৃত্তিকাই চীনে প্রচুর পরিমাণে ও পাথরিয়া কর্লা চীনদেশের সর্ক্ত্র পাওয়া যায়। চীনারা বহুপ্রাচীনকাল হইতে ইহা ব্যবহার করিয়া আসিতেছে।

ইতিহাস।—পুরাতব্বিং পণ্ডিতগণ অমুমান করেন চীনাগণ কাম্পীরন্ হদের দক্ষিণ হইতে আগমন করিয়া চীনে বাস করে। ইহাদিগের চিত্রময় বর্ণমালার সহিত প্রাচীন মিসরের বর্ণমালার সাদৃশু দেখিয়া অনেকে অমুমান করেন ইহারা মিসরীয় বংশোদৃত হইবে। স্থ্যদেবের যাথ্যাধিক অয়নাস্কালীন অর্যাদান ও পিতৃপুরুষদিগের উদ্দেশে শ্রাদ্ধাদির বিধি আমাদিগের তুলা। আরও ভারতব্যীয়দিগের ভায় ইহারা দশভাগে দিখিভাগ ও ঘাদশভাগে রাশিচক্র বিভাগ করে। ঐ সকল সাদৃশু স্বত্বেও ইহারা হিন্দু বা মিসরীর বংশোদৃত নহে। চীনাদিগের বদনাব্যব আর্যাঞ্চাতি হইতে সম্পূর্ণ বিভিন্ন। ইহারা মঙ্গোলীয় শ্রেণীভৃক্ত। এই জ্বাতি কর্কট ক্রান্তি হইতে উত্তর মহাসাগর পর্যান্ত এসিয়ার সমস্ব ভাগে বাস করে।

চীনাদিগের আদি রাজবংশের নাম ও বিবরণ প্রভৃতি আলোকিক উপাথ্যানে পরিপূর্ণ। উহারা কহে 'পূরং কু' চীনরাজ্যের প্রথমাধীশ্বর ছিলেন। তৎপর সীন্হোরাং রাজ্য প্রাপ্ত হন। পূরং কু শব্দে অতি প্রাচীনকাল ও সীন্হোরাং লক্ষে স্বর্গাবীশ্বর ব্রায়। স্বতরাং ঐ সকল নাম রূপক ও প্রাচীন ইতিহাস অনিশ্চিত বলিয়া বোধ হয়। যাহা হউক চীনরাজ্য যে অতি প্রাচীন তাহার সন্দেহ নাই। সকলেই অসুমান করেন ফোহিই চীনের প্রক্লত প্রথমাধীশ্বর। ফোহি খৃষ্টের ২৯৫০ বৎসর পূর্বের রাজপদে অধিষ্ঠিত হন। তাহার জন্মী একদা আবাস সমিহিত কোন হদের কুলে ভ্রমণ করিতেছিলেন এমন সময়ে বালুকার উপর অপুর্ব্ধ জ্যোতিবিশিষ্ট রামধ্বর

বৰ্ণশোভিত একটা পদচিহ্ন দেখিতে পাইলেন ৷ জমনি তাঁৱার গ্রন্থ সঞ্চার হইল। পুত্র প্রস্থত হইলে তাহার নাম ফোহি রাখি-লেন। ফোহি বয়ংপ্রাপ্ত হইলে পরাক্রম ও শক্তিসম্পন্ন এবং বভবিধ রাজর্গুণশালী দেখিয়া চীনবাসীগণ তাঁহাকে রাজ্পদে অভিষিক্ষ করিল। কোহি চীন ভাষার সৃষ্টি করেন একং রাজা ্মধ্যে বিবাহ প্রথা, সঙ্গীত শাল্প, বেশভূষাদির নিয়ম প্রচারিত করিয়া সমস্ত লিপিবদ্ধ করিয়া যান। প্রবাদ আছে বে, তিনিই প্রথম অক্ষর স্বষ্টি করেন। কুসংস্কারবিশিষ্ট লোকের অফু-রাগ জন্মাইবার নিমিত্ত তিনি প্রচার করেন যে, তিনি ঐ সকল অক্সর একদিন কোন হ্রদ হইতে উথিত শহু ও পক্ষযুক্ত স্বৰ্গীয় এক অশ্ব পৃষ্ঠে দৰ্শন করিয়া তাহাই প্ৰকাশ করিতে-ছেন। অভাপি চীন সমাটের পতাকা সমূহে ঐ অখমূর্ত্তি অঙ্কিত থাকে। কোহি বহুকার রাজত্ব করিয়া গতান্ত হইলে ভাঁহার পর সিল্লং, হোয়াংটী; সাওহাও, চিউনহিউ, টিকো, চী, हेग्रा ७ এবং मान এই मश्रुवन मुखारे त्राव्यक करतन। हैशाएत রাজত্বালের বিশেষ কোন বিবরণ জ্ঞানা যায় নাই। ইয়াও স্থাটের রাজ্যকাল হইভেই চীনের ইতিহাস অপেক্ষাকৃত স্থাপট। ইনি ও ইহার জামাতা দান সমাট চীনে স্পনেক স্থানিয়ম সংস্থাপন করিয়া যান। সানের মৃত্যুর পর তদীয় মন্ত্রী ইউ খৃষ্টের ২২০৭ বৎসর পূর্কে 'হারা' নামক প্রথম চীন রাজবংশ স্থাপন করিয়া সমাট-পদাভিবিক হইলেন। নিমে 'হায়া' বংশের সময় হইতে বর্তমানকাল পর্যান্ত প্রভ্রেক রাজ বংশের নাম সম্রাট সংখ্যা ও তাহাদের রাজ্যারভের কাল লিখিত হইল।

বংশের নাম	সম্রাট্ সংখ্যা	রাজ্যারম্ভ কাল	1
১। হায়া বা কায়া	\$9	२२०१ श्रृः	খঃ
২। সাং বা ইং,	२৮	১৭৬৬ "	29
৩। চিউ,	૭૯	<b>&gt;&gt;</b> <	,,
৪। ছিন্,	¢	२६६ "	29
८। होन्,	२२	₹•७ "	2)
৬। হহান্,	े २	२२० थ्:	অস
१। इन्, 🔐	>e ···	₹ <b>७¢</b> "	,,
৮। সং,	ъ	« • \$8	ע
२। हि, …	¢	. 8 ዓ »	
२०। नियाः	8	· ¢•₹ "	v
১১। हिन् …	8	. (99 "	, o
ऽ <b>२। ऋहे</b> ⋯	9	(F) "	.00
১৩। টোরাং \cdots	२० •••	. ASA "	دد
> । एनिवार,	₹	. pog "	פע

३०। इकोर,	•••	8.	•••	৯২৩	23	,,
১७। হছিন্,	•••	ર	***	200	,13	"
३१ । हहांन्,		2		289	. "	,,
<b>२</b> ৮। हर्ष्ट्र,	4.* *	৩	•••	267	27	,y
<b>३३ । मर</b> ,	***	74	•••	200	jo	,,
२०। इत्सन्,	•••	2		>260	,,	,,
२>। भिः,	•••	20	•••	1004	,,	,,
२२। ছिर	•••	• • •	•••	>%8¢	,,	,,,

শেষোক্ত বংশের ৯ম ভূপতি এক্ষণে রাজত্ব করিতেছেন।
নিমে শেষোক্ত ছই রাজবংশের প্রত্যেক সম্রাটের নাম,
সিংহাসনারোহণকাল ও রাজত্বলাল লিখিত হুইল।

## মিং বংশ।

*		141 4111			
সম্রাটগণের নাম		সিংহাসনার <u>ে</u> রাহণ	কাল	রাজত্ব	কাল
হাং হো,	•••	2064		90	বৎসর
किटमः वः	•••	7024	***	¢	,,
हेबाः नू,	•••	28.0	•••	<b>২</b> ২	,,
হাং হ,	• • •	>8 <b>२</b> ¢	•••	5	,,
जित्नः है,	•••	382 <b>%</b>	•••	> 0	,,,
চিং টাং,	•••	7800	•••	२५	,,,
কিং টাই,	•••	>8¢9	•••	٦	"
চিং হোৰা,	•••	>860	•••	२७	,,,
হাং চি,	•••	7844	•••	74	,,
हिं हैं,	•••	>000	•••	>6	,,
কিয়া ছিং,	• • •	३৫२२	•••	8 <b>¢</b>	,,
नूः किः	•••	>699	•••	৬	,,,
डः वि,	•••	>690	•••	89	,,,
তৈ চাং,	•••	>७२०	•••	>	,,,
टिएवः कि,	•••	১৬২১	•••	٩	,,,
ছाः हिः	•••	7954	•••	3.6	u
		ছिং বংশ।			
नाः हि,	•••	>988	•••	>9	,,,
कार हि,	•••	2002	•••	60	وو
हेबार हिर,	• • •	>922	•••	28	,s
किटग्रः नूः	• • •	>900	•••	90	,
कियां किः	•••	2926	. • • •	२¢	. 20
টাওঁ কোরাং		3452	•••	২৯	
हिरतः क्र,	•••	>>e>		> 0	20
हुः हि,	•••	. >৮ <del>७</del> २	•••	>0	20
কোমাং স্থ	•••	. <b>३</b> ४१७	•••	•••	•••

প্রথম ছই বংশের রাজস্বকালে কোন বিশেষ **ঘটনা ঘটে**দাই। দিতীরবংশীর টেভু সম্রাটের রাজস্বকালে রাজস্বনে
স্কলাং এক প্রকাণ্ড উঁতুত্বক উৎপন্ন হইরাছিল। সম্রাট্
ধর্মপথাবলধী হইলে ঐ বৃক্ষ শুকাইরা বার।

চিউ বংশীয় অয়েবিংশ সমাট লেং বং নৃপতির রাজস্বকালে

৫০০ পৃ: গৃষ্ঠান্দে শাল্টং প্রাদেশের কারাকু নগরে মহালার্শনিক,
বিশ্ববিধ্যাত কন্ক্চি জন্মগ্রহণ করেন। ইনি তাৎকালিক প্রমসঙ্গ চীনের ধর্মত সকল থণ্ডন করিয়া নিজ বিশুদ্ধ ধর্মত
ও রাজনীতি সকল প্রবর্ত্তি করিলেন। কন্ক্চি, পূর্বভম
চীন মনীবী কোহি, ভেং ভাং প্রভৃতি প্রণীত ধর্মগ্রহ্ম সকলের
বিশুদ্ধ টীকাসহ সঙ্গলন এবং জনেক নৃত্তন গ্রন্থ রচনা করেন।
ঠিক এই সমরেই প্রসিদ্ধ গ্রীক পণ্ডিত পিথাগোরস্ পশ্চিম
দেশে যশোলাভ করিতেছিলেন। [কন্ক্চি দেখ।]

এই বংশীয় পরবর্ত্তী সমাটগণের রাজস্বকালে চীন বছসংখ্যক কুদ্র কুদ্র রাজ্যে বিভক্ত হইয়া যায়। এই সকল
রাজ্যের নৃপতিগণ পরস্পর বুদ্ধ বিগ্রহানিতে সর্বাদা ব্যাপ্ত
থাকায় রাজ্য অতিশয় হীনবল হইয়াছিল। এই বংশের
ছাত্রিংশ সমাট্ হীন্ভ্যাং যথন চীনে রাজস্ব করেন, তথন ৩২৭
পূ: খ্: অন্দে আলেকজ্ঞার ভারতবর্ষ আক্রমণ করেন। ছিন্
নামক চতুর্থবংশীয় সমাটগণের মধ্যে সিহোয়াটে বা চিং
নামক চতুর্থবংশীয় সমাটগণেকা অধিক বিধ্যাত। ২১০ পূ:
খ্: অন্দে তিনি ভিন্ন ভিন্ন প্রদেশ জয় করিয়া সমস্ত চীনদেশের
একাধিপতি হন। উত্তরভাগে তাতারদিগের দৌরাম্মা
নিবারণার্থ ইনিই বিধ্যাত চীনের প্রাচীর নির্মাণ করেন।



(এই প্রাচীর পৃথিবীর সাভট আক্রর্থের মধ্যে একটি।)
পরিলেবে দিখিজারে মহা গর্জিত হইরা তিনিই চীনের প্রথমা-ধীবর, পরবর্ত্তী লোকদিগের এই বিশাস জন্মাইবার নিমিত

তিনি কৃষি ও শিল্পবিষয়ক ব্যক্তীত অক্তান্ত সমস্ত প্রস্থানি ভাষী-ভূত করিবার অন্তুমতি দেন, এবং ভাংকালিক অনেক শশুতের প্রাণবধ করেন। এই অন্তুই চীনের প্রাচীন ইভিহাস সমস্ত জানা বার নাই।

হান্ নামক পঞ্চনবংশীর অটালশ সম্রাট্ চাংটির নিকট ৮৮ খঃ অব্দ পার্থীরগণ কোন কার্ব্যোপলকে দুভ প্রেরণ করিবাছিল। এই বংশীর বড়্বিংশ সম্রাট্ হোক্টীর রাজত্তকালে তাঁহার নিকট বাণিজ্যকরণার্থ ১৬৬ খঃ অব্দে রোম রাজ্যের ৬ঠ সম্রাট্ মার্কাস অবিনিরস্ কভিপর রোমীর সম্রাত্ত প্রক্ষাকে প্রেরণ করেন। সেই অবধি চীনের সহিত রোমের বাণিজ্য আরম্ভ হর। বঠ, সপ্তম ও অটমবংশীর সম্রাটগণের রাজ্যকালে সমস্ত চীনদেশ যুদ্ধ বিগ্রহে ছিন্ন ভিন্ন হইরাছিল। ৪১৬ খঃ অব্দে চীনরাজ্য উত্তর ও দক্ষিণ তুইভাগে বিভক্ত হইরা বার। হোনান্ নগর উত্তরভাগের এবং নাছিন্ নগর দক্ষিণভাগের রাজধানী হইরাছিল।

৪৮৯ খ্র: অব্দে নবমবংশীর ২র সম্রাট্ ভূটির রাজস্বকালে ফান্সিন্ নামক একজন নাজিক দার্শনিক চীনে জন্মগ্রহণ করেন। দশমবংশীর সম্রাচগণের রাজত্বকালে সংগ্রামাদি ৰারা চীনেরা ব্যতিব্যক্ত হইরা পড়ে। একাদশবংশীর সম্রাট-গণের রাজ্যকালে চীনদেশে স্থ শান্তির উদর হয়। ইহারা সাতিশর বিছোৎসাহী ও প্রজারঞ্জ ছিলেন। এই বংশোদ্ভব ২র সম্রাট ভিটি নিরম করেন যে, রজনীবোগে কোন ব্যক্তি ব্দকারণ রাজপথে ভ্রমণ করিতে পারিবে না। এই নিমিত্ত অসংখ্য প্রহরী এক ঘটিকা রাত্রি হইলে ভেরী বাজাইয়া লোক সাধারণকে সভর্ক করিয়া দেয়। এই নিরম অভাপিও চলিয়া আসিতেছে। অরোদশবংশীর ২য় সমাট টেছং চীন **राम विश्वात नमधिक छेन्नछि करत्रन। छिनि त्राक्र** छवरिन এক উৎক্লাই বিভালয় স্থাপন করিয়া প্রায় আটহাজার ছাত্রকে निका धाना करतन। ইहात महियी विश्वी हिलन। जिनि चन्द्रः भूत्रवानिनी जीरनाकि निरात्र कर्खवा विवदत्र धकथानि স্থানর পুস্তক রচনা করিয়া যান। এই টেছং সম্রাটের त्राजकारनहे त्नारहोतिशान औहोनगंग हीरन व्यागमन करतन। সমাট তাহাদিগকে ধর্মপ্রচার করিবার অমুমতি ও গির্জা নির্মাণ জন্ম ভূমি দান করেন।

ইহার পর চীনরাক্ষ্য বার বার তাতারদিগের হারা আক্রান্ত হইরা লগুভণ্ড হইরা বার এবং নানা বংশের হন্তগত হইলে অবশেষে ১১১৭ খৃঃ আন্দে কিন্তাতারগণ চীনের উত্তরভাগে রাজ্য স্থাপন করে। এই বংশের রাজস্বকালে ১২১২ খৃঃ অন্দে চুর্দান্ত মোগল সেনাপতি জনিস্ খাঁ চীন আক্রমণ করেন। জঙ্গিপ্ বাঁ চীনের বছ নগর জর করিয়া গতাস্থ হইলে তংপর-বর্জী মোগল সেনাপতিগণ জনেক যুদ্ধের পর কিন্দিগকে বিতারিত করিয়া উত্তরভাগ অধিকার করিলেন। চীন সম্রাট্ দক্ষিণভাগে নাছিন্ নগরে রাজত্ব করিতে লাগিলেন।

কালক্রমে মোগলদিগের সহিত চীনসম্রাটের বিরোধ উপস্থিত হইলে চীনে পুনরার সমরানল প্রজ্ঞালিত হইরা উঠিল। উভয় পকেই অসংখ্য দৈন্য বিনষ্ট হইল, অবশেষে शिरवन् नामक स्रोतक रमाशनरीत हीनिविश्रक मन्त्रार्वक्राश পরাভূত করিলে, চীন সম্রাটের শেষ উত্তরাধিকারী নবম-वर्षीय युवताक, अमाजा, मानातिन ও अञ्चान नकाविक वास्कित সহিত সমুদ্রে ঝাঁপ দিয়া প্রাণত্যাগ করিলেন। এইরূপে ১২৮ थः व्यक्ति हीनतास्त्राम त्मव इटेल हिमिता देखन নামক মোগলরাজবংশ স্থাপন করেন। ছপিলো তখন পর্যান্ত চীনদিগের অজ্ঞাত হোয়াংহো নদীর উৎপত্তি স্থান আবিকার করিয়া ঐ প্রদেশের একথানি মানচিত্র প্রস্তুত করান। তারের তিনি গণিত, সাহিত্য, জ্যোতিষ প্রভৃতি শাস্ত্রের বিস্তর উন্নতি করেন। বাণিজ্ঞা কার্য্যের স্থবিধার জন্ম ইনি এক সুবৃহৎ থাল খনন করান। ঐ থাল জন্মাপি বর্ত্তমান আছে। এই বংশীয় শেব নুপতি সাণ্টিকেচু নামক জনৈক চীন-বীরপুরুষ পরাজিত ও বিতাড়িত করিয়া হং ভূ উপাধি গ্রহণপূর্বক মিং নামক একবিংশবংশ স্থাপন করি-লেন। এই বংশীয় নবম সম্রাট হাংচির রাজত্বলালে ১৪৯৭ খঃ অবে নাবিকাগ্রগণ্য ভাক্ষো ডি গামা উত্তমাশা অন্তরীপ त्वष्टेन शृक्षक ভाরতবর্ষে উত্তীর্ণ হন। এই সময় হইতেই য়ুরোপীয় জাহাজ সকল চীনে যাতায়াত আরম্ভ করে। দশম সমাট চিংটির রাজত্বকালে গোয়ার পর্ত্ত্ত্বীজ শাসনকর্তা লপেজ-ডি সঙ্গা ১৫১৭ খুঃ অন্দে টমাস্পেরেরাকে দৃত স্বরূপ চীনে প্রেরণ করেন। টমাস পেরেরা কারাবদ্ধ হইয়া পিকিনে প্রাণত্যাগ করিলেন, পরে লপেজ নানা কৌশলে চীনের সহিত দ্ধি করিলেন। কিন্তু চীনাদিগকে পুন: পুন: বিরক্ত করাতে তাহারা পর্ত্ত গীজদিগকে খদেশ হইতে দূর করিয়া দিল। অব-শেষে ১৫৬৩ খু: অবে ১১শ সম্রাট কিয়াছিলের রাজত্বালে পর্ত্ত গীজগণ চাংটিদৌ নামক জলদস্থাকে বিনষ্ট করিয়া চীনের निकछ (सत्करता बील প্রাপ্ত इहेन। অভাপি উহা পর্জ্ গীজ-निर्गत अधिकाद आहि। এই दश्नीय खर्तामन नुसारि छः-नित्र त्राक्षणकारन अनमाक्षर्गन श्रंथम स्मादकारक भागिन करत । বোড়শ সম্রাট্ট ছং চিং এই বংশের শেষ নৃপতি। ইহার রাজ্য-কালেই কাপ্তেন ওরেডেল্ নামক জনৈক ব্রিটিশ পোডাধ্যক होतन छेखीर्थ इरेबा हरबाखनिश्वत निरुक्त होत्नव वानिस्काव

স্ত্রপাত করেন। অবশেষে বিক্রোহী সেনাপভিষয় লি ও চাং অতিশর পরাক্রান্ত হইরা উঠিলেন, সম্রাট্ উপান্নান্তর না দেখিয়া শক্রহন্তে পতিত হইবার আশবার রাজ্ঞী ও ছহিতার সহিত আয়হত্যা করিলেন। প্রধান বিল্রোহী লি সম্রাটের চুই পুত্র ও অমাত্যবর্গের মন্তকচ্ছেদন করিয়া রাজ্যাধিকার করিলেন। - উকাজ্যে নামক চীনরাজবংশীর এক সাহসী সেনাপতি লির অধীনতা স্বীকার না করিরা তাঁহার বিরুদ্ধে অভ্যুত্থান করি-लन, এवर माध्रुजाजांद्रमिरगंत्र नाहांचा श्रीर्थना क्रिलन। তাতাররাজ ছংটি তৎক্ষণাৎ অষ্ট সহস্র সৈতা সমভিব্যাহারে छाँहात महिक र्यांग निर्मन । नि हेहा अनित्रा शिकिन मुर्कन कत्रज প্রাচুর প্রস্থায় অপহরণ পূর্ব্বক প্রাারন করিলেন। তাতার-রাজ কালগ্রন্থ হইলে তাঁহার পুত্র সাংচি সাধারণ সন্মতিক্রমে রাজ্যাভিসিক হইয়া ছিন্ নামক ছাবিংশতিতম বংশ স্থাপন করিলেন। অভাপি এই বংশ রাজস্ব করিতেছে। नाः ि छकाञ्चादक मिनि धारान्त्र अभीचन कतिरानन, किन्ह তাহাতে উফাব্দের তাতারদিগকে আহ্বান জন্ত অনুতাপ मृत्र इहेन ना । जिनि मर्सनाई वनिष्जन "मुगानिनगरक नृती-করণার্থ সিংহসমূহ আহ্বান করিয়া কি কুকর্ম্মই করিলাম !" তিনি ১৬৭৪ খঃ অবেদ একবার মাঞ্দিগের বিপকে দৈত সংগ্রহ করেন, কিন্তু প্রতারিত হইরা অবিলম্বেই প্রাণত্যাগ করেন। তাঁহার পুত্র হং হোয়া তাতারদিগের বিপক্ষে যুদ্ধ করিয়া এরূপ ফুর্দশাগ্রস্ত হইয়া পড়িলেন যে, নিতাস্ত অসহ হওয়ায় আত্মহত্যা হারা লীলা সংবরণ করিলেন, ক্রমে তাতা-त्त्रत्रा श्राच्याच्य विद्याह नमन कत्रित्रा हीतन स्मृत् इहेन। ১**७**৮२ থঃ অবে চীনের ১৮ প্রদেশেই সম্পূর্ণরূপে তাতারদিগের বনীভূত হইয়া নিরুপদ্রব হইল। সাঞ্চির উত্তরাধিকারী কাভিয অত্যন্ত বিভোৎসাহী ছিলেন। তিনি প্রথমে গ্রীষ্টধর্ম্ম বিস্তা-রের অত্যন্ত আমুকুল্য করেন, কিন্তু শেবে উহার যথেষ্ঠ विद्राधी इन। डांशांत्र शूख यिकः स्वास्ट्रिकिनारक कान्हेरन বহিষ্ণুত করিয়া দেন, এবং তথা হইতে তাহাদিগকে ১৭৩২ খঃ অব্দে মেকেয়োদীপে তাড়িত করেন।

১৭২৮ খ্বং অবেদ ফরাসি পোতাধ্যক্ষ ভেলেয়ার প্রথম কাণ্টনে উত্তীর্গ হন। ১৭৩১ খ্বং অবেদ চীনের উত্তর প্রাদেশে এক ভীষণ ভূমিকম্প ঘটিয়া বহুসংখ্যক লোকের প্রাণ বিনাশ করে।

যঞ্জির পুত্র কিরেন্নিং সম্রাটের রাজস্বকালে ১৭৯৩ খৃঃ
আন্দে ইংলগুধীশর চীনসম্রাটের সহিত সৌহার্দ স্থাপন
করিয়া চীনের সহিত বাণিজ্য প্রচলন করিবার নিমিস্ক লর্ড
মেকার্টনিকে বহুলোক সম্ভিব্যাহারে দুক্ত স্বরূপ প্রেরণ

করেন। তিনি তথার উপস্থিত হইয়া বিশেষ কিছু স্থাবিধা করিতে পারেন নাই। কিয়েন্ লিং সম্রাট্ কতীব বিধান্ জ্ঞানী, নির্মাণ সভাব ও পরম দরালু ছিলেন। তাঁহার মৃত্যুর পর ১৮০০ থঃ অবল তাতারেরা চীন আক্রমণ করে কিছ তাঁহার পূক্র সম্রাট্ কারাকিং কর্ভুক পরাজিত ও ভ্রাভিত হয়। ইনি মিশনরিদিগকে রাজধানীর ত্রিশ ক্রোশ দ্রে বাস করিতে আদেশ করেন। কথিত আছে এই সময়ে করেক সহস্র বালক প্রীপ্তধর্মে দীক্ষিত হয়। ১৮০৫ অবল সেচ্য়েন্ প্রদেশে অন্যন ৬৪টা মিশনরি বিত্যালয় স্থাপিত হয়। ১৮০৬ খঃ অবল প্ররায় প্রীপ্তধর্মের প্রতি অত্যাচার আরম্ভ হয়। এই সময়ে সর্কর্জ প্রাটন, কাণ্টনস্থ ইংরেজদিগের ক্ঠির চিকিৎসক পিয়ার্সন সাহেবের সাহায্যে চীনে গো বীজের টীকা দিবার প্রথা প্রচলিত করেন।

১৮০৬ পৃঃ অন্ধে ইই-ইণ্ডিয়া কোম্পানির জাহাজের জনৈক নাবিক লগুড়াঘাত হারা একজন চীনার প্রাণ্যধ করেন। ইহা লইয়া কাশ্টনম্থ ইংরাজনিগের সহিত চীনের বিবাদ হয়। কালক্রমে এই বিবাদ মিটিয়া গেল বটে, কিন্তু ইংরাজের উপর চীনাদিগের বিষেষ বন্ধমূল হইল। কায়াকিং স্থাদেশের প্রচলিত আচার ব্যবহায়াদি অনেক সংশোধন করেন। তাঁহার মৃত্যুর পর তৎপুত্র টোকুয়াং সিংহাসনে উপবিপ্ত হইয়া য়ুরোপীয় যয় ও শিল্লকর্মাদি চীনে প্রচার করিলেন। এ পর্যান্ত ইউ-ইণ্ডিয়া কোম্পানি চীনের সহিত সমন্ত বাণিজ্যের একাধিপত্য করিতেছিলেন। ১৭৩৩ খৃষ্টান্দে পার্লামেন্ট হইতে এক রাজাজ্ঞা উপস্থিত হইল যে, ইউ-ইণ্ডিয়া কোম্পানি আর চীনের সহিত বাণিজ্য করিতে পারিবেন না; কেবল চীন-নিবাদী ইংরাজনিগের হারাই উহা নিশাল্ল হইবে।

টোকিয়াং সমাট্ অহিফেণ সেবনে প্রজাদিগের বৃদ্ধি ও
ধনকর দেখিরা আদেশ দেন যে, চীনে আর অহিফেণ আনীত
হইবে না। ১৮৩৯ খৃঃ আদে লিন্ নামে সমাটের জনৈক কমিশনর কাণ্টনে উপস্থিত হইয়া যেখানে যত অহিফেণ ছিল সমস্ত
বিনপ্ত করিলেন, এবং পর বৎসর সম্রাটের আদেশে ইংরাজদিগের সহিত বাণিল্লা একবারে বন্ধ করিয়া দিলেন। ইহাতে
ইংলও হইতে বহুসংখ্যক রণতরী চীনে প্রেরিড হইল। চীন
রাজমন্ত্রী ভীত হইয়া কাণ্টনে ইংরাজদিগের সহিত এই
নিয়মামুসারে সন্ধি করিলেন যে, হকং হীপ ও মৃদ্ধের বায়
শ্বরূপ ৬০ লক্ষ ভালর তাহাদিগকে প্রদ্তে হইবে, বাণিলা
অবাধে চলিতে থাকিবে। স্মাট্ এই সংবাদ পাইলে
মন্ত্রীকে পদচ্যত করিবেন্ধ্র স্কুল্লাই উক্তেত সন্ধিও আরাহ
হবল। ইংরাজের ক্রিক্রি ক্রিয়া শ্রেমার ক্রিড জ্ঞাহ

অবশেবে চীনাগণ ৬০ লক্ষ ভালর প্রদানে সন্মৃত্ত হইল ও বাণিজ্য চলিতে লাগিল। কিছ ইংরাজ রণতরী আমর, কুজান বীপ, শিংপো, চাপু প্রভৃতি অধিকার করাতে পুনরার যুদ্ধারম্ভ হয়। ১৮৪২ খুঃ অব্দের মে মাসে ইংরেজেরা ইরাং-দি-কিরাং নদীতে প্রবেশ করিরা বছলোক নিহত ও উমাং, সাজ্যে, নিন্কিরাং অবিকার করিল। এপ্রিল মাসের অষ্টম দিবলে তাহারা নাছিন্ নগর আক্রমণ করিবার উদেঘাগ করাতে সম্রাট্ সন্ধির প্রস্তাব করিরা পাঠাইলেন। ঐ মাসের ২৯শে তারিথে এই নিরমে এক সন্ধি হইল যে ইংরাজদের সহিত্ত আর বিবাদ'না হইরা বন্ধুত্ব হাপিত হইবে, সম্রাট্ আগামী চারি বৎসরের মধ্যে একবিংশতি লক্ষ ভালর প্রদান করিবেন, কান্টন্, আমর, মৃত্, নিংপো ও সাজ্যে বলীরে বৈদেশিকগণ বাণিজ্য করিতে পারিবে, এবং হংকং দ্বীপ ইংলতেখরী ও তাহার উত্তরাধিকারীদিগকে প্রদন্ত হইবে। তদন্তর ১৮৪৩ খুঃ অব্দে জুন মাসে ইংরাজেরা হংকং দ্বীপ অধিকার করিল।

নাঞ্চিনের এই দক্ষির সংবাদ শ্রবণ করিয়া আমেরিকা ও মুরোপের বণিক্মগুলীর দৃষ্টি চীনের উপর পড়িল। ইউ-নাইটেড্ ষ্টেটস্, ফ্রান্স, হলগু, প্রসিয়া, স্পেন, পর্কুগাল প্রভৃতি রাজ্য হইতে দৃতগণ চীনে প্রেরিত হইয়া বাণিক্ষ্যের বন্দোবস্ত করিয়া গেল। সেই অবধি চীনের সমস্ত বন্দরে, বিশেষতঃ কান্টন্ ও সাজ্যে নগরহুয়ে নির্মিক্ষে বাণিক্ষ্য চলিতেছে।

টোকুষাং সমাট ১৮৫০ খৃঃ অব্দে প্রাণত্যাগ করিলে তাঁহার পুত্র হীং ফুঁ সমাট হইলেন। ইনি অবিবেচক, হীনবৃদ্ধি ও নীচপ্রকৃতি ছিলেন। ইনি পিতৃ-নিযুক্ত জ্ঞানী, উন্নত কর্মচারীদিগকে পদ্চ্যুত করিয়া কুসংস্কারাবিষ্ট প্রাচীন মতাবলম্বী মান্দারিন্ নিযুক্ত করিলেন। রাজ্যে কোন প্রকার নৃতন প্রথা প্রচলন নিষিদ্ধ হইল, মান্দারিনগণ বিদেশীয়দিগের বিশেষতঃ ইংরাজদিগের প্রভুত্ব উচ্ছেদ করিতে যম্বশীল হইলেন।

চীনগণ মাঞ্-তাতারদিগের শাসনে থাকিতে পূর্ক হইতেই অসস্ত ছিল, একণে সম্রাটের এই সকল ব্যবহারে সকলেই বিরক্ত হইরা উঠিল। রাজ্যের নানাস্থানে বিজ্ঞোহ চিক্ত প্রকাশ পাইতে লাগিল। বিজ্ঞোহীগণ ক্রমেই বলশালী হইরা অনেকানেক নগর অধিকার করিয়া কেলিল। ইতিমধ্যে ১৮৫৬ খৃঃ অবদ ইংরাজদিগের সহিত আবার যুদ্ধারম্ভ হইল। ইংরাজনর কান্টন্ অধিকার করিয়া পিকিন্ আক্রমণের জয় দেথাইলে ১৮৫৮ খৃঃ অবদ ২৬শে জ্লাই মাসে টাজিনে এক সন্ধি হির হক। সন্ধির প্রধান স্বর্জিত এইরূপ—১ম, বার্লিজ্যের নিমিত ন্তন বন্ধর সকল উল্কে থাকিবে; ২য়, খৃইধর্ম নির্কিমে উপাসিত ও চীনা-প্রীটানগণ স্ব্রক্তিত হইবে; ৩য়, একজন

ৰটিন কৰ্মচারী রাজ-প্রতিনিধি রূপে পিকিনে বাস করি-र्यम । ১৮৫৯ मा जर्म होनगर्ग गिक्र निव्रम एक करिया ইংরাজনিগের বিক্লমাচরণ করিতে লাগিল। ইংরাজগণ ফরাসি-দিগের সহিত মিশিত হইরা চীনের অসংধা সৈতা বিনাশ कतिराम । ১৮७० थेः जास निकित्न मिक हरेन ता विसमीय विकिश्त वर्षकाक्राय हीत्मत्र मगत नकरन श्रादन कतित्र বাণিজ্য করিতে পারিবেন, এবং চীনগণও যথেচ্ছা বিদেশে গমনাগমন করিতে পারিবে। ১৮৬১ থুঃ অবে সত্রটি হাং ফুঁ গতাত্র হইলে তাঁহার পুত্র টুং-ছি রাজ্পদ প্রাপ্ত হন, কিন্তু যবরাজ বালক থাকার তাঁহার পুলতাত কং রাজকার্য্য পর্য্য-त्वक् क्रिट्डः थात्कन। ১৮७8 थुः व्यत्क खूनार्टे मात्म বিজোহীগণ নাছিন নগরে একতা হইরা সম্রাটের বিরুদ্ধে উখিত হইল। সম্রাটের সেনাপতি ছেং কোচান নাঙ্কিন व्यवद्रांषः कत्रिया विद्धांशैषिशत्क ममुल विनष्टे कत्रिलम । সেই অবর্ধি বিদ্রোল শেষ হইয়াছে। একণে কোরাং স নামক মাঞ্চ-তাভারবংশীর নবম ভূপতি চীনে রাজত করিতে-ছেন। ইনি ১৮৭১ খা অবে ১৫ আগষ্ট জন্মগ্রহণ ও ১৮৭৫ থ: অন্দের ১২ জাত্রয়ারি সিংহাসনারোহণ করেন।

উৎপন্ন দ্রব্য। — চীনেরা অতিশয় কষ্ট-সহিষ্ণু ও পরিশ্রমশীল এবং ক্রবিকার্য্যে অতিশয় যত্নবান। প্রজাবর্গকে ক্রবিকার্য্যে উৎসাহ দিবার জন্ত চীনসম্রাট স্বয়ং এক নির্দিষ্ট শুভদিনে স্বহস্তে লাঙ্গল চালনাম্বারা সর্ব্বাগ্রে ভূমি কর্ষণ করেন। ভারত-বর্বীর প্রায় সমস্ত শক্তই চীনে উৎপন্ন হর। দক্ষিণভাগে অধিক পরিমাণে তণুল উৎপদ্ন হয়, ইহাই চীনবাসীর প্রধান থাতা। এসিয়া ও য়ুরোপের প্রায় সমস্ত ফলই চীনে উৎপন্ন হয়। আম, আতা, পিয়ারা, দাড়িম, জলপাই, পিচ, তুঁত, কমলালেবু, আধরোট, ভুমুর ও পিষ্টকফল প্রভৃতি প্রচুর পরিমাণে পাওয়া যায়। পর্জ গীজগণ চীন হইতেই য়ুয়োপে প্রথম কমলালের লইয়া যায়। এথানে ভিন্ন ভিন্ন প্রকার লেবু পাওয়া যায়। এক প্রকার কুত্র লেবুগাছ অতি স্থন্দর, চীনেরা উহা টবে করিয়া খর সাজায়। চীনে হলদে রঙের এক প্রকার কাঁকুড জন্মে: চীনেরা উহার ধোদা সমেত ভক্ত করে। লিচ প্রভৃতি কএকটা চীনা-ফল ভারতবর্বে উৎপন্ন रहेराज्य । हीत्न लाकाकन्य छात्र अतिमार्ग उर्भन्न रहा। এসিয়া ও মুরোপের যাবতীয় শাক্সজী ব্যক্তীত চীনে আরও नानाविध मुख्न नुख्न भाक मुनामि शाख्या यात्र। क्रि, वींग्रेभागक, हीना-भिद्रेटम, हतिका, विविध्धकांत कानू, भगाकु, রছন প্রভাগে প্রভাগে উৎপন্ন হইকা থাকে। তথাকার মানকচু গাও হাত পর্যাক্ত বড় হয়।

कुक नकरने प्रत्या कृटको पुत्रुत्रवृत्त नमुन । इहाब িকলে উভ্যালিৰ প্ৰস্তুত হয়। এখানকার বার্ণিসর্কের निर्दार्श वॉर्निंग अंखंड हत्र। हीरनता हैशारक 'नीह' देक करर। वर्षानकाँत अंक ध्यकांत्र कार्ड लोई नमुन कठिन ७ श्रेक । 'नानम्' नानक कार्ड जिंड नीवैकालशाबी, बाक्छवरनंत्र कॅफ़ि. বরগা, ছারাদি এই কার্চে নির্মিত হয়, গোলাপী উপদ্ধবিশিষ্ট একরাপ স্থলর কার্চে সৌধীন গ্রুসাইগ্রী প্রস্তুত হয়। চীন-দেশের কর্পরবৃক্ষ স্থবিধ্যাত। ইহার উচ্চতা শত হল্তেরও অধিক এবং শুড়ির পরিধি এত বড় হয় বে ২০ জন বাক্তিও ইহার মুলদেশ বেষ্টন করিতে পারেনা। চীনেরা এই বক্ষ হইতে কর্পুর প্রস্তুত করে। [ কর্পুর দেখ। ] এথানকার বাঁশ নারিকেল গাছের মত মোটা হর। চীনেরা পাণ খায়, পাণ সেখানেই জন্ম। তামাকও বিস্তন্ন উৎপন্ন হয়। এখানে মানাবিধ স্থগন্ধি ও স্থন্দর পুষ্প পাওয়া বায় তন্মধ্যে "উটংচ্" नामक भूलाई मरकीएइहें। छेनान, नामू, हारहा, सानीन, হেটাং ও মূটাৰ প্ৰভৃতি আরও অনেক পুলাবক আছে। এথানে নানারূপ প্রফুল হয়। চীনেরা অতিশয় ফুল ভাল-বাসে। চা-বৃষ্ণ চীনের প্রধান উদ্ভিদ্। চীনে কি সমতল কি পার্বত্যভূমি দর্বত্রই চা জন্মে। চা এদেশের প্রধান পণ্য দ্রব্য। চা-র বিশ্বত বিবর্ণ চা শব্দে দেখ। ]

চীনে বছবিধ ওমধি জন্ম। রেউচিনি, চীনাটিহোপং, গিলেং, কাসিয়া নামে দারুচিনি, সন্টাস, কৌলিন প্রভৃতি প্রচুর পরিমাণে জন্ম। চীনের পুদিনা অতি উৎকৃষ্ট। চীনে কার্পাস বৃক্ষ স্থান্য জন্ম। ইকুও বছ পরিমাণে জন্মিয়া থাকে। এথানকার শুড়, চিনি ইত্যাদি ভারতবর্ষ ও রুরোপ প্রভৃতি স্থানে রপ্থানী হয়।

• শণ, পাট প্রভৃতি বহু পরিমাণে উৎপন্ন হয়। দ এখানে একপ্রকার বৃহৎ শণ গাছ জন্মে, উহা প্রায় ১০।১৫ কিট লয়। হইরা থাকে।

কান্টন্ নগরের নিকট একরূপ শণ হইতে বন্ধ প্রস্তুত হয়। ঐ বস্থ মুরোপে বিস্তর রপ্তানী হয়। মুরোপে ইহাকে চীনাঘাসের কাপড় (China-grass-cloth) কছে। জলাভ্যমিতে নাগরম্থার চাস হইরা থাকে। জ্বাই মাসে ভাহাকাটিয়া মাছর প্রস্তুত করে।

অধিবাসী।—চীনদেশবাসীগণ শারীরিক বলে ও সৌন্দর্য্যে এসিরার অনেক জাতি অপেকা শ্রেষ্ঠতর। কাণ্টন্ নগরের কুলিগণ অভিশর স্থগঠিত ও বলবান্। মলোলীর শাখাজুক্ত হইলেও চীনদিপের মুখাবরব মলোলীরবিদের ভার কদাকার নহে, বরং অনেকটা চৌরল হইরা গিরাছে। চীন

পালের ক্টান্ড ওঠ ও বিভ্ত নাসারদ্ধ আনেকটা কাফিদিগের

আত । আনেরিকার আদিমবাসীদিগের ভার ইহাদের কেশ

বিরল, ক্লফ ও উজ্জল । চীনদিগের গারে লোম নাই বিললোই হয়। হন্ত, পদ, ও আন্থি সকল কুলারজন। উত্তর
অপেকা দক্ষিণাংশের চীনদিগের মুখ্তী অপেকারজত চৌরস
অর্থাৎ অল চতুকোণ। ইহাদিগের বর্ণ ভন্ত। প্রান্থ বিংশতিবর্ধ
বর্ষ পর্যান্ত চীনদিগকে অতি ক্লের দেখার, পরে ক্রমে ক্রমে
গাওদেশে উচ্চ অন্থিবর বাহির হইরা মুখকে চতুকোণ করিতে
থাকে । চীনের বুড়া, বুড়ী সকলেই প্রান্থ দেখিতে ভীষণ
কদাকার।

চীনগণ অধিকাংশই পরিশ্রমী, শাস্তপ্রকৃতি ও সম্বর্ষ্ট-চিত্ত। চীনের সমাট যথেচ্ছাচারী হইলেও তিনি প্রজাবর্গকে व्याहेट किही करवन ख, जिनि भाष ७ मग्राव महिज्हे जाहा-দিগকে শাসন করিতেছেন। ইহারা বাহিরে বিনয় ও শিষ্টাচার ছারা বখ্যতা দেখাইতে বড় মজবুত, কিন্তু অনেকেই ঘোর भिथाविती ७ अवश्वक। कार्ज्य हेशातत भाषा शत्राश्रात বিশ্বাস ও সম্ভাব থাকেনা। ইহারা শিষ্টাচার দেখাইয়া এরূপ মনের ভাব গোপন করিতে পারে যে, ঋনিলে বিশ্বিত হইতে হয়। যথন কোন চীন তোমার মাথা কাটিতে পাইলে আর কিছু চায়না, তখনও সে তোমার সহিত এরপ বন্ধভাবে আলাপ করিবে যে, তুমি তাহার মনের ভাব বিন্দুবিসর্গও জানিতে পারিবেনা। ইহাদের কথোপকথনে অধিক মাত্রায় বিনয় ও শিষ্টাচার দেখিতে পাওয়া যায়। আদৰ কারদার এমনই আড়ম্বর যে অতি উদ্ধত স্বভাব গর্ম্বিত ব্যক্তিও কথা-বার্ত্তার আপনাকে 'হীন আমি' 'ষ্চ আমি' 'ইতর আমি' 'কুদ্রমতি আমি' ইত্যাদি ভাবে সম্বোধন করে। পথের ভিথারীকেও 'মহালয়ের দর্শনে আমি ধন্ত ও ভাগ্যবান হইলাম' এই বলিয়া আপ্যান্তিত করে।

ইহারা কোন কার্য্যোপলকে আগমন করিলে প্রথমেই নানারূপ বাজে কথার অবতারণা করিরা অধিকাংশ সময় কাটাইরা দের, শেষে বাবার কিছু পূর্ব্বে 'মহোদয়কে অনেক-কণ পর্যন্ত বড় বিরক্ত করিলাম' এইরূপ বহুবাড়ম্বরপূর্ণ ভূমিকার পর যে জন্ত আসিয়াছিল ২০৪টা মাত্র কথার তাহা শেষ করিয়া চলিয়া যায়। লোকিকাচার এইরূপ হইলেও ইহাদের নীতিজ্ঞান বড়াই অয়। অনেকেই খোর মিধ্যাবাদী। চীনেরা অতিশয় অহিকেন সেবন করে। মিঃ নোশ্টন (Mr. Knawlton) অনুমান করেন চীনে সর্বশুদ্ধ ২৩,৫১,১১৫ জন গুলিখোর (opium-smoker) আছে অর্থাৎ প্রতি

শান্তির সমরে বাধারণতঃ ইহারা আপনা হইতেই রাজ্যে ছণ্ডালা রক্ষা করে। কিন্তু বৃদ্ধবিগ্রহানির সমরে কিন্তা অত্যাচার প্রশীড়িত হইলে ইহারা উন্মন্তবং হইরা উঠে, তখন নরহত্যা, শোণিতপাত, দুঠন প্রভৃতি কোন প্রকার ভীবণ ও নির্দিয় কার্ব্যেই ইহারা পশ্চাৎ পদ হয় না। বখন বে বিরর লইরা থাকে, তদমুসারে ইহারা কখন দরালু, কখন নির্হার, কখন নির্রাহ, কখন বা ভীবণ প্রকৃতি হয়। কিছ বখন চীনবাদী নিজ শান্তিমর গৃহে সম্ভইচিত্তে নিজ কার্য্য করে, তখন ইহানিগের স্থার নির্বাহ ও মৃশুঝল লোক অতি অরই দেখা বার।

ইহারা ক্বমি, মিক্রী, মন্কুরি ও মাঝিগিরিতে বিলক্ষণ পটু। যে পরিমাণ বুদ্ধি, যদ্ধ ও সহিষ্ণুতা থাকিলে উৎকৃষ্ট কারিগর হওয়া যায় ইহাদের তাহা আছে। কলিকাতার চীন-মিক্রী ও চীনমুচি বিখ্যাত। সচরাচর ইহারা দেশীয় কারিগরগণ অপেক্ষা অনেকাংলে উৎকৃষ্ট, এবং গবর্মেণ্ট কর্তৃক অধিক. আদৃত। ইহারা নম্র, ধীর, মিতাচারী, পরিশ্রমী, নিংস্বার্থপর, ক্ট-সহিষ্ণু এবং ক্তক পরিমাণে শান্তি-প্রেয়। ইহারা কি শীত কি গ্রীয়প্রধান সকল দেশেই বাইয়া বাস করে। রীতিমত শিক্ষা, অর্থ-সাহাষ্য ও উৎসাহ পাইলে চীনেরা পৃথিবীর মধ্যে সর্বোৎকৃষ্ট কারিগর হইয়া দাঁড়ায়।

কটে পড়িলে ইহারা অনায়াসে অপত্যান্তেহনকন ছিন্ন করিয়া ফেলে। এরূপ সমন্ত্র নিরাশ্রম বালিকারাই হত কিন্তা পরিত্যক্ত হয়। চীনদেশে বুদ্ধ, খন্ধ, অন্ধ, কুঠব্যাধি-গ্রস্ত প্রভৃতির নিমিন্ত দাতব্যাগার প্রতিষ্ঠিত আছে। বৃদ্ধদিগের প্রতি যথেষ্ট সন্ধান প্রদর্শিত হয়।

চীনদিগের আমোদ প্রমোদের জন্ম রকালরে নাট্যাভিনয়, বাজিগোড়ান, পুতৃলনাচ, ভেত্তিবাজী, কুন্তিবাজী, বাচথেলা, পক্ষী-লড়াই, কড়িঙ-লড়াই প্রভৃতি হইরা থাকে। ইহারা স্থলর পক্ষী অভিশয় ভালবাদে। কিন্তু স্থভাবতঃ ইহারা পঞ্জীর প্রকৃতি, আমোদ প্রমোদে অধিক কাল কাটাইতে ভালবাদেনা।

বেশভূষা।—চীনে সকল শ্রেণীর লোকেই প্রায় একরূপ পরিচ্ছদ ব্যবহার করে। সন্ত্রাস্থ্যণ সন্মানস্চক চিক্সরপ কতকগুলি অলভার ধারণ করেন, অপরে উহা ব্যবহার করিলে দণ্ডিত হয়। ইহাদের অলরাধা অতিশয় লখা ও আল্গা এবং ৪।৫টা বোতাম ছারা বদ্ধ থাকে। ইহারা কোমরে একটা দীর্ঘ কটিবদ্ধ পরিধান করে। ঐ কটিবদ্ধে একটা ছুরি ও ফুইটা কাটা ঝুলান থাকে, তদ্ধারা উহারা আহার করে। ইহারা সাধারণতঃ নীল পরিচ্ছদ পরিধান করে। শর্কোৎসবাধিতে ক্লক, ধুসর, হরিত, পীত, লোহিড ইত্যানি বর্ণের বস্ত্রও ব্যবহৃত হয়। সম্রাট্ শ্বরং পীত-বর্ণের বস্ত্র পরিধান করেন।

রাজপরিবারগণ পীতবর্ণ কটিবন্ধ ধারণ করেন। শোকাদির সময় শুঅবেশ ধারণ করাই চীনের প্রথা। চীনগণ টুপি
ব্যবহার করে। ইহারা সমন্ত মন্তক মুগুন করিয়া মধ্যভাগে
একটা দীর্ঘ বেনী রাখে। এই বেনী ইহাদের অতিশয় আদরনীয়। ইহা কর্জন করিলে চীনগণ সাতিশয় অপমান বোধ
করে। চীনদেশে বিংশবর্ঘ অতিক্রম না করিলে কেহ রেসমের
বস্ত্র ও টুপি পরিতে অনুমতি পার না। চীনরমণীগণ অবগঠন
ব্যবহার করে না। ইহারা মন্তকে বেণী বন্ধন করে এবং
তাহাতে স্বর্ণরোপ্যনিশ্বিত নানাবিধ কুল পরিয়া থাকে।



मानादिम शूक्तव।



मानातिम बीलाक।

চীনেরা দীর্থ নথ রাধাকে সন্ত্রান্তবংশের চিক্ত জ্ঞান করে, কেননা হীনবংশীরদিগকে কার্য্য করিতে হয়, স্মৃতরাং নথ ভালিরা যায়। বাহার যেরূপ সন্ত্রম, তাহার নথও সেইরূপ দীর্ঘ। স্থ্রাটের নথই স্কাপেকা বড় হয়।

পারিবারিক ও সামাজিক রীতি।—চীনে বছবিবাছ প্রচ-লিড আছে। বিবাহিতা রমণীগণ এমন কি প্রথমপরীও বামীর সংসারে বিশেষ প্রতিপত্তি লাভ করিতে পারে না তবে পুত্ৰবতীদিগের বিশেব ক্ষমতা আছে। পুত্র যত বড়ই হউক না তাহার উপর সাতার ক্ষতা ক্ষ্মীয়। এই কারণেই চীন-রমণীগণ কথঞ্জিৎ লপদ্মী-নিগ্রন্থ করিতে পারে। वाकाकाव धनी लोक ७ वर्गिकिशक सिक निक मान मानीत বিবাহ দিতে হয়। স্ত্রীর গর্ভাবন্ধায় ও শিশুর জ্বন্ত পান কালে জ্রীসঙ্কম একাস্ত নিবিদ্ধ বলিয়া অনেকে দারাস্তর পরিগ্রহ করে। ধনীগণ বিশেষরূপে ঐ নিয়ম প্রতিপালন করিয়া থাকে। সম্রাটের অন্তঃপুরে প্রধানা সম্রাক্ষী ব্যতীত আরও অনেক রাজমহিবী আছেন। প্রত্যেক মহিবীরই ভিন্ন ভিন্ন গৃহ, দাস, দাসী ও অক্তান্ত আবশুকীয় আসবাব আছে। এই সকল রাজমহিষীদিগের জন্ত ১৮৭৭ সালের কিন-ভি-চিনের রাজকীয় বাদনের কারথানা হইতে প্রায় ১১,৮৩৮টা চীনা-বাসনের মৎস্থাধার, ফুলদানি, এবং বছচিত্র বিচিত্র উৎকৃষ্ট পাত্র প্রেরিত হয়। যাহা হউক সপত্নী-বন্ত্রণা-ভরে অনেকে আত্মহত্যা পর্যান্ত করিয়া উহার হাত এডাইয়া থাকে।

চীনে জ্যেষ্ঠানি ক্রমে সস্তানগণের বিবাহ দিরা থাকে।
অভিভাবক কিয়া আত্মীয় স্বজনেরাই কল্পা নির্বাচন করে।
বিবাহের পূর্ব্বে বর কল্পাকে দেখিতে পায় না। বিবাহের
দিন দিবাভাগেও মশাল জালিয়া বান্তভাগুনহ মহা আড়মরে কল্পাকে পান্ধী করিয়া বরের বাড়ী পাঠান হয়। তৎপরে তথায় যথারীতি বিবাহকার্য্য সমাধা হয়। কল্পা শশুর
শাশুড়ীকে অভিবানন করে এবং নবদম্পতি ঈশ্বরোপাসনা
করিলে রমণীগণ কল্পাকে অন্তঃপূরে লইয়া যায়। দাম্পত্যপ্রণয়ের আদর্শ স্বরূপ বিবাহে চক্রবাবমিপুন আনীত হয়।
বিবাহের পর অন্তঃপুরে রমণীগণ ও বাহিরে পুরুষগণ আমোদ
প্রমোদ করিতে থাকে, পরে শুব ধুমধামের সহিত আহারাদি
সম্পার ইয়।

বিবাহের প্রণালী রাজনিয়মের অন্তর্গত। কলা ১৪ বর্ষ
বর্ষা না ইইলে বিবাহ করিতে পারে না। অগোত্রে কিস্বা
নিতান্ত অন্তর্গ মধ্যে বিবাহ নিষিদ্ধ। নট, কোটাল, নাবিক,
লাস প্রভৃতি নিজ শিক্ষ সম্প্রদারের মধ্যে বিবাহ করে। চীনে
বিধবা বিবাহ সম্মানকর নহে। কিন্তু পুরুষ যত ইছে। বিবাহ
করিতে পারে। বিবাহকালে অনেক হলে কলার পিতা
বরের নিকট হইতে পণ গ্রহণ করে। পুর্কে বলিয়াছি বর
বিবাহের পুর্কে কলা দেখিতে পার না, স্নতরাং অনেক সময়
গ্রমন ঘটে বে, কলা বরের আলারে আসিলে তাহার পছক্ষ
হয় না। তথন কলা বিমুখী হইয়া ফিরিরা যার। কিন্তু
গ্রমণস্থলে ব্যকের বুখা অনেক ব্যন্ন ভার বহন করিতে হয়।

চীনের অবরোধ প্রথা এদেশের অপেকাও কবিক।
স্থানে রমণীরা অন্তঃপ্রের বাহির হইতে পার না। আশ্বীর
শ্বরুজনেরও হঠাৎ অন্তঃপুরে প্রাহেশ করিবার ক্ষমতা নাই।

পদ্ধর অতিশন করে হওয়াই চীক-সমনীর প্রধান সৌন্দর্য্য-नक्ता। धर का वानाकान बहेराइ अनवत हो कतिए তাহাদের বিশেক প্রেটা থাকেন প্রভার রড় হওরা তাহাদের মতে নীচৰংশের চিহ্ন। চীনারশ্লীগণের পদ অভাবতঃই আতি কুন্ত, তাহার উপর গাদ বংসর বয়স হইতে নানার্গ কুলিম:উপারে উহাদিগকে কুমতর করা হয়। ঐ সম্ব মোটা কলের ফিতা দিরা পারের আছুল, পাভা. গোড়ালি এক্নপ আটিয়া বাঁধিয়া দের যে জার কোন মতেই বৰ্দ্ধিত হইতে পাৰ না। ভাছার উপর আবার গৌহ-পাত্রকা পরিধান করা হয়। স্থতরাং পা ক্ষুদ্রই থাকিরা যায়। এইরূপ পদ আমাদিগের দেশে অতি কদাকার বোধ হইতে পারে, কিন্তু চীনে বছকাল হইতে ইহার গোরব হইয়া আসি-তেছে। পারের অতি কুল অঙ্গুলিগুলি অঙ্গুরের স্থার যেন পায়ের পাতা হইতে বহির্গত হইয়াছে। এইরূপ কুত্রপদেও চানরমণী অতি ক্রত বাইতে পারে, পাছে পড়িয়া মার এই ভরে তাহারা মরাল গমনে হেলিতে ছলিতে যার। চীন-मिराह अवरहाध खथा ७ हीनद्रभगीमिराह भरम लोहशाहक। पिथिया काम कवि वर्णन (य. छेटा लोटशाहका नरह त्रभी-দিগকে অন্তঃপুর-কারাগারে আবদ্ধ রাথিবার শৃত্যল। যাহা হউক সম্প্রতি লোকের কুদ্রপদের উপর দৃষ্টি কমিতেছে, অনেকে ইতিমধ্যেই আর পদ কুদ্র করিবার জন্ত অবধা যত্রণা ভোগ করে না।

চীনে বছসংখ্যক শিশুহত্যা হইয়া থাকে। বলা বাছল্য হত শিশুদিগের অধিকাংশই নবজাতা বালিকা। চীনদেশে পিতাই সন্তানদিগের হর্তাকর্তা, স্তরাং এইরূপ নৃশংস ব্যবহারের জন্ম মহাকটে পভিত ইইলে যখন উহারা দেখে যে, বাঁচিয়া থাকিলে শিশুর জীবন কেবল কটপুর্ণ হইবে মাত্র, তখন শীক্ষই কটের অবসান করিয়া দেশে। যাহা হউক সমূজ জনপদ সকলে এই শ্রেমা দৃষ্ট হয় না। ফ্চু নগরের নিকটে একটা নদীর তীরে একজন্ত প্রভরে লেখা আছে যে, 'এখানে বালিকা ত্বাইয়া মারিওনা।' ইহাতে বোধ হয় দীনে বালিকা-বধ নিবারিত হইতে এখনও দেয়ি আছে।

খাদ্য।—ভাত চীনদিপের প্রধান খাদ্য, গোলানানু, কপি, শিম, মূলা, বেঙ্ক প্রভৃতির তরকারীও ব্যবহৃত হন। ইহান্না সচরাচর পুকর, ছাল ও মেবদাংস ধার, তত্তির ক্ষম, কুক্র, মানর, বিভাল, ইন্দ্র প্রভৃতির মানসঙ স্থান্য নহে।
তবে প্ররমাংসই অধিক প্রচলিত। ভীনদিশের এই মাংস
এতদ্র প্রির বে, উহারা কথার বলে 'বিদ্যার্থী কথন বহি
হাছে না, এবং গরিব কথন প্রর হাড়ে না।'

ধাল্যের বিষয়ে ইহাদের নিষম এই দে বাহা কিছু শরীর পোষণ করিতে পারে ভাহাই ভকা । বনীগণ একল্পণ পক্ষিনীড়\*, সমূত্র-শম্ক, হালরের পাথনা, মাছের পেটা, পোরুর নিরা, মহিবচর্গ প্রভৃতি ছুর্লভ উপানের থান্য সকল ভোজন করে। আর একলণ উপানের থান্য কীটবিশেষের অভোলগত শাবক থারা প্রস্তুত হয়। ইহারা সকল প্রকার মাছ, কাঁকড়া ও কচ্ছগাদি ভকণ করে। গোষধ সম্পূর্ণরূপে আইন বিন্দর। কেছ গাভী কিলা বলদ বধ করিলে প্রথমবার তাহার এক শত বেআঘাত দণ্ড হয়। ২র বার ঐ অপরাধে ১০০ বেআঘাত ও বাবজ্জীবন নির্বাসিত হয়। চীনেরা তভুলের মদ্যপান করে, তবে মাতাল নহে। আফিংএর চন্তু ইহাদের মধ্যে অধিক মাত্রায় প্রচলিত। ইহারা রুরোপীর্নিগের ভার চেরারে বসিরা টেবিলের উপর কাঠের হাতা ও ছইটী কাটি বারা আহার করে। চা-পান ব্যতীত জন্তু সমরে চামচ ব্যবহার করেনা।

আন্তঃ ই ক্রিয়া। — চীনেরা মৃত্যুকে অভিশন্ন তর করে।
তাহাদের বিশাস মৃত্যুর পর মম্বা ক্র্যার্ড ভূতবানি প্রাপ্ত
হইয়া হাহা করিয়া বেড়ায়। এই মৃত্যুভর নিবারণার্থ চীনশাস্তকারগণ মৃতব্যক্তিকে দেবতাত্ল্য জ্ঞান করিতে ও মৃতদেহের মহাসমারোহে অস্তোইকিন্না সম্পাদন করিতে বিবি
দিয়াছেন। কিন্তু তথাপি মৃত্যুর পর হঠাৎ কোথায় যাইব
কি করিব ইত্যাদি চিন্তান্ন তাহারা নিতান্ত কাতর হইয়া
পড়ে। পরকালে অনন্ত স্থেবর আশাও উহাদিগকে আশত
করিতে পারে না। এরপ স্থলে চীনে দাহপ্রথা চলিত
থাকা স্ক্রাবিত নহে। চীনে গোর দেওরা প্রচলিত।

কোন চীন মরিলে তাহার শ্রতি জীবিতকালের সহস্রপ্তণ সম্মান দেখান হয়। তাহাকে সর্কোৎকৃষ্ট কেশভ্ষার মজ্জিত করিরা সাধ্যার্থারী মৃশ্যবান্ মুন্দর শব-সিন্দুকে স্থাপন করে। ঐ সকল শব-সিন্দুক নানারপ কারুকার্যার্ক, উজ্জ্বল রক্ত, পীত, নীলাদি বর্গে চিত্রিত এবং ব্রুক্ত্যা হইলে মুর্ণ রোপ্যান্থি মঞ্জিত হইরা থাকে। এক একটীর মূল্য হই হইতে ভিন্ন শক্ত টাকা হইরা থাকে। অনেকে জীবিতাবস্থাতেই

ক এক কাতীর ক্র পক্ষী ব্যনিংস্ত লালা হার। প্রভারের উপর কুর কালা নির্মাণ করে। ঐ পক্ষীর কাংস রক্ষন করিলে ক্ষোরল, পুটকর উপাধের বাব্য একত হর।

নিজের জন্ত নিজুক জন্ম করিয়া রাখে। যাতা হউক উতার बार्या कुना, हुन ७ नमात नमात हो-नाका निवा नवान कानिक হইলে ওঁ হইতে ৭ দিবদ পর্যন্ত গৃহে রাখা হয়। ইত্যবসরে মৃত ব্যক্তির আত্মীর কুটুয়াদি সকলে খেতবর্ণ শোকসজ্জার সজ্জিত হইরা তাহাকে সন্মান প্রদর্শন করিতে আইসে। গুহাদিও ঐ সময় খেত বস্ত্র দারা আচ্ছাদিত হয়, খেতভ্যাই উহাদিগের শোক্চিক। আগত কুটুমাণি কয়েক দিবস খতের বাটাতেই অবস্থান করে। সমাধির দিন আত্মীয় বন্ধবান্ধৰ সকলেই শবের সঙ্গে গমন করে। সল্লিহিত পর্বতের উপতাকাই সমাধিস্থানরূপে নির্বাচিত হয়। শব-সিন্দুক তথায় প্রোথিত কিন্বা মন্দিরাভ্যন্তরে নিহিত হয়। নগরাদির কিছু দুরে সমাধিস্থান উচ্চ বুক্ষাদি ঘারা বেষ্টিত থাকে। শব সমাহিত হইলে চীনগণ প্রতিবর্ধে ঐ স্থানে আগ-মন করিরা মতের উদ্দেশে শ্রান্ধাদি করিরা থাকে। পরকালে মত ব্যক্তি গৃহ ও তৈজ্ঞসাদি প্রাপ্ত হইবে, এই আশায় চীনেরা কাগল নির্ম্মিত গৃহযানাদি দাহ করে। তাহাদের বিশাস যে এরপ ভত্মীভূত গৃহযানাদি পরকালে প্রকৃত হইয়া যায়। এইরূপে নগদ টাকা হইবে ভাবিয়া সোণালি কাগজও পোড়াইয়া থাকে।

মৃত ব্যক্তির মর্য্যাদামুদারে শোককাল স্থুদীর্ঘ হইতে ধাকে। সম্রাট মৃত পিতামাতার জন্ত পূর্ণ তিন বংসর শোক-চিহ্ন ধারণ করেন, সম্রাস্ত চীনগণও তাঁহার দৃষ্টাস্ত অমুসরণ करत्न। मनामाः नानि वर्ष्कन, स्थलवञ्च श्रीत्रधान, छे ९ नवानि ভাগে ইত্যাদি শোক্চিছ। রাজকর্মচারীগণ ঐ সময় রাজকার্য্যে বিরত হন, বিদ্যার্থীগণ পাঠাদি ত্যাগ করেন, সাধারণ লোকে কোন কর্ম করে না। পাছে যথোচিতরূপে মৃতের অস্ত্যেষ্টি-ক্রিয়া সম্পন্ন না হয়, এই জন্ম প্রত্যেক নগরে সভা স্থাপিত আছে। কাহাকে কভক্ষণ কিন্নপে কভ মাত্রায় শোক প্রকাশ कतिए इहेरव. रम ममञ्जल के मलाय निर्मिष्ठे इस । विरम्पन কোন চীন মরিলে তাহার সম্ভানগণ দেশে আনিয়া তাহাকে সমাহিত করে। অভ্তথা খোর ছুর্ণাম হয়। যাহা হউক, অনেক সময় শব সকল ফেলিরা দেওয়া হয় মাত। নাজিং मगरतत निक्छ এই राभ विखत भव श्रिक्श इटेड प्राथा यात्र। খুষ্টীর ১৮শ শতাব্দীর পূর্ব্ধ পর্যান্ত চীনের সভীরমণী মৃতপতির অভুসর্ণ করিত। এ দেশের স্থায় তাহারা অলম্ভ চিতার ঝাঁপ দিত না: অনাহারে বা অহিফেন সেবন বারা জীবন বিসর্জ্জন করিত। ১৭৯২ খৃঃ অবে সম্রাট্ ইয়ুন্ চাং এই প্রথা রহিত করিয়া দেন। কিন্তু এখনও বিধবা-রমণী পতির সমাধিস্থানে গিয়া তাঁহার ক্বরের উপর পাথার বাতাস দিয়া হদমের শোকবেগ প্রকাশ করে।



পতির সহগামিনী চীন-বিধন।।

ভাষা, সাহিত্য।—চীন ভাষার স্থায় প্রাচীন ভাষা জগতে 
ফুর্গভ। চারি সহস্র বংসর পূর্ব্বে চীনে যে ভাষায় কথোপকথন হইত, এখনও প্রায় সেই ভাষাতেই হইয়া থাকে।
চীনদিগের বর্ণমালা চিত্রময়, ইহাদের ভাষা একমাত্রাবিশিষ্ট 
অর্থাৎ একটী শব্দে একটী শ্বর ও একটী ব্যক্তন মোট ফুইটীর 
অধিক বর্ণ থাকিতে পারে না। স্কুতরাং বর্ণমালা ছারা অতি 
অরসংখ্যক শব্দ হইতে পারে। সমগ্র চীন ভাষার মোট 
৪৫০টী মাত্র শব্দ আছে। কিন্তু প্রত্যেক শব্দ উচ্চারণভেদে 
নানারপ অর্থে প্রযুক্ত হইতে পারে। এইরূপে প্রায় ৪৩,৪৯৬ বিভিন্নার্থবাধক শব্দ হইরাছে। এই সংখ্যার কত্তক শিথিলাই অধিকাংশ মনোভাব প্রকাশ করা যায়। খৃষ্টান মিসনরীদিগের চীন ভাষার বাইবেলে মোট ৫০০০ শব্দ আছে মাত্র।
ক্রমাগত পাঁচ বর্ষকাল অভ্যাস করিলে বিদেশী ব্যক্তি মোটামুটি 
চীন ভাষা শিথিতে পারে।

চীনের ভাষা ৪ প্রকার। ১ম কোরেন্ অর্থাং রাজভাষা।
এই ভাষা একণে চলিত নাই, কিন্ত প্রাচীন গ্রন্থানি ইহাতেই
লিখিত হইত। এই ভাষা অতি মধুর এবং ইহা দারা সংক্রেপে
গুরুতর বিষয়ও বর্ণনা করা যায়। ২য় প্ররেচ্চাং—এই ভাষার
বিজ্ঞান ও দর্শনশাস্ত্রানি লিখিত হয়। ৩য় হোয়ান্হোয়া—
এই ভাষা বিচারঞ্জারে এবং শিক্ষিত্রমগুলীতে ব্যবহৃত হয়।
সম্প্রতি এই ভাষা ১৮শ বিভাগেই প্রচলিত। তন্মধ্যে পিকিনের নিকট ইহার উচ্চারণ বিশুদ্ধ। ৪র্থ হায়াং টান্—ইহা
পল্পীগ্রামের ও নীচ লোকের ভাষা।

চীনদিগের বর্ণমালা ৬ প্রকার। ১ম কিয়াই-ক্স—ইহাই
সর্বাপেকা ক্ষমর। ২র চুরেন ক্স—ইহা চিত্রমর বর্ণমালারই
অব্যবহিত পরবর্তী। ৩র লে-কুরাজকার্ব্যে ব্যবস্থা। ৪র্থ
হিংকু হাতের ্লেথার ব্যবহৃত; তাড়াভাড়ি নিধিকে ইহাই

প্রশন্ত। ধম চৌ-জি সংক্ষিপ্ত ও শীত্র লিখিত এবং কারবারে ব্যবস্থত হয়। ৬ চালাং-টি--পুত্তক মুলান্ধনে প্রচলিত। রাজকর্ম-প্রার্থী পরীকার্থিনিগের রচনা স্থকর কিরাই-স্থ বর্ণমালা বারা পরিপাটীরূপে লিখিত হওয়া আবস্তক।

চীনেরা লেখা কাগজকে বেৰভার ছার মান্ত করে। পাছে কেহ ছাপা বা লেখা কাগজের উপর পা দের, এই আল্রার বিবংসমাজ ঐসকল কাগজ সংগ্রহ করিতে লোক নিযুক্ত করেন। সংগ্রহকারী ভারে ছাইটা বালের চুপড়ি লইরা বারে বারে বিবংসমাজ করেন। করিছ করিল বালির বিভার। উহা ভানিবামাত্র সকলে নিজ নিজ গৃহে চুপড়িতে সঞ্চিত্র বাজে কাগজ আনিরা ভারবাহকের চুপড়িতে ঢালিরা দের। তৎপরে ঐসমত্ত কাগজ দেবালরে পোড়াইরা ভক্ষভলি কলসীতে করিরা সমুদ্রে নিজিপ্ত হয়।



हीरनव कात्रकतः अक्कारी।

বহু প্রাচীনকাল হইতেই চীনদেশে বিদ্বার সমধিক আদর হইরা আসিতেছে। চীনসমাট্ দেশের সমস্ত বিদ্বান্গণের মধ্য হইতে পরীক্ষা করিরা নিজ কর্মচারী সকল নিযুক্ত করেন। এই সুমস্ত বিষয়ের জন্ম ভাঁহার রাজকীয় সাহিত্যসমিতি আছে।

প্তকাদির মধ্যে কন্ফ্চি প্রাণীত ধেনানি গ্রছই অতি প্রাচীন ও সর্বাক্ত আদরণীয়। কন্ফ্চির পূর্বেপ্ত অনেক চীনপ্রাছকার পুত্তকাদি লিথিয়া বান। কন্ফ্চি উহাদিগের পুত্তক
সকল হইতে সকলন ও উহাদিগের সরবার্থ প্রকাশ করেন।
তিনি ধর্ম, দর্শন, ইভিহাস, কাব্য, ইত্যাদি সকল প্রকার
প্তক্ষই লিথিয়া বান। ধর্মের ক্ষম তব ব্যাথ্যাক্তেই তাঁহার
অসাধারণ বৃদ্ধিমতা প্রকাশ পার। কন্ফ্চির শিব্যাণ আঁহার
ভানগর্ভ কথোপকথন সমস্ভ ভি' নামে তিন্থানি পুত্তকে
লিপিবদ্ধ করিয়াছেন।

২১০ খৃ: পৃ: অন্তে সমাট চি জাং-টি কবি, ছগতি ও আয়ুর্বেদ-বিষয়ক ভিন্ন দেশের অপর বারতীর পুরুকই প্রোড়া- ইবা কেলেন। ভাঁহার পরে ৬6 সমাট্ কিং টিও জংগরে সমাট্
'ঐনটি' পুজক সংগ্রছে ও সক্ষণে বরবান্ হন। শেবাক সমাট্
১২+ সংগ্রার ৫ ভাগে বিভক্ত এক প্রকাশ্ত ২০৯৭ পৃঃ খৃঃ
হইতে ১২২ খৃঃ সক্ষ পর্যন্ত চীনের ইতিহাস প্রকৃত করান।

>> ॰ পৃঃ খাঃ ক্ষমে চৌকি নামে এক ব্যক্তি সর্বা প্রথম পু-স্থ নামক একথানি চীন ভাষার অভিধান প্রণয়ন করেন। আন্যাপি উহা চলিরা আদিতেছে। সত্রাট্ কাজ্যি তাঁহার রাজদের প্রধান পণ্ডিজগণ হারা সংস্কৃত ব্যাকরণের অমুক্রণে বিটিন নামক ৩২ বজে সম্পূর্ণ একথানি উৎকৃষ্ট অভিধান প্রস্কৃত করেন।

চীনে কবিভার বিশেষ আদর আছে। পণ্ডিভগণ সর্ব-সাধারণের স্থবিধার্থ সকল প্রকার নীতিই সরল কবিভার রচনা করেন। ইহালের নাটকে রিশেষ একটা ঘটনা বা বিশেষ কোন রসের প্রাথান্ত থাকে না। অভিনেভা রজমঞ্চে দাঁড়াইরা আইগে নিজ্ম পরিচর দিরা অভিনর আরম্ভ করে। একজনই ভিন্ন বিশে ভিন্ন ভিন্ন অভিনর করে।

চীন-ভাষার উৎক্লাই ব্যাকরণ একথানিও নাই। খুটান মিসনরীগণ ঐ বিষয়ে অনেক চেটা করিয়া কতক কৃতকার্য্য হইরাছেন।

প্রাচীন চীনভাষার ছেদ চিক্ ব্যবহার ছিল না। একণে রাজকীর পরীক্ষা প্রভৃতিতে লেখার সহিত ছেদ ব্যবহার হর না। তবে বোধদৌকর্ব্যার্থ মিসনরীদিগের ও অক্তান্ত পুত্তকে ছেদ ব্যবহার হইতেছে।

ধর্ম্ম প্রাণালী ৷ মৃত পিতৃপুক্ষবদিগের প্রতি রথোচিত সন্মান-প্রদর্শন ও ভাছাদের উদ্দেশে প্রান্তর্পণাদি করাই চীনদিগের প্রধান ধর্ম। শিক্ষিত সম্প্রদার কন্মুচির মত অবলঘন করিয়া পাকে। অনেকেই আবার বোর নান্তিক। তৌইচি নামক चात এक मच्चमार चाहर, अथरम छेशामत मछ छे कहेरे किन, কিছ কাল্ডেমে উছার হাজকগণ ঐ ধর্মকে নানারূপে বিরুত করিরা জখনা পৌত্তলিকভাষ পরিণত করিবাছে। लाटक जानाकर नानाविध प्रमानीत शुका कतिया थाटक। दोइश्चं थातिष बाह्य। हीनश्य तूद्धानवाक "का" ७ লামাপণ সর্বায়া পীত্রসন পরিধান করে এবং দারপরিগ্রহ না क्षिया धर्ममन्द्रित ताम करता। हीत्मत तोक्रमण निरम कान প্রাণীহতর করে না, কিছু অপর কর্ত্ত হত প্রাণীর মাংস क्ष्मन करता वहकान हहेरा थुडीन धर्म हीरन शारतम क्तिवाद्य । भिः शक्त अञ्चयान करतन ८१, वर्डमान नमछ हीन-ब्रांटका बृष्टीत्मव नःथा। श्रीव ৮ नक । श्रीवान काट्य, महत्त्वरमव

মাজুল উন্কাশিন চীলে মুন্দ্রার ধর্ম প্রচার করেন। একণে চীনে অনেক মুন্বসান বাদ করিভেছে। এই সকল নামাধর্ম প্রচ্ছিত শাকিশেও কন্সূচি প্রণীত ধর্মই রাজার অনুমোছিত।



श्रीतत वोध-राजक।

শাসনপ্রণালী।—চীনসাম্রাজ্যে বথেছাচারপ্রণালী প্রচিনত। সমাট্ই রাজ্যের সর্ব্বেস্কর্ম। পরিবার শাসনের অন্তর্মণ তিনি রাজ্যন্ধ প্রজাদিগকে সন্তানবং পালন ও শাসন করেন। পিভূজজির আদর্শেই রাজভক্তি সংগঠিত হয়। স্থতরাং কেহ পিতামাতার অবাধ্য হইলে রাজদণ্ড প্রাপ্ত হয়। সমস্ত প্রজা নুমাট্কে দেবতার স্থার ভক্তি করে। তিনি এবং মালারিনগণ প্রজাদিগকে পুত্র বলিয়া সম্বোধন করেন এবং অপত্যানির্বিশেবে তাহাদিগকে উপদেশ প্রদান করেন। সমাট্ই রাজকীয় কর্ম্মচারীদিগকে নিযুক্ত করেন। রাজ্ঞীকে চীনেরা পৃথীমাতার অংশ বলিয়া মান্ত করে।

শাসনকার্য্যের স্থবিধার জন্ত চীনদেশ অষ্টাদশ বিভাগে বিভক্ত। বথা—উত্তরভাগে শাং ট্ং, পেচিলি; শান্সি, শেন্সী, দক্ষিণভাগে কোরাং টুং ও কেরাংসি; পূর্বভাগে চেকিরাং, ফোকিরেং ও কিরাংস্থ; পশ্চিমভাগে কাংস্থ, ছেচ্রেন্ ও ইয়্নান্; এবং মধ্য প্রদেশে নাংযুই, কিরাংসি, হনান্, হকে, হোনান্ ও কৃইচ্। প্রত্যেক প্রদেশে একজন শাসনকর্তা আছেন। তিনি ঐ প্রদেশের ভিন্ন ভিন্ন কেলার উপর প্রভুত্ব করেন।

রাজকার্য পর্যালোচনার বস্ত রাজার ছইটা মন্ত্রীসভা জ্যাছে। ঐ ছই সূভা আইন প্রবাভ ও বিষ্ণাদি পরিবর্তন- বিবরে সমাট্কে উপাজেশ প্রাধান করেন। চীনের সৈপ্তসংখ্যা সর্ব্যক্তির থোর ১২ লক। ১৮৯২ খৃঃ অবেল চীনে মোট ১৬০ শানি বৃদ্ধ তরী ছিল। সংগ্রতি রুরোপ হইতে অনেক বুদ্ধের আস্বাব কের করা হইতেছে।

প্রধান শাসনকর্ত্তা ও সেন্দ্রপতিদিগকে মান্দ্রারিন্ বলে।
বে সকল মান্দারিন্ শাসনকার্ব্যে কিলা যুক্তে বিশেব দক্ষতা
প্রদর্শন করেন, তাঁহাদিগকে কোরাং, হিও, পারেক, ছি ও
নান্ ইত্যাদি সন্ত্রমস্চক উপাধি দেওরা হর। অক্তান্ত প্রধান
লোকেও এই সকল উপাধি দেওরা হর। অক্তান্ত প্রধান
ক্রমে বিলাতের ডিউক, মার্ক্ ইস্, আর্ল, বারণ ও বারনেট
উপাধির মত। এই সকল উপাধি বংশাল্লুমিক নহে। রাজবংশীর ও মহামতি কন্ক্রির বংশীরেরাই প্রবাল্লুমেন উপাধি
প্রাপ্ত হন। বস্তুতঃ উহারা আমাদের দেশের গ্রমেণ্ট প্রদন্ত
রাজা, মহারাজ, রার বাহাত্রর ইত্যাদির ক্রার্থ। রাজবংশীরগণ
রাজোপাধি এবং লোহিত ও পীতবর্ণের কটিবন্ধ ধারণ করিতে
পান মাত্র। রাজসরকারে পদ্রপ্রার্থী হইলে তাহাদিগকেও
ক্রন সাধারণের ভার রীতিমত পরীক্ষার উত্তীর্ণ হইতে হয়।

চীনদেশের রাজনও অতি কঠোর ও সমরে সময়ে অতি
নৃশংস বলিয়া বোধ হয়। অপেক্ষাকৃত সামান্ত অপরাধে
পদতলে বৃষ্টিপ্রহার ও গলার হাড়কাঠ পরাইরা দেওরা হয়।
নরহত্যা, রাজজাহ ইত্যাদি গুরুতর অপরাধে দোবীকে
নির্কাসিত, অথবা প্রস্তরনিক্ষেপ, খাসরোধ প্রভৃতি নৃশংস
উপারে বধ করা হয়। অপেরাধীকে ৮,২৪,৩৬, ৭২ বা ১২০ খণ্ডে
খণ্ড থণ্ড করিবার প্রাধা চীন ব্যক্তীত পৃথিবীর আর কোথাও
চলিত নাই। তীনের কারাগার সকল সাক্ষাৎ মরক সদৃশ।

মূলা।—চীনে স্বৰ্ণমূলা প্ৰচলিত নাই। একরপ রোপ্য-নির্মিত মূলা চলিত আছে, উহা ছারাই কর্মচারীদিগের বেতনাদি প্রদন্ত হয়। রাজতে ও সাধারণ বণিকদিগের কার-বারেও এই মূলা ব্যবহৃত হয়। সাধারণ লোকে সর্বদা গৈতল মূলা ব্যবহার করে। এই সকল মূলা বার্ঝানে ছিল্রযুক্ত পাতালা পিতলের চাকা ঘাত্র। ইহালের মূল্য অতিশর কম। ৬০০।৭০০ এইরূপ পিতলের মূলার মূল্য ১ এক টাকা মাত্র। বিকিদিগের কারবারে স্থিধার্থ একরপ ছঙ্গি ব্যবহৃত হয়।

ওলন প্রণালী।—চীনের ওজন-প্রণালী সন্নিহিত জনেক দেশে প্রচলিত। সর্কাপেকা জ্ঞধিক ওজন-পরিমাণ 'পিকুল' প্রায় ৬৬ সেরের সমান। ও কাটি প্রায় ২ সের।

- ১০ ক্যাশ= ১ কালারিন। ১৬ টাইল≕ ১০ কালারিন= ১ মেন। ১০০ কাছি= ১০ মেন= ১ টাইল।
  - ১০০ काष्टि > शिकून।

কালগণনা।—চীনগণ উত্তরপূর্ব্ব এসিরার অভান্ত জাতির স্থায় ৬০ বংসরের কালাবর্ত্ত হারা সময় গণনা করে, ঐ ৬০ বর্ষ পরিমিত কালের প্রত্যেক বর্ষের ভিন্ন ভিন্ন নাম আছে। চীন ভাষার এই কালাবর্ত্তকে হয়া-কি-চি কহে।

ফান্ধনের শুক্র প্রতিপদ হইতে চীনেরা বর্ষ গণনা করে।
২৯ বা ৩০ দিনে এক চাক্রমাস, এইরূপ ১২ চাক্রমাসে এক
বংসর; সৌরবর্ষের সহিত সমান রাখিবার জন্ম মধ্যে মধ্যে
ইহারাও এক্টী মলমাস ধরিয়া থাকে। রাত্রি ১১টা হইতে
ইহারা দিবস গণনা করে। দিবারাত্রি ২ ঘণ্টা করিয়া খাদশ
ভাগে বিভক্ত। প্রত্যেক ভাগের পৃথক্ নাম যথা—

প্রত্যেক ভাগের প্রথম ঘণ্টা জ্ঞাপন করিতে হইলে ঐ ভাগের নামের পূর্ব্বে কেও এবং শেষ ঘণ্টা বৃষাইতে চিং শল যুক্ত হয়। যথা—কেও-চি বলিলে রাত্রি ১০টা এবং চিং-চি বলিলে রাত্রি ১০টা বৃষায়। কেও-চৌ বলিলে রাত্রি ১টা এবং চিং-চি বলিলে রাত্রি ১টা বৃষায়। কেও-চৌ বলিলে রাত্রি ১টা এবং চিং চৌ বলিলে রাত্রি ২টা বৃষায় ইভ্যাদি। ক'হি শব্দে এক চতুর্থাংশ এবং চিহ, আঢ়, সেও শব্দে যথাক্রমে ১,২,৩ বৃষায়। ঘণ্টার ১ম, ২য়, ৩য় ভাগ বৃষাইতে ক'হি শব্দের পূর্ব্বে য়িহ, আঢ় এবং সেও শব্দ প্রযুক্ত হয়, যথা—চিং-মাউ-দিদ্-কহি অর্থাং ৬।০টা কেও-য়ু-আঢ় ক'হি ১১॥০টা ইভ্যাদি। চীনরাজসরকারে সচরাচর এইরূপ বিভাগই প্রচলিত। যাহা হউক সম্প্রতি চীনে বহু পরিমাণে মুরোপীয় ঘড়ি ইভ্যাদি ব্যবহৃত হইতেছে ও ভজ্জন্য ঘণ্টা, মিনিট, সেকেও ইভ্যাদিও চলিত হইতেছে।

শিরাদি।—চীনগণ স্থবৃদ্ধি, পরিশ্রমী, অধ্যবসায়ী ও কটসহিষ্ণ। কি উপারে নির্দ্ধাণের উপকরণ সকল বাজে নই
হয় না, তাহা ইহারা বেশ জানে। উদ্ভাবনীশক্তিও ইহাদের
বিলক্ষণ আছে। বিজেশীয়গণ চীন হইতে অনেক বিষয়
শিথিয়াছে। আমাদের দেশের চীনাংশুক বহু প্রাচীনকাল
হইতেই বিধ্যাত্ত। রেসম, সাটিন্, চা প্রভৃতি চীন হইতেই
য়ুরোপে প্রথম নীত হয়; বিক (Silk), সাটিন (Satin), টি (Tea)
প্রভৃতির সহিত উহাদের চীনা নাম জি, জেটান, টি শক্রের
সৌসাদৃশ্রই তাহার প্রমাণ।

এক্ষণে ষকলেই স্বীকার করেন বে, কাগন্ধ, মুদ্রাবন্ধ, বারুদ প্রভৃতি নিতা প্রয়োজনীয় জব্যের আবিকার প্রথম চীনদেশেই হয় ৷ খুটের ১০৫ বৎসর পূর্বে হোটি সম্রাটের রাজ্যকালে চীনে প্রথম কাগজ আবিকৃত হয়। ইভিপুর্কে কার্পাস ও রেলম নির্দ্ধিত হৈছে থাজুকলকে এবং কৃক্সজারিতে নির্পিকার্য্য সম্পার হইত। ঐ বংসর একজন নাজারিন্ বৰুল, শণ ও পুরাতন বন্ধানি সিদ্ধ করিয়া ভাহার মণ্ড হইতে একরপ কাগজ প্রস্তুত করেন। বলা বাহুল্য ঐ প্রথম আবি-কৃত কাগজ অতি ক্রর্য্য হইরাছিল। পরে চীনগণ নানারূপ বৃদ্ধিকৌশলে উহার প্রস্তুত উন্নতি করিয়া কাগজকে চিক্লণ, গুলুবর্ণ ও পরিষ্কার করিতে শিক্ষা করে। এখনও উহারা যে সকল সহজ উপারে কাগজ প্রস্তুত করে, তাহা মুরোপীর শিরকারগণও জানেন না। প্রস্ত্যেক প্রদেশেই ভিন্ন ভিন্ন উপাদান হইতে কাগজ প্রস্তুত হয়। কোকিন প্রদেশে কচি বাঁশ হইতে, চেকিয়াং প্রদেশে থানের খড় হইতে এবং কিয়াং-নান প্রদেশে অকর্মণ্য রেলম হইতে কাগজ প্রস্তুত হয়।

খুষীয় দশম শভানীর প্রারম্ভে চীনদেশে প্রথম মুদ্রায়ন্ত্র আবিক্বতী হয়। ঐ শতানীতে ৯৩২ খুষ্টান্দে চীন-সমাট্ বহু সংখ্যার পুত্তক মুদ্রিত করিতে অন্তমতি দেন এবং সমস্ভ ধর্ম-গ্রাহ্ম মুদ্রিত করিয়া রাজভবনে রক্ষিত করেন। ইহার প্রায় ৫০০ বংসর পরে যুরোপে মুদ্রায়ন্ত্র আবিক্বত হইরা বর্ত্তমান উৎক্বই অবস্থা প্রাপ্ত হইরাছে।

বিখ্যাত পরিপ্রাঞ্জক মার্কোপোর্গো চীনরাজ্যে মুদ্রিত কাগজের টাকা অর্থাৎ নোটের প্রচলনের বিষয় বর্ণনা করিয়া গিয়াছেন। সম্ভবতঃ তিনি চীনদেশে ছাপা পৃস্তকও দেথিয়া থাকিবেন।

চানদেশে অতি পূর্বে কাঠফলকে অক্সর খোদিত করিয়া তাহাতেই পুস্তক মৃত্রিত হইত, এক্ষণেও চীনেরা লি-মো নামক রক্ষের কঠিন কাঠে পুস্তকের পূঠা খোদিত করিয়া মৃত্রিত করে। কিন্তু যদিও চীনে বছকাল মৃত্রাযন্ত্র আবিষ্কৃত হইরাছে, তথাপি ইহার সমধিক উন্নতি হর নাই। বর্ত্তমান উৎকৃষ্ট মুরোপীর মৃত্রাযন্ত্রের তুলনার চীনের মৃত্রাযন্ত্র অপকৃষ্ট।

সর্জন ডেভিস্ সাহেব জন্মান করেন বে—বারুদ, চুম্বকস্চী ( দিক্দর্শন যন্ত্র) এবং মুজায়ত্ত এই তিন মহোপকারী জভ্যাবক্তকীর পদার্থ চীনেই প্রথম জাবিদ্ধত হয়।

চীনের কালি সর্কাত বিখ্যাত। চিত্রাদি অন্ধনে মুরোপ ও অক্সাম্ব্য দেশে উহা আদরের সহিত ব্যবহৃত হইরা থাকে। দীপ-শিখা-জ্ঞাত ভূষা, শিরীষ ও অক্সাম্ব্য পদার্থ সংযোগে ইহা প্রস্তুত হর। ঐ সমস্ত পদার্থ একত্র জমাইরা থপ্ত খণ্ড করিরা কর্তিত হর, পরে মোহরযুক্ত হইরা বিদেশে প্রেরিত হর। কিরাংনান্ প্রদেশের হৈচিউ নগরের কালিই স্কোণ্ড্রাই। ভর্থানার নদী-আন্তজনারিগণ বিদেশীরদের কথা দ্বে থাকুক, অন্তেশীরদিশক্ষেত্র ইহার কোশন আনিতে দের না। এই চীনাকালি ইণ্ডিরান ইফ্ (Indian ink) নামে খ্যাড।

**हीन (स्टाप्ट) नर्स व्यथरम माही इट्टाइ पृष्ट छेळान यानन** প্রস্তুত হর, একণে ঐ বাসন পৃথিবীর অনেক দেশেই প্রস্তুত हहेएजह बर्छ, क्रिक के ध्वकांत वामन मांबरक ही नरमानत নামান্ত্রসারে চীনা-বাসন কছে। অল্যাপি চীনদেশের কেওলিন মৃত্তিকা হইতে মূরোপ অপেকাও উৎকৃষ্ট স্থন্দর বাসন প্রস্তুত इहेबा थाटक । ইहानिहनंत्र कार्नाटनंत्र वीज हाज़ारेबा छूना वाहित्र করিবার থাউই মুরোপীয় কল অপেকাও কর্মোপযোগী। তত্তির ইহাদিগের লোহ, তাম, রোপ্য, দন্তা ও নিকেল নির্মিত নানাবিধ ধাতুত্রব্য এবং পিকিন্ নগরের ১৩।১৪ ফিট রুহৎ ঘণ্টা অতি বিখ্যাত। চীনের সিম্পুর প্রভৃতি ধাতব বর্ণ, চীনের বার্ণিস, চীনের খোদকারীযুক্ত মণি, হস্তীদস্ত ও কার্চাদি নির্মিত वहर्विध खवा. वर्गद्रोभामित नानाक्रभ व्यवहातामि व्यजीव বিশ্বরজনক। নানাবিধ জরির কাজ করা চীনের পট্রবস্ত বছকাল হইতে এখন পর্যান্ত পৃথিবীর সর্বাত্র সমাদৃত হইয়া আসিতেছে। পূর্বে যুরোপে গুটিপোকা ছিল না। প্রবাদ চীনদেশ হইতেই জনৈক রোমানকাথলিক ধর্ম্মাজক শৃত্য-গর্ভ যটির ভিতর শুটিপোকার অও লুকাইয়া মূরোপে লইয়া যান এবং তথায় রেসমের চাস প্রবর্ত্তিত করেন। বহু পূর্বে কন্দুচির সমর হইতে চীনেরা বর্ণ, রৌপ্য ও তামাদির মুদ্রা ব্যবহার করিয়া আসিতেছে। হানবংশীয় সম্রাটগণের রাজ্ত্ব-কালে চীনেরাই সর্বপ্রথম ব্যবসা বাণিজ্যের স্থবিধার্থ নোট প্রচলন করে। ওটা নামক সম্রাটের রাজত্বকালে স্থরঞ্জিত ১২৫ টাকা মূল্যের 'ফাইপাই' নামক নোট চলিত ছিল। অন্তান্ত চীনের নোটের নাম ফেতিসিয়ন, ফাইটিসৌ, পিয়ান্ টিসিয়ান, টিচিটিসি, কৈওটিস্থ ইত্যাদি ছিল। বস্ততঃ আমাদের দেশের নোটে লিখিত থাকে, "আমি অঙ্গীকার করিতেছি যে ব্যক্তি এই নোট আনিবে তাহাকে চাহিবামাত্র লিখিত টাকা দিব"। কিছ চীনের নোটে লেখা থাকিত, "কোষাধাক্ষদিগের প্রার্থনায় আদেশ হইল যে মিল্রাজ-বংশীর মুক্রান্ধিত এই কাগজের টাকা সম্পূর্ণরূপে তাম মুক্রার পরিবর্ত্তে প্রচলিত হইবে, বে ব্যক্তি ইহা অসাম্ম করিবে, তাহার মন্তকচ্ছেদ হইবে।" স্বতরাং দেখা যাইতেছে যে আমানের দেশের নোট গবর্মেন্টের একরূপ থত, আর চীনের নোট একরূপ কাগজের টাকা। বাহা হউক এরপ কঠোর দণ্ডাক্তা অভেও চীনের নোট অর্দ্ধেক বাটার কমে বিজ্ঞার হইত না।

নেশপথ ও তাড়িতবার্তা। সুরোগীরগণ বছকান হইতেই

চীনে নেলপথ ও তাড়িতবার্তার তার স্থাপনের চেটা করিতেছেন, কিছ কিছুতেই কৃতকার্য্য হইতে পারেন নাই। একমার
রুরোগীরগণ চীনসরাটের অস্থাতি লইরা নিজ ব্যরে সাক্ষাই
হৈতে উসাং পর্যন্ত ৩৪ জোশমাত্র নেলপথ করেন। কিছ ইহা
চীনকর্মচারীদিগের এরপ চকুপুল হইল যে, উহারা সমত কর
করিরা লইল এবং ভালিরা কেলিল। যাহা হউক সভ্যতি
কৈপিং হইতে পীহোনদী পর্যন্ত কেবল করলা আনিবার অস্ত
একটা রেলপথ ও ১৮৯১ খৃঃ অব্দে টিরেছিং হইতে টংশাং
পর্যান্ত ৮১ মাইল বাতারাতের জন্ত একটা রেলপথ হইরাছে।
ফর্মোজা দ্বীপে প্রায় ৬১ মাইল রেলপথ হইরাছে। বলা বাহল্য
ঐ সকলের সরঞ্জাম সমন্তই মুরোপীর। সম্প্রতিক্রীরেও নানা
স্থানে রেলপথ খুলিবার প্রতাব হইতেছে। ইতিমধ্যে চীনে
৩০০০ মাইল তাভিতবার্তার তার বিস্তারিত হইরাছে।

সম্প্ৰতি চীনে য়ুরোপীয় বাশীয় বন্ধ বারা তুলা হইতে হত্ত প্রস্তুত, ৰস্ত্রবয়ন এবং নৌকা, যুদ্ধতরী প্রভৃতি পরিচালিত হইতেছে।

বাণিজ্য।—ভারতবর্ষের সহিত চীনের বাণিজ্য ঠিক ইংলতের নীচে ধরা ঘাইতে পারে। ১৮৮৮ খৃঃ অন্দে বিদেশ হইতে
চীনে মোট আমদানির পরিমাণ ২৬ কোটি টাকা। ঐ অন্দে
মোট রপ্তানির পরিমাণ ২৩ কোটি। ১৮৯০ অন্দে বিলাত
হইতে প্রার ৭ কোটী টাকার মাল চীনে আমদানি হয় এবং
প্রায় ৫ কোটী টাকার মাল চীন হইতে বিলাতে প্রেরিত
হয়। চীনে আমদানির মধ্যে আফিং, তুলা, উর্ণাজাত,
কেরোসিন ও তণুল এবং রপ্তানীর মধ্যে চা, চিনি, রেসম,
পট্রস্ত্র ও কর্প্রই প্রধান।

অধিকার।—চীনসমাটের অধীনে চীন ব্যতীত চীনতাভার, মলোলিয়া, মাঞ্রিয়া, কোরিয়া, তিব্বত প্রভৃতি দেশ আছে। চীনের স্থায় বছজনাকীর্ণ দেশ ভূমগুলে আর নাই। চীন-সমাটই পৃথিবীর মধ্যে সর্বাপেকা অধিক সংখ্যক প্রজার অধীশ্বর। কোরিয়া প্রদেশ একজন চীনের করদ নৃপতি কর্ত্বক শাসিত হয়। সম্রতি ১৮৯৪ খৃটান্দে কোরিয়ায় প্রাধায় লইয়া চীন ও জাপানে ভূম্ল যুদ্ধ চলিতেছে। য়ুয়ো-পীর রাজগণ এই যুদ্ধে নিরপেকভাব অবলয়ন করিয়াছেন। সন্ধির প্রতাব হইতেছে, কিন্তু এখনও কিছু স্থির হয় নাই।

ভারতের সহিত চীনের সম্বন ।—পূর্ব্বে অনেকেরই বিশাস ছিল যে (২৫০ খঃ পুঃ) ছিন্ (জিন্) বংশ অথবা (৩০০ খঃ অনে ) সিন্ বা চিন্বংশ হইতে "চীন" শক্ষের উৎপক্তি ছই-রাছে, এতদম্পারে মহুসংহিতা ও মহাভারতে চীন শক্ষের আলোগ দেখিরা অনেকে বলিরা বাকেন বে, ঐ প্রাচীন সংস্কৃত প্রথম ছিন্ বা সিন্ বংশের সমরে বা পরবর্তীকালে রচিত হয়, কিছ তাহা ঠিক নর। বর্তমান চীর-প্রাবিদ্দণ ছির করিরাছেন, চীন শব্দ বহু প্রাচীন, ঐ নাম ভারতবানীর প্রমন্ত, ছিন্বংশেরও পূর্বে বাইবেজের প্রাচীনভ্য অংশে চীনলেশ "সিনিম্" (Sinim) নামে বর্ণিভ হইরাছে (১), বিশ্পাসভ চীন" বামই চলেমি মিনাই (Sinai) নামে বর্ণনা করিরা গিরাছেন।

মহাভারতে লিখিত আছে যে, মহারাক ভগদত চীন ও কিরাত নৈতসহ বৃদ্ধ করিতে আনিয়াছিলেন (২) [ কামরূপ দেধ। ] ইহাতে বোধ হর যে ভারত বুদ্দকালেও চীনের সহিত ভারতের मংশ্রব ছিল। অতিপূর্ককাল হইতেই সিন্ধুবাসী ৰণিকগৰী চীনসামাচজ্যের মধ্য দিয়া কাশ্পির সাগরের ভীরে माहिखान भगामवा नहेंसा गमनागमन कत्रिक, ১२२ शुः भृः जरम शानवरनीय हीममुखाष्ट्र वू-छि छेक विश्वकार्यत्र व्यथम मरवाम পান এবং তাহা হইভেই ভান্নতের দিকে তাঁহার লক্ষ্য পড়ে (৩)। ে বৌদ্ধৰ্মের বিভূতির সহিত ভারতের সহিত চীনের সম্বদ উত্তরোত্র বৃদ্ধি হইতে থাকে। তুল-কিএন,-কং-মু-নামক প্রাচীন চীনগ্রন্থে লিখিত আছে বে, সম্রাট্ অশোক বে আশী হাজার জুপ নির্দাণ করিরাছিলেন, তাহার 🛵 ভাগ চীনদেশে নির্ম্মিত হর, তন্মধ্যে মিং-চেউ (বর্তমান নিস্পো) নগরের স্থৃপই প্রধান। অপর পুত্তকে লিখিত আছে যে ২১৭ খুঃ পুঃ অব্দে ভারতবাসী সেন্-সি প্রদেশস্থ চীন-রাজধানীতে বৌদ্ধর্শ্ব প্রচার করিতে গিয়াছিল।

৬১ খৃষ্টান্দে চীনসমাট মিন্নটি অপ্নে বিদেশীর দেবমূর্বি দর্শন করিরা ১৮ জন ব্যক্তিকে ভারত হইতে বৌদ্ধাচার্য্য ও বৌদ্ধ-ধর্ম প্রক সংগ্রহ করিবার জন্ম প্রেরণ করেন। সেই দৃতগণ ভারতসীমার খেত অখারোহী ছইজন ব্রাহ্মণের সাকাৎ পান, তাঁহাদের সহিত দেবমূর্ত্তি, প্রতিমা ও অনেক ধর্মগ্রহ ছিল। ৬৭ খৃষ্টান্দে তাঁহারা চীনসম্রাটের সমীপে উপনীত হইলেন; তাঁহাদের সহিত ভারতবাসী কল্পমতক নামে এক বৌদ্ধ পণ্ডিত ছিলেন, তিনিই সর্ব্ধ প্রথমে চীনভাষার "বিচ্ছারিংশ স্থা" অম্বাদ করেন, চীনের পোরক নামক স্থানে তাঁহার মৃত্যু হর। ইহারই পর হইতে চীনবাসী বৌদ্ধর্মে আছা প্রদর্শন করিতে থাকে। খৃষ্টার বিতীর ও তৃতীর শতামে

খুটার ৪র্থ শতাব্দীর প্রারম্ভে বুরুজন নামে এক ভারতবাসী চীনদেশে গ্রন করেন, চীনের চৌ-রাজকুমার ভাঁহার নিকট দীক্ষিত হন এবং আপনার প্রজাবর্গকে বৌদ্ধর্শ্বে দীক্ষিত करतम । वोद्यक्ष धर्मभूखक मद्दगतन हीनवामीरक अरनक সাহায্য করিয়াছিলেন। ৪০৫ খুষ্টান্দে ভারতসন্তান কুমারজীব চীনসম্রাটের নিকট উচ্চ পদলাভ করেন, তিনি সম্রাটের আদেশে ভারতীর ধর্মপুস্তক অমুবাদে প্রবৃত্ত হন। প্রায় মাটশত বৌদ্ধ পশুত ভাঁহার মহাকার্য্যে বোগদান করিরাছিলেন। ৰন্ধ চীনসমাট্ও বহুতে প্রাচীন হন্তলিপি ধরিন্না পাঠ সংশো-কুমারজীবের অধ্যবসার ঋণে ৩০০ থণ্ড পুত্তক প্রস্তুত হইরাছিল। আজও চীনের বর্ত্তমান বৌদ্ধগ্রছে কুমারজীবের নাম প্রথম উচ্চারিত হইরা থাকে। তৎকালে कुमात्रबीटवत्र व्यत्र निवा का-श्त्रान् नारम अक हीनशतिबाखक ভারতবর্বে বৌদ্ধর্মপুত্তক সংগ্রহ করিবার জন্ত আগমন करतन । जिनि ४>४ शृंहोरम समाकृत्म कितिया भन ९ मन नारम এক ভারতবাসীর সহিত তাঁহার সংগৃহীত ধর্মপুত্তক সঙ্গনে ध्यंत्रेष्ठ हन । शतिरागरिव का-हित्रान् श्वक क्रमांत्रकीरवत्र व्यारमरण আপনার ভ্রমণ বৃত্তান্ত প্রকাশ করেন। তিনি ভন্ত নামক এক ভারতীরের সাহায্যে "অসংখ্যের বিনর" স্ত্রের অমুবাদও প্রকাশ করিরাছিলেন।

ভারতবর্ষীর বৌদ্ধান্থ চীনদেশে যতই প্রচার হইতে লাগিল, চীনের রাজা প্রজা লকলেরই বৌদ্ধার্শের উপর ততই অন্থ্রাপ্র বাজিতে লাগিল। সমাট্ট সংবেভির রাজস্বকালে (৪৩০-৪৩০ খৃঃ অনে) বৌদ্ধার্শের সমৃদ্দিদর্শনে নামাখান হইছে চীনসমাটের উপর সাধ্বাদ আলিতে লাগিল, ত্রাংগ্য আরম্ভ্রাজ শিববর্ষা ও ব্রেবন্দ নামে ভারতবর্ষীর জ্বাদ এক রাজার নাম চীন ইতিহাসে রক্তি আছে।

ভারতবারী চীনদেশে বিরা নামান্তানে বেছি-বেবার্থর স্থাপন করিতে থাকেনর এই সমন্ত্র থর্জনাকল নামে এক ভারতসভান "বিনরপিটক" অন্ত্রাদ করেন। ২৯ বাইছিল চু-সি-হিংনাবে একজন দ্রীন, ভংগরে চুক্ত-ক-লিং বৌদ্ধপ্রহ সংগ্রহের অন্ত ভারতে জাসিরাছিলেন। ধর্মমক্ষ নামে একজন বৌদ্ধানিই ভারত হইতে একথানি সংস্কৃত "নির্মাণ্ড্রত" গইরা গিলা-চীনদেশে প্রচার ক্ষেন। তৎপরে বৃদ্ধশা নামে এক ভারতসভান "মহাগম ক্রে" প্রভৃতি চীনভাষার প্রকাশ করেন। এতত্তির ধর্মনিকি, গ্রাপম্পদ্দেব প্রভৃতি ভারতীয় প্রভিত চীনদেশে পিরা অনেক শান্তীর গ্রহ চীনভাষার অন্ত্রাদ ক্ষিরাছিলেন। এই সমরে বশোহিত ও বৃদ্ধনিক্ষ সিংহল হইতে চীনদেশে গিরা অনেক ধর্মপ্রত প্রচার করেন।

<sup>(&</sup>gt;) Edkins' Chinese Buddhism, p. 93n; Indian Antiquary, vol XIII. p. 317n.

<sup>(</sup>२) "म वितारेकक हीरेमक वृक्षः आमृरक्तानिकासार्वस्य ।" (वातक स्वरूप))

<sup>(\*)</sup> Edkins' Chinese Buddhism, p. 83.

নির্বাচন করা করিব শেষভাগে ভারতে বেছিরার্কের ইপর
নির্বাচন আরভ হইলে বেছির্বাবিস্থাী অনেক ভারতসভান
হিমান্ত্রের সুবার তেল করিবা চীনরাজ্যে গিরা আশ্রন গ্রহণ
করিবাছিলেন। খুনীর বর্ত শভাকীর প্রথবে চীনদেশে প্রার
ভিনহাকার ভারতসভানের বাস হইরাছিল। ভারাদের
ভরণপোবণ ও স্থা কছেবের জন্ত বেই-রাজকুমার চীনের
নানাছানে মনোহর সভারাম নির্দ্ধাণ করিবা হেন। ৫১৮
খুটালে বেই-রাজ স্কল্-ব্নব্রে বৌদ্ধ ধর্মপ্রতক সংগ্রহের জন্ত
ভারতবর্বে পাঠাইরা দেন, ভারার সলে হেনই-সেং নামে এক
বৌদ্ধান্তকও আসিবাছিলেন।

८२७ थृष्टीएम माक्मिनाकावामी वृक्ष व्यक्तिमर्म व्योक्त्रभर्म প্রচারার্থ সমুক্রপথে কাণ্টন নগরে গমন করেন, তথা হইতে তিনি চীনসমাট বিরাংবৃতি কর্ত্ক আহুত হইরা নান্কিং নগরে রাজসভার উপস্থিত হন। কিন্তু তিনি সমাটের উপর विज्ञक रहेश लाग्रक चानित्रा > वर्षकान शान निमध चारकन । ক্রমে তাঁহার গুণের কথা চীনসমাট্ ব্রিতে পারেন, কিছ তিনি অনেক চেষ্টা করিয়াও আর বোধিধর্মকে আপন সভায় আনিতে পারিদেন না। হো-নানু ও শেন্দির মধাবর্তী हिष्ठेकत नर्साउ जिनि नर्मार्थनाञ करतन। স্থল-যুন ভারত হইতে ফিরিয়া আসিয়া বোধিধর্মের পুতদেহ टकान मिलाद दक्का कविवाद अछ नवाशाद्य गहेवा भारतन, কিন্তু পরে শ্বাধার খুলিলে বোধিধর্মের একপাটী পাছকা ভিন্ন আরু কিছুই পাওয়া গেল না, দেই পাছকা একটা বিহারে রক্ষিত হর, কিন্তু টোয়াংবংশের রাজন্বকালে সেই পাছ-कां उद कां था इ अवर्धि इहेन, किहरे जारात मकान পাইল मा।

৬২৯ খুটান্ধে বিধ্যাত চীনপরিবাজক হিউএন্-সিরং
সংস্কৃত পুস্তক সংগ্রহের জন্ত ভারতে আগমন করেন।
তল্লচিত সি-মু-কি নামক গ্রহে তৎকালীন ভারতবর্ধের নানাহানের আচার ব্যবহার, ভৌগোলিক ও ঐতিহাসিক অনেক
অত্যাবক্তকীর কথা লিপিবছ হইরাছে। তৎপাঠে প্রাচীন
ভারতের অনেক কথা আমরা জানিতে পারি। উক্ত চীনপরিবাজক সংস্কৃত পুস্তক সংগ্রহের জন্ত বেরপ অসাধারণ
পরিবাজক সংস্কৃত পুস্তক সংগ্রহের জন্ত বেরপ অসাধারণ
পরিবাজক কঠি শীকার করিরা ছিলেন, ভাহা ভনিলেও
আশ্বর্যাবিত হইতে হয়। বনেশ প্রত্যাগমনকালে তিনি ২২টা
বোটকে ৬৫৭ খানি প্রাচীন গ্রহ সংগ্রহ করিরা লইরা গিরাছিলেন। তক্তন্ত চীনপ্রাট্ তাঁহার সম্চিত অভ্যর্থনা করিরাছিলেন এবং তাঁহার বিশ্বত ব্রমণ বৃত্তান্ত লিপিবছ করিতে
আনেশ করেন। ইউএন্-সিরং স্বর্গন্ত ২৪০ খানি সংস্কৃত

বেছিতাছ ১৬৩৫ থতে বিশুদ্ধ চীনভাষায় অনুবাদ করেন। [হিউএন-সিয়া দেখা]

্রাষ্ট্রীর অন্তর প্রাক্তীর প্রোক্তালে কন্তুচির মন্তানপরী চীনবালীপন ভারতীর বৌদ্ধিবর উপর নাম্প্র আভাতার আরম্ভ
করিরাছিল। এই সমরে চীনদেশবালী হিন্দুপণ তথাকার
পঞ্জিকা সংশোধন করিতে নিবৃক্ত হন। কিছুকাল পৌতমশিক্তান্ত অনুসারে পঞ্জিকা চলিরা ছিল। কোচুক্তের ইভিবৃত্ত
পাঠে জানা বার যে টোরাংবংশের রাজ্জ্কালে (খুরীয় ৮ম
শতাকে) ভারতীয় বৌদ্ধান গুলুররাজ্যে হিন্দুপঞ্জিকা প্রচার
করেন। প্রভত্তির তংযুন, যু-শিরান্ প্রভৃতি প্রাচীন চীনমহাকোষে যে সকল বৌদ্ধশান্ত সক্লিত হইরাছে, তাহার
অধিকাংশই ভারতবালীর সাহায্যে লিখিত হয়।

একটা যুদ্ধমূর্ত্তির পশ্চাডাগ হইতে গৌতমসিদ্ধান্তের চীনাছুবাদ আবিদ্ধৃত হইরাছে, ঐ অন্থবাদের নাম কই-মুএন্-চন্কিং। ঐ প্রছে ভারতীয় অন্ধ্রপালীরও সংক্ষিপ্ত বিষরণ আছে।
গৌতমসিদ্ধান্ত ব্যতীত খুষ্টীর বর্চ শতান্ধীতে মলন্নবাসী দলুচি
কর্ত্তক ২০ অধ্যান্তে প্রন্ধান্তির (লো-সেন্-ভিএন্ বেন্),
চীনান্থবাদ তৎপরে গর্গসংহিতার ওভারতীয় অন্ধ্রশান্তের চীনান্থবাদ প্রস্তুত হইরাছিল। এই সকল অন্থবাদ দ্বারা অন্থমিত হয়
যে সেই প্রাচীনকালেও ভারতস্থান দ্বদেশে ভারতীয় বিভা
ও সভ্যতা বিস্তানে অপ্রস্তুর ইইরাছিলেন।

৮৬০ খুষ্টান্দে ইংস্থল চীনসাম্রাজ্যে অভিবিক্ত হন, তিনি বৌদ্ধগ্রন্থ প্রচারে বিশেষ উন্তোগী ছিলেন। তিনি সংস্কৃত ভাষার মূল গ্রন্থাদি পাঠ করিতেন, এবং সংস্কৃত অকরে লিখিতেন। ঐ সময়ে বোধিস্কৃতি নামে একজন বৌদ্ধাচার্য্য আসিয়া কএকথানি বৌদ্ধস্ত অস্থাদ করেন। টোরাংবংশের রাজস্বলানে অমোঘ (চীনভাষার পু-কুং) সিংহল হইতে চীনদেশে আইসেন। অসল মহাবান, ব্রদ্ধ, শৈব ও ধ্যানী বৃদ্ধমন্তাস্থলারী যে বোগাচার মত প্রবর্ত্তন করিরাছিলেন, অমোঘ চীনদেশেও সেই যোগাচার মত প্রচার করেন।

৯৫১ খুটাবে পশ্চিম ভারত হইতে সামন্ত নামে একজন সন্ধানী ১৬ পরিবারসহ চীনরাজসভার গমন করেন। ইহারই কিছুকাল পরে তৌ-যুএন্ নামে এক চীনবাজক ভারত-বর্ষ হইতে তালপত্রে লিখিত ৪০ খানি সংস্কৃত পুথি লইরা বান। তাহার পরবর্ষে (৯৬৬ খুটাকে) সন্তাটের আদেশ লইরা ১৫৭ জন চীনবাজক বৌদ্ধগ্রহ সংগ্রহের জল্প ভারতে আগমন করেন। ৯৮২ খুটাকে পশ্চিম চীনবালী একজন বাজক ভারতদর্শন করিয়া ভারতীর এক রাজার পত্র লাইয়া চীনস্ত্রাটের নিক্ট উপস্থিত হন। এ পত্রে ভারতের

ভৌগোলিক পরিচর ছিল। পর বর্ষে এক চীলসক্ষালী অমুক্ত পথে আসিতে আসিতে কথোজের নিকট এক ভারতবারীর দেখা পান ও তাঁহাকে চীনদেশে সইরা আসেন। চীন সম্রাটের আদেশে তিনি বৌদ্ধান্ত অন্তর্মানে প্রভৃত্ত ছন। পরবর্তী কএক বর্ষ ধরিরা অনেক ভারতসন্তান স্থলপথে ও জলপথে চীনদেশে আসিতে থাকেন।

অসীম কট ও দারুণ উৎপীত্ন সৃষ্ক করিরাও চীনদেশীর বৌদ্ধাণ বৃদ্ধদেবের জন্মভূমি দর্শনের জন্মরাগ পরিত্যাগ করেন নাই, চীনভাষায় সহস্র সহস্র বৌদ্ধগ্রন্থ অন্ধ্বাদিত হই মাছিল বটে, কিন্তু তথাপি তাহাদের ভারতদর্শন ও বৌদ্ধগ্রন্থ-সংগ্রহলিক্ষা এককালে তিরোহিত হয় নাই। খৃষ্টীর চতুর্দশ শতাব্দীর শেষভাগেও তৌ-বু নামে এক চীনঘান্ধক তাহার ভারত ভ্রমণ ও বৌদ্ধগ্রন্থ সংগ্রহের বিষয় লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। তাহার পরে আর কোন চীনপরিব্রান্ধকের নাম লিপিবদ্ধ নাই। তবে এখনও ক্টসহিষ্ণু কোন কোন চীনসক্রাদী ভারতে বৌদ্ধতীর্থ দর্শনে আসিয়া থাকেন, আময়া তাহার সন্ধান পাইরাছি।

অনেকে বলিয়া থাকেন বে ভারত ইহতে যে সকল বৌদ্ধ-গ্রন্থ চীনদেশে গিয়াছিল, তাহার অধিকাংশই পালি ভাষার দিখিত: কিন্তু তাহা প্রকৃত বলিয়া বোধ হয় না। এখনও নেপালে যেমন সংস্কৃত ও প্রাক্ত বৌদ্ধগ্রন্থ প্রচলিত আছে. ঐরূপ সংস্কৃত গ্রন্থ ভূরি ভূরি ভারতে প্রচলিত ছিল, চীনপরি-ব্ৰাজকগণ সেই স্কল সংস্কৃত ও প্ৰাক্কত গ্ৰন্থ চীনদেশে লইয়া वान (8)। हीनामाल मान्द्र ভाষার বিশেষ আদর ছিল, এখনও চীনের অনেক প্রাচীন বৌদ্ধদেবালয়ে দেবনাগর অক্রের লিপি ও সংস্কৃত ভাষায় ধারণী প্রভৃতি মন্ত্র প্রচলিত দেখা যায়। ভারতসন্তান চীনদেশে সংস্কৃত বর্ণমালা অমু-করণে চীনভাষায়ও ৩৬ ব্যঞ্জনবর্ণ চালাইয়াছিলেন, এখনও প্রাচীন চীন ধর্মপুস্তকে তাহার নিদর্শন আছে। এখনও বুদ্ধ বৌদ্ধযাক্ষকগণ সংস্কৃতকে দেবভাষা বোধে বিশেষ সম্মান করিয়া থাকেন। চীনেরই কোন ধর্মমত লইয়া এদেশে তল্লোক চীনাচারক্রম প্রবর্তিত হয়। ক্রেরামল, পক্তিনক্রম প্রভৃতি তল্পে চীনাচারের উল্লেখ আছে। [বৌদ প্রভৃতি শব্দে অপরাপর বিবরণ জ্ঞাইবা। ]

[ বহু ] চীনোদেশবিশেবৈাহিভিজ নোহত চীন-অণ্ ভত্ত লুক্। ২ চীনদেশবাসী। ভতা রাজা চীন-অণ্ পূর্কবিং। ৩ চীনদেশের রাজা। (ভারত ২০২৬৯)।

মহুর মতে চীনদেশীর ক্ষত্রির নৃপতিগণ সদাচারবিহীন ও

टबनवर्षिक हरेबा इरवस थाल हरेबाइस्न (4) 1:5 क्राइस्मान

"कार्गकी कीनबीनकम कानक्वारकाननम्बस्य ।" (जिन्छके)

েক্ছ কেছ বলেন বে, পূর্বকালে চীনলেনেই নর্বোৎকট সল কাপড় প্রস্তুত হইছ। এই কারনেই এলেশীর
প্রাচীন কবিগণ সক কাগড়কে চীনাংডক বা চীন বছ
নামে উল্লেখ করিতেন। ৫ ব্রীছিবিশেব, চলিত কথার
চীনা বলে। [ধার দেখা]৬ তত্ত, স্তাঃ৭ মুগবিশেব।
(মেনিনী) (ক্নী) ৮ পতাকা। (জিকাওণ) ৯ সীরক।
(রজমালা) (পুং) ১০ আচারবিশেব। তদ্রের মতে চীনবাসীগণের পক্ষে সেই আচার প্রতিপালন করা অবস্তুত কর্ত্বর।
১১ কর্পুরবিশেব, বাহা চীনদেশে উৎপর হয়। (রাজনিণ)

চীন—পার্বান্ত জাতিবিশেষ। স্থানভেদে ইহারা কিন্নামেও খ্যাত। পূর্ববঙ্গের শৈলভূমে, চীনদেশের পশ্চিমাংশে, অন্তম্ব ও কৰোজের প্রান্তভাগে এই জাতির বাস। মোটা-মোটা হিমানদ্রের উত্তর পশ্চিমাংশ হইতে নিগ্রেস্ অন্তরীপ পর্যান্ত প্রায় সকল স্থানেই এই জাতি বিভূত হইরা পড়িয়াছে।

উত্তরাঞ্চলে এই জাতি কিছু বেশী উগ্র ও অসভ্য, কিছু আরাকান-শৈলমালার পশ্চিম পাদদেশে ইহারা কতকটা সভ্য। বৃটীশাধিকার মধ্যে ইহারা প্রার শিষ্ট শাস্ত ও নিরীহ। ইহাদের কোন প্রকার লিখিত ভাষা বা নির্দিষ্ট শাসনপ্রণালী নাই। স্ব স্থ পরিবার মধ্যে পিতাই ইহাদের সর্ব্বময় কর্তা। ইহারা ভ্রমণশীল; শীকার ও তৌক নামক ক্ষমিই ইহাদের প্রধান উপজীবিকা। ইংরাজ-অধীনে অনেকে স্থানী হইয়া পড়িয়াছে ও ধাস্থানি চাষ করিতেছে।

কর্ণেল ইয়্ল সাহেব এই জাতিকে কুকী নাগাদিগের মত ইন্দুচীনবংশীর বলিরা স্থির করিয়াছেন। আরাকানের চীনেরা বলে যে তাহারা আরাকাণী ও ব্লদিগের এক জাতীর, ঘটনা-বৈচিত্রে ইহারা গিরিজঙ্গলে পরিত্যক্ত হর এবং জাতীয় সৈনিক ধর্ম পরিত্যাগ করিয়া বর্তমান অবহা প্রাপ্ত হইরাছে। আবার কাহারও মতে ইহারা করেণজাতির এক শ্রেণীভূক্ত।বাহা হউক নির্জন বনভূমে ইহাদিগকে প্রকৃতির শিশু সর্জ্ঞার প্রতিমূর্ত্তি বলিয়া বোধ হয়। ইহারা সহজে কোন পাপকার্য্য করিতে চাহে না। একবার যদি কেহ কোন দোষ করে,

<sup>(\*)</sup> Rev. J. Edkin's Chinese Buddhism, p. 400-412.

<sup>(</sup>e) "ননকৈণ্ট জিলালোপানিমাঃ ক্ষবিম্লাভনঃ। বুৰলকং পতা লোকে ব্ৰাক্ষণাদৰ্শনেমচ । ৪৬ । পৌলুকা শ্টোডু জ্বিড়াঃ কাছোলাব্দনাঃ শকাঃ। পান্নবাং শক্তবাশ্টীনাঃ ক্ষিয়াকাল্যকাঃ ধ্ৰণাঃৰ ৪৫ । (মৃত ১০ ক্ষরাল্য

্ত কৰে নকে নিৰ্মান নিৰ্মান কিবাং নাগায়াৰণ ও ছৰ্মান ক্ৰিয়া উঠে, নহজে কেছ ভাষাকে নিয়ম্ভ ক্ষায়েত পায়ে নাগায়েত বাং

চীনদিগকে ক্রেমিড ঠিক অক্ষরানীর বত। আহারা একবন্ধ কাশক কোনরে জড়াইরা রাখে, কিন্তু বনি ভাহারা কাতীর বোরাক ছাকিরা কোন একের মত পোরাক পরে, তাহা কইলে আর ভাহাকে চীন কলিয়া চেলা যার না। কেবল গারের উত্তীর ধারেই ধরা গড়ে।

কেহ কেহ শার বন্ধনাবার কথা কহিতে পারে; ভাহা-কের ধর্মের কথা কিজানা করিলে বলে যে তাহারা একারাত্র ভগরান্ গৌতমের উপানক। ভাহারা অগতের ক্রই ও বিধাতা একমাত্র ক্ষান্তকে স্থীকার করে, কিছ কথন তাঁহার পূজা করে না। ইহারা থাঙ্ নামক ক্ষরা হিরা "নাট" নামক উপদেবগণের পূজা করে। ভাহারা করে বে নাটেরাই সকল প্রকার অনিষ্টের মূল, থাঙ্ পাইলে ভাহারা ভৃত্ত হর ৮

চীনমাত্রেই খাঙ্ থাইতে বড় ভালবানে, সকল উৎসবে খাঙ্ না হইলে চলে না। কিন্তু বেশী খাঙ্ খাইলে কড়ই মাজাল হইরা পড়ে।

ইহাদের কুমারীগণের উপর ভাতারই কর্ত্ত্ত্ত্ব চলে। প্রাতার ইছার চীনকুমারীর বিবাহ হর। পিতা মার্ডার ভাহাতে কোন কথা কহিবার জোনাই। করা অন্ধিরামাত্রই ভাহার এক ভাতা তাহার রক্ষক স্থির হর। প্রাতা না থাকিলে তাহার পিদ্তৃতা বা খুড়তুতা ভাই ঐ ভারপার। বিবাহের সমর বর্ষকে ঐ ভাতার মত লইতে হর, বিবাহের পরও বর ভালককে সমধিক সন্মান দেখাইতে বাধ্য। যদি কোন সমর কেহ শক্তরালরে ভালকের সহিত দেখা করিতে হার, তবে ভালককে দিবার জন্ম তাহাকে থাও সলে লইয়া ঘাইতে হয়।

কাহারও মৃত্যু হইলে মহা ধুমধাম পড়িয়া যায়। গুইছের অবস্থায়ুসারে আজীয় কুটগদিগের ভোজের জন্ম মহিব, ব্ব, শুকর ও নানাপ্রকার পাণী মারা হয়। শবের সহিত একটা মূরগী দের, শবের অলে সেই মূরগীর একটা পা বাঁধা থাকে। পরে ঝোলা করিয়া শব লইনা গিরা লাহ করে। লাহান্তে মূতের অন্থিপিন লইয়া খাঞ্জরার ধুইরা হলুল মাধাইয়া এক বংসরকাল এক পালে রাখিয়া দের, অওপরে সাধারণ সমাধিস্কানে আনিরা দেই অন্থিপনি প্রোথিত করে।

বরংপ্রাপ্ত হইবার পরেই মীনরদন্তিগণ কালকেথাকারে উত্থী কাটিছা রুখ চালিরা কেবে, ভাহাতে ভাহানিখনে এক কিছুও কিয়াকার মেধার। কেন বে ভারারা এক্স উত্থী কাটে, কেব ঠিক করিয়া বলিছে প্রবে নাম ক্ষেত্র বলে সে কুখে এরুপে উত্থী কাটা থাকিলে অধ্যাভাষীর কোন প্রকে ভাষাকে ভাগ- বানিতে চাক্ত না । সাবার কেন্দ্র নিলে বে এরপ চিন্তিত বানিতে সপর লাতি লইবানেলে নীরই ধরা পড়ে। চীনলাতির নথ্যে সর্বাহাই এই প্রথা প্রচানিত সাহে; তকে বৃচীপানিকার বজোনভাতার বাজানে উনীর ব্যবহার কিছু ক্রিয়া আনিছেছে। ক্রমতার ও আরাকানে সক্রেন লক্ত চীনের বাস আছেছ। চীনক ( ফ্রে.) চীন বাহর্য-কল্। ১ বাছনিতার । চলিত কথার চীনা বহনা। পর্যার কাক্তল্য

"প্রেরনবোহদোরাক কোরদ্বাং ব চীনকার।"(বিষ্পুণ্ডাভাং১)
ইহার জন-শোবক, বার্র্রিকার, পিডরেমদাশক ও
কক। (রাজবল্লচ) ২ কলুনী। [কলুনী দেখ।] ত চীন
কর্পুর। (রাজনিশ) [বহু] ৪ চীনদেশবাদী।

"স্থ স্কানকাংশ্চ বাদাংশ্চ নিষ্ধান পুঞ্ চীনকান।" (ভাগ্চাচাচ্চ) ही नकर्मुद्र ( पूर् ) ही ननामकः कर्म् इः मश्रात्वाः । कर्म् इतिरागर । পর্য্যায়-চীনক, ক্বজিম, ধবল, পট্ট, মেঘসার, তুরার, শীপ-कर्णातवा। देदान चण-कट्टे, जिला, उक्त, जेनर मैळान, कश्च. क्रिक्रांव ७ क्रमिमानक, स्मरा ध्वर नविकः (ब्रोक्सिः) চীনজ্ঞ ( क्री ) চীনে স্বায়তে চীন-সন্ত। ১ তীক্সলোহ, ইম্পাৎ। ( ब्राव्यनि ) ( ब्रि ) २ छीनजाज, याहा हीनरक्टन जेश्नज इस । চীনতাতার, চীনসমাটের শাসনাধীন ভূকিস্থানের পূর্বভাগ। ইহার তিনদিকে উচ্চ পর্বাভাশেশী অবস্থিত, কেবল পূর্বাদিকে ন্মতৰ ক্ষেত্ৰ গোৰি নামক মক্ষ্ডমি পৰ্য্যন্ত বিভুক্ত আছে। উদ্ভব্নভাগে থিয়ান্শান পর্বত এই বেশকে কলেরিয়া হইতে, এবং দক্ষিণে কারাকোরন্ ও কিয়ুন্নন্ পর্মত ইহাকে ভারত-বর্ষ হইছে পৃথক করিতেছে৷ পর্বাতের উপত্যকা সকলের ভূমি কৰ্দ্দময়, কিন্তু মধ্যভাগ বালুকাপূৰ্ণ। এখানে বৃষ্টি অতি বিরল, তজ্জার বায়ু অতি প্রথর। ইহার জলবায়ু স্বাস্থ্য-क्र ७ माजिनी छाक । धनि मक्त वर्न, जाब, नवन, शक्क · ८ क्या वर्ष मन्त्र भाषता साह । अधारत हेसकल, कामसर, ধোতন, আৰু, ইয়ান্দিসর এবং উষ্টাভান এই ছয়টা নগর আছে। ধোতন নগরে পূর্বে ভারতবর্ষের সহিত বিস্তীর্ণ বানিজা হইত, এখনও তথা হইতে উণা, বনাত, চৰ্ম ও চিনি আমদানি इक् । अधियानिश्रण अविदक्ष पुननमान । छनविश्य भणानीव एक छाटक क्विका देशांत्र देनि धारम् ७ कुम्स्का गर्क कर कतिका नवेकारक।

প্রধানক কুর্ক বা জাতার কাজিল আবাসকান বনিয়া প্রদেশের নার জুর্কিকান বা জাতার হইলছে । পশ্চিমের উচ্চ ভূমিতে বাহারা বাস করে, তাহারা বির্থিক-জাতার নারে অভিহিত। ইহারা এক ছাবে হারী নহে। ইহারা ধর্মারুক্তি, কিছপ্রিমাণে বিভিন্ন হুইলেও, আতারকানীরের ्रवारा ्कृक्काना धार्मिक । धार धार्व नकानर वृत्रनमानः ः वर्त्रायगरी । [ তাতার দেশ ) ]

বর্ষাবলন্ধী। [তাতার দেখা]

চীনপত্তি (পুং) চীনদেশে উৎপন্ন পত্ত বন্ধা।
চীনপত্তি (পুং) চীনদেশে বান্ধা। ২ অনপদ্ধিশেষ।
চীনপত্তিন, মাজাজের আর একটা নাম। ১৯৯৯ বৃঠাজে মার্চ্চ
মানের প্রথম দিনে, ইংরাজগণ এখানে একটা কেলা নির্বাণ
করিবার অন্ত বিজয়নগরের রাজবংশীরের নিকট হইতে
অনুমতি প্রাপ্ত হন। এই আদেশপত্তে লেখা ছিল, বে
নগর ও কেলা নির্দ্ধিত হইবে তাহা শ্রীরঙ্গরার-পক্তন নামে
অতিহিত হইবে। কিন্ত ছানীর শাসনকর্তা দ্বিরুল।
বেকটালি নারক ক্রান্থি,স্তে সাহেবকে জানাইরাছিলেন বে,
তাহার পিতা চীন-আগ্লার নামে এই ছান প্রসিদ্ধি গাভ
করিবে, এই জন্ত মাজাজ প্রদেশবাসীগণ ইহাকে চীনপত্তন

চীনপিষ্ট (ক্লী) চীনক সীসকক্ত পিইং ৬তং। ১ সিন্দ্র-বিশেষ, চলিত কথার চীনের সিন্দ্র বলে। চীনং পিইমিব। ২ সীসক। (রাজনিং)

. বলিয়া থাকে। [মান্তাক ভ্রন্টব্য।]

চীনরাজপুত্র (পং) > রাজপুত্র। হ নাসপাতি গাছ।
চীনবঙ্গ (ফ্রী) চীনভবং বলং মধ্যলোং। সীসক।
চীনা (চীন শক্ষ) > চীন দেশীর। ২ ধাছবিশের।
চীনাংশুক (ফ্রী) চীনোংশরমংশুকং কর্মধাং। পট্টবন্তবিশেব।
চীনাংশুক (ফ্রী) চীনোংশরমংশুকং কর্মধাং। পট্টবন্তবিশেব।
চীনাংশুক মিবকেতোঃ প্রতিবাতং নীরমানছা। (পাকুস্তুল > অরু)
চীনাক (পং) চীনং চীনাকারমকতি অক-অণ্। কর্পুরবিশেব।
চীনাকসংজ্ঞঃ কর্পুরঃ করুকরকরঃ মৃত্য।" (ভাবপ্রকাশ)
ইহার শুণ—কন্দ, কুর্চ, ক্রমি ও বিবনাশক এবং ভিক্তরসমূক।
চীনাকর্কটী (ল্রী) চীনমিব স্বাহঃ কর্কটী কর্ম্মধাং প্রোলরাদিঘাং দীর্ঘঃ। চিত্রকৃতপ্রদেশপ্রসিদ্ধ কর্কটীবিশেব, রাজকর্কটী। হিন্দীতে চীনা ও রাচ্চদেশে বাধারী বিলে। পর্যায়—
স্বাভক্কটী, স্থাপান, রাজকলা, বালা, কুলকর্কটী। ইহার

চীনাচন্দন, একপ্রকার তরত পকী। ইহার চূড়া ক্রে। ইহার উপর অংশ চূড়াসহ ঈবৎ কপিশ পীতবর্ণ। কিন্তু ইহাতে লয়ালয়ী কাল কাল ডোরা আছে। ইহার প্রুদেশ অধি-কাংশ লালচে রং, বক্ষহলে কএকটা কালডোরা এবং ঠোট কটা। ইহার চূড়াতে অন্তান্তহান অপেকা লয়া লয়া পালক আছে।

খণ-ক্চিকর, শীতল, পিত্ত, লাহ ও শোধনাপক, মধুর

ও তৃপ্তিকর। ('রাজনি')

এই পক্ষী দক্ষিণ ভারতে দেখা বার, তবে কর্ণাটক দেশে অতি বিরল, দেখানকার লোকে ইহাকে পিঞ্জনবদ্ধ করিরা রাধে। এই প্রাথী মধুরখনে গান গার এবং নানাআকার কৌতুক করিরা লোককে হানার।

চীনানাটী, চীনবেশলাত বৃদ্ধিকা। চীন ভাৰাৰ ইহাকে কেওপিন্ করে। এই বৃদ্ধিকার শতকরা নিলিকেট অলাইড
৪৬-৪ ভাগ, আগ্রিনান অলাইড ৩৯-৬৮ ভাগ ওবল ১৩-৯২
ভাগ থাকে। চীনের কিং-ভি-চীন্ পর্বাতে এই বৃতিকা
বিতথ অবহার পাওরা বার, তগল্লসারে ইহাকে কেওলিং
অর্থাৎ উচ্চ পাহাড করে। নানারপ উভিজ্ঞ ও আকরিক
ধাড়ুর্ম নিশ্রণে ইহার গুণের তারতম্য ঘটে। বাসন
প্রান্তত করিতে বিভন্ধ চীনমৃত্তিকাই উৎক্রই। হিলুগণ
একবার ব্যবহৃত মৃৎপাত্র পুনরার ব্যবহার করে না বলিরা
ভারতবর্বের কুন্তকারগণ চিক্রণ ও স্কর্মর নাটার বাসন প্রস্তুতে
বন্ধ করিত না। সম্প্রতি মধ্যপ্রাদেশ ও বাঁকুড়া জেলার
চীনা নাটার সদৃশ একরপ শালা নাটী বাহির হইরাছে,
রাণীগজের বারন্ এপ্ত কোং উহা হারা বহুতর সামগ্রী প্রস্তুত
করিতেছেন।

চীনা-বাসন, চীনমাটা নির্দ্ধিত চিঙ্কণ ও দৃঢ় বাসন। ইহাকে সচরাচর এদেশে কাচের বাসন কহে। চীনদেশে ইহা সর্ক প্রথম প্রস্তুত ও তথা হইতে অপরাপর দেশে নীত হর বলিরা ইহাকে চীনাবাসন কহে।

চীনাবাক্ত্রী (দেশজ) বৃক্ষবিশেষ, (Triphasia aurantiola) ইহার ফল অতি সদগন্ধযুক্ত।

চীনাসিন্দুর (দেশৰ) একপ্রকার সিন্দুর। এই সিন্দুর প্রথমে চীনদেশ হইতে আনীত হয়।

চীনি, পঞাবের বশহর জমিদারীর অন্তর্গত একটা প্রাম। অক্ষাণ ৩১° ৩১ উ:, জাবিং ৭৮° ১৯ পূং। একটা অত্যুক্ত পর্বতের দক্ষিণদিকের উপত্যকার শতক্র নদী হইতে প্রার ১ মাইল দ্রে অবস্থিত। নদীগর্ভ হইতে ইহার উচ্চতা প্রার ১৫০০ ফিট, সর্স্রপৃষ্ঠ হইতে উচ্চতা ৯০৮৫ ফিট। পর্বতনিংস্ত বছসংখ্যক নির্বরিণী চীনিবাসীদিগকে জলদান করে। ইহার চতুর্দিকে প্রাক্ষাকানন। প্রাক্ষাই অধিবাসীদিগের প্রধান খাছ। অধিবাসীগণ বৃহৎ বৃহৎ কুকুর খারা ভর্ক তাড়াইরা প্রাক্ষাকরে। এইছানে লর্ভ ভালহোসীর অতি প্রির শৈল-নিবাস ছিল।

চীনী (চীন শক্ষজ) কলগীবিশেষ, ইহার কল খাইতে মিট।
চীনীগোড়ানেবু (দেশজ) একপ্রকার স্থমিট গোড়ানেবু।
চীপুরপল্লি, মাজাজ আনেশের অন্তর্গত বিশাখণতন জেলার
একটা জমিদারী। ইহার মধ্যে একটা পরিপ্রাম আছে।
পুর্বে ইহা গাঁচদারকা জমিদারীর অন্তর্গত ছিল।

ही ज ( जी) कित्नाकि आहर्रगाकि हिन्तन् गीर्चक। (अनिविधीनार गीर्चक। छन् शर्दक) > यञ्चक, सामि।

"डीज़ानि किर नाप में गाँख निमांख क्रिकार।" (क्रांगवंक शशह)

ং বৃক্ষাক্, বৰুল। ( ক্তৃতি ) ত'গোৰ্জন। জ বল্পবিশেষ।
"চীরবাস্থাবিজ্ঞাহরণ্য চরেদ্ ক্ষমহন্যাক্তিব।" (রন্থ ১১।১০১)

क द्वांचावित्तव । (द्वांचिती) ७ वज्ञ । १ हुए।।

শ্চীরাণীৰ ব্যুদভানি রেভ্তত্ত মহাবনে।" (ভারভ ৩।১১১।৪৯)

৮ সীসক'। (হেম') ৯ লিখনবিশেষ, চীরকুট। (শ্বাধচিন্তামণি।)

চীরক (পুং) চীর-সংজ্ঞারাং কন্। > বিজিয়ালেশ, বিকার লেখন, বাহাতে বিক্ত লেখা থাকে। (বিখ°) (ক্লী) চীর স্বার্থে-কন্। [চীর দেখ।]

চীরগাঁও, উত্তরপশ্চিম প্রদেশের অন্তর্গত ঝাঁসি জেলার একটা নগর। অকাং ২৫° ৩৫´ উঃ এবং দ্রাবিং ৭৮° ৫২´ পূ:। ইহা ঝাঁসি হইতে ১৮ মাইল উত্তরপূর্ক এবং মোথ হইতে ১৪ মাইল দক্ষিণপশ্চিমে। কাণপুরের অভিমুথে বে রাস্তা গিরাছে, তাহারই উপরে এই নগর অবস্থিত। এই স্থানটা এবং আরও ২৫টা গ্রাম পূর্কে বুদ্দেলার একজন ঠাকুরের অধিকারে ছিল। ১৮৪১ খৃষ্টাব্দে এখানকার অধিপতি ভক্ত-সিংহ বৃটীশ গবর্মেন্টের বিপক্ষতাচরণ করার তাঁহার হুর্গ ভূমিসাৎ, তাঁহাকে অধিকার চ্যুত এবং অবশেষে তাহার প্রাণবধ করা হর।

চীরপত্তিকা (জী) চীরমিব পত্তমস্থাঃ বছবী, কন্টাণি অভ ইত্ঞা। চঞ্পাক। (রাজনিং)

চীরপর্ণ (পুং) চীরমিব পর্ণমন্ত বছরী। শালরক্ষ। (রাজনিং)
চীরনিবস্ন (পুং) চীরং নিবসনং বস্তুং বত্ত বছরী। ১ দেশবিশেষ। কুর্দ্মবিভাগে ঈশানকোণে এই দেশের উল্লেখ
দেখিতে পাওয়া বার। "পৌগুকচীরনিবসন্ত্রিময়ত্তমুঞ্জাত্তিগন্ধর্বাঃ।" (বৃহৎসং ১৪।০১) [বছ] ২ তদ্দেশবাসী। ০
সেই দেশের রাজা। (ত্রি) চীরং নিবসনং বস্তুমক্ত বছরী।
৪ চীরধারী, বে ছিল খণ্ড বস্তু পরিধান করে।

हीत्रख्यखी (खो) खोत व्यार्थ खिनी।

हींत्रक्ति (ग्रः) शक्तिवित्भव।

"ধাররেদপি জিব্বাশ্চ চাব চীরব্রি সর্পজাঃ।" (কুঞ্জত ১।৩১ জঃ) চীরীব্রি শক্ষণ্ড এই অর্থে ব্যবহৃত।

চীরবাসস্ (অ) চীরং বাবোৰত বছত্রী। বে জীর্ণ বত্র পরিধান করে। (পুং) ২ শিব। ৩ বন্ধ।

চীব্লি (আ) চি বাছদকাৎ কি দীৰ্ঘণ্ট। ১ নেআংশুক। (শৰুরত্বাশ) ২ বিলিকা। ৩ কছেটিকা। (শৰাৰ্থচিশ) টীবিকা (ত্রী) চীরীতি কারভি পদারতে কৈ-কটাপ্। বিলিকাঃ (ত্বে।)

চীরিণী (ত্রী) বৈবসত মহর তপভাষানের নিকটবর্জী বদরী ক্ষেত্রত্ব ননীবিশেব। "তং কদাচিং তপভাষনাক্রটীর ক্ষচীধরং। চীরিণীতীরবাগম্য মংভো বচনমত্রবীং।" (ভারত অ১৮৭ জঃ) চীরিত (ত্রি) চীরং জাতমত চীর-ইতচ্। বাহার বহল ক্ষমিরাহে। চীরিত চহলা (ত্রী) চীরিত চীরবদাচরিত হলো দলং বভাং বহুত্রী, টাপু। পালহাশাক। (ভাবপ্রাং)

চীরিন্ (এ) চীরমভান্তি চীর-ইনি। চীরব্ক বাহার চীর আছে। চীরী (ত্রী) চীরি-ভীব্। কছাটকা,। ঝিরী। (হেম\*) চীরীল্লি (ত্রী)[চিরলি দেখা]

চীবীবাক (পুং) চীরীতি শব্দো বাকো বাচকোহন্ত বছবী। কীটবিশেষ। মন্ত্র মতে লবণ হরণ করিলে পরক্ষমে চীরী-বাক যোলি প্রাপ্ত হয়।

"চীরীবাকল্প লবণং বলাকা শকুনির্দি।" (মন্থ ১২।৬৩) 'চীরীবাকাধ্য উচ্চৈঃ শ্বঃ কীটঃ।' (কুলুক্)

চীরুক (ক্লী) চী ইতি ক্লখা রোভি ক্ল-ক। > কলবিশেৰ, চলিত কথার 'টেউর' বলে। ইহার গুণ—ক্লচিকর, নাহজনক, কফ গুণিভবৰ্দ্ধক এবং অন্নরস। (রাজবদ্ধত)

हीर्न ( ত্রি ) চর-নক্ প্ৰোদরাদিশাদতইশং। ১ ক্বত । ২ শীলিত। ( ত্রিকাশ্তণ) ৪ বিভক্ত । ্ধ সম্পাদিত।

"চীৰ্ব্ৰজানশি নদাঃ কৃতত্ব সংহিতানিমান্।" (ৰাজ্ঞব্ছ্য) ভ বিদায়িত।

চীর্ণপূর্ণ (পুং) চীর্ণং বিদারিতং পর্ণং বক্স বছত্রী। ১ নিমগাছ। ২ পেঞ্র গাছ। (মেদিনী)

हील (प्रमंख) भक्नीवित्मव। [ हिन प्रथ।]

চীলিকা (ত্রী) চীতি শব্দংলাতি লা-ক টাপ্-অত ইছং বহা চীরিকা প্ৰোধরাদিষাং রেকস্ত লকার:। বিদ্ধিকা। (পক্রছাণ) চীল্লক (পুং) চীদিতি শব্দং লক্তি লক-অচু প্ৰোদরাদিষাং সাধু। বীল্লিকা। (শব্দর্যুণ)

চীবর (রী) চীয়তে তঙ্ভিঃ চি-বরচ্ নিপাতনে সাধু (উপ্ থান) ১ বোগী বা সন্মাসীরা যে জীর্ণ ও ছিন্ন বন্ধ পরিবান করে, ডিক্সুপ্রাবরণ। (উক্ষাসম্ভঃ)

"কৌশীনাচ্ছাদনং ৰাচবভাবদিচ্ছেচ্চ চীবরং।" (ভারত ১।৯১।১২)

২ বৌদসন্মানীদিগের পরিচ্ছদের একটা অংশ। ইহাদের পরিধের হুইভাগে বিভক্ত-উপরকার ভাগকে চীবর ও নিমের অংশকে নিবাস বলে।

চীবরিন্ (পুং) চীবরমত্যত চীবর-ইনি। > ব্ছভিক্ক।
(ত্রিকাওণ) ২ ভিক্ক।

চুজা (বেশল) ১. একপ্রকার কুত্রগাছ। ২ ইকুর। ০ কর্মনি ত্রব্য ভেদ। ৪ ঔষধ সভাবিশেষ।

हुआंन ( तमक ) कर्न, नवन, निःमझन ।

ह हैं हम ( तम्ब ) हांड वा ना कांडा ।

कृ कि (इक्तनक्क) [इक्क त्रथा]

চুঁচুড়া, হগলী জেলার একটা সহর। এই সহর হলনীনগলের
কিছু দক্ষিণে জানিরধীর পশ্চিমকুলে অবন্ধিত। অক্ষা ২২°
৫০′০″উ:, জানিঃ ৯৮° ২৬′৪٠″ পু:। একদে চুঁচুড়া হর্মলী
মিউনিরিগাললিটার অক্ষাত হইবাছে। খুলীর ১৭শ শতাবীতে
ওলন্দালগণ এই নগরে উপনিবেশ সংস্থাপন করে। ১৯৫২
খৃ: অবা পর্যান্ত এই নগর উহানিগেরই অধিকারে থাকে,
পরে ঐ বংসর ইংরাজনিগকে অর্থিত হর। পূর্ব্বে এই স্থানে
আত্র কেনানিবাস ও ইংলওমাত্রী কিলা ইংলও হরতে
আগত সেনানিগের থাকিবার আডডা ছিল।

চুক (দেশৰ ) > শক্ত থোড়্। (হিন্দী) ২ ভূল। (চুক্রশবন্ধ) ৩ টক্, অমরস।

ছুক্র (দেশৰ) ১ ভূলন, এমে পড়ন। ২ পরিশোধ। ৩ নিশা-দন। ৪ নির্দারণ।

চুক†লি (দেশজ) নিন্দা, অপবাদ, কোন ব্যক্তির অপকার উদ্দেশে গোপনে গোপনে তাহার নিন্দা করা।

চুকপালক (দেশজ) সমন্ত্রস্থিশিই এক রক্ম শাক, ইহার অপর নাম টক্ পালক, ভারতবাসী অনেকেই ইহা থাইতে ভালবাসে।

চুকানিয়া ( নেশজ ) বে কার্য্যের পারিশ্রমিক পূর্বেই নির্দ্ধারণ করিয়া দেওয়া হয়।

চুকে ( कि-वि ) ज्लक्ता।

চুক্কার (পুং) চুক্ক ভাবে আচু চুক্কং পীড়নং আরাজি সম্যক্রণাভি চুক্ক আরাক। সিংহ্নার। (বিকাশ্রে)

চুক্চুক্ (দেশজু) > জরে জরে ছ্রাদি পাদ করিবার দব্দ।
২ বালকের ভঞ্জ পান করিবার শব্দ।

চুক্তি (দেশক) ১. নিরম, সমাধান। ২ কার্র্যের পারিশ্রমিক সম্বন্ধে প্রকৃতি কে নির্মান্ত করা হয় ভাষাকে চুক্তি বলে।

চুক্তি আইন, চুক্তিবিবরক আইন। ইহা সংগ্র বালের ৯ আইন বলিরা পরিচিত। ঐ সালের ২০০০ এনিক আরিবে এই আইন গবর্গর ক্লেন্ডেরের অহমেনিক হর এবং ১৮৭২ সালের ১লা রেপ্টেরর হবকে ভারতবর্গর ইংরেরাবিরত প্রদেশসমূহে প্রচণিত হইরাছে। কোন প্রকৃতির বাজির করিছে বা ক্রিডে আইন-সঙ্গত বে অলীকার, তার্কে ছুক্তি করে।

कृष्णि नाणीव नव्हान बाहनिक किया निविद्ध विकार वर्षेटक शांदा। दाचारेनि तिकृत कर् कार्यन्त्रभूक्त, क्रवत्रक्षि क्रक, क्षकाश्यादात्र। किया विक्रकारि वाकित वर हुकि वारा जानाग्रह जवाद । ह्रकित अवधे पर्क दर्जादेनि रहेरन সম্ভ কর্ম বাভিদ হইন। আন। কোন কনিন্দ্রিভ ভবিনাৎ यम्बाक कृष्टिक अनिनिष्ठ (Contingent) कृष्टि करह । এইছপ চুক্তির উল্লিখিক ভবিষ্যাৎ ঘটনা না ঘটনে কিবা উহার क्रमा जनस्य ना रहेरन कार्याकारी वा वालिक इस ना। क्र ঘটনা বলি একবারেই অসম্ভব হর, ভবে উভর পক্ষ জাসুক আরু না ভাছক চুক্তি বাতিল হইবে। পরকার কোন কাৰ্ব্য করিতে উভন্ন পক্ষ চুক্তি করিলে প্রভাবে পক্ষকে চুক্তির লিখিত অজীকত কার্ম্য করিছে বা করিবার জঞ্চ প্রান্তাৰ করিতে হইবে। স্পাষ্ট চুক্তিভক্ত প্রতিপর না হইলে কোন ব্যক্তির মৃত্যু হইলেও ভাহার উভরাধিকারীকে চু कि इ वर्ष भागन कतिएक श्रेट्य । इरे या जरकाधिक राजि কাহারও নিকট মিলিভ চুক্তি হারা আবদ্ধ হইলে প্রত্যেকে অপর সকলকেও চুক্তির লিখিত স্বর্ভ পালন করিতে বাধ্য করিতে পারে। যখন চুক্তির এক পক্ষ নিম্বস্থর্জ পালন করিতে সন্মত না হয়, তথন অপরপক্ষকে নির্দিষ্ট শর্জ পালন করিতে হর না। উভরের সন্মতিক্রমে কোন চুক্তি পরবর্তী চুক্তি ছারা রহিত বা পরিবর্ত্তিত হইলে পূর্কবিতী চুক্তির নিয়ম পালন করিতে হয় না। উন্মন্ত বা আতুর ব্যক্তিদিগের প্রতি-পালনাদি বিষয়ে প্রকাশ চুক্তি না থাকিলেও চুক্তি উহ থাকে এবং আইন মতে বাধ্য না হইলেও অম্ব কেহ এরূপ बाकरक প্রতিপালনাদি করিলে উহাদের সম্পত্তি হইতে থরচ পাইতে পারে।

চুক্তির উল্লিখিত অর্থ জন করিলে ক্ষতিগ্রন্ত পক্ষ অপর পক্ষের নামে আলাকতে ক্ষতিপুরণের নালিশ করিতে পারে, কিছু ঐ ক্ষতি প্রোক্ষ বা অন্ত কারণ সমূত হইলে হইকে না।

কেহ কোন নির্দিষ্ট পরিমাণ কর অপর ব্যক্তিকে বিক্রম করিতে বীকার করিলে তাহার আংশিক বা প্রামৃত্য লইলে চুক্তির নিরমায়সারে সে ঐ বন্ধ আর অপরকে বিক্রম করিতে পারে না। চুক্তিতে বিজেতাকে নিক্রেম কর বিক্রমেনায়কালী করিবা দিবার কথা থাকিকে, বতনিন উহা সম্পন্ন না হর, কেতা ঐ বন্ধ লইছে বাধ্য নাক্ষ। চুক্তি ধার্যা ক্রমেনা কেতা ক্রীক বন্ধর লাক্ষণোক্রমানিক হর। বিক্রেম বন্ধ বিক্রেমার ক্রমিকারে না থাকিকেও উহা বিক্রেমার চুক্তি হইতে থাতে। বিক্রেমার চুক্তি হইতে থাতে। বিক্রেমার চুক্তি হইতে থাতে। বিক্রমার বিশ্ব বাধ্য। চুক্তিতে

বিশেষ কিছু উলেখ না থাকিলে বিক্রের বস্তু বিক্রের কালে বধার থাকে, সেইস্থানেই ক্রেভাকে লইতে হয়। বদি বিক্রের কালে ঐ বস্তু প্রস্তুত না থাকে, তবে বেখানে প্রস্তুত হয় ক্রেভাকে তথার লইতে হয়। চুক্তিতে বিশেষ নির্দিষ্ট না থাকিল বিক্রেভা সমস্ত মৃল্য না পাওরা পর্য্যস্ত আটক রাখিতে পারে।

কেহ কোন বন্ধ অঞ্জের নিকট গচ্ছিত রাধিলে রক্ষক ঐ বন্ধর যথোচিত বন্ধ লাইতে বাধ্য । যথোচিত বন্ধ অন্তেও ঐ বন্ধর ক্ষতি হইলে যদি চুক্তিতে অঞ্চথা কিছু উল্লেখ না থাকে, তবে রক্ষক দারী হইবে না । যে বন্ধ যে ব্যবহারের জক্ম প্রদত্ত হন্ধ, উহা তন্যতীত অঞ্চ ব্যবহারের লাগাইলে উহার ক্ষতি জন্ম রক্ষিতা দারী । গচ্ছিত বন্ধর যদি কোন দোষ থাকে, তাহা রক্ষককে বলিয়া দিতে গচ্ছিতকারী বাধ্য, অঞ্চথা রক্ষকের কোন ক্ষতি হইলে গচ্ছিতকারী তজ্জ্ম দারী ।

কোন ব্যক্তির ক্ষমতাপর প্রতিনিধি কর্মচারীর সহিত চুক্তি করিলে প্রথম ব্যক্তির সহিত চুক্তি দিদ্ধ হয়। প্রতি-নিধির ক্ষমতা প্রকাশ্ত দেওয়া না থাকিলে স্থল অনুসারে উন্থ থাকে। বিশেষ বিশেষ স্থলে প্রতিনিধি মালিকের শ্রায় কার্য্য করিতে পারে। প্রতিনিধি ক্ষমতার অতিরিক্ত কোন কার্য্য করিলে মালিক তাহা অপ্রাহ্ম বা প্রান্থ করিতে পারেন। তজ্জ্ম কোন ক্ষতি হইলে প্রতিনিধি দায়ী।

এইরূপ কার্য্যের কোন অংশ গ্রাহ্থ করিলে সমন্তই গ্রাহ্ ক্রা হয়। প্রতিনিধি মালিকের আদেশাহুসারে কার্য্য করিতে বাধ্য, প্রকাশু আদেশ না থাকিলে ব্যবহারাহুযায়ী কার্য্য করিতে বাধ্য। মালিক প্রতিনিধির আইন সক্ত সমন্ত কার্য্যের জন্তু দায়ী থাকেন। বেআইনী কার্য্যের জন্তু মালিক দায়ী নহে।

চুক্রে (ক্লী) চকতে তুপ্যত্যনেন চক-রক্ উত্থঞ্চ (চকিরম্যোক্চেলিধারা:। উপ্ ২০১৪।) ১ অমরদ। ২ অমুদ্রবাবিশেব।
চলিত কথার মহাদা বলে। পর্যার—তিন্তিভীক, রক্ষাম,
চুক্রক, মহাম, অমুর্ক্ষক। ও পত্রশাকবিশেব, চলিত কথার
চুক বলে। পর্যার—চুক্রবান্তৃক, লিকুচ, অমুবান্তক, দলাম,
অমুশাকাধ্য, অমাদি, হিলমোচিকা। ইহার গুণ—অমুরদ,
লঘু, উঞ্চ, বাতগুল্পনাশক, ফটিকর, অমিবর্দ্ধক, পিত্তর্দ্ধিকর,
পথ্য। ৪ শুক্রবিশেব। ৫ কাঞ্লিকবিশেব, চলিত কথার
কাঁজি বলে। পর্যার—সহস্রবেধ, রসাম, চুক্রবেধক, শাকাম,
ডেদন, চক্র, অমুনার, চুক্রিকা। ইহার গুণ—স্বাহ, তিন্তক,
অমু এবং কক্, পিছ, নাসিকারোগ, হুর্গন্ধ ও শিরংপীড়া-

নাশক। (রাজনিণ) ও রসার। ৭ সন্ধানবিশেষ। বৈশ্বক পরিভাষার মতে মন্থাদি, গুড়, মরু ও কাজিক একটা পরি-কার পাত্রে রাখিরা তিন রাজি পর্যন্ত বানের মধ্যে রাখিরা দিবে। ইহাকে চুক্র বলে (১)। (পুং) ৮ অরবেতস।

চুক্তে স্বাহ্ন, পরিক্বত ভাঙে ওড়ে ১ ভাগ, মধু ২ ভাগ, কাঁজি ৪ ভাগ ও দধির মাত ৮ ভাগ একত মিশ্রিত করিরা ধাল্পরাশির মধ্যে তিন দিন রাখিলে উহা বিক্বত হইরা যায়। ঐ বিক্বত বস্তার নাম ভক্তা চুক্রে। বৃহৎ চুক্রের সহিত পার্থক্য রাখিবার জল্প ইহাকে স্বর চুক্র বলা হর।

চুক্র বৃহৎ, ঔষধবিশেষ। প্রস্তুত প্রণালী—একটা কলসে
তপুলোদক ৪ সের, কাঁজি ১২ সের, দধি ২ সের, কাঁজির
অধঃস্থ সিটি ১ সের, গুড় ২ সের একত্র কেলিয়া তাহাতে
ত্বক্রহিত থপ্ত প্রদান ২ সের, সৈন্ধবলবণ, জীরা, মরিচ,
পিপুল ও হরিদ্রা প্রত্যেক ২ পল। এই সকল প্রদান করিয়া
সরা ঢাকা দিয়া উত্তমরূপে লেপ দিয়া ধাস্ত রাশির অভ্যস্তরে
রাথিবে।

গ্রীমকালে ৩ দিন, শরংকালে ৩ দিন, বর্ষাকালে ৪ দিন, বসন্তকালে ৬ দিন ও শীতকালে ৮ দিন পর্যান্ত ধান্তাদির মধ্যে রাথিতে হয়। অনন্তর ধান্তরাশির অভ্যন্তর হইতে ভাগু উদ্ধার করিয়া গুড়ত্বক্, তেজপত্র, এলাইচ, নাগেশ্বর প্রত্যেক ২ তোলা উত্তমরূপে চুর্ণিত ও মিশ্রিত করিয়া লইবে। ইহার নাম বৃহৎ শুক্ত বা বৃহৎ চুক্র। ইহাতে মন্দাগ্নি, শূল, শুন্ম প্রভৃতি নানাবিধ রোগ নই হয়। (ভৈষ্ক্যরং)

চুক্রক (ক্নী) চুক্র-সংজ্ঞার্থে কন্। ১ শাকবিশেষ, চুকাপালক।
ইহার গুণ—ভেদক, বায়ুনাশক, পিত্তবৃদ্ধিকর এবং গুরু,
ইহা বিলম্পে জীর্ণ হয়। (রাজবল্প) চুক্র-স্বার্থেকন্। ২ [চুক্রদেখ।]
চুক্রফল (ক্নী) চুক্রং ফলং যস্ত বছরী, যথা চুক্রং ফলতি ফলঅচ্। বৃক্ষায়। (রাজনিণ) [বৃক্ষায় শব্দে ইহার বিবরণ এইবা।]
চুক্রেকোস্ক্রক (ক্নী) চুক্রং বাস্তৃক্ষিব। শাকবিশেষ, চুকাপালক। (রাজনিণ)

চুক্র বেধক (ক্নী) চুক্রমিব বিধ্যতি বিধ-খুল্। কাঞ্জিকবিশেষ।
চুক্রা (ক্রী) চুক্র-টাপ্। ১ চালেরী, আমারুল। ২ তিন্তিড়ী।
চুক্রাম্ল (ক্রী) চুক্রমিবারং। ১ বৃক্ষার। ২ শাকবিশেষ, চুকা-পালক।

চুক্রোমা (স্ত্রী) চুক্রমিব অরং অরতং যক্ত বছত্রী, টাপ্। অম লোণিকা, আমরুল।

<sup>(&</sup>gt;) "বন্নবাদি ওচৌ ভাঙে সংজ্ঞান্তকাঞ্জিকং। ধান্তনাশৌ তিনাত্তস্থ ওজং চুকং ডন্তচাতে ।" ( বৈদাকপনিং )

চুক্তিক। (স্ত্রী) চুক্তো বিশ্বতে হক্তাঃ চুক্ত-ঠন্ টাপ্ পত ইবং।
> অনুলোনিকা, আমরুল। পর্বায়—চালেরী, লক্তপঠা,
অনুষ্ঠা, অমুলোনিকা। ২ কুচালেরী, চুকাপালক। ও ডিক্তিমী।
(ভাৰপ্রকাশ।)

চুক্রী (ত্রী) চুক্র গৌরাদিখাও তীব্। চালেরী, আমকল।
ইহার গুণ—অতিশন্ন অন্তর্ম, খাহ্ন, বাতনাশক, কফ ও পিত্তবর্দ্ধক, লঘু এবং কচিকর। বেগুপের সহিত পাক করিলে
ইহা অতিশন্ন কচিকর হইরা থাকে। (ভাবপ্রকাশ।)
চুক্রিমন্ (পুং) চুক্র-ভাবে ইমণিচ্। অন্তর্ম, চুক্রের ভাব।
চুক্রা (ক্রী) চব-বথে বাছলকাৎ স প্রোদরাদিখাও মাধু।
হিংসা। [চৌক্র দেখ।]

চুগলখোর ( পারদী ) निस्तकाরी।

চুগলখোরী (পারসী) অপবাদের কার্য।

চুक्री (तम्ब) कूजनन।

हु ( प्रः ) [ हु ए एव ]।

চুচুক ( পু: ক্লী) চুচু ইত্যব্যর শব্দং কারতি কৈ-ক। ১ কুচের অগ্র, স্তনের বোঁটা। পর্ব্যার—চুচ্ক, চুচ্ক, কুচানন, স্তন-বৃষ্ক। ২ দক্ষিণ দেশবিশেষ। (পু:) ৩ তদ্দেশবাদী। "গুহাঃপুনিন্দাঃশবরাশ্চুচুকা মন্তকৈঃ সহ।"

(ভারত ১া২•৭া৪২)

চুচুপ ( গ্ৰং ) > দেশবিশেষ। [বছ] ২ তদ্দেশবাসী।
"অনু জালচরাশ্চৈব চুচুপারেগুপান্তবা।" (ভারত ৫।১৩৯ অ:)
চুচু ( গ্ৰং ) চাং বাহলকাং উ নিপাতনে সাধু। স্থনিবঞ্লাক,
চলিত কথার স্বযুগী বলে। (বিকাশ্ড)

চুচ্ক (পুং) চুচ্ক-প্ৰোদরাদিছাৎ সাধু। জনাগ্র, স্তনের বোঁটা।
চুচ্চ (পুং) শাকবিশেষ। বাগ্ভটের মতে ইহার গুণ---পালয়্বশাকের সমান। [পালয়্বা দেখ।] ইহার বিশেষ গুণ-সংগ্রাহী। স্থাপতের মতে ইহার গুণ--ক্ষার, স্বাহ্ন, জিক্তন,
রক্ষপিত্তনাশক, ক্ষন্ন, বায়ুর্ছিক্র, পাকে লঘু। কোন
কোন আভিধানিকের মতে এই অর্থে "চুচ্যু" শম্প্ত দেখিতে
পাওরা বায়।

চুঞ্ (গং) > ছুছুন্দরী, ছুঁচ। (হারাবলী) ২ সঙ্কর জ্বাতি-বিশেষ। বৌধারনের মতে বৈদেহ জাতীর স্ত্রীর গর্ডে ব্রাহ্মণের ঔরনে এই জাতির উৎপত্তি হয়।

"চুঞ্মদ্গুণ্চ বৈদেহবন্দিজিরো ব্রান্ধণেন লাভৌ" (বৌধারন)
মন্ত্র মতে বন্তপশু হিংসাই ইহাদের প্রধান জীবিকা।
"মেদানু চুঞ্মদ্ শুনামারণ্যপশুহিংসনং।" (মন্তু ১০।৪৮)

ত ত্রিশত্বংশীর হরিছের পূত্র। (বিষ্ণুপু ৪।৩।১৫) কোন কোন পুতকে চুঞ্ছলে চুঞ্ এইক্ষণ পঠি দুই হয়। চুकुमाञ्चन (जी) वांख्यांच जन्न ऋत्वत्र चवचावित्वव ।

শ্ব পুন্দুরণ চুঞ্বায়নপ্রায়: পাঞ্চ বনরজ্ঞাবী চেতি বাত-রেমশোণিতেতাঃ। ( স্থেকত চিকিৎসিত ও বাং) কোন কোন পুত্তকে চুঞ্বায়ন হলে চুম্চুমায়ন পাঠ দেখিতে যে গাওয়া বার।

চুঞ্রী (জী) চূঞ্রিব রাতি রা-ক জিরাং ঙীপ্। তেঁজুলের বীল বারা যে দ্যতকীড়া করা হর, ভাহাকে চূঞ্রী বলে, ভিজিড়ীদ্যত, কাইবীচির ধেলা। (জিকাগুণ) চূঞ্লী শব্দও এই অর্থে ব্যবস্থত হর। (হারাবলী।)

চুঞ্ল (পুং) গীতপ্রথা প্রবর্তক বিশামিত সুনির একজন পুত্র।
(হরিবংশ ২৭ জঃ)

हुकु लि [ हुक् ती (नथ। ]

চুঞ্লী (জী) চূঞ্রী বিকরে রেক্স লকার:। [চূঞ্রী দেব।]
চূঞা (জী) চূজি অচ্ জিরাং টাপ্। কৃপ। (জিকাওণ) কোন
কোন প্রকে চূঙা হলে চূতা পাঠ আছে।

চুন্তী (স্ত্রী) চূত্ত গোরাদিবাৎ ত্তীপ্। উপকৃপ, কুপের নিকট-বর্ত্তী জলাধার। (হেমচন্দ্র)

চুট্কিয়া ( দেশক ) ছোট।

চুট্কি ( দেশজ ) ২ বাহা বিশেষ প্রক্রোজনীয় নছে। ২ পদাসুঠের অলকারবিশেষ।

চুট্কিয়া ইন্দুর, একজাতীর ছোটরকমের ইহর, স্থানবিশেষে নেওটেকেই চুট্কিয়া বলে।

চুট্কী, যে গর বা উপাধ্যানে বিশেষ কোন প্রয়োজন নাই অথচ বিলক্ষ রসিকভাপুর্ণ, তাহাকে চুট্কী বলে। .

**हु** फुंहि ( सम्ब ) এक श्रकांत्र मश्च ।

চুড়ী (দেশক) অপেকান্ধত হল স্বৰ্ণনৌপ্যাদির তারনির্শিত দ্রীলোকদিগের করাভরণ। সোজা ও বাকা ছই প্রকার চুড়ী হয়। ছই প্রকারেই হল্প থোদকার্য্য থাকে। এই অলঙ্কার অভিশয় লঘু বলিরা অনেক মহিলা অভি জাদরে পরিধান করেন।

বৰ্ণ ও রৌপ্য ব্যতীত পিতল প্রভৃতির গিণ্টি করা চুড়ীও
বছ পরিমাণে ব্যবহৃত হইতেছে। কাচ, গালা, লখা, হস্তীনস্ত
ইত্যাদিরও চুড়ী প্রস্তত হর। আজকাল নানারূপ কাচের
চুড়ী এদেশের সকল প্রেণীর স্ত্রীলোকই পরিধান করিভেছে।
এই সকল চুড়ী কাল, লাল, সর্ক, হলদে প্রভৃতি সকল
রঙেই হইরা থাকে। কখন কখন এই সকল চুড়ী ফ্রণরোপ্যাদির ক্লার রংযুক্ত করা হর। উৎকৃত্ত কাচের চুড়ীতে
নানারূপ ফুলকাটা থাকে। বাজারে বছপ্রকার চুড়ী রেখিতে
পাওরা বার। উৎকৃত্ত চুড়ী ১০০ টাকা ২১ টাকা লোড়া বিক্রন

বর। তারতবর্বে, গালিপুর, কান্দি, লক্ষে, নিরী, হাজিপুর, পাটনা, ভাগলপুর, র্শিনাবাদ ও পুণার নিকটছ নিবপুরে কাচের চূড়ী প্রস্তুত হর। বলা বাহুলা উৎক্রই কাচের চূড়ী বিলাত, চীন প্রভৃতি স্থান হইতে আইনে। গালার চূড়ী প্রায় দেনের সর্বাত্তই প্রস্তুত হর, পরে উহার উপরে লাল, নীল, সর্ব্, হল্দে প্রভৃতি রভের গালা নিরা রং করা হয়। রং করা হহলে অনেক সমর উহার উপরে কাচের মালা, রাংতা, চুমকি, ক্লু রদিন কাচ ইত্যাদি বসাইরা প্রশার করা হয়। গালার সহিত ধাতুর ভাগ মিনাইরা প্রশার উপর মাধাইলে চূড়ী বাতুর ভার আভাযুক্ত হয়।

আসানের মধ্যে প্রীহট্ট জেলার করিমগঞ্জ গালার চূড়ী তৈরারের প্রধান হান। দিলী, রেবা, ইন্দোর প্রভৃতি হানে সর্কোৎক্লট্ট গালার চূড়ী প্রস্তুত হয়।

পূর্ব্বে সধবা স্ত্রীলোকমাত্রেই শব্দ পরিধান করিতেন।
এথনও অনেকে শাঁথের বালা ও শাঁথের চুড়ী পরিডেছেন।
ঢাকা নগরেই এক্ষণে সর্ব্বোৎক্রান্ত শাঁথের চুড়ী নির্দ্ধাণ হর।
এই সকল চুড়ী গালা বারা রঞ্জিত ও চুম্কী ইত্যাদি বারা
ছ্লোভিত হইয়া থাকে। ঢাকার জলতরঙ্গ, ভারমগুকাটা,
কার্নিদার প্রভৃতি নানা প্রকার শাঁথের চুড়ী প্রস্তুত হয়।

পঞ্জাব, সিদ্ধ্রপ্রদেশ, রাজপুতনার পশ্চিমে বোছাই প্রেসি-ডেন্সির ও মধ্যপ্রদেশের অনেক স্থানে ও বাঙ্গালার কোন কোন স্থানে হন্তীদন্তের চূড়ী ব্যবহার হয়। পঞ্জাবে বিবাহের সময় কন্তার মাতৃল তাহাকে এক জোড়া রং করা ও চূম্কি বসান হাতীর দাঁতের চূড়ী প্রদান করে। উচ্চশ্রেণীর স্ত্রীলো-কেরা বিবাহের পর এক বর্ষ পর্যান্ত ঐ চূড়ী পরিধান করিয়া থাকে, অনন্তর স্থারীপ্যাদির আভরণ পরে। রাজপুতানা রেলওয়ের ঘোধপুর শাধার অবস্থিত পালিনগর হাতীর দাঁতের চূড়ী ব্যবসার প্রধান স্থান।

মহিষশৃক হইতেও চুড়ী প্রস্তুত হইতেছে। এই চুড়ীর উপর বর্ণরোপ্যাদির নানারূপ লভা পাতা কাটা থাকিলেও অভি ক্ষম্মর ও মূল্যবান্ হয়।

চুৰী (হিন্দী) রক্তবর্ণ কুল রন্নবিশেষ, স্থানবিশেষে চুণীমুক্তাও বলিরা থাকে। [চুণী দেখ।]

চুক্ত (পুং) চোততি করতি শোণিতাদিকমন্ত্রাৎ চুত বাহনকাৎ ঘঞর্থে-কঃ। ১ মলধার। ২ বোনি। (শব্দরন্ত্রাণ)

চুতি (ত্রী) চোততি করতি মলশোণিতাদি বভাঃ চ্ত-ইন্ (সর্বধাত্ত্যইন্। উণ্৪০১১৭) মলবার (শব্দরত্বাবলী) চুন্ন, (দেশজ) ১ বাছন। ২ নির্বাচন। চুনীর গড় [ চনার দেব। ]
চুনী, চুনী, বন্ধবিদেব। সংস্কৃত পর্যায়—মাণিকা, শোণরত্ব,
বন্ধবান্ধ, রবিন্নত্ব, প্লারী, বন্ধবিন্ন্ত্ব, তরুণ, রাগর্ক্, পদ্দর্যাগ, রত্ব, শোণোপল, সৌগন্ধিক, লোহিত্তক, কুক্রবিন্ধ।

আধুনিক কছরীগণ রক্তবর্ণ বছ্ম্ল্য আনেক প্রকার প্রস্তর্গক চ্ণী আখা। প্রদান করেন। রদ্ধান্তে মাণিক্যরদ্ধের বেরূপ লকণাদি নির্ণীত আছে, তৎপাঠে অনুমিত হয় বে, আধুনিক চুণী নামক প্রস্তরকেই পূর্বে মাণিক্য বলিত। বর্ণের প্রজ্ঞল্য ও কাঠিন্ত ইত্যাদি ভেদে কছরীগণ চুণীকে চারি আভিতে বিভক্ত করেন, বথা চুণী নরম্, চুণী শ্লাময়েৎ, চুণী কড়া ও চুণী মাণিক্। শেবোক্ত চুণী মাণিকই প্রাচীন প্র্যার্গমণি। ইহার ইংরাজী নাম Oriental ruby, অক্তান্ত চুণী Spinel ruby, Brass ruby, Almandine ruby ইত্যাদি নামে থ্যাত।

চুণী মাণিক্, পালা, মরকত ইত্যাদি করেকটী রত্নের রাসায়নিক উপাদান একরপ। ইহারা সকলেই আলুমিনিয়াম্ (Aluminium) ও অমুজান (Oxygen) এই ছই মূল পলার্থ-रवारिंग উৎপन्न (Al: 2, O3)। क्रून अंखत्र (Corundum) ठिक ঐ नकन भनार्थरगार्श উৎপन्न। चुलताः अनारत्रत সহিত হীরকের বেরূপ সম্বন্ধ, কুরুন্দ প্রস্তরের সহিত চুণী ইত্যাদিরও সেইরূপ সম্বর্ধ। চুণী ইত্যাদি প্রস্তর অতি কঠিন ও স্বচ্ছ। চুণীর বর্ণ সচরাচর গাড় লোহিড, লোহিড, গোলাপী লোহিত, পীতাভ লোহিভ, ঈষলোহিত ও নীলাভ লোহিত হইরা থাকে। হীরক ব্যতীত পার্থিব যাবতীর বস্ত অপেকা চুণী কঠিন, হীরকের কাঠিন্ত ১০ হইলে চুণীর কাঠিন্ত ৯ ও নরম চুণীর কাঠিন্ত ৮ হইবে। স্তরাং হীরক ভিন্ন অপর কোন পদার্থ চুণীর মত কঠিন হইবার নহে। এই বিশেব ৩৩ণ থাকাতে নকল চুণী হৃহতে প্রকৃত চুণী व्यनात्रारम भूथक् कता राहिए भारत। इहेथामि हुनी नहेश পরস্পর ঘর্ষণ করিলে যেটিতে দাগ পড়িবে তাহা অপরুষ্ট ও ষেটিতে দাগ পড়িবে না সেইটাই উৎক্ল' ধরিতে হইবে। স্চরাচর চুণী নরম (Spinel) হইতে চুণী মাণিক (Ruby) এই क्राप्टि किना योत्र। এই (Spinel) धाखरत्रत्र त्रामामनिक উপকরণ স্যাগ্নিসিরাম্ (Magnasium), আলুমিনিরাম্ (Aluminium) এবং অস্থান (Oxygen), (Md. O. Al 2, O3)। शांकि हुनी 'ख Spinel मिथिएंड ध्यांबरे একরূপ, কিন্তু খাঁটি চুণীর গুরুষ, ঔজ্ঞান্য ও আলোকবিকীর্ণ-শক্তি অবিক। উহাদের রাসারনিক উপাদানের উল্লিখিত রূপভেদ আছে। আরও Spinel প্রস্তরের দানা চুণীর দানা হইতে বিভিন্ন এবং ইহা অস্তাস্থ যাবতীর পদার্থ হইতে কঠিন হইলেও হীরক ও চুণী অপেকা কোমল, স্বতরাং চুণী ছারা অন্ধিত হইতে পারে। উভন্ন প্রকার প্রভরই স্বাচ্চ, অতি অন্ন পরিমাণে লোহ ও কোমিরাম্ ধাত্মিপ্রিত থাকাতে উহাদের লোহিতবর্ণ উৎপদ্ধ হয়। চুণী কোন প্রকার ক্রাবকেই ক্রব হয় না। সহজ উত্তাপে চুণীর কোন ক্ষতি হয় না। কিন্তু সোহাগা যোগে অতিশ্র উত্তর্গ করিলে চুণী গণিয়া বর্ণহীন কাচে পরিণত হয়।

যেমন চুণী গলাইয়া কাচে পরিণত করিতে পারা বায়, সেইরূপ উহার বিপরীত প্রণালী অবলম্বন করিলে কাচ হইতে চুণীও প্রস্তুত হইতে পারে। বাস্তবিক ক্রোমিয়াম্ ধাতৃযে কাচ হইতে অতি কঠিন নকল চুণী প্রস্তুত হয়। এই সকল নকল চুণী হইতে প্রস্তুত চুণী বাছিয়া লওয়া বড়ই কঠিন।

চুণী মাণিক্ অর্থাৎ মাণিক্যের দোব গুণ, জাতিবিভাগ, এবং ধারণ ফল ইত্যাদির শাস্ত্রীর প্রমাণ ও প্রাচীন নিয়মে পরীক্ষা প্রভৃতির শাস্ত্রীর মত মাণিক্য ও পদ্মরাগ শন্দের পরিভাষার বিস্তারিতরূপে লিখিত হইবে। এক্লে আমরা চুণীর বর্ত্তমান ব্যবহার, পরীক্ষা, উৎপত্তিস্থান, মৃল্য ইত্যাদির বিষয় সংক্ষেপে বর্ণনা করিতেছি।

ভারতবর্ষ, ব্রহ্মদেশ, সিংহল, আফগানস্থান প্রভৃতি স্থানে সর্কোৎকৃষ্ট চুণী পাওয়া যায়। তিত্তির বোহিমিয়া, শ্রাম, স্থমাত্রা, বোর্নিও এবং পেশু প্রদেশে নানাপ্রকার হীন জাতি চুণী ভূগর্ভ হইতে উজোলিত হইয়া থাকে। দাক্ষিণাত্যে বিরলীনাদো ও বোলশাগমনী নামক ছই স্থানে সচরাচর কুরুল প্রস্তর (Curundum) ও নিস্ (Gneiss) প্রস্তরের সহিত চুণী দেখিতে পাওয়া যায়। তিচিনগড় তালুক ও মল্লপোলাই নামক স্থানেও অল্ল পরিমাণে চুণী পাওয়া যায়।

বন্ধদেশের চুণীক্ষেত্র দক্ষ মৃদ্দীট হইতে ২৫ মাইল দক্ষিণে অবস্থিত। ১৮৭০ সালে মিঃ ব্রেডমিরার (Mr. Bred Meyer) যে চুণীক্ষেত্রের তবাবধারক ছিলেন, উহা মান্দালা হইতে ১৬ মাইল দ্রবর্ত্তী। পিরার ডি আমেটো (Pere de Amato) যে রত্নক্ষেত্র দর্শন করেন, উহা আবা নগরের ৬০।৭০ মাইল ঈশানকোণে অবস্থিত।

এই রত্নক্ষেত্রের পরিমাণ ফল প্রার ৬৬ বর্গমাইল। ২।০
ফিট বা ততোধিক নিরে একটী স্তরে রত্ন পাওয়া যায়। এই
রত্নস্তরের বেধ কোথাও ২ ইঞ্চি মাত্রে, কোথাও বা ২।০ ফিট।
রত্নসংগ্রহকারিগণ গর্ভ কাটিরা রত্নস্তরের মৃত্তিকা ধৌত
করিতে থাকে। এইরূপে কুল্র কুল্র চুলী বাহির হইরা পড়ে।
এই সকল চুণী অধিকাংশই ১ এক চতুর্থাংশ রতি অপেকাও

क्म। कठिए बुश्नांकात हुनी भाउता यात्र। किन्द देशायत चाकांत्र रगांग 'छ गांव करनेक्छा मक्न । इहे वक्छा वर्ष ह्री পাওয়া যার বটে, কিছ ভাহারা নির্মোব ও অকুর নহে, মিঃ শোরার্বলেম, ডিমি আধ ডোলা অপেকা অধিক ওজনের चक्त हुनै अक्टी पर्यन नाहे। अहे हुनैस्क्व शूर्स ব্রহ্মরাজের খাদ ছিল। ইহা হইতে তাঁহার প্রতি বংসর লকাধিক মুদ্রা আর হইত। ইহা ছাড়া এক নির্দিষ্ট পরিমাণ (১০০ ডিকল) অপেকা বড় চুণী পাইলে তাহা রাজভাগারে রক্ষিত হইত। কেহ এই চুণী পাইয়া নিজের কাছে রাধিলে শুক্তর দুখনীয় হইত। কিছ এইরূপ শুক্তর দুখের ব্যবস্থা থাকিলেও অনেক বড় চুণী রাজকোষগত হইত না। জহরী-গণ এইরূপ মণি পাইলে, হয় ভাঙ্গিয়া ছোট করিয়া কেলিত, না হর গোপনে চীন, ভারতবর্ব, পারক্ত ইত্যাদির সওদাগর-গণকে বিক্রম্ন করিয়া ফেলিত। স্মৃতরাং রাজার অনেক ক্ষতি হুইত। ইংরাজরাজ ব্রহ্মদেশ জয় ক্রিলে ব্রহ্মের রাজভাগুরে যে সকল মণি পাওৱা যায়, তাহা সাউথ কেন্সিংটন্ মিউজিয়মে अमर्निङ इरेब्राह् । धे नकरनत्र मध्य क्षाङ्गिङ करवकी ব্যতীত অপর সকলগুলিই কোন না কোন দোবযুক্ত। ইহাতে বোধ হয় উৎক্লষ্ট বছমূল্য চুণী অতিশন্ন বিরল ছিল। কেননা এইরূপ চুণী অধিক উৎপন্ন হইলে রাজভাগুরে নিশ্চয়ই হু দশটা সঞ্চিত থাকিত'।

এই রত্নখনি ব্যতীত মালালার ১৬ মাইল দ্বে সেগিয়ান্
নামক মর্ম্মরপ্রস্তরের পর্বতে অপেক্ষাক্ত হীন জাতি প্রস্তর
পাওয়া বায়। মালালার ১৫ মাইল উত্তরে চুণীক্ষেত্রের
জাবিক্ষার হইয়াছে বলিয়া প্রবাদ শুনা যাইতেছে, কিন্তু ঠিক
জানা বায় নাই।

উল্লিখিত উপায়ে গর্জ দারা মণিসংগ্রহ বাতীত আরও তিন প্রকার উপারে ত্রহ্মদেশে রত্নাদি সংগৃহীত হয়। পর্বতের গাত্রে নালা কাটিয়া উহাতে বেগে জল ছাড়িয়া দেয়। কলে কর্দম ধুইয়া যায় ও প্রস্তরাদি নিম্নে পড়িয়া থাকে। পরে তাহা হইতে মণি বাছিয়া লয়।

আর একরূপে অতি উৎকৃষ্ট চুণী পাওয়া যায়। পর্বাতের 
তরবিশেষ কলের স্রোতে ধুইয়া যায় এবং উহার রক্ষানি
স্থানে স্থানে গুহাতে সঞ্চিত হইয়া থাকে। রক্ষান্সনিৎস্থান
পর্বতে পুরিয়া খুরিয়া ঐ সকল গুহা অবেষণ করিয়া বেড়ায়।
কোথাও ঐ রূপ গুহা দৃষ্ট হইলে তাহারা নিয় হইতে ঝুড়ি
করিয়া প্রতরাদি তুলিয়া আনে এবং চুণী, পায়া ইত্যাদি
বাছিয়া লয়। সর্বাপেকা উৎকৃষ্ট চুণীসকল এইরূপেই
পাওয়া গিয়াছে।

থাক প্রাক্তার কঠিন প্রভিত্তর ভিত্তর হইতেও চুণী পাওরা বার। কিছ প্রভাৱ ভালিরা বাহির করিবার সমর অনেক চুণী কাটিয়া বার। পনি হইতে বে চুণী পাওরা বার, ভাহাকে কাটিয়া বাজিরা কইতে হর। সচরাচর হীন জাতি কুল কুল চুণী ও ভাইরা ভন্থারাই এই কার্য্য সম্পন্ন হইরা থাকে। পরে উহাকে পিত্তন বা ভাষা বারা পালিশ করিরা ব্যবহারোপবাণী করা হর।

চুণী ব্যতীত আরও নানা রূপ ন্ল্যবান্ প্রস্তর ব্রহ্মদেশ হইতে রপ্তানি হইরা থাকে। ১৮৮৯ সালে ৩৩,৮৪৮ টাকা ম্ল্যের ৬৫৬২৮ ৫ ক্যারাট্ (প্রায় ১৩১২৭ রতি) চুণী ও ২৫৯ টাকা ম্ল্যের ৪৪৯৬ ক্যারাট্ (প্রায় ৮৯৯২ রতি) স্পিনেল (Spinel) অর্থাৎ নরম চুণী ব্রহ্মদেশে উৎপন্ন হব।

সম্প্রতি স্থামদেশে বাছক নগর হইতে চারি দিবসের পথে চুণী ও পারার খনি বাহির হইরাছে। এখানকার মণি বন্ধ-দেশের মণির স্থার উৎক্ষষ্ট নছে; কিন্তু বহু পরিমাণে পাওরা বার। ইহাদের বর্ণ বোর গোলাপী। ধ্র্ত জহরীগণ এই প্রেয়কে সিংহলের মণি বলিয়া অনভিজ্ঞ লোকদিগকে বহু মূল্যে বিক্রের করে।

তুর্কিছানের অন্তর্গত বদক্ষণ নামক হানে অর পরিমাণে উৎক্ট চুণী পাওয়া গিরাছে। অক্সন্ নদীর তীরবর্তী ভুসান ও চরণ নামক ছানেও অর চুণী পাওয়া বায়। তথাকার লোকের বিখাস বে চুণী সর্বাদা জোড়া জোড়া থাকে। স্থতরাং একটা পাইলে আর একটা চুণী বতদিন না পায়, প্রথমটা পোপন করিয়া রাখে। যদি আর না পায়, তথন প্রথমটাকেই ভালিয়া তুইটা করিয়া ফেলে।

আট্রেলিয়ার অর্ণথনি হইতে অনেক চুণী পাওরা গিয়াছে, কিন্তু ইহার অধিকাংশই অপকৃষ্ট প্রস্তর মাত্র।

সিংহল, আবা, মহিন্তর, বেল্চিস্থান এবং র্রোপ, আমেরিকা ও অট্রেলিরার অনেক নদীগর্ভে কর্মাদির সহিত নরম চুণী (Spinel) পাওরা বায়। স্থইডেন ও সিংহলে নীলবর্ণ নরম চুণী দৃষ্ট হয়। সবৃক্ত কাল ইত্যাদি নরম চুণীও পাওরা পিরা থাকে। ফল কথা ঐ সমস্ত প্রস্তরের উপাদান ও গঠন একরূপ, কেবল বর্ণ দ্রব্যের সামাক্ত ইতর্বিশেষ হওয়ার লোহিন্ত, নীল, হরিত প্রভৃতি বর্ণ ধারণ করে। ত্রেজিলে বর্ণ- হীন চুণীও পাওরা গিরাছে।

নির্দোষ বৃহদাকার চুণী অভি তর্লভ বলিরা সমরে সমরে ইহার মূল্য হীরক অপেকাও অধিক হর। বর্ত্তমান সমরে অর্জরিভি ওজনের নির্দোষ চুণী ১০ হইভে ১০০ টাকার বিক্রের হইভে পারে।

<b>ે</b> ર	রতি	<b>७वन</b>	<b>म्गित्र</b>	म्बा	3807	हरेएड	2001
					2401		
. 8	jg		39 11 1	<b>a</b>	900		2000
-				, e	2000	*	2000
•	.00	ee	99	,,	8000	,,,	8000

৮ রতি অপেক্ষা অধিক ওজনের চুণী অতি বিরল, তুতরাং তাহাদের মূল্য নির্দিষ্ট হইতে পারেনা।

চিক্যুক্ত অনুজ্জন, অত্যন্ত খোর কিশা ফিকে লোহিত বর্ণ চুণীর মূল্য সচরাচর অনেক কম হইয়া থাকে। এইরূপ ৪ রতি ওজনের একটা চুণী ১২০ টাকা অপেক্ষাও অর মূল্যে শাওয়া যাইতে পারে। জহরীর দোকানে অনেক রকম চুণী দেখিতে পাওয়া বায়, ভয়৻ধ্য ব্রহ্ম ও শ্রামদেশের চুণীই সর্কোৎকৃষ্ট ও অধিক মূল্যবান্।

নরম চুণীর দর অপেকাক্সত অনেক কম। ক্ষুদ্র নরম চুণী প্রতি রতি ২৫ ইংতে ৫০ টাকা দরে বিক্রুর হয়।
মাঝারি ও বড় আকারের হইলে প্রতি রতি ১০০ হইতে
৫০০ টাকাতেও বিক্রুর হয়। ফল কথা, ইহাদের মৃল্য
ক্রেতার সথ ও ধেয়ালের উপর নির্ভির করে।

নানারপ প্রস্তর প্রকৃত চুণী বলিয়া বিক্রীত হইয়া থাকে।
কুফুল প্রস্তরে ঘর্ষণ করিলে ইহাদের কোমলতা ও ওজন
করিলে লঘুতা বাহির হইয়া পড়ে। এইরূপে তাহাদের জাতি
স্থির করা যায়।

ক্ষ ক্ষ চুণী টেঁক ঘড়িতে বসান হইরা থাকে। ঘড়ির চাকার পুন্দ পিভট (Pivot) চুণীর ছিজে বসান থাকিলে চাকা অতি সহজে ঘুরিতে পারে। এই সকল চুণী ব্যবহার্য হইলেও বিস্তর পাওয়া ধার ধলিয়া ইহাদের মূল্য অতি জার।

পূর্ব্বে লোকের বিখাদ ছিল যে চুণী অর্থাৎ মাণিক জন্ধ-কারে রাখিলে আলোক প্রদান করে। উহা নিতান্ত অমূলক নছে। চুণীর আলোক শোষণ করিবার ক্ষমতা আছে। দিবাভাগে রোজে রাখিলে রাত্রিতে উহা হইতে প্রভা নির্গত হয়। আরও অনেক প্রস্তারের এইরূপ গুণ আছে।

প্রায় সকলদেশেই পূর্মকালের লোকেরা বিশাস করিত বে চুণী ধারণ করিলে অনেক বিপদ্ ও রোগের হাছ এড়া-ইতে পারা যার। আবার অনেকের বিশাস, যে প্রারাগ মণি বিবর্ণ ও হীনপ্রাছ হইলে শীঘ্রই ধারকের কোন ছর্মটনা ঘটে।

টাভার্ণিরার লিথিরা গিয়াছেন—পারস্তরাজের কপোত-অতাকৃতি একটা চুণী ছিল। এই চুণীর মধ্যে ছিল ছিল এবং ইছার লাবণ্য অতি চমৎকার। ক্ষিয়ার সমাজী ক্যাথারাইনের মুকুটে একটা কপোত অতাকৃতি চুণী ছিল। সুইডেনের ভূতীর গুপ্তাভাগ (Gustavus III) ১৭৭৭ খৃ: অব্দেশ্যে পিটর্গর্গ আগমন উপলক্ষে ক্যাধারাইন্কে উহা উপট্টোকন প্রদান করেন। ইংলগুরি রাজমুক্টের সমুখভাবে একটা বৃহৎ চুণী আছে। ১০৬৭ খৃ: অব্দে ভনপেড্রো ঐ চুণী এড়েওরার্ড দি ব্রাক্পিন্সকে (Edward the Black Prince) প্রদান করেন। সর্বাপেকা বৃহত্তম চুণীমাণিক সম্রভি স্ববিরার রাজমুক্টে শোভা পাইভেছে। সাইবিরিয়ার শাসনকর্তা প্রিক্ গার্গেরিন্ চীন হইতে ঐ চুণী প্রাপ্ত হন।

প্রবাদ আছে, মহারাজ রণজিৎসিংহের ১৪ তোলা ওজনের একটা চুণীমাণিক ছিল। ঐ চুণীর গাত্রে অরলজেব, আন্দলশাহ প্রভৃতি বাদশাহদিগের নাম খোলা ছিল।

ভারতবর্ষের প্রান্ন সকল রাজভাগুরেই এবং ঐশ্ব্যশালী ব্যক্তিদিগের গৃহে নানা আকারের চুণী আছে।

কণ্ঠহার, পদক, অনুরীয়ক, ঘড়ির লকেট ইত্যাদিতে চুণী বসাইয়া সৌন্দর্য্য বৃদ্ধি করা হয়।

हुन्म ( शूः ) वृक्तामात्वत्रं এक निया।

চুন্দী (স্ত্রী) চোদতি প্রেররতি নারকাদীন চুদ বা নিপাতনে সাধু। কুটনী, কুট্নী। (হেম ৩১৯৭)

हुश् (तमक) नीत्रव, त्मीन।

চুপ্চাপ ( प्रनंक ) वाकाद्यांथ, कथा ना वना।

চুপড়ি (দেশজ) ক্ষুত্র করপ্তিকা, টুকরী।

"চুপ**ড়ি** ভরিয়া নিল কুদলীর মোচা।

মাগ্যের বসন পরি ভূমে লম্বা কোঁচা।"( কবিক**ন্ধণ চণ্ডী**)

চুপড়িয়া (চুপড়ি শব্দ )

চুপড़ी [ চুপড়ি দেখ।]

চুপড়ী আলু (দেশক) এক প্রকার আলু। ইহা খামজালু অপেকা উৎক্রই। এই আলু শাদা, ইহার ফুল অতি স্থার। চুপিচুপি (দেশক) আন্তে আন্তে, অপ্রকান্ত ভাবে।

চুপুণীকা (ত্রী) চুপ-বাহলকাৎ উনজ্ ততঃ স্বার্থে-জ-কন্। ইউকাবিশেব, যজ্জের আশুন রাথিবার নিমিত্ত বে ইট্ লওয়া হর।

"ইউকা চুপ্শীকা নামাসি।" ( রুঞ্যজু: ৪।৪।৫।১) কোন কোন আভিধানিক 'চুপ্শীকা" হুলে "চুপ্নীকা" পাঠ করেন। চুপার (ত্রি) চুপ্-কাপ্। ১ যে হাজি ধীরে ধীরে গমন করেন। ২ গোত্রপ্রবর্তক অবিবিশেষ। কোন বৈয়াকরণিকের মতে এই শক্টা অধাদিগণান্তর্গত।

চুবান ( দেশक ) पूर्वान, निमम क्रेंबा ।

চুবুক (क्री) চিবুক-পৃষোদরাদিশ্বাৎ সাধু। [ চিবুক দেশ।]
"চুবুক দমংবা।" ( स्नाপত बरुज)

চুব্ৰ (জী) চুব্যতে অনেৰ চুবি-র নকার লোপত ৷ (উপ্ ২৷২৮)
মুখ ৷ (উপাৰিকোৰ )

চুম (চ্যন শক্ষ) চ্যন। "এড বলি মড়া মুখে মাডা দেন চুম। বিদ্যাল শোদায়ে বলে বাছা যাও যুম।" (প্রীধর্মা ৪ সর্গ)

हुआ ( ह्र्यन नंत्रक) ह्र्यन ।

চুমাচুমি (চুমাণকৰ ) পরস্পর পরস্পরকে চুধন।

চুমুক (দেশক) পানীয় জব্য থাইবার জন্ত ভাহার আধারে ভিঠ সংযোগ।

চুমুরি (পুং) ধংখদপ্রসিদ্ধ একটা অন্তর। ইজের সহিত যুদ্ধ করিরা নিহত হয়। "ধুনী চুমুরী বাহসিদপ্।" (ঋক্ ৬৭২০।১৩) 'ধুনিক্চু চুমুরিক্তেত্যেতরামকাবন্ধরো।' (সারণ)

চুমুরী, নারিকেন, থেজুর বা তাল গাছের অবরববিশেষ। ঐ সকল গাছের অগ্রভাগে থাকে। প্রথমে অপর একটা কোষের মধ্যে থাকিয়া কিছুদিন পরে কোষ ভালিরা যায়। ইহাতেই ফল ও ফুল হইয়া থাকে।

চুমুকী (চুমুক শক্ষ) > জলপাত্রবিশেব, কুস্ত ঘটা। ইহাতে প্রায়ই চুমুক দেওয়া হইয়া থাকে বলিয়া ইহাকে চুম্কী বলে।

২ পরিচ্ছদাদির শোভা বৃদ্ধি করিবার জন্ম ব্যবহৃত স্থারোপ্যাদি নির্মিত উজ্জন চাক্চিকাশালী কুল কুল পাতলা
ধাতৃথও। ইহাদিগকে তারা বা সিতারাও কহে। পট্ট ও
উর্ণা বল্পনির্মিত টুপি, অলরেধা, চোগা, উড়ানী ইত্যাদি বহুমূল্য কারচবের চিকণ চুম্কি ছারা স্থশোভিত হইয়।
থাকে। চিকণ কাজের প্রচুর পরিমাণে চুম্কি ব্যবহৃত হয়।
তিরুর যাত্রানাটকাদির ও প্রতিমার ডাকসজ্জায়ও তারকসির
সহিত বিজ্ঞর চুম্কি থাকে। স্থাও রৌপ্যের তার পিটিয়া
খ্ব পাতলা করিয়া তাহা হইতে চুম্কি প্রস্তুত হয়। পূর্বকার
মূসলমান নবাবগণের প্রার সকল রাজধানীতেই স্থারৌপ্যাদির সক্ষ তার ও চুম্কি প্রস্তুত হইত। তামা, পিতল ও
রাং ইত্যাদি গিণ্টিকরা চুম্কি স্থাভ কার্য্যর জন্ম ব্যবহৃত
হইরা থাকে।

চুম্ব (পুং) চুবি ভাবে বঞ্। চুম্বন, মূথে মুথ স্পর্ণ।
চুম্বক (পুং) চুম্বতি আর্কবতি লোহং চুবি-খুল্। লোহাকর্বক
মণি, আকর্ষণ, বিকর্ষণ ইত্যাদি করেকটা গুণসম্পন্ন বস্ত্রবিশেষ। সংশ্বত পর্যান—কাম্বপাধাণ, অন্নমান্ত, লোহকর্ষক।

চুৰক ছইপ্ৰকার, স্বভাবৰ ও ক্ববিম। ভারতবর্ব, স্থই-ডেল প্ৰাভৃতি স্থানে ধনি হইতে বে চুৰক প্ৰান্তর পাওয়া বার তাহাই স্বভাবৰ চুৰক। এই প্ৰান্তর লোহ ও অক্সকান বোগে উৎপন্ন একরূপ লোহপ্ৰান্তর মাত্র। কিছ স্বান্তিশ্য বিরল। স্থার ইম্পাত হইতে বৈজ্ঞানিক উপারে বে চুৰক অৰভ হর, তাহাই কজিন চুৰক। শেবোক্ত প্ৰকার চুৰকই স্থলত ও সর্কার ব্যবহৃত হইরা থাকে। চুৰকের প্রধান ধর্ম এই বে, ইহা লোহ আকর্ষণ করে এবং একটা চুৰকণাকা অবাধে চারিদিকে ঘ্রিতে পারে, এরপ বন্দোবত করিরা রাখিলে ঐ শলাকার একপ্রান্ত নির্ভই একটা নির্দিষ্ট দিকে অবস্থান করে।

চুৰকের লোহ-আকর্বগশক্তি ইহার ছই প্রান্তেই সর্বাপেকা অধিক। একটা কৃত্রিম চুৰকশনাকা লোহচূর্ণের
মধ্যে নিমক্তিত করিলে অধিকাংশ লোহচূর্ণ ছইপ্রান্তেই
সংলগ্ন হর, মধ্যস্থান প্রান্ন চুর্ণশৃত্ত থাকে। এই মধ্য স্থানকে
সমমগুল কহে। ছই প্রান্তের মধ্যে অবাধে ছুরিতে পারিলে
বে প্রান্ত উত্তর্গনিকে থাকে, তাহাকে উত্তর্গনিক বা স্থানক
এবং বে প্রান্ত দক্ষিণনিকে থাকে, তাহাকে দক্ষিণনেক বা
কুমেক কহে। \*

একটা চুম্বকশলাকার উপর একটুক্র। পুরু কাগজ রাধিরা উহার উপর লোহচূর্ণ ছড়াইরা দিলে, ঐ সকল চূর্ধ এক প্রকার রেথাকারে সজ্জিত হয়। ঐ সকল রেথাছারা চুম্বকাকর্ষণের দিক্ ও পরিমাণ জানিতে পারা বার।

মধ্য বিন্দুতে অবস্থিত চুম্বক-শলাকার নাম চুম্বক-স্কী। সচরাচর চুম্ক-স্চী পাতলা ইম্পাতের পাত্রারা নির্শিত হয়। ইহার মধ্যভাগ ঈবৎ আরত এবং ছই প্রাপ্ত ক্রমে স্ক। ইহার ঠিক মধ্যন্তলে একটী কুদ্র গর্ভ থাকে। একটা স্চীর স্ক্র অগ্রভাগে ঐ চুমক-স্চী বসাইয়া দিলে फेरा এक निर्मिष्टे जारव अवश्विष्ठ रहा। विष्ठानिष्ठ रहेरन भून-র্মার পূর্মাবন্থা পাইতে চেষ্টা করে। চুম্বকের কাঁটা বা চুম্বক-সূচী প্রায় উত্তর দক্ষিণে দাঁড়ার। কিন্তু এই উত্তর দক্ষিণ ভৌগোলিক অর্থাৎ প্রক্লুত উত্তর দক্ষিণের সহিত এক নহে। অনেক হলে চুম্বকের কাঁটা প্রাকৃত উত্তরের অনেক অংশ পুর্বেবা পশ্চিমে দাঁড়ায়; ইহাকে চুম্বকাপস্থতি ( Magnetic declination) বলা যায়। এই চুম্বনাপস্তি একস্থানে ও স্কল সময় সমান থাকে না। ক্রমে পরিবর্ত্তিত হইতে থাকে। পরীক্রা षারা পৃথিবীর নানাম্বানের চুম্কাপস্তি নির্ণীত হইরাছে। এই সকল নিয়মামুসারেই নাবিকদিগের দিন্দর্শনযন্ত্র (Compass) নির্নিত হয়। নাবিকগণ ঐ বছ ও চুম্কাপস্তির একটা তালিকা সাহায্যে পৃথিবীর সর্বত্ত অকুল সমুদ্র মধ্যেও দিগ্-নির্ণর করিতে পারে। চুম্ব-স্টী যে রেখার দাঁড়ার উহাকে ঐ স্থানের চৌম্বকীর জাবিমা করে।

করাসীগণ চুবকশলাকার বে প্রার উত্তরহিকে থাকে, ভাছাকে
কুষ্টেক ও বে প্রার দক্ষিণাদিকে থাকে, তাহাকে ক্ষেক্ত করিয়া থাকে।
বলা বাহলা ইহাই প্রকৃত ।

্পথিবীর নানাহাদের চৌখলীর ক্রাথিমার চিত্র ও অক্তান্ত বিষয় দিশার্শন পর্যে জ্রন্তব্য । ]

একটি চ্ৰক-হটী চেষিকীয় জাখিনার অবস্থিত একটা দণ্ডারনান সমতলে অবাবে ঘৃরিতে পারে এক্সপ কলোবত করিলে, হুটী ভূপ্ঠের সহিত সমান্তর থাকে না, একপ্রান্ত নামিরা বার, উহাকে চ্ছকাবনতি (Magnatic dip) বলা ধার।

একটা চ্ছকের উত্তরমেক অপর চ্ছকের দক্ষিণমেককে আকর্ষণ করে, কিন্তু উত্তরমেককে আকর্ষণ করে না। এই ভণ থাকাতে একটা জব্য চিরন্থারী চ্ছকধর্মসম্পন্ন কিংবা কেবলমাত্র চ্ছক্ষারা আরুষ্ট হইতে পারে ব্রিতে পারা যায়। যদি কোন বন্ধ চ্ছক্ষের উভয় মেক ছারাই সমান আরুষ্ট হন্ধ, তবে তাহা চ্ছক্ষ্মসম্পন্ন নহে ব্রিতে হইবে। কিন্তু যদি চ্ছকের এক মেক্ষারা আরুষ্ট ও অপর মেক্ষারা বিপ্রকৃষ্ট হয়, তবে উহা চৃছক্ষ্মস্থাকান্ত ব্রিতে হইবে।

একটা চিরন্থায়ী চুম্বকের নিকট লোহাদি আনিলে উহাও তৎকালে চুম্বক্ষর্ম প্রাপ্ত হর এবং চিরন্থায়ী চুম্বকের ভার লোহাদি আকর্ষণ করিতে পারে। এইরূপ চুম্বককে অন্থায়ী চুম্বক কহে। ত্বায়ী চুম্বকের যে মেরুর নিকট অন্থায়ী চুম্বক উৎপন্ন হয়, সেই মেরুর বিপরীত মেরু নিকটবর্ত্তী ও সমমেরু দূরবর্তী হইবে। অর্থাৎ ত্বায়ী চুম্বকের উত্তরমেরু একথও লোহের নিকট ধরিলে লোহের দক্ষিণমেরু ত্বায়ী চুম্বকের নিকটবর্ত্তী ও উত্তরমেরু দূরবর্তী অর্থাৎ অপর দিকে হইবে। লোহ যতক্ষণ চুম্বকের সন্ধিতি থাকে, ততক্ষণই চুম্বক্ষর্মনির্বাহ্র হয়, উহা অপর একথও লোহকে এবং ঐ থত আবার এক কৃতীয় থও, আবার চতুর্থ থওকে এইরূপে বহুসংখা পর্যায়



আকর্ষণ করিতে পারে।
কিন্তু দ্রে লইবামাত্র প্ররার উহাদের চূষকধর্ম
প্রার সম্পূর্ণরূপে তিরোহিত হয়। ইম্পাতকে চূষকের নিকট ধরিলে উহাতে
লোহেয় স্তার প্রবল চূষক
ধর্ম লক্ষিত হয় না বটে,
কিন্তু উহা একবার চূষকধর্ম প্রাপ্ত হইলে সহজে
ত্যাপ করেনা। এই গুণ
ধাকাতে ইম্পাতকে চিরহারী চূষকে পরিণ্ড
করিতে পারা যায়। বে

সকল চিরছারী চুম্বক দেখিতে পাওয়া বায়, ঐগুলি সমন্তই

ইন্দাত নিশিত। আকার অহসারে উহাদের ভিন্ন ভিন্ন নাম হইরা থাকে—যথা দণ্ডাকৃতিচুদক, অবধ্বাকৃতি চুদ্দ ইন্ড্যাদি।
একটা দণ্ডাকৃতি চুদ্দকে হই বা ততোধিক বঙে তালিকে উহা
হইতে তুই বা ততোধিক বঙে পৃথক্ চুদক উৎপন্ন হইবে। এই
সকল খণ্ড চুদকের স্বতম ছইটা করিয়া মেকুও থাকিবে এবং
সমমেকুওলি সকলেই এক দিকে ও বিষমমেকুওলি অপর
দিকে হইবে। ক ও ব চুদককে চারিধতে বিভক্ত করা
হইরাছে। এই সকল ধণ্ডের ক ক ক মেকু একরূপ এবং
খ খ খ খ মকু বিপরীত নামধারী। বিভানবিৎ পণ্ডিতগণ

## The second of th

অন্নান করেন ছই প্রকার পরম্পর বিপরীত চ্ছক শক্তি আছে। উহাদের একটাকে সম ও অপরটাকে বিষম চুছকশক্তি বলা যাইছে পারে। এই ছই শক্তির সংমিশ্রণে সাম্য ভাবের উৎপত্তি হয়। নানা উপায়ে এই ছই শক্তিকে পৃথক্ করিতে পারা বায়। প্রত্যেক চুছকেই এই ছই শক্তি সমান পরিমাণে বিশ্বমান থাকে, তবে পৃথক্ হইয়া থাকে মাত্র। এই ছই বিভিন্ন প্রকার শক্তি পরম্পর পরম্পরকে আকর্ষণ করে, কিছ সমজাতীয় শক্তি পরম্পরকে বিকর্ষণ করে।


পৃথিবীপৃঠে নানাহানে চ্হাকের আকর্ষণ ও চ্হাক-স্ফীর
অবস্থান দেখিয়া অনেকে অহুমান করেন যে, পৃথিবীর চ্হাকশক্তিবর বিভিন্ন ভাবে আছে। পৃথিবীর মেরুলতের সহিত
প্রায় ২০° অংশ কোণ করিয়া আড়ভাবে অবস্থিত একটা
রহৎ চ্হাকের অন্তিত্ব করনা করিলে পার্থিব চ্হাকশক্তির
মোটামুটি নির্দেশ করা হয়। এই কায়নিক চ্হাক উভয়
পার্মে ভূপৃষ্ঠ পর্যান্ত বর্জিত করিলে যে ছই স্থানে মিলিবে,
ঐ ছই স্থানই পৃথিবীর চৌম্বলীয় মেরুবর। এই ছইস্থানে
চ্হাকের কাঁটা সমতল ভাবে থাকিলে যে কোনদিকে থাকিতে
পারে। কোন নির্দিষ্ট দিকে অবস্থিত হইতে চেটা করিবে
না। এই ছই বিন্তুর চ্হাকাবনতি ৯০°। ঐ ছই চৌম্বলীয়
মেরুর সমন্ত্র একটা বৃত্ত কয়না করিলে ঐ বৃত্তই চৌম্বলীয়
নিরক্ষরত্ত। এই বৃত্তের সর্ব্ব্ চ্হাকাবনতি ০° শৃক্ত। এই
কাল্পনিক চ্যাকের উত্তর্গিকে স্থ্যেরু-আকর্ষক অর্থাৎ ক্র্যেরুক্

একণে কিন্ধণে কৃত্রিম চুম্বক প্রস্তান্ত হয়, সংক্রেপে বর্ণনা করা বাইতেছে। সাধারণতঃ একটা স্থায়ী চুম্বকে একথণ্ড পাণি দেওয়া ইম্পান্ত মর্বণ করিয়া চুম্বক প্রস্তান্ত হয়। একটা বা চুইটা চুম্বক হারা একবারে ঘর্ষণ হইতে পারে। একটা চুম্বকরারা চুম্বক করিতে হইবে ইহার একটা মেন্দ্র ইম্পান্তের

একদিক ইইজে অপরসিকে শ্বিরা সইরা বাইতে হয়। লেব ইইলে আব্রার তুলিরা পূর্বভাব হইতে আবার ব্যিতে হয়। ছুইটা চূমক থাকিলে উহালের বিভিন্ন নেরুমর ইল্লাভ-শ্লাকার মধ্য-হলে রাখিয়া ছুইদিকে টানিতে হয়। বলা বাহল্য এইরূপ অনেক-বার করিতে করিতে ইল্লাতে চূমকশক্তি হারী হইরা বার।

তাড়িতপ্রবাহ বারা অতি প্রবদ চুবক উৎপন্ন করা বাইতে পারে। একটা লোহদণ্ডের উপন্ন ক্রেমণ্ডিত তামার ভার কড়াইরা ঐ তারে তাড়িতপ্রবাহ সঞ্চারিত করিলে লোহদণ্ড প্রবদ চুবকর্ষে সন্পার হর। এই প্রকার চুবককে তাড়িত-চুবক ( Electro magnet ) করে। সম্প্রতি তাড়িত বারাই হুই উপারে চুবক প্রতত ইইরা থাকে—

১। একটা দৃঢ়বন তাড়িত-চুম্বের (১ম চিত্র) ছইটা



মেরুর উপর ইম্পাত দণ্ড পরম্পর উন্টাদিকে টানিতে হয়। প্রত্যেক টানের শেষে ইম্পাত-শলাকার অগ্রভাগে সংলগ্ন মেরুর বিপরীত চুম্বকধর্ম উত্ত হয়, স্বতরাং ছইপ্রকার টানেই চুম্বক উৎপাদনে একরূপ সাহায্য করে।

২। অতি প্রবল চুম্বক করিতে হইলে তাড়িত-চুম্বক
অতিশন তেজবিশিষ্ট হওরা দরকার, কিন্ত তাহা হইলে
ইম্পাত শলাকা এরূপ দৃঢ়ভাবে তাড়িত-চুম্বকের মেরুতে
লাগিরা যার যে টানিতে অত্যন্ত লোর লাগে। এরূপ স্থলে
তাড়িত প্রোতবান্ তারের কুওলী দণ্ডের উপর (২র চিত্র)
একদিক্ হইতে অপরদিক্ পর্যন্ত নাড়া চাড়া করিতে হর।
আরাগো (Arago) এবং আম্পিয়ার (Ampere) সর্কপ্রথম
এই প্রণালী অন্নারে চুম্বক প্রন্তত করেন। ইম্পাতকে
চুম্বক করিতে করিতে এমন এক সময় উপস্থিত হয় যথন
আরও অধিক চুম্বকশক্তি উহাতে উৎপন্ন করিলে তাহা স্থারী
হয় না। এই সময় ঐ ইম্পাতকে চরম চুম্বকশক্তির
(Magnetized to saturation) বলা যাইতে পারে।

ক্ষম কৰ্ন ইন্সাতে সৰ্বাধ্য সমান-পাণি দেওৱা না হইলেও ক্ষম্য কামণে চুক্তের ছইটার। ক্ষমিক মের হইরা বার। ক্ষম্যাং লে ছবে একটা সমস্থান না হইনা ক্ষমেক্ত্রিল সমস্থান হয়।

চুষকের কারণারণদক্তি প্রান্ত কারনারের উপর বির্ভর করে। কিন্ত ক্ষে চুক্ক নিজের বতগুণ ভার ধারণ করিতে পারে, বৃহৎ চুক্ক নিজের তত গুণ পারে না। সেই অভ প্রকটা রহৎ চুক্ক অপেকা নমান গুজনের অনেকগুলি ক্ষে চুক্ক একজ করিলে ক্ষিক ভার ধারণ করিতে পারে। আবার কোন চুক্কে একবারে বহু ভার খুলাইরা দিলে রাধিতে পারে না, বহুদিবস ধরিরা অর অর ভার খুলাইতে হর ও তদপেকাও ক্ষিক ভার ধারণ করিতে পারে।

চূষক বে কেবল লোহকেই আকর্ষণ করে তাহা মহে। পরীকা বারা ছির হইরাছে, চূষক লোহ রাতীক্ত সিকেল, কোবাণ্ট, ম্যালানিল, কোমিয়াল, প্লাটিলাল্ ইত্যাদি গাতুকেও আর্থণ করে।

আবার কতকগুৰি এক্সপ বস্তু আছে, মাহাদিগকে চুম্বকের নিকট লইরা পোলে বিপ্রকৃত্ত হয়। মাল, ছ্রানার, কোচ-পাথর, কাচ, প্রক্রেক, গ্রুক, গ্রুন, নোম, চিনি, শ্রেক্সার, কাঠ, হস্তীনন্ত, রক্ত ইত্যাদি এই শ্রেণীর সম্বর্গত।

বেমন তাড়িতপ্রবাহ হারা চুম্বক উৎপন্ন হর, নেইরপ চুম্বক হারাও তাড়িতপ্রবাহ উৎপন্ন হইরা থাকে। ক্যারাডে (Faraday) প্রথম আবিকার করেন রে, কোন তারকুগুলীর নিকট চুম্বক লইবামাত্র কুগুলী মধ্যে তাড়িতপ্রোক্ত উৎপন্ন হয়। আবার চুম্বক অপসারিত করিবামাত্র তৎক্ষণাৎ কুগুলীতে বিপরীতনিকে তাড়িতপ্রোক্ত ঘটে। এই উপায় অবলম্বন করিরা ১৮০০ খৃঃ অবল পিন্মিজাই (Pixii) সাহেব একটা চৌম্বকীর তাড়িতকোম প্রস্তুত করেন। ছইটা তারকুগুলীর অগ্রভাগে একটা স্থায়ী চুম্বক ঘ্রিতে পারে, এক্ষপ বন্দোবন্ত করিয়া ঐ যন্ত্র নির্দ্ধিত হয়। চুম্বক ঘ্রাইলেই ভারে তাড়িত উৎপন্ন হয়। বাত ও পক্ষাথাত, রোগে বে তাড়িতকোম হারা রোগীর শরীরে তাড়িতব্রোত স্কালিত হয়, তাহা এই যত্তেরই প্রকার ভেননাত্র।

নহসংখ্যক চুমক লাগাইলে ও বালীয় যন্ত্ৰ ছানা তারকুণ্ডলী অভি বেগে স্বাইলো এন্ধলা থাবল তাড়িভলোত
উৎপদ্ম হয় যে উহাছালা জল এছছি দূল উপাদানে বিলিই,
অভিনান তাপ উৎপদ্ম, এমন কি উজ্জা আলোক পৰ্যায়ও
কহিৰ্গত হইতে পালে। তাড়িতালোক সক্তলাতর এইলেশ যন্ত্ৰ
লাগাই উৎপদ্ম হইনা থাকে। [কাজিজ দেশ।]

ে বৈদ্যাক নতে কুম্বকের, গুণ-লেশন গুণহুক, শীতা,
নেম গু নিমনালক। (জাবপ্রকাশ )ঃ ই মটের উপরিছিত
জাবলকান। ই মেদিনী) ও বিশ্ব বহু আহার মারনংগ্রহ।
(বি.) ৪ বে চুম্বন করে। এ কার্কা। জ মুর্ভা ব প্রহের
থেকদেশকা। ই মেদিনী)
চাহকপাশ্বা (চুম্বক্রাত্র শাসকা) লৌহাকর্ম মণি।

্চুম্বক নেও । ।

হুম্মন (ক্ষী) চ্বি-ছাবে বুট্। মুখসংবোগৰিশেব, চলিত
কথাৰ চুমা বলে। স্থামশাতে চুম্বন কৰিবার এই কয়টা স্থান
নিৰ্দিষ্ট সাহে—

"মুখে তানে লবাটে চ কঠে চ নেজ্ঞাে রশি। বাঙ্কে কর্ণবালৈত্ব কাজ্যাক্তগমূর্ক্ত্ম ॥ " চুখনস্থানমিত্যুক্তং বিজেয়াং কাম্কৈরিহ।"

মুখ, ছেন, নগাট, কণ্ঠ, মেত্রবর, গওছল, কর্ণব্য, কক্ষ, উক্ল, ভগ ও নক্তক এই কয়টা চুখনেল স্থান, কামুকগণের ইহা ক্লানিয়া রাধা আবস্থক।

চুস্থনা (জী) চুবি-জাবে গুচ্-টাপ্। চুম্ম।
চুস্থনীয় (জি) চুবি-কর্মণি মনীমন্। মাহাকে চুম্মন করা উচিত,
চুম্মনবোগ্য।

हुन्द्र। (जी) ह्वि-छार्त ज-छान्। हुक्म।

"বেদোহত চুখা প্রথমাতিযোগ:।" (বৃহৎসং ৭৮ অ:)
চুম্বিত (ত্রি) চুবি-কর্মাণ-জ। যাহাকে চুখন করা হইরাছে।
চুম্বিৰ্ (ত্রি) চুবি-ণিনি। ১ বে চুখন করে। ২ সংযুক্ত।
"গীনোক্ষতন্ত্রন্থগোপরিচাক্ত্বি মুক্তাবলী।" (চৌরপ ১৭)

চুরাল (দেশজ) > করণণীল। ২ পাহাড়ী ছা লোক।
চুর (ত্রি) চুর-বাহুলকাৎ ক। মে চুরি করে, চোর।
চুর্ট (দেশজ) ভাষাকনির্দ্ধিত নল।

চুরা (জী) চুর-বাহলকাৎ ভাবে অ-টাপ্। চৌর্য্য, পরস্রব্যের অপহরণ।

চুরাদি (পুং) চুর আদির্যক্ষ রহত্রী। চুর প্রভৃতি কডকগুলি থাড়। ইহাদের উত্তর স্বার্থে শিচ্ হইয়া থাকে।

চুন্নি ( চুন্না লক্ক ) চৌর্য্য, পরক্রবগ্নপ্ররূগ। চুন্নী (জ্বী ) চুন্ন-বাহুলকাৎ কি-ভীপ্। উপকূপ, কুপের নিকট-

वर्खी कृत समानत। (द्रम)

চুক্ত চুর (ত্রি) চুর-কু চুর-ক ততঃ কর্মধাণ। ছর্জন।
চুক্ত (ত্রি) চুর-কু রম্ভ ল। ১ চোর। এই শক্ষী বলাদি
গণান্তর্মত। ২ মন্থ্যের শিরোদেশ-শোভন ও পূর্ণভাবে আচ্ছাননকারী ক্তৃসংলগ্ধ স্পাক্ষনক স্তাবিশেষ। সংস্কৃত ভারার চুক্তাকে
কোন, প্রক্রাটী ও হিন্দী ভারার বাদ্য, নাটির ভারার কাঞ্চিল

পেলেম, ইটালি ভাষার পেলো, মলর ভাষার কৰ, ক্লল ; ক্লব ভাষার ভোলদ্, তুরছ ভাষার সাচ্, ফরালী ভাষার চিভিউ, জর্মণ ও ইংরাজী ভাষার হেরার (hair) কহিরা থাকে। ইহা উপত্তের অবহাস্তর মাত্র এবং চর্মাভ্যস্তরম্ভ কল্পপ্রধান হৈতে উৎপন্ন। ঐ কল্প মধ্যে ইহার পৃষ্টিবর্দ্ধক মজ্ঞা নিহিত থাকে।

শৃংকর রাসায়নিক প্রক্রিয়ার সহিত চুলের রাসায়নিক প্রক্রিয়ার সাতিশর সাদৃশ্য আছে। ইহা অতীব দৃঢ় ও স্থিতিস্থাপক এবং শুক্ষ ও উত্তপ্ত হইলে বৈহ্যাতিক শুণবিশিষ্ট হইয়া থাকে। জলীর বায়ুবিতান হইতে জলকণা আকর্ষণ এবং বায়ুবিতান শুক্ষ হইলে উক্ত জলকণা ৰাশাকারে নিঃস্রণ করিবার গুণ ইহাতে বিভ্যান রহিয়াছে।

বর্ণ ও গুণাকুসারে ইহা সাধারণতঃ চারি শ্রেণীতে বিভক্ত। বণা—

- ১। পিঙ্গলবর্ণবিশিষ্ট, সমরে সমরে ইহার একপৃষ্ঠ লোহিত ও অপর পৃষ্ঠ ক্লক্ষবর্ণ হর। এই চুল স্থলীর্য, কোমল ও অপর্য্যাপ্ত জন্মিরা থাকে। রুরোপস্থ নাতিশীতোক প্রদেশের অধিবাসীদিগের গাত্তে এইরূপ চুল দৃষ্ট হর।
- ২। ক্রফবর্ণ, পর্যাপ্ত, দৃঢ় ও সরল। মলোলিরা ও আমেরিকাবাসীদিগের এইরূপ চুল হয়।
- ৩। কৃষ্ণবর্ণ কিন্তু কোমল, খন, অপর্য্যাপ্ত এবং কুঞ্চিতা-কার। দক্ষিণসমূদ্রস্থিত শ্বীপবাসীদিগের শরীরে এইরূপ চূল জনিয়া থাকে।
- ৪। রুক্তবর্ণ ও কুঞ্চিতাকার সাধারণতঃ দেখিতে পশ-মের স্থার। আফ্রিকাখণ্ডের অধিবাসীগণের মধ্যে অনেকের চুল এই প্রকার।

এখন দেখা যাইতেছে বে জগতের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার গুণ ও বর্ণবিশিষ্ট চুল জায়িরা থাকে। একটু বিশেষ করিয়া দেখিলে ইহাও জানা যাইবে যে শরীরের বর্ণের বিভিন্নতাভেদে চুলের বর্ণের বিভিন্নতা লক্ষিত হর। শরীরের বর্ণ গৌর এবং ত্বক্ কোমল হইলে চুল পিঙ্গল অথবা লোহিতবর্ণ-বিশিষ্ট এবং কোমল হইলা থাকে। ইহার বৈপরীতা ঘটিলে অর্থাৎ শরীরের বর্ণ ক্লক্ষ এবং ত্বক্ পুরু হইলে চুলও ক্লক্ষবর্ণ হইলা থাকে। কোন কোন প্রাণীতত্ববিদ্ পণ্ডিত জীব-শরীরের এই পার্থক্য পর্যাবেক্ষণ করিয়া তাহাদিগের মধ্যে জাতিবিভাগ করিয়া থাকেন।

কালচুল শাদা চূল অপেকা। ছৃড় ও রুদ্ধ। চীনবাসীগণের চূল ইহার প্রকৃষ্ট উদাহরণ। আফ্রিকাবাসী নিপ্তোজাতি, আমেরিকার আদিম অধিবাসীগণ এবং নবজিলগুরাসীনিঃগর চূল মুরোপবণ্ডের ক্লফকার অধিবাসীগণের অপেকা অধিকতর দৃঢ়। আন্দেরিকার আদিন অধিবাদীগণের দুল কি তাহাদিগের অক্সে নর্গাছ্বারী, এডজারা সাইই অস্থানিত হইছেছে
বে গাল-বর্ণের নহিজ কেশের বর্ণেরও লাদ্ভ রহিরাছে।
নবগিনির অধিবাদী পেপুরা নামক ভাতির কেশ পশন
সদৃশ এবং ক্ষিত। নবজিলভ এবং আরও কভিপর হানের
অধিবাদীগণের কেশ পশন সদৃশ কুঞ্জিত অধ্ব অপ্যাপ্ত।

বাহা হউক উপরি লিখিত নিরমায়্সারে চর্ম ও চুলের মধ্যে ঘনিত সক্ষ বিদ্যমান থাকিলেও সমরে সমরে কাল চর্মের উপর লোহিত চুলের অভিছ দুষ্ট হইরা থাকে। কিছ তাহা ব্যক্তিগত, আভিগত নহে।

জগতের বাবতীর মানবজাতির মন্তব্দে সমপরিমাণে কেশ উৎপন্ন হইতে দেখা যার না। শেতাক পুরুষগণের শিরোদেশে বেশী কেশরাজি উৎপন্ন হয়, কিন্তু মজোলিয়া, আমেরিকা এবং আফ্রিকাবাসী কৃষ্ণকার পুরুষদিপের মন্তকে জত্যর পরিমাণে চুল দেখিতে পাওয়া যায়। উত্তর আমেরিকাবাসী কতকগুলি জাতি ভিন্ন সাধারণতঃ আমেরিকান্ন জাদিম জবি-বাসীগণের মন্তকে জার চুল হইয়া থাকে। [জাতি দেখ।]

কোন কোন স্থানে সর্বাঙ্গ চুল-বেছিত লোকের অন্তিছ দেখা বার। মান্দালা প্রদেশে এইপ্রকারের একটা স্ত্রীলোক একবার দেখা গিরাছিল। অনুসদ্ধানে জানা বার যে ঐ স্ত্রীলোকটার বাহার সহিত বিবাহ হইরাছিল তাহার সর্বাঙ্গ প্রকাপ চুলে বেছিত নর এবং তাহাদের সন্তানগণের মধ্যে একটা পিতার স্তার অপর ছইটা মাতার স্তার হইরাছিল। যাহা হউক আরও অনেক হলে ঐরপ অস্বাভাবিক মহুবা মধ্যে মধ্যে দেখা গিরা থাকে, শরীরের লোম বড় ও ঘন ক্ষক হইলে তাহাকেও চুল কহিয়া থাকে, কিছু বান্তবিক চুল শব্দ মন্তব্দের কেশকেই বুঝাইয়া থাকে। চুলের নাম কেশ ও গাত্রের অপর স্থানে উৎপন্ন চুল লোম প্রভৃতি নামে আখ্যাত হয়।

চুল মানবজাতির ভূষণ মধ্যে গণ্য। রমণীগণের নিকট কেল বেরূপ আদরের দ্রব্য সেরূপ অপরের নিকট নহে। কেলহীনা রমণী কুৎসিতা মধ্যে গণ্য। রমণীগণ অকীয় কেলের পরিবর্তে বধাসর্বস্থি দান করিছেও কুটিত হয় না।

গঞ্জনি-পতি মাজু দু ভারতবর্ধ আক্রমণ করিলে লাহোরাধি-পতি অনলপাল তাঁহার সহিত যুদার্থ প্রেরত হরেন, কিছ তাহার সৈঞ্জিগের ধতুর ছিলার আভাব হওরার তাঁহাকে বড়ই বিপদ্পান্ত হইতে হর, সেই সমরে এতজেলীর রমণীগণ জন্ম-ভূমিরজার্থ মতকশোভন কেশ করেন করিয়া জনজ-পালের নিকট পাঠাইরা দেশের উপকার করেন। ইহা ভিন্ন সম্পাদনের বিরোদেশ হইতে কেশ বিশ্বিত করিবার
অন্ত কোন উদাহরণ তনা বার না। ব্রুক্তর্যাবলম্বিনী বিধ্বাগণ
কর্তক মুখন করিবা থাকেন। তবে ভারতবর্ধে কেশের
বতদ্র আদর, অন্ত দেশে সে পরিমাণে আদর না হইলেও
গোরব ও সৌক্রবাস্চক লক্ষণ বলিরা পরিগণিত তবিবরে
সন্দেহ নাই। ভারতবর্ধের সর্ব্বে সমান সৌক্রবাধিশিপ্ত
কেশ দেখিতে পাওরা বার না। কেরপবাসিনীদিগের কেশের
ভার ক্ষর কেশ ভারতে আর নাই, সেই অন্ত প্রসিদ্ধ লেধক
দীনবন্ধ মিত্র লিধিরাছেন—

শিকল জনদ ক্লচি কেরলের চুন। কর্ণাটকামিনী কটা ভ্রনে অভূন॥" [ চের শক্ষ দেখ।]

চুলের পৃষ্টিবর্দ্ধক পদার্থের অভাক ক্রতেল ইহা ধ্সর বর্ণে পরিণত হয়। বাদ্ধক্যবস্থার সাধারণতঃ এইরূপে ঘটিয়া থাকে।

ভেলিক্সপ আকিমিক ভর হংথ কিবা মানসিক চাঞ্চল্য উপস্থিত হইলেও চুল ধুসর বর্ণ হইরা বার । ইহার অনেক দৃষ্টান্ত দেখা গিরাছে। ফরাসী রাজ্যের প্রজাবর্গ বিজ্ঞোহী হইরা ১৭৭৯ খুষ্টান্দে করাসীদেশীর তদানীন্তন নৃপতি ১৪শ লুই ও তদীর মহিবী আণ্টইনিকে কারাবদ্ধ করিলে মহিবী নিশি মধ্যে এত চিন্তায় নিম্ম হইরাছিলেন, তাঁহার মানসিক যন্ত্রণা এত বৃদ্ধি হইরাছিল বে, ঐ রাত্রিতেই তাহার কেশরাশি ধুসর বর্ণ হইরা গিরাছিল।

অতিশর ভয়, ছঃপ ও মানসিক চাঞ্চল্য হারা চুলের মূলদেশক স্থান্দে এক প্রকার অন্ন পদার্থ উৎপন্ন হইরা উহাকে বিবর্ণ করিরা দের।

হিন্দু মতে শিরোমুণ্ডন সর্কতোভাবে নিষিদ্ধ, সেই জঞ্চ হিন্দুপ্রক্ষণ শিরোদেশে শিখা রাথিয়া থাকে। চীনদেশীর লোকেরা মন্তকে বেণী রাথে। আফগানস্থান ও বেলুচিস্থানবাসীগণ মন্তকের সম্মুখভাগ কামাইয়া পশ্চাদ্ভাগে চুল রাথিয়া থাকে। হিন্দুগণ তাহাদিগের জ্ঞাতির পরলোকপ্রাপ্তি হইলে কিছুদিন তাহার স্মরণার্থ ক্লোরকার্য্য সম্পাদন করেন না। কোন কোন হানের জীলোকেরা আন্মীরের মৃত্যু উপলক্ষেত্রক মুখ্ডন করিয়া থাকে। হিন্দুগণ কোন দেবতার উদ্দেশে মানস করিয়া চুল রাথিয়া থাকে এবং সময়ান্তে মন্তক মুখ্ডন করিয়া উক্ত দেব সমীপে উহা দিয়া থাকেন। কোন কোন তীর্ষহলে গিয়াও হিন্দুরা মুখ্ডন করিয়া থাকে।

কেশ বর্ণান্তর করিবার বিবিধ উপার আবিষ্কৃত হইরাছে।

এ বিষরে চীনবাসীগণ বেরূপ নৈপুণ্য দেবাইরা থাকে, সেরূপ
আর কোন জাতিই দেথাইতে পারে না। তাহারা তাহাদের
আবিষ্কৃত কেশবর্ণান্তর করিবার উষ্ধ আভ্যন্তরিক প্ররোগ-

প্রকি পিলল ও লোহিত বর্ণের কেশকে ঘন ক্রফ করিতে পারে। এন্ ভইরণ সাহেব ঘচকে কেবিরা লিখিরাছেন বে, ছইন্সন ধর্মরাজক খেতকার প্রক্রম চীন হইতে ভাহাদিগের কেশ ক্রফ করিরা আনিরাছিলেন। ভিনি আরও বলেন যে তিন প্রকার উদ্ভিজ্ঞ পদার্থ বারা এই ঔবধ প্রাপ্তত হইরা থাকে। যাহা হউক এই প্রকার ঔবধের গুণ স্থারী এবং অনিপ্রকর নহে। কিন্তু এতদ্দেশে ও জন্মান্ত স্থানে চূল পক হইলে অনেকে একপ্রকার ক্রমিন ঔবধ, চুলে ব্যবহার করিরা ইহা কাল কবিবার চেষ্টা করেন। তাহাকে কলপ করে। এ প্রকার ঔবধের গুণ স্থারী নহে, কিন্তু বিলক্ষণ অনিষ্ঠকর, স্ক্তরাং এই ঔবধ ব্যবহার করিলে কেশের শুন্রতা নষ্ট করিতে গিয়া অপর প্রকার অনিষ্ঠ আনর্মী করে।

মুসলমানগণ কুস্থমফুল ও মেহেদীপাতার ছারা কেশ রঞ্জিত করিরা থাকে।

রমণীগণ নানা প্রকার প্রক্রিরা অবলম্বন করিয়া চুল বন্ধন করিয়া থাকে। [বেণী শব্দে বিস্তৃত বিবরণ দেখ।]

রীতিমত যত্ন করিলে চুলের পারিপাট্য ও সৌন্দর্য্য র্দ্ধি
হইরা থাকে। স্থতরাং ইহার পৃষ্টিবর্দ্ধক ও সৌন্দর্য্যোৎপাদক
বহুতর জ্ব্যাদি আবিষ্কৃত হইরাছে। বন্ধ ব্যতিরেকে সমরে
সমর্যে মন্তকে জটা বাদ্ধিরা যার, তাছাতে অনিষ্ঠ ভিন্ন ইট
হইতে পারে না। তাই সমর মত কিরৎ পরিমাণে যত্নেরও
আবিশ্রক।

চুল একটা প্রধান পণ্য মধ্যে গণ্য। ইহা নানাকার্ব্যে লাগিরা থাকে। বর্ত্তমান সমরে ইহার এত অধিক প্রয়োজন যে স্থবিধা মত যোগাড় করিরা উঠিতে পারা যার না। ইহার প্রতি অর্দ্ধসের ১৬ শিলিং করিরা ইংলতে বিক্রন্থ হইরা থাকে। তথাকার রমণীগণ কেশ্বারা নানা প্রকার শিব্ধকর্ম করিরা থাকে। পরচুলা প্রস্তুত জন্ত লগুনে বংসরে প্রায় ১০০ হণ্ডে ওরেট কেশের আমদানি হইরা থাকে। পৃথিবীর প্রায় সর্ব্বতে কেশের ব্যবসা প্রচলিত আছে। ইংলগুদেশের দরিত্র রমণীগণ মন্তক্রের চুল বিক্রন্থ করিরা অর্থোণার্জনপূর্ব্বক জীবিকানির্বাহ করিরা থাকে। কিন্তু আমাদের দেশের রমণীগণ অন্তাভাবে প্রাণভাগি করিলেও প্রক্রপ কর্ম্ম করে না।

বসত্তের প্রারম্ভে কেশব্যবসারীগণ বিলাতে নগরে নগরে গ্রামে গ্রামে কেশ আহরণার্থে লোক প্রেরণ করিয়া থাকে। পরচুলা ভিন্ন অপর প্রকার নিমন্তব্য উৎপন্ন অভ্যন্ত কেশের আবক্তক হইরা থাকে। কেশে বড়ীর চেন প্রভৃতি নির্শিত হইয়া থাকে।

চুল পরস্পার অভিত হইবা কার্ব্যের অন্ত্পার্ক হইবার

আশকার ব্যবসারীগণ তাহাকে প্রথমে সোড়া ও গরম জনে পরিকার করিয়া কোমল বন্ধ ওও বারা ওক করে, পরে ক্রস দিয়া আচড়াইয়া ভিন্ন প্রকার দৈব্য ও ওপরিশিষ্ট করিলা বার। কোন হানে ব্রীলোকেরা চুলের বারা প্রকার ক্রমন বাটা, রেকাবী প্রভৃতি প্রভৃত করিয়া নৈপ্রভা প্রদর্শন করিয়া থাকে। চুলাকানি (দেশক) কঙ্কা, গাজকপু।

हुला ( ह्ही भक्क ) डेनान, जाशा

চুলিয়া, মলবার ও সিংহলের এক শ্রেণীর স্বলমান। কিন্তু
মলবারবাসীগণ লাকিলাত্যের অধিবাসী মাত্রকেই চুলিরা বলে।
তথাকার ব্যবসারীগণ সকলেই চুলিরা ও ক্লিং এই হুই জাতিভূক্ত। ক্লিং সম্ভবতঃ কলিল শব্দ ইইতে ও চুলিরা চোল শব্দ
ইইতে উৎপর্ম ইইরাছে। বোধ হর চুলিরাগণ চোলরাজ্য
ইইতেই তথার গমন করিরাছিল।

চুলুক (পুং) চুল বাহলকাং উকক্। > প্রস্তি, হস্তকোষ।
২ ঘন পক্ষ বা ঘন কর্দম। ৩ ক্ষুত্তাগুবিশেষ। (ত্রিকাণ্ডণ)
(ক্লী) ৪ মাধ মজ্জনোপযুক্ত অন, বডটুকু অনে কেবল একটী
মাধ ড্বিতে পারে ভাহাকে চুনুক বলে।

"মাৰ্যজ্ঞনজ্গুলাচামং উচ্চুলুকং।" (মহোপনি·)

৫ গোত প্ৰবৰ্ত্তক ক্ষবিবিশেষ। [ গৰ্গাদি দেখ। ]

हुलूका (बी) नमीवित्मव।

শকাবেরীং চুলুকাঞ্চাপি বেখাং শতবলামপি।" (ভারং ৬৯৯%:) চুলুকিন্ (পুং) চুলুক উর্জোন্নতির্বিভ্তে হস্ত চুলুক-ইনি।
> মংশ্রবিশেষ, ইহার আক্রতি শিশুমারের তুল্য। (শল্পরত্নাবলী)
( ত্রি) ২ চুলুক্যুক্ত।

চুলুম্প (পুং) চুলুম্প-ভাবে ঘঞ্। বালকের লালন, অভিশর বদের সহিত বালকের অভিপালন। (জটাধর)

চুলুস্পা (খ্রী) চূলুম্প-টাপ্। ছাগী। (बिकाकः)

চুলুম্পিন্ (পুং) চুলুম্প-পিনি। মংস্থবিশেষ, ইছার আক্কৃতি শিশুমারের ভূচ্য। (শক্ষত্বাবলী)

চুল্ল ( ক্লী ) ক্লিক কাৰ্থে লচ্ চুলাদেশত ( ক্লিয়ত চিল্ পিল্লাত চক্ৰী। পা ১২।৩৩ বাৰ্ত্তিক ) "চুল্চৰক্তব্য:।" ( মহাভাষ্য ) 'ক্লিন শকান্তক্ষিশেষাৰ্থাভিধানিম: বাৰ্থে-লোবিধেয়:।' > ক্লিন-দেব, ক্লেম্ক চক্ৰ। ( বি ) চুল-কৰ্শ-আনিশ্বাৎ আচ্ । ২ ক্লেম্ক চকুৰিশিষ্ট, কাৰ্যন চকু ক্লিন হইয়াছে।

চুল্লক [ চুजूक (नव । ]

চুল্লকী (ব্ৰী) চুলভি অকভনেন জ্ঞীড়ভি-চুল-ৰূপ্-গোঁৱাদিছাৎ ভীব্। ১ লিভমান, ছড়ক। ২ কণ্ডীদিশেন, একঞ্চনার ছালী। ৩ কুলবিশেষ। (মেদিনী)

চুল্লি (জী) চুলাতে ৰাজুনামনেকাৰ্থকাং স্থাপ্ততক্ত কৰিবলৈ চুল-

रेत् ( नक्तिविक्कित् । किन् ११००१) ४ नारकत विविध विध प्रतिविक्ति केन्त्र, केनान्, कावा । नद्यक्ति कावस, केनान, कविक्षति, कविका, क्षत्रस, केवान, केवान, ह्यी, वालिका, केवानि

চুরী (বী) চুলি বা ঙীব্ (ক্ষপিকারাদক্তি সঃ। পা ৪া১।৪৫ ার্ডিক) ২ চিতা। ২ উপান, চুলা

"नकम्ना श्रद्ध इती त्नदग्रवकतः।" ( वक् अक्ट )

চুশ্চ াবা (জী) চাত সন্ নিগাছনে নাধু। ভাল করিরা চোবা। "অভন্যন্ত চুশ্চাবাকারং ধানাঃ সংক্রা।" ( মানবং )

চুক্ত (ক্লী, পুং) চ্যাতে আখাছতে চ্ব্-জ্ঞ-নিপাতনে সাধু। ১ বৃক্ত,
মাংদপিওবিশেষ। ২ স্থানীভূট মাংল, বে মাংদ স্থানীতে ভাজা
হইরাছে, চলিত কথায় শ্রীড়াকাবাৰ বলে। ৩ পনস প্রভৃতি
ফলের অসার ভাগ, চলিত কথায় ভোজা বলে। (ভরত)

চুকুক ( क्री ) চ্যাতে পীরতে চ্ব-পানে বাহলকাৎ উক্তঃ বকারভ চন্দারত। ১ চুচ্ন, কুচাগ্র। (ভরত) ( ত্রি ) ২ চ্বণশক্তিহীন, বাহার জিন্ধা বারা ক্লপান্ধরণ করিবার ক্ষমতা নাই।

"পাপবোনিং স্মাপদাশত জামুক্চুকা। (ভারত ১৫।৩৬ জঃ) চুড় ( দেশজ ) হক্তের জাভরণ।

চূড়ক ( গং ) চূড়াক্টান্ত চূড়া বাহনকাং-কন্। কুপ। (ত্রিকাণ্ড)
চূড়ত্রিপাদোপমণ, বুজদেবের ধর্মব্যাথ্যান। মহেন্দ্র নামে
একত্ববির ভারতবর্ষ হইতে সিংহুদ্রে আসিয়া ভণাকার রাজা
দেবানন্-প্রিমনিয়কে উক্ত ধর্মব্যাথ্যান বুঝাইয়া তাঁহাকে
এবং তাঁহার অধীনত্ব চলিশহাজার লোককে বৌজধর্মে দীক্ষিত
করেন।

চূড়া (স্ত্রী) চোলরভি উরতো ভবতি চুল অঙ্ ওক্ত উকারঃ দীর্ঘণ্ট নিপাতনাং । > মরুরশিধা। ২ শিধা, টিকি। পর্য্যার—শিধা, কেশপালী, জুটিকা, শুটিকা। ৩ বড়তী, তুণাদিনির্দ্মিত গৃহের পাইর। ৪ বাছর অবহার (মেদিনী।) ৫ অগ্রভাগ।

"অন্তাচলচ্ডাবলখিনি ভগবতি চন্দ্ৰমনি।" (হিতোপণ)

• কুপা ৭ গুলা। ৮ খেচগুলা। (বৈত্বক) ৯ মন্তক। ১০
থাখান। ১১ নশ্বিধ সংস্থাবের অন্তর্গত একপ্রকার সংস্থার।

[চুড়াক্তরণ শব্দে বিভ্ত বিবরণ ত্রন্থীয়।

"চুড়াকার্য্যা যথা কুলং।" ( মলমাসতত্ত্ব )

চূড়াকরণ ( রী ) চূড়ারাঃ করণং ৬তং। > দশবিধ সংস্থারের জরগত একটা সংস্থার। গর্জাধান প্রভৃতি সংস্থারের স্থার এই সংস্থারটাও হিলুগণের বিশেষ আধ্রণীর ও অরশ্র কর্ত্তবা। স্কুর্তিছিমানির মতে—গর্জাধান বা জন্মদিন হইতে ভৃতীর ৫ম বা লপ্তমবর্ধে চূড়াকরণ করিবে। কিন্তু মন্ত্র মতে প্রথম বর্ধেও চূড়ার বিধান ক্ষাকে। পীনুষ্ণারার মতে প্রশ্বয়ে

বাহার হৈ বিধান আছে, ভাষার ভদত্তারেই চূড়াকরণ করা উচিত। जामक शाम जैनमहत्त्व महिल्हे धरे मश्कावती स्व, আবার কোন ছানে পৃথক্রণে চূড়াকরণের প্রথাও প্রচলিত আছে। কুলাচার অজুসারে উপনয়ন সংখারের সহিত বাহা-দের চূড়া হর, ভাহাদের পক্ষে আর চূড়ার জন্ত পৃথক্ শুভদিন **मिथिए इत्र ना, या अधिकारन উপनत्रत्मत्र विधान आहर स्मर्ट** দিনেই চূড়াও হইতে পারে। কিন্তু চূড়াকরণ সংকার বাহাদের পুথক হর, তাহাদের পক্ষে ইহারও শুক্তদিন দেখিতে হর। মুহুর্ত্ত-চিন্তামণির মতে বধাকালে উত্তরারণ অইমী, চতুর্দশী, পূর্ণিমা, অমাবকা ও বাদনী রিক্তা ও প্রতিপৎ ভিন্ন অপর তিথি, সোম, বুধ, বৃহস্পতি ও ভক্রবার এবং এই সকল গ্রহের লয় ও নবাংশে চূড়াকরণ করা উচিত। কিন্তু চৈত্র বা পৌষ মালে চূড়া করিতে নাই। অষ্টম ছানে ভক্র ভিন্ন অপর গ্রহ থাকিলে তাহাতেও চূড়াকরণ বিধের নহে। অহুরাধাবর্জিত মৃত্ন চর ও লঘুগণ এবং জ্যেষ্ঠা নক্ষত্র চূড়ায় প্রশস্ত। যে লগ্নের তৃতীয় ষষ্ঠ বা একাদশ স্থানে পাপগ্রহ থাকে, সেই লগে চুড়া করা উচিত। কীণ চক্র লগ্নের কেন্দ্র গত হইলে মৃত্যু হয়, এইরূপ কেন্দ্রভানে মঙ্গল থাকিলে শস্ত্রভন্ন, শনি থাকিলে পঙ্গুতা এবং সূর্য্য থাকিলে জ্বর হইয়া থাকে। অতএব লয়ের কেন্দ্রখানে ঐ সকল গ্রহ না থাকে এরূপ দেখিয়াই চুড়াকরণ করা উচিত। কিন্তু বুধ, বুহস্পতি বা শুক্র কেন্দ্রগত হইলে ভুভ ফল হয়। ইহাতে তারাভুদ্ধিও দেখিবার আবশ্রক। (১) মাতা গর্ভিনী হইলে শিশুর চূড়াকরণ করিতে নাই। কিন্ত গর্ভের প্রথম পাঁচ মাস মধ্যে বা শিশুর বয়স পাঁচ বৎসরের অধিক হইলে কোন দোষ হর না। উপনয়ন ও চূড়া একসঙ্গে হইলে গভের প্রথম মাস মধ্যেও করা ঘাইতে পারে। (২) বিবাহাদির স্থায় চূড়াকরণও বেদভেদে ভিন্ন ভিন্ন হইরা থাকে। ভবদেবভট্টক্লত দশকর্মপদ্ধতিতে সামবেদীর চূড়াকরণ

ভবদেবভট্টক্লত দশকর্মপদ্ধতিতে সামবেদীর চ্ডাকরণ এই প্রকার লিখিত আছে। যে দিন চ্ডাকরণ হইবে সেই দিন প্রাতে বালকের পিতা যথানিরমে প্রাতঃরান ও বৃদ্ধি শ্রাদ্ধ করিবে। তৎপরে কুশতিকার নির্মাহ্সারে

( > ) ''চ্ড়াবৰ্ষাং তৃতীয়াং গ্ৰন্থৰতি বিৰমেষ্টাকলিকালা বধী।
প্ৰেলিছে বিচৈতোলগ্ৰনস্মলেকেল্পুক্লেকালানান্।
বালে লগাংশটোল্টাবন্ধনিধনতনৌ নৈধনে গুৰিবৃক্তে।
শাকোপেতৈবিদিকৈয় পুচৰ লব্ভৈলাল বটুকিখাটাল:।
কীৰ্চক্ৰকোটিকভাবিবিয় পুচা শুলুকি পলুতা অহাং।
স্থাং ক্ৰেণ্ব্ৰলীবভাগবৈং ক্লেটাগত গুৰুমিটভাললা।" (মৃত্তিচি)

( ২) প্ৰমাসাধিকে মাতুৰ্গৰ্তে চৌলং শিশোৰ্থসং।
প্ৰথগিকভেটং পতিগামণি মাত্রি ঃ ( মুহুওচি॰ )

বিরূপাক লপান্ত কুশভিকা, করিবে ৷ . ইহাতে সত্য, নামক অমি স্থাপন করিতে হয়। [কুশশ্রিকা দেখ।] তৎপরে একবিংশতি দর্ভ পিঞ্লি অর্থাৎ প্রভ্যেক ছাগে সাতটা অপর একটা কুশপত্রে বেষ্টন করিবে। উষ্ণ অলপরিপূর্ণ কাংখ্যপাত্র, তামার কুর, তাহার অভাবে দর্পণ আনিরা রাথিতে হয় এবং নাপিতকে লোহকুর হাতে করিয়া বদিতে হইবে। অমির উত্তরদিকে বুষ-গোময়, তিল, তঙুল ও মাষ ় যোগে পক রূপর (খেচুড়ী), অগ্নির পূর্বাদিকে ধান, যব, তিল ও মাষ এই সকল জ্রব্যে পরিপূর্ণ তিনটী পাত্র রাখিবে। ইহার পরে বালকের গর্ভধারিণী একথানি পরিষ্কার বস্তে আচ্ছাদিত বালককে ক্রোড়ে লইয়া অগ্নির পশ্চিমে স্বামীর বামপার্যে উত্তরাগ্র কুশার উপরে পূর্ব্যমুখী হইয়া উপবেশন ক্রিবে। ইহার পরে বালকের পিতা প্রাদেশ পরিমিত একটা সমিধ্ মত মাথাইয়া অমন্ত্রক অগ্নিতে নিক্লেপ করিবে। তৎপরে কুশগুকার নিরমান্ত্র্সারে ব্যস্ত সমস্ত মহাব্যাহ্নতি হোম করিতে হয়। বালকের পিতা উঠিয়া পূর্কমুখী হইয়া পশ্চিম দিকে অবস্থিত নাপিতের প্রতি দৃষ্টিনিক্ষেপপূর্বক তাহাকে স্থ্যের ক্লায় ভাবিয়া "প্রজাপতিশ যি স্বিতাদেবতা চূড়াকরণে বিনিয়োগ:। ওম্ আয়মগাৎ সবিতাকুরেণ।" এই মন্ত্রটী ও উষ্ণ জলপূর্ণ কাংস্থপাত্রে দৃষ্টিনিক্ষেপ এবং মনে মনে বায়ুকে চিন্তা করিয়া "প্রজাপতিশ বিবায়ুর্দেবতা চূড়াকরণে বিনিয়োগ उँ উল্লেণ বাম উদকেনৈধি।" এই মন্ত্রটী জপ করিবে। ইহার পরে পূর্বস্থাপিত কাংস্থপাত্র হইতে কিঞ্চিৎ উফজন ডান হাতে নইয়া বালকের ডানদিকের কপুঞ্চিকা ডিজা-हेब्रा मिट्ट । ( निथाञ्चात्नव नीटा ও कर्ट्य निक्रेवर्खी डेक्र স্থানকে কপুষ্ণিকা বলে।) মন্ত্র যথা—"প্রজাপতি# যিরাপো-দেৰতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ আপ উদস্ক জীবদে।" অনস্তর তামকুর বা দর্পণ অবলোকন করিয়া "প্রজাপতিশ্ব বি বিষ্ণুদেবতা চূড়াকরণে বিনিয়োগ:। ওঁ বিষ্ণোর্দংষ্ট্রোছসি। এই মন্ত্র পাঠ করিবে। ইহার পরে কুশবেষ্টিত সেই দর্ভ-भिश्वनी **ग**हेश "প্রকাপতি (বিরোষ্ধির্দেবতা চূড়াকরণে विनिয়োগ:। ७म् ७मर् वाग्रदेशनः।" এই মন্ত্র উচ্চারণ-পূर्वक नर्जिभिक्षनीत मून जेभरत्रत्र निरक तांथिया भूकी निरक কপৃষ্ঠিকা দেশে সংযোজিত করিবে এবং তাত্রকুর বা দর্পণ ডান হাতে দইয়া "প্রজাপতিশ বিস্বধিপতিদেবতা চূড়াকরণে বিনিয়োগ:। ওঁ স্বধিতে মৈনং হিংসী:।" এই মন্ত্র উচ্চারণে তথায় সংযোজিত করিতে হয়। ইহার পরে সেইস্থানে তাত্রকুর বা দর্পণ "প্রজাপতিখ'বিঃ পুষাদেবতা চূড়াকরণে বিনিরোগঃ

क्षांश्वरविष्ठ शार्मिणविष्ठ स्वायुक क्ष्मभवव्यत्क शिक्षकी करह।

ওঁ যেন পুষা বৃহস্পতের্বায়োবিক্রন্ত চাবপত্তেম ডে বণানি ব্রহ্মণা कीवाज्य कीवनाम नीवायुष्ट्रांत्र बनाम वर्करन" এই मझ अफिना अज्ञे जाद हानना कतिरद **रस्म अक्ही रक्ष अहित मा ह**ह। ইহা ছাড়া বিনামত্রেও ছইবার চালনা করিতে হুর ৷ ইহার পরে লোহকুর बারা সেই কপুঞ্চিকা দেশের কেশ ছেদন করিয়া বালকের কোন মিত্র ব্যক্তির হন্তবিত সেই ব্যগোময়-পূর্ণপাত্রের উপরে কর্ডপিঞ্লীর সহিত কেশগুলি রাখিরা দিবে। তৎপরে কপুচ্ছল দেলের কেশ ছেদন করিতে হয়। ( মাথার পিছন শিধাস্থানের নীচ ও নাপিতের ক্রোড়াভিমুখ উচ্চস্থান कश्रुष्क्न भारत वृक्षिए इहेरव।) हेशन निव्यम-धार्या "आश-जेन्नच" रेजािन मत्बाळात्रत जेककान जिकारेगा "उ विस्कार्मः(ड्रोशम।" धरे मद्भ ठाउकूत वा पर्मन ७ "अम् 'अवधरम जामरेश्वनः" **এই मरत मर्छिनश्रमी मः रामिन कतिरा**। তৎপরে "ওঁ স্বধিতে মৈনং হিংসী:" এই মন্ত্রে তাম্রকুর বা দর্পণের চালনাপুর্বাক লোহকুরে কেশচ্ছেদন করিয়া পুর্বের স্থায় স্থাপন করিতে হয়। বামকপুঞ্চিকা হুইতেও এই প্রকারে কেশ ছেদন করিতে হয়। এইরূপে কেশচ্ছেদন হইয়া গেলে বালকের মন্তক ছুই হাতে ঢাকিয়া "প্রজাপতি শ বিরুষ্ণিক্ছন্দো জনদ্মিকশ্রপাগন্ত্যাদরো দেবতাশ্চু ড়াকরণে विनित्यांशः। ७ जायूरः क्यमत्यः क्थान्य जायूरः ष्मशेष्ठाच वाग्रायुरः यद्मवानाः वाग्रायुरः उद्धश्च वाग्रायुरः॥" এই মন্ত্রটী জপ করিবে। ইহার পরে পুশানি বারা নাপিতকে অশঙ্কত করিতে হয়। নাপিত অগ্নির উত্তরদিকে বসিয়া বালকের মন্তক মুক্তন করিবে। সমন্ত কেশগুলি বুষগোম-टम्ब উপরে রাখিয়া বনের মধ্যে বাঁশের ঝাড়ে স্থাপন করিবে। ইহার পরে পূর্ববং ব্যক্ত সমস্ত মহাব্যাহ্বতি হোম ও একটী সমিধ্ অমন্ত্রক অগিতে নিকেপ করিয়া প্রকৃত কর্ম সমাপন করিবে এবং তৎপরে কুশতিকার নিরমে শাট্টায়ন-হোম প্রভৃতি বামদেব্যগাণাম্ভ কর্ম সমান করিয়া কর্মকারক ব্রাহ্মণকে দক্ষিণা এবং ধার্মাদিপূর্ণ পূর্বস্থাপিত পাত্রগুলি নাপিতকে অর্পণ করিবে। (ভবদেবভট্টকুভ দশকর্মণ)

শ্বেদীয় চূড়াকরণ—নিজ কুলাচার অনুসারে তৃতীয় বা প্রথম বর্ষে কিয়া উপনয়নের সময় চূড়াকরণ বিধেয়। স্বয়ং অশক হইলে অপর ব্রাহ্মণকে বরণ করিতে পারে। যে দিন চূড়াকরণ হইবে সেই দিন প্রাতঃক্ষান প্রভৃতি নিত্যক্রিয়া সমাপন করিয়া তিল, জল ও কুশপত্র লইয়া "ওঁ অভ্যেত্যাদি কর্ত্ব্যক্ষারকচৌলকর্মানলনিম্প্রাহ্ময়ং করিবেয়" এইয়প সমর করিবে। তৎপরে মধ্যেক্ষ বিধানামূলারে আভ্যাদি কর্ত্বিয়া ক্রিবে সাহ্যাদিক প্রাহ্ম সমাপন করিয়া কুল্ভিকার নিয়মে অমি

স্থাসন শর্মান্ত কার্ব্যের অন্তর্ভান করিবে। ইহাতে অধির নাম পত্য লাখিছে হয়। ইহার-সরে প্রাণারাদ করিয়া <sup>গওঁ</sup> জড়ে-ত্যাৰি কুমাৰুদংভাৱাৰ্থ্য চৌলাখ্যকৰ্ম তদকম্বাধানং দেবতা পরিগ্রহার্থক করিবো।" এইরূপ সংকর করিবা "ওঁ ভূজু বং चारा । हेनर 'अजानकरम नमः।" धरे मद उक्तात्रवपूर्यक इरेडी मिय पुरु माथारेवा अविदेश नित्कर कविद्य । उरशदा "ওঁ অন্মেভ্যাদি অস্মির্যাহিতে অন্ধৌ অগ্নিং জাতকোসমিধ্যেন প্রকাপতিং চাবারনেবক আজ্যেনাগ্রি প্রমানং প্রকাপতিক প্রধানবেকা আক্রাশেবেণ বিষ্টকুতমিশ্ব সর হণেন করেং विधान दिवान मध्यादवर मर्सक्यामिक उत्तवका व्यक्तिः दिवान **विकूर वायूर ज्यार ध्यजाशिक काठा काठमायनिर्द्र्र**शार्थ মনাজাতমিতি ভিল্ল: আজাজব্যেণমাঙ্গেন কর্মাণামভোহহং বক্ষো।" এইরূপ সংকর করিয়া আজাহোমের আবশুকীয় সমস্ত দ্রব্য সংগ্রহ করিবে। [কুশণ্ডিকা দেখ।] অ্যির উত্তরদিকে ধান, মাষ, যব ও ডিলপুর্ণ চারিটী শরা, তামকুর, लोश्कुत, नीजलास्थामक, नवनीज, मधि ७ पूर्वभाव द्यापन করিবে। বালকের জননী বালকটাকে কোলে লইয়া অগ্নির পশ্চিমে উপবেশন করিবে। সমীপত্রপূর্ণ ব্রগোময়য়্ক ছুইটা নুতন শরা বালকের নিকটে রাখিবে। বালকের পিতা একবিংশতি দর্ভপিঞ্জলী হাতে লইয়া দক্ষিণে উপবেশন-পুর্বাক কুশণ্ডিকার নিয়মান্থ্যারে ইখ্যাধান হইতে আধার পর্যান্ত কার্য্য করিবে। তৎপরে চারিটী ম্বতাহতি দিতে হয়। মন্ত্র যথা "অগ্ন আয়ুংযীতি তিস্থাং শতং বৈধানস ঋষয়োহিছি: প্রমানো দেবতা গায়তীচ্ছন্দ আজ্ঞাহোমে বিনিয়োগ:। > उँ व्यथं व्यायुः वि भवम व्याव्यत्वां क्यियः हनः। व्याद्र वांश्य তুচ্ছুনা স্বাহা" (ঋক্ ৯।৬৬।১৯।) ২ "অ্যার্শ্ব বিঃ প্রমানঃ পাঞ্জন্তঃ পুরোহিত:। তমীমহে মহাগয়ং। স্বাহা" ( ঋক্ ৯।৬৬।২০।) ৩ "অমে প্রস্থ স্থপা অমে বর্জঃ স্থুবীর্যাং দুধন্তিমুম্মি পোষ্ম। স্বাহা" ( ঋক ৯।৬৬।২১ ) এই তিনটী মন্ত্রের শেষে "ইদমগ্নরে প্রমানায় নম:" এইরূপ যোগ করিয়া তিন্টী আছতি ও "প্ৰজ্ঞাপতে নত্বদেতান্তন্তো বিশ্বা" ( ঋক ১০।১২১।১০ ) ইত্যাদি মন্ত্রের শেষে "স্বাহা ইদং প্রজাপতয়ে নম:" এইরূপ যোগ করিয়া একটা একটা আছতি দিবে। এইরূপে চারিটা আছতি দেওয়া হইলে বালকের ডানদিকে একটা শরা রাথিয়া পূর্ব্ব স্থাপিত শীতলোক জল ছুইছাতে লইরা "ওঁ উক্ষেণ বায় উদকেনৈহি।" এই মন্ত্রে মিশাইবে। একটা শরাতে সেই মিশ্রিত জল হইতে কিঞ্চিৎ জল লইয়া নবনী তাহার অভাবে ছুধের শর দিয়া বালকের ডান কাণের উপরের চুলগুলি "ওঁ अपिकि: (कमान् वशक् आशक्षप्रकर्तिम मीपायुहे । प्र

वर्कत्म ।" और बन्न भणिया चारक चतरह कियादिया मित्र । এই প্রকারে সাধার দক্ষ চুলই ডিজাইতে হর। সাধার কেশ শ্বলিকে ডান ও বাম ভাগে বিভক্ত করিবা ভাছার ডান ভাগকে চারি ভাগে ও বাম ভাগকে তিনভাগে বিভক্ত করিবে, ইহার পরে হোমকর্তা বালকের ভানদিকের কেশ-ভাগের এক हर्ज्यकारम "उँ धवरथ **व्यक्तिय**नर" धरे मञ्ज केकातन कतित्रा 'ভিনটী পুশলিঞ্জলী অর্পণ করিবে এবং শেই কুশপিঞ্জীর সহিত সেই কেশগুলি ৰামহত্তে গ্ৰহণ করিয়া ভান হাতে णाअकृत नहेता "७ विषिष्ठ रिमनः हिरती: ।" शहे महत हानना করিবে ও লোইকুরের ছারা "ওঁ বেনা পবৎ সবিভা কুরেণ সোমস্থ রাজো বরুণক্ত বিদান । তেন তে ব্রন্ধণো বপভেদ-मछायुजान अत्रनष्टीर्वशानः ।" এই मन्ती उक्तांत्र (इन्न कतित्र) শমীপত্রের সহিত মিশাইরা বালক জননীর হস্তাঞ্চলিতে অর্পণ করিবে। এই সময়ে ছিল্ল কেশগুলির অগ্রভাগ পূর্বাদিকে রাথিতে হয়। বালকের জননী সেই কেশগুলি বুষগোমরের উপত্রে রাথিয়া দিবেন। এই রূপে ডানদিকের চারিভাগ কেশ एहान कतिरव। एहारानत मन वाजीक व्यथत मकल नित्रमहे পূর্বের সমান। ২য় বার ছেদন মন্ত্র "ওঁ ষেন ধাতা বুহস্পতে রগেরিক্তক্ত চারুষে বপং। তেন তে আয়ুষে বপানি ক্সক্লোকার স্বস্তায়।" তৃতীয়বার ছেদনের মন্ত্র "ওঁ ফেন ভূয়ণ্চ রাজ্যাং জ্যোক চপশ্রতি স্ব্য। তেন তে আয়ুবে পামি স্পলোক্যায় সম্ভাৱে ॥" এবং এই তিনটী মন্ত্র পাঠ করিয়া চতুর্থ ভাগ ছেদন করিতে হর। ইহার পরে হোমকর্তা বালকের উত্তরে গিয়া বসিবেন এবং বালকের পিতা বাম কর্ণের উপস্থিত কেশে পুর্বের ফ্রায় দর্ভপিঞ্লী অর্পণ পর্যান্ত কার্যা শেষ করিয়া পূর্ব্বোক্ত তিনটী মঞ্জে তিনবার ছেদন করিবেন। তৎপরে পুর্বের স্থায় সেই কেশগুলিকে বালকের জননী রুষগোম-রের উপরে রাধিয়া দিবেন। ইহার পর হোমকর্তা অঙ্গুষ্ঠ ও উপক্রিষ্ঠা অঙ্গুলীঘারা "ওঁ যৎ কুরেণ মার্জ্যতা স্থপেশমা বপদি কেশান ছিন্দি মাভায়ুঃ প্রমোধী:।" এই মল্লোচ্চারণে ক্ষুরের মার্ক্স করিবেন। অনস্তর বালকের মাতা নাপিতের হতে কুর অর্পণ করিয়া "শীতোঞাভিরত্তিরকুলমম্ংকুশলী কুরু।" এইরূপ আদেশ করিবেন। নাপিতকে "করোমি" বলিয়া স্বীকার করিতে হয়। ইহার পরে নাপিত সেই শীত-লোক কলে দকল কেশ ভিজাইয়া মুগুন করিবে। এই नमरबहे कर्गत्वर कतिए हव। अनस्त हामक्छा श्रावनिक ও বিষ্টক্রং হোম সমাপন করিবেন। ইহার পরে দক্ষিণাদান ৰাজ্ঞাদিপূর্ণ শরাগুলি নাপিতকে দিতে হয়। কুমারীর চূড়ায়ও **এই সকল কা**र्या क्रिएंट हम। किन्न छोहोट कोन मन

পড়িতে হর না, বিনা ব্রেই এই স্কল কার্য্যের অনুষ্ঠান করিবে। (বাক্সরেবছট বিরচিত আখলারনপদতি।)

रकृष्यमीत कृषाकत्वन निवस्त रक्त्र विश्वन चार्छ उपय-गाँद इंड्रा कांग जामिरतं। हुकाकत्रर्शवं नित्न तांगरकत्र পিতা নিভাজিরা সমাপন করিয়া ওছলমে গৌর্ঘাদি মাতৃকা পূজা, বসুধারা ও বৃদ্ধিপ্রাদ্ধ করিবেন। তৎপরে "ওম অন্তেত্যাদি মংপুত্রস্তামুক্ত চূড়াকরণকর্মণি কর্ত্তব্যে বথাসম্ভব- • গোত্ৰশাধনামভো ব্রাহ্মণেভ্যো যথোপকরিতং পরিকমন্নমহস্ৎসূতো।" এইরূপ বাক্য উচ্চারণ করিয়া তিনটী ভোজ্য উৎদর্গ করিবে, তৎপরে তিনজন ব্রাহ্মণ ভোজন कत्रारेत्रा माधास्मादत जाबुनानि ও निक्रना श्रामन कतिरव। ইহার পরে প্রাঙ্গণে ছায়ামগুপের মধ্যে পূর্বামুখে উপবেশন করিয়া অঘি স্থাপন করিবে। উঞ্জল, শীতলজল, নবনীত শিশু, খেতশলকীর তিনটী কাঁটা, কুশনির্দ্মিত নয়টী ত্রিপাত্র, ভামক্র, ও নুতন শরাতে বৃষগোমর এই সকল দ্রব্যের সংগ্রহ করিতে হয়। ইহার পরে পবিত্রচ্ছেদন, প্রোক্ষণীর উপরে স্থাপন, প্রণীতা পাত্রের জলে প্রোক্ষণী পূরণ, বা মহ-ত্তের উপরে প্রোক্ষণীটীকে উঠাইয়া লওয়া, ডান হাতের অঙ্গুলী গুলি চিৎ করিয়া প্রোক্ষণী হইতে জল উঠান, ঐ জলে সমস্ত দ্রব্যের প্রোক্ষণ, আজাস্থালীতে দ্বত চালিয়া দেওয়া, জ্বত্ত অনলে কেটন, পর্যান্ত্রীকরণ, প্রবর্টিকে উত্তপ্ত করা, সন্মার্জ্জন, কুশপত ৰানা শ্ৰবটিৰ মূল মধ্যে ও অগ্ৰভাগ মাৰ্জন, প্ৰণীতা জন্মারা অভ্যুক্ণ, পুনর্কার উত্তপ্ত করণ, ও ভূমিতে স্থাপন, बाद्यार्थियम, बाब्गारिक्मन, উপयमन, कूनभे ७ थ्यांकरी জল ৰামছন্তে গ্ৰহণ, উঠিয়া অগ্নিতে সমিধ্নিকেপ, অগ্নি পযুক্ষণ, প্রণীতাপাত্রে পবিত্র স্থাপন এবং অগ্নির উত্তরদিকে প্রোক্ষণীপাত্র স্থাপন এই সকল কার্য্যগুলি বথাক্রমে ব্যানিয়মে সমাপন করিবে। বালকের জননী বালককে মান ও নৃতন বস্ত্রম্ম পরিধান করাইবেন ও কোলে লইয়া অগ্নির উত্তরদিকে উপৰেশন করিকে। প্রাহ্মণ "ওঁং আগ্রেখং সভ্য দাঘাসি" এই ৰলিয়া অগ্নির নামকরণ ও অবার্ডপূর্বক "ওঁ প্রজাপতরে স্বাহা। ইদং প্রজাপভয়ে।" এই মন্ত্রে স্বায়ির বায়ুকোণ হইতে আরম্ভ করিয়া অগ্নিকোণ পর্যান্ত ঘৃতধারা দান ও "ওঁ ইন্দ্রায় স্বাহা। ইদমিক্রার" এই মরে নৈশ্তকোণ হইতে আরম্ভ कतिता जेगांगरकांग भर्यास अनविक्त युक्ताता श्रीमान कतिर्व, ইহাকে আধার বলে। তৎপরে "ওঁ অগ্নরে স্বাহা। ইদমগ্লরে" এই মত্ত্রে অগ্নির উক্তরভাগে এবং "ওঁ লোমায় স্বাহা। ইদং সোমার" এই মত্রে অগ্নির দক্ষিণে ম্বতাহতি দিবে। এই ছুইটীকে আব্যাভাগ বলে। ইহার পরে প্রার্ভিত হোম ও

শিষ্টিকংহোম করিবে। তংপরে "ওঁ উক্ষেদ রান্ধে উদকে
নেহুদিতে কেশান্বপ।" এই মত্তে শীতলজনের দহিত
উক্ষজন মিশ্রিত করিবে। নেই জনের মধ্যে ন্যনীত পিও
নিক্ষেপ করিরা তাহা বারা বালকের মাধার মক্ষিণ ভাগের
কেশগুলি "ওঁ সবিভা প্রস্তা দেবা আপ উক্ষড় তে তক্তং।
দীর্ঘায়ুটার বলার মর্ক্রলে॥" এই মত্তে ভিজাইরা দিবে।
শলকী কণ্টকতার বারা চুলের জলা ভাজিরা "ওঁ ওবধে আরম্ব।
স্বিতি মৈনং হিংশীঃ।" এই মন্ত্র উক্রারণপূর্কক তাহাতে
কুশ পত্রতার সংবোজিত করিবে।

क्नयुक काल "उ निवर्जदामायुष द्वाष्ट्रांत अवननात्र, রায়স্পোরার স্প্রজ্জার স্বীর্যার" এই মন্ত্র উচ্চারণ করিয়া তাম্রকুরটী চালনা করিবে। তৎপরে "ওঁ বেনাবপৎ সবিতা কুরেণ সোমভ রাজ্ঞোবজণক বিদান্। তেন বপামি ব্রহ্মণো বপতেদমভাযুৰং জরদন্তীর্যধানৎ।" এই মদ্রোচ্চারণপূর্বক লোহকুরছারা কুশযুক্ত কেশ ছেনন করিয়া বালকের উত্তর-দিকে কোন ব্যক্তি কর্ত্তক ধৃত পূর্বজ্বাপিত গোমরপিঞ্চের উপরে নিক্ষেপ করিবে। দক্ষিণপার্ষেও এই প্রকার সমস্ত কার্য্য অমন্ত্রক করিতে হয়। ইহার পরে মস্তকের পশ্চিমপার্ষেও দক্ষিণপার্ষের ক্রার সমস্ত কার্য্য করিতে হয়। প্রথমবার (क्नेट्रिक्न्स्तित्र मञ्ज—"ॐ क्चें अच्चें जा श्रुव्रः। ॐ यमन्द्रां ক্র্যায়ুবং। ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুবং তত্তে হক্ক ত্র্যায়ুবং।" এই প্রকার মন্তকের উত্তরভাগে ও দ**ক্ষিণপার্ষের ফার সমস্ত অহ**-ষ্ঠান করিবে। প্রথমবার ছেদনমন্ত্র "ওঁবেন ভূরিশ্চরা দিবং যে কেচ পশ্চাদৰি হৰ্ষ্যং। তেনতে বপামি ব্ৰহ্মণা জীবাতবে জীবনায় স্থলোক্যায় স্বস্তব্যে।° ইহার পরে সেই জলে সমস্ত কেশ ভিজাইয়া "ওঁ অকুয়ং পরিবপং।" এই মন্ত্র উচ্চারণ-পূর্বক নাপিতের হত্তে ক্রগাছি অর্পণ করিবে। নাৃপিত লমস্ত মন্তক মৃত্তন করিয়া চুলগুলি সেই গোবর পিতের উপরে नित्कन कतित्व, क्नाठात अस्मात्त नाठि वा এकी निशा রাথিরা সুগুন করিতে হর। সুগুন হইরা গেলে সেই চুল-শুলি কোন পোটে, সরোবরে বা পুষ্রিণীতে কেলিরা দিবে। ইহার পত্তে ৰালকতে লান করাইরা অগ্নির পশ্চিম্দিকে त्राधित्रा भाखिक्त्र ७ व्यक्तिकान कतिर्द । এই সকল कार्या শেষ ছইলে সাধারণ কার্যাসমান্তির ভার অভিভাবধারণ করিতে হয়। (পশুপতিকৃত দশকর্ষপদ্ধতি)

চূড়াকর্মন্ (ক্নী) চূড়ারাঃ কর্ম ৬৩৫। চূড়াকরণ, বিধি অন্থ-নারে প্রথম কেলচ্ছেন। "চূড়াকর বিজাতীনাং সংক্রো-মেব ধর্মতঃ।" (মহু ২০০৫) [চূড়াকরণ দেখ।] মেধাতিধি চূড়াকর্ম শব্দের এইরূপ বৃংপত্তি করেন। 'চূড়া বিশা ভ্রম্বং কর্ম চ্ছাকর কেবৃতিন্দ্র্দেশের কেবানাং ছাপনং সচনা বিশেষকৈতক জাকর্বোচ্যতে (বছু ক্ষিক ছাতে বেগাতিথি) চূড়ানার্গ, সিংবল বীপহিত একটা পর্বত। সিংবল বীপের রাজা মহারার্থিক মহানাগ এই পর্বতের,উপর একটা বিহার নির্দাণ করিবাছিলেল।

চূড়ান্ত (পং) চূড়ারা অবঃ ৬তং। ১ চূড়ার শেবভাগ।
২ সিদ্ধার, নিশান্তি। (নেশল) ৩ শেব সীমা, পরাকার্চা,
উদ্ধান্তর সম্ভব হইছে পারে।

চূড়াপ্রতিগ্রন্থ (পুং) চূড়ারাঃ শিখারাঃ প্রতিগ্রন্থ বীকারে।
ব্রুবে বছরী। বৌদ্ধগণের একটা তীর্মন্থান। বৃদ্ধদেব সন্ধান
ধর্মগ্রিপ্রবিধার পর নিজ অসিতে মন্তকের সমুদার কেশকর্ত্তন
করিরা বে স্থানে চূড়া অর্থাৎ শিখাধারণ করেন সেই স্থানকে
'চূড়াপ্রতিগ্রন্থ' বলে। ইহার অপত্রংশ চূড়াগহ, চলিত কথার
চূড়িরা বলে।

চূড়াভয়, সিংহল দীপের একজন রাজা। প্রায় ৩৮ খৃটাজে ইনি চূড়গুল নামক একটা বিহার নির্দাণ করেন। এই বিহারটা গোনক নদীর ভীরে এবং রাজধানীর দক্ষিণদিকে অবস্থিত ছিল।

চূড়ামণি (পুং) চূড়ান্থিতোমণিং মধ্যলো । > শিরংস্থিত মণি, শিরোর্ম্ব, যে মণিদ্বারা শিরোভূষণ করা হর।

"ভূষণানাং হি সর্ব্বেষাং ষথা চূড়ামণির্বরঃ।" (মার্কণ্ডেয় ১।৪) চূড়ারাং মণিরিবাস্ত বছত্রী। ২ কাকমাচিকা। (মেদিনী) ও যোগবিশেষ।

"স্থ্যগ্রহঃ স্থ্যবারে সোমে সোমগ্রহত্তথা। চূড়ামণিরয়ং যোগন্তত্তানস্তঃ ফলং স্বতম্।

অস্তন্ত্রাদ্ গ্রহণাৎ কোটা গুণমাত্রফলং লভেও ॥" (তিথ্যাদিতর)
রবিবারে স্থ্যগ্রহণ কিম্বা সোমবারে চক্রগ্রহণ ইইলে
ভাহার নাম চূড়ামণিযোগ। ইহাতে যে কোন পুণ্যকার্য্যের
অমুষ্ঠান করা হয়, তাহার অনস্তক্ষল হইয়া থাকে। অস্ত গ্রহণ

অপেকা ইহাতে কোটী গুণ ফল লাভ হয়।

৪ শুভাশুভ গণনাবিশেব। শুভাশুভ জানিবার জন্মই এই গণনার অবতারণা করা হইরাছে। গণক প্রথমে স্থ্য, দেবী, গণ ও চক্রকে চিস্তা করিবে। গো-স্ত্রিকার ক্লার ভিনটীরেখা টানিয়া ধ্বজাদি গণনা ক্রিবে। প্রশ্নবাক্যামুসারে ধ্বজাদি গণিতে হয়। নামমন্ত্রামুসারে ইহাদের ক্লাস করিতে হয় (১)। ১ ধ্বজ, ২ ধ্রু, ৩ সিংহ, ৪ খা, ৫ ব্রু, ৬ ধ্রু,

<sup>( &</sup>gt; ) 'জণি চূড়ামণিং ৰন্ধ্যে গুভাগুভাগুজিগুরুর। 🦸 🗸 🖂 🖂 হর্ত্তাং দেবীং প্রণং সোমং প্রভাজু বিলিধের সং ও ১ জ

া দণ্ডী ও ৮ ব্যাক্ত এই আটটীকে ব্যক্তি আদিবে।
[ইহার অপর বিবরণ গরুত্পুরাণের ২০৫ অধ্যারে ত্রন্তর্য।]
৫ বন্ধদেশীর পাস্তব্যবসায়ী পশুর্তগণের উপাধিবিশেব।
৬ শ্রেষ্ঠ, প্রধান। "অবনীতে অবতরি, প্রীচৈতক্ত নাম ধরি,
বন্দন সন্ন্যাসীচুড়ামণি।" (কবিকরণ)

৭ শঋচ্ডের মন্তক্ষিত -মণি। বৈশ্বব্যন্থের মতে গোবর্জনপর্কতের ঈশাণকোণে রক্ষ-সিংহাদন নামে একটা ছান আছে। রাধিকা ক্লন্ধের সহিত তথার হোলীথেলা করিতেছেন, এমন সমরে কংসপ্রেরিত শঋচ্ড রাধিকাকে হরণ করিবার উদ্দেশে উপস্থিত হর। ক্লন্ধ তাহাকে সংহার করিরা তাহার মন্তক্মণিটী সংগ্রহ করেন, তাহাকেই চ্ডামণি বলে। এই মণিটীর প্রতি বলরামেরও লোভ ছিল, কিন্তু রাধিকাই পরিশেবে ইহার স্বভাধিকারিশী হন। (বৃল্লা-লী ১০ অঃ) ভক্তমাল গ্রন্থের মতে এই চ্ডামণির অপর নাম ভামন্তক।

চূড়ামণি, ১ একজন ধর্মশাল্লকার। র্দুনন্দন ও ক্মলাকর ইহার মত উদ্ভ ক্রিয়াছেন।

২ একজন জ্যোতিঃ-শাস্ত্রকার, বসন্তরাজ ও রাজমার্ত্তও ইহার মত উদ্ধৃত হইয়াছে।

চূড়ামণিদীক্ষিত, ১ একজন বিখ্যাত সংস্কৃত কবি, ইনি আনন্দরাঘবকাব্য, কমলিনীকালহংসনাটক ও রুল্মিণীকল্যাণ রচনা করেন।

২ বৃত্তরত্নাকরের একজন টীকাকার।

চুড়ামণিদাস, একজন বৈষ্ণব গ্রন্থকার, ইনি বাঙ্গলা পতে চৈতভাচরিত রচনা করেন।

চূড়ামণি রস, ঔষধবিশেষ। প্রস্ত প্রণালী—রস্নিন্দ্র ১ তোলা, স্বর্ণ ॥ তোলা, গন্ধক ১ তোলা এই সম্পায় জব্য চিতার রদে ও স্থতকুমারীর রদে ১ প্রহর ও ছাগছপ্পে ৩ প্রহর মাড়িয়া তাহার সহিত মুক্তা, প্রবাল ও বঙ্গ প্রত্যেক ॥ তোলা পরিমাণে মিশাইয়া মাড়িয়া চক্রাকার করিবে। পরে ঐ চক্র সকল বন্ধম্বায় গলপুটে পাক করিবে। শীতল হইলে ঔষধ উদ্ধৃত করিয়া লইবে। অনুপান—মধু ও ছাগ ম্বত। ইহা দেবন করিলে ক্ষররোগ শান্তি হয়।

চূড়ামু (क्री) চূড়ায়ামগ্রভাগে হন্নং যহা বহুবী। বৃক্ষায়। (রাজনি\*)

তিবেখাগোমূতিক ভিচাং অথবা এখবাকাতঃ।
দিশহান প্রস্তাবা ধ্বজাদীন্ গণরেৎ ক্রমাং । ২ ।
ধ্বজো ধ্জোহণ সিংহক খাব্বং ধ্বদন্তিন:।
ধ্বজ্বক অইমোজেরো নাম মদ্রৈক ভালাসেং। ৬ ।

( शक्र पुर २०१ मः )

চুড়ার ( বি ) চ্ছায়ছভি চ্ছা-ৰ-জণ্। চ্ছাগত, চ্ছায় অব-হিত। এই শকটি পাণিনীর প্রগঞ্জাদি গণাস্তর্গত। (পা ৪।২।৮০)
চূড়ারক ( বি ) চ্ছায়ছভি ঝ-ধূল, যদবা-চ্ছা বাহল জারক।

> চ্ছায়ক। (পুং) ২ শবিবিশেষ। ইহার উত্তর গোতা-পত্যে ইঞ্ হইরা চৌড়ারকি শল নির্লার হয়। (পুং বী )
[বহু ] চৌড়ারকি-ইঞোলুক। ৩ চ্ছারক মুনির গোতাপত্য।
চূড়ারক্ল (কী ) চ্ছায়া রক্ষং ৬তৎ। চ্ছামণি। (হেম॰)
চূড়াক্ল ( বি ) চ্ছা অন্ত্যুক্ত চ্ছা-লচ্। (প্রাণিস্থাদাতো লক্ষ্ত-তরক্তাং। পা বাহা৯৬) ১ চ্ছায়ুক্ত প্রাণী, বে সকল প্রাণীর
চুড়া আছে।

"চ্ডালা: কণিকারাশ্চ প্রস্থী: পিঠোরোদরা:।"
(ভারত ১০।৭।৩৭।)(ক্লী) ২ মন্তক। (শক্রত্নাণ)
চূড়ালা (ক্লী) চ্ডাল-টাপ্। ১ উচ্টো তৃণ, চলিত কথার
নিবিধী বাস বলে। (অমর) ২ খেতগুলা। ৩ নাগ্রম্ভা,
নাগ্রম্পা। (রাজনিণ)

চুড়াবন (ক্লী) লাহোড়ের নিকটবর্ত্তী একটা গিরি।
"সস্তাজ্য লোহকুড়ং প্রায়াদ্ গিরিং চূড়াবনাভিধং।"

(রাজতর° ৮।৫৯৭।) হুপ্মস্তবঃ। চূড়াবিশিষ্ট,

চূড়াবৎ (ত্রি) চূড়ান্তান্ত চূড়া-মতুপ্ মন্ত বং। চূড়াবিশিষ্ট,
যাহার চূড়া আছে। (পা এবং১৯৬)

চুড়িক (ত্রি) চ্জা-ঠন্। চ্জাযুক্ত। এই শব্দ পাণিনীর
পুরোহিতাদি গণাস্তর্গত। (পা ৫।১।১২৮)

চুড়িকা (জী) চূলিকা লভ ডকার:। [চূলিকা দেখ।]
চুড়িন্ (ত্রি) চূড়া-অস্তাভ চূড়া-বলাদিম্বাৎ ইন্। চূড়াযুক্ত,
যাহার চূড়া আছে।

চুড়িমাছ (দেশজ) একপ্রকার মংখ্য। ইহার বর্ণ শাদা এবং ইহার ডানাগুলির বর্ণ হরিদ্রাভ শাদা।

এই মংখ্য ভারতবর্ষের সমুদ্রে অথবা থালের মোহানার, মলয়দ্বীপপুঞ্জে এবং চীনদেশে পাওয়া যায়।

ইহা লখার অন্যন ১৬ ইঞ্চি। ইহার নীচের চুরাল উপরকার চুরাল অপেকা অনেক বিস্তুত। ইহার উপরকার
চুরালের একধারে ৮টা ধারাল ও চাপা দাঁত অবস্থিত। ইহার
সন্মধে ২ কিখা ৩ জোড়া বাঁকা এবং বৃহৎ ধারাল বিষ দাঁত।
নীচের চুরালের উপর আরও হজোড়া দাঁত আছে। মুথ বন্ধ
হইলে এই কএকটা দাঁত ইহার নাকের সন্মধে থাকে।
পাশে ও উপরকার চুরালের দাঁতের ভার প্রার পাঁচটা
দাঁত আছে, কিছ তাহা অপেকারত ছোট। ইহার প্রদশে
এবং বক্ষপ্রেল রীতিমত ডানা আছে। ইহার শুরুদেশে বা
ভাহার নিকটে ডানা নাই বটে, কিছ তথার ৭৬ হইতে ৮২টা

হাড় থাকে। এই কএকটা কাঁটা চর্বের মধ্যে চাকা থাকে ও উপর হইতে দেখা যায়।

চুড়িরা (দেশজ) [ চ্ডাঞ্জভিগ্রহ দেখ।]
চূড়ী (চ্ডাশনজ) হস্তালকারবিশেষ। [ চূড়ী দেখ।]
চূণ (দেশজ) কার-শ্রী পরার্থবিশেষ। সংস্কৃত পর্যার—স্কুধাচূণ, শন্ধতম্ম, কপর্মকৃত্যা, শুক্তিভাষ্ম, শমূকৃত্যা।

চৃণ ছই প্রকার। ১ম বাথারি চ্ণ বা গোড়া চ্ণ (Ca. O) ২র, কলিচ্ণ (Ca. H2. O2)। ঘুটিং, শব্দ, শব্দু কাদি ভক্ষ করিলে যে খেতবর্ণ পদার্থ পাওরা যার, তাহাই বাথারি চ্ণ (Quick-lime), ইহা অতিশয় উত্তাপেও জব হয় না, কিন্তু যে বন্ধ পোড়াইয়া বাথারি চ্ণ প্রস্তুত হয় উহার আকার অবিকৃত সেইরূপ থাকে। মতিশয় উত্তপ্ত করিলে তাহা হইতে উজ্জ্বল খেতবর্ণ আলোক নির্গত হয়। অয়লান ও উদলান প্রজ্ঞালিত করিয়া ঐ দ্বীপ-শিথায় এই বন্ধ স্থাপন করিলে যে প্রথর আলোক পাওয়া যার, উহাকেই চ্ণের আলোক (Lime-light) করে। বাথারি চ্ণ বায়তে থাকিলে জল ও হায়লারকবায় শোষণ করে।

জল দিলে বাথারি চ্ণ প্রথমে স্পঞ্জের ন্থায় জলশোষণ করিতে থাকে, পরে অতিশয় তাপ উৎপাদন করিয়। স্লিয়া উঠে এবং শুরু শেতবর্ণ শুর্ডায় পরিণত হয়। ইহাকে চ্ণ ভড়কান করে। এই ন্তন বন্ধর নাম Slacked lime; (Ca. H2. O2)। এই চ্ণ অতি অল পরিমাণে জলে দ্রব হয়। জলে শুলিলে কতক অংশ জলে মিশিয়া যায়, কিন্তু অধিকাংশই নীচে পড়িয়া থাকে। উপরের স্বান্ধ্র জলই চ্ণ-জল। এই চ্ণজল কারধর্মসম্পন্ন। ইহাতে লাল জবাছুল ডুবাইলে নীলবর্ণ হইয়া যায়। চ্ণজল হায়কারক বাস্পশোষণ করিয়া ঘোলা হইয়া যায়। তথন নীচে যে শুড়ি পড়ে, তাহা চা-থড়ি মাত্র।

ঐ চুণ জলে গুলিয়া কাদার মত করিলে কলিচুণ প্রস্তুত হয়। চুর্ণক (Calcium) ও অমুজান (Oxygen)-যোগে চুণ উৎপন্ন হয়। অমুজান, দৈকত প্রভৃতির ভায় এই (Calcium) ধাতু প্রচুর পরিমাণে পৃথিবীতে দৃষ্ট হয়। মৃত্তিকা ও প্রস্তুরের সহিত আবার জনেক স্থলে জলের সহিত চুণ মিপ্রিত থাকে। তিন প্রকার স্তব্য হইতে চুণ উৎপন্ন হয়— ১ম মর্মার পাণ্র, চুণাপাণ্র, চাথড়ি ইত্যাদি থনিজ পদার্থ হইতে, ২য় গোলাকার ঘুটিং হইতে এবং ৩য় শৃষ্ধ, গুক্তি, শৃষ্ক, কপর্দক প্রমৃত্তি প্রাণিদগের গাতাবরণ হইতে।

ভারতবর্ষে কড়পা, বিজ্ঞাপুর, জারাবলী, বিজ্ঞাপিরি, গোগুবন প্রভৃতি ছানে নানাঞ্জকার মর্শন প্রভার পাপুরা বার। এই সকলের যে গুলিতে বেশ পালিশ চলে, ভাহা জ্ঞান্ত কার্য্যে ব্যবহৃত হয়, অবশিষ্ট পোড়াইয়া চুণ করা হয়। মাজাল প্রেসিডেন্সির বিচীনগরী, কোইবাজোর, কড়পা, কার্গুল এবং গণ্টুবে চুধাপাধরের থনি আছে ৷

ৰাকাৰার মানভূম, সিংক্ছ্ম, হাজারিবাপ, লোহার্ডাগা প্রভৃতি ছানেও চুণাপাধরের ধনি আবিহন্ত হইরাছে। এডভিন্ন আসাম, মধ্যপ্রদেশ, বোহাই, উত্তরপশ্চিমপ্রদেশ,
পঞ্জাব, রাহ্মপুরানা, কছে, ব্রন্ধদেশ প্রভৃতি সকল হানেই
চুণাপাধরের ধনি আছে। কিছ তথাপি ভারতের অনেক
ছানেই চুণ অতি সহার্ঘ। তাহার কারণ এই—বেথানে
চুণের কাট্তি অধিক, কেন্থান হইতে ধনি দূরবর্তী।
কলিকাতার সমস্ত চুণ নৌকা, রেল প্রভৃতি হারা বহুদ্র
হইতে আনীত হয়। স্থতরাং যে সকল ধনি নদী বা রেলগুনের নিক্টবর্তী থ সকল হইতেই চুণ আনিবার স্থবিধা
অধিক। সম্প্রতি নিমলিধিত ছান সকল হইতেই অধিক
পরিমাণে চুণ নানাদিকে প্রেরিত হয়—

- ১। জ্বলপুর জেলার কাট্নি নামক ছানে অতি উৎক্ল চ্ণ প্রস্তুত হয়। এই চ্ণ বহু পরিমাণে ৭৩৭ মাইল দুরবর্তী কলিকাতা পর্যান্ত রপ্তানি হইয়া থাকে।
- ২। জীহট্ট পর্বতের দক্ষিণাংশে বিস্তীর্ণ চুণাপাথরের ধনি আছে। পূর্বে এই স্থান হইতেই কলিকাতায় অধি-কাংশ চুণ আসিত, এখনও বহু পরিমাণে আসিয়া থাকে।
- গ। রোহতক ত্র্পের নিকট বিদ্ধাণিরিতে চ্ণাপাথরের
   খনি হইতে অনেক চৃণ হয়।
- ৪। হিমালরের স্থানে স্থানে অনেক চুণ আছে। পঞ্জা-বের অধিকাংশ চুণ পাহাড় হইতে উৎপন্ন হয়।
- श्वानामान शैथ हरेट अठि উৎक्ट हुण आमहानि
   श्वानामान श्वात काहिनित ममद्वर्थावर्डी এवः रेशत हुण अ
   काहिनित हृष्णत छात्र উৎक्टे।

এত তির অভান্ত হানে বে চৃণ হয়, তাহা হানীর ব্যবহারে লাগে মাত্র। খুটিং প্রার ভারতের সর্বত্তই দৃষ্ট হয়। ঐ সমন্ত ঘুটিং মৃতিকার সহিত নানা আকারে পাওরা যায়। বালালা ও উত্তর প্রদেশে অট্টালিকা-নির্মাণাদি কার্য্যে এই চুণই অধিক ব্যবহৃত হয়। ঘুটিংএর উৎপত্তি বিষয়ে পণ্ডিতরা অহমান করেন, জলের সহিত প্রক্রাদির চুর্ণ ধুইয়া আইসে এবং প্ররায় জমাট বাঁধিয়া ঘুটিংএর আকার ধারণ করে। বলা বাহুলা এইরূপে বহুকাল ধরিয়া বৃদ্ধি ইইলে পর এতাদৃশ বৃহদাকার ধারণ করে। এই সকল ঘুটিং বিশুক্ষ চুণাপাণর নহে। উহাদের সহিত আরও নানাবিধ পদার্থ থাকে।

বালালার সমুদ্র, নদী, বিল, পুক্রিণী ইত্যাদিতে প্রতি বংসর বহুপরিমাণে শুগ্লি, শৃষ্ম, শুক্তি ও শবুকাদি ধৃত হর। ক্র সকল পোড়াইরা ছই- প্রকার চুণ হর। গুগ্রি ও শথ প্রভৃতি এই উভর প্রকার চুণই জ্ঞালিকা নির্দাণের উপরোগী।

চূপ বেখানে প্রস্তুত হর, তাহাকে চূপের ভাটা কহে।
এদেশে করলা বা কাঠঘারা চূপ পোড়ান হইরা থাকে। ভাটাগুলি সচরাচর ইটক বারা নির্মিত হর। চতুর্দিকে তিন বা
চারিহাত উচ্চ প্রাচীর ঘারা একটা হান ঘেরা করিয়া প্রাচীরের
গোড়ার চারিটা বা তভোষিক ক্রে ক্রে গালি রাখিয়া দের।
ঐ গলিগুলির সোজাহুজি ভাটার মেজেতে নালা কাটা
থাকে, ঐ সকল নালার উপর ছই আঙ্গুল অন্তর ইট বসাইরা
তাহার উপর প্রথম একতার করলা বা কার্চ রাখে। পরে
একতার ঘূটিং দের। এইরূপ তরে তরে ভাটি সাজাইরা নিম্নতরে অন্তি আলিরা দের। জন্ম সমস্ত ভাটিতে আগুণ
লাগিরা ঘীরে ধীরে পুড়িতে থাকে। এইরূপ হাত দিন
পুড়িলে আগুন নিবিরা যার। তথন শীতল হইলে ভাটা হইতে
পোড়া চূপ বাহির করিরা তাহাতে জল ছড়াইরা দিলে পাথর
গলিরা গুঁড়া গুঁড়া খেতবর্ণ বাথারি চূপ হয়। তারপর এই
চূপ বস্তা করিরা নানাস্থানে লইরা যার।

খুটিং প্রভৃতি বত আত্তে আত্তে পোড়ে, ততই অধিক পরিমাণে চ্ণ হয়। এই জন্ম চ্ণারীগণ ভাটির গোড়ার ছিত্র বেনী বড় করে না, তাহাতে অধিক বাতাস চুকিরা করলা শীঘ্র শীঘ্র পুড়িরা বার না। স্পতরাং খুটিং প্রভৃতির অন্তর্ম করেকভাগ অবিকৃত থাকিরা বার। খুটিং ও করলার উৎকর্পাকর্ব অস্থারে উভরের পরিমাণ নির্দিষ্ট হর। সচরাচর ১০০ মণ খুটিং পোড়াইতে ৪০ হইতে ৬০ মণ পর্যন্ত পাথ্রিয়াকরলা লাগে। অনেক স্থানে করলা ও ঘুটিং ভারে ভারে না সাজাইরা একত্র মিশ্রিত করিয়া দের। ১০০ মণ খুটিং হইতে ৫০ হইতে ৬০ মণ চূল হইতে পারে। এইরূপে চাথড়ি ও অস্তান্ত চ্ণাপাথর হইতেও চুল হয়। শব্ম, ভাকি, শব্দাদির আবরণও এইরূপে পোড়াইয়া চূল পাওয়া বায়। শব্ম প্রভৃতি পোড়াইতে অপেক্লাক্ত অর পরিমাণ করলা বা কাঠ লাগে। উপালানের বিশুক্রতা অন্থলারে চূল উৎকৃষ্ট হয়। উৎকৃষ্ট চুল খেতবর্গ ও কন্ধর রহিত।

তৈরার করিবার ধরচ, কাট্তি ও দুরত্ব অন্থসারে চুণের মূল্য স্থির হর। কলিকাতার সচরাচর ।। প •, ৮০ আনা করিয়া মণ বিক্রের হয়।

যে সকল পদার্থ হইতে চুণ উৎপন্ন হর, ভাহাদের অধি-কাংশই চুণও ছাম্লারক যোগে উৎপন্ন। (Ca. CO3) পোড়াইলে উহা হুইতে ছাম্লারকবান্দা বাহির হইনা বান, কেবল চুণ অবশিষ্ট থাকে। চাথড়ি, মর্শার প্রভৃতিতে উক্ত ছুই স্বব্য ভিন্ন প্রায় অন্ত পদার্থ মিপ্রিত থাকে না। কিন্তু আনেক চুণা পাথর ও ঘুটিং প্রভৃতিতে লোহ ও অস্ত্রান্ত পদার্থ মিপ্রিত থাকে। চাথড়ি বা চুণাপাথর বায়তে দক্ষ করিলে সাধারণ চুণে পরিণত হয়। কিন্তু বায়ণ্যু ভানে অভ্যন্ত উল্লেখ্য করিলে উহা গলিয়া একপ্রকার অন্তমার্শরপ্রতরে পরিবর্জিত হইরা বায়। চুণ হইতে রাসায়নিক উপারে অম্লান পৃথক করিলে চুণ্ক (Calcium) অবলিষ্ট থাকে। চুণ্ক একটা ধাড়ু, ইহার বর্ণ • রৌপামিপ্রিত অর্ণের ভায়। ইহা দীসক অপেকা কঠিন, কিন্তু • আতিশয় লঘু। ইহাকে পিটিয়া পাত করা য়ায়। বায়তে থাকিলে শীঘ্রই মরিচা ধরে। উত্তপ্ত করিলে ইহা বায়তে উজ্জল আলোক বিস্তার করিয়া পুড়িতে গাকে। পুড়িলে বে প্রব্য হয়, তাহা চুণ মাত্র।

কোন পদার্থ হইতে অধিক চুণ হইবে কিনা তাহা গন্ধকদ্রাবক নারা পরীকা করা বার। পদক্রাবকে একটু
চূণাপাথর কেলিয়া দিলে বদি তাহা হইতে প্রচুর পরিমাণে বাষ্প উঠিতে থাকে, তবে তাহাতে অধিক চুণ আছে
বৃক্ষিতে হইবে। অল্প বাষ্প উঠিলে অল্প চুণ থাকিবে।

চূপ আমাদিগের দৈনন্দিন ব্যবহার্য বস্তু। ক্র্ষি, শিল্প, চিকিৎসা, গৃহনিশ্মাণ প্রভৃতি বহুতর কার্ব্যেই ইহার প্রয়োজন।

কাপড়ে নীল রভের ছিট্ করিতে হইলে নীলবড়ির সহিত চূপ ও সেঁথো বোগে রঙ্ প্রস্তুত হয়। নীলকে শাদা করিতে হইলে চূপ ও চিনির সহিত নীলবড়ি ভিজাইয়া রাথে। ইহাতে শীল্প অন্তরুৎসেক জারস্ত হইয়া নীল শালা হইয়া যায়।

চাথজি প্রভৃতি অনেক সময় রঙ্রপে ব্যবস্থাত হয়। লোমস প্রাণীদিগের কাঁচা চামজা চুণে ডুবাইয়া রাথিলে লোম সকল উঠিয়া যায় এবং চামজা ঈবং ফুলিয়া উঠে। পরে চামজা কসা হয়।

সাবান ও বাতি প্রস্তুত করিতেও চুণের ব্যবহার লাগে।
[সাবান ও বাতি দেখ।]

কাপড় শালা করিতে, কোন স্থানে হুৰ্গন্ধ বুচাইতে ও জ্ঞান্ত নানা কাৰ্য্যে বে বিচিং পাউডার (Bleeching Powder) ব্যবস্ত হ্য, তাহা চূণ হইতেই প্রস্তত। চূণের ভিতর দিয়া হরিতক বাম্প (Chlorine) চালাইলে চূণ বিচিং পাউডারে পরিণত হয়। ইহার বর্ণনাশক গুণ আছে।

চিকিৎসা—কি বৈদ্যক কি ভাক্তারী কি ছাকিমী সকল চিকিৎসাতেই চ্গ প্রচ্র ব্যবহৃত হয়। তত্তির বহুতর মৃষ্টিরোগে চ্গ লাগে। কোন কোন হালে আবাত লাগিলে চ্গ ও হলুদ মিশাইরা ঐ স্থানে প্রলেপ দিলে বেদনা সারিয়া বার। আগুনে পৃড়িলে চ্গজন ও নারিকেল তৈল কেনাইয়া ঐ ফেন সক্ষ নেক্ডা বা তুলা বারা দগ্ধ স্থানে লাগাইলে বা সারিয়া যায়। পালিবসক্ত স্থানে ঐ প্রেলেগ নিলে বসন্তের দাগ হয় না।

অন্ন জন্ত অজীর্ণ হইলে প্রতিদিন ২ বার তিন চারি তোলা করিয়া চূণজল খাইলে শীজ অজীর্ণ আরাম হয়। শিশুদিগের পেটের পীড়ার ছথের সহিত চূণজল দেওরা যাইতে পারে। কোন খনিজ দ্রাবক হারা বিবাজ হইলে চূণ জল খাওরাইলে বিশেষ উপকার দর্শে। সেঁখো বিষ খাইলেও চূণজলে অনেক ফল হয়।

কটু করিলে মূত্রনালীতে জালা ও ঘন ঘন কষ্টদায়ক প্রস্রাবপীড়ার নাভিমগুলে ও উপস্থে চূণ লেপিলে তৎক্ষণাৎ আক্রহার ফললাভ হয়। একভাগ চূণজল ও ২।৩ ভাগ জল মিশাইয়া পিচকারী দিলে অনেক সময় খেতপ্রদারাদি ঘোনিব্যাধি সকল একবারে আরাম হয়।

যে সকল বেদনা ছইতে অধিক পূ্য নির্গত হয়, চুণজল
দ্বারা সর্বাদা ধৌত করিলে তাহা শুকাইরা যায়।

উপদংশসংক্রান্ত যায়ে কল প্রায় দেড়পোয়া ও ৩০ গ্রেণ কালোমেল (Calomel) মিশাইয়া সর্বাদা লাগাইলে বিস্তর উপ-কার হয়। এই প্রকারে প্রস্তুত ক্রব্যাই ব্যাক ওয়াস্ (Black Wash) নামে থ্যাত।

থান্য—আমরা প্রতিদিন পাণের সহিত চ্ণ ভক্ষণ করি;
তিজ্ঞিল অনেক শাক ও ফলাদির সহিত চ্ণ সংযুক্ত হয়।
চ্ণ একটা অন্থিনির্মাণকারী বস্তা। চ্ণের একটা গুণ
মাংসপাককারী। এই জন্ত পাণে অধিক চ্ণ হইলে মুধ
পুড়িয়া যায়।

পূর্ব্বে ভারতবর্ষের সৌথিন নবাবগণ মুক্তান্তম দিয়া পাণ থাইতেন। মুক্তাচ্ণও অন্ধ্রনান্যাগে উৎপন্ন পদার্থ এবং ইহার রাসায়নিক উপাদান শুক্তি হইতে কিছুমাত্র ভিন্ন নহে। স্মৃতরাং মুক্তা পোড়াইলে ঝিলুকের মতই চৃণ হয়। কিন্তু ইহার মূল্য অত্যন্ত অধিক, শুণও বেশী।

কৃষিকার্য্যে সারক্ষপে চুণ প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়। বে ভূমিতে অত্যস্ত গাছ পালা হর, তথার চুণ দিলে ঐ সকল গাছ পালা পচিয়া স্থন্দর সার হইরা যার।

গৃহনিশ্বণিকার্ব্যে চুণ সর্ব্বাপেকা বছ পরিমাণে ব্যবহৃত হয়। ইটু গাঁথিবার মদলা সচরাচর ১ ভাগ চুণ ও ২০০ ভাগ স্থাকি দিয়া প্রস্তুত হয়। অনেক স্থানে স্থাকির পরিবর্ত্তে চুণের সহিত বালুকা মিশাইরা মদলা প্রস্তুত করে। চুণ টাট্কা এবং মদলা স্ক্রম ও উত্তমরূপে মিপ্রিত হইলেই সাঁথনি দৃঢ় হয়। কেবল চুণের মদলা অপেক্ষা চুণ ও স্কি-মিপ্রিত মদলা অথিক উৎক্ষা। हृशकाम (ह्र्यक्षभक्षक) ह्र्य मित्रा देहेकानि निर्विक ग्रह्मिशन ।
ह्र्यक्ष की ( तमक ) धक्तक्षम पान ।
ह्र्यकी ( ह्र्यकीमक्षक ) ह्र्य त्राधिवात क्ष्य काश्वितम्ब ।
ह्रयकानी ( तमक ) ह्र्य कानी ।

চুণা (চুর্ণশক্ষ) চুণ। দালান রঙ্ করিতে যে সকল চুণ ব্যবহৃত হয়, চলিত কথায় তাহাকে চুণা বলে। কোন কোন দেশে পাণের সহিত যে চুণ ব্যবহার করে, তাহাকেও চুণা ব্যবহার থাকে। হিন্দীতে সকল চুণকেই চুণা বলে।

চুণারী (চূর্ণকারীশক্ষ) > যে চূর্ণ প্রস্তুত করে। ২ চূর্ণপ্রস্তুতকারী, বর্ণশঙ্করজাতিবিশেষ। রামান্ত্রণ ইহারা চূর্ণোপজীবী নামে বর্ণিত। ৩ স্ত্রীলোকের পরিধের এক প্রকার বস্ত্র।

চূত (পুং) চ্যাতে আস্বাছতে চ্য কর্মণি ক প্রোদরাদিছাৎ

যকারলোপে সাধু, যথা চোততি রসং চৃত-অচ্। > আত্রক।

"পরিশ্চুম্বতি সংবিশ্চ ভ্রমরশ্চুতমঞ্জরী।" (রামায়ণ ৩।৭৯।১৭)

(क्नी) চ্ত-অণ্ তক্ত লুক্। ২ আদ্রফল, আম। চোততি করতি শোণিতাদিকং চ্ত-অচ্। ৩ মলধার। (শালরজাবলী) কোন কোন পুত্তকে ৩ অর্থে "চ্ত" স্থলে 'চ্যুত' এইরূপ পাঠ দৃষ্ট হইয়া থাকে।

চুতক (পুং) চূত-কন্। ১ আন্রবৃক্ষ, আম গাছ। ২ ৩৩ণ বৃক্ষ, যাহাতে ৩৩ণ বাঁধা হয়।

চুতি (স্ত্রী) যোনি।

চুয়া, বৃক্ষবিশেষ। বাঙ্গালার এবং উত্তরপশ্চিম প্রদেশের পার্ক্ষতীয় স্থানে এই গাছ জন্মে। ঔষধ এবং থাছ জন্ম ব্যবহৃত হয়।
ইহার গুণ উত্তেজক, গণ্ডরোগনাশক এবং উদরাময়ে
সক্ষোচক। ইহার পত্তগুলি লোকে রন্ধন করিয়া ভক্ষণ করে,
এবং কোন কোন স্থানে ইহার বীজ অভাভ শভ্তের ভায়
ব্যবহৃত হয়। ইহার শিক্ত হইতে লাল রঙ্নিগত হয়।
এই রঙে কাপড় রংকরা হইয়া থাকে। সেই কাপড় ছিট্
রূপে ব্যবহৃত হয়।

চুরু ( চুর্ণশব্দ ) চুর্ণ করা, ও জন।

"দক্ষের নিজ পুর, ভালিয়া করে চ্র" (কবিকছণ)
চুরী (ত্রী) কুদ্র কৃপ।

চুরু ( गूर ) চ্র-উণ্। क्रमिविटणव।

"চ্রবোদ্বিস্থালৈচব সথ্যৈবৈতে পুরীষজা:।"(স্কুঞ্চত: ৫।৫৪ জা:)

[ ইহার বিশেষ বিবরণ ক্লমি শব্দে দ্রষ্টব্য। ]

চুর্চুর্ (দেশজ) ভর্পুর্, পূর্ণক্লপে যে পান করিয়াছে।
চূর্ (ক্লী) চুর্গতে পিয়তে বং-চূর্ণ-কর্মণি অপ্। পেরণ মারা
কঠিন ক্রোর ওকভাবে পরিণাম, শুঁড়া। প্রাচীন বৈভ্নক
শাক্রের মতে অত্যস্ত ওক ক্রব্য পেরণ করিয়া বস্তবারা ছাকিয়া

লাইলে ভারাকে ফুল কিন্তা ইবার যাত্র। এক কর্ব হা আলী
রতি। কোন চুবর্গ আন নিতে হুইলে সমান এবং চিনি নিতে
হইলে বিশ্বণ বেওরা উদ্ভিত। কোন কারণে চুর্নে হিন্তু মিলাইতে হইলে উহা আজিরা লাইতে হয়। চুর্ন লাহন করিবার
বাবছা হইলে মুক্ত প্রাকৃতি কোন তরল জব্য বিশুণ পরিমাণে
ইহার অস্থপান এবং পান করিতে হইলে চতুপুর্ন তরল জব্য
গুড়িগুলি আলোড়িত করিয়া সেবন করা উচিত। কিন্তু শিন্ত,
বায়ু ও ক্কজাত রোগে বথাজন্ম ও পল ২ পল ও এক প্র
অস্থপান ব্যবহার করা উচিত। (ভাবপ্রকাশ পূর্বণ ২ ভাগ)
২ বদসভ্যক্ত খুলি, আবীর।

"আৰকের্ চয়্রেণুদ্র্পপ্রতিনিধী ক্লতঃ।" (রঘূৰংশ)
৩ ধূলি। ৪ তামুলোপকরণবিশের, চুণ। (মেদিনী) [চুণ দেখ।]

"চুর্বমানীরতাং তুর্ণং পূর্ণচক্রনিভাননে।" (উপ্তট)
(পুং) চুর্ণ ভাবে অপ্। পেষণ, গুড়ন। চুর্ণ-কর্মণি অপ্।
৬ ধূলি। ৭ চুণ। ৮ কপর্দক। (মেদিনী) (আি) চুর্ণ
কর্মণি অসংজ্ঞার্থে অপ্। ১ যাহা গুড় হইরাছে। (দেশজ)
১০ যাহা নই হইরাছে, যাহা লয় প্রাপ্ত হইরাছে।

চুর্ণক (क्री) চুর্ণ সংজ্ঞার্থে কন্। ১ গদ্যবিশেষ। কঠোর অক্ষরহীন, শ্রুতিকটু, দোবশৃত্ত, অব্ধ্যমাসমুক্ত, অর্থাৎ যাহাতে শীর্ষ সমাস নাই এইরূপ গদ্যকে চুর্গক বলে। ইহা বৈদর্ভরীতিতে রচিত্ত হইলে অতিশর মনোহর হইয়া থাকে।

"অকঠোরাক্ষরং স্বরসমাসং চূর্ণকং বিছঃ। তন্ত্র বৈদ্বর্জরীতিস্থং গদ্যং কল্যতরং ভবেং।" (সাহিত্যা

ভকু বৈদর্ভরীতিত্বং গদ্যং ক্রন্ধতরং ভবেং।" (সাহিত্যদং) উদাহরণ যথা—

"সহি ত্রয়াণামের জগতাং গতিঃ পরম প্রবঃ
প্রবোত্তমঃ দৃগুদানবভরেণ ভঙ্গরালীমবনিমবলোক্যকরুণার্দ্র হৃদয়স্তভাভারমবতার্যিতৃং
রামকৃষ্ণরূপেণাংশতো যত্ত্বংশে অবভতার।" (ছন্দোমঞ্জরী)
(পুং) ২ ষষ্টিক, শালিধাক্তবিশেষ।

"চ্ণককুরবককেদারকপ্রভৃতরঃ ষষ্টিকাঃ।" (স্থ শত ১।২৪ সঃ)
ত সক্ত্যু, ছাতু। চুণ স্বার্থে কন্। ৪ [চুণ দেখ।]
৫ ধাতুবিশেষ। (Calcium) [চুণ দেখ।]

চূর্ণক্লার ( খ্রং জী ) চূর্ণং করোতি চূর্ণ-ক্ল-অন্ উপস'। বর্ণসন্ধর জাতিবিশেষ, দলিতে কথার চূর্ণারী বলে। পরাশরপদতির মতে নটজাতীয় জীর গর্ম্বে পুঞ্জুকের ঔরদে এই জাতির উৎগতি হয়। [চূর্ণারী দেখ।] জীবিজে তীপ্ হয়। ( তি )
২ চূর্ণকারক, যে চূর্ণ করে।

চূর্ণকুগুল (পুং) চূর্ণচালৌ কুগুলন্টেডি কর্ম্মণ। অলক, ঝাণ্টা, জুরী। চূর্ণপথ (क्री) চূর্ণার পঞ্জং ৪৩৫। কর্মন, চলিত ক্লার কাঁকর বা ঘূটিং বলে। (হারাক্) চূর্ণভা (জী) চূর্ণভ জাবা চূর্ণভল্টাণ্ ৪ চুর্ণক ভাব, চূর্ণদ।

"नीषा ऋवर्गामिष्ट्र्गांडाः।" ( क्रांक्लांडाः क्रांडेक )

हुर्वन (ही) हुर्न जादन साहै। अपन, हुर्न कना।

চূর্ণপান (ক্নী) গাজিবিশের, নানাভলে আগ্রপশ্চাৎ লয়ণ।
চূর্ণপারদ (পুং) চূর্ণঃ পারদভ একদেশি সমাসং। হিছুল।
(রাজনি ) ইহা হইড়ে পারদ জ্বে ব্লিয়াই ইহার এই নাম
হইয়াছে।

চূর্ণযোগ (পুং) চূর্ণস্থ বোঝং ৬৩৫। নানাবিধ স্থগদ্ধি দ্রব্যের মিশ্রণ।

চুর্পাস্ ( অব্য ) চূর্ণ-শস্। চুর্ণ-বিচুর্ণ, অভিশয় চুর্ণ। "ততভ্তীরং হতা তং দগ্ধা ক্রতা চ চুর্ণনঃ।" (ভারত আদি•) চুৰ্ণাকাল্ক পেং) চুৰ্ত্ব ভৱা লাকা চুৰ্ণাকা ভমছতে সদৃশী করোতি চূর্ণাক-অকি-অব্ উপসম। চিত্রকৃট গিরি-প্রাসিদ্ধ একরকম শাক, ইহার জ্বনর নাম গৌরস্থবর্ণ। (রাজনিং) हुर्नि ( ११ ) हुर्न-वाहिर्यक वहती । भाषिनीत्र अकरी भग। তৎপুৰুষ সমাসে এই গণান্তৰ্গত শব্দ অপ্ৰাণিবাচক। শব্দের উত্তরবর্তী হইলে তাহার আদি উদাত্ত হয়। চূর্ণ, ক্রীব, कतिव, भाकिम, भाष्टिक, क्षांका, जुक्र, कुन्तम, मनम, मनभ, हमती, हक्कन श्व ट्रिन रेहानिश्चरक हूर्गानिशन वस्त । (शा थाराऽ०४) চূর্ণি (জী) চুর্ণরতি খণ্ডরতি শতসহত্রপ্রিভানাং তর্কং চ্র্ণ-ইন্ (সর্বধাতৃভ্যইন্। উৰ্৪।১১৭।) ১ পতঞ্লিকত পাণিনি ব্যাকরশ্বের ভাষ্য। "চূর্ণিভাগুদ্ধিৰাভটা:।" (ব্যাণ কাণ) ২ শতসংখ্য কপদক, একশত কড়ি। (সিং কৌং উণাদিবৃত্তি।) ৩ কার্যাপণ, পুরাণপরিমিত কপদক। চুর্ণ-ভাবে ইন্। ৪ চুর্বন, শুড়ন।

চূর্ণিকা (স্ত্রী) চূর্ণোহস্তাক্ত চূর্ণ-ঠন্-টাপ্। সক্তনু, ছাতু।
( ভূরিপ্রয়োগ)

চূর্ণিকৃৎ (পং) চূর্ণিং মহাভান্তং করোতি ক্ব-কিপ্। মহাভান্ত-কারক, পতঞ্জলি মূলি।

চূর্বিক্ত (ব্রি) চূর্ণ-কর্মণ-ক্র। যাহাকে চূর্ণ করাহইরাছে।
চূর্ণিদাসী (ব্রী) চূর্ণো চূর্ণনে নিযুক্তা দাসী, মধ্যলোশ। বে
দাসীকে পেষ্ণকর্মে নিযুক্ত করা হয়। (শক্র্যে-চি॰)

চূৰ্ণিন্ (তি) চুণৈঃ সংস্টঃ চূৰ্ণ-ইনি। (চূৰ্ণানিনিঃ। গা ৪।৪।২৩) চূৰ্ণনিৰ্দ্ধিত, যাহা চূৰ্ণ হাবা সম্পন্ন হইমাছে।

"हर्निमाश्रभाः।" (निः कोः)

চূলী (জী) চূৰ্নিভীপ্। > কাৰ্বাপণ, প্ৰৱাণ (কাহণ) পরিমিত কপৰ্দক। "অশীত্যুত্তরপরিমিতধেম্পাক্ত দেরং ভদ্পক্তো চন্ধারিংশৎপুরাণোভরচ্ণীশতপঞ্চকং।" (প্রারশ্ভিবিং)
২ পতঞ্জলিপ্রণীত পাণিনি ব্যাকরণের ভাষা। ৩ নদীবিশেষ।
চূণীকৃত (ত্রি) অচূর্ণ: চূর্ণ: সম্পাচনানং ক্লতঃ চূর্ণ-চি-ক্ল-ক্লা।
বাহা চূর্ণ করা হইরাছে, চূর্ণিত।

"সর্বান্ট্র ক্রিক তার সমাংসান্থিশিরাপ্তর্ম ।" (রামাণ ৫।০৯।০১) চুর্ত্তি (জী ) চর-ভাবে ক্তিন্ অত উদ্বং । চরণ ।

, চুল (পং) চোলরতি পুন: পুনচ্ছেদনে হপি উরতো ভবতি চুল উরতৌ-ক পৃবোদরাদিয়াদ্দীর্ঘ:। যবা চুর-ক: রেফস্ত লকার:। কেশ, চুল। (অমর) "গৃহীতচুলকো বিপ্রো সেচ্ছেন রজকাদিনা।" (মংভস্কে ৩৮পং)

চুলা (স্ত্রী) চূড়া ডক্ত লং। > গৃহের উপরিস্থিত গৃহ, চিলেম্র। (শ্বার্থিটি\*) ২ চূড়া।

চুলিক (ক্নী) চোলয়ভি ভর্জনসময়ে সম্রতো ভবভি চ্ল-ধূল্
নিপাতনে সাধু। স্বতপক গোধ্মপিটক, সুচি। (শলার্থচিং)
চুলিকা (জ্রী) চ্লিক্-টাপ্। > হজীর কর্ণমূল। ২ নাটকের
অলবিশেষ। নাটকের লক্ষণাহসারে অব্দে অন্ধর্নীর কভকগুলি বিষয়, অর্থোপক্ষেপক ঘারা প্রকাশিত হয়। বে হলে
যবনিকার মধ্যন্তিত ব্যক্তিগপের ঘারা কোন বিষয়ের স্ক্রনা
করা হয়, সেই অর্থোপক্ষেকের নাম চুলিকা।

"बर्ख्डिवनिकामःदृदः यहनार्थन्त हृनिका।"

উদাহরণ বথা—বীরচরিতে চতুর্থাক্বস্থানে "ভো ভো বৈমানিকাঃ প্রবর্ত্তন্তাং রঙ্গমঙ্গকানীত্যাদি" রামেণজিতঃ পরুশুরামঃ।" ইতি নেপথ্যে পাক্রৈঃ স্টতিং।

সংস্কৃত নাটকের লক্ষণাস্থসারে যুদ্ধাদি ঘটনা আৰ্কে অভিনয় করিতে নাই। এই কারণে বীরচরিতের চতুর্থ আছের প্রথমে পরশুরামের সহিত রামচক্রের যুদ্ধ অভিনয় না করিয়া নেপথাস্থিত অভিনেতাগণের বাক্যেই প্রকাশিত করা হইয়াছে। অতএব এই অর্থোপক্ষেপকটীকে চুলিকা বলা যাইতে পারে। [নাটক দেখ।] ৬ মোরগের মাথার ঝুঁটি। ৪ ক্রৈদিগের দৃষ্টিবাদের এক অংশ।

চূলিকাবটী, ঔষধবিশেষ। প্রস্তত প্রণালী—পারদ, গদ্ধক, বিষ, হরিতাল, ত্রিকটু, ত্রিফলা, সোহাগা প্রত্যেক সমভাগ, সমষ্টির চতুর্গুণ জরপাল। ভীমরাজ বা কেন্ডরিয়ার রসে এবং মধ্র সহিত মর্দন করিয়া ২ রতি প্রমাণ বটিকা করিবে। ইহা সেবন করিলে শোধ, উদরী, কামলা, পাপুরোগ, আমবাত, হলীমক, ভগল্পর, কুঠ, প্রীহা, শুল প্রভৃতি রোগ শাস্তি হয়। চূলিকোপনিষদ্ (স্ত্রী) অথক্ববেদীর একথানি উপনিষদ্। চূলিন্ (ত্রি) চূড়া অন্ত্যক্ত চূড়া ইনি ডক্ত লঃ। ১ চূড়ামুক্ত, যাহার চূড়া আছে।

"মোলো চঞ্জচুলিনী ভিদকিনী ভালে মুখে হাসিনী।" . (গোপীনাথপুরের নিলাঞ্চাতি)

(পুং) ২ এক ধবি। রূপবতী গন্ধক্ষারী সোমদার পরিচর্যার সন্তঃ হইরা থবিঠাকুর ভাহার প্রতি সদর হইরা-ছিলেন। ভাহাতেই গন্ধক্ষারী একটা প্রবন্ধ লাভ করেন। ভাহার নাম বন্দত। (রামাণ বালকাণ ৩৩ জঃ) [সোমদা ও বন্ধদত দেখ।]

চুবণীয় ( জি ) চ্ব-কর্মণি-জনীরর । আখাদনীয়, বাহা আখাদন করা হইবে বা আখাদনের যোগ্য।

চুন। (জী) চ্ছাতে পীরতে পৃষ্ঠমাংসেন দর্শনাবিষরতাং নীরতে চুব-বঞ্জে-ক-টাপ্। হস্তীর মধ্য বন্ধনরজ্ঞ্, বাহা বারা হাতীর মধ্যভাগ বন্ধন করা হয়, ইহার অপর নাম কক্ষ্যা, চলিত কথার কাছদড়ি বলে। (অময়) চুব-ভাবে অঙ্টাপ্। চুবণ।

চুষিত (ত্রি) চ্য-কর্মণি-জ্ঞ। > আত্মাদিত, যাহা চ্যণ করা হইরাছে। (ক্লী) চ্য-ভাবে-জ্ঞ। ২ চ্যণ, আত্মাদন-।

চুষী (দেশবা) শিশুদের একপ্রকার ধেলানা, বালকেরা ইছা
মুখে পুরিরা চুষিয়া থাকে বলিয়া এই নাম হইয়াছে।

চুষ্য (ত্রি) চ্ব-কর্মণি-গাৎ। পেয়বিশেষ, জ্বিহনা ও ওঠ লাগাইর।
বাহা পান করিতে হয় তাহাকে চ্যা বলে, চোষণীয়, যাহা
চুষিয়া থাইতে হয়। "প্রাপ্তির্ক্সভোজ্যনেস্প্পেরচ্যাভ্যবহার্য্যাণাং।" (ভারত শল্য ১৯১ আঃ)

চুন্ত ( দেশজ ) ফলাদির অবার ভাগ, বেমন কাঁটাবের ভৃতি।

টেঁউড় (দেশক) জন্তবিশেষের চরণ, যাহাতে ক্ষুর থাকে।

Cচঁচাটেচি (চীৎকার শব্দ) একাধিক লোকের চীৎকার, উচ্চৈঃস্বরে স্বাহ্বান।

**টেচান** ( দেশজ ) উচ্চৈ: স্বরে কথা বলা ।

**टिं**ठानि [ टिंठान (नथ । ]

চেঁচুয়া ( দেশৰ ) এক জাতীয় খাস।

**८** চুঁক ( দেশজ ) একপ্রকার ঘাস।

(ठेंडे (प्रभव) निक।

টেঁড় (দেশব ) এক প্রকার মাছ।

চেকিত ( জি ) কিং ষঙ্ পূক্-জচ্। ১ জতিশর বাসনা ও জ্ঞান-যুক্ত। (পুং) ২ গবিবিশেষ। এই শক্তী পাণিনীয় গর্গাদি গণান্তর্গত, গোতাপত্যার্থে ইহার উত্তর মঞ্ হইরা থাকে।

Cচ কি তান ( জি ) কিত বঙ্পুক্ তাজিংলো চানশ্। > অতাত্ত জ্ঞানযুক্ত। (পুং) ২ মহাদেব।

"क्रज्रमीनानम्दछः जिक्तः नच्चूः कर्शर्किनम् ।

চেকিতানং পরং যোনিং তিষ্ঠতোগচ্ছতত হ ॥"(ভারত ৭।২০১ অ:)

৩ বাপরবৃগের একজন ক্তির রাজা, ভারভযুদ্ধে পাওবের পক্ষে সহায়তা করিরাছিলেন।

"গ্ৰন্থ কাৰ্যাল কাৰীরাজক বীৰ্যাবান ।" (গীতা ১ আঃ) ८ हक् मार्डे. बन्धारात्मन असर्गंड भावना त्वनात क्वी नहीं। বে সকল স্থান দিয়া ইহা প্রবাহিত তন্মধ্যে আটটা স্থানে গব-র্মেণ্ট কর্ত্তক মৎক্ত ধরিবার ব্যবসা চলিতেছে।

চেক্রিয় ( তি ) পরিশ্রমী, কার্য্যকুশন।

(हिशाशाधी शकीवित्यव। हेरात माबात उनित्रकारण क्रक বৰ্ণ, কিন্তু নৰালম্বী একটা হরিন্তাভ শালা ডেক্সাকটো, চক্লের উপর হুইটা রেখা, একটা ফুঞাভ কটা অপরটা হরিদ্রাভ, शृष्ट अवर कर्शताल मधमाला तह. शिखारे ७ गितिमानित मङ অঙ্কিত; পাথার •নিম্নভাগ ক্লাভ কটা, কিনারায় লালচে শাদা ভোরা। ইছার রুঞ্বর্ণ শক্ত পালক লেখনীরূপে ব্যবজ্ঞ हम। नाष्ट्रि এবং शना भाना; शान, चाष्ट्र এবং বুকের উপর नाना वर्त त्रक्षिত ; शैंक्त्रात्र छैशत्र भागा এवः काना (छाता : বক্ষের নিম্নভাগ এবং তলপেট শাদা; পুছ কাল, কিন্তু ইহার त्कांन त्कांन अःत्म माना•मांग शात्क, टीं वांनट करें।; কটা পা ধুসরাভ সবুজ। এই পাখী এক একটা ১১ হইতে ১২ ইঞ্জি লম্বা হয়। ভারতবর্ষে এই পক্ষী শীতকালে দেখা যায়। জলাভূমিতে, প্লাবিত ধাক্তকেত্রে, ঝিল, পুন্ধরিণী এবং নদীতে অবন্থিত করে। ক্লমি এবং জলীয় কীট ইহাদের খাদ্য। ইহারা বংশীর স্থায় ধ্বনি করিয়া বায়ুর বিপরীত দিকে উড়িয়া যায়। চেগো মলবারবাদী একপ্রকার নীচ জাতি। ইহারা খেছুর নারিকেল প্রভৃতি গাছ হইতে তাড়ি প্রস্তুত করিয়া জীবিকা নির্মাহ করে। এইরূপ প্রবাদ বে চেগোগণ সিংহল হইতে

আসিয়াছে। ইহারা বলে যে চেরুম পেরুমল রাজার রাজত্ব কালে তাঁহার রাজ্যে এক ধোপানী বাস করিত। একদা সে কাপড় কাচিতে কাচিতে কাপড়ের অন্ত দিক ধরিবার জন্ত কাহাকেও দেখিতে না পাইয়া প্রতিবেশী আজারি অর্থাৎ স্ত্রধরের ক্সাকে ডাকিল। বালিকা সমাজের নির্ম জানিত না, স্থতরাং ধোপানীকে সাহায্য করিল। ইহার অনতিকাল পরেই একদিন ধোপানী ঐ প্রতিবেশী আজারির গৃহে প্রবেশ कतिन। आजाती हेहाए महात्काशक हहेरन रशानीनी বলিল, তোমার জাতি গিয়াছে, এখন তুমি আমাদের সম-ব্যাতীয়; তোমার ক্সা আমার সঙ্গে কাপড় কাচিয়াছে। আজারী ক্রোধ সংবরণ করিতে না পারিরা ধোপানীকে মারিয়া क्लिन। এই चरेना टिक्नम् श्रिक्मालात कर्गशांठत इहेरन রাজদওভবে সমস্ত আজারীগণ পলাইয়া কাণ্ডির রাজার पाला गहेन। टिक्नम् পেक्रमन छोशानिशत्क प्रख्यानान कतिया

ফিরিরা আসিবার <del>অন্ত কাণ্ডিরাজের</del> নিকট পত্র লিখিলেন। কিন্ত আজারীগণ, ভিরিরা আসিলে কি জানি রাজা কি করেন এই ভবে কান্তিরাজের নিকট ছইজন চেগো অর্থাৎ সৈনিক প্রার্থনা করিল। ব্রুকা ভাষাতে সন্ধত হইলেন এবং বলিলেন তোমাদের রক্ষার মূল্য স্বরূপ তোমরা চেগো ও উহাদের বংশ-धत्रमिशत्क विवाद्याकामि উপলক্ষে নির্দিষ্ট পরিমাণ তভन मिट्य । जनस्माद्य क्ष्टेजन क्रिंग मञ्जीक मनवाद्य ज्यानिया . वान करत । वर्खमान क्रिंगांग छेशास्त्रहे वः भवत । अस्तानि আজারীগণ প্রাচীন প্রথামত বিবাহাদিতে চেগোদিগকে তঙুক দিয়া থাকে। কোন আজারী নিভাস্ত অসমর্থ হইলে নির্দিষ্ট পরিমাণ চাউল চেগোকে দিয়া তাহার অনুমতি লইয়া ফিরিয়া আনে, তথাপি নিয়ম ভঙ্গ করে না। যুদ্ধ বিগ্রহাদির সময় ইহারা রাজার পক্ষে যুদ্ধ করে। তাড়ি প্রস্তুতই ইহাদের প্রধান উপন্সীৰিকা। ইহারা ছই শ্রেণীতে বিভক্ত চেগো ও তোরেন टिटगा। উইनमन माट्य य टिगावान् वा टिकावान् नामक নীচ জাতির বিষর লিথিয়াছেন তাহারা বোধ হয় এই চেগো জাতিই হইবে।

চেক (দেশজ) এক জাতীয় কুল্র মংস্ত। ইহারা লয়ায় এক একটা একহাত দেডহাত পর্যান্ত বড় হয়। ইহাদের নিমের চুরালের দস্তশ্রেণী স্টাল। মাথার উপরকার আঁইষ বড় বড়, কিছ বাঁকাচোরা। আঁইবগুলি সারি সারি স্থাপিত আছে। নাসিকা হইতে পুঠদেশের ডানা পর্যান্ত ১৮ হইতে ২০ সারি দাঁত আছে। চকু হইতে কাণুকা পর্যান্ত ১টী সারি। অন্তাক্ত স্থানের আঁইব বিভিন্ন প্রকারে স্থাপিত। ইহার উপরকার वर्ण कुकांख केंग्राकारन, निरम्नत वर्ग नानारहे वा हतिखांख। शान এবং মুখের নিম্নের দিকে ধুসর ডোরা অঙ্কিত। অক্তান্ত স্থানে नानावर्गत्र (जाता এवः माग चाह्य।

এই মংস্ত ভারতবর্ষের জলাশয় সকলে পাওয়া যায়। সিংহল, ब्रक्कालन, हीन এবং ফিলিপাইন चीপপুঞ্জেও দৃষ্ট হয়। हेशां जना এवः चामभूर् श्रुकतिनीट थाकिट ভानवारम।

(চক্লড়া (দেশজ) ১ অপরিণত বৃদ্ধি, অপ্রবীণ, অর্কাচীন। ২ বংশরচিতপাত্রবিশেষ।

চেক্সডামি (দেশক) অপরিণত বৃদ্ধির কার্যা।

চেক্সমা, মান্ত্রাজ প্রেসিডেন্সির সালেম্ ও দক্ষিণ অর্কাড়ু জেলা মধ্যবর্তী একটা গিরিবছ। ইহার প্রকৃত নাম जिन्दी को वा निन्दी को । जना >२ २ २ वहेट >२ । २० 86 छैं, खाषि १४ ६० इहेर्ड १४ ६२ ६६ मृः। क्रनीं अदिन हरेट वात्रमहत्न वाहेवात शर्थ अवश्विष्ठ विनात এখানে অনেক প্রসিদ্ধ যুদ্ধাণি হইয়া গিয়াছে। ১৭৬০ थुः শ্বং অব্দেহার আলী বৃটাশ নৈজের অন্তল্প করেন। সংখ্য শ্বং অবদ হারদর আলী বৃটাশ নৈজের অন্তল্প করিছে দিরা এইখানে পরাজিত হন। ইহার ছই বংসর পরে মহিস্করের সৈত্ত চেলমা নিয়া ফিরিরা আসে, এবং ১৯৮০ শ্বং অবল এই পথ নিয়া জেনারেল বেলিকে পরাজার করিতে গমন করে। ১৭৯১ শ্বং অবল টিপু এই পথ নিরা ইংরাজাধিকত কর্ণটি আক্রমণ করেন। তাহার পর আর কেহ কর্ণটি আক্রমণ করে নাই। চেলারি (দেশজ) বংশশলাকা নির্মিত পাছ।

Cচকুয়া ( দেশজ ) একরকম মংছ। (Gobius Boddarti)
Cচকু, একটা প্রাচীন জবপদ। পাজিপুর নগরের নিকটন্থ
গঙ্গানদীর তীর পর্যাবেকণ করিয়া কানিংছাম্ সাহেব জনেক
ইটের ঢেলা এবং পুরাতন মাটীর পাত্র পাইরাছেন। তাঁহার
মত এই যে, এখানে চেঞ্ রাজধানী ছিল। কিন্তু, কারয়েলে
সাহেব বলেন যে, জমানিয়া তহসিলের অন্তর্গত উধারণপুর
প্রামই প্রাচীনকালে চেঞ্ রাজভের রাজধানী ছিল। তিনি
এখানে প্রাচীন অট্টালিকার বিস্তর ভ্যাবশেষ দেখিয়ছেন
এবং তাঁহার মতে উধারণপুর সংস্কৃত যুদ্ধরণপুরের অপক্রংশ
মাত্র। চেঞ্র অর্থ—যুদ্ধ বিজয়ীর রাজধানী এবং বুদ্ধারণপুরেরও
এই তাৎপর্য্য। চীনদেশের বিধ্যাত পর্যাটক ছিউএন্সিয়াং
এই স্থান দর্শন করিয়াছিলেন।

চেট (পুং) চেটজি প্রেরবতি চিট-জন্। > দাস, ভূত্য।

"শৃকারত সহায়। বিউচেট বিহুবকান্যা: স্থাঃ।" সাহিত্যার । ২ পতি। ৩ ভাঁড়, উপনায়কবিশেষ। (দেশজ) ৪ পুরুবের উপস্থেজির। ৫ সিংহলের রাজা বাসবের প্রধানা মহিনী। ইনি পূর্বে বাদবের মাতৃলানী ছিলেন। রাদবের মাতৃত্ব সিংহল-রাজ শুভের একজন সৈম্ভাধ্যক ছিলেন। বাদৰ আবার মাতুলের অধীনে কার্য্য করিভেন। রাজা যশকাল এই ভবিষ্য-বাণী করেন যে বাসব নামক এক ব্যক্তি সিংহলের ব্লাক্সিংহা-সন প্রাপ্ত হইবেন। রাজা শুভ তাহাতে সশ্বিত ছিলেন। তিনি আত্মকুকার অন্ত কোন উপায় দ্বির করিতে না পারিয়া সিংহলবীপের মধ্যে বাসর নামে যত লোক ছিল, मकनाक विनाम कतिए आत्रस कतिबन। **এই** সুময় যে উলিথিত সৈঞাধ্যক বিবেচনা ক্লিলেন যে তাহার ভাগিনের বাসককে রাজার হত্তে সমর্পণ কর। উচিত। জীর সহিত এ সম্বন্ধে কুরোপক্তবন ক্রিয়া, ভিন্দি নাসক্তে লইয়া রাজবাটীতে প্রমন করিলেন। তাঁহার স্ত্রী ব্রাপ্তবের राउ क्वकी भाग नित्नन, किंक देशांक हुन किन्नन না। যথন ভাঁহারা রাজ্বাটীর ক্টকের নিকটে উপস্থিত হই-व्यन, উक रेमग्रांधाक वामृद्धक निकृष्ठे इहेर्ड भाग महिलान। ক্ষিত্ব ভাষাতে হুও না থাকার বালককে চুবের ক্ষান্ত আছিব আছিব কাছে পাঠাইলেন। বাস্তব্য জীবনসক্ষয় কচ্চই চেট এই উপায় ক্ষবন্ত্ৰ ক্ষিয়াছিলেন। এখন ভাষাতে দেখিয়া আনজ-আকাশ ক্ষিতেন। পরে শুগু ক্তিস্থি ব্যক্ত ক্ষায়া ভাষাকে পলায়ন ক্ষিতে বলিলেন এবং ভাষার খনতের ক্ষান্ত ভাষাকে কিছু টাকা দিলেন।

বাসব মহাবিহারে গিয়া তথাকার কএক দল বৌদ্ধ প্রো-হিকের আশ্রম লইলেন। এথানে তাঁহার মনে রাজসিংহা-সন পাইবার ফ্লালা বলবতী হইল। তিনি বৃদ্ধ অভিপ্রায়ে লোক সংগ্রহ করিতে লাগিলেন এবং ভাহাদের সাহায়ে নিকটম্ব কএকটা গ্রাম হন্তগত করিলেন। পরে অগ্রসর হইয়া একটার পর আর একটা স্থান জয় করিতে লাগিলেন। অবশেষে রাজধানী আক্রমণ করিয়া রাজাকে পরাভ্ত ও নিহত করিলেন। এই বৃদ্ধে তাঁহার মাতুলও হত হইলেন। বাসব তাঁহার মাতুলানীর উপকার স্মরণ করিয়া তাঁহাকে প্রধানা রাজমহিনীরূপে বরণ করিলেন।

চেটরাণী একটা উৎকৃষ্ট স্ত্রপু নির্দ্ধাণ করিয়া তাহার উপরে একটা ছাল ও গৃহ প্রস্তুত করাইয়াছিলেন। তাহা চেট-বিহার নামে ক্ষভিহিত হইয়াছিল।

৬ উপপতি, সন্ধানদক্ষনায়ক। (রসময়)

(চটক (পুং) চিট-খুল্। দাস, ভূত্য।

(চটা (দেশজ) থর্জুর বা তালপত্রে নির্মিত আসন, চেটা।

(চটা ই (দেশজ) থর্জুর বা তালপত্রনির্মিত আসন, চেটা।

(চটাল (দেশজ) বিশ্বত, চওড়া।

(চটিকা (স্ত্রী) চেটক-টাপ্ অত ইছং। > দাসী। ২ উপনামিকা
বিশেষ। "অলীকুর্মন্য তন্মুচ্লেটকাতিঃ প্রবেশিতঃ।"

(কথাসরিৎ ৪।৫১)

(কথাসারং ৪।৫১)

(চটী (জী) চেট-ভীপ্। দাসী। (হেম॰)

"প্রেয়ান্দেট্যন্দ বধ্বন্দ বলহান্দাপি শব্দাং।" (রামা॰ ২।৯১।৬৪)

(চড় (পুং) চেটজি পরপ্রেয়ান্তং করোতি চিট্-ল্যচ্ ট্লা জন্তং।

দাস, ভূত্য। (অমরটীকা বমানাথ)

(চড়ক (পুং) চেটজি পরপ্রেয়ান্তং করোজি চিট-ধূর্ ট্লা

জন্তং। দাস, ভূত্য। (অমরটা॰)

(চড়া (দেশবা) ১ হই থণ্ড করা। ২ বিগজিজ, মাহা ছইথণ্ড
করা ক্রীলান্তে।

(চান্ধানে (দেশবা) বার বার চেড়া।

८कृष्णि व प्राप्त / वर्ष के प्राप्त । ८कृष्णि को (बी) (क्रक्क-केल्, चठ देवर । वानी । (विज्ञशस्त्राः) ८कृष्णि (बी) (क्रक-केल् । वानी । (चमत्रकीः) চেহ ( जना ) চিহ-বিচ্ তত লোগা। > বিদ।

"অভবনারকং সমামিতি চেন্টবারণন্।

কৃতিহতারতাং বজু রিষ্টমেবহি তন্তবেং।" (পঞ্চলী ৬/৪২)

২ পন্নারর। (অমরণ) ও যে হলে সন্দেহ নাই, সেই

হলেও সন্দেহ কথম। -

"সত্যক্ষেদ্গুক্ষবাক্যমেব সিতরো দেবাল্চ চেদ্যোগিনী। প্রীতা চেৎপরদেবতা চ বদিচেদ বেঁদাঃ প্রমাণং হি চেৎ॥ শান্তীয়ং যদি দর্শনং তবতি চেদাঞ্চাপ্যমোঘান্তিচেৎ। ঘাতন্ত্র্যা অসি কৌলিকাল্চ যদি চেৎস্থান্মে জন্মঃ সর্কাদা॥" ( শক্ষাপ্টিস্তামনিধৃত তব্র ) টু চেদ্ দেব। ]

চেহবাই, শীক্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত মলবার জেলার একটা গ্রাম। এই গ্রাম বাদানপরী নগরের একটা অংশ। ধাড়ীর শেরে অবহিত বলিরা পূর্বে এই স্থান বাণিজ্য জল্প বিধ্যাত ছিল। ১৭১৭ খৃঃ অবল ওলনাজগণ সামরীরাজের নিকট হইতে ইহা কাড়িরা লর ও এধানে একটা ইর্গ নির্মাণ করিরা পাপিনীপত্তম্ প্রদেশের রাজধানী স্থাপন করে। ১৭৭৬ খৃঃ অবল হারদরআলী সমন্ত জেলা আক্রমণ করিয়া সেই হুর্গ অধিকার করে। ১৭৯০ খৃষ্টাবে ঐ স্থান ইংরাজরাজ্যভূক্ত হইলে উহা কোচিন-রাজকে প্রদন্ত হয়, অবশেষে ১৮০৫ খৃঃ অবল কোম্পানি এই স্থান ধাস করিয়া লন।

চেৎসিংহ, কাশীর একজন বিখ্যাত রাজা। ইনি সাহসীও তেজ্বী ছিলেন এবং রাজনীতিতে ইহার অভিজ্ঞতা ছিল। বে সময়ে মোগলরাজ্য ছিল বিচ্ছিল হয়, সেই সময়ে বারাণসী প্রদেশ অবোধ্যার নবাবের অধীনে আইসে। তথন বলবস্ত-সিংহ এই প্রদেশের অধিপতি ছিলেন। দিল্লীর পাদশাহ মহম্মদ-শা তাঁহার পিতা মনসারামকে যে রাজ-উপাধি প্রদান করেন, তিনি সেই উপাধি প্রাপ্ত হইয়ছিলেন। ইই ইণ্ডিয়া কোম্পানির সহিত অবোধ্যার নবাবের যুদ্দের সময়ে, বলবস্তসিংহ অধীনতা পরিত্যাগ করিয়া কোম্পানির সহিত বোগ দিয়ছিলেন। ১৭৬৫ খৃষ্টাকে এই বিগ্রহ শেব হইলে নবাবের সহিত কোম্পানির বে সন্ধি সংস্থাপিত হয়, তয়ধ্যে এই কথাটী লেখা ছিল বে, তিনি প্ররায় অবোধ্যার নবাবের অধীনে থাকিবেন, কিন্ত পূর্ব্ব অধিকত জমিদারী তিনি অবিবাদে ভোগ করিবেন এবং বে পরিমাণে রাজত্ব দিয়া আসিয়াছেন সেই পরিমাণেই রাজত্ব দিবেন।

১৭৭০ খুষ্টান্দে বলবন্ত্রসিংই স্বর্গারোহণ করিলে, অবোধ্যার নবাব তাঁহার পুত্র চেৎসিংইকে তাঁহার পিতৃপদে অভিবিক্ত ইইবার সমন্দ দিতে সম্বত ইইলেন না চেৎসিংই ইহা অবগত ইইয়া ক্রোধে অলিয়া উঠিলেন, কিন্তু আধীরস্থলির প্রামর্শে শারতাব বারণ করিলেন। তিনি তাঁহার পিতৃপদ পাইবার

কন্ত নবাবকে বিনীতভাবে অকথানি আবেদনপত পাঠাইরা

কিলেন, এবং নবাবের প্রধান প্রধান কর্মচারীগণকে, তাঁহাকে
সহারতা করিবার অভ, বিশেবরূপে অভুরোধ করিলেন, কিছ

তাঁহার সমগ্র চেটা বিফল হইল। অবশেবে, তিনি ইংরাজদিগের শরণাগত হইলেন। ওরারেন্ হেটিংস্ সাহেবের অভ্রোধে, নবাব স্থভাউদোলা ১৭৭৩ খুটাজে চেৎসিংহকে
কাশীর রাজত প্রদান করেন, তবে কিয়ৎপরিমাণে রাজত্ব
বাড়াইরা দেন।

>११६ शृहीत्म नवाव ऋकांकित्मीनात मृञ्ज इहेन। अमिटक ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি তাঁহাদের আধিপতা বিস্তারের চেষ্টা পাইলেন। তাঁহারা স্থজাউন্দোলার পুত্র আসফসউন্দোলার সহিত একটী নৃতন সন্ধি সংস্থাপন করিলেন। এই সন্ধির একটী ধারা অনুসারে চেৎসিংহ কোম্পানির অধীনে আসিলেন। চেৎসিংহ রাজনীতিকুশল ছিলেন। ওয়ারেন হেটিংস সাহে-বকে সম্ভষ্ট করিতে পারিলে যে তিনি তাঁহার প্রভন্ত বাডাইতে পারিবেন, তাঁহার ইহা খুব বিখাস ছিল এবং এই জন্ম তিনি गांधामा हिस्स माहित्व बाळा भागन कतिए गांशितान । হেষ্টিংস সাহেবও তাঁহার প্রতি সময় হইলেন। চেৎসিংহ স্থােগ ব্ৰিয়া ক্ৰমে ক্ৰমে কাম্পানির নিকট হইতে এক একটা ক্ষমতা গ্রহণ করিয়া নিজের নামে সিকা চালাইতে লাগিলেন वादः कानीव्यातन मध्या भाष्ठि-त्रका, विठात वादः स्विमाती সংক্রাম্ভ বন্দোবস্ত করিবার ভার তাঁহার হস্তগত হইল। কেবল নির্দারিত কর ২২,৬৬,১৮০১ সিরু। টাকা তাঁহাকে প্রতিবংসর কোম্পানিকে দিতে হটত।

কিন্তু এ সন্তাব আর অধিক কাল রহিল না। চেৎসিংহ প্রভুত ক্ষমতা লাভ করার অহলারে ক্ষীত হইরা ইংরাজগণের প্রতি তাজিলা প্রকাশ করিতে লাগিলেন, তিনি নির্দারিত সময়ে রাজত্ব প্রদান না করাতে, কোল্পানির বিবাদভাজন হইলেন। কোন কোন ইতিহাসবেতা লিখিয়াছেন—চেৎসিংহ নিয়মতই রাজত্ব প্রদান করিয়াছিলেন। ১৭৭৮ খৃষ্টাকে ইংরাজগণ একদিকে মরাঠালের সহিত এবং অপর দিকে করাসিলের সহিত বৃদ্ধে লিপ্ত ইওরার তাহাদের অর্থ এবং সৈত্তের প্রাজন হইল। তাহায়া চেৎসিংহের নিকট হইতে পাঁচলক্ষ্টাকা চাহিয়া পাঠান। চেৎসিংহ যদিও মদোলাক্ত ইইয়াছিলেন, তথাপি ইংরাজিগকে ভয় করিতেন। তিনি বিনীতভাবে হেটিংস্ সাহেবকে একখানি পত্র লিখিয়া, তাহার ক্ষর্থাভাব জানাইলেন, কিন্ত হেটিংস্ সাহেব ভাহাতে কর্ণপাত না করার, চেৎসিংহ টাকা দিতে সক্ষত হইলেন, পর বৎসত্বে ভাইরি কাছে

পুননার পাঁচণক টাকা চাওরা হয়। অবারেও ভিবি টাকা বিভে সভত হন নাই এবং নানাপ্রকার আপত্তি করেন। হেটিংস্ সাহের একরণ নৈত পাঠাইরা চেথনিংহকে অই টাকা দিতে যাধ্য করেন।

চেৎসিংহ নলে বনে বুজিলেন হৈ, ইংরাজ্ঞাণ উচ্চার ব্যবহারে অসম্ভঃ ইইরাজেন। উল্লেদ্য জোধ শান্তির জন্ত তিনি লালা নদানন্দকে হেটিংল্ লাহেবের কাছে পাঠাই-লেন এবং উল্লেখ্য হারা ক্ষমা প্রার্থনা করিলেন। হেটিংল্ লাহেব বলিলেন বে, বলি তিনি বিনা আপত্তিতে আরে। পাঁচলক্ষ টাকা প্রদান করেন, তাহা হইলে চেৎলিংহের পূর্বকার জ্রুটী ক্ষমা করা হইবে। স্থানন্দ টেৎলিংহেরে এই আনদেশ জানাইলে, তিনি সে সমর্থে এই টাকা দিতে সম্মত্ত হইলেন, কিন্তু তাহার পরে অলীকারপূর্ব করিতে বিগন্ধ করিতে মানিলেন। চেৎসিংহের কার্য্য দেবিয়া হেটিংস্ লাহেব বিরক্ত হইলেন এবং টাকা আলারের জন্ত তাহার কাছে একদল সৈত্য প্রেরণ করিকেন।

টাকা আদার হইল বটে, কিন্তু বছকাল অপেকা করার সৈন্তনিগকে কট পাইতে হইলাছিল।

১৭৮০ খৃষ্টান্দে ছইহাজার অখারোহী লৈন্ত পাঠাইবার জন্ত চেৎসিংহ আদেশ প্রাপ্ত হন। এই আদেশ পাইরা চেৎসিংহ জীহার অক্ষমতা জানাইরা হেষ্টিংস্ সাহেবকে একখানি পত্র লেখেন। তিনি এই পত্রে বুঝাইরা দেন বে, সর্বান্তম ও রাজ্য আদারের জন্ত ভাহাদের আবক্তম। হেষ্টিংস্ সাহেব সন্তবতঃ চেৎসিহের কথার বিখাস হাপন করিরাছিলেন। কারণ তিনি প্রথমে ১৫০০ এবং ভাহার পর ১০০০ মাত্র সৈন্ত চাহিরাছিলেন। চেৎসিংহ এই সৈন্ত পাঠাইবার জন্ত চেষ্টা পাইলেন। কিন্ত ভাহার ১৩০০ মাত্র অখারোহী ছিল, স্ক্তরাং ইহা হইতে ১০০০ সৈত্র পাঠান ভাহার পক্ষে অনন্তব হইল। অবশেষে তিনি ৫০০ অখারোহী এবং ৫০০ পদাতিক সংগ্রহ করিয়া হেষ্টিংস্ সাহেবকে পত্র লিবিলেন। কিন্ত গ্রহার কোন প্রত্যান্তর দিলেন না।

১৭৮১ খুটান্দে জ্লাই মানে অযোধ্যার নবাবের সহিত
সাক্ষাৎ করিবার অন্ত হেটিংস্ সাহেব উত্তরগদ্দিম প্রদেশেশ
বাত্রা করেন। ইতিসূর্কে, চেৎনিংহের অধিকারভূকে স্থান
সকল করে করিবার অন্ত নবাবের সহিত হেটিংল্ নাহেবের পত্র
লেখালেথি হইতেছিল। ছেৎনিংহ এই অভিস্কির আভাস
পাইয়া, বরাজ্য রকার অন্ত প্রবর্গর বেলারেল সাহেবকে ২০ লক্ষ
টাকা দিতে সম্বত হইয়াছিলেন। বিশ্ব স্বাক্ত ৫০ লক্ষ

টাকা বিভে প্ৰাৰ্থত ভিষেত্ৰ কৰিয়া চেৎসিংহের প্ৰাৰ্থাৰ অপ্ৰাৰ ररेगांडिन । (क्वांबिक देवारक क्वांब कारमाहक स्टेरनन । শ্ৰীকাৰ সমূহৰ বৰ কোৱা বিপদ উপন্থিত জাহা তিনি সুবিতে भा**वित्यन । (संवि**श्य मास्ट्रिय भश्यक्त क्या कारी विशय হইতে নিক্ষতি পাইবার উপার বলিয়া ভিত্ত ক্ষত্রিলেন এবং এই নিমিক তিনি বৰুষ্টের গিরা গ্রহর জেনারেলের সহিত মান্দাৎ कतियां काहारक विनीकेशाद मिरवनन कविस्तान रव, काहात व्यक्षिकाकक मसुमायके किनि छाहात व्यक्षिर द्विष्टित्त कार्या বাহাৰ ক্ষিতে প্ৰস্তুত আছেন। এই বুলিয়া তিনি তাঁহার माथां भागकी दश्किश्य मारहरका शरम निरम्भ कतिरमन ! এত করিয়াও চেৎবিংহ গ্রণন্থ জ্বোরেলের কুপালাভ করিতে পারিকেন না। হেষ্টিংস সাহেক তাঁহাকে কোন আখাস निर्मन मा। व्यवका राष्ट्रिक विश्वाद नहेवा वाहरक हरेन। वधन दिक्टिन गांदर हैश्मधीय महाम्लाब, छौहांत्र किश्मिश्ट-সম্মীক কাৰ্য্য সমৰ্থন করেন, সেই সময়ে ভিনি ৰণিয়াছিলেন যে, চেৎসিংতের টাকা দিবার প্রস্তাব অতি বিলয়ে পাওয়াতে ভাষা অগ্রাম হইরাছিল। ইহার পর চেৎসিংহের যোর বিভখনা উপস্থিত হটন।

১৭৮২ খুইাজের ১৪ই আগত্তে হৈছিংস্ সাহেব কাশীতে উপন্থিত হইলেন। তেওসিংহ ওথার তাঁহার সহিত সাক্ষাৎ করিবার প্রার্থনা করিলেন, কিছু তাঁহার প্রার্থনা প্রান্থ হইল না। পরদিন প্রাতে তথাকার রেসিডেই মারখাম সাহেব চেৎসিংহের নিকট প্রেরিড হন। ইনি চেৎসিংহের বিক্তে কতকশুলি অভিযোগ এবং তাঁহার নিকট হইতে পাওনার বিষয় সম্বান্ত একথানি কাগল সঙ্গে লইলেন। এই কাগল্যনি চেৎসিংহের হতে প্রান্থ হইলে, তিনি সেই বিনেই প্রত্যুক্তর দিলেন, কিছু ইহা হেন্তিংলের মনোমত হইল না। কেনই বা হইবে ? তাঁহার কার্য্য ক্রার কি মক্তার হইরাছে, হেন্তিংস্ মাহেবেরও আর সে বিচার করিবার প্রয়োজন ছিল না। চেৎসিংহই বা কড় টাকা দিতে পারেন ? ভিনি পূর্বেধ ২০ লক্ষ টাকা দিতে সক্ষত হইরাছিলেন। ইহার উপর আরও ২ লক্ষ টাকা বাড়াইরা দিলেন; কিছু ইহাডেও হেনিংস্ সাহেব সম্বন্ধ হইলেন লা।

লেই দিল সন্ধান সমনে, হেনিংস্ সাহেব রেসিডেণ্ট সাহেবকে আবেশ করিলেন খে, তিনি শিবালরভাটের ছর্গে প্রমন করিরা চেৎসিংহকে বলী করিরা ছইশান্ত নৈত ছুর্গ মধ্যে অইরী করাণ করেন। মানিধান সাহেব লেই মত কার্যা করিলেন। এইরূপে চেৎসিংহ আপদার আসাদ মন্তে নলী ভাবে রহিলেন। - ে চেখনিংহ প্রবাদ্ধক ছিলেন ক উদ্ধান পাত্তকতি এবা কার সকত বিভারতাগানীতে দকলেই ভারার প্রক্রি মতর किंग। विरामका आर्थ रिम्म करण श्रीका आवारिकाला । ভাহার উপর সাহাদ তেৎসিংছ নির্দোধ, স্থতরাং এমন রাজার অপনান কে নতু করিতে পারে + কানীধানে যোর বিপ্রব উপস্থিত হইল। কেছ আৰু ক্ষত্তির খাকিতে পারিল না। লোকে দলে বলে আৰুপ্ৰাসালে সম্ম করিতে লাগিল ৷ কালী-রাজ্যের সৈনিক পুরুষগর কেলা আজ্মণ করিল। জ্রগটা ছর্ডেড ছিল ৷ মুইনত সেনা অন্তত্য এক স্থাহকাল শক্রর আক্রমণ হইতে চর্গ রক্ষা করিতে পান্নিত। কিন্তু বটনাক্রমে ইংরাজরক্ষিত সেনা কর্ত্তক কোল কাজই হইল মা। ভাহাদের সহিত বারুদ ছিল না। স্থতদাং ভারারা আক্রমণকারীদিগকে প্রত্যাখ্যান করিতে পারিন না। ভাহারা একে একে শত্রুহত্তে निरंख रहेन । अरे नमात्र जात्र अक्रमन देश्तांकरेनल बाक्रम লইয়া উপস্থিত হইল, কিন্তু তখন আক্রমণকারীরা চর্গ অধিকার করিরাছে। ভাছারা করোলাদে উত্তেজিত হটরা নবাগত সৈত্ৰগণকেও নিহত কৰিল। সৰ্বাঞ্চ ২০৫ জন দেনা জীবন ছারাইল। এই গোলমালের সমর চেৎসিংহ পলাইবার চেষ্টা कतिराम ध्वर उर्भक्त यहांगंध हरेग। उथम वर्षाकांग: স্থভরাং গলার জল অধিক উচ্চে ছিল। তিনি তাঁহার পাগড়ির কাপড় কটিদেশে ৰাধিয়া একটা গ্ৰাক্ষার হইতে ঝুলিয়া পড়িয়া, একখানি নৌকার আত্রর গ্রহণ করিলেন এবং সেই নৌকালোগে অপর পারে গমন করিলেন।

এই সময়ে হেটিংস্ সাহেব মধুদাসের বাগানে অবস্থিতি করিভেছিলেন। সৌভাগ্যের বিষয় এই বে, চেৎিশংহের ৰবোৰত লোকগণ হেষ্টিংস সাহেবকে আক্রমণ না করিয়া রাজার সলে গমন করিল। রাজার লোক বিজোহী হইয়া উঠিল, ভাহাদের শীত্র দমন করা আবশ্রক। তথন মেজর পোফাম সাহেবের অধীনে কতকঞ্জি সৈক্ত ছিল। ইহার মধ্যে অধি-স্থাংশ কাশীতে এবং অৱাংশ মুক্ষাপ্তরে ছিল। এতত্তির রেসিডেণ্ট শাহেৰের বাটীতেও কএকজন সৈত প্রহরীরূপে নিযুক্ত ছিল, হেটিংস সাহেব ছির করিলেন যে, কাশীস্থিত সৈঞ্জের সহিত मुकानुरवद रेन्छ এक ब इहेरन, शाकाय नारहर चनावारन বিজোহীদিগকে দমন করিতে পারিবেন। মুলাপুরস্থিত সেনাঞ ধাক্ষকে তথ্যই পতা লেখা হইল বে, তিনি তথাকার সৈভগণকে দ্বীরা রামনগরে আসিরা অধ্যেকা করিবেন। উক্ত সেরাধ্যক **ध्ये जारम्मः जस्मारतः जा**शमन कत्रित्मनः। किन् वृश्चिरात बामरे ब्रेंक, किया नित्य श्रीवर शारेतात व्यामार्ट्स र्डेक, তিনি, অস্ত সেনার অপেকা না করিয়া, তাঁহার অধীবস্থ সেনা-

াগদে কইনা বিজ্ঞানী বিজ্ঞান ক্ষাজ্ঞান ক্ষাজ্ঞান । এই সুহৈ

কিনি প্রমাণিত ও বিহত ক্রিনের এবং, তাহার ক্ষানিত ক্ষানিত করেন বিজ্ঞানী প্রমানার ক্ষাজ্ঞান ক্ষানার ক্ষানার ক্ষাজ্ঞান ক্ষানার ক্ষান

ৰক্ষণাট ভয়ে কাশী ভ্যাগ করিয়াছেন, এই দংবাদ চারি-দিকে প্রচার ছঞ্জাতে, জ্ঞানক বিপ্লব উপস্থিত হইল। কেবল কাশীধানের লোক নছে, জ্বোধাা এবং বিহারের কোন কোন হানের লোকগু তেৎসিংহের দপক হইরা ইংরাজনিগের বিপক্ষে যুদ্ধ করিবার অন্ত প্রস্তুত হইল।

এই বিপ্লবের সমরে, চেংনিংহ বরং ইংরাজের বিক্রমাচরণ করেন নাই। প্রফুত তাঁহাদের সহিত সন্ধিয়াপন করিবার অভিপ্রারে, চেংনিংহ হেষ্টিংল্ সাহেবকে কএকথানি পত্র লেখেন এবং তিনি বে নির্দোব ভাহা বুঝাইরা দেন, কিন্ত হেষ্টিংল্ সাহেব এই সকল পত্রের কোন প্রভাত্তর দেন নাই।

হেছিংস্ সাহেব চলার হইতে সমরের আরোজন করিলেন।
পোফাম সাহেব অনেক সৈত্য লইরা কালী আক্রমণ করিলেন।
চেৎসিংছ সৈত্ত সংগ্রহ করিতে বাধ্য হইলেন। কিন্তু যখন
দেখিলেন বে, প্রবল ইংরাজ সেনাগণকে পরাভব করা তাঁহার
সাধ্যাতীত, তখন ভিনি পলারন করিরা প্রথমে সভিকপ্রে
এবং পরে তাহার রাজধানী হইতে প্রায় ৫০ মাইল দক্ষিণে
বিজ্ঞরগড় নামক চর্গে আসিলেন। এই চর্গে তিনি তাঁহার
পান্যবিদ্ধানী ব্যাহিলেন। পোকাম সাহেব তাঁহার
পান্যবিদ্ধানী ইলেন। এই সংবাদ পাইরা ভিনি তাঁহার সমভিন্যাহারে করুর সভব ধন লইরা প্রায়ন করিতে লাগিলেন।
আবদেবে চেৎসিংহ মহারাজ সিনিরার আন্রর লইরা পোরালিরারে অবহিতি করিলেন।

কেংনিংহ প্লারন করিলে পর তাঁহার মাডাঠাকুদাণী কেলাতে ছিলেন। কেলা রকা করিবার জন্ত রাজনেলাগণ চেটা করিল, কিছ লক্ষণ হইল না। বধন ইংরাজনেলাগণ বলিল বে, কেলা তোপে উড়াইয়া দেওরা হইবে, তধন রাজ-রাণী কেলা না ছাড়িরা থাকিতে গারিবেন না। ভবে ইংরাজদের সহিত এইরপ কথা রহিল বে, রাজপরিজনমাণের প্রতি কোন প্রকার জন্তাচার করা হইবে না এবং গ্রহে কোল প্রকার ধানাভলানী করা হইবে না।

ইহার পর বেটিংল্ সাহেব কেৎসিংহকে রাজ্যক্তাক্ত ক্ষরিয়া

তাঁহার ভাগনীপুত্র সহীপনারারগকে তাঁহার পরে অভিবিজ্ করিলেন। ১৭৮১ বৃষ্টাত্তে এই বটনা সংবটিত হয়। জবন মহীপনারারণের বয়স অধীয়শ সাত্র।

চেৎসিংহ অনেক বংগর গোরালিরারে বাস করিরাছিলেন। ১৮১০ বুটান্থে তাঁহার সেই স্থানে ভবলীলা শেব হয়।

চেৎসিংহের কোন কোন বিষয়ে ক্রটী থাকিলেও ইহা

মৃক্তকঠে বীকার করিজে হইবে বে, হেট্রংস্ সাহেব তাঁহার
প্রতি অন্তার ব্যবহার করিরাছিলেন। তাঁহার সবদ্ধে যে

সন্ধি সংস্থাপিত হর, তাছাতে ধন জন দিরা কোন্সানির
সাহায্য করিবার কোন কথা হিল না, অথচ জোর করিয়া
তাঁহার নিকট হইতে উভরই গওরা ইইরাছিল। হেটিংসের
আদেশ পালন করিতে বিলম্ব হওরার অথবা তাহা সম্পূর্ণরূপে
পালন করিতে পারেন নাই বলিরাই তিনি বন্দী হইলেন এবং
অবলেবে রাজ্য হারাইলেন। চেৎসিংহ বেমন সদাচরণ ঘারা
প্রভাগণকৈ হথে রাধিরাছিলেন, নগরকৈ স্থায় করিবার
জন্ত সেইরূপ বন্ধবান ছিলেন। শিবালর্ঘাটের নিকট্য
হর্গ এবং রামনগরের হর্গের পূর্বাদিক্ ও মুরচা কএকটী তাঁহার
আজ্ঞার প্রস্তুত হর। কাশীতে প্রতিবৎসর যে ব্ডামজল-মেলা
হইরা থাকে, প্রজাগণের মনোরঞ্জনের জন্ত তিনিই তাহা
আরম্ভ করেন।

চেতকী (স্ত্রী) চেতরতি উদ্বীলরতি বৃদ্ধিবলেজিরাণি চিত-ণিচ্
ধুল্-গোরাদিছাৎ ভীষ্। > হরীতকী। ( অমর ) ২ সপ্ত প্রকার
হরীতকীর মধ্যে একপ্রকার হিমাচলোৎপর তিনটা শিরাযুক্
হরীতকী। ভাবপ্রকাশের মতে চেতকী ছই প্রকার শুক্রবর্ণ
ও রুক্ষবর্ণ। শুক্রবর্ণ চেতকী আরতনে প্রারুভ অকুলি পর্যাস্ত
হইরা থাকে, কিন্তু রুক্ষবর্ণ চেতকী আরতনে ১ অকুলির অধিক
হর না। মহন্যু, পশু, পদ্দী ও মৃগ প্রভৃতি যে কোন প্রাণী
চেতকী হরীতকী বুন্দের ছারাতে গমনাগমন করিলে তৎক্ষণাৎ
ভাহার ভেদ হইতে থাকে। চেতকী হাতে ধারণ করিলে
প্রবলবেগে ভেদ হর, এ বিষরে কোন সন্দেহের কারণ নাই।
ভৃক্ষার্জ, স্বকুমার, রুশ বা ও্রধ্বিহেনী রোগীর পক্ষে চেতকী
প্রশাস্ত স্থা-বিরেচন। (ভাবপ্রকাশ পূর্ম্বণ্ড ১ম ভাগ)
[ইহার অপর বিবরণ হরীতকী শব্দে ত্রইব্য।] ৩ জাতিমূল।
(রাজনিশ)

চেতন (পুং) চেততি জানাতি চিৎ-কর্তবি ল্যু। ১ আত্মা, জীব। ২ শরমেশ্বর। (কেম')

"চেতনা চেতনাভিদা কৃটছাব্দকা নহি। কিন্তু বৃদ্ধি কৃতাভাগ কৃতৈতবেত্যৰ পম্যতাম্।" (পঞ্চলী ৩।৪৫) ি ইহার বিস্তৃত বিষয়ণ চৈতত্য শলে ত্রেইব্য়।} তমহুন্তা। (রাজনিং) a আপি, বাহার জীবন সাছে। (অবর) (অ) চেডলং চৈডভং বিভাতেহত ক্লেজন-কচ্ (অর্ন সাধিত্যোহচ্। পা ধাং।১২৭।) ক আবস্থুক, কেতনাবিশিষ্ট।

"কামার্কা হি আক্বতিক্রপণালেডনাচেডনের্ ।" (মেবন্ত পূর্বা ৫) চেতনকী (জী) চেতনং করোডি চেতন-ক্র-ড গৌরাবিদাৎ ভীষ্। হরীতকী। (রাজনিং)

চেত্তন্তা (স্থা) চেতনক ভাবং চেতন-তল্-টাপ্। চৈত্ত, চেতনের ধর্ম। "দেহদেতনতামিরাং।" (বালবং ৭)

চেন্তন্ত্ (ক্লী) চেতনক ভাবং চেতন-স্ব। চেতনতা, চৈতন্ত।
চেতনা (জ্বী) চিং বৃচ্টাপ্। > বৃদ্ধি। (জ্বর) "প্রধানকালাশরধর্মসংগ্রহে শরীর এব প্রতিপদ্ধচেতনাম্।" (ভাগবত
৪।২১।০৪।) ২ মনের বৃত্তিবিশেব, জ্ঞান।

"ইচ্ছাৰেয় স্থাং ছংখং স্থাতক্ষেত্ৰা ধৃতি:।" (গীতা ১৩)৬)
'জ্ঞানান্মিকা মনোবৃত্তিঃ' (শ্ৰীধর।) ৩ চৈতক্স। ৪ চিত্তবৃত্তিবিশেষ,
স্বৰূপ জ্ঞানব্যঞ্জ, প্ৰমাণের অসাধারণ কারণ। (শঙ্গার্থচিং)
(চত্তনাবৃত্ত (ত্রি) চেতনা বিছতেহস্য চেতনা মতুপ্ মস্ত বং।
চতনাবৃত্ত, বাহার চেতনা আছে।

"চেতনাবংস্থ চৈতক্সং সর্বভ্তের্ পশুতি।" (তারত ১৪ প°)
চিতিরা, বনারদ বিভাগের অন্তর্গত গালিপুর জেলার নারারণপুর
নামে একটী গ্রাম আছে। এই গ্রামের ৫ মাইল দক্ষিণপশ্চিমে,
গঙ্গার উত্তরতীরে ছইটী স্তুপ আছে। ইহা চেতিরা এবং
অন্তিকোট বা অন্তিরিধ নামক ছইটীর ভ্র্যাবশেষ। অন্তিকোটের
স্তুপ একটী প্রাচীন হর্গের ধ্বংসাবশেষ। কথিত আছে যে,
অন্তিম্বাধীৰ এই হ্র্মটী নির্মাণ করিয়াছিলেন। পুর্বের্ম এন্থান
চেক্ক রাজার অধীনে ছিল।

চেতনীয় ( আ ) চিত-অনীয়র। জেয়।

চেত্ৰীয়া (ত্ৰী) চেতনায়ৈ হিতা চেতনা-ছ। ঋদি নামক ঔষধ। (রাজনি\*)

চেত্তয় (ত্রি) চেতরতি চিত নিচ্-শ (অর্পদর্গারিপিবিন্দধারি-পারিবেছানেনিচেতিসাতিমাহিভ্যাক। পা ৩।১।১০৮) চেতনাবুক। চেত্রিয়িত্তব্য (ত্রি) যাহা চেতনাবুক করা হইবে, চেতনীয়।

"চিত্তং চেতদিতবাং।" (প্রশ্লোপনি<sup>\*</sup> ৪।৮)

' কেতৃ (জি) চি-তৃচ্ যথা চিত-তৃচ্ নিপাতনৈ সাধু। ১ চেতনাযুক।
"নান্দী চেতা কেবলো নিও গদ।" (খেতাখ উপ ৬০১১)
[বৈ] ২ হিংসক, বে হিংসা করে।

"ইবে চেতারো অনৃতক্ত ভুরে মিঁতোহর্য্যমা বর্জণোহি সঞ্জি।" (অক্ ৭।৬০।৫) "চেতারো হস্তারঃ" সামণ। চেতব্য (আ) চি-তব্য। চমনীয়, যাহা সংগ্রহ করা উচিত। চৈত্তস্থানী) চিতাতে জারতে অনেন চিত-অনুন্। ১ চিত্ত। (অমর)

"চেতোনলং কানরতে মদীরং।" (নৈবধচরিত) ২ মন।
নৈরারিক মতে অণুপরিমাণ মনকেই চিত বলিরা উল্লেখ করা

হইরা থাকে, ইহাবারা ক্লখ, ছংখ, ইচ্ছা, বেব প্রভৃতি কতকগুলি
আন্ধর্মের প্রত্যক্ষ হয়। মনস্ শব্দে বিভৃত বিবরণ দেখা]

০ বৃদ্ধিতত্ব। সাংখ্যমতে বৃদ্ধিতত্বেই জ্ঞানাদি খীকার
করা হয় ও তাহাকেই ছলবিশেবে চিত্ত বলিরা উল্লেখ করা

হইরা থাকে, অভাকরণের অভিরিক্ত চিত্ত নামক কোন
পদার্থের অভিন্ন নাই। বৃদ্ধি ও মহত্তত্ব দেখা] ৪ র্ত্তবিশেষ। (নিশ্নী)(এি) চিত কর্ত্তরি ক্লমন্। সর্কাশাত্রভোহেন্ত্ব। ৫ জ্ঞাতা, বে জানে। (ক্লী) চিত-ভাবে অনুন্।
৬ চৈতত্ত্ব। ৭ প্রক্রা। (বোপদেব ৬)৬২)

চেতসক (পং) [ বছ ] একটা জনপদ।

চেত্রসিংহ [ চেৎসিংহ দেখ।]

চেতান ( চেতন শব্স ) চৈতগ্ৰহুক্ত, জ্ঞানবিশিষ্ট।

চেতানি (দেশৰ) উদ্ভেজনা।

চ্চেভিষ্ঠ ( ত্রি ) অভিশয়েন চেভান্নিভা চেভান্নিভ্-ইর্চন্। অভি-শন্ন চৈভক্তযুক্ত, চেভন্নিভ্প্রধান।

> "চেতিঠোবিশামুবর্ত্ও।" (ঋক্ ১।৬৬।১০) 'চেতিঠো অভিশব্দেন চেতারিতা।' (সারণ)

চেতিত ( বি ) চিং-পিচ্-জ্ঞ । জ্ঞাপিত, যাহা জানান হইরাছে।
চেতেকাংক্ত (প্রং ) চেতসংক্ততভ্যভাগতরিব । জীব । বেলান্ত
মতে জলগত বা জলগুতিদ্বিত ক্রোর ভার প্রবের প্রতিবিশ্ব
বা আভাসকে জীব বলা হয়; অতএব বৈদান্তিকেরা জীবকে
চেতেহিংক্ত নামে উল্লেখ করেন। [ জীব দেখ । ]

চেতোজন্মন্ (পুং) চেতিনি জন্ম বহু বছরী। > কামদেব, কন্দর্শ।
"চেতোজন্মনরপ্রস্থানমধুজি ব্যামিপ্রতামাপ্ররং।" (নৈবং)
(ত্রি) ২ বাহা মনে উৎপন্ন হয়। মনোজাত। চেতোতব,
চেতোভ প্রভৃতি শক্ত এই অর্থে ব্যবহৃত।

চেতোমং (জি) প্রশন্তং চেতো বিশ্বতে বস্ত চেতদ্-মন্তুপ্।
> প্রশন্ত চিত্তমুক্ত, মনস্বী। ২ চৈতক্তমুক্ত, বাহার চেতনা আছে।
"চেতোমস্তি চ নামানি বহুর্কেদশ্চ ভারতঃ।" (ভারত নবং)
চেতোমুধ (পুং) চেতো মুধং ছারং বস্ত বহুরী। বেদান্ত
প্রসিদ্ধ প্রাক্ত।

"আননভূক্চেতো মুখঃ প্রাক্তঃ।" ( ঞ্রতি )

চেত্রোবিকার (পুং) চেত্রো বিকার: ৬তং। চিত্তের বিক্বতি, ক্রোধ। ক্রোধং চেতো বিকারং (কুলুক মন্থ ১২৫) চেত্রু (ত্রি) চিত-অন্তর্ত নিকর্থে তাজীলে তৃণ্ নিপাতনা-দিক্তবং। ১ জ্ঞাপরিতা, বিনি জানান। \*হিরণ্যপাণি স্তরে সবিভার মৃশব্দের। সচ্চেত্তা দেবতা পদং।" (বক্ ১)ং২।৫) চেতা আপরিতা চিতী সংজ্ঞানে সমানতভাবিভয়গাঁথ ভাজীলো ভূপ্ অনিভাষাগমশাসন-মিতীডভাবঃ।' (সারণ)

চেড্য ( আ ) চিড কর্মণি গং। ১ জের, জাতব্য। ২ ছত্য, মাহাকে তব করা উচিত।

"বং ত্রাতা তরণে চেত্যোভূং পিতামাতা।" (ঋক্ ভাসার) ' 'চেত্যো স্কাতব্যঃ স্বত্যঃ।' (সারণ)

কেন্দ্রা (জী) চেত্য-টাপ্। কেপণীর, যাহা কেপণ করা উচিত।
"কর্হি বিৎসা ত ইক্র চেত্যা সম্বত্ত।" (ঋক্ ১০৮৯।১৪)
'চেত্যা চেতরিতব্যা···কেপণীরা।' (সারণ)

চেদ্ [ অব্য ] ১ যদি। ২ পক্ষান্তর। ৩ সন্দেহ না থাকিলেও সন্দেহত্যনা। [চেৎ শক্ষ ]

**(जिम्ही (तिमंद्र)** अक्त्रकम मश्छ।

Cচमात ( शः ) [ त्वमात्र (मर्थ । ]

Cচিদি (পুং) > দেশবিশেষ। ভারত প্রভৃতি প্রাচীন ইতিহাসেই
এই দেশের অন্নবিত্তর বর্ণনা দেখিতে পাওরা যার। ইহার
নামান্তর ত্রৈপুর, ডাহল ও চৈন্ত। এই দেশটা অগ্নিকোণে
ভক্তিমতী নদীর তীরে বিদ্ধাপ্তে অবহিত।

"বিদ্যাপৃঠি হভিচন্ত্রেন চেদিরাইর্মধিষ্ঠিতম্।" জৈনহরিবংশ।
বর্ত্তমান বাবেলখণ্ড ও তেবার বা তেওয়ার চেদিরাজ্যের
মধ্যে ছিল। [তেবার দেখ।] [বহ] সোহভিজনোহত চেদি
অণ্ ওতা লুক্। ২ চেদিদেশের রাজা। ও তদ্দেশবাসী।
(হেম॰)(পুং) ৪ কৈশিকের পুতা।

(চদিক (পুং)[বছ] চেদিদেশ।

"শৌলিকবিদর্ভবৎসান্ধ্র চেদিকান্দোর্জকণ্ঠান্ট।" (বৃহৎসং ১৪৮) চেদিপতি (পুং) চেদীনাং পতিঃ ৬তৎ ।১ উপন্নিচর নামক বস্ত্র।

"ইক্স প্রীত্যৈ চেদিপতিস্কর্ণারেক্স মহঞ্চ সঃ।

পুত্রাশ্চান্ত মহাবীর্য্যা: পঞ্চানন্নমিতৌজস: ॥" (ভারত)

[ ইহার অপর বিবরণ উপরিচর ও চেদিরার্জ শব্দে দেখ।] ২ দমবোবের পুত্র, শিশুপাল। (ভারে ২।৪০।১৫)

ও চেদিদেশের অধিপতি। চেদিপ প্রাভৃতি শব্দ ও এই ক্ষর্থে ব্যবহৃত।

Cচ দিরাজ ( খং ) চেদীনাং রাজা-টচ্। > শিশুপাল।

(ভারত ২।৪০।১২)

২ উপরিচর বন্ধ, ইনি চদ্রবংশীর ক্লতি রাজার প্রে, অতিশর বৈষ্ণব ছিলেন। স্বর্গরাজ ইল্রের সহিত ইহার বন্ধতা হর। ইন্র ইহাকে একখানি আকাশগামী রথ আদান করেন। ইনি তাহাতে চড়িরা প্রার স্ক্লাই উপরিদেশে

( আকাশে ) ভ্রমণ করিতেন, এই কারণে ইহার নাম উপরিচর হুইরাছিল। সভাযুগের কোন সমরে বাক্ষক ঋষি ও দেব-গণের ভয়ানক বিবাদ উপস্থিত হয়। বিবাদের মূল এই-ঋষিগণ পভাহিংসা পাপ মনে করিরা কেবল ধারাদি বীজ-मग्र कातारे यात्र कतिराजन । स्वराजा रेशास्त्र धरे बाद-शाद्र मञ्जूष्टे ना श्रेषा धकतिन अधिशानत निकार आनिया বলিলেন যে, যাজক মহাশর্পণ। আপনারা একি করিতেছেন. "অজেন ষ্টব্যং" এই শান্তামুদারে ছাগপভ্রারা যাগ করাই উচিত। মুনিগণ বলিলেন, "তা নছে, প্রতিংসা করিলেই भाभ रहा। 'वीटेक्वरं कार्य महेवार' এই दिनिकी अकि असूनादत বীজ দারাই যাগ করা উচিত। আপনারা বে শাস্ত্র বলিলেন. তাহাতেও অব্ধ শব্দে বীব্দেরই উল্লেখ করা হইয়াছে, উহা পশুবাচক নহে।" কিন্তু দেবতারা ইহা স্বীকার করিতে চাহিলেন না। তাঁহারা বহুতর যুক্তি ও প্রমাণ দেখাইরা নিজের মত প্রবল করিবার চেষ্টা করিতে লাগিলেন। ঋষিরাও বড় কম নহেন। তাঁহারাও অনেক যুক্তি ও প্রমাণ বলে দেবতাদিগের মত থণ্ডন ও স্বীয় মত প্রতিপালনে বছবান रहेर्यान । आत्मक मिन विहान हिमल, वाकायक आत्मक हरेग, কিন্ত কোন মতটা ভাল তাহার কোন নির্ণয় হইল না। এই সময়ে উপরিচর নুপতি ঘাইতেছিলেন: উভরপক্ষই তাঁহাকে ছই মতের কোনটা ভাল তাহা নির্ণয় করিবার ভার অর্পণ করেন। রাজা দেবগণের পক্ষপাত করিয়া তাঁহাদের মতেই অহুমোদন করেন। ঋষিগণ কুপিত হইয়া রাজাকে অভিসম্পাত করিলেন। সেই শাপেই মহারাজ সেই বিমানের সহিত অধোবিচারে ( ভূগর্ত্তে ) গমন করিয়াছেন। ইহাতে দেবগণের वर्ष्टे लब्बाद्वां रहेन। उाँहाता त्राजादक विकृत भाताधना कतिएक जेशानम तम ७ ७ जकार्य वरमाधीता मिरक इटेरव. এরপ বিধান করেন। ইহাতেই ভূগর্ভস্কিত বস্তুর প্রীতি হইয়া থাকে। আজও বিবাহ প্রভৃতি শুভকর্মে বদোর্ধারা দিবার নীতি চলিত আছে। কালক্রমে বিষ্ণু সম্ভোষ হইয়া ইহাকে মুক্ত করেন। (ভারত শাস্তি ৩৩৯ অ:)

চেদিরাজবংশ, এক বিখ্যাত প্রাচীন রাজবংশ, খুষ্টীর ৩য়
শতাকী হইতে একাদশ শতাকী পর্যান্ত এই বংশীর রাজ্যগণ
ভারতের নানাস্থানে রাজস্ব করিয়াছিলেন তন্মধ্যে তৈরপুর ও
তুম্মানের রাজগণই প্রধান। এই বংশ কলচুরি ও হৈহয়
নামেও কথিত। [কলচুরি ও হৈহয়রাজবংশ শক্ষে বিস্তৃত
বিবরণ ক্রইবা।]

Cচ দিসম্বাৎ, অপর নাম কলচুরি সম্বাং। ত্রৈপুরের চেনিরাজ কর্ত্ক খৃষ্টীর তর শতাবের ঐ সম্বাং প্রচলিত হয় বলিয়া ইহার मान एक्तिगत्र व्हेतारक् । [ देश्वतत्राक्षयःम ७ कम्हूति नारक विकृष्ठ विवतन्त्र सहेवा । ]

চেতৃবা, আন্ধরেরের অন্তর্গত আরাকানের একটা দীপ। ইহা
শাতাবৈদ্ধ নদীর অপর পারে অবস্থিত। ১২৩০ খৃঠানে ইহা
সমৃদ্ধিশালী ছিল। তথন একজন রাজা এই দীপটা শাসন
করিতেন। তাঁহার জনীনে নৈক্ত থাকিত এবং শক্রসহ যুদ্ধ
করার কুলার ইতিহাসে দেখা বার। ইহার অল্ঞাণ ১৮৫ ৪০
হইতে ১৮৫৬ তঃ এবং ইহার উত্তর চড়ার লাগি ২০৩ ৩১ পূ:।
ইহার পরিমাণফল ১২০ বর্গমাইল। দীপের উত্তরপশ্চিম
কোপ ১৭৬০ ফিট উচ্চ।

এই বীপের অনেক স্থানে মেটেতৈল পাওয়া বার। ১৮৫১ পুটালে মে মাদে ইহা বুটাশ রাজ্যাধীন হর।

চেন্দ্বাড়, বলদেশের অন্তর্গত হালারিবাগ কেলার একটা পাহাড়। হালারিবাগ টেশনের নিকটে বে চারিটা পাহাড় আছে, তন্মধ্যে চেন্দবাড় প্রধান। ইহা মানভূমি হইতে ৮০০ কিট এবং সমুদ্রপৃষ্ঠ হইতে ২৮১৬ ফিট উচ্চ।

Cচল্লিগিরি (চলগিরি) মহিন্ত্ররাজ্যের অন্তর্গত শিমোগা জেলার

একটা তালুক। ভূপরিমাণ ৪৬৭ বর্গমাইল। ইহার দক্ষিণ

এবং পশ্চিমদিকে গিরিমালা বিস্তৃত। এই সকল পর্মত হইতে

নিঃস্ত জল-ধারা একত্র হইরা একটা বৃহৎ জলাশরে পরিণত

হইরাছে। ইহার নাম ভূলিকেরি, পরিধি প্রায় ৪০ মাইল।

এই জলাশয় উত্তরদিকে গিয়া হরিদ্রা নামে ক্রুলভদ্রা নদীর

সহিত মিলিয়াছে। এই তালুকের অপরাপর অংশ উর্ম্বরা।

ইহার উত্তর অংশ নানা প্রকার উত্তানে শোভিত এবং ইহাতে

ইক্র চাব হইরা থাকে। ইহার মধ্যে একটা কৌজনারী

আদালত এবং ৬টা থানা আছে।

চেন্স্করীর, কোবজুরের সমিহিত পার্কাত্য প্রদেশের এক যাধাবর জাতি। ইহারা গৃহ নির্মাণ বা ক্ষমিকার্য্য করে না, নানাস্থানে ভ্রমণ করিয়া বেড়ায়। ইহারা ফাঁদ ও ধছতীর হারা পক্ষী শিকার করে এবং তাহার বিনিমরে চাউল প্রভৃতি ক্রের করে। ইহারা উইপোকা খায়। শিক্ষিত মহিব বা গোরুর আড়ালে থাকিয়া পক্ষী প্রভৃতি শিকার করে। ইহাদের ভাষা তামিল ও কণাড়া মিশ্রিত। যাহারা নগরের নিকট বাস করে, তাহারা তৈলক ভাষা শিথিয়াছে। অতি অয় সংখ্যাই নগরের বাহিরে কুটীরে বাস করে, কিন্তু অনেক্রেই অরণ্য, শুহা, বুক্ককোটর বা পর্ণকুটীরে বাস।

চেন্ত্রার, দাকিণাত্যের পূর্ববাটনিবাদী এক অসভাজাতি।
পার্ববর্তী অধিবাদীগণ ইহাদিগকে চেঞ্কুলান্, চেঞ্বড় ও
চেন্ত্রার বলে। উইলদন দাহেব যে চেঞ্বড়ুজাতির

বিষয় গিৰিয়াছেন ভাঁছা বোধ হয় এই চেন্ত্যার বা চেঞ্বড় লাভিই হৈছে। বিষয় কৰা ও পানাৰ কৰিবের মধ্যবর্তী পূর্বঘাট সমাজের কিন্ত উপভ্যুকা সকলে এবং নেরুর জেলার পালিমছ পালিকোঙা পর্বতে বাল করে। নজিকোঙা গিরিবর্যের কিন্তে বহুবার আছে, তথার ইহারাই প্রহরী ও পথআন কিন্ত ভার্য করে। ইহারা জলনের মধ্যে কৃটার নির্মাণ করিয়া বাল করে এবং মুগরা বারা জীবিকা নির্মাহ করে। মাংস, বীলের ক্রেড়, বভ্যুল ও বাজরা ইত্যানি ইহারের প্রধান বাছ। ইহারা জলল হইতে মোম, মধ্ প্রভৃতি রংগ্রহ করে এবং বাঁলী ও বাঁলের কোঁড় বিক্রয় জন্ম কথন করেন নেরুরে আসিয়া থাকে।

পুরুষণ কুল কুল বল্ল পরিধান করে, শ্রীলোকের পরিছেদ তথাকার ছোমিনীদিশের স্থার। ইহাদের মধ্যে এমন লোকও আছে যাহারা চিরকাল পাত্রবছলাদি পরিধান করিয়া জঙ্গলেই বাস করে, কথনও লোকালরে বায় না, অথবা কথন ক্ষিকার্য্য করে না, কচিং কেছ ছাগ মেবাদি পালন করিয়া থাকে। ইহাদের বর্ণ ব্সর হইতে ক্লফ, আক্রতি ঈবং থর্কা, গণ্ডাছি উচ্চ, কেশ কুঞ্জিত। স্ত্রীপুরুষ সকলেই দীর্ঘচুল রাথে ও বেণীবন্ধন করে। শিকারের সমর ইহারা বর্ধা, বন্দুক, কুঠার, তীরধন্ধ ইত্যাদি ব্যবহারে।

ইহারা মৃতদেহ প্রোথিত করে। কখন কখন দগ্ধও করিয়া থাকে। কেহ কেহ পুলিসে চাকরি করে। ইহাদের ভাষা তৈলদী, কিন্তু উচ্চারণ কর্মণ।

চেপাঙ্গ, মধ্য নেপালের অন্তর্গত জঙ্গলনিবাসী একটা জাতি। ইহার অপর নাম চিবিঙ্গ। নেপাল রাজধানীর ভূতপূর্ব্ব রুটিশ द्रिनिए के वि, এই इ इक्नन नारहव निथिया हिएनन, मधा-নেপালের নিবিভ বনের মধ্যে ছুইটা জাতি বাস করে। ইহাদের সংখ্যা অর। ইহারা অসভ্য অবস্থার আছে। একটী জাতির নাম চেপাঙ্গ, অপর্টীর নাম কসন্দা। ইহারা সভ্য জাতিদের সহিত কোন সংস্রব রাথে না বা ক্ষেত্রাকর্ষণ করে না। কোন রাজাকে কর দেয় না, কাহারও বখ্যতাস্বীকারও করে ना । পশুমাংস এবং বক্ত বুকের ফল ইইাদের থাত । ইহাদের মধ্যে একটা প্রবাদ আছে—'রাজা আবাদী ভূমির অধিপতি এবং আমরা পতিত জ্ঞমির স্বামী।' অস্ত্র শক্তের মধ্যে ইহাদের **डीत धम्मक आहि। बीविश्मिरि हेहात्मत्र उ**लकीविका। वृक्तनाथात्र हेहाता शृह निर्माण करत्र এवः जाहारमत्र हेव्हाञ्च-मात्त धरे पत छेठारेमा लग्न। यनि अ रेराता मका बाजि-দের সংস্রবে থাকে না, তথাপি ইহাদিগকে কাহারও বিরুদ্ধা-**চরণ করিতে দে**থা যায় না। ইহারা কাহারও অপকারী নহে, কিছু জাপনারা সহারহীন । ইহাদের অবস্থা দেখিরা
বভালাতীর লোকের মনে বড় কট্ট হয়। ক্রেপাললাতি লোক
আলকাল সভালাতির সহিত কোন কোন বিশ্বরে দংশ্রব
রাখিছে আরম্ভ করিরাছে এবং তাহাদের কোন কোন কবা
ব্যবহার করিতেছে। ইহাদের বর্ণ কান, উদর বড় ও ইহারা
অতিশর কুল। ইহাদের ভাষার সহিত ভূটানের লহোপাদের
ভাষার সৌসাদ্ভ আছে। আর্জভূমি এবং নদীর কুলে ইহারা
বার্গ করে।

চেপ্টা (চিপিট শব্দ ) চওড়া, প্রশস্ত, চেটাল। চেপ্টাভোলা (দেশজ) এক রক্ষ মংখ্য। চেমুয়া (দেশজ) মংখ্যবিশেষ।

চেয় (ত্রি) চি-যং। ১ চয়নীয়, বাহার চরন বা সংগ্রহ করা উচিক্ত। ২ মথাবিধানে সংস্কৃত অমি।

"অনিক্রো বছভিন্চাপি যজৈ:।" (ভারত ১০।১৯৩ আ:)

চেরক, ১ মাল্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত কড়াপা জেলার

একটা নদী। ইহা পালার নদীর একটা উপনদী এবং পার্ক্ত্যপথে প্রবাহিত। নন্দান্রের নিকট রেলপথ ইহার উপর
দিরা গিলাছে।

২ মাজ্রাজ প্রেনিডেলির উত্তর অর্কাড়ু জেলার একটা নদী। ইহার অপর নাম বাহুনদী, জাবড়ী পর্বত হইতে বহির্গত হইয়া বছসংখ্যক প্রণালী ওশতক্ষেত্রে জলদান করিতে করিতে ত্রিবাত্র নগরের নিক্ট দিয়া ৯০ মাইল গমনের পর চেল্লপট্ন জেলার পালার নদীর সহিত মিশিয়াছে।

চের, দান্দিণাত্যের এক প্রাচীন জনপদ, ইহারই কিয়ংদশ কেরল ও পরবর্তীকালে কোলুরাজ্য নামে থ্যাত হয়। ঠিক চেররাজ্য কতদ্র বিভ্ত ছিল, তাহা এখনও দ্বির হয় নাই। কেহ কেহ অনুমান করেন যে বর্তমান কণাড়া, মলবার, কোচীন, ত্রিবাস্কুর, সালেম প্রভৃতি জনপদ প্রাচীন চেররাজ্যের অন্তর্গত ছিল।

পূর্ব্বলালে চের, চোল ও পাণ্ডা এই তিনটা রাজাই বিখ্যাত হইয়ছিল। সময়ে সময়ে এই তিনটার মধ্যে কোনটা প্রাধান্ত লাভ করিয়া অপরকে বশে আনিত। চের জনপদে চেরবংশ বছদিন রাজত্ব করিয়াছিলেন, কিন্তু কোন্ সময়ে এই বংশ আবিভূতি হন, তাহা এখনও দ্বির হয় নাই। টলেমি সেরেই (Carei) ও সেরেবেথি (Cerebothri) নাম উল্লেখ করিয়াছেন, তাহা অনেক প্রাবিদের মতে চের ও চের-পতি শব্দের অপত্রংশ। ইহাতে বোধ হয় য়ে খ্রীয় মে শতান্দীর পূর্ব্বে চেরবংশের অন্তিত্ব ছিল। উইলসন সাহেবের মতে কোলুর অপর নাম চের। (Wilson's Mackenzie Collections, p. 35) কোলুদেশরাজ্বল নামক প্রাচীন

প্রত্যে এই চের রাজবংশের পরিচর আছে, তদক্রাতির ভাকার বার্নেল ও ভৌসন সাহেব এইরূপ চেররাক্ত বংশাবলী প্রকাশ করিরাছেন—

১म वीत्रतात्र छक्कवाडी क्ष्मणूटत ब्राह्मेत्र वटन क्षम्बादन क्रवतन, কাহারও মতে ইনি পূর্ব্যক্ষীর আবার কাহারও মতে ইনি চক্রবংশীর। তৎপুত্র গোবিষ্ণরার, তৎপুত্র ক্রক্ষরার, তৎপুত্র দিখিলয়ী কালবল্পভরার, তৎপুত্র গোবিশরার। নাগননী নামে একজন জৈন কালবল্লভ ও গোবিন্দের মন্ত্রী ছিলেন। গোবি-ন্দের পর চতুর্ত্ত কনরদেব চক্রবর্তী রাজা হন। তৎপুত্র তিরু বিক্রমদেব স্বলপুরে অভিবিক্ত হন, তিনি কর্ণাট ও কোলু দেশ শাসন করিতেন। ইহার >০০ শকান্ধিত খোদিত লিশিতে লিখিত আছে যে ইনি পাশু্য, চোল, মলর প্রভৃতি জন-পদ জয় করেন এবং শঙ্করাচার্য্য কর্তৃক শৈবধর্ম্বে দীক্ষিত হন। ইহার খোদিত লিপিতে শহরাচার্য্যের নাম দেখিরা অনেকে ঐ লিপিখানি জাল বলিয়া ছির করেন। অনতার গলবংশীর রাজগণের নাম পাওরা যায়। কোনু সময়ে গল বা কোলু বংশীরগণ আসিরা চেররাজ্য জর করেন, তাহা এখনও স্থির হয় নাই। দাক্ষিণাত্যের নানাস্থান হইতে কোকুবংশীর রাজগণের বে সকল শিলালিপি ও তাত্রশাসন আবিষ্কৃত হইয়াছে, প্রত্নতত্ব-বিং ক্রিট সাহেব ভাহার অধিকাংশই আধুনিক ও জাল বলিরা স্থির করিয়াছেন। এখনও কোসুবংশের প্রকৃত রাধ্যকাল चित्र इम्र नार्रे। তবে यथन इम्रानवज्ञानवः > > च्ट्टीय চোলরাজের হস্ত হইতে চেররাজ্য অধিকার করেন, তথন বোধ হয় কোলুরাজগণ চোলরাজবংশের হতে রাজ্য रात्रादेत्राहित्लन।

দলবনপুর বা তালকড়ি নামক স্থানে বল্লালবংশের রাজ্যনী স্থাপিত হয়। ১৩১০ খৃষ্টাব্দে হয়সালবল্লালবংশ রাজ্য হারাইলে চেররাজ্য মুসলমান রাজ্যের অধিকারভুক্ত হয়।
অতি অল্লকাল পরেই বিজয়নগরের রাজগণের বত্ত্বে অনেক হিন্দুরাজ একত্র হইরা চেররাজ্য উদ্ধার করেন। তৎপরে চের রাজ্য বিশেব সমৃদ্ধিশালী ও বহুজনাকীর্ণ হইরা উঠে। ১৫৬৫ খৃষ্টাব্দে মুসলমানেরা বিজয়নগর রাজ্য অধিকার করিলেও মছরার নারকগণ প্রবল্পপ্রতাপে চেররাজ্য রক্ষা করিয়াছিলেন। ১৬৪০ খৃষ্টাব্দে বিজ্ঞাপ্রের আদিলশাহীরাজ্ব চেররাজ্য আক্রমণ করেন, ১৬৫২ খৃষ্টাব্দে মহিত্ররাজ্ব বন্ধ প্রয়াব্দে এই স্থান অবিকার করেন। [ চোল শব্দে অপরাপর বিবরণ প্রস্টব্য । ]

ভারতে বছকাল হইতে চের বা কেরলরমণীর কেলের আদর চলিয়া আসিতেছে। এখনও অনেক কবি কেরলের চুলের উপমা দিয়া থাকেন।



क्षा या दंकसमसम्बे ।

চেরমহামেদ, একলাতীর বৃক্ষ। চেরমেদ, একলাতীর বৃক্ষ। চেরা (দেশজ) ছই খণ্ড করা, ছেদন।

চেরা, আসাবের অন্তর্গত থাসিপর্কাতত্ব একটা কুল সামন্তরাজ্য।
সামন্তের উপাধি সায়েম্। কমলানের, অপারি, মধু, বাঁল, চুণ
ও পাথরিয়া কয়লা প্রধান উৎপদ্ধ জব্য। এখানকার বাঁলের
কুড়ি ও মাছর উৎক্ষ। থাসি ভাষার এই জমিলারী ও ইহার
প্রধান নগরের নাম শোহ্রা, এক প্রকার খাল্য উভিদ্ হইতে ঐ
নাম হইয়াছে। ইহার প্রধান নগর চেরাপ্রি। [চেরাপ্রি দেখ।]

চেরাণ (দেশলা) হাইবও করান।

চেরাণ, পঞ্চাবপ্রদেশে পেশবার জেলার নওসরা তহসীলের একটা পার্বত্যসেনাগার ও স্বাহ্যনিবাস। অক্ষাণ ৩০০ ৫০ উ:, দ্রাঘিণ ৭২০ ১ পূ:। পেশবার ও কোহাত জেলার মধ্যবর্তী ধট্টক পর্বতের পশ্চিমে সমৃত্রপৃষ্ট হইতে প্রায় ৪৫০০ ফিট্ উচ্চে অবস্থিত। ইহা পেশবারের ৩৪ মাইল দক্ষিণ-পূর্বেও নওসরা হইতে ২৫ মাইল দক্ষিণাশ্চিমে অবস্থিত। ১৮৫০ খু: আন্দে এই স্থানে স্বাস্থ্যনিবাস করিবার প্রস্তাব হয়। ১৮৬১ খুটান্দে এখানে সেনানিবাস হইলে সেনাদিগের স্বাস্থ্যের বিশেব উপকার লক্ষিত হয়। প্রায়ত মাইল দ্রে একটা পার্বতীয় নির্বারিশী থাকার জ্লাভাব হয় না। এখানকার বায়্ অন্তি মৃত্ব। প্রথম গ্রীয়কালেও বায়্ ৮০ অংশ কারেণহিটের অধিক উত্তপ্ত হয় না। জুন মাসের শেবে উত্তাপত্তরি হইলেও শীষ্ত এক পদ্লা বৃষ্টি হইবামান্ত বায়্ আবার শীতল হয়। পর্বতি প্রস্তময় হইলেও নানারপ তক্ষপ্রস্কে শোভিত,

মনভাগনে নানাবিধ কুন কৃটিয়া থাকে। এই স্থান পাইকোট, পেনাথানা ও ভজিপুর এই জিন প্রানের উদ্বিভা-খেল-গটক-নিগের অবিকারকুক্ত । কিডকালে নৈক্তগণ ভানান্তরে প্রন করিলে প্রাথনানিগণ গবর্মেন্টের জন্যানি ককার নিবিত্ত মানে ২০০ ক্রিয়া আন্তর্হান ক্রিভান ক্রিতে চুক্তি করিলে এক নিকে সমন্ত পেশবার উপভালা ও অন্ত দিকে রাবলশিতি ও খওরা উপভাকার অবিকাশে ভৃত্তিলোচর হয়। এখানে একটা রোমান কাথানিক পিজা আছে।

চেরান, সারণ জেলার অন্তর্গত গলার তীরবর্তী একটা প্রাচীন হান। প্রাচীনকালে এখানে একটা সমৃদ্ধিশালী গড় ছিল। লক্ষতি এখানে প্রাচন গৃহের বিতার ভয়াবশের সহিয়াছে। ইহা ছাশ্রা হইতে সাভ নাইল দক্ষিপপুর্পে অবস্থিত। একটা বড় ভাশ্র ইতে সাভ নাইল দক্ষিপপুর্পে অবস্থিত। একটা বড় তালার উপরে একটা মসজিল্ এবং ভালার ইবনেশ্বারের উপর একটা খোলিত লিশি আছে। কতকগুলি হিন্দুমন্দিরের ভাগানশের হইতে এই মসজিল্ নির্মিত হয়। প্রাচীরের ভিতর আটটা তত্ত আছে। ভাহাতে "আলা উল্ ছনিয়াবল্ দিন আব্রা আল্ লাফর যে ছসেন্ সা উল্ স্বলভান ইবন্ সৈয়েদ আস্রক" নামে এক বলীয় রাজার নাম খোলিত আছে। এই রাজা অন্থমান শৃষ্টাক ১৪৯৮ হইতে ১৫২০ পর্যান্ত রাজত্ব করিয়াছিলেন। বোধ হয় উক্ত মুসলমানরাজই প্রাচীন হিন্দুমন্দির ধ্বংস করিয়া ভাহার মস্লা হইতে উক্ত মস্জিদটা নির্মাণ করিয়াছিলেন। কবিত আছে যে চেক্ক লাভি হইতে চেরান নাম হইয়াছে। [চেক্স লেখ।]

চেরাপুঞ্জি, আসামের থাসিপর্বভিত্তিত চেরা নামক একটা কুল রাজ্যের অন্তর্গত একটা গ্রাম। থাসিজাতি কর্তৃক ইহা শোহ্রাপুলি নামে অভিহিত। ইহা শিলং হইতে ৩০ মাইল দক্ষিণ। সমুদ্রপৃষ্ঠ হইতে ৪৫৮৮ ফিট্ উচ্চ। ইহার অক্ষাং ২৫° ১৬ ৫৮ উ: এবং ল্রাবিণ ৯১° ৪৮ ৪২ পৃ:। থাসিপর্বজ্বের মধ্যে এইথানে প্রথমে ইংরাজ রাজপুরুষদিগের আবাস ছিল। কিন্তু ১৮৬১ খৃষ্টাব্দে জেলার প্রধান প্রধান কার্যালয় শিল্যে উঠিয়া বাওয়ার এই স্থান পরিভ্যক্ত হর। এই গ্রামের দক্ষিণে একটা স্থান আছে, সেখানে চেরা রাজ্যের ক্ষবিপতি ক্ষবিভাৱ ভ্রাবশেষ ক্ষব্যে পরিশূর্ণ ইইরা রহিয়ছে। একটা ভাক বালালা, ভাক্যর প্রথম পরিশূর্ণ ইইরা রহিয়ছে।

খৃঠকর্মপ্রচারকরণ থাসি আতির মধ্যে খৃঠকর্মপ্রচারার্থ এখানে সদা সর্কান আসিরা থাকেন। লক্তাতি তাল্পগণও চেটা করিভেছেন। শোহ্রারিন্ চেরার্যক্রের প্রচীন রাজ-ধানী ছিল, উহা চেরাপ্রিল হইডে ৭ মাইল উন্তরে। সে খানে একটা পাছ নিবাদ (ব্রাই) আছে। আদান আহট ঘাইবার রাজার উপরে অবস্থিত। এখানে একটা সাথাহিক হাট বনিরা থাকে।

চেরাপ্রিভে করলা পাগুরা যার। দেখার রাজার নিকট হততে বৃটিশ গ্রব্দেক করবার জমি পত্তন লইরাছেন। পূর্বে এই জমি হততে করলা বাহির হইছে। কিন্তু ১৮৫৯ খুঠাক হততে পড়িরা রহিরাছে।

এখানে বছ পরিমাণে আপুর চাব হইরা থাকে। চেরা-প্রশির বিশেষত এই তেএখানে বে পরিমানে বৃষ্টিপাত হইরা থাকে পৃথিবীর কোন ভানে সেরপ হর না।

চেরু ( অ ) চি-বাছলকাৎ রু । চরলগীল, চরন করা বাহার সভাব। "স্বং ছেহিচেরবে বিদাভগং বস্থারে।" ( অক্ ৮।৬১) ৭)
চেরু, ভারভের প্রাচীন ক্লাতি। হুর নাত শত বংসর পূর্বেইরার একটা প্রবল পরিশ্রমী ও উদ্যুষশীল স্বাধীন জ্লাতি বিলার গণ্য ছিল। প্রবাদ এই বে, ইহারা নাগজাতির অস্তর্গত। এই বংশীর লোক এবং ইহাদের প্রাচীন কীর্ত্তি সকলের চিহু এখনও ভারভবর্বে সনেক স্থানে দেখা বার। কথিত আছে বে সাসেরাম, রামগড় এবং বৃদ্ধগরার সনেক অট্টালিকা তাহারাই নির্ম্বাণ করিয়াছিল। সে সকলের ভ্রমাব্রুশ্ব এখনও আছে। শাহাবাদ জ্লোর বে সকল প্রাচীন কীর্ত্তিস্ত আছে, তাহার অধিকাংশই চেরুজাতি কর্ত্তক স্থাপিত। শেরিং সাহেব বলেন বে, আসাম পাহাদ্দের নাগাজাতি, নাগপ্রের আদিম জাতি, নাগবংশীর রাজপুত এবং নাগা ক্রীরদের সহিত চেরু জাতির সংশ্রব আছে। ইহা কতদ্র প্রকৃত, তাহা হির

ইহাদের মধ্যে একটা প্রথা আছে বে প্রত্যেক এডিটা পরিবারের মধ্যে এক জনকে রাজারূপে বরণ করা হর এবং রাজপুতদের রীতি অমুসারে এই রাজার কণালে টীকা দেওয়া হইয়া থাকে। পূর্ব্বেইছারা গলা নদীর নিকটবর্ত্তী আনেক জনপদের উপর প্রভুত্ব করিত এবং সম্ভবতঃ ভারতবর্বের মধ্যে তাহারা বিশেষ ক্ষমভাশালী ছিল। অনেকেই বলেন যে, চেকরাজগণ শুলকংশীর এবং গোতমের সময়ে ইহারা রাজ্যর করিয়াছিলেন। চেক্রনের আধিপত্য সমরে এই জাতি অতিশব কলালী ছিল। উত্তরে বেহার হইতে গোরক্ষপুর পর্যান্ত এবং বন্দিনে মৃত্যাপুর কোলার অন্তর্পত্ত শোলনদীর তীর পর্যান্ত করমন্ত দেশ তাহাদের অধিকারে ছিল, গালিকারের প্রদিকের সকল স্থান চেক্ন জাতির অধীনে ছিল, লরবু নদীর তীরে কোপাচিতের অন্তর্গত পালাকোট লামক স্থানে ৬০ হইতে ৯০ বিলা ক্ষমী ব্যাপিরা প্রাচীন অটালিকার

थ्वः मार्गिष्टे हें है अबर अझांछ अवा अत्नक शिक्री आहि। वानिया भवन्नात अवर्गठ वारेना नामक जारन मुख्किन-निर्मिष्ठ वर्ष वेष वैदिश्त **उद्योवस्थि नवनश्चाठतः इत्र । यह** मकन जात्नत लात्कता वर्ण द्व, शका महीत छीद्व वीत्रश्रदत्त অন্তৰ্গত কোট নামক স্থান হইছে তিক্মদেৰ নামক একজন टिक् वर्गीय बाजा महत्त्वनावाम नामक अकृति প्रवर्गा भागन করিতেন। মহীপ চেক্ল নামক আর একজন রাজার স্থবাহা হদের উত্তর দিকে দেউরি গ্রামে একটা ছর্গ हिन। वसन आर्यागन अधारन आरम, उधन मनानगित्र मधा-বর্ত্তী সকল স্থান তাঁহার অধিকারভুক্ত ছিল। এই স্থানে একটা প্রবাদ আছে বে. এখানকার একটা জলাশর রাজা প্ররণের সময়ে চেক্স জাতি খনন করে। গাজিপুর জেলায় এই জাতির চিহুমাত্রও নাই, তবে শাহাবাদ জেলার নিকট বর্ত্তী বাহিয়া পরগণায় ইহাদের দেখা বায়। কিছুকাল পুর্বের এই ব্দেশা এবং বেহারের অক্তান্ত কেলা এই জাতির অধিকারত্বক ছিল। হল্দী নামক স্থানের হরবংশীর রাজপুতদের কতক-গুলি পারিবারিক ইতিহাসে লিখিত আছে বে বাহিয়া নামক স্থানে অবস্থিতির সময়ে ভাহারা চেরুদের সহিত বহু শতালী-व्याभी युद्ध कतिशाहिन धदः त्नात्व जाहात्रा जशी हहेशाहिन। শেরশাহের সমরে চেক্লভাতি তাহার ভীষণ শত্রুরূপে গণ্য ছিল।

মির্জ্ঞাপুর জেলার দক্ষিণে যে বিস্তীর্ণ জলল আছে, তাহা এক সমরে চেক্ এবং ধরবার প্রভৃতি কএকটা জাতির সম্পূর্ণ অধিকারে ছিল। পরে বহুকালব্যাপী সমরের পর চন্দেল রাজপুতগণ অধিকার করে। কানিংহাম্ সাহেব বলেন যে, শাহাবাদের দেও-মার্কণ্ড নামক স্থানে যে সকল প্রাচীন মন্দিরের ভগ্গাবলেষ আছে, তাহা চেক্লরাজ্ঞগণ কর্ত্বক সম্ভবতঃ ৬।৭ শত বংসর পুর্ব্বে নির্দ্ধিত হইয়াছিল।

কএক বংসর ধরিরা নোরা এবং কোরা নামক ছুইজন চেক্লজাতীয় দস্য শোণনদতীরস্থিত মঙ্গেসর পাহাড়ে ভীষণ ডাকাতি এবং নরহত্যা করিত। দস্যর্ত্তি করিরা তাহারা পাহাড়ের উপরে পলায়ন করিত এবং পাহীড়ীরা তাহাদিগকে আশ্রয় দিত। অবশেবে স্থানীয় মেজিট্রেটের চেইায় গ্রামবাসী-গণ তাহাদের ধরিয়া দেয়। বর্ত্তমান সময়ে চেক্ল জাতীয় লোক বেহার এবং ছোটনাগপুরে ক্লমিকার্য্য করিয়া জীবন বাপন করে। শাহাবাদ, কানী এবং মূলাপুরেও তাহাদিগকে দেখিতে পাওয়া হায়। পালামোর রাজা রাজপুত্রবংশীয় বলিয়া পরিচয় দিলেও অনেকে বলেন বে তিনি চেক্লজাতীয়। পালামৌ নামক স্থানে চেক্লদের অধিকারে কিছু কিছু জামি ক্ষে। ইহারা রাজপ্তবংশীর বিশিন্ন গোঁলস করিরা বাকে।
সক্ষেত্র রাজপুত গোল সবুলবন করিরাছে। ইহারা উপবীত
বারণ করে। তথাপি ইহারা প্রকৃত রাজপ্তদের সহিত
বৈবাহিক-হয়ে আবদ্ধ হইতে পারে লা।

পানামৌর চেক্পাণ বনিয়া থাকে বে, ভাষারা চৈন্ মুনি
হইতে উৎপন হইবাছে; ভিনি কুনাব্দে অবস্থিতি করিতেন।
তিনি একটা বালকজার পাশিপ্রহণ করেন, ভাষার গর্ডে
বে পুত্র জন্মগ্রহণ করে, নেই পুত্রই চেক্ জাতির আদিপুক্র।
আর একটা প্রবাদ এই বে কেক্ জাতি উক্ত মুনির আদন
হইতে প্রায়ভূতি হইরাছিল।

অক্সান্ত স্থানের অধিকার বহু পূর্ব্বে তিরোহিত হইলেও
চেল্লগণ পালামোরে অনেক দিন প্রাক্ত্ব করিরাছিলেন। রুটাশ
গবর্মেন্টের শাসনে আসিবার সমর পর্যান্ত ইহারা স্বাধীন ভাবে
ছিল। এমন কি, চেল্লরাজ স্থানীশ গবর্মেন্টের বিপক্ষতাচরণ
করিয়াছিলেন এবং স্বাধীনতা রক্ষা করিবার জন্ত প্ররাশ
পাইয়াছিলেন। কিন্তু তাঁহার এ চেটা সফল হর নাই।
১৮১৩ খুটান্দে রাজস্ব দিতে অক্সম হওরার বৃটাশ গবর্মেন্ট
রাজার বিষয় সকল ক্রের করিয়া লরেন। তথাপি রাজার
জ্ঞাতিবর্গের জমি তাহাদের অধিকারে থাকে এবং এখনও
তাহারা তাহা ভোগ করিতেছে।

স্থানীর চেরুগণ বলে ষে, তাহাদের পূর্বপ্রুষগণ রোহতাস্ হইতে আসিরা এই স্থান অধিকার করে। তথন
এথানে কএকটা জাতির বাস ছিল। ইহাদের মধ্যে ধরবার
জাতিই প্রসিদ্ধ। চেরুগণ ইহাদের সহিত সম্ভাব রক্ষা করিরা
ইহাদিগকে সরগুলা নামক স্থানের নিকটবর্ত্তী পার্বত্যদেশে
বাস করিতে দের।

বধন পালামোরে চেক্লরাক্স স্থাপিত হর, তথন চেক্ল্কাতি ১২০০০ ও ধরবার জাতি ১৮০০০ বর ছিল। উভর জাতিই বলে যে তাহারা রাজপুতবংশীর। এই জক্ত ইহারা পরস্পর পরস্পরের সহিত বৈবাহিক হতে আবদ্ধ হয়।

চেক্লাতি এক সমরে প্রবল ছিল বলিয়াই বিশুদ্ধ হিন্দুপরিবারের সহিত বিবাহস্ত্র স্থাপনে সমর্থ হয়। এই লছ ইহাদের অবরবে পরিবর্তন দেখা যায়। তথাপি কোন কোন লব্দণে
ইহাদিগকে ভিন্ন জাতীয় বলিয়া ছির করা বাইতে পারে।
ইহাদের বর্ণ বিভিন্ন, তবে সাধারণতঃ কটা। ইহাদের গালের
হাড় উচ্চ, চকু কুল্ল ও বক্রভাবে স্থাপিত। নাসিকা নত এবং
চগুড়া। সুথ বড় এবং ঠোঁট উন্নত।

চেক্কাভির ক্সাদের বিবাহের বরস স্থানভেদে ভির। কোন কোন স্থানে বাল্যবিবাহ প্রচলিত। কোথাও বা ক্সা বরস্থা হইলে ভাষার বিবাহ দের। ইহাদের বিবাহজনালী শ্লাধারণতঃ হিন্দুবিদের মত। তবে কোন কোন বিষয়ে পার্থকা দেবা বার

'ভানবার' নামে ইহাদের বিবাহপ্রণালীর একটা অর্হান चाटि । तर्मत्र मार्थात हेराता अकी हारमता क्षेत्रक करत । हेरात ভিতরে বিবাহ সমাধা হয়। এখানে একটা দুন্তিকানিশ্রিত পাত্র আছে। বর ও কল্পা ব্যুক্ত মুখ্রর পাত্রটার চারিদিকে ভ্ৰমণ করিছে বাঁকে. সেই সমরে বর মাথা হেঁট করিয়া क्ञात भारतत त्रकाञ्चित म्पर्न कतिता वरन त्व, त्म यावज्जीवन ভাহার প্রতি ব্যক্তিচার করিবে না। সিন্দুরদান শেষ হইলে পাত্রের জ্যেষ্ঠ ভাতা পাত্রের পদ ধুইরা বুগল হল্ডে যৌতু ক প্রদান করে। ইহার পর, বরের টোপর হইতে পাতর্মোডী শইরা কন্তার মাথার স্থাপন করা হর। আর একটা অনুষ্ঠানের নাম 'আম্লো'। বিবাহ করিবার জন্ত কন্তার বাটীতে বাইবার পূর্বে বরের মা মুখে একটা আম পাতা দিয়া উচ্চৈ: স্বরে রোদন করে। এই সময়ে তাঁহার মাতৃল ঐ পাতাটীর উপর জল ঢালিতে থাকেন। আবার পাত্র কন্সার বাটীতে উপস্থিত হইলে. কস্তার মাতাও ঐক্লপ করিয়া থাকে এবং ক্সার মাতৃলও জল চালিয়া দেন।

চেক্লদের মধ্যে বছবিবাহ প্রধা প্রচলিত আছে। তবে ইহা বিরল। চেক্ললাতীয় সন্ধান্ত ও ধনী ব্যক্তিদের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত নাই। তবে নিম্নপ্রেণীর রমণীদের পুনরায় বিবাহ করিবার পক্ষে কোনরূপ বাধা নাই। এ প্রকার বিবাহে ইহাদিগকে কোন কোন নিরম রক্ষা করিতে হয়। পারিবারিক স্থবিধার জন্ত, ইহারা স্বামীর কনিষ্ঠ সহোদর কিছা অক্ত ভাতাকে বিবাহ করিতে পারে। কিছ যদি অপর কাহাকেও বিবাহ করে, তাহা হইলে প্রক্ষার বিবাহে যে সকল প্রতিজ্ঞার আবদ্ধ ছিল, সেই সকল প্রতিজ্ঞার ক্ষাক্ষা করিতে ৰাধ্য হয়। যে রমণী ব্যভিচার করে, তাহাকে জাতিচ্যুত করা হয় এবং সে কোন প্রকারেই বৈবাহিক ক্রে আবদ্ধ হইতে পারে না।

ইহাদের ধর্দ্ধপ্রণালী নানা আকার ধারণ করিরাছে। ইহারা হিন্দুদের দেবতা সকলকে পূজা করে, আবার কোন কোন আদিম অসভ্য জাতির দেবতার সমক্ষেও বলি দেয়। হিন্দু দেবতার পূজার সময়ে প্রাক্ষণেরা পৌরোহিত্য করে, আবার বস্তু জাতির দেবতার নিকট বলিদান কার্য্য সেই জাতীর বৈগা ছারাই সম্পন্ন করে। ধরিয়া এবং মুগু জাতির দেবগণের সমক্ষে ইহারা ছাগ, পাখী, মদ এবং মিইার উৎসর্গ করে। অগ্রহারণ মাসে দেবতার রূপার উত্তম শভাশাভ উদ্দেশ্যে পূজা দের দিবা থাকে এবং মহিদ ও অভাভ তান বংসর অভার বলি বিশ্বা থাকে এবং মহিদ ও অভাভ গ্রামা পশু উৎসর্গ করে।

চেরুগণ জাতীর গৌরব রক্ষা করিতে বন্ধপরিকর।
তাহারা তাহাদের পূর্বপ্রক্ষের কীর্ত্তি সকল স্মরণ করিয়া
আপনাদিগকে বস্তু মনে করে। ইহাদের মধ্যে কতকগুলি
ক্ষমিদার আছে। অনেকেই বাণিজ্য ও ক্ষবিকার্য্যে জীবন যাপন করিছে। বাহারা অতিশয় দীন, তাহারাই কেবল স্বহত্তে
লাক্ষল ধরে অথবা মন্ত্রের কার্য্য করে।

চৈক্রম পৌক্রমল, প্রাচীন চেররাজ্যের শেষ রাজা। চন্দ্রগিরি নদী হইতে ক্সাকুমারী অন্তরীপ পর্যন্ত এবং পশ্চিমেপাহাড় হইতে সমূদ্র পর্যন্ত চেররাজ্যের দীমা ছিল। কথিত
আছে ষে, চেক্রম পেরুমল আপনার সিংহাসন পরিত্যাগ
করিয়া নিজ রাজ্য তাঁহার অধীনস্থ ব্যক্তিগণকে বিভাগ
করিয়া দিয়া মকার গমন করিয়াছিলেন এবং তথার গিয়া
তিনি মুদলমান ধর্ম অবলম্বন করেঁন।

আরব সাগরের ধারে সাকহাই নামক স্থানে তাঁহার কবর আছে, তাহাতে থোদিত আছে যে, তিনি ২১২ হিজিরার (৮২৭ খৃঃ অব্দে) তথার গমন করেন এবং ২১৬ হিজিরার (৮৩১ খুঃ অব্দে) মানবলীলা সম্বরণ করেন।

চেক্সম পেক্সমল যে কএক জনকে তাঁহার রাজত্ব বিভাগ করিরাছিলেন, তাহারা বহুকাল ধরিয়া নিজ নিজ অধীনহ স্থান সকল শাসন করেন। কিন্তু তাঁহারা অভ্যাভ রাজার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইরা ক্রমেই হীনবল হইয়া পড়েন। কেবলমাত্র ত্রিবাছুরের রাজা এখনও ইংরাজরাজের অন্ত্রাহে প্রভাগশালী আছে।

চেরৈটি (চিরতিক শব্জ) [চিরতিক দেখ।]

চেপুলচরি, মান্ত্রাজ প্রেসিডেন্সির মলবার জেলার প্রান্ত্রী হৈসনের ১০ মাইল দ্রবর্ত্তী একটী প্রাম। জক্ষা ১০ ৫০ উ:, ক্রাঘি ৭৬ ২২ ২০ পূ:। ১৭৯২ খৃ: জন্দ হইতে ১৮০০ পর্যান্ত এখানে বোদারের "সাদারণ স্থানিটেত্তেওট" সাহেবের আফিস ছিল। ১৮৬০ খৃ: জন্দে, এখানে নেছ্নগণাড় তালুকের সদর হর। এখানে ডাক্ষর, বালালা, বিচারালয় প্রভৃতি আছে। ১৭৬৬ খুটান্দে ইহা মহিস্তরের অন্তর্ভুক্ত হর। এই স্থানেই সামরীরাজের পরিবারবর্গ ১৭৯০ খৃ: জন্দে বড়ই হুর্দ্দা প্রাপ্ত হর।

(চল ( ङ्री ) চিল্যতে আচ্ছান্ততে পরিধীরতে চিল-কর্মণি ঘঞ্। > বন্ধ, কাপড়।

"চেল কর্মামিবাণাঞ্জ জিরাজং স্থাদভোজনম্।" (মন্থ ১৯।১১৬)

(क्रि) र अध्या (जमन अशर्क) - "লা ক্লাভিচেলং ভূবি কলচিন্তুঃ।" (ভট্ট) बीनित्न डीश् रत्र। "बामनि किना" (निः क्ले) (हलक ( शः ) अक्कन वृति । "চেলক উহ সাহ শা**ডিল্যারনঃ।"** (শভপথত্রা >•ারারাজ) চেলগঙ্গা ( ব্রী ) চেলদিব গঙ্গা। গোকর্বের নিক্টবর্তী একটা নদী। ভারতে ইহার উল্লেখ আছে। "গোকণভোপরিহাত লংকিজঃ ন মহাত্রঃ। পপাত চেলগলারা: পুলিনে সহ কল্পরা ॥" (হরিবংশ ১৪৯ জঃ) CE ला ( रानक ) > मधामीशलत भिका, याहाता मनामी क्रांकि পালন করিতে বছবান্। ২ কাছখাল, স্থান বিশেবে চলা কলিয়া থাকে। ৩ একজাতীয় কুলাকার মাছ। ८ हला न ( शः ) फन-वाइनकार जानह। नजित्निय, फनना ও স্থানবিশেষে তরমুজ বলে। পর্যায়—অরপ্রমাণক, চিত্র-ফল, সুথাশ, রাজতিনিশ, লতাপনস, নাটাত্র, মেট। ইহার গুণ গুরু, বিষ্টস্ত, কফ ও শায়ুবর্জক। (রাজনি ) [ अभाग विवत्र भीर्वत्र भरम खंडेवा । ] চেলাপিপল ( দেশৰ) একৰাতীয় বৃক্ষ। চেলাল ( পুং ) চেলমিবালতি অল-অচ্। লতাপনস। (ত্রিকাও) চেলাশক (পুং) চেলং তত্ত স্থিত বৃকামশ্লাতি চেল-অল-ধূল। প্রেভবিশেষ। [চৈলাশক দেখ।] চেলি (দেশজ ) পট্টবন্ধ বিশেষ, রেসমী কাপড়। (চলিকা (জী) চেন-কন্ টাপ্ অতইছং। পট্টবন্ধ, চেলির কাপড়। "সেয়ং ক্লফ্রন্থ বনিতা পীতশাটীপরিচ্ছদা। রক্তচেলিকয়াজ্লা শাতকুভখনত্তনী ॥" ( প্রপু: পাছাল্ধ: ) **(हिलिहिम, (हिलिहीम ( ११) अक्काडीम क्लब्ब्छ ।** Cচ लिञी ( पम्म ) ठाउँम (शंत्राक्नम, श्वानिवित्स क्रम्मी वरम। চেলী (ত্রী) চেল-ঙীপ্। পটবন্তা, চেলির কাপড়। Cक्रल्या (प्रमण) क्य मश्चिवित्मव। চেলুক (পু: ) চেল-উক। বৌদ্ধ ভিকুক বিশেষ। ( ত্রিকাও ) পর্য্যায়—শ্রামণের, প্রব্রজিভ, মহাপাসক, গোমী। (हस्ति हिंदा (तम्ब ) अक्त्रक्म क्ष त्क । (ह्यो (क्वी) क्रांशिनीनित्वय। (स्नाय्ध) (हरी क (बि) क्रडेरक क्रडे-बृन्। > त्व क्रडे। करव, क्रडेरक्स । (পুং) ২ রক্তিবন্ধবিদেব। "পাদমেকং হাদিছান্ত ইতরেনৈব চেইয়েৎ। ্ৰান্তজোড়ে স্থিতানারী বংৰাহয়ং চেইকোমভ:॥ (ছবনীশিকা)

**(हरीन (क्री)** हिंड-मूग्रे। हिंडी।

"थःमब्रिट्यम्टस्य ६थम् ८०हेनन्यम्दिन **३ जिल्ल**।" (सञ्च ३३।७२०) ।

(कार्के क्रिक ( बि ) दारे-निर्-कृत् । विनि ताही क्यांग। क्को (बी) क्रके-वर्कात्। > क्रिक्साशांत वित्वत्, নৈরারিক মতে আত্মার বন্ধ বা কৃতি লভ জিবানার্য কারিক काशांद्यक्र नाम दहरी। . "আত্মক্তা কৰেনিক্তা ইফাজতা ভূতিৰ্ভবেং। কৃতিমভা কবেকেটা চেটামভা কিবা কৰে।" (নৈয়া প্রাসি) ২ ব্যাপার। ৩ কর্ম, কার্য্য, গতি। **(एकोनाम (प्र) , क्षेत्रा विषक्रमानामात्रक मार्मा क्या** वस्ती। धानम। (त्रामनिः) চেক্তাবল (মী) জ্যোতিঃশাল্পপ্রসিদ্ধ গ্রহগণের বলবিশেব, गणि जन्नात्त क्षर्भन बनवान् इरेबा शास्त्र, धरेक्कन वनस्करे **ब्याजिः मार्ज 'राहीवन' नारम खेलाय कता हत। तृह-**জ্ঞাতকের মতে উত্তরায়ণে রবি, চক্ত এবং বক্তগামীয়লন, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি চেষ্টাবলযুক্ত হইরা থাকে। ইহা ছাড়া চত্ত্রের সহিত সংযুক্ত গ্রহকেও চেষ্টাবলযুক্ত বলা হয়। বুদা-निममदत्र चत्रयूक अव्भारभद्र । एक्टीयम ब्हेगा थाएक (১)। (इस) वर ( वि ) कही विष्ठां एक कही मकूश्-मक वः। कही-युक्त, वांशांत्र ८० हो। जारह। "(ठष्टेशवमञ्जावयविभाजवृद्धिः"। ( मूक्कावनी ) চেফ্রার্ছ (জি) চেটাবর্ছতি অর্থ-অণ্। বাহার চেটা করা উচিত। कि छि ( वि ) कि क्रिक का > कि बेक्क, क कि करते। (द्वी) চেষ্ট ভাবে জ। ২ গভি। ৩ চেষ্টা, কারিক ব্যাণার। "স্বলুকেৰ সদানারী ক্লধিরং পিবজীতিব। মূর্থত ল বিজানাতি ষহিতো ভাবচেটিভৈ:।"

(स्वीकांग॰ ३।১६।১৮)

চেস্ (চেটা শক্ষ ) চেটা।

চৈ, উত্তরপশ্চিম প্রদেশের বাজীকর। ভোজবাজীতে ইহারা
স্চভূর। আবোধ্যা, গোরক্ষপুর এবং অক্সান্ত স্থানে ইহারা
বাস করে। কিন্ত ইহাদিগকে কোন স্থানেই স্থির থাকিতে
কোথা বার না। যেখানে মেলা বনে বা কোন প্রাকার উৎসব
হর ইহারা সেইখানে গমন করে এবং ভাহাদের কিপ্র-হন্তভা
কোথাইরা দর্শক্ষাণকে বিযোহিত করে।

চৈ (চব্য শক্ষম) চবিকা, কটুরসমুক্ত ক্রব্যবিশেষ। চিবিকা দেখ। ]
চৈকিত ( পুং ) গোতপ্রবর্ত্তক একজন ক্ষমি। এই শক্ষমী গর্গাদি
গণান্তর্গত, গোত্রাপত্যার্থে ইহার উত্তর বঞ্চ্ হর। (গা ভাচা>০৮)
চৈকিত্যক্ত চৈকিত্তক ক্ষমে পোত্রাপত্যক্ত হাত্রঃ চৈকি-

<sup>( &</sup>gt; ) "উল্পন্ন মধিনীভ্ৰন্থ বিজ্ঞান্ত নামিনাল । বিপুল্পনামুধি লোভগ্ৰংছাডেইভেবীগ্ৰ্ভা: পঞ্জিলাঃ !" ( মুহ্লাডেড )

ভ্যক্ৰাদি অণ্ ( ক্ৰাদিভ্যো গোৱে। পা ৪।২।১১১ ) চৈকি-ভ্যের ছাবা।

চৈকিত্য (প্রেরী) চেকিতক গোত্রাপতাং চেকিত-বঞ্ (পর্না-দিন্দ্যো বঞ্ । পা ৪।১।১০৫) চেকিত মুনির গোত্রাপত্য । চৈকিতান (প্ং) চিকিতানক গোত্রাপতাং চিকিতান-জণ্ । উপনিবং প্রাসিদ্ধ একজন প্রের । [ চৈকিতানের দেখ । ] চৈকিতানেয় (পৃং) উপনিবংপ্রাসিদ্ধ একজন জ্ঞানী প্রের । "তদ্দাপি ব্রহ্মদত্ত শৈচকিতানেয়ো রাজানং ভক্ষন্ উবাচ ।" (বৃহদারং উপং ১।৩।২৪) কেহ কেহ ইহার জপর নাম চৈকিতান বিলিয়া স্বীকার করেন ।

চৈকিতায়ন ( খং ) চিকিতায়নস্থাপত্যং চিকিতায়ন-অণ্।
চিকিতায়ন ঋষির পুত্র। ছান্দোগ্যোপনিষদে ইহার উল্লেখ
আছে। (ছান্দো উপ ১৮৮১) 'চিকিতায়নস্থাপত্যং
চৈকিতায়নঃ' (ভাষা।)

চৈকিৎসিত ( ত্রি ) চৈকিৎসিতান্ত চ্ছাত্র: চৈকিৎসিত্য-অণ্ (কথাদিন্ত্যো গোত্রে। পা ৪।২।১১১) চৈকিৎসিত্য মুনির ছাত্র। চৈকিৎসিত্য (পুং ত্রী) চিকিৎসিত্ত ঋষের্গোত্রাপত্যং চিকিৎ-সিত-মঞ্ ( গর্গাদিন্দ্যো মঞ্। পা ৪।১।১০৫) চিকিৎসিত ঋষির গোত্রাপত্য, তম্বংশোৎপন্ন।

চৈকীৰ্যত (ত্রি) চিকীর্বন্নের চিকীর্বং-অণ্ (প্রজ্ঞাদিত্য চা পা ৫।৪।০৮) যাহার চিকীর্বা আছে, যিনি করিতে ইচ্ছা করেন। স্ত্রীলিকে ত্তীপ্ হয়।

চৈটয়ত (তি) চেটইব যততে যত অচ্ অত: স্বার্থে অণ্। ভৃত্যের স্থায় বত্নশীল, যে ব্যক্তি ভৃত্য না হইয়াও ভৃত্যের স্থায় ব্যবহার করে। (পা ৪।১।৮০)

চৈটয়তায়নি (পুং স্ত্রী) চৈটয়তস্থাপত্যং চৈটয়তং ফিঞ্ (তিকা-দিল্য: ফিঞ্। পা ৪।১।১৫৪) চৈটয়তের অপত্য স্ত্রীলিঙ্গে শুঙ্ প্রত্যর হইয়া "চৈটয়ত্যা" হইরা থাকে। (পা ৪।১।৮০) কোন কোন গণপাঠে 'চৈটয়ত' স্থলে 'চৌটয়ত' পাঠ আছে।

চৈতন্য (ক্লী) চেতন এব চেতন স্বার্থে যুঞ্। ১ চিংস্বরূপ,
আয়া। সাঞ্যমতে চৈতন্ত আত্মার ধর্ম বলিরা স্বীকার করা
হয় না। তাঁহাদের মতে আত্মা চৈতন্ত স্বরূপ দ্রব্য পদার্থবিশেষ। ইহা অপরিণামী অথচ ব্যাপক। পৃথিবী, জল
প্রভৃতি দ্রব্যের ন্তার ইহাতে রূপ, রূপ প্রভৃতি বিশেষ গুণ
নাই, কিন্তু সংযোগ, বিভাগ ও পরিমাণ প্রভৃতি গুণ আছে
বলিরা দার্শনিকগণ ইহাকে দ্রব্য বলিয়া স্বীকার করেন। এই
মতে জ্ঞান ও চৈতন্ত এক নহে। জ্ঞান বৃদ্ধি বা মহতব্যের
ধর্ম ; আমরা সাধারণ দৃষ্টিতে জ্ঞানকেই চৈতন্ত বলিয়া
থাকি। ("নিশ্বণভার চিক্ষা"। সাংখ্য স্থং।) ২ পর্মান্যা।

বৈদান্তিকগণ পরমাত্মাকে চিৎ বা চৈতঞ্জন্মপ ত্রীকার করেন। ত্রীবাত্মাও পরমাত্মা দেখ। ুত আত্মধর্ম, জ্ঞান। নৈরারিক মতে জ্ঞান ও চৈতঞ্জ একই পদার্থ; ইহা আত্মার ধর্ম, তথ্যতীত কোন পদার্থে ইহার অভিত্ব নাই।

"শরীরস্ত ন চৈতন্তং মৃতেরু ব্যক্তিচারত:।" (ভাষাপরিণ)
৪ চেতনা। ৫ প্রকৃতি। (মেদিনী)। ৬ প্রসিদ্ধ বৈষ্ণব ধর্মপ্রচারক। [চৈতন্তনক দেখ।]

চৈত শ্যচন্দ্র ( গং) ক্পরিদিদ্ধ ধর্মপ্রচারক, চৈতন্ত-সম্প্রদায়-প্রব-র্দ্ধক, ইহার পূর্ণ নাম জীজীক্ষটেতভাচন্দ্র, তাহার একদেশ "চৈতভা" লইয়াই ইহাকে চৈতন্ত নামে অভিহিত করা হয়।

সময়ে সময়ে ধর্মের অবনতি হইলে কোন না কোন মহাস্থা অবতীর্ণ হইয়া সত্পদেশ ও নানা প্রকার উপায়ে ধর্মের সংস্থাপন করেন। এই চৈতন্তদেবও একজন সেইরূপ অবিতীয় ধর্মপ্রচারক, ইহার স্মধুর ধর্মবিষয়িণী বক্তা শ্রবণ করিয়া নিভাস্ত মৃঢ়প্রকৃতি পাষ্ণতম ব্যক্তির হৃদর্ভ ধর্মভাবে গলিয়া যাইত, কেহই আর ইহার মতের পক্ষপাতী না হইয়া থাকিতে পারিত না। যখন বৌদ্ধগণের প্রবল প্রতাপে ভারতে বিশুদ্ধ হিন্দুধর্ম নির্বাণ হইয়া আসিতেছিল, व्यत्नक्टे हिन्दं पर्य पतिजां कतिया तोक हरेशाहितन। তাহার অনতিকাল পরেই বন্দদেশে তাল্লিকমতের স্ত্রপাত হয়। তান্ত্রিক ধর্মাবলম্বীগণ দিন দিন তান্ত্রের প্রকৃত উদ্দেশ্য ভূলিয়া যাইয়া পশুহিংসা ও সুরাপান প্রভৃতি কুকার্য্যে त्रुष्ठ इन। ইहारम्त्र मनत्रुक्ति ७ श्रीयन भन्नोकां उपन-রাজগণের অত্যাচারে ভারতের ধর্মভাব ভরক্কর হইয়া উঠিল। ধর্মপ্রাণ সাধু ব্যক্তিগণের অসহা, ছাদয়-বিদা-রক ভীষণ মনস্তাপ হইতে লাগিল। তাঁহারা নীরস ভক্তি-হীন ক্রিয়াকাণ্ড পরিত্যাগ করিয়া ঈশবের প্রেম, ভক্তি ও জীবে দয়া করাই প্রধান সাধন স্থির করিয়া বৈষ্ণুবধর্মের পক্ষপাতী হইতে লাগিলেন। বিশ্বাপতি, চণ্ডীদাস প্রভৃতি মহাত্মগণ ঐ মত অবলম্বন করিয়াছিলেন। ইহার পরে ত্রীহট্টে চক্রশেধর প্রভৃতি, চট্টগ্রামে পুগুরিক বিছানিধি, রাঢ়দেশে নিত্যানন্দ, বুড়নে হরিদাস ও শাস্তিপুরে অবৈতাচার্য্য প্রভৃতি বৈষ্ণবগণ জন্মগ্রহণ করেন। কিন্তু তাঁহাদের সাহায্যে दिक्षवधर्मा विरमय छेन्नछि नाङ कत्रिएछ शांतिन ना, रक्वन স্ত্ৰপাত হইয়া থাকিল। তাঁহারা পাৰ্ভীদের ভীষণ অত্যা-চারে নিতাস্ত উৎপীড়িত হইয়া বৈষ্ণবর্ধর্ম প্রচারের জন্ম ঈশরকে মনপ্রাণে ডাকিতে লাগিলেন। তাহার অনতিকাল পরেই চৈত্যচক্ত অবতীৰ্ণ হইয়া ভারতের একপ্রাস্ত হইতে অপর প্রাস্ত প্রান্ত সকল জাতির মধ্যে সমানভাবে বিশুদ্ধ বৈক্ষবধর্ম প্রচার া করিয়া চির্ভিনের জন্ত ভারতবানীর আণক্ষ ও সর্বীর হইয়া-ছেন। ক্রুনাপ্রিয় ভারতে জীবনচরিত অতি চুর্নত বস্তু, কিঙ रेवक्रवनक्षामारत रमरे ज्ञान नारे. रेक्क्रव कविशन देवक्रकरक्षत প্রায় সমস্ত জীবনীই লিপিবছ করিয়া গিরাছেন। टेक्डरखर कीवनव्छां अ महास त्य मकन श्रंप शास्त्र वात्र. काहांत्र माधा বুন্দাবনদাসকত সংস্কৃত চৈতন্তমন্ত্ৰৰ ও ভাষা চৈতন্তভাগৰত, ক্লফদাস কবিরাজক্বত চৈতঞ্চরিভামুভ, চুড়ামণিদানের চৈতঞ্চ-চরিত, ক্রিকর্ণপুরক্ত সংস্কৃত চৈত্রচল্রোদর, প্রেমদাসক্ত তাহার পদ্যামুবাদ, প্রবোধানন্দ সর্বতীকৃত চৈতন্তচক্রামৃত, अशासिक्षक अक्रकारे का स्वापनी, का को वन कुछ मनः-সম্বোষিণী, লোচনদানের চৈত্ত্যমঙ্গল, ভক্তিরত্বাকর, গৌরাঙ্গ-স্থুরকল্পত্রু, রূপগোস্বামী,জীবগোস্বামী ও গোবিন্দ প্রভৃতি রচিত প্রাচীন কড়চা গ্রন্থই প্রধান। ইহা ছাড়া কুলপঞ্জিকা প্রভৃতি প্রান্থেও ইহার বিষয়ে অনেক লিখিত আছে। বৈষ্ণব কবিগণ চৈতন্তচক্রকে সাক্ষাৎ ঈশ্বর বা ঈশ্বরের পূর্ণাবতার বলিয়া মনে করিতেন এবং ভাঁহার প্রতি ভাঁহাদের অনৌকিক বিশাস ও একান্তিক-ভক্তি ছিল, তাঁহার সমন্ত চরিত্রই অলোকিক বলিয়া ইহাদের মনে ধারণা ছিল, তাই তাঁহারা কলনাবলে তিলকে তাল করিতেও কৃষ্টিত হইতেন না, এই সকল কারণেই চৈতন্ত-চন্দ্রের জীবন ব্রন্তান্ত অভিরঞ্জিত হইয়া দাড়াইয়াছে। অনেক ন্থলে এমন ভাবের অনেক গন্ন চৈতগ্রন্থীবনচরিতে সংযোজিত আছে, তাহা কিছুতেই বিশাস্যোগ্য বা সভ্য বলিয়া বোধ হয় না। যদিও চৈত্মচন্দ্রের অন্তর্জানকাল এখনও চারিলত বংসর অতিক্রম করিতে পারে নাই, তাঁহার শিয়া প্রশিষাগণও उाहात कीवनी निथिएं क्वी करतन नाहे. उथानि त्रहे সকল অতিরঞ্জিত বর্ণনা হইতে প্রক্লুতভাব গ্রহণ করা বড়ই স্থকঠিন। যাহা হউক তাঁহার জীবনচরিতের অতিরঞ্জিত অংশ পরিত্যাগ করিয়া দেখিতে গেলে সকলকেই বলিতে হইবে যে, কলিযুগে যে সকল ধর্মপ্রচারক বা আদর্শ পুরুষ আবিভূত হইয়াছেন, মহাত্মা চৈত্ৰভদ্ৰ তাহাদের শীর্ষসানীর, ছাপরের শেষ আদর্শ পুরুষ বা অবতার ক্লঞ্চন্দ্রের পর আর এতাদৃশ পুরুষ ভারতে বা পৃথিবীর কোন স্থানে উদিত হন নাই।

মহাত্মা চৈতস্কচন্দ্র উদিত হইলে সাধু বৈক্ষবমণ্ডলীর আর আনন্দের পরিসীমা রহিল না। তাঁহাদের ঐকাস্তিক-ভক্তি ও বিখাস চৈতভাচন্দ্রকে তাহাদের নিকটে শ্বরং পরমেশ্বর বা ঈশ্বরের পূর্ণাবতার বলিরা আদিই করিল এবং তাঁহারাও তদম্পারে কার্য্য করিতে লাগিলেন। পরিশেষে চৈতভ্যের ঈশ্বরত্বাপনের জন্ম বৈক্ষবেরা চূড়াস্ত দৃষ্টাস্ত দেখাইরাছেন। অপর দিকে তল্পমতাবল্দী বা শাক্তগণ তাঁহার অসা-

"ধর্ম্মগন্থাপনার্থায় বিহ্রিস্থামি তৈর্হম্।
কালে নইং ভক্তিপথং ছাপরিস্থাম্যহং পুনং॥
কৃষ্ণকৈডভাগোরাকো গোরচন্ত্রঃ শচীক্তঃ।
প্রভূগোরহরি গোরোনামানি ভক্তিদানিমে।" (অনস্ক্রসংহিতা)

ধর্মনংস্থাপনের অভ আমি ঈশর তাহাদের সহিত (ধরাতলে) বিচরণ করিব। আমি কালবলে বিনাশপ্রাপ্ত ভক্তিপথ পুনর্কার স্থাপন করিব। ক্লফটেতভা, গৌরাল, গৌরচন্ত্র, শচীস্তভ, প্রভু, গৌরহরি ও গৌর আমার এই কয়টী নাম অতিশব্ধ ভক্তিপ্রদ।

ইহা ছাড়া মহাভারতের একটা শ্লোকও তাঁহারা উদ্ভ করিরা থাকেন—

শ্বৰণবৰ্ণো হেমাকো বরাক্সনাক্ষী। সন্ম্যাসকজ্ম: শাস্তো নিঠাশান্তিপরারণ:॥"

বিষ্ণুসহস্রনামের মধ্যে তাহাকে স্থবর্ণবর্ণ বাংগারাক, চন্দন-তিলকধারী, সংস্থাসকারী ও নিষ্ঠাশান্তিপরারণ বলিরা উক্ত প্লোক বারা বর্ণনা করা হইরাছে (১)। বিষ্ণু আর কোন

<sup>(</sup>১) চরিতামূতকাদ কৃষ্ণাস এইটাকে ভারতের হানবর্দের ২০১ অখ্যানের ৯০ লোক বলিরা উল্লেখ করিয়াছেন। [কৈন্তভচরিভাযুত আদি ৬ পরিছেন্ত্বের বাব বিজ্ঞানত এই রক্ষ একটা লোক নাই। অনুপাসন পর্বাধানের ১০৯ অধ্যানের হানধর্শের ১২ লোক্সের এখন আর্থেক ও ৭০ লোক্সের বিক্টারার্ছ সাইরা উল্লাখনিটিত ক্ইলারে। সেই ছইটা লোক ব্যা—

<sup>্</sup>ত্ৰপ্ৰশে হেৰাজো বরাজ্জজনালগী। বীষ্ঠা বিষকঃ শ্ৰো পুতালীক ফলজ্জঃ। ০ ৯৯ "বিসামা সামগং নাম নিৰ্হাণং চেৰকং ভিষক্। সন্মাসকৃষ্ঠ্যং শাভো নিউলি(ভিগ্নারণঃ ॥" ৭৫

অবভারেই উক্ত লক্ষণ যা চিহানি মারণ করেন নাই। ক্ষ্তুএৰ নহাভারভের ঐ লোকাল্লাহর তৈততকেই বিশ্ব অনুতার বলিরা কীকার করিতে হইবে। বিক্ নির্রের পূর্ণাবভার, নেই বিশ্বই কাল চৈতত মূর্তি বারণ করিবেন, তথন আর ভাহার পূর্ণাব কোবা বার ক। তাঁহারা আরও বলেন বে ক্লক্ষেত্রে যুবের প্রারভে ভগবান্ ক্ষণ প্রির্স্থা অর্জ্ননে বলিরাহিবেন বে—

"পরিত্রাণার সাধুনাং বিনাশার চ জ্বকতাম। ধর্মসংস্থাপনার্ধার সজবামি যুগে যুগে ॥" সাধুগণের পরিত্রাণ, জ্বাত্মগণের বিনাশ ও ধর্মের সংস্থাপন করিবার জক্ত বুগে যুগে অবতীর্ণ হইব। সভত্রব কলিযুগে জ্বকের অবতার না হইবে কেন ?

শাক্তগণ চৈতক্তের ঈশর্য নিরাক্রণের অন্ত তন্ত্ররাক্রের কতক্তি বচন বশিরা থাকেন। তাহার মর্ম এই যে—ত্রিপ্রাহ্রর মহাদেব কর্তৃক নিহত হইরা শিবধর্ম বিনাশ করিবার অন্ত তিন পুরের হানে গৌরাঙ্গ, নিত্যানন্দ ও অবৈত এই তিনরূপে অবতীর্ণ হন। পরে নারীতাবে ভজনার উপদেশ দিরা ব্যভিচারী, ব্যভিচারিণী ও বর্ণসক্ষর হারা পৃথিবী পরিপূর্ণ করিরা কেলিল। মহাদেবের ক্রোধ আবার উন্দীপ্ত হইল।

\* বিব্দার প্রভৃতি জনেক বৈক্ষতত্ত্বেও চৈতজ্ঞের ঈশবের প্রস্থ জাছে। ঈশানসংহিতার লিখিত আছে—

"পাৰ্কভী উৰাচ।

ভগবন্ সর্বধর্মক ভথবজেন তে পুরা।
কবিতা গৌরচক্রোয়ক্তর সে সংশরো সহান্ ।
কুক্তক্রো গৌরচক্রো মানবেতি প্রতং সমা।
চতুর্বপ্রকো দেবক্রাসৌ পরিকীর্তিত: ।
বদীখরো হি গৌরাজ্কত্র্বপ্রসারক: ।
তদা কবং স কুক্বান্ সরানোদিকধারক; ।

महत्त्रम छनात ।

শৃশু চাৰ্কলি হজনে ৰংশ্যুইং গোপিতং ৰচ:।

এক এব হি গৌরালং কলৌ পূৰ্বকলপ্তন:।
বো বৈ কৃষ্ণ: স পৌরালতরো র্ডেলো ব বিদ্যুতে।

পিলার্থং সাধকালাক বল: সাধকলপত্তন ।

পিলার্থক: পটাপুত্র: পূর্বকল ন সংশর: ।

ত্রজলাবলীর চৈডজকল নামক বৈক্ষব্রহেও লিখিত আছে—

"গোলুলে বলরামন্ত: বঃ প্রাপ্ত: পূর্ব পার্ক্তি।

বিভাগুনক: সোহভবন্ধি লোকানাং বিভক্তমারা।

লচী তে দেবকী দেবী বহুদেবং পুরুক্তর:।

ভরোধে প্রীজ্যের ভগবান্ হৈডজক্ত করং গতঃ।

কলৌ কর্ম সমাসাল্য হৈডজক্ত বং গতঃ ।

ভরোধ নিছতি বাভি কর্মকাটিশহৈরখি।

(ইচ্ছেক্তম্ব ২ প্রঃ)

ত্তিপ্রের নকী অন্ত্রপণ ক্র্ডের বেশা ধারণ করিব। ত্তিপ্রের তিন অবক্তারকে ভজনা করিছে নাজিব। ইহাদা ত্রিপ্রের প্রথম ক্ষাণকে নাজার বিষ্ণু, বিজীর ক্ষাণকে ব্যক্তার ও ভূতীর ক্ষাণকে মহারের রণির। প্রচার করিতে নাগিব (২)।

ইছার কোনটাকেই বা প্রকৃত বলিরা স্থীকার ক্রিডে পারা বার ? বৈক্ষবেরা যে সকল গ্রন্থ ছইতে চৈড্ডের ঈশরন্থ বা ঈশরের পূর্ণবিতারত ত্বাপন করিবার জক্ত প্রমাণ উদ্ধৃত ' করেন, তাহার অধিকাংশেরই প্রাচীন্ত্ব বিষয়ে ঘোর সন্দেহ। পাক্তগণের উল্লেখিত ত্রুরত্বাকরের বচনগুলিকেও প্রাচীন বলিয়া গ্রহণ করা যার না। এই পর্যান্ত বলা হাইতে পারে যে, চৈতন্তের প্রকৃত জীবনর্ত্বান্ত দেখিলে তাঁহাকে অবতার বলিতে কোন বাঘা নাই। প্রাচীন হিন্দুপাত্রে অবতারের লক্ষণ যেরূপ বর্ণিত আছে, তাহার অনেক সাদৃশ্য চৈতন্তচক্রে দেখিতে পাই। ইনিও একটী ধর্ম সংস্থাপন করিয়া জগতের অনেক পাপীদিগকে ত্রাণ করিয়াছেন।

নবদীপের স্থবিধ্যাত রাজা ক্লফচন্দ্রের সময়ে চৈতত্তের ঈশ্বদ কইনা বিবাদ উপস্থিত হর। পরিশেষে ইহার মীমাংসার জন্ম ক্লফচন্দ্রের সভায় কর্নাপি প্রস্তুত হইল। তাহাত্তে এইরূপ উত্তর পাওয়া যান্ধ—

"হৈতক্তো ভগবদভক্তো নচ পূর্ণোন চাংশক:।"

অর্থাৎ চৈত্র ভগবানের ভক্ত, তিনি পূর্ণ বা অংশাবতার
নহে। শান্তিপুরনিবাসী অবৈত বংশোত্তব শান্তবিশারদ
অনৈক গোশামী ক্ষকচন্দ্রের সভার উপস্থিত হইরা উক্ত
কর্মানিপির অন্তপ্রকার ব্যাধ্যা ও চৈক্তরের ঈশ্বর্থ স্থাপন
করেন। তৎক্ত ব্যাধ্যা—

"চৈততো ভগৰতকোন, অংশকোন, কিছ পূৰ্ণএব।"

(২) "পণণতিক্ষবাচ। সএৰ ত্ৰিপ্রেটিকত্যো নিহতঃ শূলণানিবা।
ক্ষয়া প্রয়াবিষ্ট আন্ধান্দকরোত্রিবা ।
শিষ্ণব্যক্ষিণাশার লেশকানাং শোক-ক্তেবে।
ক্ষিংসার্কং বিব্যক্ষানাং উপার্থানাক্ষকাক্ষুন্ ব
আংশেনাব্যেল গৌরাবাঃ শতীবর্তে বকুল সঃ ।
নিত্যানক্ষো বিতীরেন প্রাক্লোনীর্কাবলঃ ।
আবৈ কলিবুপে বোরে বিজ্লার নহীতলে ।
গুলোরার লোকানাং বারীভাবন্পাবিশং ।
বুগলে ব্রলীভিক্ত সকরেঃ পাপবোলিভিঃ।
প্রমিদ্ধা নহীং কৃৎলাং ক্তেকোপন্দীপানং ।
প্রমিদ্ধা নহীং কৃৎলাং ক্তেকোপন্দীপানং ।
প্রমিদ্ধা নহীং কৃৎলাং ক্তেকোপন্দীপানং ।
ব্যব্য ব্রদীয়াসঃ সাক্ষাবিদ্ধানাত্রম্থ ।
বিতীরস্কুলং শেবং ভূতীরক্ত মহেবর্ষ ।" (ক্সক্লাক্ষ্ট)

্ অর্থাৎ চৈতন্ত একজন ভগৰতক বা ভগৰাদের অংশবিভার নহেন। ভিনি পূর্ব। ইহাতেও বিবালের মীমাংসাহইজ না। আজ প্রস্তুত্ব এই বিবাদের স্থচাক মীমাংসাহর নাই।

চৈতন্তভাগৰত প্রাভৃতি গ্রাহে চৈতন্তের জীবনকুছাত বেরূপ নিথিত আছে, ভাষাই এই স্থানে শিথিত হুইবে।

বৈক্ষৰ কৰিপণ চৈতক্তচন্ত্ৰের জীবনলীকাকে প্রথমে ছইভাগে বিভক্ত করিবাছেন। তাঁহার জন্ম হইতে সঙ্গাস-গ্রহণের পূর্ব্ব পর্যন্ত যে সকল ঘটনা হইরাছে, তাহা জাদিলীকা ও সন্ত্যাস-ধর্মাবলম্বনের পরবর্তী ঘটনাগুলি অন্তলীকা নামে বর্ণিত। অন্তলীকা আবার মধ্য ও শেব এই ছই ভাগে বিভক্ত।

পাশ্চাত্যবৈদিককুলমঞ্জরীর মতে যশোধরের সহিত সমাগত ভরছাজগোত্র জিতমিশ্রের বংশে জগলাথমিশ্র জন্ম গ্রহণ করেন। তিনি রথীতরগোত্র নীলান্তর চক্রবর্তীর কলা বিষ্ণুলাসের ভগিনী শচীদেবীকে বিবাহ করিয়াছিলেন। জগলাথের উরসে শচীর গর্যের বিষত্রপ ও বিশ্বস্তর নামে ছইটা পুত্র হয়। কনিষ্ঠ বিশ্বস্তরই সন্ন্যাস অবলম্বন করিয়া চৈতল্য নামে বিশ্বাত হন। ইহাদের বংশ না থাকাতেই পাশ্চাত্য বৈদিককুলে সামবেদী ভরদ্বাজগোত্তের লোপ হইলাছে (১)। অনেকেই বলেন যে পাশ্চাত্যবৈদিকের। কোন সমল্পে শ্রীহট্টে বাস করিতেন না, তাহা হইলে বৈদিকসমাজের মধ্যে শ্রীহট্টের উল্লেখ থাকিত, ক্ষ্মলাস কবিরাজ প্রভৃতি বৈষ্ণুবগণ হৈতল্পের পূর্বপ্রশ্বগণকে যে শ্রীহট্টবাসী বলিরা উল্লেখ করিয়াছেন, ভাহাকে অল্রান্ত বলা যাইতে পারে না।

চৈতভার পৃথ্যসুদ্ধেরা চক্রবীপে বা অন্ত কোন বৈদিক সমাজে বাস করিতেন। কগরাথ তথা হইতে গলাবাস নিমিত নদীরা আসিরাছিলেন। বৈষ্ণব কবিগণ সেই স্থানকে শ্রীহট্টের অন্তর্গত মনে করিয়া চৈতভার পিতামহের বাসস্থান শ্রীহট্ট বলিয়া উল্লেখ করিয়াছেন (২), কিন্তু শ্রীহট্ট-নিবাসী প্রাছামিশ্র রচিত শ্রীকৃষ্ণচৈতভোদরাবলী নামক প্রছে ও

(১) "চৈতত্ত্বগুৰুণাং সামবেদীভরবাজো মাতি হ" (পাকাত্য বৈদিক কুলমঞ্জী)

(২) "শ্ৰীহট নিযাসী উপেজ নিত্ৰ নাৰ।
বৈক্ৰ প্ৰিচ বৰ্মী সদ্ভপ প্ৰধান ঃ
স্থানিজ বার পূল স্থা ক্ৰীছর।
কংপারি প্রমানক পল্লনাত সংক্ৰিরঃ
অসার্থন ক্রমান বৈলোক।মাধ।
নদীয়াতে স্বাধান কৈলা ক্রমাধ।
( হৈতভাগেতাল্বাধ্য ক্রমাধ্য

তাহার অভ্যাত মনংসভোষিণী প্রছে (৩) পিবিত আছে বে. তপভানিরত ভিতেপ্রির মৃত্তর নামক একজন পাকাত্য-देवनिक अहटहे बालयन कटब्रमा हैनि वटब्र किवर शतियान ভূমি লাভ করেন। সেই স্থান বয়গলা নামে প্রাণিত্ব। ইহার সহধর্ষিণী চারিটা পুত্র ও একটা দর্শ (१) প্রাস্থ করেন। ভাহার শক্তর নধ্যম পুর উপেজমিশ্র কৈলাসপর্বতের নিকটে ইকুনদীর পশ্চিম পারে অমৃত নামক শুপ্তকুণ্ডের সন্ধিগনে वान करतन। छोष्टांत करनाति, नतमानम, बगनाथ, नर्स्सपत, পল্লনাড, জনার্জন ও তিলোক নামক সাডটা পুত্র হয়। তাহার মধ্যে অগন্তাথ মিল্ল দেশে ব্যাক্তরণাদি পাঠ সমাপন ক্রিয়া নব্দীপে বাস করিতে লাগিলেন। ইহার বিভাবুদ্ধি ও সোক্ষর্যে মুগ্ধ হইয়া বৈদিক কুলসম্ভুত নীলামর চক্রবর্ত্তী ভাঁছার ক্সা শচীর সহিত ইহার বিবাহ দেন। শচীর গর্ডে জগ-রাথের ঔরুসে বিশ্বরূপ জন্মগ্রহণ করেন। বিশ্বরূপ বাল্য-कारन मःमारतब अमात्रका कानिया देववाशा अवनयन करवन। জগরাথের মনে হইল যে তিনি অনেক্ষিন পিতামাতার চর্ণ দর্শন করেন নাই, তাই তাঁহার পুত্রটীর এইরূপ ঘটিয়াছে।

(৩) প্রস্থানবিক্ষের প্রভাতবংশের অগজীবন বিশ্ব বালালা পদ্যে হৈতভোল্যাবলীর অসুবাদ করেন। তাছরেই লাম "মন্ত্রবাদেশী।" প্রস্থানিক্ষেত্র আবেশেই কুক্টেডন্যোদ্যাবলী প্রস্থানক। করেন—
"ততৈবাদেশত: কুক্টেডন্যালনাবিধ্য।

প্রছালাখ্যন সিপ্রেশ কুডেরম্পরবিলী ৷" (ও সং ১৯ সোং) নিবে তাঁহাদের বংশাবলী দেওরা হইল—

মধুকর মিশ্র (শ্রীহট্টে প্রথম ) কীর্ত্তিদমিশ্র রুদ্দমিশ্র উপেক্র মিশ্র कीर्षियांग मिख কংসারি পরমানন্দ জগন্নাথ সর্কেখর পদ্মনান্ত জনাদন জৈলোক্য প্রতায়মিশ রামচক্রমিশ । (চৈ উদ রচয়িতা) বিশ্বরূপ (চৈতন্সদেব) বিষ্ণাস গ্ৰাদাস गवाधत (१) मथुदंत्रभ হরিনাথ বিদ্যাভূষণ রপেশ্র পঞ্চানন শিবরাম সার্কভৌম রামজীবন (অপর নাম জনাদিন)

(মনঃসভেত্তাবিশী-রচম্মিতা)

তিমি এইরূপ ভাবিরা শচীর সহিত দেশে আগমন করেন।
পরমানকের লী স্নীলার সহিত শচীর গর্ভ হইরাছিল। পেরে
জননীর বাকেঃ জগরাব শচীকে লইরা নববীপ ফিরিয়া
আনেন (৬)। ইহাতে বলা বাইতে পারে বে, জীহট বৈদিকের
সমাজ দর বটে, কিন্তু হৈলা বাইতে পারে বে, জীহট বৈদিকের
সমাজ দর বটে, কিন্তু হৈলা করেন এবং তথার হৈদিকের
সংখ্যা তত অধিক না থাকার ও অয়দিন বাস করিয়াছিলেন
বলিয়া তাহাকে সমাজ বলিয়া গণনা করা হয় মাই।
কুলপঞ্জিকা প্রভৃতি কুলজীপ্রত্বে নাই বলিয়াই চৈতত্তের
সমকালবর্তী গ্রন্থনার কথা উড়াইয়া দিয়া চক্রদ্রীপ বা
আন্ত কোন হানে চৈতক্তের পূর্কপ্রশ্বের বাসহান জন্মান
করা বৃক্তিপঙ্গত হলৈত পারে মা।

বৈক্ষৰগণের মতে সিদ্ধপন্মের কর্ণিকারপ অন্তর্বীপের মধ্যে মারাপুরে জগরাথবিশ্রের জাবাস স্থান ছিল। [নববীপ দেখ।] জগরাথ ও শচীর প্রথমে সন্তানভাগ্য ভাল ছিল না। একটা করিয়া আটটা কন্থা জন্মগ্রহণ করিয়া মরিয়া গেল। দম্পতীর হুংখের সীমা রহিল না, তাঁহারা কারমনোবাকো ঈশ্বরকে ডাকিতে কার্গিলেন। কিছুদিন পরে চৈতন্তের জ্যেষ্ঠ বিশ্বরূপ জন্ম গ্রহণ করেন, ইছার পরে অনেকদিন শচী জগরাথের আর কোন সন্তান হয় নাই। বিশ্বরূপ প্রায় বৌবন সীমার পদার্শণ করিলে চৈতন্তের জন্ম হয়। ১৪০৭ শকে বা ১৪৮৫ খুট্টাকে ফার্থনমানের পূর্ণিমা তিথিতে সিংহলগ্রে চৈতন্তাদেব নবদীপে জন্মগ্রহণ করেন। চৈতন্তের জন্মসমরে চন্দ্রগ্রহণ হইয়াছিল। তথন নবদীপবাসী বালর্দ্ধবনিতা সকলেই উৎসাহিত! ঘন ঘন শন্ধ্যবনি, ঈশ্বর নামকীর্ত্তন প্রভৃতি ধর্মকার্যের অনুষ্ঠান দারা নবনীপ জমরাবতী হইতে স্থে ও শান্তিময় বোধ হইয়াছিল। এ সকল কার্য্য জন্ম কারণে হইলেও অনেকের বিখাস

(৩) "আসীং শ্রীহট্রনগাছো বিশ্রোমধুকরাভিথ:।
পাশ্চাভাবৈদিক শৈচৰ ভপদ্মী বীলিভেল্লির:। ৩
বরেগাপ্তির ভেনেছ কিন্তবুরি: করোৎকরা।
বরগলেভিরে। দেশ: ক্লান্তব্য: পরিষ্টারভে । ৪
চন্দারভক্ত পূলান্ত সপৈক্ষেবচ পঞ্চর।
বস্তুর্ভগনংবৃদ্ধা: হুলান্দার: প্রভাগিন: । ৪
ভক্ত মধ্যকৈ পূলো হিন্বা দেশন্ত গৈড়কং।
শ্রীনন্তপেল্লিপ্রাধা: প্রধানং ছাম্যাসন্ত ।
ইক্ল্ নারী ভক্ত পূর্বে কালিন্দা সদৃশী নদী । ৭
বৃদ্ধান্তভাত্তি ক্লাং ভব্তং প্রম্পোভ্যন ।
ইক্লাসভোত্তি ক্লেও ভব্তং প্রম্পোভ্যন ।

ে ব্ৰল বে এক্লপ ভত সমৰে বাহার করা ইইয়াছে, তিনি ক্ষতই কোন না কোন মহাপুক্ত হইবেন, কালে এই সকল বিধাসই

> कारकश्वानाः लाटेक्छ क्यांविक्ति ब्रेक्टकः। তত্ৰ খিছা স বিপ্ৰবিশ্বপণ্ডেপে নিরাভুজ: ১৯ (माख्या कार्यामा युद्धाना।कर्याक्षणम् । বিভূব্: স্থপুলাল ওক বিল্ল ধীমতঃ। ১০ अज्ञानाक्षणमण्या वात्रांत्रन्त्रांत्र्याः । करमधीतः अत्रमार्वस्या क्षत्रेष्ठाश्चल्छः भिन्नः । गर्रावर्तः भग्नेमारका सनामिनविद्यास्थाः । ১১ (अवस मर्ग) बोनसः चन्नुकः बीका अनुज्ञाब अनार्वनम्। ভাতত্র।দীনি পারাণি পাঠরামাস সন্ধিতঃ। ১ व्यार्थमः एक कटेक्ब पृष्ट्री विकाः अकानवान । वाशानवामात्र ह कर नवबीटन मरमावरम । २ मिनवा छनत्रभानि श्रीनदिक्तिकम्खनः। नीनाचत्त्रां चिन्नवत्त्रां जहें, कर अवत्यो मूना । अ मृह्यो जः नजनार्क्त्र हा इक्त व्हाँ व्यक्त बाह् । चरेत्रकमाः थानाश्चामि स्नीनात्र महासाम । १ ইতি নিশ্চিতা খনসা গড়া স নিজ কেভন্ম। ভার্যায়ৈ ক্থরামাস সমসা বংকৃতত্ত তং 🛭 🗠 वाकांगठ।विशासन क्रमन्नाशांत्र बीवरक ! छा । जिल्ला अन्तर्भुः नहीर चीत्रमुखार चत्राम् । ১٠ कुषा नानिज्ञहर नहां नवबीत्न विकालनः । वनतात्यार्यम्बर धीला कास्त्रा भोगातात्वः । ১১ नमा (छ) धर्मनन्नाको (मानिन्नधानकश्रास्त्रो । তপে। নারারণকেকে তেপতুর স্থিতপ্রদে। ১২ विषत्रभः अध्यक्षः भेठाः भूव छगाचतः। वजायुनि नमानामा कानः देवतान।म।वर्षो । ১७ তিমিন পুরে গতে তত্ত জগরাধ: হপতিত:। চিন্তামাপেতি মইতীং বর্ত্তেতে পিতরৌ মম। ১৪ ·ত।ভাাং দতেৰ শাপেন মাদুশামীদুদী **পতিঃ।** আতো বাজামি ভৌ জটুং ভার্যয়া সহিত**ত্ত**ং ৷ ১৫ এত মিরেব সময়ে স্মান্ত শেক্সমিলাট। भेक्तः श्राभवामाम भुद्राणमनकावग्राह । ১<del>७</del> नवः थाना कनदात्यः छ। व्यता महित्तानव्। चरमममभमविषान् शिट्याः शौकिः विवर्षत्रन् । >१ व्यथात्रका अत्रज्ञायः निकृत्यवानवात्रवः। তসা পদ্মী শচীসাপি বজ্ঞাসেবণতংপরা। ১৮ चांनी र चक्रममीर्भ ह धमा। माना ह खाबिकाः। পরমানকপদ্মীচ হুশীলাখ্যাতি হর্বিতা। बीमहीर माजबर निष्ठार भूजिकावमभागम् । ६० গতে কিয়তি কালেচ আপচী সর্বাদেশভা। ৰভুমাতা বভুৰাত্ৰ ফুল্মী পূৰ্বতোহৰিলা (১৯ -क्षित्रिभीरंथ क्षेत्रमान् वार्धमांश्रामत्रीत्रिष्रः।

চৈত্রপ্রের ঈশ্বর্থ প্রতিপাদনের অন্তত্ম কারণ হইরা দাঁড়াইল !
চৈত্রপ্রদেব ১০ মাস মাতৃগর্থে অবস্থান করিরা জন্ম প্রহণ করিলে (৪) শচী ও অগরাথের আনন্দের সীমা থাকিল না।
সকলেই নব বালকটাকে দেখিতে আসিলেন এবং বালকের রপ দেখিয়া সকলেই বিশ্বিত হইল। তাঁহার রূপ ও জন্ম সময় ভাবিয়া আন্তিক বৈক্ষবগণ ভাহাকে ঈশ্বর অবভার বিশ্বাস করিলেন এবং দিন দিনই তাঁহাদের বিশ্বাস বন্ধমূল হইতে লাগিল। এদেশীর লোকের বিশ্বাস বে ভাকিনীও শাকিনীরা বালকের অনিষ্ট করিয়া থাকে, কিন্তু নিমাই নাম রাখিলে আর তাহারা অনিষ্ট করিছে পারে না। ভাই বিক্তৃত্তক অবৈতের সহধর্ম্মিী "নিমাই" নাম রাখিরাছিলেন (৫)। কিন্তু চূড়ামণিদাসের মতে শচী ১০ মাস পর্যান্ত গর্ডধারণ করে নাই। দশমাস পূর্ণ হইলেই চৈতত্তের জন্ম হয়। জ্যেন্ঠ আত্বাব্র বিশ্বরূপই নবশিশুর নিমাই নাম রাথিরাছিলেন (৬)। নীলাম্বর চক্রবর্ত্তী দৌহিত্রের কোটা

শুণু শোভে সুৰায়ান্তে প্ৰায়্ত্ৰাসি চাৰবে।
অতঃ পুতং সুৰাকৈব দৰ্বীপে সনোহৰে। ২৩
শীলং প্ৰছাপ্ৰলাছং ভ্ৰাপ্ৰয়া ভ্ৰিবাতি।
অন্যথা চরণাক্ষে ভ্ৰিবান্তি বিশক্তঃ । ২০
ইতি ক্ৰা ভূসা ভীতা প্ৰান্ত্ৰা নিজং গতিং।
বুভাৱং বেদ্যানাস রজনীজং মহাকুতং । ২৫
পিতৃভাৱি সমাদিটো জগ্লাখাশ্য ভূসুৱঃ।
প্ৰাণং কঠ্মুকাভো ভাষ্যা সালাগ্ৰা । ২৮"

( टिक्टम्यावदायमी विकीत नर्ग ।)

( a ) "চৌক্ষণত ছর পকে শেব সাথ সাসে।

স্থান্থ শচীর কেন্তে কুক্ষের প্রবেশ এ

চৌক্ষণত সাত শক্ষে মাস কাল্গুল ।
পৌর্মানীর স্কাল্কালে হইল শুভক্ষণ ।

সিংহ রাশি সিংহ লগ্ন উচ্চ প্রহণণ ।

বড়বর্গ কাইবর্গ সর্বা শুভক্ষণ ৪

ক্ষাক্ষ গৌরচন্দ্র দিলা দ্বশন।

সকলক চাঁদে আর কিবা প্রয়োজন ।

কুঞ্ কুল্ ছরিনামে ভাসে ক্রিয়া প্রহণ ।

কুঞ্ কুল্ ছরিনামে ভাসে ক্রিয়া বাহণ ।

(क्कमान देवकार्वतः व्यक्तिः ३३ गः)

( c ) "ভাকিনী শাকিনী হ'চে, শহা উপলিল চিচে, ভূৱে শাম বুইল নিমাই ৷"

(क्कनात देहरूना हतिः आधि ३ई गः)

(৬) "ভাবিতে চিভিডে ভার পৌৰ মাস গেল।
দশমাস পূর্ণ গর্ভ শচীত ধরিল ঃ"
"কতক্ষণে স্থিতে সে ভাতৃমূপ বাই।
শুন মাডা পিতা ইহার মাম নিমাই ঃ" (চুড়াম্দিরাস)

श्रमा करत्रम, छोराराज्य भातीतिक नाकर्त हेरारक मराशक्त বলিরা ভিন্ন করা হইবাছিল। ক্রঞ্গাল কবিরাজ চৈতজ্ঞের सवकान राज्ञण निविद्याद्यम छोहा शृर्क अनर्निछ हरेत्राद्य। চুড়ামণিদাস নিজকুত চৈতক্তচরিতে একথানি অভত কোঠীর অবভারণা করেন। রাহারা একটুও গণিতশাস্ত্র দেবিরাছেন ভারারাই সেই কোঞ্চীর উপাদেরতা গ্রহণ করিতে পারিবেন (१)। আমরা এই পর্যান্ত বলিতে পারি বে বৈক্ষর কবির বিশাস যে চৈতত্তে কিছুই অসম্ভব হুইবার নহে 🖯 তাই এইরপ কোটার অবতারণা করিতে সীহসী হইরাছেন। বালকের জন্মগ্রহণের পর জগরাথের খরে মহোৎসব আরম্ভ হইল। বন্ধু বান্ধব আত্মীর স্বজন সকলেই নানা উপহার লইয়া বালকটাকে দেখিতে আদিতে লাগিলেন। মিল্ল পর-नात्र व यथानां था न थान कतिया नकनक नहाँ कतितन। कनक कननीत्र क्रमग्रानत्मत्र मत्म मत्म रेडज्ज्ज्ङ मिन मिन বৃদ্ধি পাইতে লাগিলেন। তাঁহার অঙ্গকান্তি অতিশয় গৌর হইরাছিল বলিরা মহিলাগণ শিক্তীকে গৌরাক ও কখন গৌর-চন্দ্র বলিয়া ডাকিতে লাগিলেন। কালে এই গুলিও চৈত-ভের নামান্তর মধ্যে গণ্য হইল।

চৈতন্তের বাল্যকালে যে কোন মহস্কতক বা ঈশরস্থ-জ্ঞাপক কোন ঘটনা ঘটিয়াছিল তাহা বোধ হর না, কিছ বৈষ্ণব কবিগণ বালক কালেই চৈতন্তকে ঈশর জ্ঞানে নানা-বিধ অলোকিক ঘটনা সংযোজিত করিয়াছেন। তাঁহাদের মতে একদিন গৃহলেপনের পর শচী ও জগরাধ গৃহ মধ্যে ছোট ছোট পদ চিহ্ন দেখিতে পান এবং তাহাতে ধ্বজ, বজ্ক, শশ্ৰ,

- ( ) "কতিশুক ব্যবসা ডিখি পৌর্ণনাসী।
  বিংশতি দিবসে মহাবোগ ভেল আদি ।
  চতুংসাগর কোষ্ঠা উভচরি বোগ।
  বিল্ল নিল গৃহে সর্বা এই করে ভোগ।
  মেৰে ভাতু এইবাল দশ অংশে বনে।
  হুতুলিত হুবানিবি আল অংশে বুবে।
  সক্ষেত্ত ভূমিস্ত অট অংশ বনে।
  - ক্ষায়ত বুধ বনে পঞ্চল কংশে।
    ক্ষায়ত বুধ বনে পঞ্চলশ কংশে।
    কুলায়ত লনি বনে একবিংশতি কংশে।
    সিংহেত সূতৃত্ব রাহ নব কংশে বনে।
    কুছে কেতু কুল হেতু বনে পঞ্চ কংশে।
    এ সব সূতৃত্বে বনি নব এহপণে।
    বিষাতি বিপক্ষ সহ রাধে ছাতি দিনে।
    এত দেখি স্বলোক বলে হরি হরি।
    আবক্ষ আলোদে গৌরচক্র কবতরী।" (চুড়াবি)

চক্র ও মীন চিক্ন দেখিয়া বিশ্বরুষাগরে নিমগ্ন হন। মিশ্র একজন বিধাসী ভক্র ছিলেন। তিনি অনুমান করিলেন যে, মরে বালগোপাল জেববিগ্রহ রহিয়াছেন, বোধ হয় তাঁহার পদচিক। এই সমরে শচীদেবী বালককে জনপান করাইতে ছিলেন, তিনি পুজের পদতলে হঠাৎ ঐ সকল চিক্ল দেখিতে পাইয়া অবাক্ হঠলেন এবং জগরাধকে ডাকিয়া বেধাইলেন। ইহা ছাড়া বংশীবাদন ও মাতাপিতাকে চতুর্ল মৃত্তিপ্রদর্শন প্রভৃতি আরপ্ত কতকগুলি অনুত ঘটনা আছে।

ভঙ্গিন দেখিরা বালকের নাম বিশ্বভ্র রাধা হইল।
চূড়ামণিদাল বলেন বে, চৈতভ্তের জন্মনক্ষত্র রোহিণী ও
জন্মরাশি রব এই কারণে গণক রাশি অনুসারে ইহার নাম
বিশ্বভর রাণিরাছিল (১)। কিন্তু একথা সম্পূর্ণই ভ্রান্তিমূলক,
চৈতক্ত রোহিণী নক্ষত্রে জন্মগ্রহণ করেন নাই, তাহা হইলে
সেইদিন কথনই চক্তগ্রহণ হইতে পারিত না।

বালকের জন্ম হইতেই জগন্নাথের অদৃষ্ঠ ফিরিয়া গেল।
তিনি ১৪ •৮ শকে প্রারণমালে হস্তানক্ষত্রে ও বৃহস্পতি
বারে বেশ ধুম ধাম করিরা চৈতক্তের অন্নপ্রাশন করাইলেন।
ইহাতে নবনীপবাদী সকলেই উৎসাহিত হইল (২)।

নিমাই বালককালে অপেক্ষাক্কত চালাক ও ক্রোধপরতন্ত্র ছিলেন, ষধন যাহা বলিতেন ভাহা করিতে না পারিলে আর রক্ষা ছিলনা, কাঁদিয়া আকুল হইতেন; বাড়ীর সকলকেই উৎপাত করিয়া ভূলিতেন, কিন্তু ইহাতেও তাহার একটুক্ অলৌকিততা ছিল যে, যদি কেহ মধুরস্বরে হরিনাম করিত, তবে আর কাঁদিতে পারিতেন না। হরিনাম শুনিবামাত্র কচি কচি হাত পা গুলি সঞ্চালন করিয়া যেন হদরের উৎসাহ প্রকাশ করিতেন। এইরূপে দিন গত হইতে লাগিল, চক্র-কলার ল্লায় গোরচক্রও দিনে দিনে বৃদ্ধি পাইয়া পিতামাতা ও ভক্তগণের আনন্দর্কন করিতে লাগিলেন। ১৪০৯ শকের এই বৈশাধ নিমাইয়ের চূড়াকরণ হইল (৩)। নিমাই বালককালে বড়ই চপল ছিলেন। একদিন শচীদেবী তাঁহাকে থই ও गरमान बाहरिक नित्रा शृहकार्या रशलाम । किन्न बानक बान দ্রব্য ফেলিয়া মাটা খাইতে লাগিল। শচী ভাহা দেখিতে পাইরা মাটা কাডিয়া লইলেন ও মাটা থাইবার কারণ কিজাসা করিলেন। বালক নিমাই তাহার উত্তরে দার্শনিক কথা विनिन्ना भाषात्क अवाक कतिन्ना नितन। विश्वस्त कहितन, 'मा विद्युचना कतिया एक्थ नकत्वह माणित विकात। थहे. সম্পেশ প্রভৃতি আহারীয় দ্রব্য সকলেই মাটী হইতে উৎপন্ন। তবে মাটা থাইতেছি বলিয়া হঃথিত হইতেছ কেন ?' শচী ঠাকরাণীও বড কম ছিলেন না। তিনিও তর্কে বালককে পরাজয় করিলেন। আর একদিন একজন ব্রাহ্মণ জগন্নাথের গহে অতিথি হইলেন। তিনি বালগোপাল মন্ত্রে নাকি দীক্ষিত ছিলেন: পাক সমাপ্ত করিয়া বাই নিজ ইষ্টদেবকে निर्दारन क्रिलिन, अमि ह्रकां निमारे कांथा हरेए আদিয়া তুপীকৃত অল্পের একগ্রাস থাইয়া ফেলিল। অগ-ল্লাথ ও শচী দুর হইতে দেখিতে পাইয়া হায় হায় করিয়া দৌডিয়া আসিলেন এবং অনেক অমুনয় বিনয়ের পর ব্রাহ্মণ ষিতীয়বার পাক করিতে সন্মত হইলেন। এদিকে নিমাইকে বাড়ী হুইতে বিদায় দেওয়া হুইল। সেবারেও নাকি অন্ন প্রস্তুত হইলে নিমাই আদিয়া একগ্রাস অগ্রভাগ লইরাছিলেন। এইরপে তিনবারের বার গৌরাঙ্গ প্রভু যোগনিদ্রায় পিতা-মাতা প্রভৃতি সকলকে মুগ্ধ করিয়া গোপালবেশে প্রাহ্মণকে (नथा निग्ना डेकांत करतन।

কোন দিন নানা অলকারে ভূষিত হইয়া বালক বিশ্বস্থ গঙ্গাতীরে বেড়াইতে যান। ছইজন প্রসিদ্ধ চোর অলকারের লোভে তাঁহাকে মিঠাই ও সন্দেশ এবং বাড়ীতে পৌছাইয়া দিবার প্রলোভন দেধাইয়া লইয়া যায়। পরে উভয়ে বিষ্ণুমায়ায় মৃথ্য হইয়া গস্তবা স্থানের পথ ভূলিয়া যায়, শেষে ঘ্রিতে ঘ্রিতে অগরাথের বাড়ীতে আসিয়া উপস্থিত হইয়াছিল। নিমাইয়ের কোন অনিষ্ঠ ঘটিল না, সকলে জানিয়া শুনিয়া অবাক্ হইল। গোঁড়া ভক্তগণ কংসপ্রেরিত অস্থ্রের ছায় ঐ ছইজন চোরকে বর্ণনা করিতে লাগিলেন।

জগদীশ ভাগবত ও হিরণ্য পণ্ডিত নামে ছই ব্যক্তি ছিলেন। তাঁহাদের সহিত মিশ্র জগরাথের বেশ সদ্ভাব ছিল। উভয়ে একাদশীর দিনে নানা প্রকার উপাদের সামগ্রী আনিয়া কৃষ্ণপূজার আয়োজন করিয়াছিলেন। নিমাইয়ের খাইতে ইছা হইল। তিনি ব্যাধির ছলনা করিয়া কাঁদিতে লাগিলেন ও বলিয়া বদিলেন যে, ঐ সব নৈবেয় খাইতে না দিলে তাহার পীড়া ভাল হইবে না। নিমাইয়ের রোদনে বাটার সকলে এত ব্যাকুল হইয়া পড়িলেন যে ঐ কথা প্রভিবেশী-

<sup>(</sup>২) "এত গুলি সিজ্ঞবর আনন্দে পুরিত। গুণক আনিরা দিল করিরে ছয়িত র সিত পঞ্জী হতা নক্ষর গুরুবারে। অল্পরাদ্য করাইবে ত পুরেরে র'' (চ্ডুাস্থিদাদ চৈত্তচ্চিত্রণ)

<sup>(</sup> ৬) "বৈশাধের পাঁচ দিলে এ চূড়াকরণ। ফাল্ডনের সাথো কল্ডিখির পুজন +" (চূড়ামণি চৈডলচরি॰)

इंतरक आमाहरू हहेन। नत्रण मणि देवकवर्द क्रमणा एवकात कार्या वानकरक रेमरवण विश्व भास क्रियान।

শ্রুদেই বালক নিমাই অতি ছই স্থভাব ও উত্কন্ত হুইয়া
উঠিলেন; পাড়ার বালকগণের অগ্রণী হুইয়া একটী দল
বাবিলেন এবং নামাবিধ কৌশলৈ দৌরাত্ম্য করিতে লাগিলেন। নিমাইরের ভবিশ্বং জীবনে যে শক্তি তাঁহার প্রধান
গহার হুইয়াছিল, সেই মোহিনী শক্তি চৈতক্রের বাল্যকালেই
বিকশিত হুইল। দলের সকল বালকই তদগত প্রাণ হুইয়া
ছিল, কিছুকালের জ্ঞা চৈতক্রের বিচ্ছেদে তাহাদের জ্বরে
আবাত লাগিত। নিমাই ঐ দল লইয়া পাড়াপড়শীর হ্রের
ছুরী করিতেন, দলের কোন বালক তাহার মতে অবাধ্য
হুইলে তাহাকে শান্তি দিতেও ক্রটী করিতেন না। ক্রথন
কথন ভাগীরথীতীরস্থ বালুকামর স্থানে প্রচণ্ড রৌজ্ঞাপে
দাড়াইয়া মার্ভওধেলা ধেলিতেন এবং ক্রথনও ক্রথন দলে
দলে জলে পড়িয়া সাঁতার কাটিতেন। ইহাদের জলক্রীড়ায়
অপর লোক্রের বাল আহ্নিকে বিশেষ বাধা পড়িত। শহীজগরাথ নিমাইরের বিক্রের নানা অভিযোগ শুনিতে পাইতেন।

একদিন শচীমাতা পুত্রকে ডাকিয়া তাড়না ও তিরস্কার करतन। निमाहेराप्रत तांश इहेन, जिनि घरत गहिया हाँ कि कूफ़ि याहा किह्ने शाहित्वन, नमछ जिन्ना किनित्वन। देवस्व কবিগণ বলেন, কোন একদিন নিমাই শচীমাতাকে প্রহার करतन। नहीं इन कतिशा मुर्छिए श्रेटन अभन महिनागन निमाहेटक विन जुमि यिन इटेंगे नातिटकन आनिशा निटंड পার, তবে তোমার মাতা স্বস্থ ইইবেন। নিমাই আর ওজর कतिरनम ना। তथा श्रेरे वाश्ति श्रेष्ठी नातिरकन व्यानिया मित्नन । तम्थिया अनिया नकत्नरे विश्वयाभन रहेया-ছিলেন। গ্রামের ছোট ছোট মেরেরা ফুলের সাজী ও নৈবেতা লইয়া গলার ঘাটে পুজায় বসিত, ছন্দান্ত নিমাই সময় ব্ৰিয়া তথায় উপস্থিত হইয়া বলিতেন, "ওহে তোমরা আমার পূজা কর, আমি তোমাদের উত্তম বর দিব, ভোমরা জাননা (य शका हुनी अ महाराज नकरनहे आमात आख्वांकाती।" এইরপ বলিয়া চন্দন, ফুলের মালা ও চাল কলা কাড়িয়া লইতেন, তাহাতে অসম্ভ্রষ্ট হইয়া কেহ কিছু বলিলে বিশ্বস্তর মধুর হাসি হাসিয়া বলিতেন, "আমি ভোমাদিগকে বর দিতেছি যে তোমাদের পরম স্থন্দর, যুবা, রণিক ও ধন-यान यागी श्हेरत।" जान कना नहेरछ दर्भान वानिका बांधा क्यारित विश्वकृत्वत त्काट्यत नीमा शांकिक मा, किनि तांग ক্রিয়া উচ্চৈঃবরে বলিতেন যে, "তোমার বুড়ার হাতে পড়িতে ছইবে, তাহার উপর আবার সাত্টী স্তীন ইইবে।" নিমাইয়ের কথাবার্ত্তার সকল বালিকাই চনৎকৃত হইত। "নিমাই কাহা
বলে তারা সত্যে, এ বােধ হর কার্ত্রের অবতার না হইলে
এরপ কথা বলিতে সাহস পাইত না।" এই ভাবিরা
ক্যানপ বিশ্বত্রকে সভই না করির। কোন ব্রতায়ন্তান করিত
না। নিমাই এইরপ অবােধে চাল কলা থাইরা আামােদ
করিতেন। এই সমরে একদিন নবহীপের বলভাচার্ত্রের
ক্যা লন্ধী দেবপুলার ক্ষা চলন মালা ও নৈবেন্ত লইরা
গলার ঘাটে আসিরাছিলেন। বিশ্বত্র ওাঁহাকে দেখিয়া
তাহার নিকটে যাইয়া বলিলেন, "দেখ অলবি! ভূমি
আমাকে পূলা কর, আমি তােমাকে অভীট বর দিব।"
চৈতত্তের মৃত্তি ও মধুমাথা কথার লন্ধী আর কোন আপেতি
করিতে পারিলেন না; তিনি মাল্য ও চলন দিরা গৌরাঙ্কের
আর্চনা করিলেন। এই সমরে উভরের মনে সাহজিক
প্রীতির উদর হর।

বিশ্বস্তরের অশেব দৌরাত্মের কথা শুনিতে শুনিতে পিতা মাতা অতিশর বিয়ক্ত হইরা উঠিলেন। একদিন শচীদেবী নিমাইকে ধরিবেন বলিয় যাইতেছিলেন, নিমাই লাফাইয়া একটা উচ্ছিই হাঁড়ির উপরে বিদিলেন। শচী বলিলেন যে নিমাই অশুচি হইরাছ, গঙ্গাপ্লান না করিলে গৃহে বাইতে পাইবে না। নিমাই কাঁদিতে কাঁদিতে বলিলেন, "কেন মা, ব্রহ্মাণ্ডের কোন স্থানই অশুশ্ হইতে পারে না। ব্রহ্মের বর্তমানতায় সকল স্থানই মহাতীর্থময়।" পঞ্চমবর্ষীয় বালকের মুখে তত্মজানপূর্ণ উপদেশ শুনিতে পাইয়া সকলেই আশ্চের্য্যাণিত হইলেন এবং বহু যত্মে শাস্ত করিয়া তাহাকে গৃহে আনিলেন।

কিছুদিন পরে অগরাথমিশ্র পুত্রের হাতে থড়ি দেন, বিশ্বন্তর নিজ প্রতিভাবলে অর্লিন মধ্যেই পাঠশালার লেখা পড়া শেব করিলেন। তাঁহার বৃদ্ধি ও ধারণালক্তি দেখিয়া গুরুমহাশয় ও ছাত্রবৃন্ধ সকলেই তাঁহার প্রশংসা করিতে লাগিলেন। নবদীপমগুলীর বালকদলের মধ্যে নিমাইয়ের ছ্ল্য আর কেহই থাকিল না। এক্লপ হলৈও ভাহার দৌরাত্মের কিছুই উপশম হইল না। বৈক্ষব কবিগণ ইহার সহিত আর ছই একটা আলোকিক গর হোগ করিয়া প্রীচেডক্তের বাল্যলীলা সমাপন করিয়াছেন।

গৌরাকের বড় ভাই বিশ্বরণ চতুশানীতে সংশ্বত পড়িয়া বিশেষ খ্যাতি লাভ করেন। কিছ বাল্যকাল হইতেই তাঁহার হাদররাজ্যে বৈরাগ্যের বিলাসভ্তবন হইরাছিল, তিনি বংসারের দিকে বড় একটা মনোযোগ করিতেন না, প্রায় সকল সময়ই সাধুগণের সহিভ ধর্মালাপে ব্যাপ্ত থাকিতেন। তাঁহার এইরপ বৈরাগ্যে জনকজননীর মনে বড়ই আঘাত লাগিত।
তাই তাঁহারা নিমাইরের বিভালিকার বিশেব মনোযোগ করিতেন না। জগরাথের বিখাস ছিল বে, বিভা শিখিলে প্রাণাধিক নিমাইও বিশ্বরূপের অন্তক্তরণ করিবে। এদিকে গ্যোরাকের বাল্য-চাঞ্চল্য ও দৌরাখ্যা হাস না হইরা উত্রোভর
রিদ্ধি পাইতে লাগিল। বৃদ্ধবন্ধসের সন্তান বলিরা পিতামাতা বড় একটা শাসন করিতেন না। নিমাইও তাঁহাদিগকে
বিশেব ভয় করিতেন না। কিন্ত অগ্রন্থ বিশ্বরূপকে বড় ভয়
করিতেন, তাঁহাকে দেখিলেই শাস্ত হইয়া বসিতেন—

"পিতা মাতা কাহারে না করে প্রভু ভয়।

বিশ্বরূপ অগ্রাজে দেখিলে নম হয়।" (চৈণ্ডাণ্ডাণ্ডাং) গলার ঘাটে লান করিতে যাইয়া নিমাই বড়ই দৌরান্ম্য করি-তেন। তাঁহার দৌরান্ম্যে প্রতিবেশীগণ বিরক্ত হইয়া শচী বা জগলাথের নিকটে জানাইত, তাঁহারা মিষ্টবাক্যে সান্ধনা করিয়া তাহাদিগকে বিদায় করিতেন, কিন্তু প্রস্নেহে নিমাই-কে বেশী শাসন করিতে পারিতেন না। ইহার কিছুদিন পরে নিমাই গলাদাস পণ্ডিতের টোলে ব্যাকরণ পড়িতে আরম্ভ করেন।

চুড়ামণিদাস টেততক্সের বিষ্যাভ্যাসের পূর্ব্বে একটা নৃতন ঘটনা বর্ণনা করেন। ঘটনাটি সভ্য হইলে এই হুইভেই চৈত-স্তের ভাবি-জীবনের স্ক্রপাত ও বিকাশ স্বীকার করিতে হুইবে। ঘটনাটী এই—

পুত্র নিমাইদ্রের দৌরাত্ম্যের কথা প্রতিবেশীর মুখে ভনিতে শুনিতে শচীর মনে অতিশয় থেদ হইল। তিনি জগলাথের নিকটে যাইয়া নিমাইকে অধ্যয়ন করাইবার জন্ত অনুরোধ করেন। মিশ্র মহাশয় শচীর কথা কাটিয়া বলেন যে, নিমাই-যের লেগা পড়ার দরকার নাই, আমার যে ধন আছে, তাহাতেই একরূপ থাইরা পরিয়া কাটাইতে পারিবে। বিশ্বভর পিতার कथा अनिशा वफ्ट शःथिख इटेरनन, जिनि जाविशाहिरनन य লেথাপড়া শিখিয়া জগতের কোন না কোন উপকার করিতে পারিবেন। যথন দেখিলেন যে জাঁহার সে আশা কুরার, পিতা তাহাকে বিদ্যাভ্যাস করিতে দিবেন না, তথন তাঁহার আর इः (अत मीमा थाकिन ना। जिनि चानक ভाविता जित्र कतितन বে, ধর্মপাজ্রের মতে বাহার অস্থি প্রায় পড়ে, তাহারই মুক্তি হইয়া থাকে, অতএব আমি বতদুর পারি মৃত প্রাণীর অস্থি গঙ্গাললে কেলিয়া দিব। অভএৰ ইহাজেও কগতের অনে-को। छेनकाब माधन बहेटल शाहित्व। विश्वस्त वालाकाल হইতেই দুঢ়প্ৰতিজ্ঞ ছিলেৰ, ৰখন বাহা কৰ্তব্য ৰলিয়া প্ৰির **फ्रिएडम. जांका माध्यमत बन्न धार्गभर्म एक्टी कविएक क्र**ि করিতেদ না। তিনি বালকন্তিগকে লইয়া গলার তীরবর্তী
বিশাল মন্ত্রদান হইতে বোঝা বোঝা হাড় জানিরা জলে
ফেলিতে লাগিলেন। গলার জল অন্থিমন্থ হইরা উঠিল, জনেকেরই মানাভিকে বাধা পড়িল। সকলে নিমাইকে বারণ
করিলেন, কিন্তু নিমাইরের প্রতিজ্ঞা জটল, তিনি কিছুতেই
বিরত হইলেন না। পরে এই সংবাদ মিশ্রের নিকটে পৌছিল।
মিশ্র ক্রোধভরে গলাতীরে আসিয়া নিমাইরের কাণ্ড দেখিরা
অবাক্ হইলেন। পরিশেষে অনেক ভংসনা ও ভয় দেখাইলে বিশ্বন্তর কাঁদিতে কাঁদিতে সমন্ত মনোভাব ব্যক্ত করেন।
বালক নিমাইরের এতদ্র গুরুতর উদ্দেশ্ত শুনিতে পাইয়া সকলেই যারপর নাই স্থা হইলেন। মিশ্র মহাশয়ও পূর্বপ্রতিজ্ঞা
পরিত্যাগ করিয়া নিমাইকে টোলে পাঠাইলেন।

( চ্ডামণিদাসের চৈত্রচবিত )

গঙ্গাদাস পণ্ডিত নবন্ধীপের প্রধান বৈয়াকরণ ছিলেন।
তাহার চতুস্পাঠাতে দেশীয় অনেক বৃদ্ধিনান্ ছাত্র অধ্যয়ন
করিত। নিমাই অভিশর মনোযোগের সহিত অধ্যয়ন করিতে
লাগিলেন। তাঁহার অধ্যবসায় ও প্রতিভা দেখিয়া গঙ্গাদাস
পণ্ডিতের আনন্দের সীমা রহিল না। নিমাই কলাপ ব্যাকরণ
অধ্যয়ন করেন। টাকা, পঞ্জী প্রভৃতিও বিশেব আদর করিয়া
অভ্যাস করিতেন (১)। তাঁহার স্বাভাবিক বৃদ্ধি ও মরণশক্তি
এত স্থতীক্ষ ছিল যে, যাহা একবার পড়িতেন বা যাহার
ব্যাখ্যা ওনিতেন তাহা কথনও ভূলিতেন না। তাঁহার গুণ ও
অসাধারণ শক্তির কথা সর্কত্র রাব্র হইল, তাঁহার মাতাপিতার আর আনন্দের সীমা রহিল না। কিছুদিন এই ভাবে
চলিল, ক্রমে চৈতত্তের উপনয়নের বয়স দেখিয়া মিশ্র মহাশ্ম
মহাধ্মধামে বিশ্বভরের উপনয়ন দিলেন। বৈশাধমাসের
অক্ষয়তৃতীয়ার দিন নিমাইয়ের উপনয়ন হইয়াছিল। পণ্ডিত
গঙ্গাদাস নিমাইয়ের সাবিত্রীদীক্ষার আচার্য্য (২)।

কিছুদিন স্থাথে কাটিয়া গেল। এই সময়ে মিশ্র মহালয় জ্যেষ্ঠপুত্র বিশ্বরূপের বিবাহের উদেয়াগ করিতে লাগিলেন। বাল্যকাল হইতেই বিশ্বরূপের হৃদয়ে বৈরাগ্য জ্বনিয়াছিল,

(১) "মলাদাস পণ্ডিত ছালে গড়েন ব্যাকরণ। প্রবণ মাত্রে কঠে কৈল বৃত্তিস্কাগণ। জারকালে হৈলা পক্লী টাকাতে অবীণ। চিরকালের গড়ুছা জিলে হইলা নবীন।"

(जुक्सान रेडकक आहिनीमा ३६ पड )

(২) "পীড়ার বনিরা নিজ পলাধানে কর ।
দিন করি বিষয়নে দেই উপনর ।
ভাল বে বৃথিরা দিন করে পলাধান।
অক্সত্তীয়া ভিথি শীবৈশাশ বাস ।" (চূড়ান্গিয়াক)"

বৌৰনপ্ৰাৰত্তে তাহার পূৰ্ণবিকাশ হইল। ডিসি বিবাহের প্রস্তাব শুনিয়া পিতামাতাকে জন্মের মত শোকসাপরে ভাসাইয়া সন্নাস অবলম্ব করিলেন। এই নিদারুণ ঘটনার পিতাযাত। শোকে অভিভূত হইরা পড়িবেন। বিশ্বস্তরও প্রাভূবিরহে जातक क्रमान करतम। जातामात छिनि जनकजानीरक নামাবিধ উপদেশ দিয়া শাস্ত করিরাছিলেন। কিন্ত এই সময়ে চৈত্র পিতামাতাকে বে সকল উপদেশ দেন, তাহাতে তিনিও বে বাল্যকাল হইতেই সন্ন্যাসধর্মের পক্ষপাতী ছিলেন তাহা বেশ প্রতীয়মান হয়। নিমাই উপদেশক্ষলে বলিয়া ছিলেন যে---

"ভাল হইল বিশ্বরূপ সন্ন্যাস করিল। পিতৃকুল মাতৃকুল ছুই উদ্ধারিল। আমিত করিব তোমা ছহার সেচন ॥"

( তৈত্ত চরিং আদিং ১৫ পরিং )

শ্রিক্সফ চৈতক্তোদয়াবলী-রচয়িতা প্রহান্ত্রমিশ্রের মতে নিমাইরের জন্মের পূর্বেই বিশ্বরূপ সন্ন্যাস গ্রহণ করেন। তৎ-পরে মিশ্রপুরন্দর পিতামাতার চরণ দেখিতে শ্রীহট্টে যান, তং-পরে নিমাইয়ের জন্ম (৩)। কিন্তু বৈষ্ণবৰুবি বুন্দাবন প্রভৃতি সকলেই চৈতত্ত্বের বাল্যজীবনের পর বিশ্বরূপের সন্ন্যান বর্ণনা করিয়াছেন।

(७) "च्यात्रवि नमानाका छानः देवतागामायस्यो । ১७ তত্মিন পুত্রে গতে তত্র হুগরাখ: হুগভিত:। विद्यामार्थिक महली: वर्डरल थिलस्त्री मम । ১৪ ভাভ্যাৰত্তেৰ শাংগৰ মাদৃশামীদৃশীগতি:। অতো যাভামি ভৌ ত্রস্তুং ভার্যারা সহিত প্রাং 🕽 ১৫ चरमणमभमविषाम् शिर्त्वाः धीछिविवर्षत्रम् । ১१ "शिकदाविक्काश कार्कः (कार्केश्चिदाः उथा। লৌকিকং কাররামান বিহিতং বস্ত বংছিতম্। ২৭ थंत्रागत्रमध्य (माला महीर त्राचांश त्राज्यीर। স্পরীং সদ্ওণবুতাং শব্রোরাজ্ঞাকুকারিণীম। ২৮ শুণু চাৰ্ব্বজি তে গৰ্জে পুৰুৰো যো ভৰিষাতি। প্রস্থাপতেই.....ভং দিনুকামরি বর্ত্তে। ২৯ ইতি খীকুতলা পলা সহিতোবিলস্ত্র:। विख्यत्वा स्ववद्या स्ववीत्रवाद भूतः । ७०

भूर्त नर्छ कू मक्टूरक किरेडकरमा। इति: चहर ।

" ( 🖴 কুক্তৈভক্তো দর বিভীয় সর্গ: )

छात्ररीबाक वगठ: चल्रेगांगांगत: करतो । > रेननत्थाप्रशिष्ट्रभारम् भारक देवलाकारकञ्यः। ফাল্ভনাং পৌৰ্মাস্যান্ত দিশীৰে হৈভভাবিত: । ২ अभागाः (एवक्रियामाविक्रामा क्रमकरम । অংশে সংকীৰ্তনৰুতে লোকে হৰ্ষসমাকৃত্যে ।" ৬ (ভাটীয় সৰ্গ )

क्रिकेक्सरभेत जन्नारमय भएत विश्वकरत्तव वामठाभेगा आक-बाद्धिके किर्दादिक क्षेत्र े निवाह शानभाग क्षाप्त क्षिएक শাগিলেন। অগলাধমিল ভাবিলা চিত্তিলা ছিব করিলেন त्य, अधावनरे नर्सनात्मत्र भून, अधातन कतिश विद्यानाञ না করিলে বিশারণ কিছতেই আমাদিগকে ছাডিয়া যাইতে পারিত না। তিনি শচীকে ডাকিয়া বলিলেন-

"এও यपि नर्समास्त्र इत्य अगरान। ছাড়িয়া সংসার স্থথ করিবে পরান ॥ অতএব ইহার পড়ার কার্য্য নাই। मूर्थ हरत चरत स्मात त्रहक निमारे ॥" ( कि॰ जा॰ व्यापि ७ व्यः) শচীদেবী জগন্নাথ অপেকা অনেক স্থিরপ্রকৃতি ও বিছাভ্যাদের পক্ষপাতিনী ছিলেন। তিনি ইহাতে সন্মত

"मठी तरन मुर्थ हरत जीरतक रकमरन।

না হইরা উত্তর করিলেন-

मूर्थरत कछा नाहि निर्द कान करन ॥" (टेन छा॰ ১।७ कः) অবশেষে জগলাথের মতই প্রবল হইল। সেই দিন रहेट निमाहेटक शार्ठवक कतिए बाखा कतिरानन। গোরচন্দ্র নিতান্ত অনিচ্ছার পিতৃসাক্তা প্রতিপালন করিতে বাধ্য হইলেন। কিন্তু পাঠবন্ধ করায় হিতে বিপরীত হইল। निकर्मा रहेगा विषया थाकात्र निमारेखन इस्क छ्रहे अनुक्रि চাপিল। छाँदात प्लोतात्या अजित्वनी नकत्वहे खननाशत्क গাল দিতে লাগিল এবং গৌরচক্রকে অধ্যয়ন করাইবার अञ्च ज्यानक अञ्चलां कतिल। ज्यवानाय अग्रमाथ निमाहेतक অধ্যয়ন করিতে অমুমতি করেন। এবারে বিশ্বস্তরের অধ্যয়ন আরও বিস্তৃত হট্যা পড়িল। বালকেরা কেইট তাঁহার সহিত ফাঁকিতে আট্রা উঠিতে পারিত না। ক্রমে ক্রমে গৌরচক্র "সন্দার প'ড়ো" হইরা উঠিলেন, এই টোলে ভাঁহার ভাবী ধর্ম-तम মুরারিগুপ্ত, কমলাকান্ত, क्रका-नन. मुकुन मध्य अञ्चित महिल निमाहित्यत मोहामा हत । গদার বাটে ভিন্ন ভিন্ন টোলের ছাত্রদের মধ্যে পরস্পর তর্ক বিতর্ক চলিত। গৌরাকের সহিত কেইই বিচারে আঁটিয়া উঠিত না। তিনি একটা ফাঁকির বিবিধরূপ সিদ্ধান্ত করিয়া প্রতিবাদীদিগকে পরাজয় করিতেন। তথনও গৌর তত গম্ভীর-ভাব অবশ্বন করিতে পারেন নাই। তিনি বিচারে পরাজিত বালকগণের সহিত নানারপ ব্যক্তোক্তি করিয়া কলহ করি-তেন। সময়ে সময়ে তাহাদের গায়ে বালি জল ও কালা দিয়া নির্যাতন করিতেও ছাড়িতেন না। কিন্তু এ সময়ে গৌরচাঁদ দিবরাত্রি পড়িতেন। স্থানাত্তে গৃহে আসিরা বিষ্ণুপুজা ও আহারাদি করিতেন। পরে নির্জনে বদিরা অধ্যয়ন করিতেন

এবং অবকাশ মত কহন্তে পুতক নিখিতেন। পুতক্ষের উপরে টিগ্লনী দেওয়াও ভাঁহার অভ্যান ছিল। জনমাধ পুরের বিছো-পার্জনে গাঁচ নিপুণতা দেশিরা অনির্বাচনীর আনদ অহতেব করিতে লাগিলেন, কিন্তু বিশ্বরূপের সন্মাসের পর হইতেই বিশ্বস্তর সহজেও তাঁহার চিত্তে একটা আশ্বা ক্রিয়াচিল। একদিন তিনি ছংগ নিমাইরের অন্তত সন্ন্যাসীবেশ দেখিরা আরও ভীত হইরা পড়িলেন। প্রসিদ্ধ নৈরারিক রখুনাথ শিরোমণির সহিত নিমাইরের একটা বিচার হর, এই বিচারে রখুনাথকেও নিমাইরের নিকটে পরাজয় স্বীকার করিতে হইয়াছিল। সেই হইতে নবৰীপে নিমাইয়ের নাম পড়িয়া গেল, দেখিতে দেখিতে স্থবামিনী ভোর হইল। জগলাগ পুত্র নিমাই ও পত্নীকে অকুল শোকসাগরে ভাসাইয়া मानवनीना मन्दर्भ कदिलन । निमाइराइ विवाह निया भूख-বধু বরে আনা আর জগলাথের অদৃষ্টে ঘটিয়া উঠিল না। এই সময়ে পিড়বিরোগে বিশ্বস্ভারের হানরে অতিশয় আঘাত লাগিল। প্রতিবেশী বন্ধবান্ধব আদিয়া অনেক প্রবোধ দিলেন। বিশ্বস্তুর শাস্ত্রবিধি অনুসারে পিতার অস্ত্রোষ্ট্রক্রিয়া ও প্রাদ্ধাদি সম্পন্ন করির। পুনর্কার গৃহতালী করিতে প্রবৃত্ত হইলেন।

কিছুদিন বেশ চলিয়া গেল। দিন দিন বিশ্বস্তর ও শচীর অর্থ কট উপস্থিত হইল। জগরাথ মিশ্রের হারী ভূসম্পত্তি কিছুই ছিলনা, একমাত্র বাজনাদি ক্রিয়া ঘারাই বাহা কিছু উপার্ক্তন করিতেন। কাজেই তাঁহার মৃত্যুর পরে তাঁহার পরিবারবর্গের বে অর্থ কট হইবে তাহা অসম্ভব নহে। নিমাই কিছু ইহা বড় একটা গ্রাহ্ম করিতেন না। মথন বাহা আবশ্রক, তথনি তাহা না পাইলে রক্ষা থাকিত না।

একদিন বিশ্বন্তর গঙ্গান্ধানে যাইবেন বলিয়া মাতার নিকটে মালা ও চন্দনাদি চাহিয়াছিলেন, কিন্তু শচী তদণ্ডেই তাহা দিতে পারিলেন না, বলিলেন যে কিছুকাল অপেক্ষা কর, আনিয়া দিতেছি। ইহা শুনিয়া বিশ্বন্তর কোধে অবীর ইইয়া উঠিলেন। শচীকে তিরস্কার করিতে করিতে একটা লশুড়হন্তে গৃহে প্রবেশ করিলেন এবং গঙ্গান্ধল রাধার যত্ত কলগী ছিল ভাহা ভালিয়া ফেলিলেন। তাহা ছাড়া চাউল, ডাল প্রভৃতি গৃহের প্রায় সকল সামগ্রীই নই করিলেন। শচী ভাব গতিক দেখিয়া মালা আনিয়া দেন, তবে নিমাইয়ের শাস্তি হয়। নিমাই প্রস্কৃতিয় হইলে শচী মিইবাক্যে তাঁহাকে বলিতে লাগিলেন—

"এত অপচয় ৰাপ কি কাৰ্য্যে করিলা। বর বার দ্রব্য যত সকল তোমার। অপচর তোমার লৈ কি দার আমার। পড়িবারে তুমি-এবে এখনি বাইবান ক বরেতে সংল নাই কালি কি খাইবা লি

জননীর মিষ্ট ভং সনা শ্রবণ করিয়া শৌরাক লজ্জিভ হইলেন, এবং বৃথিতে পারিলেন যে তাঁহার সংসারে আর্থ কষ্ট
উপন্থিত। অন্ধনিন হইল পিতৃবিয়োগ হইরাছে, তাতে আবার
অর্থের অভাব; ইহাতেও নিমাইকে বিচলিত করিতে পারিল
না। বাল্যকাল হইতেই তাঁহার ঈশরে দৃঢ় বিশ্বাস ছিল, তিনি
জননীকে এই বলিয়া বৃথাইলেন বে টাকা কড়ির জস্ত আপনি
চিস্তিত হইবেন না। যিনি বিশ্বনিমন্তা, যাহার রুপায় সকলে
জীবন ধারণ করিতেছে, সেই ভগবান্ কোন মতে চালাইয়া
দিবেন। জননীকে যাহাই বল্ন না কেন, এই সময়ে গোরাক
চন্দ্রকে আর্থিক চিন্তা করিতে হইয়াছিল। বৈষ্ণব কবিগণ এই
প্রস্তাবে নিমাইরের অলোকিকতার পরিচর দিয়াছেন। তাহার
মর্ম এই যে, নিমাই গঙ্গাতীরে যাইয়া অলোকিক শক্তিবলে
কতকগুলি স্বর্য আনিয়া জননীর হাতে অর্পণ করিয়াছিলেন।

এই সমরে গৌরচক্স শান্ত্রীর চর্চার বড়ই মনোনিবেশ করিরাছিলেন, দিন রাত্রি প্রায় সকল সমরই শান্ত্রালাপ ও শাস্ত্রচর্চার নিযুক্ত থাকিতেন। ঘাটে, পথে, প্রান্তরে যেখানে বাহার সহিত দেখা হইত, সকলের সহিতই শান্ত্রালাপ করিতেন। নিমাই বিদ্যান্ হইয়াও দন্ত পরিত্যাগ করিতে পারেন নাই, শাস্ত্রালাপে হীনপক্ষের প্রতি বিশেষ অত্যাচার করিতেন। বৈষ্ণবর্গণের প্রতিই তাঁহার অধিক আফ্রোল ছিল। বৈষ্ণব পাইলে (তাঁহার পিতার বন্ধনের লোক হইলেও) ছাড়িয়া দিতেন না। মুরারিগুপ্রের সহিত প্রায়ই কলহ হইত।

অন্ন বয়দেই নিমাই একথানি ব্যাকরণের টিপ্লনী প্রণয়ন করেন। ব্যাকরণের পাঠসমাপ্তি হইলে গৌরাঙ্গ স্থায়শাস্ত্র পড়িবার মানদে নবন্ধীপের প্রধান নৈয়ায়িক বাস্থদেব সার্কভৌমের টোলে প্রবেশ করেন। একে নিমাই বালক, তাতে আবার অল্লনি ছিলেন বলিয়া বাস্থদেব নিমাইকে তত লক্ষ্য করেন নাই। এই সময়ে প্রসিদ্ধ দীধিতিকার রঘুনাথ-শিরোমণিও বাস্থদেবের টোলে অধ্যয়ন করিতেন। রঘুনাথের বিশ্বাস ছিল বে, তিনি সকলের প্রধান হইবেন। নিমাইকে দেখিয়া তাছার সে আশা শুকাইতে লাগিল। এই সময়ে রঘুনাথ "দীধিতি" লিখিতে আরম্ভ করেন, নিমাইও একথানি স্থায়ের পূঁথি লিখিতেছিলেন। রঘুনাথের সহিত নিমাইয়ের গ্রহার রঘুনাথকে শুনাইতে ছিলেন। রঘুনাথকে শুনাইতে ছিলেন। রঘুনাথ শুনিয়া একেবারে হতাশ হইলেন, তিনি দেখিলেন বে নিমাইয়ের গ্রহ রঘুনাথকে শুনাইতে ছিলেন। রঘুনাথ

कतित्व मा । ठांहात शांधात्मात्रं चानाः अक्षात्रहे क्रूबाहेश चात्रित, त्रधनाथ चात्र त्रक क्रिटिंड भातिरत्र मा, क्रेसे बाट्ड हक हाकिता कांनिएक बाशिस्तन। तथन निमारे वृक्षिएक शाहित्यन (य, जांबात धाइवे समुमार्थित त्रावरनत कांत्रण, कथन "ভাই। রখনাথ ভূমি কালিওনা, ভোমার চিন্তা নাই, ভোমার গ্ৰন্থ আনুৱাৰ হইবে" এই বলিয়া নিজক্বত গ্ৰন্থও টানিয়া शकां प्रकार किर्मा निरम्। निमाहेरवत छाव-भड़ा मिटेशानिट (नध इहेन। छिनि चन्नः এकটी ठङ्गारी कतित्वन। তাহার নিজের বাড়ীতে স্থান ছিল না, তাই মুকুন্দসঞ্জয়ের वक हजीमखर्ल दिश्ति करतन। अहे नमरत्र निमाहरत्रव ু বয়স যোল বৎসর। তাঁহার অসাধারণ শান্তদকভার কথা কাহারও অগোচর ছিল না, দিন দিনই চতুস্পাঠীর এীর্দ্ধি হইতে লাগিল। নিমাই একজন দিগগজ পণ্ডিত হইগা পড়িলেন। এখন আর শচীর ঘরে অর্থকপ্ত নাই। বড় বড বিষয়ীগণ নিমাইকে যথেষ্ট সম্মান করিত এবং সাহাযোর জন্ত জার্থিক সাহায্য করিতেও ক্রটি করিত না। কিন্তু নিমাই অমিতব্যর ছিলেন বলিয়া কিছুই সঞ্চয় হইত না। অতিথির প্রতি নিমাইয়ের বিশেষ যক্ত ছিল। ইহার কিছু দিন পরে গৌরাকচক্ত বল্লভাচার্যার ক্তা লক্ষ্মদেবীর পাণি-গ্রহণ করেন। বৈকার কবিগণের মতে এ বিবাহে শচীর মত ছिल ना, किश्व निमारे डेप्हाशृक्षक विवाद करतन।

অয়দিন মধ্যেই নিমাইয়ের যশে চতুদ্দিক্ পূর্ণ হইল, দলে দলে ছাত্র আদিরা তাঁহার টোলে প্রবেশ করিতে লাগিল। নিমাই প্রায় সকল সময়েই অধ্যয়ন ও অধ্যাপনায় নিবিষ্ট থাকিতেন, মুহর্ত্ত মাত্রও অবকাশ পাইতেন না। নিমাই পণ্ডিত এ সময়েও অভি চঞ্চল স্বভাব, কিন্তু দীর্ঘকায়, স্মগঠিত অঙ্গ, জয়াবধি শরীয়ের কখনও কোনও রোগ হয় নাই বলিয়া বেশ বলিষ্ঠ ছিলেন। প্রভাহ ছইবেলা গঙ্গার সাঁতার কাটিয়া এপারশ ওপার হইতেন এবং প্রতিদিন শিষাগণ লইয়া নগরত্রমণে বাহির হইতেন, যেথানে যাহাকে দেখিতে পাইতেন, অমনি শাস্তালাপ করিতেন।

মৃক্লদত নামক একজন চট্টগ্রামবাসী বৈছকুমার নববীপে অধ্যয়ন করিছেন। ইনি পরম বৈশ্বৰ ও প্রগায়ক ছিলেন,
আবৈতের বাটীভে ভিনি কীর্ত্তন ও গান করিছেন। ইহাকে
পাইলে নিমাই সহজে ছাড়িতে চাহিছেন না। একদিন
গৌরচন্দ্র আপনার নিব্যগণ শইরা বাজপণে ঘাইতেছিলেন,
মুক্ল দ্র হইতে তাহা দেখিতে পাইরা অন্তপণে চলিয়া
গেল, এই সমরে নিমাই পণ্ডিত জ্ঞানের পক্ষপাতী ছিলেন,
ভাহার বদ্যে বিশ্যাত্ত ভাজিভাব দেখা ঘাইত মা, ভক্ত

পুত্ৰ প্ৰীংগাৰ নিকটো বড় খেলিতেন না । অনেকেই অনেক বৰ্কম মীৰাংলা কৰিলেন, কিন্তু নিমাই উপহাল কৰিব। বলি-লেন বে 'বেটা বৈক্ষৰ আমাকে আনেম পক্ষণাতি জানিব। ধাবে মেলেনা, আছা আমিও এক্ৰিন এইবল ডক্ত হইব যে সকল বৈক্ষৰই আমাৰ প্ৰতলে শুভিত হইবে।'

আর একনিন মুকুদের দেখা পাইরা গোরাল তাঁহার হাত ধরিরা ফিল্লানা করিলেন যে 'তুমি আমাকে দেখিরা পালাও কেন, আল বিচার না করিলে ছাড়িব না।' মুকুদ্দ নিমাইকে সাধারণ পণ্ডিত জানিরা ঠকাইবার মানসে অলভারের কঠিন প্রের্ম জিল্লানা করেন। নিমাই পণ্ডিত সহাক্ত বদনে ডংকণাং তাহার অতি ক্ষমর মীমাংসা করিয়া দিলেন। মুকুদ্দ ওনিয়া অবাক্ হইলেন এবং ইনি যে একজন অসাধারণ ব্যক্তি তাহাও বুঝিয়া লইলেন। প্রকৃত্ত পক্ষে নিমাই ব্যাকরণের পণ্ডিত বলিয়া প্রসিদ্ধ ছিলেন, কিন্তু কি দর্শন, কি অলকার, যে কোন শাল্রের বিচার উপন্থিত হইত, তাহাতেই জাহার প্রতিভার বিলক্ষণ পরিচয় পাওয়া যাইত ও বিচারে তিনি জয়লাক্ত করিতেন। একদিন পণ্ডিত গদাধরের সহিত মুক্তি সমুদ্ধে বিচার হয়। গৌরচক্তা তাহার সিদ্ধান্তে শত শত দোষ দিয়া মুক্তিপদের অল্লরূপ ব্যাথা করিয়াছিলেন। ক্রমেই তাহার ঘদ্ধ ও প্রতিপত্তি বাড়িতে লাগিল।

প্রত্যন্থ অপরাছে নগরভ্রমণ করা বিশ্বস্তরের অভ্যাস ছিল।
পাড়া প্রতিবেদী সকলের সহিত্তই তাঁহার বেশ সম্ভাব ছিল,
সকলেই তাঁহাকে প্রাণের মত ভালবাসিত। এই সময়ে
বিস্তার গরিমা ভিন্ন নিমাইরের হৃদর ঈর্ব্যা, অভিমান প্রভৃতি
আর কোন দোবই কল্ডিড ছিল না।

একদিন পথে শ্রীঈশ্বপুরীর সহিত নিমাইরের দেখা হর। আপনার ভাবী অভীপ্ত দেবকে দেখিয়া নিমাই পণ্ডিভের গর্মিত মন্তক আপনা হইতেই বেন অবমত হইল, এই হইতেই তাঁহার জনরের অক্তবলে ভক্তিরসের অভ্নর জন্মিল। পুরীর সহিত নিমাইরের পরিচর হইল, তিনি পুরীকে নিজের গৃহে আনিলেন। ইশ্বপুরী অবৈতের আবাসে অব-ছিতি করিতেন। প্রতিদিন সন্ধ্যার সময় অধ্যাপনা সমাপন করিয়া বিশ্বভর তাঁহাকে প্রশাম করিছেন ও তাঁহার সহিত অরবিত্তর ধর্মপ্রতাবন্ত হইত। একদিন ইশ্বপুরী অরচিত শ্রীক্ষলীলাম্ভ নামক কার্য দেখাইরা নিমাই প্রভিতকে তাহার দোবন্তণ অনুসন্ধান করিতে অন্বরোধ করেন। নিমাই অশ্বীকার করিয়া বলিলেন—

"প্ৰাভূ বলে ভক্ত বাক্যে ক্ৰফের বৰ্ণন । ইহাতে বে দেখে দোৰ পাশী নেই ক্লম ॥ ভতেজ কৰিছ বে তেমভ বেল মহে। দিশন সামীলা প্রীত ভাষাতে নিক্তরে। অভএব ভোষার লে জেমের খর্গন ৷ ইছাতে হোৰিবে কোন সাহসিক কৰা।"

বিদি ভক্তির পান ভনিলেও লবজা করিতেন, ভানের প্রধান चाननार वाराज असान केरक्छ हिन, दनरे विपछत्वत छन्दवत यरनिका अटकरांद्र शतिवृद्धिक एरेन, छाहात्र समत्रवाका चिक्करम चार्म् छ इन्हेन। अहे ऋत्नई टेन्फरखन चारी धर्म-শীবনের প্রসাত। খাহা হউক পুরীর অনুরোধে নিমাই ভাঁছার खाड थक्के वाक्त्र त्यांव वाक्त्रि कविता क्रिक्त । अगाधावन প্রতিভাশালী পুরীও প্রাকারাক্তরে তারা রক্ষা করিকাভিলেন। তাহার কিছুদিন পরে দিমাই বাসুরোগে কাতর হন ও অনেক ठिकिश्मात्र शत ज्ञारत्रात्रात्रात्राक्ष क्राह्म। ट्यांन ट्यांन ट्यांन ट्यांन क्वित्र मराज, और व्यवस्थात काहात मूल हरेएउ हारे अक्ही महा-ভাবের কথা অধীৎ "আৰি ঈশ্বর তোমরা আমাকে চিন না" ইত্যাধি শুৰা গিলাছিল। ইহার আত্ত দিন পরেই গৌরচন্ত্র जलकारण भवन करतम । अरे नगरत हडांश भूक्तराज गरियात কাৰণ কি 🕴 ইহাৰ সমভাৱ হৈৰুৰ কবিগণ হতকেণ কৰে ৰাই। কিন্ত প্ৰান্ত্ৰাৰ মিপ্ৰকৃত প্ৰীকৃষ্ণ চৈত জোননাবলী গ্ৰন্থপাঠে ज्ञान्स नाव त्य, त्व मस्तव मिळालू त्रम्य महीत्क महेवा चराक समीत চরণ বর্ণন করিতে সমহান আহটো গিয়াছিলেন, তখন अन्तराध्यत्र जननी असठी चन्न एएएन एवं, एक एवन विनास्त्रहरून-"শচীর গর্ভে একটা মহাপুরুৰ <del>লগু</del>বছণ করিবেন। এখানে चाकिएम विशेष हरेदा, मान्या मात्र विनय स्तिश्वता, धर्मारे बक्बीरम भाक्षेत्रिया प्रथा । सभावाय-समनी खाँदानिगरक নবৰীপ পাঠাইবার সময় বলিয়াছিলেন রে, শন্চি! জ্রেমার . এই গর্ভে যে সহাপুদ্রৰ জন্মগ্রহণ করিবেল, তাহার সহিত পাশার সাক্ষাৎ করাইলা ফিবে।" পচী সঞ্জঠাকুরাণীর কথার अकिसाल स्टेसंडिएनत । त्संश रत भठी तर्वे अिका अठि-भागातम वाक तिमादिक धूर्वतक गरेतात अञ्चलि करान। ক্ষি ইচকভোলনাৰণীতে চৈকজেৰ মন্ত্ৰাসগ্ৰহণের পরও लान अक्स्नेत श्रीवृष्टिशंवटनम् कथा चाटक (১)। निगरि

> (३) ंध्यम्पमः व्याप्तकीः व्याप्ता नवाविष्ठमात्वीर वाहः।.. क्षा व्यक्तिपृत्वश्रीमध्य कन्त्रात व वस्त्रवाष्ट्रः । २० भागोहः के संस्कृत विद्यानकत्त्रम् विक्रमा । अभी कर्तित अमा कः भारकदेवनामधीवित्रम् । ১১ निकारका सहका एक करममात्मन एव नुन्। **क्र गर्छ बहाकारम भूकरवा रवा कविवाछि।** ১৮ अञ्चानदम् क्यातिमः विवृक्षामित्रं वर्ज्यकः। ৰীকুডোভি স্থায়তা ব্ৰহীপে পুৱাৰৰ 🖟 ১৯

विश्व शृक्ततात्वत एकान् कारण श्रमक कविवाहिरणन छ। हेकान् কোন বেশ প্রাচন ক্রিয়াছিলেন, তাহার কোল বিবরণ गों खत्रा बाब मा। एटन धरे माज शाखना बाब एन, किनि निया-গৰ পরিবৃত হইরা পদানদীর তীবে আসিরাছিলেন। ইহার शृटर्सरे नियारे शिक्षाच्या यम-त्मोत्रक मूर्सवरक विकील रहेता

> कटकार्यक्र भागभीतः वपन्कार क्वकाविवन । देखि माजू रहः संपा बिटिक्स्मा बहासन्: । ५० **७ खत्रा जीवता नडम् गळन् मध्याक (तार**ा अलारको वत्रभंकारका अभिनायक्ष्मविहस्त । २० र्जअवस्थितं (कांका विविधान क्रमात मः । ववारिक क्रम्बाक्त हो कावणक रिविद्यानिक । २२ क्लक्ष्मिक कल् है। बाजवायाव्याविक्य । क्षत्रां क्षत्राः क्षत्रः (अहा वाष्ट्रेश्वित्रान्त्राहेशः । २७ লবায়ুকঃ প্রাভুক্তর স্থুক্ষক কেন্দ্রে 🕽 विनामकर निर्वालय श्रुकतिगाया छ छ । २० बाक्षमत्रा काशतिका हाजाग्रम कात्रम् । পিতৃত্বসূত্রে প্রাপাৎ শুগুরুলাবনার্ডরে। ২৫ **७११ळ विद्यानकी ह**्यूचा वर्षानको नको । কলা জক্ষানি ৰতানমিতি চিন্তালয়ক্তৰং 4 ৯4 : भाश क्रीकुक्टेब्रक्काः महमकाञ्च सर्वामितिः । (बस्यूम्राध्याविक्यंक वृत्यार्थक्यंकः सामुः । ३१ एकिनः कः नगदिनांका द्वीना प्रक्षनांविष् । শীত্র যাগছে যাভবং পঞ্চ ভিক্ররোভ্যন্। ২৮ चलाब वद्रमः श्रीद्रावदः मर्क मानाद्वन् । ইতি অভাতু খুৱা সা পৃহানিগতা সম্বন্ । ২১ महे । किक्मरेहरुकः मात्रात्रन बज्जनकन्। केच्छ्रबाध्यः नवामाक देखि वृद्धा यनकारः । १० क्रोप्त क्यांग्यसः क्रांक त्यांचा प्रात्नावश्यक्षा । माक्षामा वर्गम्या होता वर्गमा विद्य । 🕬 हाक्रारकाक्षाः निर्धायकाः अध्यक्षः नाक्रामीपहः । कुन्ता कुक्टिक्कुक्ट्रेक नितिवार नेट्यो । ७३ नित्रका यूत्रधर्त्वाणीम् कृत्रकार विश्वात्रतः। 🖫 वर्गशामाम युद्धारेत च चत्रभः वत्रानिधिः ३ ७० ষ্টাল্পবন্নং সালি বিশ্বিতা ভক্তিসংবৃতা। লমন্তভাং ভগৰতে ইত্যাহ প্লকার্তা। ৬৬ वर्नप्रिया निवर कांत्रर अक्ना जा निरात्रिको। माक्राविकानि मा नहीं भूमाप्तर महावडा ७१ निजाबंदरक बढाका रेगज़कर दावरबरह। **करातरो उनक्छ**्र यात्राच्य एत्रानिय । 🖘 बुखिशीत्मा विवयमार भूदेवन्त भक्तिः मह। ७७ लोका चुंडिहोना सीनिगणि क्या निर्णा। हं • अवन्त्राक्त काववा। वार्यमाध्यापि बक्तः । शानदानि चन्द्र शोजान नम्हानानिह दिए: । ३১

্তিল্ া ভাইটেক বেশে পাইয়া সকলেই পর্যালয় ক্রিকে লাগিল। অনেকেই তাঁহার হত টিপ্লীর সাহায্যে ভাষায়ন করিতেছিল এবং অর্থানি সংগ্রহ করিরা <mark>উাহা</mark>র निकटले व्यातन कतियोव योगदन नवबीदन वहिबाद खरन्यान कतिएकिन। अरे नवरत नियारिगारक चरत्रत द्वारत পাইয়া তাহাদের আর আনন্দের নীমা থাকিল না। ভিনিও টোল করিয়া রীজিমত শিক্ষা দিতে লাগিলেন। বলদেশে অবন্থিতিকালে তপনমিশ্ৰ নামে একজন নিরীহ সারগ্রাহী ত্রান্ধণের স্থিত নিমাইরের পরিচর হয়। গৌরাল ভাছাকে व्यत्नक উপদেশ निशाःकानीः পাঠाইয়ाছিলেন : এবং বলিয়া-ছিলেন যে ভবিশ্বতে ঐ স্থানে তাঁহার সহিত সান্দাৎ হইবে। চৈতভ্রমান গ্রন্থকার বর্ষেন যে, সেই সমরে তিনি रित्रनाटमत्र दनोका मार्जारेबा मञ्जन, इर्जन, आठाती, विठाती, পতিত ও অধম সকলকেই পরিত্রাণ করিয়াছিলেন। আশ্চর্য্যের কথা এই বে. যখন নবৰীপে ছিলেন, তখন এভাব কিছুই ছিল না, আবার যখন নদীয়ার ফিরিয়া আসিলেন, তখনও এই ভাব किছ त्रश्नि ना, अथा वक्टबर्टन गारेबा आश्नात छाती জীবনের সেই অমোদ শক্তি বিস্তার করিয়া সকলচক ইরিনামে माठारेलन धर निष्कु छक्तिराम माठिया छेटिलन। গৌরচক্র পরম অথে অভিবাহিত করিতেছেন, এই সমরে নবদীপে তাঁহার খরে বিপদ্ উপস্থিত। তাঁহার গৃহ-ত্যাগের কিছুদিন পরে দৈবাৎ রজনীযোগে স্পাঘাতে তাঁহার প্রেরপত্নী লক্ষীঠাকুরাণীর প্রাণবিয়োগ হইল। শচীর স্থাথের शृह विवारित अक्ककांद्र एका शिक्त। किङ्कतिन शद्र গৌরচক্র দেশে প্রভ্যাগমন করেন। বঙ্গদ্ধেশীর ছাত্রগণ তাঁহাকে নানাপ্ৰকার ধন সামগ্রী উপঢ়োকন দের। নিমাই পণ্ডিত করেকমাস পরে বছশিয়া ও ধন সম্পত্তি সঙ্গে লইয়া নব্দীপাভিমুখে আসিলেন। তখন তাঁহার হৃদর থানি উৎসাহপূর্ণ এবং অনেক দিন পরে জননী ও ভার্য্যার সহিত মিলিত হইবেন, এই আশায় প্রাণ আখাসিত ছিল। কিন্ত হায়। তথনও তিনি জানিতে পারেন নাই যে তাঁহার আশা ভীষণ নিরাশায় পরিণত হইবে। সন্ধার সময় বাড়ী পৌছিয়া

বৈদ্যাসক ততোগন্ধ কুপে সংখাণ্যস্থ ।

কুলগোপেন্বঃ দুইন গিকামহপুনন্ধগাৎ । ৪২
পন্নমানৰপদ্ধী তু স্থানা ছজিসংখুতা ।
বিধানান্ত্ৰাক্ষণ তং ভোৰসান্ত্ৰস মাতৃৰং । ০০
এতিআ ব্যাহ্ৰমানক্ষ্ সঞ্জোৰ চ পিতৃস্বীং ।
বনং হিন্নাৰ চৈতন্যে মনাম জিতিবগঞ্চন ॥ ৫০

( হৈতব্যোগয়াৰণী ৬ সৰ্গ )

সর্বাধ্যে জননীর চরণ ব্যাস করিছেন করিছেন। জাকুরাধী ব্যাদের উক্ষ্ সিত শোকাবের প্রায়স করিছেনি নিনাইকে আশী-র্বাদ করিলেন। জানক প্রাজিবেনী নিনাইকে পরীবিবোগের সংবাদ বলিয়া ক্রেন অই নিনারণ করেছেন কিছুকালের জন্ত গোরালের নামক অবসত হইন ও অঞ্চারা গগুরুল বহিরা প্রবাহিত হইন। অবশেষে জননীকে অভ্যন্ত কাত্র জানিরা উপদেশ দিতে লাগিলেন—

শ্রেজু বলে মাতা হৃঃখ ভাব কি কারণ।
ভবিভব্য যে আছে তা থিপ্তবে কেমন ॥
তেই মত কালগত কেহ কারও নয়।
অতএব সংসার শনিত্য বেদে কয়॥
কীখরের অধীন সে সকল সংসার।
সংযোগ বিয়োগ কে করিতে পারে আর ॥
অতএব যে হইল দীখর ইছোর।
সেই সে হইল কি কার্য্য হৃঃখ তার॥"

নিমাই পণ্ডিত এইরপ উপদেশ আর কখনও দেন নাই।
বোধ হর পদ্মীবিরোধ হইতেই প্রথম তাহার হানরে দংসার
অসার রলিয়া বোধ হইয়ছিল। দিন দিন শোক কমিয়া আসিল,
গৌরাল নিজের চতুস্পাঠীতে জাঁক জমকের সহিত আবার
পড়াইতে লাগিলেন। এই সমরে তিনি নিজের পড়ুয়াদের
মধ্যে সন্ধ্যাবন্দনাদি ও কপালে তিলক ধারণ প্রভৃতি বান্ধণের
কর্তব্য কর্মের অন্তর্গান না দেখিলে শাসন করিতেন, কিছ এ
বয়নেও তাঁহার চাপল্যভাব সম্পূর্ণ বার নাই।

সনাতন নামে একজন সহংশক্ষাত প্রাক্ষণ নবহীপে বাস ক্রিভেন। বংশপরস্পারাক্রমেই তাঁহারা রাজপণ্ডিত ছিলেন, তাঁহাদের সম্পত্তিও বড় কম মহে। তাঁহার কল্পা বিঞ্-প্রিয়ার সহিত নিমাইরের বিবাহের প্রস্তাব চলিল। সনাতন নিমাইকে দেখিরা ঈশরের অবতার বলিরা ছির করিয়া-ছিলেন। এই প্রতাবে তাঁহার আন্তম্পের সীমা থাকিল না। কিন্তু নিমাই বিবাহে অমত করেন, পচর জননীর আগ্রহে বিবাহ ক্রিভে সমত হন। নিমাইরের নিজের অবস্থা ভাল না হইলেও এই বিবাহে জনেক ব্যব্ধ হইরাছিল। নবহীপের প্রধান ধনী বৃদ্ধিবন্ধ থাঁ, মুকুন্দ, সম্পন্ন ও প্রধান প্রধান ছাত্র-গণ এই ব্যরভার বহন করিরাছিলেন। বাজবিক রাজপ্রের বিবাহের ভার নিমাইরের বিতীর পরিকর ইইরাছিল।

এই সমরে কেশব ভারতী নামে জনৈক কান্মীরী দিখি-জরী পণ্ডিত নবছীপ জর করিতে আসিরাছিলেন। তিনি একরপ সকলকেই শাল্পে পরাজর করেন, কিন্তু নিমাই তংক্ত একটা লোকে কতকগুলি আসভারিক দোব দেখাইরা ন্তাহার পর্বা শ্রেক্সকার করা কেশন প্রাক্তিত ও নিমাইরের শ্রেক্সকার কর্মকার করা করা করা হারাছিলেন ৮ ১১১৮৮

কিছুদিন পরে নেবের আঁচলিক আবাহুসারে স্বৌরচজ্র পরা মাজা করেন। আঁহার মেন্সে চক্রনেবর ও অনেক পড়ুরা গৌরের সহিত পরাধানে পরন করেন। গলার ধারে ধারে চলিরা আসিয়া মান্দারণে নিমাইরের জর হইল। সঙ্গীরা সকলেই বিষম চিন্তার পড়িলেন। পরিশেষে নিমাই সেধান-কার আন্ধণের পাদোদক পান করিয়া প্রাণনাশক ব্যাধি হইতে আর্যাধারণাত করেন।

গৌরাক গরার বাইয়া ত্রক্তুঙে সান করিকেন এবং পিতৃ-কার্যাও নমাধান করিতে লাগিলেন। তিনি সঙ্গীগণের সহিত বিষ্ণুপ্ৰতিক দেখিতে যাব। গ্যালী পাঞ্জাগণ পাদ-চিচ্ছের আবরণ উন্মুক্ত করিয়া পালপদ্ধের মহিমা কীর্ত্তন করিতে লাগিল। গৌরের ভাবপ্রবণ হরুরে অমনি ভাবোচ্ছাস উथनिया উঠिन। ठाँशांत्र समरतत चांछाविक व्यवचारे छावमय. এতদিন পাণ্ডিত্যের রূপাড়বরে তাহা ঢাকিয়াছিল। ভভক্ষণে আবরণ উন্মুক্ত হইল। নিমাই একলুটো সেই পদচিক্ষ পানে छाहिया बहित्यन, छाहात्र मृत्य वाका नाहे, भंतीरत द्यामाध्य ७ স্বেদ প্রভৃতি সকল ভাবই প্রকাশ পাইল। গৌরাকের এইরূপ ভাব দেখিয়া সকলেই স্তম্ভিত হইয়া গেলেন। অনেকেই দেখিতে चानित्वन: त्वारकः त्वाकात्रगा इटेन। त्रहे. पर्यक्र अवीत मधा क्रेश्वतथती । क्रिकार मिनारेखत एनरे अवस् । एनिया ঈশ্বপুরী তাঁহাকে ধরিলেন। তথন নিমাইবের বাছজ্ঞান হইণ। हेरांत भरत मेथवभूतीत निकार निमार मनाकती मा मीकिल हत । भीकार निमारे अजीहेरनरक निरंतन कतिरगन-

"তবে প্রভু প্রদক্ষিণ করিয়া পুরীরে।
প্রভু বলে দেহ আমি দিলাম তোমারে।
হেন শুভদৃষ্টি তুমি করহ আমারে।
বেন আমি ভাসি ক্লঞ্প্রেমের সাগরে॥"

ইহার কিছুদিন পরে ইশ্বরপুরী অন্তর্হিত হন। এখন হতিত দিন দিন গৌরের ধর্মরাজ্যের পথ প্রশন্ত হতৈতে লাগিল, নিমাইরের প্রকৃতি ক্রমেই পরিবর্ত্তিত হতৈতে, নিমাই বাক্যালাপ ছাড়িলেন। নিতাত প্রয়োজন হতলে সলী-গণের সহিত হত একটা কথা কহিতেন, তাহা ছাড়া প্রায়ই নিভতে বসিরা প্রকণত মন্ত্র ক্লাক বলিয়া উঠিলেন—

> শ্বক্ষতে ! বাগরে ! প্রাণ স্বীনন প্রীংরি । কোন্ দিকে গেলা মোর প্রাণ ক্রি চুরি। পাইছ স্থার মোর কোন দিকে গেলা। ।

তাহার স্কীলন তাহাতে অনেক প্রকারে সাহনা করিয়া
দেশে বাইতে অহুরোধ করিলে, ভিন্তিকাঁদিতে কাঁদিতে বলিতে
লাগিলেন, "বহুগণ ভোমরা দেশে কিরিরা কাও, আমি আর
দেশে বাইব না, বেধানে বাইলে আমার প্রাণনাথের সহিত
দেখা হইবে, আমি তথার চলিরা বাইব।" ইহার শরে এক
দিন গভীর রজনীবোলে সমভিব্যাহারী লোকদিগকে না
বলিরা তিলি মধুরার বাইবেন বলিরা বাহির হইরাছিলেন।
শথে দৈববাণীভনিরা ফিরিরা আনেন। চল্রশেধর ও নিমাইরের
শিব্যগণ বড় বিপদে পড়িলেন, পরে নিমাইকে নানামত
প্রবোধ দিরা গৃহে কিরাইরা আনেন। সকলে পৌষমানের
শেবে নববীপে প্রত্যাগমন করিরাছিলেন।

পৌরচক্র গয়া হইতে নবজীবন লাভ করিয়া বাটীতে আদিলেন, সে মাহুষ নাই, সে ভাব নাই, সে চেহারা নাই, ফার্সিয় জ্যোতিঃ পড়িয়া সকলই ন্তন হইয়া গিয়াছে। পাঙিত্য, পর্ব্ব ও চাঞ্চল্যের স্থানে ব্যাক্লতা ও বিনয় অধিকার করি-য়াছে। নিমাইটাদ ভাবে বিভোর হইয়া বধন নদীয়ার রাজপথ দিয়া গৃহাভিম্ধে বাইতে লাগিলেন, তখনকার ভাব দেখিয়া নবদীপানী সকলেই অবাক্ হইয়া গেল।

বিশ্বন্তর জননীর চরণবন্দন ও বিষ্ণুপ্রিয়ার সহিত তুই
একটা মিষ্টালাপ করিরা অধ্যাপক মহাশরের সহিত দেখা
করিতে যান। তিনি পুনর্কার অধ্যাপনা আরম্ভ করিতে
উপদেশ দেন। বিশ্বন্তর শ্রীমান্ পণ্ডিত, সদাশিব কবিরাজ ও
মুরারিগুপ্তের নিকটে গরার যে অপূর্ক ভগবানের লীলা
দেখিরাছেন তাহা বলিতে লাগিলেন, বলিতে বলিতে তাঁহার
নর্মন্যুগল দিরা অশ্রুধারা পড়িতে লাগিল, শেষে ইং ক্লফ,
কোখা কৃষ্ণু" বলিয়া কাঁদিয়া উঠিলেন। এই তিন ব্যক্তি পূর্ক
হইতেই পর্ম বৈষ্ণুব ছিলেন, নিমাইয়ের ভাব দর্শনে তাঁহাদের
আর আনন্দের সীমা থাকিল না।

পরনিন শ্রীমান্ পণ্ডিত শ্রীবাসের বাড়ীতে সমাগত বৈক্তবদলের মধ্যে নিমাই পণ্ডিতের নবজীরনের কথা প্রকাশ করিলেন, বৈক্ষবমণ্ডলী আনন্দে হরিধ্বনি করিয়া উঠিলেন।
পূর্বানিগুপ্ত শুরারর ব্রহ্মচারীর কুটারে বথা সময়ে মিলিত হন।
স্বারিগুপ্ত শুরারর ব্রহ্মচারীর কুটারে বথা সময়ে মিলিত হন।
স্বারগুপ্ত শুরারর ব্রহ্মচারীর কুটারে বথা সময়ে মিলিত হন।
স্বারগুপ্ত শুরারর ব্রহ্মচারীর কুটারে বথা সময়ে মিলিত হন।
স্বাধার পণ্ডিতকে আলিতে না বলিলেও তিনি নিমাই পণ্ডিতের মনোহাথের কাহিনী শুনিবার জন্ম শুরাবরের গৃহাত্যস্তরে লুকাইয়া থাকিলেন। শুরাবর ব্রহ্মচারী একজন
উদাসীন বৈক্ষম, নানাতীর্থ পর্যটন করিয়া নবদীপে গ্রহার
ধারে একটা কুটার নির্মাণ করিয়া বাস করিতেহিকেন।
ইনি অতিশয় সংপ্রস্থতি ও বিশ্বভ্রের পূর্বপরিক্তিত। ভাই

विवास स्थित अफ्िक राष्ट्रिक राष्ट्रशाम बारेटक निवादे अक्टबार अविकाशितका किङ्गान गाउ महीनवन अक्तिपानम खेवी-পৰ প্ৰোক আবৃত্তি করিতে করিতে বাক্তান্ত্ৰত কৰিব কৰাৰ खिलक्कि प्रशेषन । अभाव पश्चिम "हा माथ । दर्शना बाद । पः পাট্ডা চারাইলাম" এইছপ প্রীথলের ছার কড়ই বলিছে লাগি-লেন এবং দুৰ্ভিত হুইয়া পঞ্জিৱা পেলেন । জাহাত্ম এই বছাভাব त्विता देवक्षेत्रक्षणीत्र स्वतंत्र त्यामाक्तांत्व वाकिता केठिन, नकरनहे जारब विरक्षांच बहेबा बाहिएक. बाजिएक अ नमरत সৰলে কাৰিতে লাগিলেন। কিছকান পরে দিলাইবের চেতনা হইব, তিমি মহাভাবে **উদ্বন্ধ হইনা অমু**ভাপ করিছে লাগিলেন। ভক্লাদরের কুটার প্রেম্মর হইরা গেল। অপরাক্ত উপস্থিত। ক্তি ফাহারও লে জান বাই, নিবাই পশ্তিত বে ভর্কে ডবি-बाइन छालाता मकरमरे छालाए नव। छालारमञ् अवेजन छोव दिनश्री श्रमाश्य कांच देवाँ बढिएक शामित्वन ना. श्रेष्ट यथा करेटक कांत्रिया केंद्रीरकन। क्रिमार्ट कांत्राय कांत्रव विकास करांच मकरणहे बालाधरबाद व्यक्तक खामाना कविता छाङारक वाहित्त व्यक्तिताम, श्राधक केंगाएक महिक माहित्क माहक करि-লেন। সন্ধ্যান্ন সমর বিশাই পশ্চিত ভাবে চুলিতে চুলিতে গৃহে চলিলেন। जमक जिन बालांबाब वह नाहै। भंडी बातक रह করিরা আনাছার করাইলেন। সরবামতী শচীদেবী গৌরাকের এইরপ ছাব বেশিবা কড কি আশহা করিতে লাগিলেন। सवन्ध् विकृष्णिवां धारे कारव वक्के छत्र शाहेबांकिरनन। পর্যান প্রভাবে নিমাই গলাভাস করিরা টোলে পড়াইতে চলিলেম, পড়াইডেও ঘদিলেন, কিন্তু বে যে প্রশ্ন করে ও যাহার রে পাঠ ব্যাখ্যা করেন, ভাষাতেই ছবিনামের মহিমা যাখা করিতে মাগিলেন। এইস্কপ যদিতে বলিতে বাহজান পুত্ত হইয়া হণারুপে ভগবানের মহিমা গান করিতে আরম্ভ कतितन । विदानन दमिक वृतिहा श्री वैविन । अकेक्स क्यकतिब अकील क्षेत्र । नियारे अधानना क्राफिया वितन । শিকাগণের দ্বারো বারারা এপুনির্চ ছিল, ভারারা নিমাইবের অফুনরণ করিল, অথর ছাত্রগণ স্থানাক্তরে চলিয়া গেল ।

তথন গোরাজ্যক তত পড়ুরাপ্থকে লইবা একটা নভীর্তনের বল করিলের। তিনি হাতে তানি নিয়া তাল দেখাইবা নিয়াপ্রকে ঝান শিবাইতে লাখিলেন। যে কীর্কনের মধ্য লহরী বলভুনিকে গাবিক করিবাছিল, গাঁহার ভরতানাতে কম পাবাধ ক্ষরত গানিক মইবা নবজীবন লাভ করিলাছিল, এই লক্ষেত্রাম তাহার প্রশাস্ত গাই লীর্কনে শহরি হলনে নরঃ। গোলার গোবিক লাম কীমধুক্তনে ।"

ा नहीं शतक क्षेत्रम सम्बद्ध विभिन्न निकास कीय व्यक्तिमा । नियादिए मधानन कविया आजक मधाने केवा नाहे क्या गा ৰাহাও হুই একটা উত্তৰ পাইছেন ছাহাও পথাৰুত, কেবল ভগবাদের নাম মহিমা বারে। খচী আর স্থিত থাকিতে পারি-লেন বা, ভাছার পরৰ আছীর ভক্ত জীবাল পথিছের ভাছে त्माक गांडाहेका मरवान कानाहरकम । वीवान हिस्टिक कानि-লেন, তাঁহাকে দেখিবা নিমাইবের ক্লকডজি একেবারে উথলিবা উটিল, থীবাসকে প্রণাম করিতে পিরা দুর্ভিত হইরা প্রতিলেন, किन्दर्भन भारतहे क्रिकन हरेरन खैवालन महिल स्टानक कथा इरेन । व्यवान भठीरक भारतक ध्रारवांव नित्रा हिना শেলেন। ক্রমে নিমাই পণ্ডিভের কথা মইরা নানাভাবে তর্ক विछर्क श्रेटि गांगिन। क्रिस् छान, क्रिस् मन, क्रिस् वा निमा-ইকে পাগদ বলিয়া ব্যাখ্যা করিতে লাগিলেন। বিনিই বাহা बलन ना रकन, निमाहेरक मिधिन चांत्र रंग छाव थाकिछ ना. দকলেই প্রেমফজিতে ভণিরা হাইতেন। বাঁহারা বৈক্ষব-ক্তক তাঁহারা অভিশব আনন্দিত হইলেন, বিশ্বর অনিতীয় পশ্চিত, তিনি ভক্তিপথ অবলয়ন ভবিলে ভাচার উন্নতি व्यवक्रवे स्टेर्ट. देशरे काशास्त्र वानस्त्र ध्रमान कावन। এই সমূরে বিশ্বক্তর সাধুলেবা করিছে বছবার হইবেন ৷ **बिरान वाक्रिक कक्रान्टक मिर्द्रक भारेटन क्राराहिनटक** सम्बोद ७ विटान तक कत्रिएक। ১०० भटक "हति ह्यात नमः" वेजावि कीर्सन टाथम व्यवस व्हेडाहिन।

অবৈতাচার্য্য নামে একজন পরত বৈক্ষর নম্বরীপে বাদ করিছেন। তাঁহার চতুলাচীতে নিনাইটানের বড় ভাই বিখ-ৰূপ ভাগৰত প্ৰভৃতি ভক্তিপ্ৰস্থ অধাৰন কৰিচকন, সেই সময়ে বালক বিশ্বস্তরও মধ্যে মধ্যে তাঁহার চতুস্পারীতে বাইতেন। অবৈতাচার্য্য বিশ্বভাকে দেখিয়া কোন মহাপ্রভাবের অবতার वनिया किंद्र कदिया वाशियाकित्सन। मारसक मिन छनिया গেল, তথাপি তাঁহার ক্রমা কার্ব্যে পরিণত হয় লাই। এক দিন তিনি একটা বছর মুখে দ্বিভারের নবজীবনের কথা ভনিলেন এবং ভাহায় পুর্বান্তিন ভাগবতের একটা লোকের ভাংগ্রা বৃদ্ধিতে না পারিয়া উপবাদ করিয়া পড়িরা किरमा । बांकिकारम चर्च स्पान स "माठाँका । मात किया मारे। बारा विशय भार मारे, क्रांसव मार्स धरे। Cकामांब मध्यम निक व्हेपारक, जेपन सम्बन्धित व्हेपारकत ।" व्याकार्का अपन नवार हात (सोरहर कथा कमित्र) निवानितात (प. 'विव विश्वका बाकविकार वेश्वत रूत, छत्व व्यवकार व्यामात गरिए तथा कविएक चामित्वन।' काहांद शदहरे अकृतिन निमारे গৰাধৱেৰ সহিত অইক্চাচাৰ্ক্যে ৰাজী ৰাইনা উপস্থিত

হন। সেই সময়ে আঠার্য জন্তিরতে তথ্য হইরা তুলসীর সেবা করিতেছিলেন। বিশ্বতারে পার সহিল না, ক্রার জন্তির তরঙ্গ উর্থানা উঠিল ও মহাভাবে মূর্চ্চিত হইরা পড়িলেন। অবৈত সমর বুরিয়া গলাজল, তুলসী ও চলান দিরা নিমাইরের পূজা করিয়া "নমো বজাণ্যদেবার" বলিয়া নমায়ার করিলেম। ইহাতে নিমাইরের অকল্যাণ মনে করিয়া সঙ্গী গদাধর ভীত হইয়াছিলেন। কিছুকাল পরে নিমাইরের সংজ্ঞা হইল। তিনি ভক্তিভরে আচার্য্যকে নময়ার করিয়া বলিতে লাগিলেন, "আচার্য্য আমাকে রূপা করন। আপনার রূপা ব্যক্তীত আমার ক্ষ্মলাভের আলা নাই, আমি আপনার শরণাপর হইলাম।" \* অবৈতাচার্য্যও অল্লবিস্তর বিশ্বভরের প্রশংসা করিতে ফেটা করিলেন না। ইহার কিছুদিল পরে অবৈতাচার্য্য নিমাইকে প্রীফা করিবার জন্ত নবছীপ ছাড়িয়া শান্তিপুর নিজ বাড়ীতে চলিয়া যান।

रि मिन अदेशकार्गा निमार्टिक शृंका करतन, त्मरे मिन ছইতেই বৈক্ষবগণ তাহাকে অন্ত চকে দেখিতে শিথিলেন। সকলেই নিমাইকে ঈশ্বর বা ক্লফের অবতার জ্ঞানে মন-প্রাণে ভক্তি করিতে লাগিলেন। গোরের ভক্তদল দিন দিন বৃদ্ধি হইতে লাগিল। প্রতিদিন সন্ধা হইতে ভক্তগণ মিলিত হইয়া গোরের বহিবাটীতে সংকীর্ত্তন করিতেন। একদিন व्याविष्टे व्यवसाय दर्शात्र हत्त्व नकी निरंगत गंना धतिया विनरनन दर. "যথন আমি গ্রা হইতে আসি, তথন কানাই-নাটশালা গ্রামে প্রাতে একটা ভূবনমোহন পরম স্থন্দর রুক্ষবর্ণ শিশু নাচিতে নাচিতে আমার নিকটে আসিয়া আমাকে আলিঙ্গন করিলেন, আমার মন প্রাণ পবিত্র হইল, কিন্তু আর দেখিতে পাইলাম না।" ইহা ছাড়া প্রতিদিনই প্রায় আবেশের সময় বলিতেন, "ভাই! ক্লফ আনিয়া দিয়া আমার প্রাণ বাঁচাও। ভাই। ক্লফ ভজনা কর, এমন দ্যালু ঠাকুর নাই।" ইহার পরে বাসের বড়ে তাঁহার গৃহে কীর্ত্তন করা হইত। এই সময়ে এক অপুর্ব কীর্ত্তনীয়া মুকুন্দদন্ত মিলিত হন।

নিমাইরের ভাবেরও বিরাম নাই, নর্মধারারও বিশ্রাম নাই। তবে অপর লোক দেখিলে অতিকটে গোপন করিরা থাকিতেন। একদিন গঙ্গাতীরে কতগুলি গাভী দেখিরা ও তাহাদের রব শুনিরা মহাভাবের উদর হইরাছিল।

দিন দিন ভক্তদৰ বৃদ্ধি পাইতে লাগিল, কীৰ্ত্তনও পূৰ্ণমাত্ৰায় চলিতে থাকিল। মাথমালে প্ৰথমে কীৰ্ত্তন আয়ম্ভ হয়,

 কাহারও মতে ঐ সমরে পৌরচক্র "অবৈভাইক" পাঠ করেন। কৈছকাচিত ঐ ৮টা রোক এখনও একতা পাওরা বার । ফারনমানে প্রকৃত প্রভাবে কীর্তন চলিতেছিল। চৈত্রমানের শেবে এই কীর্ত্তন লইয়া সকলেই আন্দোলন করিতে गाशिल। এই সময়ে অপর লোকের প্রবেশ-ভবে যার ক্ষ ক্রিয়া জীবানের মন্দিরে কীর্ত্তন হইত। প্রসাদাস নামক একজন ভক্ত ছাররকা করিতেন। খ্রীবাসভবনে গীত. বাম অভূতি কলরব শুনিয়া সকলে দেখিতে আসিত, কিছ-ৰার ক্লম্ব, প্রবেশ করিবার উপায় নাই। ইহাতে অনেকেই • করনা করিয়া বসিল যে ইছারা সকলে মন্তপায়ী ও জীলোক লইয়া আমোদপ্রমোদ করে, তাই অপরকে যাইতে দেয় মা। পাষ अमरनत क्रमत सनिया उठिन्। তाहाता श्रीवामरक क्रम করিবার জন্ম একটা মিথাকিথা প্রচার করিল যে, "শ্রীবাসকে স্পরিবারে ধরিয়া লইবার জন্ম বাদশাহ লোকজন পাঠাই-রাছেন।" এই সংবাদে জীবাসের হাদয় কাঁপিয়া উঠিল। কিন্তু গন্তীর প্রকৃতি বিশ্বস্তর একটুও ভীত হইলেন না: তিনি বলিলেন যে, 'যদি একান্তই রাজা তোমাকে ধরিতে পাঠার, তবে আমি এই ভাবে তাঁহার নিকটে মাইয়া হরিগুণ কীর্ত্তন করিব, দেখিবে আমার সহিত রাজা এবং সভাসদগণ সকলেই काँ निया छेठित, এবং आमानिशत्क विश्वान कविशा नशान করিবে।' নিমাইটানের মুখে এই সব কথা গুলিয়াও জীবাসের मत्नक এक बादत पुत्र कहेन मा, निमारे दुबिएं शांतिश বলিলেন যে, 'তোমার বিশ্বাস হইতেছে না, দেখ এই চারি বংগরের বালিকাটীকে ক্লফপ্রেমে কাদাইতে পারি কি না গ' এই বলিয়া খ্রীবাদের ভ্রাতৃষ্পুশ্রী চৈতমভাগবতপ্রণেতা বুন্দাবন-षाटमत अननीत हाति वरमद्वत स्मात्र मात्रायगीटक विनटनन् "নারায়ণী মা একবার ক্লঞ্জেমে কাঁদ দেখি।" নারায়ণী অমনি 'হা कृष्ण। हा कृष्ण।' विनिष्ठा ध्यामाद्यार काँ पित्र। উঠিল। তাহা দেখিয়া শ্ৰীৰাদের সন্দেহ মিটিল।

বৈশাথের শেষ কি জ্যৈছের প্রথম এক দিন প্রীবাদের
গৃহে বেলা ছইপ্রহরের সময় নিমাইর নৃসিংহভাবের আবিভাব হয়। তাহাতে তিনি বিষ্ণুণ্টায় উটিয়া বসিরাছিলেন
এবং তাঁহাকে অভিষেক করিবার নিমিত্ত প্রীবাসকে অমুমতি
করেন। শ্রীবাস ও ভক্তবৃন্দ ভাবে বিভোর হইয়া তাঁহাকে
জ্যোতির্ময় দেখিয়াছিল। গলাজল প্রভৃতি দেবোসচারে
তাঁহার অভিষেক হয়। তথন হইতেই মধ্যে মধ্যে নিমাইয়ের
দেবভাব প্রকাশ পাইত, আবিষ্টাবলায় গৌরাল আপনাকে
ঈশ্বর বলিয়া বৃশাইয়া দিতেন এবং ভক্তগণও তাঁহার ঈশ্বয়
প্রত্যক্ষ করিতে বিমুথ হইতেন না। আবেশ চলিয়া রেলে নিমাই
চান পূর্বের ভায় মাম্ব হইয়া দাভভাবে উপাসনা করিছেন।
ইহার কিছুদিন পরে বরাহাবতারের সোকাবেনী বাধা

করিতে শ্রিকা বরাবাবেশ হইয়াছিল। গোরাক বরাহাবেশে মুরারি গুপ্তের ঘলের ঘাইয়া তাঁহার দকল সন্দেহ ভঞ্জন করিয়া দেন। আবেশের শেষ অবস্থার নিমাইটার "আমি ঘাই" বলিয়া মূর্চ্চিত হইতেন, চেতন হইলে আর পূর্বজাবের কোন চিহ্ন দেখা ঘাইত না। এইরূপে ভক্তরণ তাঁহাকে নানারূপে দেখিতে গাগিলেন। এই সময় হইতে গোরাকের ক্ষরত্ব দৃঢ় হইয়া উঠিল। যে সকল ভক্তের মনে কিছু সন্দেহ ছিল, তাহা দিন দিন ভিরোহিত হইল, ভক্তণল এক বাক্যে তাঁহাকে ক্ষর করিয়া ভূলিলেন। এই জ্যেষ্ঠমানেই নিত্যান্দ্র আবিরা মিলিত হন। ইহার বিবরণ নিত্যান্দ্র শশ্বে প্রতিরা। অবধ্ত ভক্তপ্রধান নিত্যান্দ্রের সাহত মিলন হইতে গোরাকের ভাবময় হলরে আরও লহরী উঠিতে থাকিল। নিতাইও ভাবে বিভার হইয়া গেলেন। ভক্তগণ নিতাইকে বলরাম বলিয়া ধারণা করিলেন, নিমাইও তাঁহাকে বড্ডাইরের মত ভক্তি শ্রুৱা করিতেন।

এই সময়ে निমाইটাদের মৃত্রু ছ ভাবাবেশ হইত। এক-দিন ভাবাবেশে শ্রীবাদের কনিষ্ঠ শ্রীরামকে শান্তিপুরে ঘাইয়া অহৈতাচার্য্যকে লইরা আসিতে অনুমতি করেন। জীবাস শান্তিপুরে যাইয়া অবৈতকে আসিবার জন্ম অন্ধরোধ করেন এবং নিমাইকে ঈশবাবভার বলিয়াও প্রতিপাদন করেন। পঞ্জিত অবৈতাচার্য্য শাস্ত্রীয় প্রমাণের অভাবে তাঁহাকে ঈশ্বরা-বতার বলিয়া স্বীকার করেন নাই এবং তাঁহাকে পরীকা করিবার জন্ত নবদীপে আসিয়া লুকাইয়া থাকেন। গৌরাঙ্গ ভাবাবেশে অবৈতের চালাকী ব্ঝিতে পারিয়া তাঁহাকে ডাকা-ইয়া আনেন। কেই সময়ে নিমাইয়ের নৃসিংহভাবের আবির্জাব हरेशांकिन। मिथियां अनिता चरेषट्यत मन जिकिया श्रीन। ইহার কিছুদিন পরে অবৈতাচার্য্য নিজের ইপ্তযুর্তিরূপে গৌরাঙ্গকে দেখিতে পাইয়া তাঁহাকে ঈশ্বর বলিতেন, তাহা শুনিতে পাইলে নিমাই যোরতর প্রতিবাদ করিয়া আপনাকে সামান্ত মানৰ বলিয়া প্রতিপাদন করিতেন। কিন্তু জাবিষ্টা-বস্থায় নিজমুথেই আপনাকে ঈশর বলিতেন।

একদিন কীর্জনানন্দে বিভোর হইয়া বিশ্বস্তর "বাপরে প্রার্ক'! তোমায় কবে দেখিব" বলিয়া রোদন করেন। তথন কেহই ইহার বিশেষ মর্ম্ম পাইল না। কিছুদিন পরে চট্টগ্রামনিরাসী পুগুরীক বিভানিধি আলিয়া নিমাইরের সহিত মিলিভ হন। ইনি একজন পরমভক্ত। নিমাইটার ইক্সাকে বড় মান্ত করিতেন।

पृष्टे अक मास्त्रज्ञ मध्याचे जातक व्यथानः त्यांक त्योजास्त्रज्ञ । जरू रहेश जितिस्त्र । जरूसिस मध्या निकाने, जात्राज्ञ,

भंगायत, व्यवान, सूत्राहि, यूकून, नत्रवित, शंकावान, ठळाइन्थत, शूक्रदर्शकम (चत्रान नांद्रमाकृत), वटकचत्र, नांद्रमानत, कशवानन, शांविन्त, माथव, वांक्य स्थाय, नांत्रक छ इतिमान हैशता ध्यथान। [हेशांत्रत्र विवत्रण कद कद्मदन सहेता।

এই সময়ে গৌরাজ অনেক ভক্তের মনোগত গোপনীর কথা প্রকাশ করিতেন। তাহাতে তাঁহাদের বিখাস আরও বাড়িতে লাগিল। একদিন নিমাইরের জননী ব্রপ্নে নিমাইরের ক্ষক্র্মিতি ও নিডাইরের বলরামর্শ্তি অবলোকন করেন। এই সমরে ভক্ত শ্রীবাসাদির পরামর্শে বৃদ্ধাশচী নিজপুত্র নিমাইকে ক্ষক্তভানে অর্চনা করিরাছিলেন।

ইহার কিছুদিন পরে রাত্রিতে কীর্ত্তন হইত। এই সমর হইতে কীর্ত্তনের প্রকৃতিও. কিছু কিছু পরিবর্তিত হইতে লাগিল। এতদিন সকলে মিলিয়া কীর্ত্তন করিতেন। গৌরাকের বহিবাটী, চক্রশেথর ও শ্রীবাসের গৃহে কীর্ত্তন হইত। এখন আর সে নিয়ম থাকিল না, পৃথক্ পৃথক্ সম্প্রদায় হইয়া পৃথক্ পৃথক্ ছানে কীর্ত্তন হইতে লাগিল। প্রতি একাদনীর রজনীতে মহাধ্মধামের সহিত কীর্ত্তন হইত। একদিন আবেশ অবহার নিমাই শ্রীধরকে নিয়া এসোঁ বলিয়া চীৎকার করেন। কিছ শ্রীধরকে কেহই চিনিতে পারিল না। পরে নিমাই বলিয়া দিলেন, "দরিক্র থোলাবেচা শ্রীধর।" ভক্তদল যাইয়া তাহাকে লইয়া আসিল। শ্রীধর এক পরমভক্ত।

একদিন রাত্রিতে শ্রীবাদের ভবনে কীর্ত্তন হইতেছিল।
হঠাৎ ভাবাবেশে গৌরাক মৃচ্ছিত হন। এই ভাবাবেশ প্রায়
তৃতীয় প্রহরকাল ছিল, শরীরে স্পান্দ বা খাস প্রখাস কিছুই
ছিল না। ভক্তদেল নিমাইরের এই অবস্থার বড়ই ভীত হইয়াছিলেন, শেষে কীর্ত্তনের রবে বিশ্বস্তারের চেতনা হয়। বৈষ্ণবগণ ইহাকে মহাভাব-প্রকাশ বলিয়া থাকেন।

মুকুলদন্ত নিমাইরের অতিশন্ধ প্রিরণাত্র ছিল, ইহার স্থম-ধুর গানে তাঁহার বড়ই আনন্দ হইত। বিশ্বস্তরের এক দিন মহাভাবের প্রকাশ হয়। সেইদিন সকল ভক্তকে তিনি অভীইবর প্রদান করিয়াছিলেন।

নিমাই দিবানিশি ক্লফপ্রেমানন্দে বিভোর। ইহাতে
শচী বড় হংগ অমুভব করিতে লাগিলেন। শচীর ইছা
নিমাই সংসারী হইরা শ্রীমতী বিশুপ্রিরার সহিত আমোদ
প্রমোদ করেন। বিশ্বভর মারের মনোগত ভাব জানিতে
পারিরা তাঁহার সভোবের জভ শ্রীমতীকে লইরা রক্লনীতে
কথন কথন দিবাভাগেও আমোদ করিতেন। একদিন
নিমাইটাদ বিশুপ্রিরাকে লইরা বলিরা আছেন, এমন সমরে
নিতাই উলল হইরা তথার উপস্থিত হল; ইহাতেও বিশ্বভরের

বিকার উপস্থিত হয় নাই। এই ঘটনাটা চৈতক্সভাগরতে অতি বিভ্ত ভাবে বর্ণিত আছে। কিন্তু চৈতক্সচরিভাযুত প্রেভৃতি গ্রন্থে ইহার কোন উল্লেখ নাই।

এই সমঙ্কে অনেকেই নিমাইরের নিকটে উপদেশ নইতে বাইতেন। বিশ্বস্তুর সকলকেই ব্যহমারদীরের—

হরেনাম হরেনাম হরেনাথৈব কেবলম্।
কলৌ নাজ্যেব নাজ্যেব নাজ্যেব গতিরক্তথা।।"
এই শ্লোকটা উপদেশ দিতেন। ইহাছাড়া তাঁহার প্রবর্ত্তিত
ধর্মের স্ত্রমন্ত্রপ আর একটা শ্লোকও বলিতেন—

"তুণাদপি স্থনীচেন তরোরিব সহিত্তা। व्यमानिमा मानएनन कीर्जिनीयः नमा हतिः।" (शकावनी २० व्य॰) **এই লোকটা নিমাই**রের নিজক্বত বলিয়া প্রকাশ আছে। এই সময়ে শ্রীবাসের খরে খাররোধ করিয়া কীর্ত্তন হইত। এই রকম এক বংসর চলিয়া গেল। পাষ্ডদল তথায় गहिए ना शांतिया हैशाएमत अनिष्ठे माधरनत अरनक एठहा করিতে লাগিল। গোপাল চাপাল নামক জনৈক পায়ত এক দিন রাত্রিকালে হরিদ্রা, নিন্দুর, রক্তচন্দন ও মন্থ প্রভৃতি শ্রীবাসের গৃহ্ছারে রাখিনাছিল, তাহার মনের ভাব প্রাতে मकरन छोटा दाविज्ञा टेहानिशत्क क्लीहाजी मदन क्रिट्र । তাহার কিছদিন পরে নাকি গোপালের ভরানক কুঠরোগ হইয়াছিল। আর একদিন একজন সরল চিত্ত ব্রাহ্মণ প্রেমে মত্ত হট্যা কীর্ত্তন শুনিতে আসিয়াছিল, কিন্ত ছার ক্রম থাকার তাঁহার অদৃষ্টে কীর্ত্তন দেখা ঘটল না। তৎপরে কোন দিন निमारे ममल भन्नानान कतिए यारेए हिलन, तम ममस धे বান্ধণ নিমাইয়ের নিকট আসিয়া বলিল, "তুমি আমার মনোত্রংথ দিয়াছ। অভএব তোমার সংসার অথ বিনষ্ট হউক।" বিশ্বস্তর এই শাপ শুনিয়া অতিশয় আনন্দিত इटेरनन এवः बाक्षणरक मळवान निया गनाय हिनया गिरनन। ইছার পরে নিমাইয়ের আম্রণীলা। বৈষ্ণবক্ষিণ্ণ বলেন বে বিশ্বস্তুর ভক্তগণের মনস্কৃত্তির জন্তু একদিন একটা আমের আঁটা রোপণ করিয়াছিলেন, দেখিতে না দেখিতে বেশ লম্বা চওড়া একটা গাছ হইল, আৰ হইল, পাকিল এবং ভজ-গণ আফে লাকে ডালে চডিয়া আম ছিঁডিয়া থাইতে বিলন, जकरनत्रहे छत्रशृद्ध (शहे हहेन, आमंगे क्लि ठिक जिरेत्रशहे থাকিয়া গেল। প্রভ্যেক বংসরের সেবে এইরপ আত্রলীলা করা হইত।

অতদিন ছার ক্রম করিরা গৌলের ধর্মনাধন' ইইতেছিল, বাহিরেল্ল লোকে ভিতরের তর্ক কিছুই জানিতে পারেন নাই। একদিন ভাবাবেশে গোঁরচক্র নিভানন্দ ও হরিদাসকে ভাকিরা বলিলেন, "ভোমরা ছইজনে আজ হইতে নবদীপের প্রতি বরে ঘরে বাইরা হরিনাম প্রচার করিঁতে আরম্ভ কর। যাহাকে দেখিবে, তাহাকে মিনতি করিরা হরিনাম সাধন করিতে উপদেশ দিবে। ইহাতে ব্রাহ্মণ, চঙাল বা জীপুরুষ বলিয়া কোন ভেদ করিবে না, সকলেই সমান অধিকারী। দিনাতে প্রচারর্ভান্ত আমার নিকটে আসিয়া বলিয়া যাইও।" প্রচারের আদেশ শুনিরা ভক্তমগুলী মহা আনন্দলাভ করিলেন। 'নিত্যানন্দ ও হরিদাস প্রচারক হইয়া ঘরে ঘরে হরিনাম প্রচার করিতে লাগিলেন। তাহারা লোক দেখিলে—

"বিল কৃষ্ণ, গাপি কৃষ্ণ, ভৰাহ কৃষ্ণেরে। কৃষ্ণ প্রাণি, কৃষ্ণ ধন, কৃষ্ণ সে জীবন, হেনে কৃষ্ণ বেল ভাই কেরি এক মন।"

এই বলিয়া উপদেশ দিতেন। যে হরিনাম প্রচারক্ষেত্র বৃদ্ধি পাইয়া এক সময়ে ভারতের প্রায় সর্বত ব্যাপিয়াছিল, তাহার পুত্রপাত এই রূপে হইল। জগাই মাধাই নামক চুইজন পাপাচারী ইহাদের উপদেশেই পরম বৈষ্ণব হইরাছিল। জগাই মাধাই পরিত্রাণে বিশ্বস্তরের কোন মাহাত্ম্য প্রকাশ নাই, কেবল নিতাইয়ের শক্তিতেই তাহাদের পরিত্রাণ হয়। ইহারা প্রথমে নিতাইকে প্রহার করিয়াছিল শুনিরা বিশ্বস্তর অতিশয় ক্রদ্ধ হইয়া তাহাদিগকে দও দিতে উন্নত হন, পরে নিত্যা-मत्मत्र अञ्चनत्र काञ्च रहेत्राहित्मन। हेरात्रा विनीए छात्व বৈষ্ণবধর্মে দীক্ষিত হইকে গৌরচন্দ্র ইহাদের প্রতি অতিশর সন্মাবহার করিয়াছিলেন। ইহার পরে কিছু দিন পর্যান্ত আর কোন বিশেষ ঘটনা ঘটে নাই। একদিন অবৈতের স্থিত কোঁদল করিয়া নিমাই জলে ঝাঁপ দিয়াছিলেন। এই ममार्य निमारेश्वत जाल बाँल एक्खा धक्ती त्वांश इरेग्राहिन। এক দিন গৌরাজ সন্ধীর্ত্তনান্তে গঙ্গালান করিকে ঘাইতে-ছেন, এমন সমরে একজন মান্তা ব্রাহ্মণপত্নী তাঁহার সন্মধে পতিত হইয়া "তুমি আমাকে উদ্ধার কর" বলিয়া তাঁহার পদ ম্পর্শ করিল। ইহা দেখিয়া গৌরাঙ্গ শুস্তিত হইলেন, তাঁহার মুখখানি মলিন হইয়া আসিল। কিছুকাল পরে তিনি প্রাণত্যাগ করিবেন বলিয়া গলায় ঝল্প প্রদান করিলেন। পরিশেষে নিতাই তাঁহাকে ভীরে উঠাইয়াছিলেন। চেতন হইলে নিমাই আপনার লঘুতা ও ভিক ব্রাহ্মণপত্নী তাঁহার পদম্পর্ল করিয়া তাঁহাকে ক্লের নিকট অপরাধী করিয়াছে' ইভ্যাদি বলিয়া অনেক আক্রেপ করিতে লাগিলেন। শুরুষের নামক জনৈক रिकार उमाराती नवदीर्भ वांत्र कतिराजन। विश्वस्त्र जीहारक বড প্রদা করিতেন, শুক্লাঘরও মনে প্রাণে গৌরান্ধের ভক্তি করিত। এক দিন গোরাক নিতাই প্রভৃতির সৃ**হিত প্রভার**রের আশ্রমে বাইরা থোড় ভাতে ভাত থাইরাছিলেন। শুক্লাম্বর প্রথমে ভীত হইরাছিলেন। কারণ সামাজিক নিরমামুসারে তাঁহার অন্ন নিমাই থাইতে পারেন না। তিনিও অন্বীকার করিয়াছিলেন। অবশেবে গোরাকের কথা ঠেলিভে না পারিয়া তাহাকে থোড় ও ভাত থাওরাইতে বাধ্য হন।

এক দিন পৌরাক শ্রীৰাসের মুখে কৃষ্ণলীলা শুনিতে গুনিতে কৃষ্ণলীলা অভিনর করিবার প্রভাব করেন। তাহাতে বৈক্ষবমণ্ডলী মিলিরা চক্রশেশ্বর আচার্য্যের বাড়ীতে কৃষ্ণলীলা অভিনর করেন। বিষম্ভর রাধিকা সাজিরাছিলেন। তাঁহার মনোহর অভিনয়ে ভক্তদলে কৃষ্ণপ্রেম সহস্র শুণ বর্দ্ধিত হইরাছিল। এই অভিনয়কাণ্ডে বিশ্বস্তর নাকি অভ্তুত শক্তিপ্রকাশ করিরাছিলেন, তাই অভিনয়-সমাপ্তির পরেও সপ্তাহ পর্যন্ত চক্রশেথরের গৃহ জ্যোতির্ময় ছিল।

ইহার কিছুদিন পূর্বে অবৈতাচার্য্য হরিদাসকে লইয়া শান্তিপুরে চলিয়া গিয়াছেন। গৌরাকের অদর্শনে তাঁহার মন আবার ফিরিয়া গেল, তিনি আবার ভক্তি অপেকা জ্ঞানের প্রাধান্ত প্রতিপাদন করিতে লাগিলেন। কিছুদিন পরেই গৌরাক নিতাইকে লইয়া শান্তিপুরে গমন করেন। ঘাইবার সময় গঙ্গার ধারে ললিতপুর গ্রামে একজন সন্ন্যাসীর আশ্রমে ष्यि हिन । किन्न वीदाहाँदी महामित प्राप्त वावहात নিতান্ত বিরক্ত হইয়া তথা হইতে প্রস্থান করেন। ইহারা তথন মনে ভাবিলেন যে তীরপথে যাইলে আবার হয় ত, এইরূপ ৰূপটাচারীর হাতে পড়িতে হইবে। এই ভাবিয়া গলার জলে সাঁতার কাটিয়া শান্তিপুরে পৌছিলেন। নিমাই অবৈতের বাড়ী যাইয়া তাঁহাকে জিজ্ঞাদা করিলেন যে "হাঁরে নাডা, ভক্তিকে নাকি আবার অবহেলা করিতেছিদ।" অছৈত বলিলেন, "চির কালই জ্ঞান বড়, ভক্তি জীলোকের ধর্ম। বিনা জ্ঞানে ভক্তির কোন ক্ষমতা নাই।" নিমাই এ কথায় আর কোন উত্তর कतिराम ना। वृद्ध आठार्यास्क धतिया आनिया आक्रिनाय क्षिनितन अवः किनारेट नाशितन। चटेच्छ मात्र शाहेश বাঙ্নিপত্তি করিলেন না এবং তাঁহার মন ফিরিয়া গেল, তিনি উঠিয়া নিমাইয়ের চরণতলে পড়িয়া গড়াগড়ি দিতে লাগি-লেন ও শতমুখে ভক্তির প্রশংসা করিতে লাগিলেন। নিমাই আচার্য্যকে ধরিয়া বলিলেন, "আপনি করেন কি, আমাকে ক্ষমা করুন" ইহা বলিয়া তাহার চরণ ধরিয়া প্রণাম করিলেন। কিছুকাল পরে নিলোখিতের ন্তার বলিলেন, "গোঁসাই আমিত किছू চপলতা করি নাই।" সকলে নিমাইয়ের এই সকল ব্যব-হার দেখিয়া অবাক হইয়া গেলেন। ইহার পরে গ্রাহান ক্রিয়া নিতাই, অবৈত ও নিমাই ভোজন ক্রিলেন। এখানে মানিরা প্রথমে বে কাও করিয়াছেন, ভারা একেবারে ভূলিরা

শালিপ্রামবাসী গৌরীদাস পণ্ডিত গৃহত্যাগ করিরা শান্তিপুরের ওপারে, অধিকা-কাল্নার বাস করিতেন। ইনি একজন পরম ভক্ত। একদিন নিমাই নাকি একথানি বৈঠা
বাঁড়ে করিয়া একাকী যাইরা ভাহার বাজীতে উপস্থিত হন
এবং বৈঠাথানি বারা তাপিত জীবনকে ভবনদী পার করিতে
উপদেশ দেন। গৌরীদাসের মৃত্যুর পর ঐ বৈঠাথানি নাকি
তাঁহার প্রিয় শিষ্য বদর্গতৈতক্ত পাইরাছিলেন। এই অত্ত
গল্লটী ভক্তিরত্বাকরে লিখিত আছে। গৌরাক কিছুদিন
শান্তিপুরে থাকিয়া নববীপে প্রত্যাবর্তন করেন।

ইহার কিছুদিন পরে গৌরাজ্চক্স জক্তগণ লইয়া বিষ্ণৃগৃহমার্জন ও নৌকার উঠিয়া নানাবিধ ক্লফলীলা করিতে
লাগিলেন।

व्यवान चार्छ रा ननीतात अक्लार्स बाहानगरत जात्रनरनव নামক একজন পরম সাধু বাস করিত। সারস্বদেব গৌরা-বের ভক্ত হইয়া উঠিলে গৌরাক তাহাকে একটা শিশ্ম রাখিতে উপদেশ দেন। কিন্তু সারদদেব উপযুক্ত শিয়ের অভাবে প্রথমে কাহাকেও শিশ্ব করিতে সন্মত হন নাই। শেষে গৌরাঙ্গের কথামুসারে স্থির হুইল যে প্রাতে যাহার মুখ দেখি-বেন সারঙ্গদেব তাহাকেই শিশ্য করিবেন। পর্দিন প্রত্যুবে সারদদেব গলাতীরে নয়ন মুদিয়া অপ করিতে বসিলেন. কিছুকাল পরে একটা মৃত বালকের দেহ ভাসিয়া আসিয়। তাহার গায় লাগিল। তিনি চকু মেলিয়া ভাবিলেন যে, 'কি আশ্চর্যা! যাহাকে দেখিক, তাহাকেই মন্ত্র দিক, এ যে মত-দেহ দেখিলাম, এখন কি করি' অনেক তাবিয়া স্থির করিলেন (व, 'भोताक्यत वाका मिथा। इटेवांत नट्ट, दिश कि इत्र. ইহাকেই মন্ত্র দিব।' সারক্ষদেব মৃতবালকের কর্ণে মন্ত্র निर्देशन, रमिश्च प्रिकेश क्षेत्रक क्षेत्रक क्षेत्रक कि इकाल পরে নিমাই আসিয়া তথায় উপস্থিত হন। তাঁহাকে দেখিয়া ইহাদের প্রেম উথলিয়া উঠিল, দকলে প্রাণ ভরিয়া হরিনাম ক্রিতে লাগিল। এই স্কল ব্যাপার জানিয়া শুনিয়া मंकरमहे हमएकुछ हहेन धवः निमाहेरक क्रेश्वत छाविक आत टकान वाँधा थाकिन ना । शद्य काना त्रान दव के वानत्कव्र নাম মুরারি উপাধি গোস্থামী, সর্গ্রামে বাড়ী। ইহাকে রাত্রিতে দর্পেন করে, সকলে মৃত ভাবিয়া বলে ভাস্ট্রা দের, তিনি ভাসিতে আসিতে এখানে আসিরাছিলেন।

ক্রমে শ্রীমন্তাগবতে শ্রীক্তকের যত উৎসব আছে, পৌর-চক্র ভক্তগণকে লইরা সেই সম্পারেরই অন্তর্জান করিতে

गांशित्सन। निवाहे वर्षन त्व छेश्नव करतन. उथम कलानन আত্মবিশ্বত হইরা ভাহাতে বোগ দিত। এই সমরে দবলীপে বাস্তবিক্ই স্বধ্লোত বহিতে লাগিল, সর্বদা হরিনাম-कीर्त ७ धर्मकथात्र नकर्तार ने बेस्तर श्रास मध्य रहेता देति। কিন্তু একদল পাষ্ড হিন্দু ও ছষ্ট মুসলমানের পক্ষে ইহা নিতাত্তই অসহ হইল। গৌডরাজের দৌছিত্র চাঁদকাজী নামে करेनक मूनगमान नवहीत्भ वान कतिराजन। उाहात निकृष्ट কতকগুলি পাঠানসৈত থাকিত। রাজার আদেশে তিনিই এই ভানের শাসনভার গ্রহণ করিরাছিলেন। পাষ্ড হিন্দু ও মুগলমানগণ কাজীর নিকটে উপস্থিত হইরা কীর্ন্তন বন্ধ করি-বার জন্ম প্রার্থনা করে, কিন্তু চাঁদকাজী প্রথমে কীর্তনে বাধা দিতে সম্মত হন নাই। শেবে তাঁহার কর্মচারী ও ছিলুগণের , উৎপীড়নে থাকিতে না পারিয়া কীর্ত্তনে বাধা দিতে প্রবৃত্ত হন। তিনি আদেশ প্রচার করিলেন যে আজ হইতে নবছীপে কেহ কীর্ত্তন করিতে পারিবে না, করিলে অর্থদণ্ড ও আবশ্রক হইলে জাতিনাশ ও প্রাণদণ্ডও হইতে পারিবে, নবদীপবাসীরা তথন প্রেমে মত্ত হইরাছে, তাঁহারা কেহই কাজীর গুরুতর আদেশে কর্ণপাত করিল না, শেষে এক দিন কাজী স্বয়ং কতকগুলি সৈম্ম লইয়া কোন-একটা কীর্ত্তনস্থানে উপস্থিত হইয়া মূদদ প্রভৃতি ভাদিয়া দেন এবং নিজ মুখে সকলকে ভয় প্রদর্শন করিয়া কীর্ত্তন ভঙ্গ করিতে অনুমতি করেন। এই বার সকলেরই ভয় হইল, কীর্ত্তন বন্ধ করিয়া বিশ্বস্তারের निकर्षे मःवान निर्क हिन्ता।

নিমাই শুনিরা ক্রোধে অধীর হইরা উঠিলেন এবং সকলকে আখাস দিরা বলিলেন যে, "তোমাদের কোন চিন্তা নাই আমি আজই হরাচার চাঁদকাজীকে জব্দ করিব।" নিমাই প্রচার করিরা দিলেন যে সন্ধ্যার সময় সকলেই কীর্ত্তনের সাজ ও হস্তে একটা দীপ লইয়া যেন নিমাইর সহিত কীর্ত্তন করিতে যায়। সকলে তাহাই করিল। সন্ধ্যার সময়ে নিমাইটাদ দল বল লইয়া কীর্ত্তন করিতে বাহির হইলেন। বৈষ্ণবর্তান্থে এই নগর-কীর্ত্তনের অতি স্থান্ধর বর্ণনা আছে।

পোরাঙ্গ সদল বলে কাজীর বাড়ীতে উপস্থিত হইলেন।
প্রথমে তাঁহার লোকেরা কাজীর প্রতি কিছু দোরাত্ম্য করিবার চেষ্টা করিয়াছিল, নিমাই সকলকে নিবারণ করেন।
চাঁদ এই সকল লোকসমারোহ দেখিরা প্রথমে পলায়ন করেন,
শেবে নিমাই তাহাকে ডাকিয়া আনাইলেন। নিমাইকে
দেখিরা কাজীর মন ফিরিয়া গেল, তিনিও একজন ক্ষণ্ডক
হইয়া উঠিলেন। বিশ্বস্তরের সহিত গোবধ করা হিন্দু ও মুসলমান এই উভর সম্প্রদারেরই অকর্তব্য এই সম্বন্ধে জনেক

বিচার হয়। তাহাতে কাজী পরাত ইইরাছিলেন। কাজীদমন বিবরণটা চৈত্মভাগবতে অতি বিভ্তরণে ধর্ণিত আছে। এই কাজীর বংশধরগণও বৈষ্ণবধর্মাবলম্বী। এইরূপে নবদীপ নিকণ্টক হইল। বিশ্বস্তর কাজী-ভবন হইতে প্রভ্যাগমন সময়ে শ্রীধরের জীর্ণ জলপাত্রে জলপান করিয়াছিলেন।

नगत कीर्डन कतिया निमारे आवाज चतत कवार मिटनन। বাহিরের লোকের সহিত আলাপ ব্যবহার একেবারেই কমিয়া रशन, निर्वानिनि अविवर्ग शादत निर्वाहरत्त्र नगरन अक्षराता বহিতে লাগিল। দিন দিন কীর্ত্তন করিতেও অসমর্থ হইয়া পড়ি-লেন। ভক্তমগুলী অবৈতাচার্যাকে নায়ক করিয়া কীর্মন করিতে আরম্ভ করিলেন। নিমাইও মধ্যে মধ্যে কীর্ত্তনে যোগ দিতেন। এই সময়ে নিমাই মধ্যে মধ্যে অচেতন হইয়া পড়িতেন এবং প্রায় সকল সময়ই ভাবে বিভোর হইয়া বসিন্না থাকিতেন। একদিন বিশ্বস্তর বিষ্ণুপূজা করিবেন বলিয়া মান করিয়া আসিলেন, পূজার আসনে বসিলেন, অমনি চকুর জলে পরিধেয় কাপডখানি ভিজ্ঞিরা গেল, কাপড পরিত্যাগ করিয়া আবার বসিলেন, আবারও তাহাই হইল। এইরূপ চার পাঁচবার দেখিয়া নিমাই ভাবিলেন যে আমার দ্বারা আর বিষ্ণুপুজা হইবে না। তথন তিনি গদাধরকে ডাকিয়া বলি-লেন যে, "গদাধর! আমার অদৃষ্টে পূজা নাই, আজ হইতে তুমি বিকুপুজা কর।" এই দিন হইতেই নিমাইয়ের বিষুপুজা বন্ধ হইল, তিনি দিবানিশি নাম করিতে থাকিলেন।

বৈষ্ণবক্বিগণ বলেন যে, তথন অছৈত গৌরটাদকে ঈশর বলিয়া বিশাস করিতে পারিতেন নাই, তাই একদিন কীর্ত্তন সমরে আচার্য্যের মনে বড়ই দৈত উপস্থিত হয়। তিনি মনোহঃখে জীবাসের ভবনে কাতর হইয়া আর্ত্তনাদ করিতেছিলেন। নিমাই জানিতে পারিয়া তথায় যাইয়া এবং আচার্য্যকে বিশ্বরূপ দর্শন কুরাইয়া তাঁহার আন্তি দ্ব করেন। ইহার পরে একদিন ভাগীর্থী পুলিনের মনোহর বনরাজিদর্শনে চৈতন্তের জীক্ষেক্তর রাসলীলা মনে পড়িয়াছিল। তাহার পরে তিনি ভক্তগণ লইয়া রাসলীলা করিয়াছিলেন।

এ সময়েও শ্রীবাস-ভবনে কীর্ত্তন হইত; সময়ে সময়ে বিশ্বস্থাও তাহাতে যোগ দিতেন। একদিন গোরটাদ ভক্ত-গণের সহিত কীর্ত্তন করিতে করিতে বাহজ্ঞান হারাইয়া প্রেমে উন্মন্ত হইরাছেন, শ্রীবাস প্রভৃতি ভক্তগণও প্রভৃত্ত কীর্ত্তনে নিম্মা। ওদিকে বাড়ীর মধ্যে শ্রীবাসের বালক প্রের মৃত্যু হইল, শ্রীবাসের নিকট খবর আসিল, জিনি ক্রক্ষেপও করিলেন না পুর্কের ভার প্রকৃত্তনে নৃত্যু ক্ষিতে খাকিলেন। কিন্তু ক্ষার ভক্তগণ এই সংবাদে ভূঃধিত

কর। কিছুকাল পরে নিমাইরের সংজ্ঞা হইল। জিলি মৃত
শিশুটাকে বাহিরে আনাইরা ভাহার অকলার্শ করিলে মরা
ছেলেটা নাকি এই ভাবে উক্তর দিল বে, "আমার এ অগতের
কার্য শেব হইরা গিরাছে। কাজেই আমি ভাল হানে মাইতেছি। প্রভোণ ভূমি কুপা কর, তোমার চরণে বেন মতি
থাকে।" নিমাই হাভ উঠাইলেন, বালকও আবার মড়া হইল।
এই ঘটনার জীলাসের পরিবারবর্গের হঃথের অনেকটা হাস
হইরাছিল, নিমাই সদলে সেই মৃত বালকের অভ্যোষ্টিক্রিয়া
করেন। এই সময়ে পুরাণাদি লাজে ক্রফবিরহে গোপীগণের
বেরূপ অবহার বর্ণনা আছে, নিমাইটালেরও সেই সেই অবহা
ঘটিরাছিল। বৈক্রবক্রিগণ ইহাকে ক্রফবিরহাবহা বলিয়া
বর্ণনা করিয়া থাকেন।

এই সময়ে বিশ্বস্তর নিজ তবনে থাকিয়া প্রায়ই নাম কীর্ত্তন করিত্তন। একদিন একজন চতুশাঠার ছাত্র নিমাইকে দেখিতে আদিয়াছিল, তথন নিমাই গোপীভাবে বসিয়া গোপীর নাম উচ্চারণ করিতেছিলেন। ছাত্র বলিল, "মহাশয়! আপনি পণ্ডিত, বলুন দেখি, কৃষ্ণনাম পরিত্যাগ করিয়া গোপ-বালার নাম অপ করেন কেন?" ইহাতে নিমাইয়ের রাগ হইল। তিনি দীর্ঘ লগুড় লইয়া তাহাকে মারিতে যান। এই ঘটনার পর হইতে নবখীপের সমস্ত ছাত্রমগুলী ওাঁহার বিরোধী হইয়া উঠে। অধ্যাপকমগুলী পূর্ব্ব হইতে বিরক্ত ছিলেন। বৈষ্ণব-কবিগণ বলেন য়ে, ইহাদিগকে পরিত্রাণ করিবার অক্সই নাকি প্রেড়ু নিমাইটাদ সম্মাসধর্ম অবলম্বন করিয়াছিলেন, তাঁহার মনের ভাব বে, "সয়্ক্যাসী হইলে ইহারাও আমার উপদেশ গুনিতে ইছা করিবে এবং আমার ভক্ত হুবে।"

( চৈতপ্রচরি আদিশীলা।)

চৈতভ্যমন্ত্রের মতে এই সমরে নিমাই একটা স্থপ্প দেখিরা সন্ত্যাসধর্ম অবলন্ধন করেন। স্থপ্পের মর্ম্ম এই—কোন একজন মহাপুরুষ উপস্থিত হইরা যেন নিমাইকে বলিতেছেন যে, "নিমাই ঈশার ভোমাকে যে উদ্দেশে পাঠাইরাছেন ভূমি তাহা ভূলিরা গিরাছ, শীল্প সন্ত্যাসধর্ম অবলবন কর।" ইহা শুনিরা নিমাই শিহরিয়া উঠিলেন, প্রথমে ভক্তগণ ও বালিকা জীর মায়ার ও জননীর স্নেহে সন্ত্যাস করিতে সম্মন্ত হইলেন না। মহাপুরুষ ভর্থাপিও সন্ত্যাস লইতে বার বার উপদেশ দেন। গৌরচক্র এই স্থাস্থভান্ত অথবা পূর্ব্বোক্ত মনোগত ভাব নিভ্যানন্দ প্রভৃতি কএকটা প্রধান ভক্তের নিক্টে প্রকাশ করেন। ক্রমেনবিরীপে তাহার সন্ত্যাসগ্রহণের জনরব রাই হইয়া পজিল। ইহার কিছুদিন পরে নক্ষীপ্রগরে ক্লেশ্বভারতী আনিয়া উপস্থিত হন। ইনি ভারতী সম্প্রদায়ের একজন উন্নানীন

সর্বাসী, ভাষিরধীর তীরত্ব কপীকনপরীতে (বর্তমান নাম নীটোরা) ইতার আজার। পৌরচন্ত মগর ক্রমণে বাহির হইরা প্রিরথা জারতীতক দেখিছে পৃত্তিলেন। দেখিরাই চমকিরা উঠিলেন, 'বলে মনে ভাবিতে লাগিলেন বে ইনিই কি তিনি পূ সে দিন অথ্য কি এই মহাপুক্রকেই দেখিয়াছি।' নিমাইরের মনে এই সকল আন্দোলন হইতে লাগিল। বত্ব করিরা সন্মানীকে নিজ গৃহে বইরা আসিলেন। রাত্রিতে সন্মানীর নিকটে বাইরা স্বগ্রুক্তান্ত ও মনোগত ভাব প্রকাশ করেন। ভারতীও তাহাতে সন্মত হইলেন। উত্তরারণ সংক্রান্তির দিনে দীকার দিন হির হইল।

ইহার পরে বিশস্তর নিকেই ডক্তগণের নিকটে সংসার পরিত্যাগের কথা প্রকাশ করিয়া বিদার হইতে লাগি-লেন। কিছু বিশ্বুপ্রিয়ার নিকটে ইহার কোন কথাই তিনি বলেন নাই।

১৪৩১ শকের উত্তরারণ-সংক্রান্তির পূর্বাদিনে বিশ্বস্তর প্রভাব হইতে জ্রীবাসভবনে উন্মতভাবে কীর্ত্তন করিয়াছিলেন। ব্যাত্রিতে বিষ্ণুপ্রিমার সহিত এক শব্যায় শরন করিয়াছিলেন বটে, কিন্তু সে ব্লাজিতে তাঁহার নিজা হয় নাই। শচী পূর্ব হইতেই গৃহপরিভাগের দিন জানিতেন, তাই তাঁহারও নিদ্রা হর নাই। সে দিন গদাধর ও হরিদাস নিমাইয়ের বহির্বাটীতে শয়ন করিয়াছিলেন। রাত্রি চারিদও থাকিতে গৌরটাদ ইষ্টদেবের পাদপদ্ম স্মরণ করিয়া এবং ভগবানের হত্তে মাতা ও পত্নীকে সমর্পণ করিয়া শ্যা পরিত্যাগ করিলেন। এই সময়ে নাকি প্রিয়তমার মুখারবিক্ অবলোকন করিয়া গৌরের হাদকে বিকারের সঞ্চার হইয়াছিল। তিনি সত্ঞ নয়নে প্রিরভমার মুখধানি চির দিনের মত আর একবার দেখিরা নইলেন। গৌরচাঁদ কিছুকাল শুস্তিত থাকিরা আপ-নার চুর্মানতাকে শত শত ধিকার দিতে লাগিলেন এবং জোরে বার খুলিরা গৃহ হইতে বাহির হইলেন। তাঁহার পদশব পাইরা গদাধর ও হরিদাস নিকটে আসিরা সলী হইবার প্রস্তাব করেন। গৌর ভাহাদিগকে বারণ করিলেন। শচী-মাভা পুত্রের গমনোদেঘাগ ব্ঝিতে পারিয়া কিংকর্ত্ব্যবিমৃঢ়ার ক্লার বাহির বারে আসিয়া বসিয়া আছেন। গৌরচক্র জননীকে জ্ঞাবন্ত দেখিয়া সেইখানে বসিয়া পড়িলেন এবং জননীকে কত রকম উপদেশ দিতে লাগিলেন। কিন্তু শচী তাঁহার কোনটীর উত্তর দিতে পারিলেন না. কেবল নয়নজলে বুক ভাসাইয়া পুত্রের মুখপানে চাহিরা থাকিলেন। বিশ্বস্তুর শোকাভিভৃতা शिक्तिण सननीरक धानकिन कृतिका भवश्रीम महेटमन धावः चात्र किकू ना बनिवा छवात्र धनिवा अस्कवात वांधी स्टेप्ड

निकां क रहेता हिनता त्यालना । नवबील औथात वहेन। भही टनरी मुक्किं रहेश बटफ्क छात्र बात्रस्तरम शक्किता थाकिरमन । गतना विकृत्यितात्र कानभिक्ता **७५**न७ खाटक नाई । शतायत्र ७ হরিদাস নাথার হাত দিয়া বিশুন ওপের হারে বসিয়া কাঁদিতে गांशित्मन। वाफ़ी हटेत्छ वाहित हहेबाहे शोरतत समस्य यछ প্রেম. বত ভাব, বত আনন্দ ভবিবাৎ জীবনের জ্যোতির্ময় আভাস একেবারে জাগিরা উঠিল। পথে যাইতে যাইতে তিনি ঘর বাড়ী, মাতা, ভার্যা ও বন্ধুগণ এ সকলের চিন্তা ভলিয়া গিরা আনশ্রাগরে মগ হইলেন। গাহিতে গাহিতে, নাচিতে নাচিতে, হাসিতে হাসিতে, পড়িতে পড়িতে, চুলিতে চুলিতে কাঁটোয়ার পথে মছর গতিতে হাইতে লাগিলেন। দিন इटेन, क्रांस शीरतत गृहजारगत मंश्वाम एकमधनीत मरधा ता है हरेन, 'नकरनरे ध्यञ्ज विस्कृतयम्गाम अशीत हरेगा উঠিলেন। বিষ্ণুপ্রিয়া জাগিয়া পতিকে শ্যার না দেখিয়া -ছুটিয়া শচীর নিকটে আদিলেন এবং শোকে অধীর হইয়া কাঁদিতে লাগিলেন। নিত্যানন্দ, গদাধর, মুকুন্দ, চক্রশেথরাচার্য্য **এবং उन्नानम এই পাঁচজন গৌরের নিবেধ না মানি**য়া ক্রতপদে তাঁহার অভুসরণ করিয়া তাঁহার সহিত পথে মিলিত হন। সমস্ত দিন অতিবাহিত হইল, গৌরচন্দ্র সন্মার প্রাক্কারে বন্ধুগণের সহিত কেশব-ভারতীর কুটীরদ্বারে উপনীত হইলেন।

চৈত্রভাগবত ও চৈত্রমঙ্গলের মত লইয়া উপরোক্ত ঘটনা লিখিত হইল, কিন্তু কবিকর্ণপুর স্বর্চিত চৈত্রসূচন্দ্রো-मत्र श्राप्त महामियां वात्र वृद्धारु । अस्त्र मा निथियां हिन । তাঁহার মতে গৌরচন্দ্র সন্নাস্থাহণের কথা কাহারও নিকট প্রকাশ করেন নাই। কেবল শচীকে ঈক্ষিতে বলিয়াছিলেন বে কোন প্রয়োজনে গৃহ ছাড়িয়া কিছুদিনের জন্ম তীর্থ গমন করিবেন, শচী বেন তাহাতে উদ্বিধ না হন। বে রাত্রিতে গোরাজ চলিয়া যান, তাহার পরে শচী গোরাসকে ঘরে না দেখিয়া মনে করিলেন বে বিশ্বস্তর শ্রীবাসগৃহে কীর্ত্তন করিতেছেন। শ্রীবাসাদি ভক্তগণ মনে করিলেন যে প্রভু নিজ ভবনে গমন করিয়াছেন। ৰাজবিক রাত্রির কীর্তন সমাধা করিয়া ভক্তগণ স্ব স্ব ভবনে গমন করিলে গোর গৃহে যাইবার ব্যপদেশে বাহির হন। তাঁহার সলে কেবল আচার্য্যরত্ব ছিলেন। একটু প্রয়োজন আছে বলিয়া তাঁছাকে দকে লইয়া গলাতীরাভিমুখে চলিতে লাগিলেন। পথিমধ্যে নিজ্যানন্দের সাক্ষাৎ পাইয়া তাঁহাকেও সঙ্গে লইয়াছিলেন। ইহারা তিন জ্ঞান গঙ্গাপার হইয়া কাঁটোরাভিমুখে চলিতে লাগিলেন। দিব অবসাবে ভারতীর কুটীরহারে উপস্থিত হব। প্রস্কাযে গৌর নববীপে নাই জনরব হইন, শচী ও ভক্তগুণ কেহই কিছু জানিতে পারিলেন বা। তৃতীর দিনে আচার্য্যরত্ব কাঁটোরা ইইতে ফিরিয়া জানিলে রহজ প্রকাশিত হইন।

বধন শ্রীগোরাল কেশবভারতীর কুটানের বারে উপস্থিত र्रेलन, उथन প्रामिष्ठ ममत्र। नक्षात्र कीशास्त्रादक (शीत्रहत्त দেখিতে পাইলেন বেন স্বপ্নের সেই ছবি সেইস্থানে বেড়াই-তেছে, তাঁহার হৃদয় অমনি গ্রেমে পুলকিত হইল। ভারতী গোঁদাই সমুদ্রের পদ শব্দ পাইয়া বাহিরে আদিয়া দঙ্গীগণ সঙ্গে নিমাই পণ্ডিতকে দেখিয়া প্রেম পুলকিত অন্তরে আলিকন করিলেন। গৌরাঙ্গ যধারীতি ভারতীর পদবন্দনা করিয়া গুরুদেব বলিয়া সম্বোধন করিলেন এবং পর দিন ভাঁছাকে मन्नामनीका कतिए हरेएवं छारा आनारेलन। (कनव-ভারতী প্রথমে তাঁহাকে সন্ন্যাসদীকা দিতে সন্মত হন নাই। একে তাঁহার নবীন বয়স, তাহাতে আবার গুহে বালিকা পত্নী ও বৃদ্ধা জননী ইত্যাদি ভাবিয়া সন্ন্যাসী কেশবের চক্ষ দিয়া দর দর ধারে জল পড়িতে লাগিল। তিনি বলিলেন, 'নিমাই। সত্য সত্যই তোমাকে সন্ন্যাসী করিতে আমার হৃদয় কাঁপি-टिं ।' रशीतात्र अध्यास विश्वन इरेन्ना कत्राजार नन्नान-ধর্ম্মে দীক্ষিত হইবার জন্ম অনুরোধ করিতে লাগিলেন। কিছু কাল পরে আবেগে হরি বলিয়া নৃত্য করিতে আরম্ভ করিলেন। সময় বৃথিরা মুকুল স্থমধুর খরে সংকীর্ত্তন জুড়িয়া निटनन, शोद्यंत्र नग्नन निम्ना अविवृत्त ध्यमां अफ़िट्ड नाशिन, তিনি মহাভাবে বিভার হইয়া উঠিলেন। কীর্ত্তনের কোলা-গৌরমূর্ত্তি দেখিয়া সকলেই অবাক হইয়া গেল। কেশবভারতী গৌরের এইরূপ অবস্থা কখন দেখেন নাই. তাই তিনি বালকের বৈরাগ্য অসম্ভব ভাবিয়া অস্বীকার করেন। এখন গোরের মহাভাব প্রত্যক্ষ করিয়া তাঁহাকে ৰলিলেন, 'নিমাই তুমি স্বয়ং ঈশ্বর। আমি ভোমার কথায় অমত প্রকাশ করিয়া অপরাধী হইয়াছি, ভূমি বাহা বল আমি ভাহাই করিব।' গৌরচন্দ্র এই আখাদ বাক্যে সম্ভষ্ট হইরা বলিলেন, "গুরুদেব ! আমি স্থাম যে মন্ত্রটী পাইয়াছি দেখুন, দেখি সে মন্ত্রটী সিদ্ধ কি না।" এই বলিয়া ভারতীর কাণে সেই মন্ত্রটা বলিলেন। ভারতী ভূনিয়া বিক্সিত হইলেন। সে রাত্রি কাহারও নিজা হইল না। প্রভাতে নিমাইরের কথানুদারে আচার্যারক্ত দীব্দার উপযোগী সমস্ত আহোজন করিলেন। গৌরচক্তও প্রাণ ভরিয়া কীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। ইতিপূর্বেই গৌরচদ্রের महारिमत कथा नगत मरेशा तां है व्हेशांकिन, जारे भन्नीय नवन-মতি নর নারীগণ দধি, ছম্ম, ছত, চিনি, তামুন ও বন্ধ প্রভৃতি

ভারতী ঠাকুরের কুটারদারে আনিয়া স্ক্রিত ক্ষিল, দেখিতে দেখিতে সন্ন্যাসদীক্ষার উপবােগী সমন্তই আনিল। এদিকে গৌরচক্র কীর্তনানন্দে বিভার হইনা নাচিতে লাগিলেন। সংকীর্তনের ধ্বনিড়ে আক্রই হইনা চানিদিক্ হইতে নর নারী, বালক বালিকা ছুটিরা আসিরা ভারতীর ক্টারদার ঘেরিয়া দাড়াইল। গৌরের মোহনম্ত্রিও তৎকালের ভাব দেখিরা সকলেই কার্যপ্রতিকার ভার দাড়াইরা থাকিল, গৌরচক্রের সন্ন্যাস, তাঁহার ও পত্নীর অবস্থা কি হইবে ভাবিরা সকলেরই নমন বহিয়া জল পড়িতে লাগিল। বৈষ্ণব কবিগণ নাগরিক-গণের এই সমন্নের অবস্থা অতি ফুলরভাবে বর্ণনা করিয়াছেন, তাহা দেখিলে নিতান্ত পারাণ ছদমও গলিয়া যায়।

ক্রমে বেলা অবসান হইতে চলিল, তখনও গৌরচক্রের প্রেমাবেগের সম্বর্গ হইলা না। অবশেবে নিতাইয়ের ঈলিতে গৌরচক্র একটু হ্রির হইয়া বিসিলেন। তখন গৌরের মুগুন করিবার জন্ম একজন নাপিত ডাকা হয়। নাপিত আসিয়া গৌরচক্রকে প্রণাম করিয়া বিসিল। প্রভুর স্থার কেশরাজি চিরিদিনের তরে অন্তর্হিত হইবে ভাবিয়া ভক্তগণ কাঁদিয়া ব্যাকুল হইলেন। তাহা দেখিয়া ভনিয়া দর্শকমগুলীর হৃদয় গলিয়া গেল, তাহারাও কাঁদিয়া উঠিল। নাপিত ক্রুর তুলিবে কি, এই সকল ভাবিয়া চিন্তিয়া বুক্ ভাসাইয়া কাঁদিতে লাগিল। গৌরচক্রও প্রেমাবেগে নানাবিধ ভাব প্রকাশ করিতে লাগিলেন। কাজেই ক্লোরকর্ষে অনেক বিলম্থ হইতে লাগিল। চৈতন্তমঙ্গলের মতে নাপিত মুগুন করিতে অস্বীকার করায় গোরচক্র তাহাকে কাতরস্বরে অনেক বলিয়াছিলেন। শেষে নাপিতও হরিনামে মন্ত হইয়া গৌরের হাত ধরিয়া নৃত্য করিয়াছিল।

এই সময়ে চাকনীপ্রামবাসী গলাধর ভট্টাচার্য্য গোরাকের মুগুন দেখিরা হাহাকার করিয়া কাঁদিতে কাঁদিতে
মুর্চ্চিত হইরা পড়িলেন। এদিকে বেলা অবসান হইয়া
আসিল, নাপিত কোন মডে নয়নজলে বুক ভাসাইয়া কাঁদিতে
কাঁদিতে কোরকার্য্য সমাধা করিল। কেশগুলি দর্শন করিবার নিমিত্ত সকলে ছড়াছড়ি করিতে লাগিল, কিন্তু স্পর্শ করিতে কাহারও সাহস হইল না। গৌরভক্তমগুলী ঐ কেশগুলিকে গলাতীরে মৃত্তিকা খনন করিয়া রাখিয়া বিয়াছেন ও ভাহার উপরে একটা মন্দির উঠান হইয়ছে।
কাঁটোরার অভাপি সেই ছান প্রভুর কেশসমাধি নামে
বিখ্যাত, ভক্তা বৈক্ষবগণ তথার যাইয়া প্রেমানন্দে গড়াগড়ি
করিয়া প্রাণ শীতল করেন।

নাপিতের কার্য্য শেষ হইলে প্রভু স্থান করিতে গেলেন,

দর্শক্ষ গুলীও হাহাকার করিয়া দৌড়াইরা চলিল। নাপিত অন্তর্গল মাথার করিয়া নৃত্য করিতে করিতে গলার বাইরা অন্তর্গল বুরে নিকেপ করিল। বৈক্ষবগণ বলেন বে, নাপিত বে হাতে প্রভুর মন্তক মুগুন করিয়াছে, সে হাতে আর কাহারও কোরকার্য্য করিবে না, জ্বয়ের মত ব্যবসায় পরিত্যাগ করিবে স্থির করিয়াই অন্তর্গল গলায় নিকেপ করিয়াছিল।

ভট্টদার্মাণশ চৈডভের সনী ক্রক্ষাস বাদ্দাকে ক্রন্দ্রী দ্রী ও বলের লোভ দেখাইয়া ভুলাইয়া কাটে। টেডভ কালিতে ्यात्रिका अप्रमात्रीशस्यत वास्कात वाहेता वितालमः "त्लामसाक ন্ম্যানী পাৰিত ন্ম্যানী: আন্ত্ৰি সভীকে অন্তিক কৰিয়া রাখা : আন হয় নাই। 🗗 । বস্তাপ্রকৃতি ভট্টমারীনান এই কথা : ভনিয়া नक्षां गरेता किन्द्रहत्क मात्रिक उठिन, किन्नुकान मास्ट्रे ভট্নারীগদের হতভিত অল্পত্ত ভাল্দের নিজের গারে পড়িতে गानिम. এই महेनांत्र नकरंगरे निमात्रनक्करण आहेल रहेशा भगातम कतिम । डाहारमत्र जी भूख कामिता नर्गकून रहेग, यहां हमझन अधिका तान। कहें करवाता दिल्ला কৃষ্ণাসকে দেখিতে পাইয়া ভাষার চল ধরিরা বলপ্রক্ত টানিয়া नहेंचा भोषिए नातिन धक्र ताहे नित्तरे नग्निनी নদীর তীরত কোন ভত প্রামে বাইরা আতার লইলেন। এখানে আদিকেশবের মনিরে নতা ও কীর্তন কলার তীহার एकि पिथिता करामार्क छाहात थिछ बाक्ट रहेन। এই স্থানে তিনি ব্ৰহ্মসংহিতা নামক ভক্তিপূৰ্ণ আধ্যাত্মিক গ্ৰন্থ পাইমা অতি বন্ধের সহিত লেখাইমা লইরেন। গৌরচন্দ্র এইছান হইতে মধ্বাচাৰ্য্যের দীক্ষাত্মান অনন্ত-পদ্মনাভ ফাইয়া অনতেখন শিৰ দৰ্শন করিলেন এবং তথা হুইতে জীজনাৰ্দন দেখিয়া চুই দিন তথার কীর্ত্তন করিয়া পয়োক্তী ঘাইয়া পরত-নারায়ণ দর্শন করেন। ইহার পর গৌরাজচক্ত শুরুপুরে শল্পনা-চার্য্যের প্রতিষ্ঠিত সিংহারিমঠা ও মংস্থাতীর্থ দেখিয়া মাধবা-চার্য্যের প্রধান স্থান উদিশীনগরে উড় পরুক্ত দর্শন করিয়া স্থা ইইলৈন। মাধবাচার্য্যের অমুবর্তী তত্ত্বাদীগণ গৌরকে मात्रावानी नहाानी खाटन अथरम क्ष अकरा बाब करतन नाहे। পরে তাঁচার প্রেমভক্তি দেখিয়া তাঁচার সন্মান করেন, শেষে বিচারে পরাস্ত হইয়া সকলে গৌরের শরণাপর হন।

ইহার পরে গৌরচন্দ্র ফর্মুন্তীর্থ, ত্রিভকুপ, বিশালা, পঞ্চাস্পরা, গোকর্ণ শিব, বৈপরাণি, স্থপারক; কোরাপুরে লন্ধী,
ক্ষীরভগবতী, লিকগণেশ ও চোর পার্ম্বতী এই করটী দেবমন্দির দর্শন করিয়া পাঞ্পুরে গমন করেন। তথায় বিরল
ঠানুর অবলোকনে প্রেমাবেশে অনেকক্ষণ নৃত্য ও কীর্ত্তন
করিয়া একজন ব্রাক্ষণের গৃহে অতিথি হন। এই সমঙ্গে মাধবেক্স পুরীর অক্ততম শিব্য প্রীরক্ষপুরীর সহিত গৌরের সাক্ষাৎ
হয়। প্রীরক্ষপুরীর সহিত ক্ষকথা ও নৃত্য কীর্ত্তনে পাঁচ লাত
দিন অতীত হইলে তাঁহার মূবে শুনিতে পাইলেন যে,
নববীপ্রাস্থী জগরাধমিশ্রের প্রা শহরারণ্য বিষর্গার

কোন গৃহত্ব ব্রাহ্মণের অনুরোধে আরও চারিদিন তথার · **खर्दाञ्चिक क**्तिहा क्रक्षत्वशं नतीत जीत्त नामा **जीर्च हर्नन कवि**ता স্তমণ করিতে লাগিলেন। কিছুদিন পরে বৈক্ষবত্রাহ্মণমঞ্চনী-পরিবত কোন গ্রামে গমন করিয়া বৈক্ষবসমাজে "ক্লক্ষ-कर्गागुक" नामक कृष्णनीनाविषदक समृत थार शांक स्टेर्फरह ক্ষনিয়া প্রম স্মাদ্রে তাহা লিখিয়া লইলেন। সিভাত্তিব-यक उद्यानः शिकां ए जीना विवयक क्रकान नियु के छारे व्याप পাইয়া চৈত্ৰতক্স মহা আনন্দিত হইবেন এবং ভক্তদিগকৈ উপহার দিবেন ৰশিয়া অভি বছের সহিত রাধিরা দিলেন। ইহার পরে গৌরচন্দ্র ক্লফার তীর হইতে উত্তরপশ্চিমাভিমুধে নানা রাজ্য ভ্রমণ ও তাপীনদীতে মান করিয়া মাহেমতীপুরে উপস্থিত হন, इस्रा रहेर्ड जाभीनती जानक तृत्त जारिष्ठ। ক্লফা হইতে আসিতে পথে চৈতক্ত কোন কোন দেশ ভ্ৰমণ করেন, বৈঞ্চবগ্রন্থে তাহার কোন উল্লেখ নাই। ইহার পরে নানাদেশ পর্যাটন করিয়া গৌরস্কলার নর্মনাতীরে আগমন करतन ও ध्यूजीर्थ এবং अयामूबन्धर्यं एमित्रा मधकातना हरेत्रा मश्रुजान गमन करत्रन । देवस्ववश्राहकर्जातमत्र मर्ज टमरे রামের সময়কার সপ্ততালরক্ষ এ পর্যান্ত বর্ত্তমান ছিল, গৌরাকের দর্শনের পর অন্তর্হিত হইল। এখান হইতে গৌরচক্র চম্পা সরো-বরে স্নান করিয়া পঞ্চবটীবনে গমন করেন এবং তথা হইতে নাসিক ও ত্রাম্বক নগরে গমন করিয়া বন্ধগিরি হইয়া গোদাবরীর উৎপত্তি-স্থান कुमावर्ष्ड गमन कतिलान। मश्ररगामावत्री मर्मन করিয়া গোলাবরীর ধারে ধারে ভ্রমণ করিতে করিতে চৈতন্ত-প্রভ প্রনরায় বিদ্যানগরে আসিয়া রামানন্দ রায়ের সহিত সাক্ষাৎ করিলেন। পুনর্মিলনে উভয়েই মহা আনন্দিত হইলেন। ঞীচৈত্ত বলিলেন,"তুমি যে সব দিদ্ধান্ত পুর্বের আমার ভনাই-যাছ, এই ছই গ্রন্থ তাহারই প্রমাণ স্বরূপ।" রামানন রায় र्गोरत्रत मरक श्रष्ट्वय भार्ठ कतिया सूथी इहेरनन अवर नकन করিয়া লইয়া মূলগ্রন্থ গৌরকে ফিরাইয়া দিলেন। औটেতভ্র কিছ-দিন তথার থাকিয়া পুরুষোত্তমে যাত্রা করেন। রায় রামানন্ত তথায় याहेवात উদ্যোগ করিতে লাগিলেন। চৈতক্ত পূর্ব-শরিচিত পথে হাঁটিতে হাঁটিতে যথা সময়ে আলালনাথে উপস্থিত हरेलन এवः क्रक्षमात्र खाक्राग्वाता निज्ञानमामित्र निकारे আগে সংবাদ পাঠাইয়া নিজে পাছে পাছে যাইতে কাগিলেন। ভক্তগণ মৃত শ্রীরে প্রাণ পাইল, তাঁহার প্রত্যাগমন সংবাদ পাইয়া আনন্দে নাচিতে নাচিতে আদিয়া পথিমধ্যে তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। সার্বভৌম ভট্টাচার্য্য, জগরাথের প্রধান পাঙা ও উৎক্লরাকের ইউদের কাশীমিশ্র প্রান্থতি বড় বড় সম্লান্ত লোক সমুদ্রতীরে আসিরা গৌরের সহিত

নিশিত হইলেন। সকলে একত অসমাধ রূপন করির। সার্কাভোনের আরুরে বাইরা অবস্থান করিলেন। গৌরুরুত্র বন্ধুগণের নিকট তীর্থনাত্রা, বর্ণনা করিতে করিতে স্বেরাত্রি আগরণে অভিয়াহিত করিয়াছিলেন।

জীচৈতন্ত্ৰ দক্ষিণাপথে গমন কৰিলে: উৎকল্ডাক গৰুপতি প্রভাপরত সার্বভৌমের মুখে গোরের প্রভাব ও ভক্তির কথা श्विता काहात थाकि जहतक हम धरः मार्साकीमाक बागम. "महाांनी शोतहत्व अधान चानित्वन, चाननाविशत्क क्रमा कतिएनन, चार्शन जामान महिल छाहान एनचा कताहरूनन मा त्कन ? ध्वरः त्कनहैवा छाहात्क ध्वष्ठ अन्नकान मत्था बांहरू कितन।" हेराइ छेन्द्रत नार्न्सरकाम वरनन त्व. "ভিনি সন্ন্যাসী, স্বপ্লেপ্ত বিষয়ীয় সহিত দেখা করেন না, সেই কারণে ইচ্চা থাকিতেও আপনার সহিত দেখা করাইতে পারি লাই ভিনি বয়ং ঈশর যাহা ইকা ভাতাই করেন, আমি व्यत्नक क्रिडोब ७ डांशांक त्राविष्ठ भाति नारे। তবে जिनि শীঘ্রই প্রত্যাপত হইবেন।" মহারাজ সার্কভৌমের সহিত পরামর্শ করিয়া তাঁহার ইষ্টদেব কাশীমিশ্রের বাড়ীতে প্রভুর বাসস্থান নিত্রপণ করিলেন। গৌরাঙ্গ উপস্থিত হইলে ভট্টা-চার্য্য कानीभित्त्वत्र छवत्न वात्रा नित्नन । कानीभित्र शत्रमछकं, তাঁহার সেবার সম্ভষ্ট হইরা এটৈতের তাহাকে চতু ভূ ব মৃত্তি (मथाहेरनन ।

শ্রীতৈতম্পতিরিতামৃতে তৈতন্তের দক্ষিণ গমন বৃত্তান্ত হাহা পাওয়া যার উপরে তাহাই শিখিত হইরাছে। কিন্তু গোবি-ন্দের কড়চা ও অপর কুদ্র কুদ্র গ্রন্থের সহিত চরিতামৃতের বিবরণের কোন মিশ নাই। উক্ত গ্রন্থগুলির মতে ছই বৎসর যাবৎ প্রাভু দক্ষিণ ভ্রমণ করেন। প্রবোত্তম হইতে বিভানগর পর্যান্ত গমন বৃত্তান্ত প্রায় চরিতামৃতের সমান।

তৎপরে বিদ্যানগর হইতে ত্রিমদনগরে বাইয়া বৌদ্ধপণ্ডিত রামগিরির সহিত বিচার করিয়া তাঁহাকে পরাজিত
করেন। তৎপরে চুপ্তিরামতীর্থে চুপ্তিরামের সহিত প্রভূর
বিচার হয়। সেই পণ্ডিত তাঁহার রূপার বৈষ্ণব হইয়া হরিদাস নামে বিখ্যাত হন। তাহার পর প্রীচৈতক্ত অক্ষরটে
উপন্থিত হন। এইখানে তীর্থরাম নামক একজন ধনী
বিনিক্সত্যবাই ও লক্ষীবাই নামক ছটা বেখ্যা লইয়া প্রভূকে
আনেক পরীকা করিয়াছিল, পেবে তাঁহার ভক্তি দেখিয়া
ইহায়া তিনজনেই তাঁহার চরণে পড়িয়া বৈষ্ণব হয়। তীর্থরামের পরী কমলকুমারীও প্রভূর ক্বপা পাইয়াছিলেন।
ক্রের্বটে সাতিনিন থাকিয়া বিশাল ক্রন্তনে প্রের্বন ক্রেন।
এই ক্রনটী দশ্কোশব্যাপী। ইহায় মধ্যে কোন ক্রেন।

3 1

কি বিশেষ ঘটনা হন, তাহা জানিবার উপার নাই। পরে ব্রানধর হইরা বেকটনগরে গিরা বরে বরে হরিনাম বিভাগ করেন। পরে তিনি বস্তুলা নামক প্রসিদ্ধ বনে যাইরা পছতীশ নামক দল্লাকে উদার করেন। চুর্ভি গছ-ভীল প্রতিভভের চুইচারিটা কবা শুনিরাই অজ, শল্প ও চির সঞ্জিত হিংশা প্রস্তুভি একেবারে বিসর্জন দিরা বৈক্ষবধর্মে দীন্দিত হয়। পছতীলের উদ্ধারের পর গৌরাক তিনদিন স্বাহারে কেবল ক্ষু নাম করিতে করিতে জ্মণ করেন। চুতুর্থ দিবনে চুগ্ধ ও আটা আহার করেন।

অনম্ভর তিনি গিরীশ্বর শিক্দর্শন করিয়া স্বহস্তে বিশ্বপত্রাদি छेनहात गरेबा निरंदत भूका करतन। अरेशारन अकबन स्मीनमञ्जानी ध्रांकृत ध्रिमादिश दिशा स्मीनकृत कतित्रा दिकार धर्म अरमधन करतन। এখান হইতে विপতी-নগরে উপস্থিত হন। সেখানে সর্বপ্রধান তার্কিক মধুরা নামক একজন রামারেত-পণ্ডিতকে তিনি বিচারে পরাজিত करतन। তৎপরে পানা নরসিংহ, বিঞ্কাঞ্চীনগরে नन्ती-নারারণ ও ত্রিকালেশ্বর শিবদর্শন করিয়া ভলানদীর তীরে পক্ষগিরিতীর্থে উপন্ধিত হন। তৎপরে কালতীর্থে বরাহমর্ত্তি দেখিয়া সন্ধিতীর্থে অভৈতবাদী সদানলপুরীকে বৈষ্ণব করিয়া চাইপন্দী তীর্ব ও নাগর নগর অতিক্রম করিয়া তঞ্জোরের ক্লঞ্চতক ধনেশ্বর বান্ধণের বাড়ী উপস্থিত হন। তৎপরে সন্নাসীর প্রধান আড্ডা চণ্ডালু পর্বতে যাইয়া তথাকার ভট্টনামক ব্রাহ্মণ ও স্থারেশ্বর নামক সন্ন্যাসীকে বৈষ্ণব করিয়া পদ্মকোটতীর্থে গমন করেন। এখানে অইভুজাদেবীর নিকটে কীর্ত্তন করিবার সময়ে প্রভুর উপরে হঠাৎ পুষ্প বৃষ্টি হয়। একজন চিরান্ধ ভক্ত ব্রাহ্মণ গৌরের রূপায় চক্ষদান পাইয়া প্রভুর রূপ দর্শনমাত্রে প্রাণ্ড্যাগ করে এবং প্রাকৃত মহাসমারোহে ভাহাকে সমাধিত্ব করেন। পদ্ম-কোট হইতে ত্রিপাত্র নগরে যাইয়া চণ্ডেশ্বর শিব দর্শন ও তথাকার প্রধান দার্শনিক বৃদ্ধ ও অন্ধ ভর্গদেবকে রূপঃ করেন। এখানে সাতদিন ছিলেন।

তৎপরে গৌরচন্দ্র আবার গভীর বনে প্রবেশ করেন।

এক পক্ষ পরে জঙ্গল পার ইইয়া রঙ্গামে যাইয়া উপস্থিত

হন। তথা হইতে গুরুতপর্কতে যাইয়া পরমানদপ্রীর সহিত

সাক্ষাং করেন, তৎপরে রামনাদ নগর হইয়া রামেশ্রতীর্থে
উপস্থিত হন। এ স্থান হইতে তিন দিন পরে সাধ্বীবন

নামক স্থানে মৌনব্রতধারী একজন মহাতাপসকে বৈষ্ণব

করেন। মাধীপূর্ণিমার দিনে তাক্রপর্ণী নদীতে সান করিয়া

সম্বর্জপরে ক্ষাকুমারীতে উপস্থিত হন। তথার সমুজে সান

করিয়া করিয়া আনেন। আসিবার সমরে সাঁতন পর্বত দিয়া ত্রিবাস্ক্রের উপস্থিত হন। প্রাভূতেক দেখিয়া ত্রিবাস্ক্রের রাজা ক্রমণতি তাঁহার শরণাগত হইলে তিনি কুপা করিয়া তাঁহাকে বৈষ্ণবধর্মে দীক্ষিত করেন।

ত্রিবাঙ্করের নিকটবর্ত্তী রাষ্ণিরি নামক পর্কত্তে অবৈত-বাদী শক্রাচার্ব্যের শিক্সদিগকে বৈশুব করিয়া মংক্ততীর্থ,-নাগপঞ্চপদী, চিতোল প্রভৃতি প্রসিদ্ধ স্থান দর্শন করিয়া ভূক-ভন্তানদীতে স্নান করেন। সেধান হইতে চঙীপুরে বাইয়া ঈশ্বরভারতী নামক কোন জ্ঞানী সন্ন্যাসীকে বৈশুব করিয়া ভাঁহার নাম ক্রঞ্চাস রাধিরাছিলেন।

চণ্ডীপুরের পর প্রভু একটা ভয়ানক জললে প্রবেশ করেন। এথানে তাঁহার মুখ দেখিয়া বনবাসী হিংল্র জন্ধরাও হিংসা ছাড়িয়া শাস্তিরসে ভাসিরাছিল। এই ফুর্গম পথ পরিত্যাগ করিয়া পর্বতবেষ্টিত কোন একটা ক্ষুদ্র প্রামে যহিয়া কোন ভক্ত বাহ্মণ ও বাহ্মণীকে দেখা দেন। ক্রমে নীলগিরির নিক্টন্থ কাঞারি নামক স্থানে যাইরা কতকগুলি সন্ন্যাসীর সহিত সাক্ষাৎ করেন, তৎপরে অপরাপর স্থান ভ্রমণ করিয়া গুর্জারী নগরে অগন্তাকুণ্ডে মান করেন। তথা হইতে বিজাকুল পর্বত দিরা সহাপর্বত ও মহেক্রমলর দর্শন করিয়া পুণা নগরে উপস্থিত হন। বৈষ্ণব গ্রন্থকর্তাদের মতে এখানে প্রভু ঠিক নবদীপের মত ধর্মপ্রকাশ করিয়া চতুসাচীর পণ্ডিত ও ছাত্রগণকে স্বমতে দীক্ষিত করেন। পরে ডচ্চর নামক জলাশয়ের ধারে বসিয়া ক্ষাবিরতে অনেক সময় রোদন করেন। তথা হইতে যাতা করিয়া যথাক্রমে ভোলে-श्वत ७ तनवरमञ्जल मर्गन कतिया था अवाय थार आवार पर्वन করেন। প্রবাদ এইরূপ যে নারীর বিবাহ না হয়, তাহার পিতামাতা তাহাকে থাণ্ডোবাদেবের সেবার নিযুক্ত করিতেন, এইরপে তথায় অনেক দেবদাসী इইয়াছিল ও দিন দিন তাহারা ভ্রষ্টাচারিণী হইয়া উঠে। খ্রীচৈতম্ম রূপা করিয়া ट्रिके नकन खेटी होतिनी एन वना मी शंग के न ९ न ९ न ९ जा न इन করেন। তাহার। বৈষ্ণবধর্মে দীক্ষিত হয়। গৌরাজ্বচন্দ্র চোরানন্দী বনে প্রবেশ করিয়া প্রসিদ্ধ ডাকাইত नारवाक्रिक উकाव कतिवा छाहारक मरक लहेवा स्रमानमीव তীর্ত্ত থণ্ডলাতীর্থ, নাসিক নগর ও পঞ্চবটী বন অতিক্রম করিয়া দমন নগরে উপস্থিত হন। সেথান ছইতে উত্তর্নিক ধরিয়া ১৫ দিন পরে স্থরট নগরে পমন করেন। এথানে তিন দিন থাকিয়া তথাকার অইভজা ভগবতীর নিকটে প্র विमानक्षेथा निवात्रण कतिया जाशी नमीटक यादेवा सीन करत्न। তৎপরে নর্মদার মান ও বলাব নগরে यक्क क मर्नन করিয়া ব্রহার উপন্থিত হইদেন। এইখানে নারোজি জাকা-ইজ প্রাণাজ্যাল করেন। মৃত্যুর সমরে প্রাস্থ করে জারার কর্মে ক্রমনাম গান করিয়াছিলেন। এই সমরে ব্রহার রাজা প্রাভুর পর্ণাগত হন।

মহানদী পার হইনা আজ্বাবাদ বিশ্বা গুলানদীয় তীরে
উপনীত হইলে কুলীরপ্রানের রামানক বছু ও গোবিশভারণের
সহিত প্রভুৱ সাকার হয়। তর্গতে রোগানক হাতে আরিয়া
বারম্বী নামী বেশ্বাকে কুগা করিয়া বোমনাথ দর্শন করিবার
কল নাকুল হইনা গড়েন এবং লাফরাবাদ নিয়া ছমনিনে সোমনাথে উপন্থিত হইলেন। বববেলা কেনানাথের চর্দশার একলশ্য
করিয়াছে দেখিয়া প্রভু হাহাকার করিয়া আর্তনান করিতে
বাগিবেন এবং কাত্রনারে সোমনাথের নিকট জানেক প্রার্থনা
করিয়া তথা হইতে প্রস্থান ক্রেন। ক্রমে জুনাগড় অক্তিক্রম
করিয়া গিপার পাহাড়ে প্রীর্কের্ক্রের চরণ চিক্ দর্শন করিয়া প্রেমে
বিহলে হন। এই স্থানে গুর্গানে প্রেম্মান করেন।

প্রভুর বিশ্রাম নাই। বোলজন ভক্ত সঙ্গে নিবিড জঙ্গণ পথে চলিতে আরম্ভ করিয়া সাত দিন পরে অমরাবতী ও গোপীতলা নামক স্থানে উপস্থিত হইলেন। ইহারই নাম প্রভাসতীর্থ। এখানে বাইয়া গৌর ক্লানশ্রু হইয়া পড়েন,ও চেতনা হইলে অনেক রোদন করেন।

১লা আখিন প্রভাস ছাডিয়া হারকায় চলিলেন, সাগরের তীরে চারিদিন চলিয়া দড়ার উপর বিয়া সাগরের থাড়ি পার হট্যা হারকার উপস্থিত হইলেন: এথানেও প্রভাসের স্থায় প্রেমে বিছবল হন। একপক কাল তথার থাকিয়া নীলাচল অভিমুখে প্রত্যাবর্তন করিলেন। (এই স্থান হইতে অপর मुक्रीनिशतक विनाय करवन।) व्याचिनमारमय भारत श्रमकाय ৰরদানগরে আসিলেন। তার বোলদিন পরে নর্মদানদীতে আসিয়া স্থান করিলেন। এখানে ভর্গদেবের সভিত প্রভুর বিচ্ছেদ হইল। নর্মদার ধারে ধারে ছলিতে আরম্ভ করিয়া দোহদনগর ও কুক্ষি নগরে অনেক বৈঞ্চবের সহিত সাক্ষাৎ করিয়া বিস্ক্রাচলে মন্দুরা নগরে উপস্থিত হন। তথা হইতে তিন দিনে দেওছতে আসিয়া चानिनात्रात्रन नामक अक कुर्कद्वांगीटक चाद्धांगा कद्भन। তথা হইতে ছই দিলে শিরানীনগরে আসিয়া আহার পূর্বা-ভাগত্ত মহলপর্মত দিরা, চণ্ডীনগরে ফাইরা চ্ঞীদেরীকে मर्गन करतन । ज्या रहेर्ड बावशूक निया जनरगरन निकासक्षरत वामानस्वारकः गरिकः मिनिक इन्। धरेशन स्टेंग्कः श्रुतीहरू যাওয়ার বিবরণ চরিতামতের সমান।

वटांक्षक स्थित स्टेटक किविता वाविवादक क्रिया मीना-इसकारी अधान आयान लाक केंद्रांच निकटी मलितिक व्हेवाव वक क्रेमविक स्ट्रेरनन । बक्दन क्रेमविड स्ट्रेस्न मार्काकोस आक थटक केंद्रिशतक भिक्क किसा विद्याल । केंद्रिशतक मध्या करा-बार्थक स्वयक अन्तर्भन, क्रन्स द्वावधारी, निक्ताविकाती विधि मासिकिः देशकरः धानुमानिकाः, कार्यादशकः महाद्याताक नाम नामक वाकि, निवि माहिष्टित जाक प्रतिक माहिष्ठि, क्लाम्बत निश्दर्यक, मुतादि, निकुलान, धारताण बहाशाय, अवर शतमानन मराशांक धरे नकन लाक धरे जिल बहेरक और कराज একান্ত অনুগত বইলেন। এই সময় বামানৰ বাবের পিতা জনানন্দ রার চারি পুত্র সলে বছরা উপস্থিত হুইলেন, ভট্টাচার্য্য काँदात भतिहत पिर्ण औरिहज्य जाँदारक । श्रामानस्त्रात्रक অনেক প্রশংসা করেন। ডিবিও চারি প্রত্যে সহিত খাখ্য-নমর্পণ করিলেন এবং পুক্ত বাণীনাথকে চৈতত্তের লেবার क्छ छाँहात निकार त्राचित्र मिलन, देहा ख्वानत्मत मूर्थ দিন পাঁচের মধ্যে রামানল রার জানিবেন শুমিরা জডিলর व्यास्नामिन स्टेटनन। ज्यानम विषाद स्टेबा हिल्लन, वागीमाथ তাঁহার সেবায় নিযুক্ত রহিলেন।

সার্ব্ধন্তোম ভট্রাচার্য্য ব্যতীত আর সকল লোক বিদায় হইরা গেল। এটিচতত্ত দক্ষিণ যাতার সঙ্গী ক্লান্সকে ভাকিয়া লইলেন ও ভট্টমারীগণের প্রলোজনে তাঁহার যে অবস্থা হইয়াছিল ভাহা আত্মোপাজ বর্ণনা করিয়া সার্বভৌমকে वनित्नम, "এथन आमि हेशांक तात्म जानिया मिनाव ७ विमाय मिट्छि । উहात्र (यथाटन हेक्का हिना वाडेक. सामात निक्छे श्रांत शंकिए शहेर ना।" এই क्या अभिग्रा क्रक्शनाम (हैं। (हैं। कतित्रा कैं। निर्ण नाशिम। मूला जन हरेग। ब्योरेड छ छेत्रिश श्रात्मन । इस्थमारमत्र क्रमन अवरण নিত্যানশ হঃখিত হইয়া চৈত্যুচন্তের অহুমতি মতে মহাপ্রসাদ সঙ্গে দিয়া তাঁহাকে মহাপ্রভুৱ নীলাচলে প্রভ্যাবর্ত্তন मरवाम मिवात ज्ञ नत्वीद्य शांठाहेबा मिटनन। क्रकनाम নবৰীপে আসিয়া শচীমাতা ও শ্রীবাসাদি ভক্তপণকে এবং শান্তিপুরে গিয়া অবৈত্যকার্য্যকে সংবাদ সেন। এই ভত-नरवारि उक्तगरगतः जानस्मत्रः गीमा शांकिक ना । उक्तश्रग बिनिक हरेंबा এই উপनद्भः क्रेडे किन बिनः छेश्नव क्रिका নীলাচলে বাইবার যুক্তি করিরা শচীমাতার ভবনে বাইরা তাঁহার আজা গইলেল। রক্ষণালের মুখে সংবাদ পাইয়া नवदीशनानी वास्तरमञ्जू, मुताबिश्रद, निवानम, ठल-(मध्या: चाहार्या, वटकाषय शक्षिक, चाहार्यातिथि, मारमानत প্रভিতঃ জীমান প্রভিতঃ বিজয়হাস, शোলাচবচা জীধন,

রাঘব পশ্চিত ও হরিদাস ঠাকুর প্রভৃতি ভক্তগণ নীলা-চলে গমনোদেশাস করেন। কুলীনপ্রামবাদী সভ্যরাজ্বা ও রামানক এবং শ্রীপশ্চনিবাদী সুকুন্দ, নরহরি ও র্যুনন্দন ইহারাও আসিরা খোগ দেন।

এই সমরে পরমানকপুরী দাকিশাপথ হইতে আসিরা লটীগৃহে উপন্থিত হইলেন। তিনি গোরের নীলাচলে আগমন-বার্তা শুনিতে পাইরা গোরাকের কনৈক জক্ত কমলাকান্তকে দইরা জকগণের গমনোভোগ না হইতে হইতেই নীলাচলে চলিরা আসিলেন। ত্রীচৈতক্ত তাহাকে পাইরা প্রণাম করিরা মহানন্দে বলিলেন,—"আপনার সঙ্গে থাকিতে আমার বড় ইছো, এখন নীলান্তি আশ্রর করুন।" পুরীও ইহাতে বিশেষ অমত করিলেন না। গোরচক্ত পুরীর জক্ত কানীমিশ্রের সেই বাড়ীর মধ্যে মির্জন একখানি বর ও সেবার জন্ত একটা কিবর নির্দিষ্ট করিরা দিলেন। পুরীর মুখেই গোরচক্ত জক্তগণ পীত্রই আসিবেন এই খবর পাইরাছিলেন।

मिन मिन कानीमिट्यंत्र वाफी कमकारेता छेठिए नाशिन। একদিন প্রাতে সার্ব্বভৌম ও পর্মানন্দ পুরীকে বইরা এটেড ছ ধর্ম প্রসঙ্গ করিতেছেন. এমন সময়ে শ্বরূপ দামোদর আসিয়া গৌরের পদতলে শুঠাইয়া পড়িয়া কাঁদিতে লাগিলেন। ইহার নিবাস নবছীপ ও পূর্ব্বাশ্রমের নাম পুরুবোত্তম আচার্য্য। গৌরাজ সল্লাসী হইলে ইনিও বারাণসী বাইয়া সল্লাসধর্ম অব-লম্বন করেন. কিন্তু যোগপট্ট গ্রহণ করেন নাই। ইনি চৈত-ভের একান্ত অনুরাগী, ইহার সন্মাসাশ্রমের নাম স্বরূপ। ভক্তিরস ও বাক্যশান্তে ইনি অন্বিতীর, বেদাস্তাদি শান্ত্রেও ইহার স্থার পঞ্জিত আর দেখা ঘাইত না। ইতার কণ্ঠনর অতিশয় মধুর। প্রীগোরের নীলাচলে আগমন সংবাদ পাইরা শুরুর অমুমতি শইয়া চৈতক্তের নিকটে উপস্থিত হন। প্রীচৈতক্ত বন্ধপকে তুলিয়া গাছ আলিখন করিয়া বলিলেন, "তুমি যে चात्रित, छांका चाक चाल पाल पिताकि। जानके कहेबारक, আমি অন্ধ ছিলাম, আজ ভোমাকে পাইয়া চকুরত্ব লাভ করি-नाम।" चक्रण जामक कॅमिया ध्राप्नुत हत्रण वसना कतिन। গৌরচন্ত্র প্রাই সমস্ত জব্দগণের সহিত স্বরূপের পরিচয় করিয়া দিলেন এবং স্বরূপের জন্ত কাশীমিশ্রের বাড়ীর নিভত ছানে একথানি ধর নির্দিষ্ট করিয়া পরিচ্ব্যার্থ একটা ভূত্য নিযুক্ত করিলেন। এখন হইতে বরুপ গোসামী ঐচৈতন্তের প্রধান সভাসন হইলেন। কেহ কোন গীত, প্লোক বা গ্রন্থ त्रक्रमा कृतिया श्रीतास्त्रत निक्षे (मथाकेट मानित्न एकि-সিদান্তবিক্লম হইয়াছে কি না তাহা স্বরূপ পরীক্ষা করিয়া দিলে প্রভুর নিকটে তাহা বাইতে পাইত। বন্ধপ নিভূতে বসিরা উপাসনা করিতেন এবং বিছাপতি, চণ্ডীদাস ও গীতগোবিদ্দের স্থানতি পদ ও রারের নাটক প্রভুকে শুনাইরা তাঁহার চিত্তবিনোদন করিতেন। ইহার কিছুদিন পরে গোবিন্দ চৈতভের নিকটে আসিরা বলেন বে, ঈখর-প্রীর সিদ্ধি হইরাছে, সিদ্ধি প্রাপ্তিকালে তিনি গোবিন্দকে চৈতভের নেবার নিযুক্ত থাকিতে অহুমতি করিয়া গিরাছেন এবং তাঁহার অপর ভূত্য কাশীশ্বরও তীর্থ দর্শন করিয়া এইহানে আসতেহের। চৈতভের অমত থাকিলেও গুরুর আক্রা শিরোধার্ব্য করিয়া গোবিন্দকে আপনার সেবকর্মণে গ্রহণ করিলেন। ইহার পরে রামাই ও নন্দাই নামে আর ছই ব্যক্তি এবং কীর্তনীয়া ছোট ওবড় হরিদাস এই চারিজনও প্রভুর সেবার নিযুক্ত হইলেন।

অনতিকাল পরে ব্রহ্মানন্দ ভারতী উপদ্বিত হইলেন। মুকুন্দের দুৰে ব্ৰহ্মানন্দের আগমনবার্তা শুনিরা প্রভ স্বরং উঠিয়া তাঁহার निकटि राम । जन्मानक मुणहर्ष शतिथान कतिया बातरमरम অপেকা করিতেছিলেন। গৌর মুকুন্দের সহিত ত্রনানদের সমীপে উপস্থিত হইরা দেখিয়াও যেন দেখিলেন না। মুকুলকে কছিলেন, "তিনি কোথায় ?" মুকুল বলিলেন, "এই যে তিনি আপনার সন্মধে দাঁড়াইয়া আছেন।" গৌর ঈবং হাস্ত করিয়া विशासन, "मूक्न ट्यामात कि वृक्ति सम श्रेतांक त्य, अक क्रमत्क चात्र धक वाकि विगएक, छात्रजी शाँमार हम्बादत পরিশেন কেন •" গৌরের এই পরিহাসবাঞ্চক বাক্যে ভারতীর মনে আঘাত লাগিল, মনে মনে অনেক তর্ক বিতর্ক ছইল, লেবে দান্তিকতার পরিচায়ক মুগচর্ম পরিত্যাগ করিয়া বছির্বাস পরিধান করিলেন। এটিচতক্স তাঁহার পদবদ্দনা कतिरत किनि शोतानरक चानिनन रमन। कथिक चारह रा. **এই मस्टा** উভায়েই উভয়েক সচল ব্রহ্ম বলিয়া স্তুতি করেন। এই সময়ে ভগবান আচার্য্য ও রামভট্টাচার্য্য নামে হুই ব্যক্তি গৌরের আশ্রর লইলেন। কতকদিন পরে ঈশ্বরপুরীর অপর শিষ্য কাশীখর আসিয়া পৌছিল, সে অতিশয় বলিষ্ঠ ছিল। ভাছার উপরে লোকের ভিড ঠেলিয়া গৌরাককে অগলাথ দর্শন করাইবার ভার অর্পিত হয়।

( टेठ॰ ठित्र॰ मधा॰ >॰ পরি।)

কিছুদিন এইরূপে চলিতে লাগিল, ধর্মপ্রসঙ্গ করিরা শ্রীচৈতক্ত ভক্তগণের সহিত পরমানলে অতিবাহিত করিতে লাগিলেন। একদিন সার্বভৌম ভট্টাচার্ব্য শ্রীচৈতক্সকে বলি-লেন যে রাজা প্রতাপরক্ত ভোমার দেখিবার জ্ঞ অভিশর উৎক্ষিত হইরাছেন। শ্রীচৈতক্ত সার্বভৌমের কথা গুনিরা বিষ্ণুশ্বরণ করিরা কাণে হাত দিরা বলিলেন— "নিষ্কিনত ভগবদ্ভজানো মুখত পারং পরং জিগনিবোর্ড বদাগরত। সন্দর্শনং বিষয়িণামথ বোষিতাঞ্ছ। হা হস্ত হস্ত বিষতক্ষণতোহপ্যাসাধু।"

( ঐতিভক্তকোনয়না ৮৩৪)

অর্থাৎ বিলি ভবদাগরের পর পারে রাইবার মানসে সকল ছাড়িরা ভগবাদের ভজন করিতে উন্যত, তাহার পকে বিষয়ী ও জীলোকের সন্দর্শন করা অপেকা বিষভক্ষণ করাও ভাল। ভোমার কথার আমি হৃথিত। সার্বভৌম আবার বলিলেন, "প্রভো! আমানের রাজা জগরাথসেবক ও পরমভক্ত।" জীতৈতক্ত ধীর গঙ্কীরন্বরে বলিলেন—"আকারাদপি ভেতব্যং জীণাং বিষরিণামপি। ব্যাহের্মন্যঃ কোভন্তবা তক্তাক্বতেরপি॥"

( তৈতক্তকোদয় ৮/২৫ )

অর্থাৎ রাজা ও দ্রী কালসর্পের স্থার পরিত্যজ্ঞা, বেরূপ কার্চমর রমণীমূর্ত্তি দেখিলে মনের বিকার হইবার সন্থাবনা, তেমনি রাজদর্শনেও ধনত্কা প্রবেল হইতে পারে। অতএব এরূপ কথা আর মুখে আনিবে না, পুনরার বলিলে আমাকে আর এথানে দেখিতে পাইবে না।

সার্বভৌম আর বিরুক্তি করিলেন না।

কথিত আছে, রাজা প্রতাপরুদ্র শ্রীটেতজ্ঞের দর্শন জ্ঞা মতান্ত ব্যাকুল হইরা সার্কভৌমকে একপত্রে লিখিলেন যে, তিনি যেন গৌরভক্তনিগের কাছে তাঁহার অন্তরোধ করাইরা প্রভুকে সন্মত করিতে চেপ্তা করেন। সার্কভৌম ঐ পত্রখানি নিত্যানন্দ প্রভৃত্তিকে দেখাইলে তাঁহারা সেই কথা চৈতগুকে জানাইলেন, গৌর তাহাতেও সন্মতি প্রদান করিলেন না। পরিশেষে ভক্তনল পরামর্শ করিয়া প্রভুর একথানি বহির্বাস রাজার নিকটে পাঠাইরা দেন, রাজা সেই খানি মাধার রাথিয়া পূজা করিতে লাগিলেন।

ইহার কিছুদিন পরে রাজা প্রতাপরুদ্র নীলাচলে আসিরা উপনীত হইলেন। তাঁহার সঙ্গে রামানন্দরারও আসিরা-ছিলেন। রামানন্দ নীলাচলে আসিরাই সর্বাগ্রে গৌরচক্র চৈতল্পের সহিত সাক্ষাৎ করেন। তাঁহাকে দেখিরা গৌর মহা আনন্দিত হইলেন এবং সকল ভক্তের সহিত তাঁহার মিলন করাইয়া দিলেন।

নীলাচলে আসিরা রাজা প্রতাপকত সার্কভৌমের মুখে গুনিলেন বে, গৌরচন্দ্র কিছুতেই তাঁহাকে দর্শন দিবেন না। রাজা এই সকল কথা শুনিরা প্রতিক্রা করিলেন বে বিদি গৌরালের দর্শন না পাই, তবে নিশ্চয়ই প্রাণত্যাগ করিব।

শেবে সার্ব্ধভৌমের পরামর্শে মিতাস্ত দীনবেশে উদ্ভানে থাকিরা রথবাত্তার দিনে প্রভূকে দর্শন করেন।

স্থানবাতা দৈখিয়া জীচৈতত গোপীভাবে নিডাক ব্যাকৃত হন ও ভক্তগণকে পরিতাাগ করিয়া আলালনাথে গমন করেন। সার্বভোম অনেক অমুনর করিয়া প্রভূকে কিরাইয়া আনিয়াছিলেন। এই সময়ে বছদেশ হইতে গৌরভক্তগণ তথার বাইরা উপস্থিত হন। ভক্তনল প্রেমে উন্মন্ত হইরা কীৰ্ত্তন করিতে করিতে কানীনিভ্রের তবনাভিমুখে বাইতে नांशिन। त्न रुविध्विन, इकांब, शक्कन ७ छेरनार प्रियान মৃত প্রাণেও উৎসাহ ,সঞ্চার হর। রাজা প্রতাপক্ত ভট্টা-লিকার ছালে দাঁডাইয়া গৌরের ভক্তদিগকে অবলোকন করেন। গোপীনাথ আচার্ব্য বধাক্রমে ভক্তগণের নাম केंद्राथ कतिया बाजात निकटि शतिहम नियाहित्तन। एक-গণ জগরাথ দর্শন না করিয়া সর্বাধ্যে চৈতন্ত দর্শন করিতে গমন করেন। গৌরচক্ত ভক্তগণের আগমনবার্কা পাইরা ध्येथरम माना ७ ठन्मन शांठीहेब्रा रमन। ब्रम्टम छाहाब्रा निक्छे-বর্ত্তী হইলে স্বয়ং গমন করিয়া পথিমধ্যে তাহাদের সহিত মিলিত হন। তখন একটা আনন্দোচ্ছাস উঠিল। किছ-কালে সেই আনন্দে মগ্ন থাকিয়া চৈতন্ত অবৈত প্রভৃতি ভক্ত-দিগকে একে একে আলিদন ও কুশল সংবাদ জিজ্ঞাসা করিলেন। তৎপরে মুকুলদত্তের জ্যেষ্ঠ ভ্রাতা কাশীদভকে বলিলেন, "তোমার জন্ম ব্রহ্মসংহিতা ও ক্লফকর্ণামত নামে চই-খানি পুঁথি আনিয়াছি, স্বরূপের নিকটে আছে, চাহিয়া লইয়া পাঠ করিও।" সকলের সঙ্গে মিলনের পর চৈতত্ত জিজ্ঞাস। क्तिरानन, "ह्तिमान काथात १" ज्ञान विनानन त्य, ह्ति-দাস আপনাকে নীচজাতি জানে মন্দিরের নিকটে যাইতে অনধি-कारी मन कतिया दांखभार भिष्या कैं। निष्ठाहन। नार्क-ভৌমের পরামর্শ মতে রাজা প্রভাপরুদ্র গৌড়বাসী ভক্তগণের উপযুক্ত বাস্থান পূর্বেই নির্দিষ্ট করিয়া রাথিয়াছিলেন। কাশী-মিশ্র ও পড়িছা আসিয়া জানাইলেন। শ্রীচৈতক্ত ভক্তগণকে বাসায় ঘাইতে ও সমুদ্রমান করিয়া পুনর্কার সকলে মিলিত ছইরা গৌরের বাসায় আসিয়া মহাপ্রসাদ লইতে বলিলেন।

ভক্তনল বিদায় হইলে গৌরান্ধ ব্যস্ত সমস্ত হইয়া রাজপথে বেখানে হরিদাস পড়িয়াছিলেন, তথার উপস্থিত হইরা হরিদাসকে ভূলিয়া আলিন্দন করিলেন। হরিদাস কাতরম্বরে আপনার নীচজাতিত্ব প্রতিপাদন করিয়া ম্পর্শ করিতে বারণ করিলে প্রস্তু উত্তর করিলেন—

শ্প্ৰভু কহে তোমা স্পৰ্শি পবিত্ৰ হইতে। তোমার পবিত্ৰ ধৰ্ম নাছিক আমাতে॥ ক্ষণে কৰে তুমি সর্বাতীর্থ সান।

বিজ্ঞানী হতে তুমি পরমপাবন ॥ ( চৈণ্টরিণ মধ্য ১১ পণ )

শ্রীটেড্ডেড এই কথা বলিরা পুলোভানের মধ্যে একটা
নির্জন ধর হরিদানের বাসভান নির্দেশ করিরা দিলেন।

তৎপরে গৌরচন্দ্র সমুদ্র সান করিয়া বাসার আসিয়া বৈঞ্বরিগের ভোজনের আরোজন করিডে লাগিলেন। গোলীনাথ ও কানীমিশ্র আদেশ পাইয়া বৈঞ্চবনিগের উপযুক্ত মহা
প্রসাদ আনিয়া রাধিরাছিলেন। বধাসময়ে অবৈত প্রভৃতি
ভক্তগণ ভোজনের জন্ত চৈডন্তের আবাসে উপন্থিত হইলে
ক্রীচৈডন্ত ভাহাদিরকে বধাক্রমে বসাইয়া বহুতে মহাপ্রদাদ
পরিবেশন করিতে লাগিলেন। কিন্ত ভক্তগণ প্রভুর অপেকার হাত ভূলিয়া বিসায় থাকিলেন। পরিশেষে গোনিশের
বারা হরিদাসের জন্ত মহাপ্রসাদ পাঠাইয়া দিয়া গৌরচক্র স্বয়ং
ভোজন করিতে বিশেলন। স্বরূপ দামোদর ও জগদানন্দ্র
পরিবেশন করিতে বাগিলেন। ফরুপ দামোদর ও জগদানন্দ্র
পরিবেশন করিতে বাগিলেন। ফরুপ হরিধ্বনি দিয়া মহানল্দে ভোজন করিয়া আচমন করিলে শ্রীচৈতন্ত ভাঁহাদিগকে
মাল্যচন্দ্রন দিয়া বিশ্রামার্থ বাসায় পাঠাইয়া আপনিও বিশ্রাম
করিলেন।

সায়াকে ভক্তৰগুলী গোরাল-সভায় সমাগত হইলে রামা-নন্দ রায় উপনীত হইলেন। গৌরচন্দ্র একে একে সমন্ত ভক্ত-গণের সহিত রামানন্দের পরিচয় করিয়া দেন। সকলেই হরিকথার মত্ত হইলেন। ইহার পর শ্রীচৈতন্ত সকল ভক্ত সঙ্গে জগরাথ-মন্দিরে যাইয়া সন্ধারতির অত্তে কীর্ত্তন আরম্ভ করিয়া मिरमन। **এই मिरन शीरतत मरन उफरे छै**९मां इनेग्राहिन। নব্দীপ ছাডিয়া এমন কীর্ত্তন আর হয় নাই। গৌর আনন্দ-তবক্তে মাতোয়ারা হটয়া কীর্ন্তনের চারিটী সম্প্রদায় বাঁধিয়া দিলেন। আটখান খোল ও বৃত্তিশ জোড়া ক্রতাল বাজিতে লাগিল। কীর্ত্তনন্তবে আকাশ ভেদ করিয়া গ্রামবাদী সক-नक्ट उन्रख कतिया जुनिन। नीनाठनवानी नजनातीशन ঘর ছাড়িয়া দৌড়িয়া আসিল। ভক্তগণের স্বেদ, অঞ প্রভৃতি ভাব দেখিয়া সকলেই চমৎক্রত হইল। অমাত্যবর্গে পরিবৃত হইরা অট্রালিকায় আরোহণ করিয়া ट्रिक्टिंग नाशित्नन । त्शीत्रक्क कीर्जन-मध्यमात्रित मध्य कश-শ্বাথ মন্দির বেষ্টন করিয়া নাচিতে লাগিলেন। নৃত্যাবসানে मिम्दात शन्हां छात्र माँ छाईशां शान कतिए जातन मिर्टान । এই क्राप्त रा मिनकांत्र मरकीर्जन रमय इटेन । देवस्थव কবিগণ ইছাকে বেডা-কীর্ত্তন নামে উল্লেখ করিয়া থাকেন।

তৎপরে চৈতক্সচন্দ্র ভক্তগণকে লইন্না বাদান্ন আদিয়া সহাপ্রসাদ ভোজন করাইন্না বিদার দিলেন। নীলাচলের পবিত্র ক্লেত্রে গোরেচজের প্রেমের হাট বসিল, দিন দিন ভারতের নানাস্থান হইতে ভজ্পণ আসিয়া ইহাতে যোগ দিতে লাগিলেন।

তৎপরে রামানন্দ রার ঐতিততন্তের নিকটে রাজা প্রতাপকলকে কুপা করিতে অন্থরোধ করেন। কিন্তু চৈতন্ত কিছুতেই সন্মত হন নাই। তিনি বলিলেন বে, "রাজা বৈক্ষব হইলেও আমি তাহার সহিত মিলন করিলে লোক-নিন্দা হইবে, ভোমরা এ বিষয় আমাকে অন্থরোধ করিবেনা।" চৈতন্তারিতামৃতের মতে এই সময়ে প্রভুর একথানি বহি-র্বাস রাজাকে পার্চাইরা দেওরা হয়। তাহার পরে প্রভুর অন্থমতিক্রমে প্রতাপকলের প্র আসিরা মিলিভ হন। শ্রীচৈতন্ত তাহার ভক্তি দেখিরা প্রেমাবেশে তাহাকে আলি-লন করেন। রাজকুমারও ক্লফ ক্লফ বলিয়া নাচিভে লাগি-লেন। রাজা প্রতাপকল চৈতন্ত্রসঙ্গী প্রকে আলিন্দ করিয়া আপনাকে ক্লতার্থ জ্ঞান করিয়াছিলেন। এইরূপ নানারকে অতিবাহিত হইতে লাগিল, জগরাথের রথযানা নিকটবর্জী।

চৈতক্সচন্দ্র শুগুচা-মন্দির বড়ই অপরিষ্কার দেখিয়া সকলকে বলিয়া তাহার মার্জন করিতে আরম্ভ করিলেন। প্রভার আদেশে একশত সম্মার্জনী ও একশত কলসী আনা हरेग। औरिठ्य चन्नः औहर अक्षानि मार्जनी नरेना মার্জন করিতে লাগিলেন। প্রথমে মন্দিরের উপর মার্জন করিয়া ছোট বড় সকল মন্দিরই ধৌত করা হইল। গৌর-চক্র ক্লফনাম-উচ্চারণে মত্ত হইয়া মার্জন করিতে আরম্ভ করি-লেন। ভক্তগণও সেই প্রেমে মাতোয়ারা হইয়া মার্জন क्रिंडि वांशिलन। मार्जन-कांत्न छुन धृति मकन वहिर्दारम করিয়া বাহিরে ফেলিরা দিতে লাগিলেন। অল্লকাল মধ্যে শুপ্তিচা মন্দির পরিষ্কার হইন। এই সময়ে প্রভুর একজন ভক্ত তাহার পায়ের উপরে এক কল্সী জল ঢালিয়া তাহা পান করিয়াছিল, তাহা দেখিয়া প্রভু অনেক রাগ ক্রিয়াছিলেন। গুণ্ডিচা মন্দিরের মার্জন শেষ হইলে শ্রীচৈততা সমস্ত ভক্তকে লইরা সংকীর্ত্তন করিতে আরম্ভ করেন। স্বরূপ উচ্চৈ:স্বরে গান করিতে আরম্ভ করিলেন। সকল ভক্তের চকু দিয়া मत मत थादत जन পড়িতে नाशिन। এই সময়ে আচার্য্য গোস্বামীর পুত্র গোপাল নাচিতে নাচিতে অচেতন হইয়া পডিয়াছিল। অনেক চেষ্টায়ও তাহার চেতনাহইল না দেখিয়া সকলেই বিষম চিক্তিত হইলেন। শেবে এটিচতত তাহার বুকে হাত দিয়া বলিলেন, "বাপ গোপাল, উঠিয়া একবার ক্লঞ-নাম কর।" গোপাল অমনি উঠিয়া উল্লেখ্যে ক্ল ক্ল বলিয়া কাঁদিতে লাগিল। পরে গৌরালদের ভক্তগণকে

দাইরা বহাপ্রসাদ ভোজন করিরা বিপ্রাম করিবেল।

হৈঞ্জগণ চৈতভার এই বৃভারতীকে "ধোরা পাধ্যা দীলা"
নামে উল্লেখ করেন। ইবার পরে জগরাধের নেজ্যাৎস্ব
নামে আর একটা লীলা আহে। ধৌরাক দলের অঞ্বর্তী
হইরা জগরাধ পর্বন করিভে বাইরা বে গৃত্যকীর্ত্তন করিভেন,
তাহাই নেজেবেল নামে বিখ্যাত।

রথবানোর দিন প্রোতে উটিয়া প্রাত্তলান করিয়া পাও-বিলয় দর্শন করিতে যান। এই সময়ে লোকের অভিনর छिए, थात घटनटकत चमुटहेरे क्लजाब मर्नम बहिता छेट्ड ना। গৌরাক ও ভাছার ভক্তগণের বর্ণনে ব্যাক্ত না হর এইকর বরং প্রভাগরুত্ত পাত্রগণ স্টরা বন্দোবন্ত করেন। জগরাথ রথে উঠিলেন, সেবক্পণ রাজার ভার তাঁহার সেবা করিতে नाशिन, नकन त्माक त्रथ बतिया होनिन, त्रथ शिख शिख চলিতে আরম্ভ করিল। ত্রীকৈতম তাহা দেখির। অভিশর আনন্দিত হইবেন। তথ্য তিনি চারিটী সম্প্রধায় বাধিয়া কীর্ত্তন করিতে আরম্ভ করিলেন। প্রাক্ত শবংই ভক্ত-গণৈর গলায় মালা ও চক্ষন দিরা লাভাইরা দিলেন। চারি मक्तामार्य मर्क महाब हिकानका शांवक। श्राकाक मक्तामार्य হুইটা করিরা সুদল। অবশিষ্ট বৈষ্ণবৰ্গণ ছুটিয়া আরও ডিনটা मच्छानात वाधिका कीर्जन कतिएक नानिएनन । कीर्जन दम्बिता मकरनतृष्टे थान जेवाल बहेन। दिकारतन राजन, এই कीर्जन শুনিতে নাকি জগন্নাথ রথ রাথিয়াছিলেন।

প্রভু বুরিরা বুরিরা সঞ্চল সম্প্রদারেই বোগ দিতে লাগিলেন। किছकान भरत रेठलक नखन्द कतिया छक्तमूर्य जनबार्यत छन् করিতে আরম্ভ করিলেন। স্তব করিতে করিতে শ্রীচৈতছের প্রেমাবেগ আরও উবলিরা উঠিল, ভিনি ধরাতলে পড়িরা গড়া-গভি দিতে লাগিলেন। হৈতজ্ঞের সান্ধিক ভাব সকল প্রকাশ পাইয়া অতি মনোহর করিয়া তুলিল। কিছুকাল নৃত্য করিয়া গৌরাজ অরূপকে আজা করিলে অরূপ হাদর বৃথিরা "সেইড প্রাণনার পাইছ। যাহা লাগি মদন দহনে পুড়ি গেছ।" এই পদ্দী গান করিতে লাগিলেন। এটিচতক্স পদ্দী শুনিরা আনন্দে নাচিতে লাগিলেন। ক্রমে উন্মন্ত হইয়া নৃত্য করিতে স্পারম্ভ ক্রিলেন। শ্রীর রোমাঞ্চিত, অবিপ্রাপ্ত অঞ্ধারার বক ভাসিরা গিরাছে, কথন ধুলার সৃষ্টিত হইরা রোদন করিতেছেন, কখনও বা বীর গর্জন করিয়া ছবার দিতেছেন। গৌরালের অবস্থা দেখিয়া উপস্থিত হাত্রীমগুলীর মন বিচলিত হইল. তাঁহারাও নাচিয়া, কাঁদিয়া ক্লঞ্চ ক্লফ বলিয়া পাগলের ভার ছটাছটা করিতে লাগিল। গৌরাজ, নিত্যানন্দ প্রভৃতি সকল चक्क चकान इडेबाइन। किछ्छ व्यमार्गरम शिक्षा

বাইতেছিলেন, রাজা প্রভাগরত ভাঁহাকে ধরিয়া রাখিলেন ৷ প্রভাগরতের পার্শ মাজেই হৈততের আম হইল, ডিনি বিষয়ী লাৰ্শ ক্ষুৱাতে বলিয়া আপলাকে থিকাৰ দিছে লাগিলেন। তংগদে গৌর আপন ভক্তাণ কর্মা জগন্ধাধের স্বধের অধ্যে কীর্ত্তন করিতে আরম্ভ করেন। আড়ু প্রেমাবেলে অচেতন क्टेंग कीर्कन केविएकत्वन । तार्ट नमरव नार्करकोरमय नवामर्भ মতে বাজা প্রভাগরুক স্বাক্তরেশ পরিভ্যাগ করিয়া বৈঞ্চলবেশে ধাইয়া তৈজ্ঞের পদ বর্জন করিতে করিকে জাগবডের "ক্বতি एक विकं " क्यांच शांठ कविएक नाशितना । केकाबन कान श्रेण, "जारांत रण, रक मसूत क्रमिष्कि, कारे जारांत रण।" এই বলিতে বলিতে উঠিবা ভাষাকে প্রেমালিকন কবিলেন। রাজা ও চৈতন্ত কিছকাল প্রেমাবেগে নতা করেন। ভংগরে প্রভু রূপা করিয়া ভাহাকে স্বীর ঐশব্য দেখাইরাছিলেন। কীর্ত্তন **छत्र इहेन. और्टेड मधार क्रडा (भव क्रिया छरूत्रन नहेंग्र** মহানদ্দে মহাপ্রসাদ ভোক্তন কবিলেন। এদিকে জগরাথের র্থ চালনের সময় উপস্থিত হইল, সকলে মিলিয়া দড়ি ধরিরা টানিতে লাগিল, কিন্তু রূপ স্থামেক হইতে ভারি হইল, এক পাও চলিল না। এই সংবাদ রাজার নিকটে পৌছিল, তিনি অভিশব বাস্ত হটরা প্রধান প্রধান মর ও কভক্তলি মত হতীহারা টানাইতে লাগিলেন, কিন্তু রথ একটও নডিল না। রথ চলেনা দেখিয়া ভক্তগণ হাহাকার করিতে লাগিলেন, এট সংবাদ পাট্যা চৈত্ত প্রয়ং ডক্তগ্ৰ গট্রা রথ টানিতে লাগিলেন। কথিত আছে যে, গৌরাল রখের পিছনে মাথা निया किनाए आवस कतिरन तथ रुष् रुष् कतिया छनिता-ছিল। এইব্রণে রথযাত্রা শেষ হইরা গেলে প্রভ ভক্তগণ লইয়া কীর্দ্ধনানন্দে দিনাভিপাত করিতে লাগিলেন। প্রতিদিন है सामा मार्गावरत याहेबां अ की जो कता हहे छ । हे हात भरत (कांद्रा-शक्ष्मी मित्नद नन्तीत विकासक मर्नन करतन। জগরাথের ভিতর বিজয় এবং কুঞ্জন্মোৎসব দিনেও পুর্বের স্থায় ভক্তগণের সহিত নৃত্যকীর্ত্তন করিয়াছিলেন।

দেখিতে দেখিতে চারিমাস চঁলিয়া গেল। খ্রীচৈতন্ত বিজয়ার
দিনে রামলীলা অভিনয় করিগেন। উথান-একাদশীর পর
দিনেও নৃত্য কীর্ত্তন করিয়া দর্শকমগুলীকে প্রেমে মাতাইয়া
ছিলেন। ইহার পরে একদিন খ্রীচৈতন্ত নিত্যানন্দকে লইয়া
নিভূতে ব্রিয়া পরামর্শ করেন। উভরে কি পরামর্শ করিয়া
ছিলেন বৈক্ষবগ্রছে ভাহার কোন উল্লেখ নাই। পরদিন
শ্রীচৈতন্ত গোডবাসী ভক্তগণকে ভাকিয়া মিটবাক্যে বলিলেন,
কিভেমিয়া প্রশাদ রেচল বাইয়া আচঙাল প্রভৃতি সকলকেই ক্ষ্ণভক্তি দান করিতে কেই। কর। প্রতি বৎসরে রথবাত্রার পূর্বে

এখানে আসিয়া আমার সহিত ছড়িচা দর্শন করিবে।" ইচার পরে নিত্যাননকে ভাকিয়া বনিবেন, "প্রীপাদ। তুমিও গৌড ্দেশে যাইয়া অনুৰ্যাল প্ৰেমভক্তি প্ৰচাৰ কর। গ্লাধ্য প্ৰভৃতি কথকৰন প্ৰধাৰ তক্ত ভোষার সহায়ত। করিবেন।" অপর অপর সকল ভক্তকেই মিটবাকো সাভ্না করিয়া দেলে যাইতে আদেশ করিলেন। ভক্তগণ চৈতত্তের বিচ্ছেদে কাতর হইয়াও প্রভুর, সাজ্ঞা অনুক্রনীয় ভাবিয়া মদ প্রাণ তাহার চরণে অর্পণ করিরা কাঁদিতে কাঁদিতে গোডদেশে গমন করিলেন। এটিচতক্তও ভক্তগণের বিচ্ছেদে বিষয় হইয়া हिल्ला । श्राधित पश्चिष्ठ, पूत्री श्रीमाहे, खश्चानम, चत्रप দামোদর, দামোদর পশুত, গোবিন্দ ও কাশীখর এই ক্যজন জক্ত প্রভার সহিত নীলাচলে অবন্থিতি করিতে লাগিলেন। বঙ্গের ভক্তগণ এপন হইতে প্রতি বংসর রথবাতার পূর্বে পুরুষোত্তমে আসিরা ৪।৫ মাস গৌরের সহিত একত্র থাকিয়া কার্ত্তিকমানে দেশে প্রত্যাগমন করিছেন। যতদিন গৌরচন্দ্র পৃথিবীতে ছিলেন, ততদিন পর্য্যস্তই এই নিয়ম চলিয়াছিল। ইহার পরে গৌড়বাসী ভক্তগণের স্ত্রীপুত্রও আসিতে লাগিল। ভক্তগণ চলিয়া গেলে ভটাচার্য্যের অমুরোধে মধ্যে মধ্যে তাঁহা-রও ঘরে শ্রীচৈতত্ত ভোজন করিতে লাগিলেন। সার্ব্ধভৌমের পদ্মী বাঠার মাতাও প্রভুর প্রতি বিশেষ অমুরক্ত ছিলেন। ক্থিত আছে যে, প্রম ভক্ত ভট্টাচার্য্যের অন্মরোধে প্রভ অধিক ভোজন করিতেন, দশ বারজনের উপযক্ত অরব্যঞ্জন অনারাদে খাইরা ফেলিতেন। একদিন বাঠার ভর্তা ভট্টাচার্য্যের জামাতা অমোঘ প্রভার ভোজন দেখিরা বলিয়াছিলেন—

"এই আন্ধে তৃপ্ত হয় দশ বার জন। একেলা সন্ত্যাদী করে এতেক ভক্ষণ॥"

( ৈচ' মধ্য' ১৫ পরি' )
প্রভ্র নিন্দা শুনিয়া ভট্টাচার্য্য লগুড় লইয়া তাহাকে মারিতে
গোলন, অমোঘ পলাইয়া গেল। তৎপরে ভট্টাচার্য্য ও যাঠার
মাতা অমোঘের চৌদপুরুষ উচ্ছন্ন দিয়া বার বার যাঠার বৈধব্য
প্রার্থনা করিলেন। তাহাদের অবস্থা দেখিয়া গৌরচক্র হাসিয়া
বলিলেন, "অমোঘ সরলমভি ভাই গুরুপ বলিয়াছে, ইহাতে
তাহার কোন অপরাধ নাই।" ভোজনের পর প্রভু আপনার
বাসস্থানে চলিয়া গোলেন। সার্বভৌম হৈতভানিন্দুক জামাতার মুখ দর্শন করিবেন না প্রভিত্তা করিলেন এবং ক্তা
যাঠাকে তাকিয়া বলিলেন, "মা ! চৈতভা-মিন্দা করিয়া অমোঘ
পত্তিত ইইয়াছে, ভূমি তাহাকে পরিভাগে কর, শাল্লে পতিত
ভর্তাকে পরিভাগ করিবার উপদেশ আছে।" ইহাতে সার্বভৌমেন্ন মন পরিকার হইল না, চৈতভা-নিন্দালবদে পাপ

হইরাছে, তাহার প্রারশ্চিত্তের কক্স তিনি ও যাঠার মাতা উপবাসী থাকিলেন।

ক্থিত আছে বে সেই রাত্রিভেই অমোদের বিস্কৃচিকা হয়. ভাহার বাঁচিবার আশা রহিল না। অমোঘ ক্রমে অচেতন হইল. সকলেই ঠিক করিল বে আমোঘ প্রাণ পরিত্যাগ করিয়া চৈত্রজনিশার অপরাধ হইছে মুক্ত হইয়াছে। সার্বভোম ও বাসির মাতা এই সংবাদ পাইয়া মহা আনন্দিত হইলেন। আতে গোপীনাথ আচার্য্য যাইয়া প্রাভুকে সংবাদ দিলেন যে. সার্পভৌষের জাঁমাডা অমোঘ বিহুচিকারোগে প্রাণভ্যাগ করি-मारक । औरिहजन को मारवान क्रमिना जारक वारक व्यागायत মৃত শরীরের নিকটে যাইয়া উপস্থিত হইলেন ও অমোঘের বুকে হাত দিয়া বলিতে লাগিলেন, "বাপ অমোঘ। ভোমার क्तर गत्रण, देश क्रास्कृत विज्ञात त्यांना, देशरक मार्म्मा-कथा-লকে কেন স্থান দিয়াছিলে ? বাপ, সার্বভৌমের সম্পর্কে তোমার সমস্ত পাপ লোপ পাইরাছে, উঠ, একবার তমি কৃষ্ণনাম লও, ভগৰান তোমাকে ক্লণা করিবেন।" চৈতভের कथा कुनिया अरमारचत्र कान इहेन. छेठिया कुक कुक विनया নাচিতে লাগিল ও কাঁদিতে কাঁদিতে ত্রীচৈতভার চরণে পড়িয়া ক্ষমা চাহিতে লাগিল। ইছা দেখিয়া দর্শকমগুলী অবাক্ হইরা গেল, সার্কাছোম প্রভৃতি ছাজ্পণ এই সংবাদে তথার উপস্থিত হইলেন। গৌরাল সার্ব্যন্তামকে অনেক व्यत्वां पित्रा वित्रा तात्त्वा । (देव वित्र मधा १० शितः)

সন্ধানের পর চারিরৎসর গত হইয়াছে, গৌরচন্দ্র নীলা
জির প্ণাভ্মিতে বাস করিভেছেন। বিভীয় বর্ষে দাক্ষিণাত্য

শ্রমণ করিরা নীলাচলে ফিরিয়া আসিয়াছেন। তৃতীয় বৎসরে

তাঁহার রুদারন যাইবার অভিলাব। রামানদ্দ ও সার্কভৌম

আজকাল করিয়া ছইবৎসর কাটাইয়া দিলেন। পঞ্চম বৎসরে

বঙ্গদেশের ছাত্তগণ রথমাত্রার পূর্কে আসিয়া রথমাত্রা দর্শন

করিয়াই দেশে ফিরিয়া গোলেন। অক্তান্ত বৎসরের হায়

সেবারে চারি নাস নীলাচলে থাকিলেন না। ভক্তগণ বিদায়

ছইয়া গোলে গৌরচন্দ্র রামানন্দ ও সার্কভৌমের নিকট

রঙ্গদেশে জননীর চরণ ও জাহুবী দর্শন করিয়া রুদ্ধাবন যাই
বার অভিশ্রের পরামর্শ মতে বিজ্বয়াশশমীর দিনে যাত্রা

করিবেন ন্তির হইল।

বিজয়ার দিনে জগরাথের প্রকাদ ও মালাচন্দন সংগ্রহ করিয়া গৌরাক প্রাতে বাজা করিলেন। পুরী প্রোঁসাই, স্বরূপ দামোদর, জগদানক, মুকুক, গোরিক, কানীশ্বর, হরি-দাস ঠাকুর, বজেশ্বর পঞ্জিত, ধোপীনাখাচার্জ, লামোদর

পণ্ডিত এবং রামাই নন্দাই প্রভৃতি তাঁহার অমুগমন করিতে লাগিলেন। যাত্রীদল ভবানীপুরে উপস্থিত হইলে রামানক বায় ও সার্কভৌম ভটাচার্ব্য আসিরা মিলিত হন। কালীনাথ বাহকের ছারা এখানে মহাপ্রসাদ পাঠাইরাছিলেন। সকলে महानत्म महाव्यनाम ८ छाक्तन कतिया कृत्रत्मव ब्हेश कंटरक উপনীত হইলেন। औচৈডভ্র সাকীগোপাল দর্শনাম্ভে অপ্লেখর নামক ব্রাহ্মণের গৃহে আভিথ্য স্বীকার করিয়া বকুণতলায় বিশ্রাম করিতেছেন ৷ রামানন্দের মুখে ভনিয়া রাজা প্রভাপ-ক্রদ্র তথার আসিরা গোরের সহিত সাক্ষাঁৎ করেন। এই সময়ে রাজার সহিত গৌরাঙ্গের অনেক কথা হয়। অনেক কথাবার্ত্তার পরে গৌরচন্ত্র গমনোভোগ করিলেন। প্রতাপ-রুদ্র মহাপ্রভর গমনের স্থাবিধার জন্ম রাজাজ্ঞা প্রচার করিয়া **पिट्न । इतिहम्मन ७ सम्त्रोक नामक मिठवहरू औरः द्रामा-**নন্দ রায় প্রভুর সঙ্গে সীমান্তপ্রদেশ পর্য্যন্ত বাইতে আদিষ্ট হইলেন। অপর অপর বেত্রধারী সৈভগণও প্রভুর সঙ্গে यारेवात जात्म भारेन। अतित्क हित्जारभना नतीत भन्न পারে যাইবার জন্ম উৎকৃষ্ঠ তর্ণী রাখা ছইল, নগরের ি পথে ও ঘাটে রমণীয় স্তম্ভ ও তোরণ নির্দ্ধিত চুইল। রাজা রাজমহিণী ও পরিজনবর্গ লইয়া ঘাইবার পথে অপেকা করিতে লাগিলেন। মহাপ্রভু সন্ধ্যাকালে তথা হইতে যাত্রা করিয়া নদীঘাটে আসিয়া অবগাহন করেন। এই সময়ে রাজা মহিষীদিগকে नहेम्रा देउ उत्भव পान वन्त्रना कविषा हित्तन। এই স্থানে তিনি অনেক প্রবোধ দিয়া গ্রাণরকে বিদায় করেন। সন্ধার পরে নৌকার আরোহণ করিয়া নদী পার হইয়া চতুৰ্বি (চৌৰার) নামক স্থানে আসিয়া রজনী याश्रम क्रियान। প্রাতে রাজাজ্ঞার নীলাচল হইতে অনেক মহাপ্রদান আদিল, গৌর প্রাতঃক্তা সমাধানাতে খনলে মহাপ্রদান ভোজন করিয়া পথ চলিতে আরম্ভ करतन। याजभारत चानिशा ध्यमाजावग्रदक विनाध निर्मान। রেম্ণার আসিয়া রামানন্দ রায়কে বিদায় করেন। গৌরচন্দ্র त्यथात्न यान. त्नरेथात्नरे त्राकाळात्र महामन्यान शाहेत्नन। উৎকলরাজ্যের সীমান্তপ্রদেশে উপনীত হইলে রাজ-কর্মচারী মহাপাত্র তাঁহাকে মহাসমাদরে গ্রহণ করিলেন। তুই চারিদিন বিশ্রামের পর মহাপাত গৌরের নিকটে বলিলেন---

"মত্মপ যবন রাজার আগে অধিকার। তার ভরে পথে কেহ নারে চলিবার॥ পিছলদা পর্যান্ত সব তার অধিকার। তার ভরে নদী কেহ হতে নারে পার॥ দিন কত রহ লব্ধি করি ভার লবে। তবে হুখে নৌকাতে করাইল গমনে ৪°

धरे नमद्य ववनवाद्यत अक अन्नत्र क्वारत्म डेडिवा-कंग्रेटक चानिता टेड डक्क स्टब्स मुर्खि ও चाहत्रन स्विता मुख रहेता लाग धनः चीत जीवृत निक्रि गहिता आमृण त्रखास নিবেদন করিরা পাগলের ভার হাসিতে কাঁদিতে ও ক্রঞ ৰণিরা নাচিতে লাগিল। এই ব্যাপারে ঘবনাবিপতির মন ফিরিয়া পেল। তথন ডিনি নিজের বিখাসকে উৎকলরাজ-কর্মচারীর সমীপে পাঠাইরা গৌরাল দর্শনের ব্যাকুলতা ও তাঁহার প্রতি বছত ভাব জানাইলেন। মহাপাত্র তাঁহাকে निव्रव बरेवा दक्रवन ठावि भौठति कुछा मान चामिएं वरनम । এই সংবাদে মেক্ডাধিপ हिन्द दिनशांत्रण कविता উषिता निविद्य উপনীত हहेबा ठिज्ञात्मवरक प्रतिवा एथान-বিহবল চিত্তে সাম্ভান্ধ প্রাণিপাত করিয়া কাঁলিতে লাগিলেন ও কতই অমুতাপ করিলেন। তথন ঐতিতভ রূপা করিরা যবনরাজকে হরিনামে দীক্ষিত করেন। উৎকলরাজ-প্রতিনিধি যবনরাজের সহিত মিত্রভা স্থাপন করিলেন। উভয়রাজ্যে সঞ্জি হইয়া গেল। মুকুল দত্ত সমর ব্রিরা ঘবনরাজকে প্রভর বঙ্গদেশে ঘাইবার বন্দোবন্ত করিয়া দিতে বলিলেন। ঘবন-রাজ আপনাকে কুতার্থমন্ত ভাবিয়া নৌকা সাজাইয়া প্রভকে নিজ শিবিরে আনয়ন করিলেন। উৎকলরাজের মহাপাত্রও সলে সঙ্গে আসিরাছিলেন। মুসলমান-রাজ এক স্থবৃহৎ নৌকায সদলে প্রভূকে উঠাইয়া দিয়া জলদন্তার ভয়ে আর দশথানি त्मोकाय देमचा नहेंचा खबर महन हिन्दिन । और हे इस उरक्त बाक्र श्रेडिनिधिक चालिक्न कविया विनाय कविरतन। यवना-धिशक मद्भाव नामक कुछ नहीं शांत्र कत्राहेवा हिवा शिक्षणहा পর্য্যস্ত সঙ্গে আসিলেন এবং নিরাপদ স্থানে পৌছিয়াছেন জানিয়া প্রভন্ন চরণ বন্দনা করিয়া সাশ্রুলোচনে বিদায় লইলেন।

মহাপ্রভূ দেই নৌকায় পানিহাটী প্রামে আসিয়া পুরস্কার দিরা নাবিকদিগকে বিদায় করিলেন।

পানিহাটীগ্রামে রাঘব পণ্ডিতের বাসন্থান। তিনি প্রভ্কে মহাসমাদরে নিজ গৃহে জানিয়া দেবা করাইলেন। গৌর আসিরাছেন শুনিয়া রাঘবের গৃহে মহাজনতা হইল। এইথানে এঁড়িয়াদহ-নিবাসী গদাধর দাস, প্রক্রম পণ্ডিত, পরমেশর দাস ও মকর্মাজ করকে মহাপ্রভু ক্লপা করেন। নিত্যানন্দ এই স্থানে আসিয়া গৌরের সহিত মিলিত হন। রাঘবগৃহে একদিন অবস্থান করিয়া গৌরচন্দ্র কুমারহট্ট বর্ত্তমান হালি-সহর গ্রামে শ্রীবাসের ভবনে আগমন করেন। শ্রীবাস দেখা। শ্রীবাসের গৃহে কীর্ত্তন, ভাগবত পাঠ ও শ্রবণ করিয়া মহানদ্দে

অভিবাহিত করিতে লাগিলেন। এই প্রামত্রানী বাস্তবের দত্ত ७ निवानन रमस्त्र गृह्द वहिनां (श्रीतक्रमत खरमक नीजा कोकुक कतिवाहित्तन। धहेन्नत्न किहितन औवारमन গৃহে অবস্থিতি করিরা ও জীরাম পণ্ডিতকে জীবাসের टमवा कत्रिवांत अन्न विराम केनरमण मित्रा भिनाशास्त्र সহিত বার্মভৌম ভট্টাচার্য্যের কনিষ্ঠ বিভাবাচস্পতির গতে উপস্থিত হইবেন। ছই একদিন পরেই গৌরের আগমন-বার্ডা চারিদিকে রাষ্ট্র হইরা পড়িল; অসংখ্য লোক আসিতে नागिन। बैटिन्ड जारामिगदक रतिनाम छैनदम्य मिया বিদার দিতে লাগিলেন, কিন্তু লোকের ভিড় কমিল না। বোর লোকের ভিড়ে উত্তাক্ত হইয়া নিত্যানন্দ প্রভৃতি কএক-क्न विश्वानी वक्क नटक नटेश क्रुविश्व-आदम मांधवनादनत चदत शनारेबा रशरनन। अमिरक जागन्तक वाकिन्तर्ग श्रीद्ररक শুকাইরা রাধিয়াছেন বলিয়া বাচম্পতিকে তিরস্কার ও নির্বাতন করিতে লাগিল। বাচম্পতি অনেক অনুসন্ধানে চৈড্ডান্তর সংবাদ পাইরা তাহাদিগকে তথার লইরা বাইরা নিছতি লাভ করেন।

कुनिवाट अन-कानाहन आवश त्रुक्कि हहेवा छैकिन। লক লক লোক আসিয়া গ্রাম, প্রাস্তর, বন জলল ছাইয়া क्लिन। श्राप्त लोकानी भनाती क्रिया এक महारमना হইয়া গেল। গোপাল চাপাল অপরাধী হইয়া কুর্চরোগে কঠ পাইতেছিল। চৈতন্তের নিকটে উপস্থিত হইয়া অমুতাপ ও আর্ত্তনাদ করায় তাঁহার অনুমতি মতে শ্রীবাসের প্রসন্নতা-লাভ করিয়া রোগ হইতে মুক্তি পাইল। সার্ব্বভৌমের পিতা মহেশ্বর বিশারদের প্রতিবাসী দেবানন্দ পণ্ডিত শ্রীবাস পণ্ডিতের অপকার করিয়া,অপরাধী ছিল, বক্রেখরের রূপায় তাহার জ্ঞান লাভ হয়। বক্ষেশ্বর একদিন জিজ্ঞাসা করেন, माधुनिका ও পরনিকাজনিত পাপ কিসে কয় হয় ? रेठ ज्ञापन उ खुद कदिएनन, "निमिष्ठ वा कित्र निक्षे निष পাপ স্বীকার, তাঁহার স্তুতি, পুনরায় আর নিন্দা না করা এবং ক্ষুনাম উচ্চারণই ইহার প্রায়শ্চিত।" দেবানন্দ ভাগবত পড়াইতেন, কিন্তু তাহার তাৎপর্য্য ভাল করিয়া ব্ঝিতে পারিতেন না। কথিত আছে যে, তিনি শ্রীচৈতত্ত্বের নিকটে ভাগৰতের অর্থ শুনিতে চাহিলে চৈতক্ত ভক্তমগুলীর সমক্ষে ভাগবতের আগতে ভক্তিই একমাত্র প্রবেজন, এরূপ ব্যাখ্যা করিরাছিলেন।

সাতদিন কুলিয়া গ্রামে অবস্থিতি করিয়া বছবিধ লোককে প্রেমন্ডক্তি শিক্ষা দিয়া শ্রীচৈতন্ত সদলে শান্তিপুরে অবৈতন্তবনে গমন করেন। ,আচার্য্য-ভবনে একজন সন্ত্যাসী উপস্থিত ছইয়া কেশব-ভারতী চৈতন্তের কে?

এই কথা বিজ্ঞানা করিলে অবৈত উত্তর করিলেন. "চৈতভ্তের শুরু।" এই কথা শুনিরা আহৈতের পঞ্চবরীর প্ত অচ্যতানন্দ রাগ করিয়া বলিলেন, "আপনি বলেন কি ? চৈতস্থই জগদ্ভক, তার আবার গুরু কে ?" আচার্য্য भूत्वत - मूर्य धरे कथा छनिया, फाशांक कारत नहेशा প্রেমানন্দে নাচিতেছিলেন। এমন সময়ে জীতৈতন্ত হরিবোল দিয়া তথার উপস্থিত হন। আচার্য্যের প্রেমসিদ্ধ উথলিয়া উঠিন. হরিনামের যোর ঘটা পড়িরা পেন। অবৈত त्मांचा भांक्रीहेबा नवहीं हहेए महीरमवीरक आनाहेरनन। শ্চীমাতা বহুতে বন্ধন করিয়া প্রাণের নিমাইকে খাওয়াইতে লাগিলেন। এ সময়ে নবদীপের ভক্তগণ্ড আসিয়া মিলিত হইবেন। খ্রীচৈতন্ত দিন কতক তথার থাকিয়া প্রত্যাগমনকালে পুনর্কার আসিবেন, বলিয়া ভক্তগণের সহিত বুন্দাবন যাত্রা করিলেন। পথে যতই অগ্রসর লইতে লাগিলেন, লোকসংখ্যা ভতই বৃদ্ধি হইতে লাগিল। একজন উড়িয়া ভক্ত নাকি জানিতে পারিয়াছিল যে এবার চৈতভ্তের বুন্দাবন যাওয়া इटेर ना. कानांटेखन नांग्रेमाना इटेर्ड फिनिएड इटेर्टर। গৌরাঙ্গ ভক্তদল ও পথে উপস্থিত লোকসমূহ লইয়া অল্লদিন মধ্যে বঙ্গের তৎকালীন রাজধানী গৌড়নগরের নিকট রাম-কেলী গ্রামে উপস্থিত হন। নগরকোতোয়াল গৌড়েশ্বরকে कानाहेन (य. এक मन्नामी वहमाथाक लाक नहेन्ना अनवत्र ভূতের সন্ধীর্ত্তন করিতেছে। সৈয়দ হুসেন বা দিতীয় আলা-উদ্দীন্ তথন বঙ্গের সিংহাদনে অধিষ্ঠিত। তিনি হিন্দু সভা-স্দাণকে জিজ্ঞাসা করায় কেশবছত্রী, রূপ ও সাকর মলিক বা দ্বীর্থাস তাঁহাকে বুঝাইয়া দেন যে, সব মিথ্যাক্থা, এক क्रम ভिशाती मन्नामी ठीर्थ পर्याप्टरन पारेटिएहन, তारात मन्त्र ছই চারিজন ভিক্ষক চলিয়াছে। এদিকে তাঁহারা গোপনে অহাত্র যাইতে চৈতহাকে অমুরোধ করিয়া পাঠাইলেন। তাঁহা-দের মনে আশকা যে যবনরাজ পাছে সক্লাসীর কোন অনিষ্ঠ করেন। কিন্তু সৈয়দ চলেন চৈতল্পের থাকিবার ও সঙ্কীর্ত্তন প্রচারের স্পবিধার জব্দ এবং কাজীগণ তাঁহার প্রতি অন্তায় আচরণ করিতে না পারে তজ্জ্ঞ রাজাজ্ঞা প্রচার করিয়া দিলেন। উক্ত রূপ ও সাক্রমলিক্ই প্রম বৈফ্লব রূপ ও সনাতন নামে বিখ্যাত। ক্লিপ ও সনাতন গোস্বামী শব্দে বিস্তত বিবরণ জন্তব্য । ]

রূপ ও সাকরমল্লিক রাজদরবার হইতে গৃহে প্রত্যাগত হুইয়া চৈতত্তের দর্শন-মানসে রাত্রি দ্বিতীয় প্রহরের সমর বেশ পরিবর্ত্তন করিয়া যাত্রা করিলেন। চৈতত্তের সম্যাস-গ্রহণের পর লোকপরম্পরার তাঁহার গুণের কথা শুনিয়া ইহারা একান্ত আক্রাক্ত হইরাছিলেন এবং মধ্যে ছই একবার আগনায়দের কর্ত্তব্য কি, এই বিষয়ে উপদেশ চাহিরাছিলেন। জীটেচভক্ত ভত্তব্যে একটামাত্র সংস্কৃত স্নোক শিশিরাছিলেন। কবি-তাটা এই—

"পরবাসনিনী নারী ব্য**ঞ্জাপি গৃহকর্মণি**। তমেবাসাদরস্কারনিকারনায়নম।"

অর্থাৎ পরপ্রক্ষাসক্তা ক্লকামিনী গৃইকর্মে ব্যক্ত থাকিয়াও মনে মনে বেমন সর্কাদাই তাহার সজ্যোগল্প আস্থাদন করে, সেইরূপ বিষয়কর্মে লিপ্ত থাকিয়াও ভগবানের রূসে মন মগ্য রাখিবে।

ইহারাও সেই উপদেশ অমুদারে চলিরা আদিতে-ছিলেন। যথা সময়ে চৈতন্তের নিকট উপস্থিত হইরা ভাঁছার চরণতলে পঞ্চিয়া কাঁদিতে লাগিলেন। চৈতন্ত বলিলেন, "তোমাদিগকে বড় ভাৰবাসী, সেই কারণেই এখানে আদি-আছি, এখন বরে বাও, জ্রীকৃষ্ণ অবশ্রুই তোমাদিগকে উদ্ধার করিবেন।" পরে উপস্থিত ভদ্রুগাকে বলিলেন, "সকলে ক্লপা করিয়া ইহাদিগকে উদ্ধার কর। আৰু হইতে ইহাদের नाम इहेन क्रे ७ मनाउन।" ज्रुक्त इतिश्वनि क्रिए লাগিলেন, রূপ সনাভনের হৃদয়ে নৃতন শক্তির সঞ্চার হইল, তাঁহারা নবজীবন পাইয়া আনন্দে হরিবোল দিয়া নাচিতে লাগিলেন। বিদায় হইয়া যাইবার সময় সনাতন এট্রৈডঞ্জে দে স্থান হইতে শীঘ্ৰ ঘাইতে বলেন ও ভঙ্গীক্ৰমে বুঝাইয়া रान त्य, এত लाक लहेशा त्रमावत्न याश्रा छेठिछ नत्ह, একাকী অথবা ছই একজন मनी नहें हा शालाई छान हम। গোরাক সনাতনের উপদেশের সারবতা গ্রহণ করিয়া পরদিন প্রত্যুবেই যাত্রা করিরা কানাইরের নাটশালা প্রানে চলিয়া আসিলেন। সেই দিন তথার থাকিয়া প্রাতে গলামান করিয়া শান্তিপুরে ফিরিয়া আসিলেন। এবার বুলাবন বাওয়া हरेन ना । शांखिशूद्र भंठीमांखांदक बानारेश क्य किन शर्याख मरहा १ नरत अधिवाहिक कतिरामन। अहे नमात्र चरेतरक अक মাধবেক্স পুরী তথার উপস্থিত হন। রামভক্ত মুরারিভ্র রামাইক রচনা করায় চৈত্ত তাহার কপালে রামদাস নাম লিখিয়া দেন। \* রঘুনাথ দাসও এই সমরে চৈভত্তের কুপালাভ क्रिक्टिन।

শ্রীচৈতন্ম মাতা ও ভক্তগণের নিকট বিদার সাইয়া ও সে বংসরে ভক্তবৃন্দকে নীলাচলে যাইতে নিষেধ করিয়া কেবল বলভক আচার্ব্য ও দামোদর পশুভবেক সলে লইরা পুরুবো-ভমে বাজা করেন। পথে বরাহনগরে এক রাজণের মূবে ভাগবভ লাঠ ওনিরা প্রেমে বিহল হবরা ভাঁহাকে ভাগ-বভাচার্য্য উপাধি প্রদান করেন। [ভাগবভাচার্য্য দেখ।]

পূর্বকার পথে নীলাচলে গমন করিলেন। প্রভাগরক্ত জানিতে পাইয়া পথে পরিচর্ব্যার জন্য পূর্বের ভার লোক রাধিরাছিলেন। গৌর বধালময়ে প্রুবোভ্তমে উপস্থিত হইয়া ভক্তপাবের নিকটে রূপ স্নাত্মের মিলন ও ব্লাবনে না ঘাইরা প্রভাবর্তনের কারণ বর্ণনা করিলেন।

टिज्छ नीनाहरू जानिहारे बुमायरम गरेवाव रेव्हा ध्वकाम করেন। কিছ ভক্তপণের অমুরোধে বর্ষার করমাস তথায় বাকিহা বন্ধপ গোলামীর প্রস্তাব মতে বলভক্রাচার্য্য ও তৎসঙ্গী ব্ৰাহ্মণ ভূত্য এই ফুই জনকে সকে লইয়া কাহাকেও না বলিয়া बक्रमीरवार्श मीमाठम इटेरफ्ट याजा क्तिरमन। त्नाकम्मा-গমের ছবে প্রসিদ্ধ রাজপথ পরিত্যাগ করিয়া কটক নগরকে छाहिरन त्राथित्रा निविष् व्यवस्था धारवन कविरामं । देवस्थत-প্রত্থে এই পথ ঝারিখও বলিয়া বর্ণিত হইরাছে। বনের শোভা দর্শনে ও কলনাদী বিহলগণের গান প্রবণে গৌরের বুলাবন-ভাব উথলিয়া উঠিল। তিনি অনবরত নাচিতে, গাইতে ও মহাভাবে সাবিষ্ট হইরা পথ অভিবাহিত করিতে লাগিলেন। গৌরচন্দ্র অনেক দিন উচ্চকণ্ঠে হরিসংকীর্ত্তন करतन नाहे। अथन निर्क्रन यम शाहेबा मरनत चर्च कीर्छन করিতে লাগিলেন। বন-পথে দলে দলে ব্যাঘ, হন্তী, গণ্ডার, ভলুক প্রভৃতি বিচরণ করিতেছে। গৌরচক্র নির্ভন্নচিত্তে ভাহার মধ্য দিয়া নাচিয়া গাইয়া ঘাইতে লাগিলেন। গৌর-চলের প্রেমবিকবশতা দেখিয়া হিংশ্রকত্তরাও পথ চাডিয়া याहेछ। देवक्षव श्रम्कर्डारम्ब मर्छ धकमिन धक्छ। वाध छ আর এক দিন এক দল হাতী চৈতত্ত্বের কথা অনুসারে "ক্ষ ক্লফ" বলিয়া চিৎকার করিয়াছিল।।

গৌর নিবিড় বনভূমি উত্তীর্ণ হইয়া সাঁওতাল ও ভীলদিগের
জ্বনপদে উপনীত হন এবং হরিনাম বিতরণ করিয়া সকল
ছান পবিত্র করেন। বনপথে স্বদিন আহারীয় সামগ্রী
মিলিড না। স্থােগ্রতে বলভদ্র ছই চারি দিনের তপুল
সংগ্রহ করিয়া লইভেন। বনমধ্যে শাস্ত ও ফলম্ল ভূলিয়া পাক
হইড, গৌরচজ্র তাহাই পরম স্থাথ ভোলাল ! করিভেন।
পূর্বে দান্দিগাত্য-ভ্রমণকালে বেমন হরিলাম বিলাইয়া তদেশবালীদিগকে মুগ্ধ করিয়াছিলেন, এক্সে ঝারিথঞ্জের অসভ্য
লোকদিগকেও তেমনি বৈশ্বে করিছে লাগিলেন। কিছু
দিন পরে মাগ্রীগণ মধ্যাক্ লম্যে কাশীধানে ঘাইয়া উপনীত

<sup>\*</sup> ইনি-ই সর্বাপ্তথে চৈডভের আদিলীলা-ষ্টিড ( বংক্সড) তৈওঁজ-চরিত রচনা করেব। গোচনদান ভাছাই অবল্যন করিয়া ফুল্টিড বাশালা পদে চৈতজনকন একাশ করেব।

হইলেন এবং মণিকণিকার বাটে লানাবগাহন লক্ত গমন করিলেন। এবানে তপনমিল্লের সহিত তাঁহাদের সাকাং হর। তপন প্রথনে লর্ডানী গৌরকে চিনিতে পারেন নাই। পরিচর পাইরা গৌরচক্র ও সলীবরকে অরপ্ণা, বিশ্বেষর ও বিক্ষুনাথম দেখাইরা গৃহে লইরা বান। মিল্ল পরমানন্দে চৈতভাদেবকৈ আহার করাইলেন। বলভক্ত আচার্য্য পৃথক পাক করিলেন। চৈতভা শরন করিলে মিল্লের বালকপুত্র রত্নাথ তাঁহার পাল সম্বাহন করিতে নাগিলেন। উত্তরকালে এই রত্নাথই হর গোন্ধামীর অভতম বলিরা প্রসিদ্ধ ইইয়াছিলেন। চক্রশেধর নামে তপনের একজন বন্ধ কাশীতে বাস করিতেন, ইনি জাতিতে বৈভা, ব্যবদা গ্রহলেথা। সংবাদ পাইরা ইনি আসিরা চৈতভার চরগ্রনাল করিলেন। এবং কাশীতে ভজ্পির কথা নাই, কেবল বেদান্ত চর্চা শুনিরা বড়ই হৃঃখিত হইয়াছেন এইরূপ বলিরা অনেক ক্রেকন করিলেন।

শ্রীপাদ প্রকাশানদের শিষা একজন মহারাষ্ট্রীর রাক্ষণ কৃষ্ণচৈতভার রূপমাধুরী ও প্রেমবিহ্বলতা দেখিরা প্রকাশা-নন্দের নিকট বলিলে ডিনি অনেক উপহাস করিয়া চৈছলকে একজন এলজালিক বলিয়া নির্দেশ করিলেন এবং শিষ্য মহারাষ্ট্রীয়কে তথায় যাইতে বারণ করিয়া বলিলেন যে. "ইহার নাম কাশী, তোমরা চুপ করিয়া থাক, কাশীপুরে আর তাহাকে ভাব কদলী বেচিতে হইবে না।" ব্ৰাহ্মণ এই কথায় অতিশর গ্র:খিত হইরা জীচৈতজ্ঞের নিকট মনোক্র:খ নিবেদন করিয়া বলিল, "প্রভো। এক আশুর্যা দেখিলাম, আমাদের অধ্যাপক তিনবার চেষ্টা করিয়াও 'ক্লফচৈত্ত্ত্ত' নাম উচ্চারণ করিতে পারিলেন না। কেবল 'চৈড্মা' 'চৈড্মা' বলিলেন. গোরাল হাসিয়া উত্তর করিলেন, ইহার কারণ কি " "মায়াবাদী সয়াসী কৃষ্ণাপরাধী, কাজেই তাঁহার জিহবার নাম কুর্ব্তি হয় নাই। আর আমিত কাশীর হাটে ভাবকদলী বেচিতেই আসিরাছি। গ্রাহক না পাইলে, মাল বিকাবে ना, किन्न ताथारे वा टिटन त्र्षाव कल ? माम ना शारेत অর বর মূল্যে ছাড়িয়া দিব।" এই বলিয়া তিনি উচ্চ হাক্ত कतिरम्म ध्वर महाबाडीयरक क्रुशामीकीम कतिना विनाय कति-লেন। মিশ্রের অমুরোধে দশদিন কাশীতে অবন্থিতি করিলেন। প্রত্যাগমনকালে পুনর্কার আসিবেন বলিয়া বাহির হইলেন। যথাসমূহে প্ররাগে আসিরা ত্রিবেণীতে দান ও মাধ্ব দর্শন कतिता मुख्यकीर्सन कतिरमम । यमूमा अर्गरन तृत्मादमनीना শ্বন হওরার দিশাহারা হইয়া যমুনার ঝাঁপ দিতে উত্তত হই-लन, अद्वीर्हार्या आत्य वास्त्र शतित्रा ब्रांबिटनन ।

जिननिम धातारंग शांकिता गांजीनम मध्ता जैस्मरन गांजा

করিলেন। পূর্ব্ধে বেমন দাকিণাছ্যের পরে প্রামে গ্রামে, নগরে नशरत नाम धारांत्र कतिवाकित्नन, शक्तिरमत शर्थक टिल्लासर ভাষাই করিতে লাগিলেন। ব্যাসমূহে মুগুরার উপস্থিত হইয়া বিশাসতীর্থে পান করিলেন এবং কেশব-মন্ধিরে কেশহ দর্শন করিয়া প্রেমাবেগে হাসিভে কাঁরিভে ও নাচিভে নাচিভে সংকীর্তন করিতে লাগিলেন । সংবাদ রাই হইলে ক্রমে লোকের ভিড হইতে লাগিল। আগতকের মধ্যে এক ভ্রাহ্মণ্ড প্রেমাবেশে নাচিতে লাগিল। চৈতত্ত তাঁহার গলা ধরিয়া ঘ্রিরা মুরিরা নাচিতে লাগিলেন, হৃত্যাবসানে কেশবপুজারি প্ৰভূকে সেবা করাইলেন। গৌরাদ আগস্ক আত্মণকে নিভতে ভাকিরা পরিচর জিজ্ঞাসা করিলে আছাণ উত্তর করিল, "এমন্ মাধ্যেক্রপুরী কুপা করিয়া আমাকে দীক্ষিত করিয়াছেন, আমি সনাটীয়া বান্ধণ। সনাটীয়ার হাতে সন্মাসীরা আহার করেন না, কিছু মাধবেজ্র সে বিচার না করিয়া আমার হাতে ভিকা করিয়াছিলেন।" পরিচয় পাইয়া চৈত্ত ভাদ্ধণের পায়ে পডিরা প্রণাম করিলেন ও আত্মপরিচর দিলেন। ব্রাহ্মণ পরিচর জানিরা মহানদে চৈত্তুকে লইয়া গুহে গেলেন, জীচৈতন্ত সনাটীয়া ব্রাহ্মণের হাতে ভিক্রা করিয়াছিলেন।

ইহার পরে যমুনার চবিষ্ণ ঘাটে স্নান করিয়া স্বয়স্ত, বিশ্রামতীর্থ, বিষ্ণু, ভূতেশব ও গোকণাদ্ভিতীর্থ দর্শন করিলেন। অনস্তর সনাটীয়া ব্রাহ্মণকে সঙ্গে লইয়া চৌরাণী যোজন বিষ্টীর্ণ বুলাবনের ছাদশ বন অবলোকন করেন। এই সময়ে তিনি অষ্টপ্রহরই মহাভাবে বিভোর থাকিতেন। বৈষ্ণব কবিগণ বলেন যে, পুরুষোদ্ধমে গোরের যে প্রেম ছিল, ঝারিখণ্ড পথে তাহার শতভণ, মধুরা-দর্শনে সহস্রভণ এবং রুশাবন-वननीनात्र नक्ष्यं विक्षं इहेशाहिन। (गोरहक्ष दुन्नादानत সৌন্দর্য্য দর্শনে মুগ্ধ হইয়া গেলেন। বৈক্ষবগ্রন্থ কর্তারা বর্ণনা করিয়াছেন বে, বুলাবনের প্রপন্ধী, লভাপাতা, জীবজন্ত প্রভৃতি সমন্ত পদার্থ ই নাকি তাঁহার প্রতি অহুরাগ দেখাইয়া-ছिन এবং তাছাদের পূর্বপরিচিত রুক্ষ মনে করিয়াছিল। তাই একদিন গৌরাক বিশ্রামের জন্ত একটা তমাল তরুতলে বসিরাছিলেন, হঠাৎ এক জোড়া ভক্শারী আসিয়া তাঁহার হাতে পড়িয়া লখা চওড়া কএকটা সংস্কৃত কবিতা আরুতি করিয়া রাধা ও ক্লফের বর্ণনা করিতে লাগিল!

( रेठ: ठित्र भशा >१ श्रीः।)

এই সমরে প্রত্যেক বস্তুতে গোরের রক্ষতাব ক্তি পাইতে লাগিল। মধ্যে মধ্যে তিনি মূর্চ্ছিত হইরা পড়িতেন। কিছু দিন পরে আসিঠ গ্রামে আসিয়া অনেক অস্থ্যস্থানের পর রাধাকুও নিশ্য করিয়া তথায় সান ও কুডের স্বাব করি-

रान । उक्क नी मात्र जीर्थ मकन भूक स्टेटकर विकृक्ष वरेता क्रिन. क्रिकेट वह अपनबादन अदनक डीर्सित छेबात करतम । ज्या इटेर्ड क्रमन नर्त्रायम मर्नन कतिया ट्रायक्न-शर्काएत निकारे शांवर्धन सारम बहिना एतिएनय-विसाद नर्नन कारता। तम शांकि क्रेडिशायक अस्तिहत अविशिक्ष कृतिश-ছিলেন। গোৰ্থন পৰ্যন্তের উপরে অরকৃটপরীতে মাধবেল-পুরী-প্রভিত্তি পোশালবৃত্তি আছে, চৈতত সেই বৃত্তি দর্শন করিবার অন্ত অভিশব উৎসাধী হইলেন, কিন্তু পৰিত্র দীলান্তান বলিয়া গোৰছন পৰ্যভেৱ উপত্তে উঠিতে তাহার ইকা হইল मा। कारकरे कि धाकारत लाभागमुर्के नर्भम स्टेरन छाविता विवा बहेरनम, देनवार त्यहे बार्क अबकृते खारम अवव छेठिन বে "প্রাম সৃষ্টিতে ভক্কসোরার আসিভেছে, ভোষরা পালাও।" **এই जमत्रांत नकन लोक ठात्रिविद्य भनादेता लिन, भूका**त्रिशन গোপাল लहेता गाँठूनी आतम नुकारेमा ताचिन। टिन्ड প্ৰাতে এই সংবাদে প্ৰেৰে গদগদ হইৱা গাঁঠলী ৰাইৱা দেবমূৰ্তি দর্শন করেন। ভিনদিন পর্যান্ত গোপাল দর্শন করিবা কাম্য লীলা द्यान पर्यन ७ नमी वंबरेनल शायनकुर दान कतियां शर्कर उत्र উপরে যাইরা ত্রজেক, ত্রকেশরী ও কুক্রমৃত্তি অবলোকন করেন। তথা হইতে খদিরবনে শেবশারী ও খেলাতীর্থ দেখিয়া তাণ্ডীর ক্ষন উপনীত হন। এখাদে বমুনা পার হইরা ভদ্রবন, **औ**रत, लोहरम ও মহাবন হইরা গোকুলে ঘাইরা ভগ্নসূল ব্যলাব্দ্ধন দেখিরা প্রেমানন্দে নাচিতে লাগিলেন।

বন পর্যাটন শেষ করিয়া মধুরার আসিয়া সেই আয়ণের ঘরে অবস্থিতি করেন। বন-পর্যাটন কালে প্রারই কলম্ল আহার করিয়া দিনাভিপতি করিডেন।

চৈতন্তের সাধ্তা ও প্রেমের কথা চারিনিকে রাই হইরা পড়িল, প্রতিনিন অসংখ্য অসংখ্য লোক আসিতে লাগিল, প্রভূ তাহানিগকে উপদেশ দিরা রূপা করিছে লাগিলেন। শেবে লোকের ভিছে তাক হইরা বমুনার নিকটে অকুর তীর্থে আসিরা নির্জনে বাস করিতে লাগিলেন। অকুরতীর্থের নিকটে রুঞ্গীলা-সমন্তের একটা বৃহৎ তেঁতুল গাছ ছিল, তাহার মূলদেশ পিড়ির আকারে বাধান। চৈতত তথার আপনার আসন নির্দিষ্ট করিরা বমুনা দর্শন ও স্থীর্তন করিতে লাগিলেন। এখানেও বছতর লোকের স্মাগম হইতে লাগিল দেখিরা গৌরচক্র প্রত্যুবে বনের মধ্যে পলাইরা বাইরা সাধন ভক্ষন করিতেন। মধ্যাকে তেঁতুল তলার আসিরা লানাবগাহনাত্তে অকুরে ঘাইরা ভোজন করিতেন। বমুনাপারবাসী রুঞ্চাদ নামক কনৈক রক্ষণ্ত পরিবারাদি ছাড়িয়া এই সমরে চৈতন্তের আপ্রের প্রহণ করেন।

আছে। এই সন্দির বর্তমান রাজপথের ঠিক উত্তরে অবস্থিত;
এখন বাওলীদেবী ঐ মন্দিরে নাই। প্রবাদ আছে, ইংরাজেরা
এদেশ জর করিলে ঐ পথে গোরাপন্টন বাতারাভ করিতে
লাগিল। বাওলীদেবী তাহাতে রাজাকে স্বন্ধ দিলেন, "ফিরিলীর পারের ধূলা উড়িরা আমার গারে লাগে, আমাকে ডুমি
স্থানাভরিত কর।" তদম্পারে বিবেকানজ নৃপত্তি ১৬৫৫
শকে রাজবাটার জভাতরে প্রভারনির্দিত এক মন্দির নির্দাণ
করেন। তাহা ঐ মন্দিরের খোদিত লিপিতে লিখিত আছে—

"এক্ষাশেষস্করেশবন্দ্যচরণ শ্রীবাস্থলীপ্রীতরে শর্কাশুন্দরারকর্জুশশভূৎ সংখ্যে শকাকে শুভে । সামস্তাম্বরসাগরে স্বল্পবন্ধ্বীশজিৎকেশরী ভুতুগু ক্ষবরো বিবেকরুপতিঃ সৌধং দলে দার্শিদং ॥"

के मन्दित क्षेत्रक प्रकाशमान चारक, श्राटन शाटन कांग्रिश

গিরাছে এবং গৃই একথানি প্রস্তর থসিরা পড়িতেছে,
মন্দিরের উপর প্রকাণ্ড প্রকাণ্ড আবাধ বৃদ্ধ জ্বিরাছে।
প্রবাদ এইরূপ বিখ্যাত কবি চণ্ডীদাস ঐ বাণ্ডলীর উপাসক
ছিলেন এবং প্রাচীন মন্দিরের নিকট বাস করিতেন। ভাহার
পর ১২৭৯ সালে বর্ত্তমান বাণ্ডলীমন্দির নির্দ্ধিত হর। উহাতেই
এখন বাণ্ডলীদেবী আছেন।

বাওলীদেবী প্রাপ্তির বিবর এইরূপ প্রবাদ আছে— এক ব্যাপারী ঐ পথ দিরা বাইতেছিল, এমন সমর রাজার স্বশ্ন হর, 'আমি বাওলী, অমুক ব্যাপারীর লিলে আমি জাছি। তুমি লীজ আমাকে আনিরা স্থাপন কর।' তদহসারে রাজা ঐ ব্যাপারীর নিকট হইকে লিলাখানি আনিরা এক ক্রধারকে থোনিতে দিলেন। স্তর্ধর ভান্তরকার্য্য জানিত না, কিছ্ব বাটালী লাগাইতে লাগাইতে বাওলীর কুপার প্রস্তুর ধসিরা মূর্ত্তি আগনিই বাহির হইল। তথন রাজা সমাদরে ভাহার পূজা করিরা মন্দিরে স্থাপন করিলেন। আরও প্রবাদ আছে বে, পুরাজন মন্দিরে অর্ত্তানকালে বাওলী একদিন এক শত্মবাহিলেন। শেষে প্রস্তুর্গিনকালে বাওলী একদিন এক শত্মবাহিলেন। শেষে প্রস্তুর্গিনকালে প্রিরাহিলেন লাই এবং সকলই বাওলীর ক্রাণ্ডা জানিতে পারিরা ইমাহিত হইল। তদববি সে প্রস্তি বৎসরে এক এক জোড়া দীখা বাওলী-বাদে কেলিয়া দিলা বাইত। করেন্ত্র ক্রমন্ত্র পূর্ব শ্রীর তাহার বংশীরেরা অধাষ্ট আডি বর্গে শর্ম দিরা আলিভেডিল।

ইহা ভির ছাড্নার আরও করেন্টা অভি আটান ভয়াবনের আহে। হাত্নার নক্ষানে ক্যারণাড়ার পুর্বের রাতার উত্তরে অনভিদ্যে ভিনটা অভর নোটার্টা বৈশদিত ভ্তিমহ কণ্ডারনান আহে। বহু পাবরবাদ আর ৪ কিট্ উচ্চ ও উহাতে এক বৃত্তি বহু ও কণ্ডার্থন বভারনান আর একটা পাধরে একটা ধহুপানি বৃত্তি ও নিকটে একটা শিশু।

হাতনার একটা ধানা আছে। পূর্বে ইবা নানভূম জেলার অন্তর্গত ছিল, তথন এখানে সুলেক থাকিছ। বাঁকুড়া জেলার অন্তর্গত হইরা অবধি ইয়ার সুলেফী উঠিরা পিরাছে।

্বিদানত রাজাদিপের বিশেষ বিষয়ণ সামত শব্দে দেব। ]
ছাতা (ছত্র পাল্ল) ১ ছত্র। ২ বন্ধ। ও বেঙের ছাতা।
ছাতা, ১ মধুরাজেলার একটা তইনীল। পরিমাণকল ২০০ই বর্গ
মাইল, তথাব্যে ১৮৭ বর্গমাইলে চাস হর। এই তহসীল
প্রাচীন ব্রজ্ঞমণ্ডলের এক অংশ, আগরা-ধান ইহার মধ্য দিরা
গিরাছে। ভূমি সমত্তল ও উর্জরা। ইহাতে একটা কৌজদারী আদালত ও ভিনটা ধানা আছে।

২ উক্ত ছাতা তহনীলের গদর সহর। এই মগর

ঘণুরা হইতে ২১ মাইল লুরে বাষুকোনে অবস্থিত। ইহাতে

দেরপাহ প্রতিষ্ঠিত একটা কুলর সরাই আছে। অনেকেই
অনুমান করেন বে এই সরাই আসক্ষা নামে হুমার্নের

দেওরান নির্দাণ করেন। নিপাইী বিজ্ঞোহের নমর নিপাইগণ

এই সরাছে আজ্ঞা করিবাছিলেন। স্বাইরের নিকট উহার
অত্যুক্ত কটক অপেকাও উচ্চতর ছতিল নামে একটা পাহাড়
আছে। ছাতা বাইতে হইলে বহনুত হইতে অগ্রেই ঐ পাহাড়
গথিকের নরনপথে পতিত হয়। গুমাকার আন্দর্গন কুলর,

জীক্তর প্রতানে ছক্ত-বারণ লীলা করিবাছিলেন, জনমুসারে উহার

রাম ছাতা হইরাছে। এবানে প্রক্তি গুজেবারে হাট বনে।

ছাতারিয়া (দেশত) পক্ষী বিশেষ। (Turdus canorous.)

ছাতি (ছল শলক) ছল।
ছাতু (নেলক, সংগ্ৰহু শক্ত শক্তে আগলংশ) ১ ভৰ্জিত ঘৰাদি
ছুৰ্। রাজ্বলন্ত মতে ইয়ার গুণ—ঘবের ছাতু ক্ষলা, উত্তেজক,
আনিব্যাল, বাড় ও ক্ষানাশক প্রবং সারক। পাইনের ছাতু
ভঙ্গা, প্রব্যার উত্তেজক, শিতীকত ছাতু গুলপাক, জবিপরীত
নাপুনাক। সেহস ক্রিয়া বাইলে ছাতু শীক্ত পরিপাক হর।
ভাবিক্রমান মতে—বাছ ভালিরা বা বারা শিষ্ট ক্ষাবিক্র হাতু
ইয়া ববের ছাতু শীক্তম, অভিস্কিকারক, নাযু, ক্ষান্ত শিক্তি

হোলা তাৰিবা থোনা ছাড়াইরা নবান অংশ ববের সহিত চূর্ব করিলে বুটের ছাড়ু প্রস্তুত ইর। গ্রীয়কানে বৃত্ত ও চিনি বোগে এই ছাড়ু অতি ভৃত্তিকর।

শানিগতের ছাতু অমিবর্ত্তক, লখু, শীতল, মধুর, প্রাথী, ক্লচিকর, পথা ও ওজবর্ত্তক।

আহার করিবা, চর্মণ করিবা, রাজিতে, অধিক বাজার, তক, চই ছাতু একল অববা কেবল ছাতু ভক্ষণ করিবে না। পৃথক পান, পুনর্জোজন, নামিব, হ্রু লহিড, দত্তে চর্মণ করিবা ও উঠ বাহিতে থাকিতে ছাতু বাইবে না।

ল্যোভিশ্বছে গিণিত আছে, জন্মতিথিতে ছাতু জন্মণ করিলে শক্ষবিনাশ হয়। মেব সংক্রান্তিতে ব্রাহ্মণকে ছাতু দান করিলে সকল পাপ দুর হয়। (তিবিতম্ব)

চাতৃর্শান্তরতে প্রাতঃশানে বী ও ছাতৃ দক্ষিণা দিবার বিধান লাছে। (নারদ।) ২ উত্তিদ্ বিশেষ।[ছত্ত্রক দেখ।]

- ছাত্র (পু:) ছাত্রং শুরোর্দোবাবরণং শীলমন্ত ছত্র-ন (ছত্রা-দিভ্যোণ:। পা ৪।৪।৬২) ১ শিশ্ব, অন্তেবাসী। "ছাত্রাণ্য-মার্ব্যদেশ্রানাং তেন বিশ্বার্থিনাং মত:।" (রাজ্তরং ৬।৮৭) (ক্লী) ২ কপিল ও পীতবর্ণ বরটাক্কত ছত্রাকার চাকসম্ভব মধ্। ইহা শিক্ষ্ণ, গ্রান্তা, শুরুপাক, ক্রিমি, খিত্র (ধবলরোগ), রক্ত পিত্ত ও প্রমেহনাশক থাবং স্ক্রান্ত। ইহার বর্ণ কপিল শীত। (ভাবপ্রকাশ)
- ছাত্রক (ক্লী) ছাত্র-রার্থে কন্। ১ পীত ও পিল্লবর্ণ সর্বা (মধুমক্লিকা)-ক্লত বা কপিল ও শীতবর্ণ বরটাক্লত ছত্রাকার চাক্লভুত মধু। (রাজ্মি )[ইহার গুণ ছাত্র শব্দে দেও।] ছাত্রভ ভাব: কর্ম ছাত্র-মনোজ্ঞাদিশক্ষাৎ বৃঞ্। (পা ১)১১০০) হ ছাত্রের ভাব বা কর্ম।
- ছাত্রগণ্ড (পুং) ছাত্রো গণ্ডইব উপমানকর্মধাণ। পদাত্যবিৎ ছাত্র, যে ছাত্র প্লোকের প্রথম চরণ মাত্র জানে অর্থাৎ জর জানবিশিষ্ট।
- ছাত্রদর্শন (রী) ছাত্রং বর্তীজ্ঞসভবং মধু তদিব দুখতে ছাত্র-দৃশ্-কশ্বি-সৃষ্ট্। ১ মধুজুলা খানমুক্ত হৈরলবীন অর্থাৎ সদ্যোগাত খৃত। ৬৩৫। ২ ছাত্রদিপের দর্শন।
- ছাত্রস্থৃত্তি (জী) ৬-তৎ। ছাত্রদিগের উৎসাহবর্জনার্থ পারি-তিড়াড়িক শক্ষপ মাসিকানি নিরদে বে শর্ম দেওরা হয়।
- ছাত্রব্যংস্ক (गूर) ছাত্রো ব্যংসকঃ বর্ষব্যংসকাদিখাৎ শ্নাগঃ।
  भূষ্ট ছাত্র।
- ष्ट्रांखि (जी) हानि जिन्। हानम, आव्हामकः। नानानमः शतः वाक्रिकः हेनोछ अतः हरेटः। (हावामकः वानानाः। ना अंश्रम्ण)।

বৰা ছাত্রি-শালা। তৎপুক্তৰ সমালে শালা শশ দ্বীৰ ছইলেও ছাত্রি-বন্ধ উদাত্ত হইবে। "বদাপি শালাভাসমালো নগুংসক-শিলোভবতি ভদাপি ভৎপুক্তৰে শালানাম্ সমুপেক ইত্যেতৎ পুক্ষিপ্রভিবেধেনার্যের শ্বর: ছাত্রিশালম্" (শিং কৌং)

- ছাত্ৰিক্য (ক্লী) ছত্ৰিক্ত ছত্ৰবৃক্তত ভাৰঃ কৰ্ম বা ছত্ৰিক-প্ৰোহিতাদিবাদ বক্। (পত্যস্থপ্ৰোহিতাদিভ্যো বক্। পা ধাসাস্থ ) ছত্ৰবৃক্তের কার্য্য বা তাব।
- ছাত্র্যাদি (পুং) পাণিনি উক্ত শব্দগণভেদ ( ছাত্র্যাদর: শালারাং। পা ৬।২।৮৬) ছাতি, পেলি, ভাগু, ব্যাড়ি, আর্থণ্ডি, আটি, গোমি এই কর্মী ছাত্র্যাদিগণ।
- ছাদ (রী) ছান্ততিখনে ছাদি-করণে-ঘঞ্। ১ ছাত, পটন, চাল। ২ বন্ধ, কাপড়।
- ছাদক ( পু:) ছাদয়তি ছাদি-খুল্। ১ আজ্ছাদনকণ্ডা, বে গৃহের চাল ছায়। ২ যে বসন পরাইয়া দেয়।
- ছাদন (ক্রী) ছাদি-করণে-সূট্। ১ ছদন, অন্তর্ধান। তাবে-সূট্।
  ২ আচ্ছাদন। "ছাদনার্থপ্রকীর্ণৈন্দ কন্টবৈত্বণসন্ধটোঃ" (ছরিবং
  ৬৫।২৫) কর্তুরি ল্যু। ৩ পত্র, পাতা। (পুং) ৪ নীলামান
  বৃক্ষ, কালাকোরঠা কুলগাছ। (ত্রি) ৫ ছাদক, আচ্ছাদনকর্তা।
  "কণাভূতাং ছাদনমেকমোকসং।" (মাধ ১সং)
- ছাদিত (ত্রি) ছানি-ক ইড়াগমাৎ সাধু: পদে ছর (বা নাস্ত লাস্তপূর্ণনিত্তলাইচ্ছরজ্ঞতা:। পা ৭।২।২৭) আচ্ছানিত, ছর। "বনতর্বনর্বৈশ্ছানিতৌ পুলবস্তৌ।" (উন্তট)
- ছান্দিন্ (ত্রি) ছাদরতি আচ্ছাদরতি ছাদি-শিনি। আচ্ছাদন-কন্তা, ছাদক।
- ছাদিয়েয় (তি) ছদিবে ইনং ছদিস্- তঞ্ ( ছদিরূপাধিবলে 
  তঞ্। পা (১)১৩) ছাদনিশ্বাণার্থ তৃণাদি।
- ছান্মিক (অ) বাছিরে ধার্ম্মিক অন্তরে ঘোর কপট। "ধর্ম্মধার্মী সদাস্কান্দান্মিকো লোকদন্তকং" (মন্থ ৪।১৯৫) 'ছলনা চয়তি ছান্মিক:। ছল ব্যাক্ষ:। প্রকাশং ধার্ম্মিক: রহসি নিক্ষিপ্তমণ-হরতি, অপ্রকাশ্যং প্রকাশয়তি ।' (মেধাতিথি)
- छानी (खी) हर्च, हामणा।
- ছাব্দত (পুং) ঋষিতেদ।
- ছোনা (দেশজ ) ১ শিশু সন্তান । ২ আমিকা। [আমিকাও ্ত্র দেখ।] ৩ হন্তাদি বারা কোন বস্তু মন্থন করা।
- ছানি (বেশ্বর ) চক্রোগবিশেষ। এই রোগের প্রথমে রোগী দ্রন্থ বন্ধ আপাই দেখে। দিবা ভাগে দৃষ্টি বেরুপ বোলা হয়, রাত্রিকালে অথবা মেঘাছের দিবলৈ সেরুপ হরনা, কিঞিৎ পরিকার বণিরা বোধ হয়। এই রোগে চকুর মণি ফ্রমে অন্তচ্ছ হইরা খেতোজ্ঞল বর্ণ ধারণ করে। উহা ক্টিন, কোমল

ও বিশিক্ষ এই জিবিধ হয় ; ভন্মধ্যে বাৰ্দ্ধক্য স্পৰস্থায় আয়েই ক্ষিত্ৰ হইয়া থাকে।

কিরণে এই রোগের উৎপত্তি হর, ভবিবরে আনেকে আনেক প্রকার মত দিরা পাকেল। বাহা হউক, বাহাতে ক্রমনির পরিপোবণের ব্যাহাত ঘটে, তাহাকেই এই ছানি রোগের কারণ বলা হার। বার্ছক্য, বহুমুক্ত, চুক্লুগর্তের অপরাপর অবরবের প্রহাহ, আহাতজনিত 'কিয়া আজন্মজাত হইলে ছানি নেই নেই নামে উক্ত হয়। অভ্যাহাগ জভ্ত দৃষ্টির অপ্যাইতা জন্মিলে রোগীর আলোকার্কারে প্রভেদ জ্ঞান প্রাক্তে না এবং তারা সংহাচন ও প্রসারণে অক্ষম থাকে। এরপ স্থলে অক্রসাধনেও পুনদৃষ্টি লাভ করা অসন্তব।

চকুর মণি খভাবতঃ খচ্ছ, কোমল ও বর্ত্ত লাক্তি, ছানি গড়িলে উহা পীতাভ মলিন খেতবর্ণ হর ও অপেকাকৃত অধিক চেপ্টা হইরা যার। ছানি থাকিলে কেবলমাত্র আলোক ও অন্ধকার জ্ঞান থাকে, কোন বস্তরই আকার দেখিতে পাওয়া যারনা। এই সমর অস্ত্র চিকিৎসা করা কর্ত্তবা।

অন্ত্রচিকিৎসকগণ অতি সাবধানে এই মলিন মণি চকু

হইতে বাহির করিরা ছানি আরোগ্য করেন। এদেশীর চকু
চিকিৎসকগণ ঐ মণি বাঁশিয়া দের কিছা অন্ত্রবারা উহা ঠেলিরা

চকুতারকার স্ত্রবোলকে কেলিরা দিয়া থাকে। ইহাতে

কিছু দিনের জক্ত বিশক্ষণ দৃষ্টিশক্তি থাকে বটে, কিছু তারকা

মধ্যে চকুমণির অবস্থান-নিবন্ধন, বেদনা, জলপড়া ইত্যাদি
রোগে চকু একবারে নাই হইতে পারে। কিছু অনেক
সম্ম একবারে ভাল হইতেও দেখা যায়।

আৰ্থত জন্ত ছানি হইলে জনেক সময় তাহা আপনা হইতেই সারিয়া ধায়, স্কুতরাং হঠাৎ অন্ত্রচিকিৎসা করান ভাল নহে। ক্যানাব, কোনায়স, ফম্প, সাইলেক্স, সল্ফর ইত্যাদি হোমিওপ্যাধিক ঔষধ সেবনে অন্ত্র ব্যতীত অনেক ছানি আরোগ্য ইউ্ইয়াছে। চক্ষু অঞ্জন প্রভৃতি ধারা ধৌত করিলেও উপকার হক্ষ।

ছাকুরা, ১ বালেখর জেলার একটা প্রগণা। ২ বালেখর জেলার একটা নদী। ৩ বালেখর জেলার পাঁপোড়া নদীর ভীরে একটা গ্রাম। চাউলের ব্যবসার জন্ত বিখ্যাত।

ছাব্দস (পুং) ছন্দোবেদং অধীতে বেত্তি বা ছন্দস্-অণ্ (তনধীতে তবেদ। পা ৪।২।৫৯)। ত বেলাধ্যেতা শ্রোত্তির ছন্দ্রেরা ব্যাধ্যানপ্রস্থাত্ত ভব: ইত্যপ্ (ছন্দ্রেনা বদণৌ। পা ৪।৯৭১) ছন্দ্রেমাহরং। তত্তেদং ইত্যপ্ বা। (ত্রি) ২ বেল্ডব বা বেন্দ্রনীতি কনারাতিঃ শ্রুতিভি: সমলস্কৃতঃ" (ইরিবং ২২০ অঃ) ত্রিরাং ত্রীপ্।

ছ্বান্দ্রস্ক (ক্রী) ছালসভ ভাবঃ কর্ম বা ছালস-মন্ত্রাঞ্চানিদ্রাথ বৃঞ্ । ( বৃষ্ণানোজ্ঞানিজ্ঞান্ত । পা ১০১১২০০ ) ছালসের কর্ম অথবা ছাব, ছালস্থ ।

ছ্বান্দস্ক (ক্লী) ছালস-ভাবে ছ (ভক্ত ভাবছতকোঁ। পা ৫।১।১১৯) ছলঃসৰদ্ধীনত, বেদসদ্দীনত। "ভূবৰদ্ধানশক্তান্দস্থান ভবতি" (পা ৭।১।৩৯ বৃক্তি)

हान्मजीत (वि) शन्मन-६। इन्मन गण्डी।

> সামবেদীর একথানি উপনিষং। "ঐতরেরং চ চ্ছাচ্লোগ্যং

ইইদারণ্যক্ষেব্চ", (মৌজ্জিকোপ ১লঃ) ২ ছলোগের ধর্ম।
ত ছলোগদিগের সমূহ।

ছালোভাষ ( ঞি) ছলোভাষা ঋগরনানিখাদণ্। ( অনুগরনানিভাঃ। পা ৪।৩।৭৩) ছলোভাষাস্থলীর।

ছাকোমান (তি) ছলোমান-লগরণাদিভালণু। ছলের পরিমাণ বা সংখ্যাসভ্জীয়।

ছান্দোমিক (এ) ছন্দোমন্তেলম্ ছন্দোম-ঠক্। > ছন্দোম যজ সম্বীয়। "বংগা এতছান্দোমিকং স্ক্রংসোর্যটেবখানরং ভবতি" (নিক্লজ গা২৪)

ছান্দোবিচিত (অ) ছন্দোবিচিত ঋগন্ধনাদিখাদণ্। ছল:-নমূহসম্বনীয়, ছন্দোবিস্তারসম্বনীয়।

ছাপ (দেশজ) ১ মূলা। ২ চিক। ৩ ছাপা। ৪ আবরণ, লুকান।

ছাপন ( দেশজ ) ১ বজাধন, মুল্লাধন। ২ গোপন।

ছাপর (দেশৰ) > নৌকার ছান। ২বিছানার আজাদনী, চানর। ছাপরখাট (দেশৰ) শরনের খাট।

ছাপা (দেশজ) কোন মোহর কিখা ধাতৃকাঠ বা প্রস্তরাদিতে উচ্চ বা গভীরাক্ষরে থোলিতলিপি অথবা চিত্রানির উপর বর্ণ দ্রবাবোগে কাগজ বস্ত্রানিতে ছাপ নিরা প্রতিক্ততি তোলাকে ছাপা কহে। অরারাসে ছাপ নিরা একটা ছবি বা লিপির বহ-সংখ্যক প্রতিলিপি প্রস্তুত করাই ছাপার প্রধান উদ্দেশ্য। এই উদ্দেশ্য নানা উপায়ে সাধিত হইরা থাকে, যথা ধাতুমর অক্ষর বারা প্রকাষি ছাপান, কাঠের উপর ছবি প্রভৃতি থোলিরা ছাপান (Wood-cut Printing), তামা বা ইম্পাতের পাতে ছবি খোলিরা ছাপান (Copper or Steel-plate Printing) ওপ্রতরের উপর ছবি জাঁকিরা ছাপান (Lithography)। কাঠ, তাম ও ইম্পাতে খোলিত চিত্রের বিস্তারিত বিনরণ ক্রকতা শক্ষে এবং প্রত্রের ছবির বিবর ক্রিথোপ্রাক্ শক্ষে লিখিত ছইবেন। এখনে কেবল প্রকাষ ক্রিবর বিবর্গ বিনরণ করিব

আগবে কালগত, কৃজ্পত, অৰ্ণ, রোপ্য, ভাত্তক্ষক প্রকৃতিতে প্রকামি দিখিত হইত। তংপরে এনেশে কাগত প্রচলিত হয়। কোন্ সময় হইতে বে এনেশে কাগত প্রচলিত হয়। ঠিক করিবা বলা যাব না। [ কাগত দেখ।]

পূর্বেক কাগন আনত হইলেও নিশিকার্য হন্ত বারাই চনিত। স্থাত্তরাং একথানি অভিনব প্রকের বহুল প্রচার অতি দীর্ষকালসাপেক ছিল। প্রকের কুর্নভাতা জন্ত অতিশ্র কুর্নুল্য ছিল। সংবাদপ্রাদি এরূপ স্থলে থাকা সম্ভব নয়। এখন মুদ্রাযন্ত্রের সাহাব্যে অতি জন্তারাদে লক্ষ লক্ষ্পুত্তক প্রস্তুত্ত হইতেছে। সকলেই ইচ্ছা করিলে অন্তব্যায়ে স্থান্ত এইতেছে। সকলেই ইচ্ছা করিলে অন্তব্যায়ে স্থান্ত একথানি অভিনব গ্রন্থ কেছ প্রণয়ন করিলে অতি অন্তব্যান মধ্যে তাহা দেশমর প্রচারিত হন্ত। মুদ্রাযন্ত্রমাহাব্যে আজিকার ঘটনা সহস্র সহস্র সংবাদপ্রে ছাপা হইরা ডাক্ষোগে দেশের নানাহানে নীত হইতেছে এবং কলাই লক্ষ্প লক্ষ্পানা হারা প্রক্র প্রভা হওরাতে বিভাশিকা যে কত স্থলত ও জ্ঞানলাভ যে কত সহজ হইরাছে, তাহার ইয়ভা করা বার বার না

বর্তমান প্রণাশীতে পুত্তক মুদ্রাহ্বণপ্রথা সর্বপ্রথম ১৪২০ হইতে ১৪৩৮ খঃ অস মধ্যে হল্ও ও জর্মণিতে আবিষ্ণত হয়। তাহার বহু পূর্ব হইতে কার্চ প্রভৃতির ছাপ দিয়া নিপি তুলিবার প্রথা বহুদেশে প্রচলিত ছিল। পাশ্চাত্য পণ্ডিতগণ नकरनरे अकवारका श्रीकात करत्रन त्य, हीनरमरभरे हाशूात আদি সৃষ্টি হর \*। তাহা হইতে বিবিধ উন্নতি ও পরিবর্তন হইরা বর্ত্তমান মুদ্রাযম্ভের উৎপত্তি হইরাছে। ৯৫০ হইতে ৯৩০ পৃ: খৃ: অন্দের মধ্যে মং-তাঁও নামে জনৈক রাজমন্ত্রী দর্বপ্রথম চীনে ছাপা আবিদার করেন। তাঁহার ছাপিবার প্রণালী বর্ত্তমান কাঠফলক থোদিত চিত্রের স্থার। চীনগণ আঞ্জও পুস্তক মুদ্রিত করিতে ধাতৃনির্ন্মিত খুচরা অক্ষর ব্যবহার করে না. সেই প্রাচীন প্রথামুসারেই পুস্তকাদি ছাপিয়া থাকে। তাহারা পাতলা কাগজের এক পৃষ্ঠা লিখিয়া উহার লেখার দিক্ একটা পালিসু করা কাঠের উপর বসাইয়া দেয়, তৎপরে কাঠে ঐ লেখার উন্টা দাগ পড়িলে, লেখা ব্যতীত অপরাংশ থোদিয়া ফেলে। ভাহারা যন্ত্র ছারা পুত্তক ছাপে না। ঐ কার্চফলকের উপর কালি মাধাইয়া ভাহার উপর কাগজ রাথিয়া একরূপ বুরুশ দিরা অর অর চাপ দেয়, তাহাতে এক পৃঠায় ছাপ উঠে। ্ৰলা বাহন্য এরপ প্রশানী বে **ক্তি ক্ট**সাধ্য ও সময়সাংগক তাহাতে আয় সন্দেহ নাই।

খুঁটার অবোদশ শতাব্দীতে ভিনিস্কাল্যালী বণিকগণ সর্বাপমে বুরোপে এইরূপ কাঠকলকের ছাপা প্রচলিত করে। প্রথমে কেবল খেলিবার তাস ঐ প্রণালীতে ছাপা হইত। ১৪৪০ খুঃ অব্যে কাঠকলকে একথানি বাইবেল ছাপা হর।

অবশেষে জন শুটেনবর্গ নামে জনৈক জর্মণ এক একটা \*
অক্র পৃথক্ তৈরার করিরা ছাপার প্রকৃতপথ প্রদর্শন করিলেন। (১৪৫০—১৪৫৫ খঃ আঃ)।

অনেকে বলেন, শুটেনবর্গ ওলনাক্ষণিগের নিকট হইতে অক্ষরপ্রস্থাতপ্রগালী শিক্ষা করেন, কিন্তু ভাহা হইলেও তিনি যে বরং অক্ষরের অনেক উন্নতি করিয়া যান, ভাহাতে সন্দেহ নাই। এতদিন পর্যান্ত ঐ সকল অক্ষর কাঠ কিয়া থাতুর উপর খোদিয়া বাহির করা হইত, অবশেষে কুফার নামে অপর একজন জর্মণ ছাঁচে ঢালিয়া অক্ষর প্রস্তুত করিবার প্রথা উত্তাবন করিলেন। ১৪৫৯ খৃঃ, এইরূপ ছাঁচে ঢালা অক্ষরের ধারা প্রথম পুত্তক ছাপা হয়। কিন্তু কারিকরগণ নির্মাণকৌশন গোপন রাথায় বিদেশে প্রচারিত হইতে পারে নাই। ১৪৬২ খৃঃ অব্দে মেণ্ট্র্জু নগর ধ্বংস হইলে তথাকার ছাপাকরগণ নানাছানে ছড়াইয়া পড়ে এবং পুত্তক ছাপা প্রচলন করে।

১৪৬৫ খৃঃ অবেদ ইটালীতে, ১৪৬৯ অবেদ ফ্রান্সে, ১৪৭৪ অবেদ ইংলত্তে এবং ১৪৭৭ অবেদ স্পেনদেশে ছাপার কৌশল প্রচলিত হয়।

পরে প্রায় একশত বংসর পর্যান্ত ছাপাকরণণ নিজেই অক্ষর ও ছাপার প্রব্যাদি সমস্তই তৈরার করিয়া লইত। সপ্রদশ শতাকীর প্রারম্ভে ওলনাজগণ পৃথক্ অক্ষর তৈয়ারের কারথানা খুলে। হলও হইতে ইংলও প্রভৃতি ছানে অক্ষর রপ্রানি হইত। পরে নানাছানে অক্ষরের কারথানা স্থাপিত হইল। ১৭০৬ খৃঃ অকে উইলিয়ম ক্যাশলন ইংলওে অক্ষরের অনেক উৎকর্ষ সাধন করিলেন।

ছাঁচে ঢালা অক্ষর হন্তনির্মিত অক্ষর অপেকা অনেক লবু ও সছিল হইত এবং প্রস্ততপ্রণালী সমরসাপেক ছিল বলিয়া প্রতিদিক অতি অন পরিমাণই অক্ষর তৈয়ার হইত। অবশেষে ১৮৩৮ খৃ: অবে নিউইরর্কনিবাসী ডেভিড্ ক্রস্ অক্ষর প্রস্তুত করিবার এক কল প্রস্তুত করিলেন। ঐ কল ১৮৪৩ খৃ: অবে আরও উৎক্লপ্ত উপারে বাল্পীয় কলহারা চালিত হইতে লাগিল। পূর্বে হন্ত হারা ছাঁচে কলে প্রতি ঘণ্টায় ৪০০ চারিশতের অধিক অক্ষর প্রস্তুত হইত না, কিন্তু ডেভিড্ ক্রনের বাল্পীয় ক্লে প্রতি মিনিটে

ক বড়লটে হেটালের সময় কানীধানে বৃদ্ধিক। মধ্য হইতে কাঠ-নিৰ্দ্ধিত কল পাওয়া বায়। আনেকে বলেন পূৰ্কে ঐলপ বন্ধ বায়া ভারতবর্ধে হাপা হইত, কিন্তু এতংস্থাক অনুমান ভিয়া বিশেব ধ্যমণে নাই।

১৭৭ প্রক্রমাক পর্যন্ত আকর তৈয়ার হর অথক থা সকল অকর দৃচ ও গুরু। অকর চালা হইলে পর নে শ্বলিকে মনিয়া, ছাটিয়া এবং শ্রাজ কাটিয়া লইতে হয়। পুর্বে থা সকল কার্যা পুথক্রপে হস্তর্মারা করা হইত, পরে ১৮৭১ খঃ অলে কলে প্রক্রারেই থা সকল কার্যা করিবার উপার উভাবিত হইয়াছে। এখন কল হইতে একরারেই ছাপার উপায়ুক্ত অকর হৈয়ার হইতেছে। ১৮৫০ খুয়ালে অকরের মুধ তারা বিয়া মোড়া হয়, তাহাতে অকর আরও দীর্থকাল-স্থামী হইয়াছে।

ছাপার কার্ব্যে নানা প্রকার অকর ব্যবহাত হয়। সকল প্রকার অকরেরই দৈর্ব্য কি এক ইঞ্জি। যাবতীর কার-থানার কারিগরগণ এই পরিমাণ কিক রাথিতে চেটা করে, ইহাতে ভিন্ন ভার কারখানার হরপ একর ব্যবহার করিতে কোন অস্থবিধা হয় না। কিন্তু তাহা হইলেও এক ছাপা-থানার একই কারখানার তৈয়ারি হরপ ব্যবহার করা উচিত। অকরগুলির বিস্তৃতি সমান, তবে কোন অকর বড়, কোনটা বা ছোট বলিয়া উহাদের বেধের ছারতম্য হইয়া থাকে। বিস্তৃতি সমান বলিয়া এক পংক্রির সমত্ত অকরগুলি কি ছইথানি সীসার পাতার ভিতর আড্লাবে থাকিতে পারে। কোন কোন অকর ছাহার গাছ হইতে বড়; স্তেরাং উহাদের অংশ গাছ হইতে বাহির হইয়া থাকে। একপ অকরকে করণ্ (Kern) করে। রাসালা ছাপার কাজে রেফ (´), রফলা (ৣ) প্রভৃতি যোগ করিতে অধিক মাতার করণ অকর ব্যবহৃত হয়।

যুরোপীর প্রথাস্থসারে বিলাভী যদ্ধানি দারা যুরোপীয়েরাই এদেশে দ্বাপা কার্য্য আরম্ভ করেন, এখন ও বিলাভী বন্ধরার দ্বাপা চলিতেছে। যদিও সম্প্রভি এদেশে অকর ঢালাই ইইতেছে, উহার কল প্রভৃতি সমস্তই বিলাভী এবং মুরোপীয়-দিগের নিকট হইতেই শিকা। স্করাং এদেশে দ্বাপাধানাতে দ্বাপাবিষয়ক সমস্ত ইংরাজী শক্ষই ব্যবহৃত হইয়া থাকে, অকর ব্যতীত শেপন (Space) নামে আরপ্ত কতকগুলি জিনিস দ্বাপার শক্ষ সকলের মধ্যে ব্যব্ছেদ রাথিবার জন্ত ব্যবহৃত হয়। শেগুলি অকরের গাছের অনুম, কেবল অগ্রভাগে অকর থাকে না অর্থাৎ অকরের গাছের অনুম, কেবল অগ্রভাগে অকর থাকে না অর্থাৎ অকরের মাথানী কাটিলেই একটা শেস্ হয়। ইহাদের দ্বাতা নানাপ্রকার। যাহার পরিমাণ ইংরাজি এম্ অকরের মৃত ভাহাকে এক এম্ বলে। ভদমুলারে উহার অর্জেককে আধ্রম্ রিশ্বণ, ত্রিগুণ ইত্যানিকে দ্বুএম্, তিনএম্ ইত্যানি বলে। এম্এর বিভৃতি ও বেধ সমান।

व्यक्तत्वत हुनजाव शतिमान नहेवा डेशान्त्र नामाकृत नाम

হ্বা। ইংরালী ছাপাধানায় ১২ প্রকার জন্দর সচরাচর প্রেচনিত্র। রথা, ১ বোটু প্রাইমার (Great primer), ২ ইংলিন্ (English), ও পাইকা (Pica), ৪ স্থল পাইকা (Small pica), ৫ লঙ্ প্রাইমার (Long primer), ৬ রক্ষাইন্ (Bourgeois), ৭ ব্রেভিয়ার (Brevier), ৮ মিনিয়ন (Minion), ৯ নন্পেরিল্ (Nonpareil), ১০ কবি (Ruby), ১১ পারল্ (Pearl) ও ১২ ডায়মও (Diamond)। ইহার মধ্যে গ্রেট্ প্রাইমার স্কাপেন্দা রহং। পুস্তক মুদ্রণে ইহার অপেন্দা রহং আকর ব্যবহৃত হয় না; তবে বহির নাম দিতে আরও বৃহৎ অকর ব্যবহৃত হয় না; তবে বহির নাম দিতে আরও বৃহৎ অকর ব্যবহৃত হয় না; তবে বহির নাম দিতে আরও বৃহৎ অকর ব্যবহৃত হয় না; তবে বহির নাম দিতে আরও বৃহৎ অকর ব্যবহৃত হয় না; তবে বহির নাম দিতে আরও বৃহৎ অকর ব্যবহৃত হয় না; তবে বহির নাম দিতে আরও বৃহৎ অকর ব্যবহৃত হয় না অপরাপর অকরগুলি ক্রমান্ত্রায়ী ক্রে। ডায়মও অকরই স্কান্ত্রামান্ত অকরগুলি ক্রমান্ত্রায়ী ক্রে। ডায়মও অকরই স্কান্ত্রামান্ত অকর অপেন্দাও একরূপ ক্রে অকর আহে। এ হাড়া উক্ত অকরগুলির আবার আকারান্ত্রাবের নানাপ্রকার তেল আহে। যাহা হউক সেই সকল অকরের ব্যবহার অতি অয় ।

পাইকা অক্ষরের পরিমাণ ও আদর্শ লইয়া ছাপার পরিমাণ নির্দিষ্ট হয়, পাইকা নির্দিষ্ট সংখ্যক এমের সমান করিয়া রুল, সীসা প্রভৃতি কাটা হয়; স্মৃতরাং এত এম্ রুল বলিলে পাইকা এম্ বুঝিতে হইবে। বালালায় অক্রর সকল সমান আকারের ইংরাজী অক্রের নামান্ত্রারেই উক্ত হইয়া থাকে। তবে এখনও বালালা অক্রর অতি কুদ্র হয় নাই। বালালা ছাপাধানায় সচরাচর গ্রেট প্রাইমার, ইংলিয়, পাইকা, টু-লাইন পাইকা, স্মল পাইকা ও বর্জাইস্ ব্যবহৃত হয় । তয়ধ্য স্মল পাইকাই বহু পরিমাণে ব্যবহৃত হইতেছে। এই বিশ্বকোষ কুড়ি পাইকা,এম্ স্বস্থে স্মল পাইকা অক্রে ছাপা হইতেছে।

গোরাগনা, ভবল পাইকা, টু-লাইন পাইকা, টু-লাইন ইংলিস,
ইত্যানি। ভবল পাইকা অক্ষর শ্বল পাইকার ঠিক দিগুল।
অক্সান্ত বড় অক্ষর পাইকার যত গুল তদম্পারে কথিত হয়,
যেমন ৫ গুল হইলে পাঁচলাইন পাইকা, ৬ গুল হইলে ছলাইন
পাইকা ইত্যানি। বৃহৎ বৃহৎ বিজ্ঞাপনানি ছাপাইবার জন্ত
প্রকাপ্ত প্রকাপ্ত অক্ষর সকল প্রথমে বালির ছাঁচে ঢালিয়া
প্রস্তুত হইত, এক্ষণে বড় অক্ষর প্রায়ই কোমল কাঠে থোলিয়া
প্রস্তুত হইতেছে। তিজ্ঞির অসংখ্য প্রকার চিত্রময় অক্ষর
প্রস্তুত হইতেছে।

অকর সমস্ত লইয়া বে ব্যক্তি শব্দ ও বাক্যাদি গ্রন্থন করে, তাহাকে ইংরাজিতে কম্পোজিটার কহে। একটা সমতল অ্যন্তীর কাঠের ভালাতে ও তাহার তিন দিকে তিন্টী

হেলান ভালাতে অকর সালান থাকে। প্র ভালাগুলিকে ইংরাজীতে কেন্ ( Case ) কুছে। কেন্দুল কুল্ল চতুকোৰ প্রকোরে বিভক্ত। প্রত্যেক খোপে ভিন্ন ভিন্ন অকর থাকে। ছাপার সকল অকর সমান ব্যবস্তুত হয় না ভ্রতরাং যে সকল অক্ষরের অধিক দরকার, সেগুলি নীচের ভালার বড় ৰড় থোপে থাকে। কম্পোজিটার সম্মধে বসিয়া चाजानियम चाजि नचत्रहे के नकन यत हहेरा वर्षावर्ष অকর লইয়া একটা পিতলের ক্রেমে সাজাইতে থাকে। এ পিতলের ফ্রেমের নাম কম্পোজিং-ষ্টিক (Composing-stick)। বাম হাতে টিক ধরিয়া ডান হাতে অক্র লইয়া টিকের वामनिक हरेट नावाहेबा वाव। এक এकটी अकत द्यमन नाव्यान रूप, व्यमनि वामरुट उत्र तुक्षाकृष्ठेवात्रा छेरा धतिया तार्थ। সমত্ত পঙ্ক্তি কম্পোঞ ছইলে পুনরায় অহা পঙ্ক্তি আরম্ভ করে, এইরপে সমস্ত ষ্টিক পূর্ণ হইলে উহা হইতে গ্রথিত অক্ষরগুলি একটা কাঠের ফ্রেমে রাখিয়া দেয়। কাঠের ফ্রেমটাকে গ্যালি (Gally) কহে। প্রত্যেক অক্সর্টী দেখিয়া দেখিয়া माकारेट (गर्न चरनक मयत्र तुथ। नहे रूत्र, এरेक्क অক্সরের গারে একটা খাঁজ কাটা থাকে, কম্পোজিটরগণ ঐ থাঁজটীর দিকে লক্ষ্য রাথিয়া সাজাইয়া যায়। ভাহাতেই অক্ষ-রের মুথ উপর্দিকে ও সোজা পড়ে। কম্পোজ ভাল হইল কিনা দেখিতে হইলে নিমলিথিত বিষয়গুলি দেখা উচিত। প্রথমত: সমন্ত অক্র ঠিক ঠাস্ বসিয়াছে কি না, দ্বিতীয়ত: পঙ্ক্তি সকলের গোড়া ও শেষ ঠিক সমান আছে কি না. ততীয়ত: শব্দ সকলের বাবচ্ছেদ সর্বতি সমান হইয়াছে কিনা। ভাল কম্পোজিটর শব্দ সকল কোথাও ঘেঁদ ও কোথাও ছাড়া ছাড়া করেনা, দর্ব্বত্র সমান করিতে চেষ্টা করে।

এক পৃষ্ঠা কম্পোজ ছইলে তাহা দড়ি দিয়া দৃঢ়রূপে বাঁধা হয়, পরে এইরূপে বত পৃষ্ঠা দরকার সমস্ত প্রস্তুত হইলে একটা সমতল ভক্তার উপর রাখিরা লোহার ফ্রেমে দৃঢ়রূপে কার্ছ-ফলক দিয়া আঁটা হয়। তৎপরে ঐ ফ্রেমন্ড জ অক্ষর সমস্ত ছাপার কলে অর্থাৎ প্রিণ্টিং প্রেসে দেওরা হয়। কলে একজন শিরীষের বেল্না অর্থাৎ রোলার হারা অক্ষরের উপর কালি মাখাইয়া দেয়, অপর ব্যক্তি আধ ভিজা কাগজ ফ্রেমে চড়াইয়া অক্ষরের উপর রাথে এবং একটা হাতা টানিয়া চাপ দেয়। চাপহারা কালি কাগজে লাগিয়া ছাপ পড়ে, তথন একটা হাতল ঘুরাইলে ঐ অক্ষর কাগজ সমেত বাহিরে আইসে, ফ্রেম খুলিলে অপর একব্যক্তি ছাপা কাগজ বাহির করিয়া লয়। তথন আবার কালি মাখান হয়, এইরূপে ছাপা চলিতে থাকে।

কিন্ত এইরপ কলে মন্টার সচরাচর ৫০০ ৬০০ অপেকা অধিক ছাপা হইতে পারে না। সংবাদশক্রাদির অধিক গ্রাহক वांकित्न अक्रभ करन निव्यमिष्ठक्रत्भ कांच इव मा । ১१৯० थृः अप्त छतिष निकनमन नात्व खटेनक देश्त्राक द्यान द्यानात ৰারা চাপ দিয়া ছাপিবার কল প্রস্তুত্ত করেন। কিছু ঐ কল ख्यन व्यक्षिक वादक्ष इम्र नारे। ১৮১৪ पः व्यक्त मु**र्स्स** श्राप्त ৰাষ্ণীয় কল ছাৱা চালিত ছাপাখানায় বিলাভের টাইমদ পত্রিকা মুদ্রিত হয়। ইহাতে সমতল তব্তাতেই অকর সাজান থাকে এবং ৰাষ্ণীয় কলে বেমন গোল রোলার ঘরিতে থাকে. তথন ঐ অক্র সকল একবার উহার নীচ দিয়া যাভায়াত করে। ফিরিয়া আসিবার সময় উহার উপরিস্থ সরু সরু বোলার ছারা জক্তরে কালি মাধান ছইয়া যায়। কেবল কাগজ দিতে ও তুলিয়া লইবার জন্ত ছুইটামাত্র বাদকের প্রয়োজন। কিন্তু এক্নপ কলেও সংবাদপত্তের কাটতি কুলাইরা উঠিতে পারিল না। ইছা অপেকাও অভি শীল ছাপা ছইবার উপার विस्ना इटेंट्ड नाशिन।

বহুদিন হইতে মুরোপে ও আমেরিকার কলন্ধারা কম্পোজ করিবার চেপ্তা হইতেছে। অনেক কল্ও তৈরার হইরাছে, ঐ সকলের সাহায্যে অতি সহজে কম্পোজ হইরা থাকে। কিন্তু এখনও ঐ কম্পোজিটর-কল বিশেষরূপে প্রচলিত হর নাই।

১৮৪৬ খৃঃ অন্দে নিউইয়র্কনিবাসী রিচার্ড এম হো (Richard M. Hoe) নামে এক সাহেব ঘূর্ণমান চোকে (Cylinder) অক্ষর কম্পোজ করিবার কৌশল বাহির করিলেন। এই কলে অক্রসমূহ স্ধাস্থলে একটা বৃহৎ গোলাকার রোলারের গারে দ্বচ আঁটা থাকে। বাষ্ণীয় কলে ঐ রোলার অক্ষর সহ ঘূরিতে খাকে। বড় রোলারের চারিদিকে অপেক্ষাক্রত সরু আরও च्यानक श्रुमि (त्रामात्र शांदक। এ श्रुमि চांश मिरांत सग्र ; ইহাদের মধ্যে কাগন্ধ ধরিলে তাহা ছাপা হইয়া অতা দিকে বাহির হইয়া বায়। সরু সরু বছ সংখ্যক রোলার দিয়াও অক্সরে কালিমাধান হয়। এরূপ প্রণালীতে পূর্ব্বোক্ত কলের ক্তার অক্ষর যাতারাত জক্ত সময় নষ্ট হয় না, অক্ষর ও চাপের রোলার উভরই ঘুরিতে থাকে, স্নতরাং ছাপা অবিশ্রাস্ত চলিতে থাকে। ক্রমে এই কলের উন্নতি হওয়াতে একবারে চুই বা তভোধিক সংখ্যক কাগজ একই রোলারে একবারে ছাপা হইতেছে। ঐ সমস্ত কাগল অক্দরযুক্ত বড় রোলার ও উহার চারিদিকের সরু চাপ দিবার রোলার সকলের মধ্য দিরা ছাপা হয়। স্থতরাং অক্রের রোলার যত বড় ছইবে, উহার চতুৰ্দিকের চাপ দিবার রোলার গুলির সংখ্যাও ভতই বৃদ্ধি

করিতে পারা বার, প্রতরাং অকরগুলি একবার ব্রিনে ডড-গুলি কাগজে একবারে ছাপ পড়ে। একবারে ১০টা কাগজ এক পৃঠার ছাপা হইতে পাবে, এমন কলও প্রস্তুত হইরাছে। এইরুপ শেবোক্ত কলে বণ্টার ২০,০০০ পর্যান্ত ছাপ উঠিতে পারে।

हेशत नत ३००३ वृः जत्म किनार्छन्कियायांनी उहेनितम এ वृद्ध এक कम छ्रेडावन करत्रन। देश्मरश्रेष्ठ ১৮७० इहेर्ड ১৮৬৮ थुः अस्मित मस्या এक कन उढाविङ इत। উহাতে কাগজ সকল ৭৩ ৭৩ ছাপা হয় না, লখালঘী এক স্থানীৰ্ঘ কাগজ কোশলক্রমে একবারে তুই পৃষ্ঠার ছাপা হইয়া বাহির হয়। ২া০ মাইল লম্বা এক কাগজ একটা দণ্ডের গায়ে গুটাইয়া প্রটাইয়া তলে পাকান থাকে। উহার একপ্রাস্ত थ्निया करन धतिया किरन व्यविश्वास छाना हिन्दि थारक। পূর্ব্বোক্ত কলে প্রভ্যেক কাগন্ত ধরিতে এক একজন গোকের দরকার. কিন্তু এ কলে আপনি কাগল বাহির হইতে থাকে এবং राथका व्यक्तात्र कांग्रें, क्वांशा ও कांग्रस्कत मःथा নির্দিষ্ট হয়। ঐ সমস্ত লঘা কাগন্ত আবার কলেই স্কচাকরপে ভাজা ও একবারে মোড়াই হইনা বাহির হয়, তখন উহা এক-বারেই ডাকে দিতে পারা মার। বিলাতের টাইমদ প্রভৃতি এবং আমেরিকার অনেক বড বড সংবাদপত্র এইরূপে ছাপা হয়। আজ পর্যান্ত সংবাদপত্র ছাপিবার যত কল হইয়াছে. তनार्या ১৮৮७ । थुः चरक हा गाहित्व कनहे मर्त्ता ५ कृष्टे হইয়াছে। ইহাতে প্রতি মিনিটে ৫০০ শত ও ঘণ্টার গড়ে २८,००० हाजात कागज इहे पृक्षेत्र छात्रा, छाँका ও মোড़ाहे হইতে পারে।

আজকাল আমেরিকা ও বিলাতে পুত্তকাণিও উলিখিত প্রকার কলে ছাপা হইতেছে। পুত্তকাণি ফর্মার ফর্মার ভাঁজি-বার, সেলাই করিবার ও ছাঁটিবার কলও প্রস্তুত হইরাছে। স্মৃতরাং তথার অল্পকাল মধ্যে এতাদৃশ অধিক সংখ্যক পুত্তক বাহির হইতে পারে যে ভানিলে আশ্চর্য্যাবিত হইতে হয়।

ভারতবর্ষে ছাপাথানার ব্যবহার অতি আধুনিক।
কালিদাস, ভবভৃতি প্রভৃতি কবিগণ বোধ হয় তালপত্র, ভৃজ্জপত্রাদিতেই শকুস্তলা, উত্তর রামচরিত প্রভৃতি লিথিয়া যান।
পূর্ব্বে ব্রাহ্মণগণ ভূলট কাগজেই পুস্তকাদি লিথিতেন। যাহা
হউক, কাগজ প্রচলিত হইলেও তৎকালে কেহই পুস্তক
ছাপিবার কথা আদৌ ভাবে নাই, ইহা আশ্চর্বের বিষয়!
বোধ হয় মুসলমানদিপের অত্যাচারে তথন দেশীর সাহিত্যচর্চ্চা শিথিল হইয়া সিয়াছিল। ব্রাহ্মণ পশুত ও উচ্চপ্রেণী
ব্যক্তীত কচিৎ বিভাশিক্ষা করিত। স্কৃতরাং পুস্তকের তাদুশ
অভাব উপলব্ধি না হওয়ার বহুসংখ্যক পুস্তক প্রস্তুত করিতে

কেহই বন্ধ করে নাই। শীর্ষানালাধ্য হস্তদিখিত প্রতকেই কথকিং লোকের বিভার্জন শিশালা দাভি করিত।

ষ্ঠীর সংবাদশ শভাকীতে পর্ক্রীজগণ ভারতবর্ষের গোয়া নগরে সর্বপ্রথম ছাপাখানা ছাপন করেন। তাঁহারাই সর্ব-প্রথম রোমান্ অক্সরে কোড়নী ভাষার করেকখানি প্রত্বক মুক্তিত করেন। নাক্ষিণাতো অবলফড় নামক ছানে খৃতীয় ১৭ল ও ১৮ল লভাকীতে অনেক দেশীর প্রত্বক নেটোরীয় মিশনরীগণ ছারা ছাপা হর। ১৫৭৭ খৃঃ অঙ্গে কোচিন নগরে গনসল্ভেদ্ নামে এক জেন্তুট প্রথম মলবার অক্ষর স্তি করেন। ১৬৭৮ খৃটাকে আমন্টার্ডাম নগরে দেশীর উভিক্র নাম ছাপিবার জন্তু প্রথম ভামিল অক্ষর প্রস্তুত হয়।

১৭৭৮ খু: অন্দে হগলীতে সর্বপ্রেম বাদালা বহি ছাপা হয়। এই বহিখানি নাথানিয়েল ত্রাসি হালহেড (Nathaniel Brassey Halhed B. C. S.) প্রণীত একথানি বাঙ্গালা ভাষার ব্যাকরণ। এই পুস্তক স্থাপিবার বাঙ্গালা অক্সরগুলি তদানীস্তন বন্ধীয় সৈম্ভবিভাগের লেপ্টেনাণ্ট সি উইল্ফিন্স (Lieut. C. Wilkins ) ও সংস্কৃতজ্ঞ সূর চার্লস্ উইল্ফিন্স্ (Sir Charles Wilkins) কর্ত্ব প্রস্ত হয়। লেপ্টেনাট উইলকিন্স সাহেবের উপদেশ ক্রমে পঞ্চানন নামে জনৈক কর্মকার এদেশে সর্ব্ধপ্রথম অকর প্রক্ত করিতে শিকা করেন। इति अथरम जीतामभूरतत मिननतीनिगरक अरङाक वानाना অকর ১। পাঁচসিকা দরে প্রস্তুত করিয়া দেন। ১৭৮৫ খৃ: व्यक्षिके देखिया काम्मानित होनाथाना हहेए २ व वानाना ছাপা পুত্তক বাহির হয়। যথন ঐ ছাপাধানা হইতে বর্ড কর্ণ-ওয়ালিসের ১৭৯৩ খ্বঃ অব্দের রেগুলেসনের বাঙ্গালা অমূবাদ বাহির হয়, তথন পূর্কাপেকা অনেক উৎকৃষ্ট বালালা অকর প্রস্তত হইয়াছিল। ১৮০০ খুষ্টাব্দে শ্রীরামপুরের মিসনরীগণ দেবনাগর অক্সর প্রস্তুত করেন। তাহার পর তাঁহারাই ১৮১৮ খ্রঃ অব্দে সমাচারদর্শণ নামে সর্বাপ্রথম বাকালা সংবাদ-পত্র বাহির করেন। এই পত্রিকা প্রতি স্থাহে জীরামপুর হইতে জনকার্ক মার্সমান সাহেবের সম্পাদকতার প্রকাশিত इटेज। इटात भन कनिकाजान निभन्न नारम धक्यानि মাসিকপত্রিকা বাহির হয়, তাহার পর ডিমিরনাশকপত্রিকা প্রকাশিত হয়। তিমিরনাশকপত্রিকা শীঘ্রই লোপ হইল। সমাচারদর্শন বছকাল প্রকাশিত হইবার পর অবশেষে ১৮৪১ धुः जारक वक रहेशा त्राम ।

এখন ইংরাজ গবর্মেন্টের বত্বে দেশে বিস্তা চর্চার সমাক্ উরতি হওরার ইংরাজী বালালা পুরুক্তের বহু প্ররোজন হই-রাছে। তদমুসারে বালালার জনেক ছাপাধানা হইরারছ। রেলপথ বিভার ও ডাকের স্থব্যবস্থা হওয়ার মাসিক, পাক্ষিক, সাগুটিক, ক্রমে দৈনিক সকল প্রকার সংবাদপত্তই ইংরাজী বাদালা উভর ভাষাতেই প্রকাশিত হইতেছে। প্রথমে এদেশে কেবল হাতেই ছাপা হইত, এখন বড় বড় সংবাদপত্রাদি বালীর কলে ছাপা হইতেছে।

প্রতি বর্ষ শত শত বালালা ও ইংরাজী প্রক এদেশে ছাপা হইতেছে। ইংরাজী, বালালা, দেবনাগর প্রভৃতি বাবতীর বর্ণমালাই দেশীর অক্ষরের কারখানার প্রভৃত হইতেছে।
কিন্ত ছাপার কল সমন্তই যুরোপ বা আমেরিকা হইতে
আনীত। বালালার ছার বোষাই, মাল্রাজ, আলাহাবাদ প্রভৃতি
ভানেও ছাপাখানা হইরাছে। এখন প্রার প্রত্যেক নগরেই
ছাপাখানা হইতেছে।

ষ্টিরিওটাইপিং (Stereotyping)।—একবার কম্পোত্র করিয়া ভাহার ছাঁচ প্রস্তুত ও তাহা হইতে গালা বা দীসা প্রভৃতি ধাতু দারা অবিকল অক্ষরের প্রতিরূপ করিতে পারা যায়। এইরূপে একটা বা ভডোধিক প্রভিরূপ করিয়া অকরগুলি পুনরার অক্ত পুস্তক কম্পোজ কার্য্যে ব্যবহৃত হইতে পারে, অথচ পূর্বাক্ত প্রতিরূপ ফলকটা ছারা পুনরায় যথেকা সেই খণ্ড ছাপিতে পারা যায়। ১৭২৫ খৃঃ অবেদ छेडेलियम (कछ नारम ऋडेलखरानी करेनक वर्गकात राहिर्यन ও স্তোতাদি ছাপিবার অক্ত প্রথম ছিরিওটাইপ্ প্রস্তুত করে। তদব্ধি ক্রমে উন্নতি হইরা আসিতেছে। ইহার প্রস্তুতপ্রণালী নানারপ হইলেও সকলেরই মূল প্রায় এক। সকল প্রণালীতেই কর্দম, স্কু বালুকা, বিলাতি মাটী প্রভৃতি মিশাইয়া উত্তপ্ত ও পেষণ করিতে হয়। ঐ প্রস্তুত ক্রব্যে অক্রের ছাপ দিলে ছাঁচ অতি শীঘ্রই ভ্রথাইরা দৃঢ় হয়, তথন উহাতে অক্রনিশ্বাণোপযোগী দীসা, রসাল্পন প্রভৃতি ধাতু গলাইয়া ঢালিয়া দিলে অবিকল অক্ষরের প্রতিরূপ প্রস্তুত হয়।

যথোচিত দক্ষতা ও তৎপরতা সহ এইরূপ ফলক ৮।১০
মিনিটের মধ্যেই প্রস্তুত হইতে পারে। বিলাতের টাইমস্
পাত্রকার জন্তু এইরূপ ফলক ৮ মিনিটেই প্রস্তুত হয়। ঐ
সকল ফলক সাহায্যে একবারে একই লেখা ছই তিন স্থানে
ছাপা হইতে পারে। এই জন্তুই ঐ সকল সংবাদপত্র অতি
আরকালের মধ্যে ছাপা হয়।

ইলেক্ট্রোটাইপিং (Electrotyping)।—এই প্রথা ১৮০৯
হইতে ১৮৪১ খৃঃ অস্বের মধ্যে নিউইরর্ক নগরে জোসেফ এ
এডামস্ কর্ত্বক আবিদ্ধত হয়। একখণ্ড পীতবর্ণ মোমের উপর
অক্ষর বা চিত্রের ছাপ মারিয়া ঐ মোমের উপর উডপেন্সিল্
বা অশ্ব কোন ভাড়িত-পরিচাকক বস্তর শুড়া মাধাইয়া দিতে

হয়। ইহাতে মোমের ছাপ দেওয়া পৃষ্ঠ তাড়িত-পরিচালক হইয়া যায়। তৎপরে ঐ মোম য়াসায়নিক উপারে তামা বারা গিল্টি করিয়া লইলে তামা বধন খুব পুরু হইয়া পড়ে, তখন উহা হইতে মোম ধুইয়া ফেলে। এই পাতলা তামার ছাঁচের পশ্চাদিকে নীমা গলাইয়া ফালিয়া লইলেই মুখে তামার পাতমাড়া অন্তর অক্তরের ফলক প্রস্তুত হয়। ষ্টিরিওটাইপ্ অপেক্ষাও এইরপ ফলক দীর্ঘকালয়ায়ী। তিন লক্ষ ছাপের পরও এইরপ অক্তরের বিশেষ কয় দৃষ্ট হয়না। কাঠকলকাদি চিত্রের এই উপারে বছসংখ্যক অবিকল অল্বরূপ ফলক করিতে পারা বায়, অথচ কাঠকলকথানি বেমন তেমনিই থাকে।

ছাপ্রা, মধ্যপ্রদেশে সিওনী জেলার লক্ষণাদর তহসীলের একটা প্রাতন সহর। সিওনী নগর হইতে ২২ মাইল উন্তরে জ্বল-প্র থাইবার রাস্তায় অবস্থিত। পুর্বেই হা সমুদ্ধিশালী ছিল, কিন্তু পিঙারীদিগের দৌরাম্মে উৎসন্ধ্রায় হয়।

ছাপ্রা, বেহারপ্রদেশন্থ সারণ জেলার একটা উপবিভাগ।
পরিমাণফল ৯৯৮ বর্গ মাইল। প্রামসংখ্যা প্রায় ১৬৪৩। প্রতি
বর্গমাইলে গড় অধিবাসীর সংখ্যা ৯৮৮। ইহার পূর্বাদিকে
গগুকী নদী, দক্ষিণে গলা ও পশ্চিমে ঘর্ষরা নদী প্রবাহিত।
বন্তার সময় ইহার অনেক হল জলপ্লাবিত হয়। ইহাতে পাঁচটা
ধানা আছে, যথা—ছাপ্রা, দিঘবারা, পরশা, মাঝি ও বসন্তপুর।

২ উক্ত সারণ কেলার প্রধান নগর। এই নগর ঘর্যরা নদীতীরে গদার > মাইল মাত্র দুরে অবস্থিত। অকাণ २८ 8७ हर छै: जांचि ৮8 8७ 85 प्रः। ইहात्र देनचा প্রায় ৪ মাইল, প্রস্থ কোথাও ১॥• মাইলের অধিক নহে। এই নগরের অবস্থান অতি নিম। পশ্চিম ও উত্তরদিকে চইটা বাঁধ। অধিবাসী (১৮৯১ খু: অ:) ৫৭৩৫২ জন, তন্মধ্যে হিন্দু 880৫৮, मूत्रनमान ১২৮२৯, थुष्टीन ३०, व्यन ७१ ७ दोक 8 जन। অস্তান্ত জেলার স্থায় এখানে বিচারালয়, কারাগার, ডাক্ঘর, থানা, পাছনিবাস, সরকারী হাাসপাতাল, ইংরাজী বিস্থালয়াদি আছে। পূর্ব্বে গঙ্গানদী এই নগরের অতি নিকট দিয়া প্রবাহিত হইত, এখন প্রায় ১ মাইল দুরে পড়াতে ইহার ফ্রবিকার্য্যের বিস্তর ক্ষতি হইয়াছে। পুর্ব্বে ছাপ্রা দোরার ব্যবসায়ের জন্ত বিখ্যাত ছিল। ১৮শ শতাকীর শেষভাগে ইংরাজ, ফরাসী, ওলনাজ ও পর্ত্ত জ্ঞাজগণ ইহাতে কুঠি নির্মাণ করেন। ঐ বাবসা ক্রমেই লোপ পাইতেছে। এথানকার মাটা ও পিতলের বাসন অতি উৎকৃষ্ট। ছাপ্রা হইতে বাহির হইরা ক্রেক্টী রাস্তা শোণপুর, মুজাফরপুর, মতিহারী, সেবান ও শুঠনী গিয়াছে। এই স্থান কর্মণ মিশনরীদিগের একটা প্রধান আড্ডা।

ছার (রী) অনাতণ। "সন্তিরার বিভিরারজ্বারানা তপারচ" (ভারত ২৮৬ মা)

ছারা (স্ত্রী) ছাতি ছিনন্তি স্থ্যানেঃ প্রকাশঃ নাশরতি ছো-ব (মাজাসসিহত্যোবঃ। উণ্ ৪/১১৯) ভর্ত টাপ্। ১ অনাভপ, রৌদ্রশৃত্ত। পর্যান্ধ—ভাবাহুজা, ভাষা, অভেনঃ, তীক্ষ, অনা-তপ, আভীতি, আভপাভাব, ভাবানীনা। "উপজ্ঞান্ধনিব স্থবের-গ্লাম্ (বক্ ৬/১৬/৩৮) "ছারানিব প্রভান স্থাঃ" (অবর্ধ ৮/৪/৮)

বৈভক্ষতে ছারার গুণ—সধুর, শীতল, লাহপ্রমহারী, শর্মনাশী। (রাজনি\*) বেবের ছারা, প্রথ, প্রথ, স্ক্রিও সভাপ নাশক। (রাজবর্মভ) বিশেষতঃ বটবুক্সের ছারা বল ও বর্ণবর্জক। (চরক)। প্রাদীপ, খাট ও শরীরের ছারা অত্যন্ত লোবকর। (কর্মলোচন)

জ্যোৎয়া, আতপ, জল, দর্শণ ও কাহারও অলে বাহার ছায়া বিক্তভাবে পতিত হর, তাহার মৃত্যু আসয়। ছিয় ভিয়, আক্ল, হীন বা অধিক বিভক্ত, মতক শৃস্তু বা বিভ্ত ও প্রতিজ্ঞারাহিত এরূপ ছায়া অতি অপ্রশস্ত ও কোন কারণ জস্তু নহে, যাহারা মৃম্বু তাহাদেরই ঐরূপ ছায়া পতিত হয়। যিনি অপ্রকালে নিজের ছায়ার অবয়ব সংগঠন বা প্রমাণ, বর্ণ ও প্রভা পরিবর্তিত দেখেন, তাহারও মৃত্যু আসয়।


আকাশাদি পঞ্চ মহাভূতের ভিন্ন ভিন্ন লক্ষণে পাঁচ প্রাকার ছারা আছে। যথা—আকাশ সৰ্জীয় ছারা নির্মাণ, নীলবর্ণ, কেহ ও প্রভাযুক্ত। বারবীর ছারা কক্ষ, কপিশ ও অরুণবর্ণ এবং নিপ্রভ। অমির ছারা বিশুদ্ধ রক্ষবর্ণ, উচ্ছল ও রমণীর। জলীর ছারা নির্মাণ, বৈদুর্বামণির স্থার নীলবর্ণ ও স্থাধির। পৃথিবীর ছারা ভিন্ন, স্থিম, শ্রাম ও বোতবর্ণ। ইহার মধ্যে বারবীর ছারা অপ্রশস্ত ও বিনাশের বা মহাক্ষের কারণ।

অনির প্রভা সাত প্রকার—রক্ত, পীত, শুরু, ক্পিশ, হরিত, পাঙ্র ও ক্লফ। বিকাসী, নিমি ও বিপুল প্রভাই শুভ এবং রূল্প, মলিন ও সংকিপ্ত প্রভাই অভ্নত। প্রভার শুভাভ্রত অধুসারে তদ্যুক্ত ছারা প্রশাস্ত ও অপ্রশস্ত।

( চরক ইঞ্জিয়ন্থান ৭ আঃ )

বর্ত্তমান বিজ্ঞান মতে কোন অবক্ত বন্তর ব্যবছেল হেত্ বে স্থান হইতে আলোক অপসারিত হয়, সেই সমস্ত স্থানকে ছারা কহে। এই ছারা ভূমি বা অক্ত কোন তলক্ষেত্র ছারা বিভক্ত হইলে যে প্রতিক্তি উৎপন্ন হয়, তাহাকেও ঐ অবছ বস্তুর ছারা কহে। ছারা সর্বাণা বন্তর সমানাকৃতি হয় না। আলোকপ্রাণ বন্তর আকার ও দ্রম্বভৈদে এবং তলের সহিত অবছ বন্তর অবস্থানভেদে ছারার ভেদ হইনা থাকে। আলোক বহুদ্রবর্ত্তী এবং তস্ক্তেরের উপর সম্ভাবে বাকিলে ছারা বছর ব্যবধানের প্রার ন্সান হর এবং ছারার প্রান্ত অভি ক্লাই হর। তেতির হারা প্রান্ত ব্যবহিত বছ হইতে ভিরাকৃতি হইরা থাকে। আনোকের গতি সরল মেখাক্রের হইরা থাকে। একটীয়াত্র বিন্দু হইতে আলোক নির্গত হইলে সকল বছরই ছারা প্রকটীয়াত্র ও অতি ক্লাই হর, কিছ কার্য্যত্র প্রকটী বিন্দু হইতে আলোক উৎপর হওরা অনভব; ভ্রুত্রাং বছর প্রকটীয়াত্র ছারা না হইরা অনেকগুলি ছারা উৎপর হর। বেথানে সমত ছারাগুলি উপরি উপরি পতিত হর, তথার ছারা সর্কাণেকা গান্ন ও ক্রেরে চারিরিকে পাতলা হইরা বার। প্রই পাতলা অংশকে উপজ্বারা (Ponumbra) কহে। আলোকপ্রদ বছ ব্যবহিত বস্তু অংকে ব্যবহিত বস্তু হুইলে ছারামর স্থান ক্রমশঃই বৃহৎ হইতে থাকে। ছারা ও উপজ্বারার চিত্র দেওরা গেল।

मधाय वर्ष् गृष्ठी जारगाकथान । क क जरशका थ थ क्ष्मण्डत धादर श श व्हलत । क क धात छहे खाल ख विश्रती छ विसू



रहेए जालाकत्रिय चर्च अत इह প্রান্ত দিক্ ঘ বিন্দুতে মিশিয়াছে। স্তরাং ধর্ধ ঘ্নামক স্থান সম্পূর্ণ ছोत्रो, এবং च थ छ ও च थ छ नामक স্থান উপজ্ঞারা, গ গ বৃহত্তর বলিয়া रेरात हाता जनमः वृक्ति हरेएछह, স্তরাং গর্গ এর ছায়া ক ক' এর বিপরীত দিকে মিলিত হইতে পারে ना। ज ४ च नामक उपल्हाता थ थ च नामक छात्राष्ट्रीत ठात्रिनिटक द्वहेन করিয়া আছে; এই স্থান ক ক´ এর কোন না কোন অংশ হইতে আলো-কিত হয়। চক্তগ্রহণের সময় পৃথিবীর हात्रा ठिक वह छाटवह थाटक। वह স্মরে চক্ত ব ধ জ এই উপজ্যারার মধ্যে জাসিলে রক্তবর্ণ দেখার। জত্মছ

বন্ধর ছারা নিকটে অপেক্ষাকৃত স্থাপট হর, ক্রমে ছারা বত দূরে বাইতে থাকে ততই উপজ্যারার ভাগ বৃদ্ধি পার। পূর্কেই বিশির্মাছি, আলোকের আকার ও বে তলে ছারা প্রক্রিপ্ত হর ভাহার অবস্থানভেদে ছারার আকার ভেদ হর।

২ প্রতিবিদ। "মরি তেজ ইজিছারাং বাং দৃষ্ট্রাপুগতাং জপেং" (বাজ্ঞবদ্ধা তা২৭৯) ৩ কান্তি, শোভা, দীন্তি। "সং ছারদা দণিয়ে সিভিরাক্যা" (বাক্ ২০৪৪৬) 'ছারদা দীন্তা।' (সামৰ ) । পালন। ৫ উৎকোচ, ঘুর। ৬ পংক্তি, শ্রেণী। ৭ কাড্যারনী। (শব্দরশ্বাক্র)। ৮ ক্রোর এক প্রী। বিবস্থান প্রব্যের সংক্রা নামে এক পত্নী ছিলেন। ভাহার গার্ভে বৈবস্বত আদ্ধানৰ এবং বন ও বমুনার জন্ম। পতির ক্লপে ভাষার চিত্ত সভ্ত ছিলনা। কর্ব্যের ডেক ভাষার নিতাত অবহু হওরার মারাধারা নিজের ছারা হইতে चाचामम् धक कामिनी कतिरामन धवः छाहारक वनिरामन. <sup>4</sup>হে ভৱে! সামি পিতার ভবনে গমন করিতেছি, তুমি আমার এই বালক্ষয় ও ক্সাটাকে প্রতিপালন কর এবং এই ব্স্তান্ত কাহারও নিকট বেন প্রকাশ করিও না" **এই বলিয়া সংজ্ঞা** পিতা বিশ্বকর্মার নিকটে গমন করিলেন। বিশ্বকর্মাও সমস্ত জানিতে পারিয়া সংজ্ঞাকে ভর্ৎসনাপুর্বক স্বামীর গৃহে গমন করিতে কহিলেন। বারংবার পিতার তাডনায় সংজ্ঞা নিজরপ ত্যাগ করিলেন এবং ঘোটকীর আকার ধারণ করিয়া তণ ভক্ষণ করিতে লাগিলেন। বিবস্থান পূর্য্যও সংজ্ঞা-প্রতিকৃতি ছায়াকে সংজ্ঞা বিবেচনা করিয়া তাহাতে তুইটা পুত্র উৎপাদন করিলেন, প্রথমটার नाम नावर्षि, विजीव मरेनम्बत (मनि)। ছाया जाहां निशरक সংজ্ঞার পুত্র অপেক্ষা অধিক ভাল বাদিতেন। তদর্শনে যম অবতাত্ত কুদ্দ হইয়া তাহাকে প্লাঘাত ক্রিতে উন্মত হইলেন। ছারা ছঃথিত হইরা "তোমার চরণ থদিরা পড়ুক" এই শাপ দিলেন। যম শাপগ্রস্ত হইয়া পিতার নিকটে গিয়া কহিলেন, "পিতঃ। মাতার সকল পুত্রের প্রতি সমভাবে স্বেহ করা উচিত। কিন্তু তিনি আমাদিগের অপেকা আমা-দের কনিষ্ঠদিগকে অধিক ভালবাদেন। এই জন্মই তাঁহাকে প্লাঘাত করিতে আমি উন্তত হইয়াছিলাম, কিন্তু গাত্রে আখাত করি নাই। তথাপি তিনি অভিশাপ দিলেন যে পুত্র হইয়া আমাকে চরণাধাত করিতে উন্মত হইয়াছ, ভোমার চরণ থসিয়া পড়, ক। সূর্য্য বলিলেন, "তোমার মাত্বচন আমি অন্তথা করিতে পারিব না। ক্রমিগণ তোমার পাদ হইতে মাংস লইয়া ভূতদে গমন করিবে।" অনন্তর স্থ্য সংজ্ঞা-প্রতিক্বতি ছারাকে আহ্বান করিয়া তাহাকে কনিষ্ঠ সন্তান-मिरात छे**नत अ**धिक स्त्राट्य कांत्रण किछाना करतन । किछ ছায়া কিছই প্রকাশ করিলেন না। স্ব্রদেব সমাধিবারা সমস্ত জানিতে পারিয়া শাপ দিতে উদ্যত হইলে ছায়া ভন্নবিহ্নলা হইরা সমস্ত বৃত্তান্ত প্রকাশ করিলেন। অনন্তর ভগবান সুৰ্য্য কুৰ হইয়া বিশ্বকশ্বার নিকটে গমন করিলেন। বিশ্বকর্মা কহিলেন, "সংজ্ঞা তোমার তেজ সহ করিতে না পারিরা খোটকীর আকার ধারণ করিরা তপতা করিতেছে।

বাও গিরা দর্শন কর।" সুর্য্যাও বড়বারপ্থারিণী সংজ্ঞার নিকটে গমন করিলেন। পত্নীকে ক্লশা দীনা ও বন্ধচারিণী रिषेत्र। कहिरान, "रिवि। आत जशका कतिवात आहारकन নাই আমি নিজন্নপ পরিবর্ত্তন করিতেছি।" অনন্তর र्याप्तर निकक्षभ भतिरखन कतितन। (इतिराध क चाः) ৯ তমঃ, অন্ধকার। मीत्राः সকেরা তমকে পৃথক জ্বরা বলিয়া चीकांत्र करतन। देनमाग्निरकत्रा यत्नन आत्नारकत्र अञ्चावह তমः, देश একটা পৃথক ज्ञवा नटर । > नामुख । "अनामरन काहर কপ্তা আন্নায় শিশুসুদ্ধনি। বস্তাদিভিয়লয়তা পুত্রজ্ঞায়া-वहः प्रशं" 'भूखव्हामा भूखनाम् थम् ।' (नखक हिस्स का) >> इत्मा-ভেদ। লক্ষণ বর্থা প্রত্যেক পদে ১৯টী অক্ষর, ২।৩।৪।৫।৮।১২।১৩। ১৪।১৬।১৭।১৯।বর্ণ শুরু, অবশিষ্ট লয়। ৬।১২।১৯ অক্ষরে যক্তি। "ভবেৎ সৈবচ্ছায়াত্ৰুগগযুতা ভালবাদশান্তে বদা" (ছলোমঞ্চরী) ১২ রাগিণী বিশেষ। ইহা হাম্বির ও শুদ্ধ নটযোগে উৎপন্ন ও मम्पूर्व (अभिक्का । प्रक्रम वानी, श्रवक महानी, व्यवस्ताहरन ইহা তীব্ৰ মধ্যম ব্যবহৃত হয়। ইহার ঋ, গ্রহ, অংশ ও ভাস ( मङ्गी छमात )। দামোদর মতে ইহা ওড়ব ষ্থা — "নি ধ ম গ সা" (স-রত্না ) নারাঘণকত সঙ্গীতসারে ইহা বড়জ শ্রেণীর অন্তর্গত। যথা "বড়জগ্রহামরহিতা ছারা শুঙ্গারবীররোঃ"। हेरात मूर्खि এলোকেশী দিগৰরী নীলপলের স্থায় স্থামবর্ণা ও ভরঙ্করী। স্থ্যকান্তমণি ধারণ করিয়া রহিয়াছে। (সঙ্গীতসার) ১৩ পরিমাণভেদ। তৎপুরুষ সমাসে ছায়ান্ত শব্দ বাছল্যে क्रीविन इस । ( ছांस्रा वाहरना । श्री २।८।२२ ) हेक्क्छां सः । ह्यांक (जि) [ देव ] हात्रायुक्त।

চায়াকর (তি) ছায়া-ক্লত্। ছত্রধারী।

ছারাগণিত (ক্রী) ছারাহগতং গণিতং মধ্যলো । গণিত প্রক্রিরা বিশেষ। এদেশীর প্রাচীন আর্যাক্ত্যোতির্বিদ্গণ ছারা অব-লম্বন করিরা যে প্রক্রিয়ার গ্রহ গতি ও অয়নাংশের গমনাগমন প্রভৃতি নিরূপণ করিতেন, তাহাকেই ছারাগণিত বলা যায়।

দিগ্দেশ ও কাল নিরূপণ করিতে ছারা অবলম্বন করিতে 
হয়। প্রোচীন আর্য্যগণ ছারা অবলম্বন করিয়া যে নিয়মে 
দিগ্দেশ নিরূপণ করিজেন, তাহার বিবরণ থগোল শব্দে 
ও ৭ পৃষ্ঠায় দ্রেইবা। বিষ্ব্যাগুল স্থির করিয়া ছারাকর্ণ 
প্রিক্রণ করিতে হয়।

ছায়াকর্ণ নিরূপণ করিবার উপার—শহুর বর্গ বা ১৪৪এর সহিত ছায়ার বর্গ যোগ করিয়া বে ফল হর, তাহার বর্গমূলকে ছায়াকর্ণ বলে। ছায়াকর্ণ ঠিক হইয়াছে কি না ভাহা জানিতে হইলে ছায়াকর্ণের বর্গ হইতে ১৪৪ শেস্তর করিলে নারা অবশিষ্ট থাকিবে তাহার বর্গমূল ছায়া হইলে গণিত বিশুদ্ধ হইরাছে জানিবে। [ইহার উপপত্তি পূর্ব্য-সিদ্ধান্তের টাকার এইবা।]

অয়ন সংশ্বত রবির ক্ষুট যে দিনে শৃস্ত হইবে, সেইদিনের
মধ্যাশকালের শৃষ্কুছায়ার নাম বিষুবতী ছারা। ইছাকে বিষুবৎ
প্রভা ও অক্ষডা নামেও উল্লেখ করা হর। শৃষ্কু পরিমাণ কোটা
ও বিষুবৎপ্রভা পরিমাণকে ভূক কয়না করিয়া ক্ষেত্রব্যবহারের কর্ণ আনিবার নিয়মায়সারে প্রক্রিয়া করিলে যাহা ফল
হইবে, ভাহাকে অক্ষকর্ণ বা অক্ষক্রেত্র বলে। [কর্ণ হির করিবার প্রক্রিয়া ক্ষেত্রব্যবহার শব্দে জ্বর্য। ]

ত্রিজ্যাদাধনপ্রক্রিয়া ছারা ত্রিজ্যা স্থির করিয়া তাহাকে পৃথক্রূপে শব্দু ১২ ও বিষুবৎপ্রভা ছারা ৩৩ণ করিলে যে ছইটী রাশি হইবে, তাহা ছই স্থানে রাধিয়া বিষুবৎপ্রভা ছারা ভাগ করিবে। যাহা লক হইবে তাহাই উভরগোলের দক্ষিণদিক্স্থিত লম্বাক্ষা।

অক্ষানয়নপ্রক্রিয়া—অভীষ্ট দিনের মাধ্যাছিকী ছারা ছারা বিজ্ঞাকে গুণ করিয়া মধ্যাহ্ন ছারার কর্ণ ছারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহার চাপদাধন করিবে, লব্ধ চাপকলাকে নতকলা বলা যার। মধ্যাহ্ন ছারা পূর্বাপর স্ক্রমধ্য হইতে দক্ষিণস্থ হইলে নত-কলাকে উত্তরনতকলা আর যদি মধ্যাহ্ন ছারা উত্তরদিক্স হয়, তবে ঐ নতকলাকে যাম্য-নতকলা বলে। নতকলা ও স্থ্যক্রান্তি-কলার একদিক্ হইলে উভরের যোগ এবং বিভিন্ন দিক হইলে উভরের বিয়োগ করিবে। বাহা ফল হইবে, তাহার নাম অক্ষকলা। স্থল বিশেষে ইহাকে অক্ষ নামে উল্লেখ করা হয়।

অক্ষতা হির করিবার প্রক্রিয়া— অক্ষ কলা হইতে প্রথমে অক্ষর্যা হির করিবে। [জ্যা দেখ।] ত্রিজ্যার বর্গ হইতে অক্ষর্যার বর্গ অস্তর করিলে বাহা অবশিষ্ট থাকিবে, তাহার বর্গমূলকে লম্বজ্যা বলে। অক্ষর্যাকে ১২ দিয়া গুণ করিয়া লম্বজ্যা হারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহার নাম অক্ষতা। হানবিশেবে ইহার প্রভা নামেও উল্লেখ আছে।

নতাংশ স্থির করিবার নিয়য়—একদিক্ হইলে স্বদেশের অক্ষাংশ ও মধ্যাক্ষালিক স্ব্যক্রান্তির যোগ এবং ভিন্নদিক্ হইলে অক্ষাংশ ও স্ব্যক্রান্তির বিরোগ করিবে। যাহা ফল হইবে তাহার নাম মাধ্যাক্তিক স্ব্য নতাংশ। এই নৃত্যংশকে ভূজ করনা করিয়া প্রক্রিরা করিলে কোটিজ্যা স্থির করিতে পারা বার।

ছারা ও কর্ণ স্থির করিবার উপায়—নডাংশজ্যা শস্কু ১২ ছারা গুণ করিয়া কোটিজ্যা ছারা ভাগ করিলে হাহা লব্ধ হইবে, ভাহাকে মাধ্যাকিকী ছারা এবং ত্রিজ্যাকে শব্ধ সংক্রোরা খণ করিরা কোটজ্যা দ্বারা ভাগ করিলে বাহা লক্ষ হইবে, ভাহাকে মাধ্যাকিক ছারাকর্ণ বলে।

অথা ও ফর্গাথা আনমন করিবার প্রক্রিরা—পূর্যাক্রান্তি-ল্যাকে অক্ষকর্ণ হারা ওণ করিয়া শহু ২২ হারা ভাগ দিলে মাহা লব্ধ হয়, তাহার নাম অথা। ইহাকে পূর্ব্যের অথাও বলে। অপর এই সহব্বেও এইরূপ নিরম জানিবে। অথাকে অভীইকালের ছারাকর্ণ হারা ওণ করিয়া বিজ্ঞা হারা ভাগ করিবে, বাহা লব্ধ ইইবে ভাহাকে কর্ণাথা বলে।

ভূজানয়নপ্রফ্রিরা—অভীষ্ট সময়ের পূর্ব্যাঞ্জার সহিত অক্ষতা যোগ করিবে। যোগ কর দক্ষিণগোলের উত্তর তুজ এবং পলভা হইতে কর্ণাঞ্জা বাদ দিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে উত্তর গোলের উত্তর ভূজ জানিবে। যদি পলভা হইতে কর্ণাগ্রা অধিক হয়, তবে কর্ণাগ্রা হইতে পলভা অন্তর করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে দক্ষিণ ভূজ জানিবে। প্র্যা যাম্যোত্তর বৃত্তে অবস্থিত হইলে যে প্রকারে ছায়াকর্ণ হির করিতে হয়, তাহা পূর্ব্বে লিথিত হইয়াছে।

স্থ্য পূর্বাপর বৃত্তস্থ হইলে ছায়াকর্ণ স্থির করিবার নিয়ম—

সম্বাকে অকভা এবং অক্সব্যাকে ১২ ছারা গুণ করিয়া

কোন্তিক্সা ছারা ভাগ করিলে বে ছইটী রাশি লব্ধ হইবে,

তাহাই সমর্তস্থ বা পূর্বাপর বৃত্তস্থ স্থাের কর্ণহয়। এইরপে

কোণছারা ও কর্ণাদিরও সাধন করিতে হয়। ভাহার প্রয়োজন
ও বিশ্বত বিবরণ ফুটাদি শব্দে দ্রস্টবা।

পূর্ব্বোক্ত প্রক্রিয়া বারা ছায়াকর্ণ নির্মাপত হইলে হর্যা
সাধন করা যাইতে পারে। ভাহার নিয়ম—অভীপ্রকালের
কর্ণাগ্রা বারা লবজা গুণ করিয়া ভাৎকালিক ছায়াকর্ণের
পরিমাণ অকুলী হারা ভাগ করিলে বাহা লব্ধ হইবে, ভাহাকে
ক্রান্তিজ্যা বলে। ক্রান্তিজ্যা ত্রিজ্যার বারা গুণ করিয়া
পরমক্রান্তিজ্যাবারা ভাগ করিলে বাহা লব্ধ হইবে, ভাহার
বহুর রাশ্রাদিকে ক্রেত্র বলে। এই ক্রেত্র হইতে কুট নিয়মে
রবি সাধন করিবে। [রবিক্ট্র দেখ।] প্রাচীন আর্যান্ত্রেরাতিবিদেরা ছায়া অবলম্বনে অনেক গণিতকার্য্য নির্ব্রাহ করিভেন, এই স্থলে ভাহার একটা প্রক্রিয়া সংক্রেপরাপে প্রদর্লিত হইল। যে নিয়মে স্ব্যাসাধনপ্রণালী দর্লিত হইল,
এইরূপ নিয়মে অপরাপর প্রবেরণ দেখ।]

[ক্ট্রপ্রভিত শব্দে ইহার অপরাপর বিবরণ দেখ।]

ছায়াগ্রহ ( গং) দর্প।

"প্রসন্থানাপদংপ্রাথ্টো ছারাগ্রহ ইবাচন্য।" (রাজতর ৩) ছারা ক্রাথ্টিবিহা অকোমত বছরী। চক্র।

ছারাতন্ত্র (পুং) ছারারাঃ ক্র্যুগদ্ধা তনরঃ ৬তং। ছারাপ্ত,

ছারা তরে ( १ ) ছারাপ্রধানান্তর: শাকপার্থিববং মধ্যলোও।
ছারা প্রধানরক। লক্ষণ বথা—পূর্কাত্র বা অপরাত্রে বে ব্কের
তলে শীতল ছারা থাকে। ছারাপ্রধান হেডু সেই বৃক্ষকে
ছারাজক বলে। ২ স্থরপুরাগ, ছবিরান কুল। "ফক্ষণতকে
জনকতনরা লানপুণ্যোদকের লিক্ষারাতকর বসতিং রামগির্যাশ্রমের্" (মেঘদ্ত )

ছারাডেড়ী (দেশন ) তোড়ী ও ছারাযোগে উৎপন্ন রাগ-বিশেষ। নিও প বিবাদি। (সঙ্গীতরত্বাকর)

ছায়াত্মজ (পুং) ছারায়া আত্মজঃ ৬তং। খনি।

ছায়াদেবী ( স্ত্রী ) গান্ধিত্রী দেবী। (দেবীভাগবত ১২।৬।৫৪ )

ছারাদ্রেন্ম (পুং) ছারা প্রধানোক্রম: শাকপার্থিববৎ সমাস:।
> ছারাতর । ২ নমেরু বৃক্ষ।

ছায়ানট, রাগবিশেষ। ইহার গ্রহ, অংশ ও ভাস ধৈবত।
এই রাগটী সম্পূর্ণ শ্রেণীভূক্ত। (নারারণক্ষত সঙ্গীতসার।)
ইহা ছারা ও নট বোগে উৎপন্ন। অবরোহণে তীত্র মধ্যম
ব্যবহৃত হয়। সা বাদী গ সন্ধাদী। ইহা নয় প্রকার নটের
মধ্যে একটা। নয়প্রকার নট যথা—হহন্নট, কেদারনট,
কল্যাণনট, কামোদনট, মলারনট, ছারানট, কদম্বনট, হান্বীরনট ও আহীরীনট। (সঙ্গীতরত্বাকর)

ছারান্ট্র (পুং) ছারানট রাগবিশেষ। ইহার লক্ষণ। "থৈব-তাংশগ্রহস্তাসশ্হারানট্ট: প্রকীপ্তিতঃ। সম্পূর্ণ: কথিত চাসৌ কবিভিন্ত ক্ষাপিতিঃ।" (সঙ্গীতসার)। [ছারানট দেখ।] ছারাপথ (পুং) ছারাযুক্তঃ পছাঃ শাকপার্থিববৎ সমাস। ১ দেবপথ। ২ আকাশ। "ছারাপথেনেব শরৎ প্রসরং।" (র্যু) ৪ জ্যোতিশ্রক মধ্যবর্তী অর্জমণ্ডলাক্তি প্রদেশবিশেষ। ৫ জ্যোতিশ্রক মধ্যবর্তী মণ্ডলাকার নক্ষত্র শ্রেণী।

। \*। মেঘশৃষ্ঠ রজনীতে নির্মাণ আকাশে অসংখ্য তারকারাজির সহিত উত্তর হইতে দক্ষিণ পর্য্যন্ত বিস্তৃত যে শুলবর্ণ নীহারবং পদার্থ দৃষ্ট হয়, উহাকে জোতির্বিদেরা ছায়াপথ বা নীহারিকা বলিয়া থাকেন। তত্তির কবিগণ ইহাকে দেববর্ম্ম, দেবমার্গ ইত্যাদি কত নাম দিয়া থাকেন। সাধারণ লোকে উহাকে যমকুলি অর্থাৎ বমের বাড়ী যাইবার রান্তা কহে। এই অন্তুত পদার্থের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেই ইহার স্বরূপ তত্ব অবগত হইবার জন্ম কাহার চিত্র ব্যাকুল না হয় ? কাহার চিত্ত সংশরদোলার আন্দোলিত হইয়া ছর্দান্ত কৌত্হল বশে এই মনোহর বিমানস্থ পদার্থের প্রতি ধাবিত না হয় ?

সহজ দৃষ্টিতে এই পথে কেবল গুত্রবর্ণ নীহারবং প্রান্তীয়-मान रत्र माज, किन्न छे एक्ट पूत्रवीक्न गड माशास्या हेरात ভিতর কুত্র কুত্র অগণ্য তারকারাঞ্জি নৃষ্ট হয়। এই সকল তারার পশ্চাতে আবার পূর্ববং নীহারিকা দৃষ্ট হর। অপেকা-ক্বত উৎক্টতর দূরবীক্ষণ যন্ত্রের সাহাব্যে এই বিভীয় স্তবকেও কেবল তারাসমষ্টি দেখিতে পাওয়া যায়, তথন আবার নীহারিকা-ময় ভৃতীয় স্তবক দৃষ্টিপথে পতিত হয়। জ্যোতির্বিদ্ পণ্ডিতগণ সর্বোৎকৃষ্ট যন্ত্রসাহায্যে তাহাতেও তারাপুঞ্জ দেখিয়া-ছেন। কিন্তু যতই তাঁহারা এক এক স্তর বিশ্লিষ্ট করিয়া যান, ততই পশ্চাতে সেই এক নীহারিকাম্ম স্তর দেখিতে পান। জ্যোতির্বেতা পণ্ডিগণ অমুমান করেন, এই সকল তারও কুত্র কুত্র তারাসমষ্টি হইবে। ছায়াপথের এই সকল তারকা এত म्त्रवर्जी य स्रामता हेशानिशतक न्लंड तिथिए शाहे ना, त्रानि রাশি একতা হইয়া পাতলা মেঘবং প্রতীয়মান হয় মাতা। ইহাদের দূরত্ব ও আকারের বিষয় পর্য্যালোচনা করিলে অভীব বিশ্ময়াম্বিত হইতে হয়। ছায়াপথের সকল তারকা পৃথিবী হইতে সমান দ্রবর্ত্তী নহে। এই সকল তারকা হয়ত স্ব্য্য অপেকা বছগুণ বৃহত্তর, উহাদের আলোক প্রতি সেকেণ্ডে লককোশ এই অভাবনীয় জ্তগতিতে ধাৰ্মান হইলেও অযুত বৰ্ষে 🕐 পৃথিবীতে আসিতে পারে না। এই ছায়াপথে আমাদের ভারা-জগতের স্থায় কত কোটী কোটী জগৎ বিরাজ করিতেছে ভাহার সংখ্যা নাই। ছায়াপথ এক প্রকাণ্ড বলয়ের ভায় পৃথিবীর চারি मित्क काकारण गांध कारह। देशत कार्कक काण इहे শাথায় বিভক্ত। এই বলয়ের সহিত সমকোণ করিয়া গগন-মণ্ডলে দৃষ্টিপাত করিলে ঐ অংশ তারকার সংখ্যা অতি অরই দেখা যায়। ক্রমে ষতৃ ছায়াপথের সন্নিকট হওয়া যায়, ততই তারকা সংখ্যার বৃদ্ধি পাইতে থাকে এবং ছায়াপথের উভয় পার্ছে ও ছায়াপথে একবারে পুঞ্জ পুঞ্জ নক্ষত্র দৃষ্ট হর। সমস্ত স্থানেই যেন তারকাময় বোধ হয়। ইহাতে এইরূপ অনুমান করা যাইতে পারে যে, এই অনস্ত শৃত্যে এই দৃশ্রমান নক্ষত-রাজির সমাবেশ সর্বাত্ত সমান নহে, প্রত্যুত অধিকাংশ নক্ষত্র একটা অসীমন্তরে অবস্থিত। এই ত্তরের দৈর্ঘ্য ও বিস্তারের তুলনায় বেধ অত্যব্ন। পৃথিবী এই প্রকাণ্ড ত্তরের মধ্যদেশে ঈষৎ হেলানভাবে এক স্থলে অবস্থিত।

ছায়াপথ রাশিচক্রকে উত্তর থগোলার্দ্ধে একবার বৃহ ও মিথুন রাশির মধ্যে ও আবার দক্ষিণে থগোলার্দ্ধে বৃশ্চিক ও ধনুরাশির মধ্যে ছেদ করিয়াছে।

ছারাপথের সকল স্থান সমান উজ্জ্বল নয়। উজ্জ্বল স্থান সকলের আকার নানারূপ। কোথাও বৃত্তাকার, কোগাও আবর্ত্তাকৃতি, কোথাও তদল সদৃশ। সকলেরই মধ্যহান
অধিকতর উজ্জল; কোন কোন তারকার চতুর্দিকে
নীহারিকা-মণ্ডল দেখিতে পাওয়া বার। উৎক্রই দূর্বীক্ষণ
যর সাহায্যেও কোন কোন নীহারিকার তারা দেখা বার না।
ইহাতে কোন কোন জ্যোতির্বিদ্ পণ্ডিত অহুমান করেন, ঐ
সকল নীহারিকা ব্যক্তের পুদ্দের স্থার উজ্জল বাপামর পদার্থ
হইবে। এই বিশাল বাপারাশি কোটা কোটা বোজন ব্যাপিরা
অবহান করিতেছে এবং কোন অচিন্তা নৈসর্গিক কারণে
আবর্ত্তিত হইতেছে। এই বুর্ণন অন্ন উহাদের অনু সকল ক্রমাপত কেল্লাভিদ্ধে ধাবিত হইতেছে এবং মাধ্যাকর্বণ শক্তি
ক্রমণ: বৃদ্ধি হইরা উহারা ক্রমণ: হরারতন ও ঘনীভূত
হইতেছে। কালে উহারা ক্রমণ: ইরারতন ও ঘনীভূত
হইতেছে। কালে উহারা ক্রমণ উপপ্রহ সমবিত এক এক
প্রকাণ স্থবত এইরপেই প্রতিত্ত্রা অহুমান করেন,
সৌরজগৎ সম্ভবতঃ এইরপেই প্রতিত্ত্রা অহুমান করেন,

প্রীকগণ এই ছায়াপথকে গ্যালাঝিয়ান্ অর্থাৎ হ্য়বস্থা ৰলিত। প্রাচীন গ্রীকগণের বিশাস ছিল, জুপিটর হারকিউ-লিস্কে জুনোদেবীর ক্রোড়ে স্থাপন করিলে জুনোদেবী ভাহাকে মার (Marr)-পুত্র জানিতে পারিয়া ত্যাগ করেন। জুনোদেবীর স্তক্তহয় আকাশে ছড়াইয়া পড়ে, ভাহাভেই ঐ পথ হইয়াছে। আবার অনেকে বলিত, ছায়াপথের সমস্ত ছয়্ম নহে; আইলিস্ (Isis) টাইফন হইতে পলায়নকালে পথে পথে শস্তের শীষ ফেলিয়া যায়, ভাহাতেই ঐকপ হইয়াছে।

স্লেটো বে গল লিখিয়াছেন, ভাহাতে ছায়াপথ দেবভা ७ महावीदगरनंत्र हिनवात अभस भथ विनित्रा छेक इहेन्नाहि। রোমকগণও ইছাকে ছগ্ধবর্ম বলিত। পিথাগোরস্-মভাবলগী পণ্ডিতগণ ইহাকে স্র্য্যের পরিত্যক্ত রখ্যা বলিতেন, আবার কেহ কেহ সূৰ্যাৱশার প্রতিক্লন বলিয়া বিশাস করিত। আরিষ্ট্র অমুমান করেন, ইহা ধুমকেতু-পুঞ্বৎ উজ্জন বাষ্পরাশি। আবার কেহ বলিত, ইহা পৃথিবীর ছারা, কেহ বলিত অগ্নিওল, কেহ বলিত উভন্ন থগোলাৰ্দ্ধকে বাঁধিবার দৃঢ় জ্যোতিয়ান বলয়, কেহ আবার বলিত ইহা বিস্তীর্ণ কঠিন গগনতলের ফাট দিরা দুখ্যমান স্বর্গের আলোকরাশি। অবশেষে ডিমোক্রিটাস প্রকৃত তত্ত্বের কতক আন্তাস দেন, তিনি বলেন ইহা বছ দুরস্থিত তারাপুঞ্জ মাত্র, দুরস্থ নিবন্ধন পৃথক পৃথক দৃষ্ট না হইয়া কেবল শুদ্র হগ্ধবৎ দেখায়। গ্যালিলিও আবিষ্কৃত তুর্বীক্ষণয়ত্ত সাহায্যে ছায়াপথে ভারকা দেখিয়া বলেন, তিনি সমস্ত ছায়াপথ বিশ্লিষ্ট করিয়া কেবল তারাপুঞ্ল দেখিয়াছেন। প্যালিলিও নির্মিত দুরবীক্ষণ ध्यनकात उदक्षे मृत्रवीकन कारमका निकार व्यनकृष्टे स्नि, বেছেড়ু ডিনি শনিপ্রাহের বলর পাই দেখিতে পান নাই।
স্তরাং তাহা বারা বে সকর ছারাপথ ডারকামর দৃষ্ট হইবে
সন্তবপর নহে। পূর্কেই বলিরাছি বর্জমান অত্যুৎকৃষ্ট দূরবীক্ষণ
ব্যবহারাও সমস্ত ছারাপথ বিশিষ্ট হর না, পশ্চাতে নীহারিকামর
এক স্তর্থাকিরা বার। ইহাতে বোধহর গ্যালিলিও অপেকাক্সত
নিক্টবর্তী স্তর দেখিরাই ঐ কথা বলিরা থাকিবেন।

ইংরাজীতে ছারাপথকে প্রীক্ষিপের অন্ত্রন্থে গ্যালাক্সি (Galaxy) বা মিজিওরে (Milkyway) অর্থাৎ চ্ছারন্থ বিলয় থাকে। ছারাপথের ঈবৎ আভামর স্থান স্কলকে নীহারিক। (Nebulæ) কছে। [নীহারিকা দেখ।]

ছায়াপুরুষ (পুং) ছারারাং দৃষ্টঃ পুরুষঃ পুরুষাক্ষতিবিশেবঃ
শাকপার্থিবং সমাসঃ। আকাশে দৃষ্ট নিজ ছারারূপ পুরুষ।
তরে দিখিত আছে—এক দিন গৌরী ভগবান শুলপাধিকে
জিজ্ঞাসা করেন, "প্রভো! কিরুপেই বা ভবিষ্যৎ বিষয়
অবগত হওয়া যাইতে পারে।"

क्रग्वान मुक्के हरेबा जेखब क्रियनन, "मिवि! अवग कत्र, किक्रां भाभिनित्रात्र भाभवानि विनष्टे इत्र ও ভविश्वर वियत्र काना याहरू शादत । लाटक ७६ छिउ रहेत्रा निटकत ছারা আকাশে দেখিতে পায়, তদর্শনে-পাপ নষ্ট হয় ও ছয় মাদের মধ্যে যাহা ঘটিৰে তাহা জানা যায়।" ভগবতী কহিলেন, "লোকে কিরূপে ভূতলম্বিত নিজের ছায়াকে আকাশে দেখিতে পায়, কেমনেইবা তাহা দেখিয়া ছয়মাস मत्था जावी चजाचज कानित्ज लात्त १" महास्ति कहित्तन, "আকাশ মেঘশৃতা ও নিৰ্মাণ হইলে নিশ্চণ চিত্তে নিজ ছায়াভি-मूर्य म्थात्रमान इहेर्द, श्रुक्त उपाननाञ्चारत चाह्नात्रात्र कर्ष मर्जनभूक्तक निरमयम् जनवान मण्यस्य गरानजन पर्नन कतिरत, ভাহাতে দেখিতে পাইবে ক্ষটিকবং স্বচ্ছ এক পুৰুষ দণ্ডায়মান बहिम्राष्ट्र। (मथिए ना शाहरण वात्रश्वांत्र भन्नीका कतिरव। काहात्र७ वह भूगावरन होत्राभूक्ष मर्नन घटि । अक्रत वात्का विश्वाम कतिशा श्रक्राक व्यवामभूर्वक छात्राभूक्रावत पर्मन क्तिएक हम । जन्मर्गत इत्रमारम्त मर्था मुक्रा चर्छ ना । किन्ह ছात्राश्रक्षयरक मखकम्छ पर्मन कतिरण ছयमारमत मरशा मृञ्रा অবশ্রস্তাবী। চরণ দেখিতে না পাইলে ভার্যার মরণ ও হত্ত **मिशिक मा भारेरन खाज़रानि घर्छ। এই मकन खानिए**क পারিলে বৃদ্ধিমান লোকেরা গলাতীরে গিরা হবিদ্যাশী ও সংযত হইরা মৃত্যুঞ্জর নাম লক্ষবার জপ করিবে। যদি ছারাপুরুবের আছুতি মলিন দুৰ্শন করে, তাহা হইলে তাহার অর্পীড়া উপস্থিত হয়। স্মাহিত চিত্তে মহানেবের সেবা করিয়া ইহার শান্তি বিধান করিবে। ছারাপুরুবের আকৃতি রক্তবর্ণ দর্শন করিলে ঐশ্বর্থা লাভ হর; মধ্যে ছিল্র দর্শন করিলে শক্রবিনাল হর। কলিবুণে ছারাপুরুরদর্শন পুরুবের লক্ষণ এবং
তদর্শনে দীর্ঘায়ূলাভ হর।" (বোগপ্রদীপিকা ৫ পটল)
মত্র—"উষস্ত শ্রীজ্ঞারাপুরুষপ্রস্থায়লার বুজ্গারি বৃহদ্গারিত্রীজ্ঞ্লাঃ,
ছারাদেবী দেবভাঃ হাংবীজং স্বাহা শক্তিঃ পুরুবঃ ইতি কীলকং
সর্কাসিদ্দিসন্দর্শনসিদ্ধার্থে জপে বিনিরোগঃ। হামিত্যাদি
বড়কজাসঃ। মাররা মাররা লোঁ লোঁ হাঁ মারা শিববিচার্যা খবরঃ
উ হাঁ জং গাং সরস্বতি! ও নমোভগবতে ভূতলারীরমান্ধানমাকাশে দর্শর। আঁ আঁ আঁ হাঁ ভেরবার নমঃ স্বাহা।"
আকাশে দর্শনমত্র—"ও হাঁ ভূতচরী খেচরী আন্থানমাকাশে
দর্শর সর্বান্তান্তং কথর কথর, হং ফট্ স্বাহা।" (যোগপ্রাণ্ড পণ)
ছারাভূত প্রং) ছারাঃ ছারারপং মৃগলাঞ্জনং শীতলকান্তিং বা
বিভর্ত্তি ছারা ভূ-কিপ্। চক্র।

ছারামর ( অ ) ছারা-মরট্। অজ্ঞানমর। "ব্রবারং ছারামর:
পুরুষ: স্এববদৈর শাক্ল্য।" (শতপথবান্ধণ ১৪।৬৯।১৬)
ছারামান ( পুং ) ছাররা স্ব্যপ্রতিবিদেন মীরতে ছারা-মা-সূট্।
১ চক্র। (হেম)। ৬তৎ। (ক্লী) ২ ছারার মান, প্রমাণ।

ছায়ামিত্র (ক্লী) ছারারামিত্রমিব অথবা ছায়রা ছারাকরণেন মিত্রমিব। আভপত্র, ছত্র। (শব্দরত্বাকর)

ছারামুগধর (পুং) ছারারপং মৃগং ধরতি ছারামৃগ-ধু-অচ্। ধু-অচ্ধরঃ, ছারা মৃগতাধরঃ ৬তং। চক্র। (ত্রিকাণ্ড)

ছায়াযন্ত্র (ক্লী) ছায়রা কালজ্ঞানসাধকং যন্ত্র:। ছারাধারা কাল-জ্ঞানসাধক যন্ত্রভেদ।

"শভু বৃষ্টিধমূশ্চকৈশ্ছারায়ইপ্ররনেকথা। গুরুপদেশান্তিজ্যেং কালজানমতক্রিতৈ:।" (সুর্ব্যদিকান্ত)

ছিপ ( दिनम् ) > मर्च्यात्र वह । २ तोकाविष्म् ।

চ্চিপি (দেশজ) বোতবের মুধবন্ধ, কাক।

ছিপিগর, হিটপ্রস্তকারী জাতি"। এই জাতীয় লোক অতি বিরল। থেরা ও কাশীর নিক্টবর্ত্তী হানে ইহারা বাস করে। বজে ছাপ দিরা ছিট প্রস্তুত করাই ইহাদের প্রধান ব্যবসা। ছিপিগরগণ আপনাদিগকে রাঠোর-রাজপুতবংশ-সভুত वनित्रा পत्रिष्ठत्र रमञ् । ইহাদিগকে ভাবসারও বলে।

ছিপিরা অযোধ্যাপ্রদেশে গোণ্ডা জেলার একটা কুন্ত গ্রাম। এবানে বৈষ্ণবধর্ষসংস্কারক সহজানন্দের সন্মানার্থ একটা স্থার মন্দির আছে। সহজানন্দ প্রার শতবৎসর পূর্বে এই ছিপিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ক্রমে জুনাগড়ের रिवक्षय-मर्द्धत ध्रिधान महास्त्र हन। छाँहात नियान छाँहारक ক্লফের অবতার বলিয়া থাকে। তাঁহার উপাধি স্বামীনারায়ণ। তাঁহার বংশধরগণ আজিও তাঁহার প্রবর্ত্তিত মতাবলম্বী বৈঞ্চব-দিগের নেতা বলিয়া পরিগণিত। প্রায় ৪০ বৎসর পূর্ব্বে তাঁহার মতাবলম্বী গুজরাটম্ছ বৈঞ্বগণ তাঁহার জন্মহানে এক মন্দির নির্মাণার্থ যত্রবান্ হয়। তদমুসারে বর্তমান মন্দির নির্মিত रुहेत्राष्ट्र। मिन्दित्र गठन चुन्तत्र, किन्त এখনও मण्पूर्ग इत्र নাই। মন্দিরের পশ্চাৎভাগে প্রতিবংসর রামনবর্মী ও কার্ত্তি<del>ক</del>-পূর্ণিমায় ছইটা মেলা হয়। বারমাসই নানান্থান হইতে যাত্ৰীগণ এই স্থান দেখিতে আইদে।

ছিলী (দেশজ) শুঁজি, ছিদ্ররোধক কার্চ। [ছিপি দেখ।] ছিপ্লিয়া (পারক্তজ) বালক।

ছিবড়া (দেশজ) রদ খাইরা যে অসার ভাগ পরিত্যক্ত হর, কোন দ্রব্যের নীরস ভাগ।

ছিৰলা (পারভজ ) ছেপলা, বালক।

ছিম (শিখী শব্দক) শিম।

ছিয়ান্তর ( দেশব্দ ) সংখ্যাবিশেষ, ৭৬, ছেরাত্তর।

ছিয়ানই ( বর্ধবতি শব্দ ) সংখ্যাবিশেষ, ৯৬, ছেরানই।

ছিয়ানব্বই (यहविक भक्क) २५, ছিয়ানই।

চিয়াৰী ( ষড়নীতি শক্ত ) সংখ্যাবিশেৰ, ৮৬, ছেয়াৰী।

ছির্ছিরা কুদ্র গায়ক পক্ষীবিশেষ। ইহাদের দৈর্ঘ্য ৫।৬ ইঞ্চি। দাক্ষিণাভ্যের অনেক স্থানে এবং সিংহল ও বাঙ্গালার কোন কোন জান্নগান্ন ইহাদিগকে দেখিতে পাওনা যায়। ইহারা নিৰ্ভয়ে লোকালয়ে আলে, ফাঁকা স্থানে লাফাইয়া বেড়ায়, অথবা গাছের ডালে বসিয়া গান করে। ইহারা একবার অৱ উপরে উড়িয়া আবার তথনি পাশা মেলিয়া নামিয়া পড়ে এবং এইক্লপ করিতে করিতে গান করে।

ছিল্কা (ছিলি শক্ত ) বৰণ, ছাণ।

ছিলা (বেশজ) ১ ধছকের খণ। ২ বজাবির প্রাক্তাপত প্রাদি। | ছুছুন্দরি (পু:) ছছুদ্ দূ-ইন্। স্থিকভেদ।

ছिलिय ( शातक ) हैं का, हका।

ছिलिशिल (प्रमुक) भूमनमान क्किरतत ग्रनात मानाविरमय। ছিলিহিও (পুং) চিলিনা বসনখন্তরপতরা হিওতে অনাদ্রিরতে

চিলি-হিও-অচ্ প্ৰোদরাদিখাচ্চত ছ:। পাতাল-পরুত্বস্থ ছ্টাঁটা (হিন্দি ছীটনা শব্দজ।) উত্তরপশ্চিমপ্রদেশে জমিতে ধান্ত থাকিতে থাকিতে উহাতে মটর ও মসিনা ছড়াইয়া দেয়। ধাক্ত কাটিয়া লইলে পর ঐ সকল শতা জ্যো। ঐরপ विभित्क हो है। करह।

গোরকপুর জেলার ছীটা শব্দে একবার চাষ দিয়া বুনা अभित्क व्याद्र। पथन পाইবার अन्त अन्तिक अभि ही । করিয়া লয়।

हुँ है ( ऋषी भगज ) हूँ है।

ছুঁচ (স্চী শব্দজ) ১ স্চী, ছুঁই। ২ সোমাজি।

ছু চক্ৰু কোকিল জাতীয় পক্ষীবিশেষ।

ছুঁচা(দেশজ) গন্ধমূষিক। [ছুছুন্দরী দেখ।]

ছুঁচাল (দেশৰ) তীক্ষাগ্ৰযুক্ত।

ছুঁচ্কি (দেশজ) ওৎ, শীকারাদি করিবার আশায় অতি সন্তর্পণে

ছুँ हिय़। (तिमक) छ्वितिमय।

ছু চিয়া बक्का का न मर्गविष्य ।

ছুঁছা (ছুছুন্দরী শব্দজ) গন্ধম্থিক, ছুঁচা।

हूँ फ़ी (तमक) अज्ञवस्त्री, हूक्ती।

চুইকদান (কোঁড়কা)।—> মধ্যপ্রদেশে রায়পুর জেলার অন্তর্গত একটী কুক্ত রাজ্য। পরিমাণফল ১৭৪ বর্গ মাইল। এই রাজ্য শালিটেক্রি পাহাড়ের পাদদেশে অবস্থিত। নিম ভূমিতে উত্তম আবাদ হয়। গোধুম, ছোলা ও কার্পাসই প্রধান উৎপন্ন দ্রব্য। রাজা কোঁড়কা বা ছুইকদান নামক গ্রামে প্রক্তরনির্দ্ধিত একটা क्छ इटर्ग वात्र करबन। होने शृहह देवबाणी पण्य छ। গ্ৰমেণ্টকে বাৰ্ষিক ১১•••্ টাকা খাজনা দিতে হয়।

২ উক্ত রাজ্যের প্রধান গ্রাম ও রাজার রাসস্থান।

ছু क् त्री ( पमक ) राणिका, इँ फ़ी।

ছুগের, এক পতিত রাজপুত জাতি। ইহারা জাড়েজা রাজপুত बः गौत्र। कळ्ळाला वांत्र करत्।

ছুছুকা (ত্রী) ছু ছু ইত্যব্যক্তশব্দং কারতি ছুছু-কো-ক। **ब्रू**क्षती, ब्रू हो।

ছুছুন্দর (পুং) ছছুমিতাবাক্তশলো দীর্ঘাতে নিগছতাসাং ছूहूम्-मृ-व्यभागात व्यथ्। भ्यक्टल, हूँ हा। "हून्न्नरत्रव বিজ্ভলো গ্ৰীবা স্বস্থোবিজ্ঞণম্।" ( স্প্ৰুত )

"ছুহুন্দরিং গুভান্ গজান্ প্রশাক্ত বহিণং ।" (মহ ২১।৬৫)
মহায় মতে—কভুনী প্রভৃতি হাগজ জবা হরণ করিলে
ছুহুন্দরি জন্ম হর।

ভুভুন্দরী (জী) ইইলফ-জিনাং শ্রীপ্। গন্ধম্বিক, ছুটা। পর্যার— গন্ধম্বা, চিন্ধবৈশ্ব, নজুল, পুংবৃই, গন্ধস্বিক, গন্ধব্বিকা, রাজ-পুত্রী, প্রতিম্বিকা, স্থান্ধিম্বিকা, গন্ধশুগুলী, শুভিস্বিকা, গন্ধাধ্, গন্ধনভূক, চুকু। (Mole)

ইহারা কীটপতঙ্গভূক্ নিশাচর প্রাণী, দিবাভাগে অন্ধ-কার গর্মের বাদ করে, রাজি হইলে কিচ্ কিচ্ শক্তে অতি ক্রতাবেগে শিকার শুঁজিলা বেড়ার। প্রারই উঠানে ইহা-দিগকে আরম্বা প্রভৃতি ধরিতে দেখা বার। ভ্রমণকালে ইহাদের শরীর হইতে মুগনাভির ক্তক অম্প্রপ, কিছ অতি অপ্রীতিকর তীত্র গন্ধ নির্গত হয়। ঐ গন্ধ এরূপ তেজন্মর বে কোন পদার্থের উপর দিয়া ছুঁচা চলিয়া গেলে দীর্থকাল উহাতে ছুঁচার গন্ধ থাকে। খাত বস্ত ছুঁচা-ম্পর্লে একবারে নই হয়। এমন কি আরত পাত্র, কিয়া ছিপি দেওয়া বোতলের নিকট দিয়া গেলেও তন্মধ্যম্ভ বস্ত ছুঁচার গন্ধযুক্ত হইয়া বায়।

ছুঁচার দংশনে অনেক সময় শরীর বিধাক হয়। প্রবাদ জাছে বে, সাপ ছুঁচার কামড়ে মরিয়া ধার।

জরপুর প্রভৃতি স্থানের অনেকে শুক ছুঁচা সোণা রূপা তামা ইত্যাদির মাত্রলীতে পুরিয়া কবচরূপে পরিয়া থাকে। তাহা-দের বিখাস যে ইহা পরিলে সর্বপ্রকার অনিষ্ট হইতে রক্ষা পার, এমন কি অস্ত্রাঘাতে বা গুলিতে তাহার কোন কভি হয় না। ছুঁচা জাতীয় অনেক প্রকার জীব ভারতবর্ষে বাস করে। ছুচ্ছু (স্ত্রী) ছুছুকা, গরম্যিক। যাত্রাকালে ছুহা বামদিকে থাকিলে যাত্রা শুভ। (বৃহৎসংহিতা ৮৬ জঃ)

ছूहे (पनक) यान।

इंदेकी (तनक) क्य भनी।

ছুটন (দেশজ) পলারন, ক্রত গমন।

ছুটা (पनन) अश्रती।

हुँ छोड़ हिं (तनम) त्नो फारनो फि।

क्रुंग्न ( तम्ब ) क्रुंग्रिन क्रान।

ছুটী (দেশজ) > বিদান, ছাড়ানি, উদ্ধার। ২ বর্জমানের দক্ষিণে স্থলেমানাবাদ পরগণার একটা প্রাম।

ছুড়ন ( দেশজ ) প্রক্ষেপ করণ, ছড়ান।

ছুত ( ছন্ম শক্ষ ) ছল, চাতৃরী, ভান।

ছুজল (দেশজ) হুতওলা, বে ছুভা বা ছল করে।

ছুতা ( तन्य ) ছूछ, इन ।

ছুতার ( হত্রধার শক্ষ ) হত্তধার। [ ক্তেধার দেখা।]

ছুন্ত (क्री) ছদ-রক্ পূবোদরাদিখাৎ সাধুঃ । প্রাক্তীকার, রূখি। ছুনী (দেশক) ছোট, কুন্ত।

ছুপ (পুং) ছুপ-বঞ্জ ক। ১ জুপ, জুল শাধাযুক্ত বৃক্। ২ লগৰ। ৩ যুদ্ধ। (আ) ৪ চপদ।

ছুবুক (ক্নী) চিব্ক। "আক্ষান্ত্যাং তে নানিকান্ত্যাং কণান্ত্যাং ছুবুকাদধি"। (ঋক্ ১০/১৯০০) 'ছুবুকাৎ চিবুকাৎ ওঠন্তাং: প্রদেশান্ত।' (সারণ।)

ছুর ও ( ग्रः ) शकी। ( भणत्रका )

ছুরা (স্ত্রী) ছুরজি রঞ্জরতি নাশরতি ত্র্যকাধিকমিতি বা ছুর-ক স্তিরাং টাপ্। ১ প্রধা, ক্লিচ্ণ। ২ চূর্ণ, ভঁড়া।

ছুরিকা (ত্রী) ছুরতি হিনন্তি ছুর-কুন্। বদ্ বা ছুরী-সার্থে কন্
টাল্ পূর্বভ্রমণ । অন্তবিশেষ, ছুরী। পর্য্যার—শন্তী, অসিপূত্রী, অসিধেছকা, ছুরী, ধুরী, ছুরী, ফুপাণিকা, ধেমপুত্রী,
ছুরিকা। "তাবংন্তিরমপঞ্চতাং ছিছা ছুরিকরা ভূলম্ । থাদত্তী
তক্ত মাংসানি পুংসং শ্লাগ্রবর্ত্তিনঃ॥" (কথাসরিৎসাগর ২৫।১৪৯)
ছুরিকাপদ্রী (ত্রী) ছুরিকেব পত্রমন্তাং ততো ভীপ্। ধেত-

्रवृक्तः (ब्राक्यनिः)

ছুরিত (ত্রি) ছুর-জ। খটিত, রঞ্জিত। "পরস্পরেণ চ্ছুরিতা-মলচ্ছবী ভদৈকবর্ণাবিব তৌবভূবভূঃ॥" (মাঘ > দর্গ ২২।

ছুরিমার, পঞ্জাব প্রদেশের এক শ্রেণীর ফকির। ইহারা সঙ্গে ছুরি
লইয়া বেড়ার এবং লোকের বাড়ী গিরা ছুরিকা ছারা নিজের
শরীরে আঘাত করিতে থাকে। লোকে ভর পাইরা ইহাদিগকে
ভিক্ষা দের। দড়িওরালা, তস্মীওরালা, দঙীওরালা, ছড়িমার,
শুর্জমার নামে আরও করেকশ্রেণী এইরূপ ফকির আছে।

ছুরী (স্ত্রী) ছুরতি ছিনন্তি ছুর-ক (ইপ্রপধজ্ঞেতি। পা ৩১।১৩৫)
ততো তীপ্। ছুরিকা, ছুরী। ভারতের নানা স্থানেই ছুরী
প্রস্তুত হয়, তয়ধ্যে বর্জমান জেলার অন্তর্গত কাঞ্চননগরের
ছুরীই দেশবিধ্যাত। সেধানকার ছুরী বিলাভী উৎক্লই ছুরী
অগেকা কোন সংশে হীন নহে।

হুরী, মধ্যপ্রদেশে বিলাসপুর জেলার ঈশানকোণস্থিত একটা কৃদ্র রাজ্য। পরিমাণফল ৩২ - বর্গ মাইল।

ছুরিপত্রেক (ক্নী) বৃশ্চিকালী লভা, বিছুটা।

ছুরিপত্রিকা ( দ্বী ) বৃক্তিকালী লভা, কিছুটা।

क्रुत्रिशको (जी) वृक्तिकानी गडा, विद्वृते।

ছুলী, চন্দ্রগোপনিলের। ইহার সংস্কৃত পর্যার—কিলাস, সিগ্ন, শ্বন্ধুলা। এই রোগ সামান্ত কুঠরোগ নবেয় গণ্য।

সচরাচর উন্ধ, জীবা প্রাকৃতি স্থানেই উৎপত্তি হইশ্বা জ<sup>ে</sup> বিভৃত হইতে থাকে। এই স্নোগে বিশেষ কোন উপদর্গ নাই সুনী বানা সাজাত স্থান ঈবৎ শুক্ত বা বিবৰ্গ এবং কর্মণ বো<sup>া</sup> হর। ছুলী ঘর্ষণ করিলে ধ্লির স্তার পদার্থ বাহির হর। খা ছইলে ছুলী অভিশর চুল্কাইতে থাকে। অনেক সমর চুলী আপনা হইতেই গাত্রে বিলীন হইরা যার। আবার অনেক সমর রোলীর সর্বাদ ব্যাপিরা কেলে, স্থতরাং ছুলী দৃষ্ট হর না। রোলীর ব্যবহাত ব্রাদি ব্যবহার করিলে এই রোগ সংক্রামিত ছয়। [কিলাস দেখা]

ছুহারা (আফগানী) অর্দ্ধক পিগুথেজ্র গরম জলে সিদ্ধ করিয়া গুকাইয়ালইলে ছুহারা প্রস্তুত হয়। [পিগুথেজ্র দেখা] ছুরিকা (জী) ছুয়ী-বার্থে কন্ হবঃ। ছুরী।

ছুরিকাপত্ত্রী (স্ত্রী) ছরিকাইব পত্তাণি বস্তাঃ বছরী জিরাং ত্তীপুহয়। বৃশ্চিকালী লগা, বিছুটা।

ছুद्री (बी) ছুনী-প্ৰোদরাদিখাৎ দীর্ঘ:। ছুরিকা।

**८५** ( इन मनक ) थछ।

(इयान (पनज) कर्डन, ४७न।

ছে আনি (ছেয়ান হইতে) ছেদকরণ, খণ্ডন।

ছে আশী ( ষড় শীতি শক্ত ) সংখ্যাবিশেষ, ৮৬, ছেয়াশী।

চ্ছে ৪ড় (ছেমও শব্দ ) পিতৃহীন বালক।

ছেঁকচা ( দেশজ ) তপ্তলোহাদি বারা দগ্ধকরা।

চেইকচি ( দেশৰ ) অৱ তৈলাদিতে ভাজা বা ভর্জিত ত্রব্য।

চেঁচ্কা ( দেশজ ) লোহশলাকা।

ছেঁচ্কি ( দেশজ ) অল তৈলাদিতে ভাজা বা ভৰ্জিত দ্ৰব্য ।

টেচ্ছা (দেশজ) ১ অসং, অভদ্র। ২ ব্যঞ্জনবিশেষ। মাছের কাঁটা কান্কুরা প্রভৃতি পরিত্যক্ত অংশ ও শাকাদি ছারা এই ব্যঞ্জন প্রস্তুত হয়, ইহা অতি মুথপ্রিয়।

চেঁচড়ামি (ছেঁচড়া শক্তৰ) অভব্ৰতা।

(इँ इ फ़ी ( तमम ) अछ , अनः।

চেইচা (দেশক) ১ জ্বাদি সেচন। ২ জাযাত, থেতড়ান। ৩ চেপ্টাকরা বংশাদি।

Cছঁটোড় (দেশৰ ) > কুল্রচোর। ২ অভন্ত।

ছেঁড়া (ছেদ শব্দক) ছেদকরা।

(इंगी (हिल मनन) > हिला। २ हिलापूर ।

Cकॅटन ( तमक ) मृहवसन ।

"आना कति काल रिन (इंग्ल धित गतन।"

(ছক (পুং) ছো-বাহলকাৎ ডেকন্। > গৃহাসক্ত মৃগপক্ষী আদি।
তৎপর্যায়—গৃহক। (অি) ২ নাগর। (পুং) ৩ শব্দালছারভেদ। বছব্যশ্লনের স্বরূপতঃ ও ক্রমতঃ একবার সাম্যকে
ছেকাম্প্রাস বলে। (সাহিত্যদর্শণ >•।৪)

উদাহরণ यथा—"आদার বকুলগন্ধানন্ধীকুর্বন্ পদে পদে ত্রমরান্। অন্ধনেতি মলমন্দং কাবেরী-বারিপাবনঃ পবনঃ।

অত গদ্ধানদ্ধীতি সংযুক্তরোঃ কাবেরী বা বীতাসংযুক্তরোঃ পাবনঃ পাবন ইতি বহুনাং ব্যঞ্জনানাং সক্তদার্ভিন্তেকোবিদ্যা-তত্ত প্ররোজন্বাদেব ছেকাল্প্রাসঃ।" (সাহিত্যদর্পণ ১০।৪) (দেশজ) ৪ বিরাম। ৫ বেদনাদিতে উত্তাপ দেওসা।

ছেকাপচ্ছুতি (স্ত্ৰী) অৰ্থানন্ধায়ন্তেন। [ অননায় দেখ।] ছেকাল (ত্ৰি) [ছেক দেখ।]

**ए**इकिल (बि) [ इक प्रथ । ]

ছেকোক্তি (খ্রী) ছেকানাং বিদ্যানামুক্তি: ৬তৎ। বজ্লোক্তি, লোকোক্তি অর্থান্তরযুক হইলে তাহাকে ছেকোক্তি বলে। (কুবলয়াননা)

ছেটন (দেশজ) বংশশলাকা দারা গৃহের চাল প্রভৃতি ছাটন। ছেটা (দেশজ) শলাদারা ছাটা।

ছেত্রবা ( তি ) ছেদনীয়। "ছেত্রবাং ততু দেবাক জন্মনোরমূ-শাসনম্।" ( মন্থ ৪।২৭৯ )

ছেত্র ( ত্রি ) ছিদ্-তৃচ্। ছেদনকর্ত্তা। "ছেত্র্ পার্শগতাং ছারাং নোপসংহরতিক্রমঃ" ( ছিতোপদেশ )

চ্ছেদ ( তি ) ছিদ্-কর্ত্তরি-অচ্। > ছেদনকারী। "স্থাণু জেন্ত কেদারমাহ: শল্যবতোম্গম্" ( মন্থ ৯।৪৪ ) কর্মণি বঞ্। ২ ভাজক। "ছেদং গুণং গুণং ছেদম্" (লীলাবজী) ৩ থপ্ত। "বলাহকচ্ছেদ্বিভক্তরাগ্মকালসন্ধ্যামিব ধাতুমন্তাম্।" (কুমার ১।৪)

ভাবে ঘঞ্। (পুং) ৪ ছেদন। "অভিজ্ঞাস্টেদপাতানাং ক্রিয়ন্তে নন্দনজ্মাঃ" (কুমার ২।৪১) ৬ নাশ, অপগতি। "মেদস্টেদরুশোদরং।" (শাক্স্তুল ২ অক) ৭ খেতাম্বর জৈন-দিগের ধর্মগ্রন্থ সকলের একটা বিভাগ।

(इमक ( a ) हिन-धून्। (हमनकर्छ। । 🖞

তেদন (ক্লী) ছিল-ভাবে লুটে। ছেদন, মক্সধারা বিধাকরণ।
পর্যায়—বর্জন, কর্ত্তন, কর্মন, ছেদ। "ফলদানান্ত বৃক্ষাণাং
ছেদনে অপ্যমৃক্শতম্" (মন্ত ১১।১৪২) ২ নাশ, অপনোদন।
"সনংকুমারং ধর্মজ্ঞং সংশারছেদনায় বৈ" (ভারত বন ১৮৫।২৪)
( ত্রি) ছিনন্তি ছিদ-লুয়। ৩ ছেদক। "প্রসরো বা প্রকাশো বা
বোগো যোহরিং প্রবাধতে। তদ্বৈ শক্তং শক্সবিদাং ন শক্তং
ছেদনং স্মৃতম্।" (ভারত ২।৫৪।১)

চেদনী ( ত্রী ) ছিদ্-করণে লাট্ ত্রিয়াং ঙীপ্। কর্ত্তরী, কাটারী। চেদনীয় (ত্রি) ছিদ-কর্মণি অনীয়র্। > ছেফ, ছেদের উপযুক্ত। ২ কতকর্ক্ষ, মর্মার ফলের গাছ।

হেদা (হিন্দি ছেঁদ অর্থাৎ ছিদ্র শব্দক) খুণ। (Calandria graneana) ইহারা শভের অভিশয় হানিকর। শভের খুণ ধরা রোগকেও হিন্দিতে ছেদা কহে।

চ্ছেদাম, ছদোম, (ছ = ছন, দাম - কোড়ি অর্থাৎ ছন কোড়ি।) এক প্রসার এক চতুর্থাংশ।

চ্ছেদাদি ( পুং ) বহুত্রী। নিত্য মর্হতি এই অর্থে ঠঞ্ প্রভার নিমিত্ত শক্ষণণ। বধা—ছেন, ভেন, জোহ, নর্ত্ত, কর্ব, তীর্থ-সংযোগ, বিপ্রায়োগ, প্রায়োগ, চিজকর্ব, প্রেয়ণ, সংপ্রায়, বিপ্রায়, বিকর্ষ, প্রাকর্ষ, বিরাগ, বিরঙ্গ। (পাণিনি) ছিন্-ঠঞ্ ছৈদিক।

ছেদি ( অ ) ছিনম্ভি ছিদ্-ইন্।(ছপিবিক্ষীত্যাদি। উণ্ ৪।১১৮) ১ ছেদনকর্জা। ২ বন্ধা। ও বর্জনি । ( ধরণি )

ছেদিত (ত্রি) ছেদ-ভারকাদিছাদিতচ্ কিমা ছিল্ ণিচ্ জ্ঞা।
বিধাক্ত, কর্তিত। "ছেদিতাধিলপাপোনা ছল্পী কুলহারিণী"
(কাশীধণ্ড ২৯।৬২)

ছেদিন্ (তি) ছেদ-ইনি উপপদে ণিনি। ছেদযুক্ত বা ছেদক্র্তা।
"লোইমন্দ্রী তৃণজে্দী নথখাদী চ যো নরঃ" (মন্থ ৪।৭১)

ছেদার (পুং) শরকীজন্ত, সন্ধার ।

ভেদ্য ( ত্রি ) ছিদ্ কর্মণি গাং। ছেদনীয়, ছেদনের উপযুক্ত।
"শীর্ষচ্ছেন্ত নতোহং দ্বাং" (ভটি)। (পুং) ২ কপোতপক্ষী,
পায়রা। ৩ অক্ষিরোগের প্রতিষেধের একটী উপায়।

রোগী অল্প পথ্য করিয়া স্থস্থভাবে উপবেশন করিলে ভিষক্ তাহার চক্ষে লবণ চূর্ণ নিক্ষেপ করিবে। ইহাতে क्षाना कतिरव ७ ठक्क् मित्रा कन अतिरव। त्रांनीरक আড়নয়নে চাহিতে বলিয়া বড়িশ, মুচুটা অথবা মৃচীস্ত্র ठक्त ग्रामिट नागारित। ठक्त अन পिएट मित्र ना। তীকুমণ্ডলাগ্রহার। নাড়িয়া চাড়িয়া বলি উদ্ত করিবে। পরে যবনাল, ত্রিকটু ও লবণ চূর্ণ ছারা স্বেদ করিয়া চকুষয় বাধিয়া দিবে। ত্রণের ফ্রায় তৈল ছারা তাহার চিকিৎসা করিবে। তিন দিন পরে হাতের খাম দিয়া তাহার শোধন क्तिरत । क्त्रअदीक, आमनकी ও मधुक्शक्कन मधुनःयुक করিরা তাহার ছারা ছইদিন প্রকাশন করিবে। মধুক, পল্প-কেশর, দ্র্বা ও কর্ত্বারা মস্তকে শীতল প্রালেপ দিবে। রোগের কিছু অবশেষ থাকিলে লেখ্যাঞ্জন ছারা ভাহার শোধন कक्कित। वनित्तांश यनि अक्र, नीन, तक वा ध्मतवर्ग रत, তাহা হইলে শুক্রবোণের ভার ঔষধ দিরা তাহার প্রতিকার कत्रितः। अर्थ ( हक्ः द्वांगवित्नव ) माः नवहन वा इत्स মগুলগত হইলে তাহাকে ছেলন করিবে। শিরার উপর হইলে ইহা অতি হঃসাধ্য। মগুলাগ্র বারা নাড়িয়া চাড়িয়া তাহাকে উদ্ধৃত করিবে। শিরার উপরে ক্ষোটক হইলে অর্দ্মরোগের স্থার তাহাকে অন্ত করিবে। ( অর্দ্মরোগবৎ ঔষধ ব্যবন্থা করিবে।)

পর্বণিকা নামক নেত্ররোগে অন্ত করিয়া সৈত্ব ও মধু

দিরা প্রতিসারণ করিবে। শৃথ, সমুত্রকেন, সমুত্রক মঞুকী, ক্টিক, কুকবিন্দ, প্রবাদ, অপান্তক, বৈদ্ধ্য, মণি, মুক্তা, গৈছিও তাত্র সমভাগে পেষণ করিয়া শ্রোভোঞ্জনের সহিত মিপ্রিত করিয়া মেষপুলনির্বিত পাত্রে রাধিরা ভাহা হারা অন্তন দিবে। অর্থা, পিড়কা, শিরাজাল, অর্ণ: প্রভৃতি রোগ ইহাতে বিনষ্ট হয়। (স্থুপ্রত ৫)১৫ অঃ)

(इम् क्रिक्र) (श्ः) भावावक, भाववा।

(इन) (तमन) आमिका, इधिकात्रविद्यात, हाना ।

চেনি ( দেশজ ) যত্রবিশেষ, ইহা ছারা গর্জ করা হর।

**८इश** (तमक) निकीयन, शूथू।

(क्वला ( तम्ब ) रागरकत्र शांत्र क्रान ।

চ্ছেমণ্ড (পুং) ছমু-জননে বাহলকাৎ অগুন্ অত এছ#।
পিতৃহীন বালক, ছেমড়া।

চ্মেড়া (ছেমও শব্দ ) পিতৃহীন বালক।

ছেয়ান্তর (ষ্ট্সপ্ততি শব্দজ) সংখ্যাবিশেষ। ছয় অধিক সত্তর, ৭৬ । ছেয়ানই (ষ্প্পবতি শব্দজ) সংখ্যাবিশেষ, ছয় অধিক নব্বুই, ৯৬। ছেয়ালী (ষ্ট্পীতি শব্দজ) সংখ্যাবিশেষ, ছয় অধিক আণী, ৮৬।

ছেলক ( পুং ) ছো-কর্মণি ভেলক্। ছাগ, ছাগল।

एकिका (बी) **का**गी।

(इलिया ( प्रमच ) वानक, भिछ।

ছেলিয়ামি (দেশজ) বালকতা।

ছেলু (পুং) ছো-ভেলু। সোমরাজী গাছ।

(ছেলে ( দেশৰ ) ১ পুত্র। ২ বালক।

ছেলেমি (দেশজ) বালকতা।

ভেষ্ট্রি ( ষট্ ষষ্টি শব্দক ) সংখ্যাবিশেষ, ছয় অধিক বাট, ৬৬।

ছৈ ( দেশজ ) নৌকা প্রভৃতির আবরণ।

চেঁ। (দেশক) অতর্কিত ভাবে গ্রহণ করা বা আদিয়া পড়া।

ছোঁআ ( দেশক ) স্পর্শ।

চেঁ। আচ ( দেশজ ) ১ অপবিত্র। ২ স্পর্শকনিত।

ছোঁআন ( ছোঁজা হইতে ) স্পর্শ করান।

চেছাঁচা (দেশজ) > বুৰ পেটুক। ২ ছুঁচা।

**(हाँ) ।** (तम्ब) (मोठकत्रण।

চেঁচানি (দেশক) ১ পেটুকতা। ২ অসদ্ব্যবহার।

ছেঁছে। (দেশৰ) খাত দ্ৰব্যের গন্ধ ক্ষ'কিয়া বেড়ান, পেটুকতা।

ছেঁ। (দেশৰ) বালক।

ছোকর। (পারস্ক) বালক।

(ছाक्त्री (प्रमण) वानिका, इक्त्री।

চোট (দেশজ) কুজ, কনিষ্ঠ।

ছোটআকন্দ (দেশৰ) একপ্ৰকার আকন্দ গাছ।

ছোটআনিলিভ (নেশন) বিচারালয়ভেদ; যেথানে হই হাজার টাকার অন্ধিক বিষয়ের বিচার হয়। ভোটআয়ভী (দেশন) বৃক্ষবিশেষ।

ट्रिक्षा छेन्य्र भूतं, अन्त्राष्ट्रे अति द्वाकाश अवनिष् अविग क्रामा। अका २२° २ इहेटक २२° ७२ छ: জাবি<sup>\*</sup> ৭৩° ৪৭´ হইতে ৭৪° ২০´ পৃ:। পরিমাণফল প্রায় ৮৭৩ वर्गमारेन । এथानकात अधिवानीशन अधिकाः महे जीन वा कालि। अतिक नमी हेरात मधा निया विश्व छह। प्रकिन-शीभाग्न कंटग्रक माहेल नर्यामा नमी धाराहिछ। हेहात मर्वाख পর্বত ও অল্লময় বিংসরের মধ্যে অনেক সময়ই জলবায়ু অস্বাস্থ্যকর; অরের প্রাত্তবি অত্যন্ত অধিক। উৎপন্ন खरवात्र मर्था नानाविध শञ्च ७ किएकार्रेट व्यथान । किएकार्र ও মউল নানাস্থানে রপ্তানি হয়। এথানকার রাজা চৌহান রাজপুতবংশীয়। ১২৪৪ খৃ: মুসলমানগণ প্রবল হইলে ইহারা পূর্বনিবাস ত্যাগ করিয়া গুজরাটে প্রবেশপূর্বক চম্পানর অধিকার করিয়া তথায় বাদ করেন। ১৪৮৪ খৃঃ অবেদ মহম্মদ বেগার চম্পানরত্র্য অবরোধ করিলে রাজবংশীয়গণ তুইভাগে বিভক্ত হইয়া এক শাখা বারিয়া ও অপর শাখা ছোট উদমপুরে রাজ্য স্থাপন করেন।

১৮৫৮ খৃঃ অব্দে সিপাহীবিদ্যোহের সময় এথানকার রাজা তাস্তিয়াতোপীর সাহায্য করিতে অস্থীকৃত হন এবং তাস্তিয়া তোপীর আক্রমণ হইতে নগর রক্ষা করিতে প্রস্তুত থাকেন। ছোট উদয়পুরের নিকটে তাস্তিয়া জেনারেল পার্ক কর্তৃক পরাজিত হন।

রাজার উপাধি মহারাওল। ইনি ৯টা মান্ততাপ প্রাপ্ত
হন। ইহার ৩২০ জন সিপাহী আছে। কেবল প্রাণদগুকালে
রাজা নিজ প্রজার বিচার করিতে পারেন। বরদার গাইকরাজকে বার্ষিক ১০১৪০ টাকা কর দিতে হয়। এক সময়ে
রাজবংশ মোহন নামক স্থান্ট স্থানে বাস স্থাপন করেন,
তদমুদারে এই রাজাকে কথন কখন মোহন রাজা বলে। ছোট
উদয়পুরের অবস্থান স্থরকিত নহে, অনেকে অনুমান করেন
তক্ষ্ণাই এই রাজবংশ বরদারাজের অধীন হয়। ১৮২২ খুঃ
আন্দে এই স্থান বৃটীশ রাজ্যভুক্ত হইরাছে। মালব হইতে বরদার
রাজা এই রাজ্য মধ্য দিয়া গিয়াছে। পুর্বের রাজাদিগের
বেবন্দোবন্ত ছিল, তক্ষ্ণাই ইরাজ প্রমণ্ট রাজাকে শাসনকার্য্যে সহায়তা করিবার জন্ম একজন ইংরাজ শাসনকর্তা
নির্ক্ত করিয়াছেন।

২ পুর্বোক্ত ছোট উদয়পুর রাজ্যের প্রধান নগর। এই
নগর বরদা হইতে ৫০ মাইল পুর্বো মাউ নগরের পথে
অবস্থিত। অকাণ ২২০ ২০ উ:, ক্রাবিং ৭৪০ ১ পুঃ।

ছোটউঙ্গুচা ( দেশজ ) বাসবিশেষ।

ছোটকর্ষা ( দেশক ) শতান বৃক্তেদ। (Carpopogon pruriens)

ছোটকল্ল (দেশৰ) বৃক্ষভেদ। (Borago Indica)

ছোটকাঞ্চা ( দেশৰ ) বৃক্তেদ। (Tradescantia umbricata)

ছোট কুক্সিমা ( দেশজ ) এক প্রকার কুক্সিম। [কুকসিম দেখ।]

ছোটকেশরাজ ( দেশজ ) পক্ষীবিশেষ।

ছোটক্ষীরই (দেশজ) বৃক্ষবিশেষ। (Euphorbia chamæsyce)

ছোটখুড়া (দেশজ) কনিষ্ঠ পিতৃব্য।

ছোটখুড়ী (দেশজ) কনিষ্ঠ পিতৃব্যের স্ত্রী।

ভোটগোখুরী (দেশজ) ছোট গোক্র গছে। (Cyperus dubius)

ছোটগোটদার (দেশন) একপ্রকার গাছ।

ছোটগোত্রা, পক্ষীবিশেষ। ইহাদের পৃষ্ঠদেশ ধ্সরবর্ণ,
মস্তক ও কণ্ঠ ভল রেখাছিত, জ ও গণ্ড ভলবর্ণ বিলুমর,
পালক কৃষ্ণধ্সর, বক্ষ ও পুচ্ছ ভল, চঞ্ছ কৃষ্ণাভ হরিদ্বর্ণ।
এই পক্ষী নবীন ধায়াকোত্রে, বিল ও পুক্রিনীর জলের নিকটে
দৃষ্ট হয়। পুরাতন মহাখীপের সকল স্থানে এবং অট্রেলিয়া খীপে
এই পক্ষী বাদ করে।

ছোটিচাঁদ ( দেশজ ) বৃক্ষভেদ। (Ophioxylon Serpentium)

ছোটচাহা ( দেশজ) এক প্রকার কাদার্থোচা পাথী।

ছোটচিরতা ( দেশজ ) চিরতাভেদ।

ছোটজঙ্গলীমোরগ (হিন্দী) ক্ত বহুকুট পক্ষী। ইহা-দের আকার অনেকাংশে গ্রাম্যকুটের স্থায় এবং দৈর্ঘো ১৩ ইঞ্চিপর্যাস্ত হইয়া থাকে। মধ্যভারতে, বিদ্ধাগিরির নিকটে ও দাক্ষিণাত্যের অরণ্য সকলে ইহাদিগকে দেখিতে পাওয়া যায়।

হোটজাগুলিয়া, ২৪ পরগণার অন্তর্গত একটা গওগ্রাম। এথানে একটা গবর্মেণ্ট বিস্থালয় ও অপর বিস্থালয় আছে।

ছোটজাম (দেশজ) একপ্রকার গাছ, ইহা হইতে কড়ি হয়। (Eugenia Caryophyllata)

ছোটবাঞ্জন (দেশজ) একপ্রকার গাছ। (Crotolaria prostrata)

ছোটবাঁছি (দেশজ) সুজাকার ঝাঁজি। (Utricularia biflora) ছোটতুত (দেশজ) ছোট লাতীয় তুতুগাছ। (Morus Javanica)

ছোটভূতী (দেশজ) পদ্দীভেদ। (Loxia rosea)

ছোটভূধলতা ( দেশজ ) শতাভেদ। (Asclepias gemânata.) ছোটদেউলি, বুলেশখণ্ডের অন্তর্গত জোকাহি টেশন হইছে ১৬ ঘাইন পশ্চিমে হিত একটা প্রাম । এখানে আনেক ছান্ন প্রথম প্রাচীন মন্দিরের ভাষাবশের আহে । : এক বর্গ হত্ত প্রশত ৭ ফিট ২ ইঞ্চি উচ্চ একটা তত্ত ও ভাহাতে বহ প্রাচীন ১১ ছাল বিশি আহে । প্রাক্তিন পালা পালা বার বা । প্রভাতবিদ্ কানিংহাম সাহেব অস্থান করেন উহা কলচুরি-বংশীর রাজা শতরপণ কর্তৃক ভাগিত হইলেও হইতে পারে । ভোটন (দেশার্ম) লোজান, ক্রভগনন ।

ছোটনাগপুর, বাজালার একটা বিভাগ। নাগপুরের কমিশনরের শাসনাধীন। জ্বলাং হ'ং তর্ল ৩০ ইইছে ২৪° ৪৮

ত্রঃ ও জামিং ৮০ং ২২ ইইছে ৮৪° ১৫ পুঃ। ইহার উত্তরে
নীর্জাপুর, শাহাবান ও গরা জেলা; পুর্বের বুলের, গাঁওতাল
পরগণা, বাঁকুড়া ও মেরিনীপুর জেলার নক্ষিণস্থ উড়িন্থার
করনরাজ্যসমূহ এবং পশ্চিমে মধ্যপ্রদেশের অন্তর্গত সম্বলপুর
কেলা ও রেবারাজ্য। এই বিভাগে হাজারিবাগ, লোহার্ডাগা,
সিংহভূম ও মানস্থম এই চারিটা জেলা ও চাংভুকার, কোরিরা,
সরগুজা, উনরপুর (ছোট), জ্বলপুর, গাল্পুর, বোনাই,
মরসাবান ও সরাইকালা এই নরটা লেলীর রাজ্য আছে।
ছোটনাগপুর বিভাগের সমগ্র পরিমানকল ৪০০২০ বর্গমাইল।
অধিবাসীগণের অধিকাশে গোঁড়, ধরবার, ভূইরা, ভূমিজ,
কোচ, কোল ও গাঁওতাল প্রভৃতি অনত্য জাতি, অবশিষ্ট
ব্যহ্মণ, রাজপুত, বাগ্নি, বেনিরা, গোরালা, লোহার, কুর্মি ও
রাজ্যার প্রভৃতি হিন্দুজাতি।

দেশীর রাজ্য নর্টী ছোটনাগপুরের পশ্চিম প্রান্তে অবস্থিত। এই সকল রাজ্য পরিমাণে ক্ষুত্র। ভূমি সর্কাত্র পর্বান্তমন্ত্র, স্থানে স্থানে নদী ও গভীর গিরিসকটানি বারা ছির বিভিন্ন। এই ভূভাগের প্রাক্ষতিক অবস্থা পর্যালোচনা করিরা ক্ষেত্র কেই অসুমান করেন, পূর্বে এই স্থান সমূত্রপৃষ্ঠ হইতে প্রায় ৩৬০০ কিট উচ্চ সালভূমি ছিল, ক্রামে নদী বায়ুও বৃষ্টি বারা পরিবর্ত্তিত হইরা বর্তমান আকার প্রাপ্ত হইরাছে। এখনও ইহার অনেক পর্বান্তের চূড়া বিত্তীর্ণ সমতলের স্থায়। দেশীর ভারার প্রশ্নক স্থানকে পাট বলে।

ঐ সমস্ত রাজ্য ছোটনাগপুরের কমিশনরের তন্ধাবধানে
দেশীর রাজগণ কর্ত্বক শাসিত হর। পূর্ব্বে এই সকল
রাজ্য সম্বাপ্তর ও সরগুজার অন্তর্গত ছিল। ১৮০৩ খুঃ অবদ
নাগপুরের মন্নাটা রাজা ২র রুজুলী ভোজালে বিভগার সদি
অভুসারে মধ্যপ্রদেশের অন্তর্ভু ড ৮টী রাজ্যের সহিত সম্বাপ্তরের
অন্তর্গত বোনাই ও গালুপুর ইংরাজদিগকে অর্পণ করেন।
১৮০৬ খুঃ অব্দে গালুপুর ব্যক্তীত ঐ সমন্ত রাজ্যই রাজ্যকৈ
পুনর্গিত হর। ১৮১৮ খুঃ অব্দে মধুলী ভোজালুলে (অপ্পা-সাহেব)

নাগপুরের রেসিডেন্সি আফ্রমণে বার্থমনোর্থ ছইলে মধুনীর गरिक रात्नांतक माक भूनशाक के गरक सामा देश्याकानक सात আইনে, অবশেবে অগা সাহেবের উত্তরাধিকারী ওর রবুজী यक्रधार वहेल नवच प्राचा हेश्याच अवर्यर केन मानसङ्ख হর। সভাসুরের রাজাই এডদিন সকলের উপর প্রাধান করিছেছিকেন, এখন প্রর্ফেক তাঁহার লে ক্ষকা লোপ क्तिराम । अन्दः पुः पर्तत जानगर मृख्य गनम खाद हरे-रमन। भून्सर्थानका कंत्रक कम बाद्य प्राक्क्य दिश हरेग। ১৮৬০ খু: অভ পর্যান্ত স্থলপুর প্রাকৃতি রাজ্য প্রথার **ब्बिमार्ज्याम त्रो**ि नशक्य मिन्शिमिक्स्मीयास-मानस्काती প্রতিনিধি কর্তৃক শাসিভ হইত। ঐ বর্ষে বোনাই ও পাঙ্গ পুর বাতীত অপদ সমস্ত রাজা উড়িব্যার গড়জাড়মহলের স্থপারিটেওেন্ট সাহেবের শাসনভুক্ত এবং কিছুকাল পরেই मधा आरमा क्यानारत्र भागनाधीन हहेन। त्वानाहे ७ গান্পুর মাত্র ছোটনাগপুরের অন্তর্গত রহিল। উত্তরভাগে সরগুলাপ্রমূপ চাংভূকার, জনপুর, কোরিরা, উদরপুর ও नवश्वमा এই পাঁচটी बाका ১৮১৮ थुः चटक व्यक्षानातहर देश्वाक-मिशक वर्षण करवन। हैश्वाक शवदर्यने अध्य वाकामिरशव উপর বিশেষ কডাকডি করিলেন না। রাজগণ প্রকাশ্রন্ধপে প্ৰজাৰৰ্গ হইতে বাজৰ ও শুক আদায়ের ক্ষমতা পাইলেন এবং ক্ষেক্টী সুল নিয়মের ৰশীভূত হুইরা একরূপ স্বাধীন-ভাবে রাজ্যশাসন করিতে গাগিলেন। বাণিজ্যের প্রভিরোধক করেকটা গুৰু রহিত হইরা গেল। প্রত্যেক রাজার নিকট চইতে স্থানিরমে রাজাশাসন করিবার প্রতিশ্রুতি গ্রহণ করা হইল।

পরে ১৮৬০ থা: অবে রাজাদিগের দগুবিধান ক্ষমতা নির্দিষ্ট হইল। তদক্ষলারে তাঁহাদিগের ০০ টাকা পর্যান্ত ক্ষমিনা ও ঘ্টবংসর সপরিপ্রম বা পরিপ্রমহীন কারাবাস দিবার ক্ষমতা রহিল। অপর একটা সর্ভ অন্থসারে তাঁহাদের ৫ বংসর পর্যন্ত কারাবাদ ও ২০০০ টাকা পর্যন্ত অর্থ দণ্ড করিবার ক্ষমতা রহিল বটে, কিন্তু ঐরপন্থলে কমিশনরের সন্থতি প্রয়োজন। ভদপেকা অধিক শান্তি ক্ষিশনরের নিকট এইরূপ মোকদ্মা প্রেরণ করেন। প্রাণ্ডপ্রাক্তা ছোটলাটের সন্ধতি ব্যতীত হর না। সমক্ত হাজ্যের মোট খাল্লনা আদার ২,৬৪,০০০ টাকা, তল্পধ্যে ৪৯৮০ টাকা বৃটীশ গ্রুমেণ্ট প্রান্ত হন। প্ররোজন হইলে বৃদ্ধবিগ্রহাদিতে সকল রাজাই গ্রুমেণ্টের সাহান্ত্য ক্ষিতে বাধা। শান্তিরক্ষক্রণ সকলেই দেশীর প্রথাক্রারে বেতন ক্ষমণ ভূমি দখল করে। এই সকল রাজ্যে নরহত্যা প্রান্ত ঘটেই, কিন্তু সম্পত্তি লইরা খুক্তর

ভ্যোকন্দ্রা অভি বিদ্নল । এথানকাপ্ত লোকে ভাইনীতে বিশ্বাস করে। অনেক সময় বীকোমককা তাহাদিগকে ভাইনী বলার জন্ত বিচারার্থ আঘালতে উপস্থিত হয়। রখ্যে সংখ্য ভাইনী বিশ্বাকে কোন কোন কমন্ত্রী নিহত বা অপমানিত হয়।

ट्रिकिं (त्रिका (त्रिका > जनज त्रक्टका (Pontidera hastata)। २ कूछ त्रोका।

( (Merops viridis)

ছোটপিউ ( দেশৰ ) কোকিবলাতীৰ পক্ষীভেদ। (Cuculus melancholicus)

ছোটপিনেন্টী ( দেশস্ব ) নটেবিশেষ। (Aira filiformis) ছোটবউ ( দেশস্ব ) কনিষ্ঠ প্ৰাতার পত্নী।

(क्रिक्ना ( (पनम ) क्का छन । (Loranthus globosus)

ছোটবয়র ( দেশক ) বৃক্তেদ। (Zizyphus rotundifolius)

ছোটবিষতাভূক ( দেশজ ) বিষতাভূক বৃক্ষতেন।

চ্চেট্ডুইকামাদী ( দেশৰ ) বৃক্তেন। (Columnea tomentosa)

চোঠপানলোহা, একপ্রকার পক্ষী। ইহাদের পৃষ্ঠ ও পক্ষ ধ্মবর্ণ, মুখপ্রান্ত হইতে চকু পর্যান্ত ধ্সরবর্ণ একটা রেখা আছে। পুছে ধ্সর ও অগ্রভাগে শুভ্র; কণ্ঠ, উরু ও উদর শুভ্রবর্ণ, পার্ষ পাংশুবর্ণ, চঞু ও পদ কৃষ্ণবর্ণ। ইহাদের দৈর্ঘ্য ৬ ইঞ্ছি।

গ্রীমকালে মন্তক, পৃষ্ঠ ও পুদ্ধমধান্থিত পক্ষ ছইটী কৃষ্ণবর্ণ হইয়া বার, প্রান্তভাগ লোহিভাভ ধ্সরবর্ণ ধারণ করে এবং গণ্ড, গ্রীবার পার্ম ও বক্ষ লোহিভাভ হয়।

শীতকালে এই পক্ষী পালে পালে জলা ভূমিতে, ধান্ত ক্ষেত্রে এবং পুষ্ঠিনী, নদী ইত্যাদির নিকটে দেখিতে পাওয়া যায়। ইহার মাংস অভিশয় স্থবাছ।

ভোট ভাগীরথী, মালদহ জেলার গলার একটা শাধা।
পূর্ব্বে ইহাই গলার প্রধান স্রোভ ছিল। এখন বর্ধাকাল
বাতীত ইহাতে জল থাকে না। গ্রীমকালে শুক হইরা যার।
গলার স্তার ইহাও পুণ্যভোরা বলিরা খাতে। এই নদী
প্রথমে পূর্বাভিমুখে ও পরে দক্ষিণমুখে ১০ মাইল ব্যাপিরা
পৌডনগরের ধ্বংসাবশেষ বেউনের পর পাগ্লা বা পাগলী
নামক গলার অপর শাধার সহিত মিলিত হইরাছে। তৎপরে প্রার ১৬ মাইল দীর্ঘ একটা দীপ বেউন করিরা পুনরার
গলার সহিত মিলিত হইরাছে।

ছোটমটর (দেশজ) মটরভেদ। (Pisum sativum viride) ছোটমাছরাঙ্গা (দেশজ) কুল্লজাতীর মাছরাজা পক্ষী। (Alcedo Bengalensis)

ছোটমেছেতা (দেশৰ) বৃক্ষবিশেষ। (Justicia polysperma)

ছোটমেথী ( দেশৰ ) ক্ষা বেৰী। (Trifolium Indicum) ছোটলোক ( দেশৰ ) নীচৰোক, ইয়ার।

ছোটলোটর। ( तमन्न ) পন্দীকেন।

চোট বৈঠান, বৃশাব্যদ বৈঠান ও ছোট বৈঠান নামে ছুইটা আম আছে। জাবট আমের উত্তরে বৈঠান ও বৈঠানের উত্তরে ছোট বৈঠান আম। বৈঠানের স্বিধিকোণে কুক্তুও ও ছোট বৈঠানের মধ্যে কুন্তল কুন্ত নামক ছুইটা কুন্ত আছে। বৈঠান ও ছোট বৈঠান আমে আক্রম স্থীদের সহিত রিহারে ক্রিরাছিবের। (বৃশাব্যনীলাণ ২৪ আঃ)

ছোটশালুক ( দেশজ) শালুকভেদ। (Nymphæa stettata) ছোটশিকার ( দেশজ) ধরগোদ।

চোটস্থ দি (দেশজ) উৎপলভেদ। (Nymphæa esculenta)
চোটস্রিয়াল, পক্ষীবিশেষ। এই পক্ষী অনেকাংশে হরিতাল
বা হড়িয়াল পক্ষীর স্থায়, কেবল আকারে ক্সু। পুংজাতির
পৃষ্ঠ হরিত, ললাট উজ্জ্বল পীতবর্ণ, গ্রীবা ও পুচ্ছ ধুমল এবং
একটী ক্ষারেধান্তিত, উদর হরিত, কণ্ঠ পীতাভ, বক্ষদেশ
পাটল চিক্যুক্ত ও পুচ্ছের অগ্রভাগ শুভ্রচিক্তিত ক্ষাবর্ণ।

জীজাতির বর্ণও প্রায় ঐক্লপ, তবে উহাদের বক্ষে পাটল-চিহ্ন নাই, সমস্ত উচ্ছল হরিতবর্ণ।

ইহাদের চঞ্ হরিতাভ নীলবর্ণ, পদ পাটলাভ রক্তবর্ণ এবং চক্ষু নীলবর্ণ বৃত্তবেষ্টিত। এই পক্ষীর দৈর্ঘ্য প্রায় ১১ ইঞ্চি। ভারতবর্ষ, সিংহল, ব্রহ্মদেশ প্রভৃতি স্থানে দৃষ্ট হয়। ইহাদের স্থার মিষ্ট্র, কিন্তু হরিতালের স্থায় নহে। কলিকাতার এই পক্ষিশাবক অনেক আনীত হয়।

ছোটছলক্ষা (দেশজ) বৃক্ষভেদ। (Leucus esculenta)

ছোট হাজরী (হিন্দী) প্রাতর্জোজন, বালভোগ। ভারতবাসী য়ুরোপীরগণ প্রাতঃকালে যে চাও সামান্ত পনিরাদি ভক্ষণ করেন, উহাকেই ছোটহাজরী কহে। এইরূপ সোপচার মধ্যাক্ত ভোজনকে বড়হাজরী বলে।

চোটা (দেশজ) > দৌড়ান, ধাবন। ২ কলাগাছ প্রভৃতির গাঞ্ হইতে উদ্ধৃত অংশভেদ। ইহাতে বন্ধনরজ্ব কার্য্য চলে।

ছোটিকা (ত্রী) ছুটতি যজ্ঞবিদ্নকারিণাং মারাং ছিনত্তি ছুট্-খুল্ টাপি অত ইত্তঞ্চ। তর্জনী ও অঙ্গুঠ অঙ্গুলী ধারা যে শব্দ হর, তুড়ী দেওয়া।

চোটিন (পু:) ছুটতি নীচন্দাতিতয় বলী ভবতি ছুট-ণিনি।
কৈবর্ত্ত। (ত্রিকাণ্ড)

ছোড়ন ( দেশজ ) নিক্ষেপ করণ।

ছোড়া (দেশজ) > নিকেপ করা। ২ নিকিপ্ত।

ছোড়ান ( দেশৰ ) চাবী, তালার কাটা, কুঞ্চিকা।

ছোপ (বেশক) বজাদির রদকরণ।
ছোপড়া (দেশক) নারিকেলাদি কলের বাহিরের ভন্তমর।
ছোপা (দেশক) রঞ্জিত, বর্ণান্তর প্রাপ্ত।
ছোবড়া (দেশক) নারিকেলাদির বাহিরের ভন্তময় অংশ।
ছোরারা, [ছুহারা দেখ।]
ছোরক্রমন, ঔবধবিশেষ।
ছোরণ (ক্লী) ছুর ভাবে লুট্টে। পরিত্যাগ।
ছোরা (দেশক) অলুবিশেষ, বৃহদাকার ছুবী।
ছোল (ছুলী শক্ত) > ছক্, বাক্ল। ২ বাক্ল ফেলা।

ছোলাল ( গ্ং ) ছুবতি ছুব-বাহনকাং জনত্তভোৱত নহং।

মাতৃনল, টেবানেবৃ। (জনাকর\*)

ছোলান (দেশক) বাকল হাড়ান।

ছোলা (দেশক) ১ চণক, কলাইবিশেষ। [চণক দেখ।]

ং স্ক্রিম্ক্র।

ছোহারা ( ত্রী ) বীপাত্তবহু থক্সিকা। [ছুহারা দেখ।]

"থর্জুরী গোন্তনাকারা প্রবীপাদিহাগতা।

জারতে পশ্চিমে দেশে সা হোহারেতি কীর্তাতে॥" (ভাবপ্র\*)

ছ্যা (দেশক) লজ্জা বা নিলাস্চক।

জ

জ্যা বাঞ্চনবর্ণের অষ্টম অক্ষর, চ-বর্ণের ফুতীয়। ইহার উচ্চারণ স্থান তালু। উচ্চারণে আভ্যন্তর প্রথম্ন জিহ্নার মধ্যভাগ বারা তালু স্পর্ল। বাহ্ন প্রবিশ্বন বেঘার, সংবার ও নাদ। ইহা অরপ্রাণ বর্ণ মধ্যে পরিগণিত। কলাপ মতে ইহার ঘোববৎ সংজ্ঞা আছে। মাতৃকাল্যাসে বামমণিবন্ধে ইহার ল্যাস করিতে হয়। তক্সমতে ইহার পর্যায় বা বাচক শব্দ চতুরানন, শূলী, ভোগী, বিজয়া, স্থিরা, বলদেব, জয়, জেতা, ধাতকী, স্থমুথী, বিভু, লম্বোদরী, স্মৃতি, শাখা, স্থপ্রভা, কর্তৃকাধরা, দীর্ঘবাহ, রুচি, হংস, নন্দী, তেজাং, স্থরাধিপ, জবন, বেগিত, বামমণিবন্ধ, হ্য়াস্পতেশ্বর, বেণী, আমোদী, মদবিহ্বল। (বর্ণোধ্বারতন্ত্র।) কামধেস্ততন্ত্রের মতে—জকারের স্বরূপ মধ্যক্তলীস্ক্র, বিশ্বপান্ধক, শারদীয় চল্লের লায় মনোহর কাস্থিক্ত, পঞ্চদেবস্বরূপ ও পঞ্চপ্রাণময়। ইহাতে বিশ্বণ, বিশ্বিজ্ঞান্ত ও তিনটী বিন্দু আছে। ইহার ধ্যান করিলে সাধক অচিরে অজীইলাভ করিতে পারে। ধ্যান ব্যা—

"ধ্যানমন্তাঃ প্রবক্ষ্যামি শৃণুষ কমলাননে।
নানালকারসংষ্ঠৈজভূ লৈক দিশভিত্তাম্॥
রক্তচন্দনদিশ্বাদীং বিচিত্রাষরধারিণীম্।
তিলোচনাং জগজাতীং বরদাং ভক্তবংশলাম্।
এবং ধ্যাদা ব্রহ্মরূপাং তন্মন্তং দশধা জপেং॥" (বর্ণোদ্ধারতন্ত্র)
কাব্যের সর্ব্বপ্রথমে ইহার বিভাগ করিলে মিত্রলাভ হয়।
"কো মিত্রলাভং" ( বৃত্তরং টী॰ )

২ ছলঃশান্তপ্রসিদ্ধ গণবিশেষ। তিনটী অক্ষরে তিনটী স্বরবর্গকে গণ বলে। যে গণের মধ্যস্বরটী গুরু ও অপর হুটী লঘু তাছার নাম জগণ। যথা রমেশ।

জ ( পুং) জয়তি জি-ড, বহা জায়তে জন-ড ( অভেষপি দৃশুতে। পা ৩।২।১০১ ) ১ মৃত্যুঞ্জয়। ২ জন্ম। ৩ পিতা, জনক। ৪ জনা-দিন। (মেদিনী) ৫ বিষ। ৬ মৃত্যি। ৭ তেজঃ। ৮ পিশাচ। (শক্ষরত্বাণ) ৯ বেগ। (একাক্ষরকোব) (ত্রি) ১০ জাত। শিপ্রার্ট্ট শল্পকোলদিবাং জো।" (পা অনুক্) ১১ বেগিত।

>২ জেতা। (শক্রয়া°)
জক (পুং) একজন ব্রাহ্মণ। ইহার বাসস্থান পতক্ষপ্রাম, ইনি
সল্থরাজের মন্ত্রীত্বদে নিযুক্ত ছিলেন। (রাজতর°৮।৪৭৪)
জকুট (পুং) জং জাতং কুটতি কুট-ক। > মলয়াচল। ২ কুরুর।
(ক্লী) ৩ বার্জাকুপুসা। (মেদিনী) [ জুকুট দেখ।]
জকো, সিমলা জেলান্থ একটা গিরিশ্ল, সিমলা-শৈলনিবাস এই

গিরিশুলে অবস্থিত। অক্ষা ৩১০ ৫ উঃ, দ্রাধি ৭৭০ ১৫ পূ:। ইহাতে মানাজাতীয় পার্বভীয় বুক্ক জন্মে।

জক্তাল, মান্রাজ প্রেসিডেলির নীলগিরি জেলার অন্তর্গত একটা গিরি। কন্রের প্রায় দেড়মাইল দুরে দোলবেট্টা নামক গিরিমালা হইতে বাহির হইরাছে। ইহা সমুজপৃষ্ঠ হইতে ৬১০০ ফিট্ উচ্চ। ইহার উপর শৈলনিবাস আছে। ইংরাজেরা তাহাকে ওয়েলিংটন্ বলে। ইহা মান্রাজী সৈম্প্রণার প্রধান আহানিবাস বলিয়া গণা। বিষ্বরেথা হইতে কেবল ১১ অংশ দুরে হইলেও এখানকার জলবায়্ মনোরম, স্বাস্থ্যকর ও জমি বেশ উর্বরা। এখানে ৭৫° (কা) অধিক উন্তাপ হর না।

এথানকার সেনানিবাসের চারিদিকে মনোহর উপবন ও নানাবিধ ফলফুলশোভিত বৃক্ষরাজি দৃষ্ট হয়। এখানে নানাবিধ বিলাজী ফলগু জ্মিতেছে।

জকোনি, বলুচজাতির একটা শাখা, ইহারা রণকুশল বলিয়া খ্যাত। [বলুচ দেখ।]

জক (११) [ यक (१४।]

জক্ষণ ( क्री ) জক-ভাবে লাট্। ভকণ। ( হেম ।

জक्षन (११) [ यक्षन् (मर्थ । ]

জ্থনাচার্ব্য, মহিস্থরের একজন বিখ্যাত শিলী ও নৃপতি।
মহিস্থরের সকল প্রধান দেবালয় ইহার নির্দ্ধিত বলিয়া প্রবাদ
আছে। ইনি খৃষ্টায় ১২শ শতাব্দে হয়শাল-বল্লাল রাজগণের
সময়ে মহিস্থরের কৈড়ল বা ক্রীড়াপুর নামক গ্রামে জন্মগ্রহণ
করেন। ইনি যে কএকটা মন্দির নির্দ্ধাণ করেন, তন্মধ্যে
কৈড়লের ছিল্লকেশব, সোমনাথপুরের প্রশন্তির-কেশব ও
বেলুর গ্রামস্থকেশব মন্দির প্রধান।

জ্বাতি, কচ্ছরাজ্যের একটা বন্ধর। অক্ষাণ ২৩° ১৪´৩০´´ডি:
ও দ্রাঘিণ ৬৮° ৪৫´ পৃ:। ভূজনগর হইতে ৬৪ মাইল দক্ষিণে
অবস্থিত। লোকসংখ্যা প্রায় পাঁচহাজার। এই স্থান অতিশয় শক্তশালী। এখান হইতে বোলাইয়ে নানাবিধ শস্ত,
কড়ি, বরগা, চিনি, থেকুর, তৈল প্রভৃতি যথেষ্ট রপ্তানি হয়।
সমুদ্র হইতে ৫ মাইল অস্তরে গোদিয়া নামক থাল। এই থাল
দিয়াই এখানকার বারমাস বাণিজ্য চলে।

জগচ্চকুস্ (পুং) জগতাং চক্রিব প্রকাশকদাৎ। সুর্য্য। (হেম°) জগচ্ছক্ষস্ (ত্রি) জগতী ছন্দোহত বছরী নিপাতনাৎ পুং-বদ্ভাব:। জগতী ছন্দ্দারা যাহার ভব করা হয়। "অরোহসি গয়োহসি জগচ্ছন্দা:।" (তাশুরোং ১০০১৫) জগজीবনদাস, गৎনামী সম্প্রদারের প্রবর্তক একজন মহাত্ম। **ठ**त्सन-ठोकूत्रवः स्टात स्वा। देशत शिखांत नाम शका-ब्रोम । वात्रवांकि स्वनात अञ्चर्गक मर्पहाश्चारम ১৭৩৮ मध्रक জগজীবন জন্মগ্রহণ করেন। ছয়মাসের সময় তাঁহার পিত-গুরু বিশেশরপুরী এক দিন তাঁহার মাথায় উত্তরীয় প্রদান করিয়ুছিলেন, কিন্তু প্রদান করিবামাত্র তাঁহার ব্রহ্মতলে কুত্রুম-लिश जिनक रमशा निमाहिन, वित्यंत्र जन्मीत विनाहितन, "ভবিষ্যতে এই বালক এক মহাসাধু হইয়া উঠিবে।" ত্তর-(मर्त्य कथा मूछा इहेन। अभिन्दित्य युष्ट त्यम इहेन, श्राम-বাসী ততই তাঁহার প্রতি মুমুরক্ত হইতে লাগিলেন। তিনি রীতিমত শাস্ত্রচর্চানা করিলেও সময়ে সময়ে তাঁহার মুথ হইতে ভতপূর্ব আধ্যাত্মিক কথা বাহির হইত, তাহাতে সকলেই তাঁহাকে মহাপুরুষ জ্ঞান করিত। তাঁহার জ্ঞানগর্ড উপদেশ ভ্নিয়া ত্রাহ্মণ হইতে নীচ চামার, এমন কি মুসল্মান প্র্যান্ত তাঁহার শিশুত্ব গ্রহণ করিয়াছিল। জগজীবন বেদান্তপ্রতিপান্ত ব্রহ্মকেই ঈশ্বর বলিয়া স্বীকার করিতেন। তাঁহার মত ও বিখাদ অনেকটা গুরু নানকের মত। তিনি জাতি ভেদ মানিতেন না। তিনি আপন শিয়াদিগকে উপদেশ দিবার জন্ম স্থালিত হিন্দী কবিতায় অঘবিনাশ, জ্ঞানপ্রকাশ, মহাপ্রলয় ও প্রথমগ্রন্থ প্রকাশ করেন, তন্মধ্যে অঘ্বিনাশ নামক গ্রন্থানি অতি বৃহৎ এবং জ্ঞানপ্রকাশ ১৮১৭ সংবতে রচিত হয়। মৃত্যুর দশবর্ষ পূর্বের তিনি জ্ঞাতিবর্গ কর্ত্তক উত্তাক্ত হইয়া জন্মস্থান পরিত্যাগ করিয়া ৫ মাইল দূরে কোটবা গ্রামে আসিয়া বাস করেন। এখানে ১৮১৭ সম্বতে ইনি ইহলোক পরিত্যাগ করেন। সংনামীগণ এখনও তাঁহাকে অতিশয় ভক্তি শ্রদ্ধা করিয়া থাকেন। অযোধ্যার নবাব আসফ উদ্দৌলার রাজত্ব-कारन तांत्र निरानहां मुख् अभुजीवरनत मन्त्रानार्थ এक है। ञ्चलत मन्त्रित निर्माण कतिया एमन । এখন প্রতিবর্ষে কার্ত্তিক ও বৈশাধের সংক্রান্তির দিন কোটবা গ্রামে মেলা হয়, তাহাতে অনেক যাত্রী জগজীবনের সম্মানার্থ ও পবিত্রসলিলা অভি-রান-তলাও নামক কুণ্ডে স্নান করিবার জন্ম কোট্বায় গিয়া থাকে। এখনও কোটবা গ্রামে জগজীবনের বংশধর বাস করিতেছেন, নিমে বংশাবলী দেওয়া হইল।

জগজীবন দাস

আনস্ত বাল পতাদাস সভা জলালিদাস

ধোকুলদাস গিরিবরদাস সাধনদাস

জবাহিরদাস অবোধ্যাদাস শুরুপ্রসাদ অমানদাস

সাহ্মানদাস

ইক্রদমনদাস যশক্রণদাস

জগজীবনমিশ্রা, মহাপ্রভু চৈতজ্ঞদেবের জ্ঞাতিবংশীর একজন বৈক্ষব কবি, ইহার পিতার নাম রামজীবন। [ চৈতজ্ঞচন্দ্র শব্দে ৪০৮ পৃঠা দেখ।] ইনি শ্বরচিত মন:সজোষিণীর শেষে এই মাত্র পরিচয় দিরাছেন—

"পূর্ব্বে কুসীরারানদী পশ্চিমে কৈলাস।
দক্ষিণেতে বৃদ্ধগোপেখরের নিবাস॥
উত্তরে কাকিনী নদী এই চতুকোণ।
শ্রীহউদেশের মধ্যে গুপ্তবৃন্দাবন॥
মঞ্চকালে শ্রীঢাকা দক্ষিণ দেশধ্যাতি।
মিশ্রবংশান্বিত প্রভু বাহাতে বসতি॥
ধে স্থানেতে জন্ম মোর হৈল পুণাফলে।
ভক্তিংনীন হৈয়া জন্ম গোলেন বিফলে॥"

জগজজন (পুং) জগতাং জনঃ ৬তং। জগতের লোক।
জগজজায়মাল, নেপালের একজন রাজা। ৮২২ নেপালী সংবতে
ভাস্করমল অপুত্রক কালগ্রাসে পতিত হইলে তাঁহার মহিংঘী
পতির দ্রদম্পর্কীয় জগজজায়মলকে সিংহাদন প্রদান করেন।
ইনি ০০ বর্ষ রাজাত্ব করিয়া ৮৫২ নেপালী সং (১৭০২ খুটাকো)
ইহলোক পরিত্যাগ করেন। মৃত্যুর পর তাহার মধ্যম পুল জন্মপ্রকাশ সিংহাদনে অভিষ্কি হন।

জগবাংস্পা, ভারতবর্ষীয় বাহিদারিক যদ্ম বিশেষ। ইহা পুজা ও বিবাহাদি উপলকে ব্যবহৃত হয়। পুর্বেই ইহা যুদ্ধকালে বাদিত হইত। ইহার চর্মাজহাদনী চর্মারজ্বারা সদদ্ধ থাকে, ধ্বনি-কোষ মৃত্তিকানির্মিত। বাদ্যকর গলায় এবং সমূথে রাথিয়া বাজাইতে থাকে। ইহা তামা যদ্মের সহিত ব্যবহৃত হয়। জুগাত (পুং) গজ্তি গম-কিপ্ নিপাতনাৎ দিঅং ভুগাগমশ্চ।

জ্বপৃত্ (পুং) গছত গম্-কিপ্ নিপাতনাৎ দিতং তুগাগমশ্চ।
১ বায়ু। ২ মহাদেব।

"বিমুক্তো মুক্ততেজাশ্চ শ্রীমান্ শ্রীবর্জনোজগং॥"
(ভারত ১০)১৭১৫১)(ত্রি) ৩ জঙ্গম। (মেদিনী)(ক্নী)
৪ বিশ্ব। পর্য্যায়—জগতী, লোক, পিষ্টপ, ভ্বন।
"যদা স দেবো জাগর্ভি তদেদং চেষ্টতে জগং।" (মন্তু ১।৫২)
জ্বপত্রী(জ্রী) গছ্ছতি গম-অতি নিপাতনে সাধ্যু শত্বদ্ ভাবাং
ভতো ভীপ্। (বর্ত্তমানে প্রদ্রহন্মহজ্জগছ্ছ্বচচ্ উণ্ ২।৮৪)
১ ভ্বন। "উপক্ষরাঞ্চ জগতীং তমসেব সমার্তাং।"
(রামাণ ২।৬৯।১১)

২ পৃথিবী। আর্যাভটের মতে পৃথিবীর গতি আছে বলিয়া 'জগতী' নাম হইরাছে। যাহারা পৃথিবীকে অচলা বলেন ভাহাদের মতে ইহার গতি না থাকিলেও জগৎ অর্থাৎ সমস্ত জলমের আধার বলিয়া ইহাকে ঐ নামে উল্লেখ করা হয়। "জগত্যাং পাতয়ামাস ভিতা খুলেন বক্ষি।" (মার্কপুং ৯।২২) ত অব্ ক্ষেত্র। (হেম॰) ৪ ছলোবিশের। হাদশাক্ষর। রিজ বা বে সমহন্তের প্রত্যেক চরণে ১২টা অক্ষর বা স্বর্বর্ণ থাকে, তাহার নাম জগতী, ইহা জাবার বংশস্থানিল, তোটক প্রভৃতি নানা ভাগে বিভক্ত। [উদাহরণ তত্তৎ শব্দে দ্রষ্টব্য।] জগতীধর (পুং) ১ পৃথিবীধারণকারী। ২ বোধিসহ। জগতীপালে (পুং) জগতীং পালরতি জগতী-পালি-অণ্ উপদ॰। ভূপাল, রাজা। জগতীপতি প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবস্থত। জগতীভর্ত্ত্ (পুং) জগতা৷ ভর্ত্তা ৬তং। পৃথিবীপতি। জগতীভুক্ত্ (পুং) জগতীং ভূহ্কে জগতী ভূক্তিপ্। পৃথিবী-ভোগকারী, রাজা।

জগতীরুহ (পুং) জগতাং রোহতি রুহ-ক। মহীরুহ, বৃক্ষ।
জগৎকর্ত্ত্ব (পুং) জগতং কর্তা ৬তং। ১ ঈশর। ২ একা।
"জগৎকর্তা জগন্নাথো যকারায় নমোনমঃ।" (শিবষড়ক্ষরস্তোত্র)
জগৎকুঠ, কাথিবাড়ের অন্তর্গত দারকার কিছু দ্বে অবস্থিত
একটী অন্তরীপ। এখানে বছদিন হইতে বধইল নামক
রাঠোর রাজপুত্গণ আধিপতা স্থাপন করেন।

জগভ্ৰু, রাষ্ট্রক্টরাজ গোবিন্দের নামান্তর। [রাষ্ট্রক্ট দেখ।]
জগৎনারায়ণ, একজন বিখ্যাত হিন্দুরানী কবি। ইনি
লক্ষোয়ের নবাব আসক্উদ্দোলার উদ্দেশে অনেক ক্সিদা
লিখিয়া গিয়াছেন।

জ্গ**ৎপ তি (পুং**) জগতাং পতিঃ ৬তৎ।১ জগৎকতা, প্রমেশ্র। ২ হরি। ০ হর। ৪ ব্রহ্মা। ৫ রাজা। (জগদীশ প্রভৃতি শব্দও এই অর্থে ব্যবস্তু।)

জগৎপাণ্ড্য, সিংহলের একজন পাণ্ড্যরাজ, ১০৬৪ খৃঃ অন্দের পর কিছুদিন ইনি সিংহল শাসন করিয়াছিলেন। [পাণ্ডা দেখ।] জগৎপাল (জগপাল) মধ্যপ্রদেশের রাজমালবংশীয় একজন পরাক্রান্ত রাজা, বর্ত্তমান রাজিম নামক স্থানে ইনি রাজত্ব করিতেন। রাজিমের রামচন্দ্রমন্দিরের প্রাচীরগাতে ৮৯৬ কলচুরি সম্বতে উৎকীর্ণ শিলালিপিতে এই জগৎপালের বীরত্ব-কাহিনী বর্ণিত আছে। তৎপাঠে জানা যায়, ইহার মাতার নাম উদয়া ঠাকুরাণী ও পিতার নাম দেবসিংহ; তিনি কমোমগুল জয় করিয়াছিলেন। তৎপুত্র জগপাল চেদিরাজ জাজল্ল-দেবের সময়ে মায়রিক ও নানাস্থানের সামস্তগণকে জয় করেন। চেদিরাজ রত্নদেবের সময় তিনি তলহারি রাজ্য লাভ করিয়াছিলেন। তৎপরে মহারাজ পৃথীদেবের সময়ে সরহরাগড়, মবকাসিহ, ভ্রমরবন্ত, কাস্তার, কুস্থম, ভোগ, কান্দাদেহবার ও কাক্যর নামক স্থান জয় করেন। ইনি নিজ নামে জগপালপুর नाम এकটা नशर् श्रापन करिशाहित्तन। [त्राक्रिम (मथ।] জগ্পুক্রাশ্মল নেপালের অন্তর্গত ভাটগাঁও রাজ্যের এক- জন রাজা, নরেক্সমন্তের পুত্র। ইহার রাজত্বকালে ভীমসেনের
মন্দির নির্দ্মিত হয়, তাহাতে ৭৭৫ নেপালী সম্বতে উৎকীর্ণ
শিলালিপি আছে। বিমলস্ক্রমগুপ ও নারার্নচোকের
শিলালিপিতে লেখিত আছে বে, ইনি ৭৮২ নেপালী সম্বতে
ভবানীশহরের উদ্দেশে ৫টা স্থোত্র এবং ৭৮৫ নেপালী
সম্বতে গরুড়ন্তভের উপর গরুড়ের উদ্দেশে একটা প্রশস্তি
থোকিত করেন। ৭৮৭ নেপালী সম্বতে ইনি প্রাসিদ্ধ ভবানীশহরের মন্দির প্রতিষ্ঠা করেন।

**জগৎপ্রাণ** (পুং) জগতাং প্রাণ: ৬তং। বায়ু।

"জগৎপ্রাণ প্রাণানপহরিদ কিন্তে ব্যবদিতম্।" (সাহিত্যদণ)
জগৎশেচ (জগৎপ্রেটা শব্দের অপত্রংশ।) মূর্লিদাবাদনিবাদী
ইতিহাস-বিথ্যাত বণিক বংশ। শ্বেতাম্বর জৈন-সম্প্রদায়ভূক রাজপুতবংশে ইহাদের জন্ম। রাজপুতানার ঘোধপুররাজ্যের অন্তর্গত নাগর নামক নগরে ইহাদের পূর্বপুক্ষগণের বাসস্থান ছিল, প্রায় হই শত বর্ষ অতীত হইল অপরাপর মারবাড়ী বণিকদিপের ভায় ইহারাও গৌড়রাজ্যে আগমন করেন।

১৬৫০ খৃষ্টাব্দে শেঠদিগের পূর্ব্বপুরুষ হীরানন্দ্রদা প্রথমে পাটনা নগরে আসিয়া বাস করেন। এই সময়ে পাটনা নগরে পর্ত্ত গীজ, ওলনাজ ও ইংরাজগণের বড় বড় কুঠি ছিল। হীরানন্দ্সার সাত পুত্র, এই সাতজনই পিতার ভায় ভারতের নানাস্থানে মহাজনী ও হণ্ডীর কাজ করিত, তন্মধ্যে হীরানন্দের জোর্চপুত্র মাণিকটাদ ঢাকায় আদিয়া কুঠি স্থাপন করেন। এই মাণিকটাদ হইতেই শেঠবংশের নাম সর্ব্বত্র বিখ্যাত হয়। তথন ঢাকায় বঙ্গের রাজধানী, এখানে থাকিরাই মূর্শিদকুলীখাঁ বঙ্গরাজ্য শাসন করিতেন। মাণিকটাদ তাঁহার मिक्न विक्र विक्रा । ১१०८ थृष्टी स्मिन कुली मूर्नि नावाल ताल-ধানী পরিবর্ত্তন করিলে, মাণিক্টাদও তাঁহার সহিত নব রাজ-ধানীতে আসিয়া বাস করেন এবং নবাব সরকারে একজন প্রধান वाजि विनिष्ठा गंगा रहेरनन। এथान न्जन हाँकिमान शांतिज হইল, মাণিকটাদ ভাহার কর্তৃত্ব পাইলেন। এই সময় নিয়ম ट्टेन, अभिनात वा ताक्य जानाग्रीकातीनिगरक मानिक हिनारव থাজনা জমা দিতে হইবে। এই সমস্ত টাকা মাণিকটাদের ছাতে জমা হইত, তাঁহার হাত দিয়া প্রতিবর্ষে দিল্লীখরের নিকট দেড় কোটী টাকা পাঠান হইত। দিল্লীতে মাণিকটাদের ভ্রাতারও কুঠি ছিল। মাণিকটাৰ বন্ধদেশ হইতে নগৰ টাকা না পাঠাইয়া ছণ্ডীবা চালান পাঠাইতেন। এইরূপে বঙ্গের সমস্ত নগদ খাজনা মাণিকটালের নিকট জমা থাকিত। নবাবের টাকার দরকার হইলে অনেক সময় মাণিকটাদের মুখাপেকী থাকিতে हहेछ, कारजहे मानिक गाँदिन कमा अधिक वाष्ट्रिमा छित्रिमा- ছিল। ভাঁছার উপর কথা কহিবার আর কেই ছিল না।
১৭১৫ খুটালে সমাট্ ফরুপ্লিয়ার নবাব সুর্লিক্লীর আবেদন মত মাণিকটাদকে "শেঠ" উপাধি প্রদান করেন। শুনা
যায়, মাণিকটাদও নাকি অরলজেবের মৃত্যুর পর ধাহাতে
মূর্লিদক্লীর নবাবী বজার থাকে, তজ্জপ্ত যথেষ্ট চেষ্টা করিয়াছিলেন। তথনকার কালে রাজকর্মচারী মাত্রেই অর্থের বল
ছিল। এরূপ স্থলে মহাধনী মাণিকটাদ যে মূর্লিদক্লীর দরবাবে সর্কেস্কা হইয়া উঠিবেন, তাহা অসম্ভব নহে। প্রবাদ
এইরূপ যে, মুর্লিদক্লীর মৃত্যুর পরও মাণিকটাদের নিকট
পাচকোটী টাকা পাওনা ছিল।

মাণিকটাদের পুত্র সম্ভান ছিল না। তাঁহার ভগিনী ধন-বাইএর সহিত ধলালরাজ্বংশীয় রায় উদয়টাদের বিবাহ হয়, এই ধনবাইএর গর্ভে ফতেটাদ জ্মগ্রাহণ করেন। মাণিকটাদ ভাগিনেয় ফতেটাদকে দত্তক লইলেন। ১৭২২ খুটালে তিনি বিস্তর অর্থ রাখিয়া মহাসম্মানে ইহলোক পরিত্যাপ করেন।

তৎপরে ফতেচাঁদও একজন ধনকুবের হইরা পজিলেন, ভারতের নানাস্থানে হুগ্ডীর কারবার চলিতে লাগিল। সে সমরে তাঁহার মত অর্থনীতিবিৎ আর কেহ ছিল না। ১৭২২ খুটান্দে তিনি দিল্লী গিয়া সম্রাট্ মহম্মদশহের সহিত সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে সম্রাট্ তাঁহাকে "জগংশেঠ"\* উপাধি প্রদান করেন। তৎকালে দিল্লীদরবারে বঙ্গের নবাবনাজিম "সাহেবে তহসীল" অর্থাৎ আদারের কর্ত্তা, জগংশেঠ "সাহেবে তহবিল" অর্থাৎ ধনরক্ষক এবং ডাহাপাড়ার বঙ্গাধিকারী "সাহেবে তহরীর" অর্থাৎ হিসাব কেতাবের কর্ত্তা এইরূপ উপাধি পাইয়াছিলেন।

শেঠদিগের বংশপত্রিকায় শিথিত আছে বে—কোন কারণে সে সমরে দিলীখর নবাব মুর্শিদ্কুলীর উপর কুজ হন এবং জগৎশেঠ কতেচাঁদকেই বজের সিংহাসন প্রদান করিছে অভিনাধী হইয়ছিলেন। কিন্তু উচ্চহদয় ফতেচাঁদ তাঁহাদের পূর্বন্দিপারী মুর্শিদকুলীর ঘাহাতে কোন অমঙ্গল না ঘটে ও তিনি বজরাজ্যে বরাষর থাকিতে পান, তজ্জ্ঞ আবেদন করিয়াছিলেন। সম্রাট্ তাহাতে অত্যন্ত প্রাত হইয়া তাঁহাকে একটা সমুজ্জ্বল মরকত্মণি খেলাৎ দিয়াছিলেন, সেই মণির উপর "জগৎশেঠ" নাম খোদিত।

১৭২৫ খুষ্টান্দে মূর্শিদকুলীর মৃত্যু হর, তৎপরে ক্স্পাউন্দোলা নবাব হইরা ১৪ বর্ষ নির্ব্বিদ্নে রাজ্যশাসন করেন, এই স্ক্রীর্থ কাল ফতেচাঁদ্র তাঁহার চারিজন প্রধান সচিব মধ্যে গণ্য ছিলেন। ১৭৩৯ বৃষ্টাব্দে সর্-ফরাজ থাঁ বলের মস্নদে উপবেশন করেন। তিনি কিছু লম্পট ছিলেন। এই লাম্পট্যলোবেই তাঁহার সহিত জগওপেঠ ফতেটাদের বিবাদ হয়। ফতেটাদের পুত্র-বধু নাকি বড়ই স্থানী ছিলেন, ডেমন স্থানী বৃদ্ধি আরু বঙ্গে ছিল না। তাঁহার উপর নবাব সর্ফরাজের লোভ পড়িল। তিনি একবার সেই স্থানীকে দেখিতে চাহিলেম। জগওপেঠ ফতেটাদ প্রথমে সম্বত হন নাই, কিছু অভ্যাচারের ভরে এক দিন সন্ধ্যাকালে কাণকালের জ্ঞু সেই বধ্কে নবাবের প্রাসাদে পাঠাইতে বাধ্য ছইলেন। নবাব সর্ফরাজ সেই স্থানারে দেহ কলছিত করেন নাই বটে, কিছু তাহাতে ধনকুবের ফতেটাদ মহা অপ্যানিত বোধ করিলেন। নবাব জানিতেন যে মাণিকটাদের নিকট মুশিদকুলী সাতকোটী টাকা গছিতে রাধিরাছিলেন, এখন নবাব সেই টাকা চাহিয়া বসিলেন।

একে ফতেটাদ নবাবের উপর বিরক্ত হইরাছিলেন, এখন আবার টাকার লোভে সর্ফরাজের শত্রু হইরাউঠিলেন। তিনি সর্ফরাজ খাঁকে সিংহাসনচ্যুত করিবার জন্ম আলীবর্দ্দী থার সহিত মিলিত হইলেন। [মুর্লিদাবাদ ও আলীবর্দ্দী দেখ।] জগৎশেঠের সাহায্যে আলীবর্দ্দী বঙ্গের নবাব হইলেন। ১৭৪২ খঃ অকে মরাঠা-সন্দার ভাত্তর পণ্ডিত মুর্লিদাবাদ পূঠ করিতে আসেন, সেবার জগৎশেঠের আড়াই ক্রোর টাকা লুট হইরাছিল।

১৭৪৪ খৃ: আবেদ কভেটাদের মৃত্যু হয়। তাঁহার ছই
পুত্র শেঠ দয়াঁটাদ ও শেঠ আনন্দটাদ। দয়াঁটাদের ঔরসে
অরপটাদ ও আনন্দের ঔরসে মহতাব্রায় অয়গ্রহণ করেন।
অরপটাদ "মহারাজ" এবং মহতাব্রায় "অগংশেঠ" উপাধি
প্রাপ্ত হন।

১৭৪৯ খৃষ্টাব্দে আর্দ্ধাণী ৰণিকদের উপর কৃষ্ক হইয়া
নবাব আলীবর্দী কালিমবাজারের কৃঠি আক্রমণ করিলে
ইংরাজবণিকগণ জগৎশেঠের নিকট হইতে ১২ লক্ষ টাকা
লইরা নবাবকে দিরা অব্যাহতিলাভ করেন। সেই সময়
হইতে ইংরাজেরা শেঠদিগের নিকট হইতে সময়ে সময়ে
বিত্তর উপকার লাভ করিয়াছিলেন।

১৭৫৩ খুটাকে বিশাত হইতে কোর্ট অব্ ডিরেক্টরেরা ইট ইন্ডিরা কোম্পানীকে কলিকাডার টাকশাল স্থাপনের জত বিশেব তাগাদা করেন, কিন্ত এখানকার সভাপতি লিখিয়া জানান, "এখানে নবাবকৈ ঠাঙা করা আমানের কর্ম নয়, আমরা যে হারে টাঙা দিতে চাহিব, জগংপেঠ তদপেকা

নবাব সকল সমরেই জগওলেঠের পরামর্শ লইরা কার্য্য করিতেন। ডেখন বজের রাজকোব ফতেটাদের হতে ছিল।

<sup>\*</sup> कगरामठे व्यर्शि सम्रायत माया श्रवान (स.के ।

বেশী কিয়া আনাদের হতাশ করিবে। এলেশে বেখান হইতে বত চাঁদি বা লোণা আনুে, সমস্তই জগংশেঠ থরিদ করিরা লন্ধ, ইহাতেও তাঁহার প্রতিবর্ষে বংগাই লাভ থাকে। তবে বদি আমরা কোনরূপে দিলী হইতে সমাটের আদেশ লইতে পারি, ভবেই আমাদের অভিঞার স্থানিক হইলেও হইতে পারে, কিন্ত তাহাতেও অন্ততঃ তুই লক্ষ টাকা চাই। আর এক্লপ ভাবে কার্য্য করিতে হইবে, বেন জগংশেঠের কোন লোক বিন্দু বিসর্গপ্ত জানিতে না পারে। জানিতে পারিলে আঘাদের বিপদ্ নিশ্চয়।

১৭৫৬ খৃষ্টাব্দে সিরাজউদ্দোলা বলের নবাব ছইলেন।
এই সময় হইতেই জগৎশেঠের সহিত ইংরাজগণের ঘনিষ্ঠতার
স্ত্রপাত। সিরাজ কলিকাতা আক্রমণ করিলে ইংরাজবণিকগণ জগৎশেঠের হারা সন্ধির প্রস্তাব করেন। জগৎশেঠ নিরপেক্ষভাবে ইংরাজের জক্ত যথেষ্ট চেটা পাইয়াছিলেন। অপরাপর লোকের ক্লায় তিনি নিজের স্বার্থের
দিকে দৃষ্টিপাত করেন নাই।

শেঠেরা যে কেবল ইংরাজনিগের প্রতি অমুকৃল ছিলেন, এরূপ নছে, ফরাসীগবর্মেণ্টও তাঁছাদের নিকট বথেষ্ট সাহায্য পাইতেন। যথন ক্লাইব চন্দননগর আক্রমণ করেন, তথনও করাসীগবর্মেণ্টের নিকট অগংশেঠের >৫ লক্ষ্ণ টাকা পাওনা ছিল \*।

এই সমন্ন দিলীখন সিরাজের উপর কুদ্ধ হন। পূর্ণিয়ার নবাব বিদ্যোধী হইনা উঠেন। মীরজাকর তাঁহার বিশক্ষে প্রেরিত হইলেন। সিরাজ অপংশেঠকে ডাকিরা বলেন, "তিনি দিলীখনের নিকট হইতে তাঁহার করমাণ আনান নাই কেন ? তাঁহাকে অনতিবিলম্বে ত কোটা টাকা সংগ্রহ করিয়া দিতে হইবে।" তাহাতে জগংশেঠ বলেন, "এখন রাজ্যের চারি-দিকেই অজন্মা, এসমরে কেহই স্থবিধা মত টাকা দিতে শারি-ভেছেইনা। এমন অসময়ে তিনি কিরূপে এত টাকা যোগাড় করিয়া দিবেন।" একথা ভনিয়া উদ্ধৃত সিরাজ জগংশেঠের গালে একটি চাপড় মারিলেন ও তাঁহাকে বন্দী করিলেন।

ক্ষাৎশেঠের অবমাননাই সিরাজের অধংপতনের মূল কারণ। ক্ষাৎশেঠ বন্দী হইরাছে গুনিয়া মীরজাফর অবি-লখে পূর্ণিরা হইতে কিরিয়া আলিলেন ও তাঁহার মুক্তির জন্ত সিরাজকে অনেক বলিলেন। কিন্তু মন্দ্রমতি নবাব কাহারও কথা গুনিলেন না।

্২৩ এ মধ্যের পলতা হইতে ইংরাক্স-বণিকসভা জগৎ-লেঠকে এই ভাবে লিখিয়া পাঠাইলেন—"জাঁহালের আশা ভরনা সকলই তিনি, তাঁহারই জাশার এখনও ভাঁহারা গ্র পানে চাহিরা আছেন দ

লগৎশেঠ বৃক্তিলাভ করিলের ঘটে, কিছ নবাবের তরে উজর প্রাতাই আর প্রেকান্ডে ইংরাজপক্ষ সমর্থন করিলেন না। তাঁহালের প্রধান সারের রণজিভয়ারকে ইংরাজের পক্ষ সমর্থন করিবার ভক্ত নবাবের কাছে রাখিলেন।

১৭৫৭ খুটাকে কেজবারী মানে সিরাক্সের মহিত ইংরাজ-শিগের বে সন্ধি হয়, তাহা ঐ রণজিতরারের কার্য্যক্ষভার সম্পর ইইরাছিল।

ক্লাইৰ কৰ্ড্ক চন্দনলগর দখলের পর বিরাজের সহিত ইংরাজদের রুদ্ধ অবক্রভাবী হইল। তথন ইংরাজদিকাণ ব্যপ্ত ভাবে নাই যে সিরাজের অধংশতন ও তাঁহারাই বলের সর্কেস্কা হইলে। জগৎশেঠই সিরাজকে রাজ্যচ্যুত করিবার জন্ত প্রথম প্রভাব করিলেন। মীরজাফর তাঁহার প্রভাবে সম্মত হইলেন। ইয়ার-লতিফ্ বা এই গুপ্ত রহত্ত কাশিমবাজারে ওয়াট্সাহেবকে জানাইলেন। ইয়ার-লতিফ্ বা নবাবের অধীনে ফ্ইহাজার সৈত্তের নায়ক ছিলেন। নবাবের অধীনম্ হইলেও তিনি শেঠদিগের বেতনভোগী। কথা ছিল যে, সকল বিপদ আপদে এমন কি নবাবও বিপক্ষ হইলে তাঁহাকে শেঠদিগের পক্ষ হইয়া যুদ্ধ করিতে হইবে। বাজবিক জগৎশেঠের আদেশেই ইয়ারলতিফ্ নবাবের বিপক্ষে বড়যন্ত্র করিয়াছিলেন, এই বড়মন্ত্রের ফলে জগৎশেঠের সাহায্যেই ভবিত্ত তেইরাজবনিক বলের আধিপত্য লাভ করিয়াছিলেন।

পলাসীযুদ্দের সাতদিন পরে জগৎশেঠের ভবনে মহা ধুমধাম হইয়ছিল। এইথানেই লাল সন্ধিপত্তের রহত উল্থা-টিত হয়। সিরাজের অধংপতনে জগৎশেঠ মহাস্থী হইয়া ছিলেন বটে, কিন্তু তাঁহার লাভ কি লোকসান হইল, তাহা তিনি একবারে ভাবিয়াও দেখেন নাই।

পর বর্ষে কলিকাতায় টাঁকশাল হাপিত হইল। জগৎশেঠের অক্ষা প্রতাপ থাকিলেও এই সময় হইতেই ভাঁহার
ব্যবসার কিছু ব্লাস হইবার সন্থাবনা। স্থচভুর ইংরাজগণ
জগৎশেঠকে ভুলাইয়া রাথিবার জন্ম নানাপ্রকারে তাঁহার
সন্থোষ বিধান করিতেন। ১৭৫৯ খুটান্দে সেপ্টেম্বর মাসে
মীরজাফরের সহিত জগৎশেঠও নিমন্তিত হইয়া কলিকাতায়
আসিয়াছিলেন। এমন কি ইট ইঙিয়া কোম্পানী জগৎশেঠের
আভ্যর্থনার জন্ম এই সমরে ১৭৩৭৪ আর্কটী টাকা ব্যর
করিয়াছিলেন। মহারাজ স্বন্ধ্রণাদি ও জগৎশেঠ মহাজাব
রাবের যত্তেই মীন্ধাকর মুর্লিলাবাদের মন্নদে বলিকাছিকেন,
ক্রিত্ত এই অর্থলোতী বাব মন্বাবের অর্থপিশালা ভাঁহারা

<sup>.</sup> Orms's Hindusthan, vol. II.

কিছুভেই বিটাইতে পারেন নাই। এই দীরভাকর হইতেই শেঠদিগের ভাগ্য-পরিবর্তনের স্ত্রপাত হয়।

উভর প্রাতা নবাবের ব্যবহারে বিরক্ত হইরা তীর্থবাত্রা করেন। পথেও নবাব টাকা চাহিরা তাঁহালের কিরিয়া আসিবার জন্ত চ্ই হাজার সৈত পাঠাইরাছিলেন, কিন্তু সৈত্তগণ অর্থনোতে শেঠদিগের পক্ষ অবলয়ন করিয়াছিল।

১৭৬০ খৃটাদে মীরজাকর রাজাচ্ত হইলেন এবং তাঁহার জামাতা মীরকাসিম নবাবী পদ পাইলেন। প্রথমেই তিনি শেঠদিগকে হস্তগত করিলেন, তাঁহার নিকট উভর প্রাভাই প্রথমে মথেষ্ট সন্মান পাইলেন। কিন্তু বখন ইংরাজদিগের সহিত মীরকাসিমের গোলমাল বাঁধিল, বখন তিনি শুনিলেন শেঠেরা ইংরাজের পক্ষ অবলম্বন করিয়াছেন। তখন তিনি কাল বিলম্ব না করিয়া (১৭৬০ খুটাকে ২১এ এপ্রেল) সপরিবারে শেঠদিগকে বলী করিবার জন্তু মহন্মদ তিকখাকে পাঠাইলেন। জগৎশেঠের প্রমহিলাগণ যখন জানিতে পারিলেন যে, আর তাঁহাদের নিস্তার নাই; শীঘই যবনের হস্তে তাঁহা-দিগকে অপমানিত হইতে হইবে, এই ভাবিরা তাঁহারা আগুন হাতে করিয়া বাকদের উপর বসিয়াছিলেন, সেই দারুণ সঙ্কটকালে ফ্লাইব গিয়া তাঁহাদিগকে উদ্ধার করেন। কিন্তু মহারাজ স্বরপ্রদাদ ও জগৎশেঠ মহাতাবরার নবাবের বলী হইলেন।

ইংরাজ কর্তৃপক্ষগণ উভরের মৃক্তির জন্ম অনেক অন্নর বিনয় করিয়াছিলেন, কিন্তু মীরকাসিম তাহাতে কর্ণপাতও করেন নাই। উদয়নালার যুদ্ধে পরাজিত হইলে তিনি মুর্শিদাবাদ হইতে উভয় ভ্রাতাকে সঙ্গে করিয়া মুদ্ধেরে আনিলেন। এখানে আসিয়া বুঝিলেন বে, "যথন চারিদিকে বিখাস্ঘাতক, তথন আর রাজ্যরক্ষা বড়ই কঠিন।" এই সময়ে তিনি ক্রোধে উন্মন্ত হইয়া মহারাজ অরপ্রাদ ও জগৎশেঠ মহাতাবরায়কে বিনাশ করিলেন। তৎপরে উভরের জ্যেষ্ঠ পুত্র পিতপদ লাভ করিলেন।

তৎকালে স্বরূপ ও মহাতাবরারের কনিষ্ঠ সহোদরগণের অবস্থা অতি শোচনীর হইরা পড়িয়ছিল। উভর প্রাতার কনিষ্ঠ সহোদরের প্রকেও বলীভাবে দিলীতে ধরিয়া লইয়া গিয়ছিল। মীরজাফর বঙ্গের সিংহাসনে প্ররায় উপবেশন করিলে তিনি উক্ত শেঠদিগের মুক্তির জন্ত অবোধ্যার নবাব উলীরের নিক্ট আবেদন করিয়াছিলেন। কিন্তু উলীর অনেক টাকা চাহিয়া বসেন। ১৭৬৫ খৃষ্টান্দে মে মাসে জগৎ-শেঠ তাঁহাদের হ্রবস্থার কথা লর্ড ক্লাইবকে জানাইয়াছিলেন। কিন্তু তহতরে নবেশ্ব মাসে ক্লাইব নিধিয়াছিলেন— শ্লাপ-

নার পিতাকে আমি কউই বন্ধ ও সাহাব্য করিনাহি, তাহা বোধ হর আপনি অবগৃত আছেন। কিন্তু নান সন্ত্রন ও সাধারণের উপকারের জন্ত বাহা করা উচিত ভাহা করেন নাই। কথা ছিল, কোবাগারে তিলটা করিরা চাবি দেওরা হইবে, কিন্তু কে কথা কার্য্যে পরিণত হইল না। সমস্ত অর্থ-ই আপনাদের গৃহেই রহিল। এদিকে শুনিতেছি, জমিলারনিগের সরকারীর থাজনা ৫ মাস বাকি থাকিলেই আপনি পিতৃথণ পরিশোধ করিবার জন্ত তাহাদিগের উপর জোরজুল্ম করিতেছেন। একাজ আপনার ভাল হর নাই, এমন কাজ করিতে দেওরা আমাদের উচিত নহে। আপনারা এখনও মহাধনী বটে, কিন্তু অর্থলোভেই দেখিতেছি আপনাদের মহা অন্তর্বিধা ঘটিবে, আপনার উপর পূর্কে বেরূপ ধারণা ছিল, তাহাও দ্র হইবে।"

পর বর্ষে জগৎশেঠ ইংরাজনিগের নিকট ৫০।৬০ লক্ষ্টাকা দাবী করিরা বলেন, ইহার মধ্যে মীরজাফর ও ইংরাজ সেনার ব্যয় নির্কাহিথি জগৎশেঠ ২০ লক্ষ্টাকা দিয়াছিলেন। লর্ড ক্লাইব সেই ২০ লক্ষ্টাকা দিতে আদেশ করিলেন, আর কিছু দিলেন না। কিন্তু পরবর্ষেই ইপ্ত ইণ্ডিয়া কোম্পানী জগৎশেঠের নিকট দেড় লক্ষ্টাকা ধার করিলেন।

লর্ড কাইব শাহআলমের নিকট হইতে বালালায় দেও यांनी পाইলে মহাতাব রায়ের জােচপুত্র অষ্টাদশ ব্রীয় খুশাল-**हाँ एका स्थानी ते प्रतक्ष्य थाँ ९ उर्** विनात नियुक्त इहे तन । ঐ বর্ষে শাহআলম খুলালটাদকে "জগংশেঠ" উপাধি এবং মহারাজ স্বরূপটানের জ্যেষ্ঠপুদ্র উল্পোতটাদকে "মহারাজ" উপাধি প্রদান করিরাছিলেন। ১৭৬৬ ও ১৭৭০ খুটাফে নবাবের সহিত কোম্পানীর সন্ধিপত্রে জানা যায় যে তথনও জগৎশেঠ রাজ্যের মধ্যে একজন প্রধান মন্ত্রী বলিয়া গণ্য ছिলেন। नर्फ क्राहिव थुनानहांमरक वार्विक ७ नक हाका বৃত্তি দিতে চান, কিন্তু খুশালটাদ তাহা অগ্রাহ্য করেন। তাঁহার প্রতিমানে লক টাকা ধরচ হইত। এ সমরে জগৎ-শেঠের অবস্থা মন্দ হইয়া আসিলেও খুশালটাদ লক লক টাকা ব্যয় করিয়া পার্থনাথলৈলে অনেক জৈনমন্দির নির্ম্বাণ করেন। ঐ মন্দিরের দেবমূর্ত্তিতে তাঁহার প্রাতা স্থালেটাদ ও হোলিয়ালটাদের নাম খোদিত আছে। এখন मूर्निमावादम् देवनविक्रिक्यानादम् बादम मन्मिदम् दमव दमवा निर्याह इत्र।

অনেকে বলিরা থাকেন, জগৎশেঠ খুশালটাদের সমরেই শেঠবংশ অবসর হইরা পড়ে। ১৭৭০ খুটান্সের মহা ছর্জিন্সে জগৎশেঠের অনেক টাকা মারা যার। বিশেষতঃ ১৭৭২ শৃষ্টাকে ওরারেশ হেটিংস কলিকাতায় থাল্সা তুলিয়া আনিলে কর্পংশেঠের সরফ্ পদ যার। কেছ কেছ বলেন; বে ছর্ভিক্ষ কিছা পদচাতির জন্ত শেঠবংশের অধংশতন ঘটে নাই। কিছ খুশালটাদের মৃত্যুই অধংপাতের কারণ। ৩৯ বর্ব বরসে তাঁহার বৃত্যু হর। তথন সকলেই ধনরাশি পুতিয়া রাখিত, কিছ খুশালটাদে বৃত্যুকালে সেই প্রভৃত গুপ্তধনের কথা কাহাকেও বলিয়া যাইতে পারেন নাই, সেই জন্তই খুশালটাদের সহিত জগৎশেঠের লন্ধী ছাজিয়া গেল। পুর্কে বেমন কেবল একজনেই জগৎশেঠ উপাধি ব্যবহার করিতেন, কিছ খুশালটাদের পর আর নিরম রহিল না, তাঁহার সহোদর ও তৎপুত্রগণ সকলেই নামমাত্র "জগৎশেঠ" উপাধি ব্যবহার করিতে লাগিলেন।

খুশালটাদের পুত্র সন্তান ছিল না, তিনি আপনার ভ্রাতৃষ্পুত্র ছরখ্টাদকে দন্তক গ্রহণ করেন। ইহাকে দিল্লী হইতে উপাধি আনিতে হর নাই, ইংরাজরাই তাঁহাকে "জগংশেঠ" উপাধি প্রদান করেন। হরখ্টাদের খুবই টাকার টানাটানি হইয়া ছিল, শেষে গোলাপটাদের মৃত্যুর পর তাঁহার সম্পত্তির উত্তরাধিকারী হইলে তাঁহার কপ্ত দ্র হয়। হরখ্টাদ পুত্র লাভেন্ম জন্ম জৈনশাস্থান্সারে সকল প্রকার ধর্মাকর্ম্ম করিয়া ছিলেন, কিন্তু তাহাত্তেও তাহার পুত্র হয় নাই, শেষে এক বৈরাগীর কথানুসারে বৈষ্ণবধর্মে দীক্ষিত হন ও পুত্র সন্তান লাভ করেন। তদবধি এই বংশ বৈষ্ণব বলিয়া গণ্য। বৈষ্ণব হইলেও তাঁহাদের সম্মানের লাঘ্ব হয় নাই। এখনও উচ্চ-শ্রেণীর জৈনদিগের সহিতেই তাঁহাদের আদান প্রদান প্রচলিত।

হরশ্টাদের হুইপুত্র ইক্রটাদ ও বিষ্ণুটাদ। ইক্রটাদ জগৎশেঠ উপাধি পান। তাঁহার পুত্র গোবিন্দটাদ। এই গোবিন্দচাঁদ পরিবার পোষণের জ্বন্থ বহুমূল্য হীরামুক্তা বিক্রন্ন করিয়া
শেষে একবারে নিঃস্ব হুইয়া পড়েন। ইংরাজ কোম্পানী দয়া
করিয়া তাঁহার ১২০০০ টাকা বার্ষিক বৃত্তি বন্দোবস্ত করিয়া
দেন। গোবিন্দটাদের মৃত্যুর পর বিষ্ণুটাদের পুত্র ক্লেটাদ
শেঠবংশের কর্ন্তা হন। তাঁহার সময়ে গবর্মেন্ট বৃত্তি ক্মাইয়া
আট্ছাজার টাকা মাত্র করিলেন। জাগৎশেঠ ক্লেটাদ পরম
খার্ম্মিক, তাঁহার পুত্র সম্ভান হর নাই, তিনি কাশীধামে তাঁহার
পরম আত্রীর রাজা শিবপ্রসাদের \* সহিত্ব বাস করেন।

প্রবাদ এইরূপ জগৎলেঠের ঘরে দক্ষী বাঁধা ছিল।

অতি বৰ্ষে বহাধুন ধানে জগংলেঠের গৃহে লনীপুলা হইতা त्रिरे नचीरनवीत रवनीत नित्य नक जानक्की शां**छा हिन**। জগৎসাক্ষিন (পুং) জগভাং দাকী ৬তং। > ঈশর। ২ পুর্যা। জগৎসিংহ মেবারের একজন রাণা। রাণা কর্বের পুত্র। কর্ণের মৃত্যুর পর ইনি ১৬৮৪ সমতে পিতৃসিংহাসনে আরো-হণ করেন। ইহার সমরে মেবারে তেমন কোন বুছবিগ্রহ रम नारे, এ जन्न वीतत्रनारमांनी ভडेकविशंग जंशरिश्ट्य हे छि-হাস লিপিবছ করেন নাই। তাঁহার শান্তিমর রাজছকালে মেবারে শিল্প ও স্থাপত্যবিষ্ণার ষথেষ্ট উন্নতি হইনাছিল। সেই সময়ে লাহালীরের মৃত্যু হয়। তথন সম্রাট্পুত্র খুরম্ भौतार है अवदान कतिरङ्खितन। **क**श्राप्तिः है जाहात निक्रे আপন ভাতাকে পাঠাইয়া সেই সংবাদ দিলেন এবং তাঁহাকে উদয়পুরে আহ্বান করিলেন। জ্বগৎসিংহের যদেই রাজপুতানার সকল নৃপতিই খুরম্কে সম্রাট্ট বলিয়া স্বীকার करत्रन। এই উপলক্ষে अन्नारिश्ह উদয়পুরস্থ বাদলমহল নামক প্রাসাদ স্থসজ্জিত করিয়াছিলেন এবং এই ভবনেই খুরম্ করদন্পতিগণ কর্ত্ব সর্ব্বপ্রথম শাহজহান নামে অভি-হিত হন। সমাট শাহজহান উদয়পুর হইতে বিদায়কালে ক্রতজ্ঞতার উপহারস্বরূপ জগৎসিংহকে একথানি বহুমূল্য মরকতমণি ও মোগলাধিকত পাঁচটা প্রদেশ প্রত্যর্পণ করিয়া যান। তিনি ঘাইবার সময় রাণাকে চিতোরের চুর্গপ্রাকার-গুলির পূর্ণসংস্কার করিতেও অনুমতি করিয়াছিলেন।

জগৎসিংহের যত্তে মেবারে বহুসংখ্যক অট্টালিকা নির্দ্ধিত হই মাছিল, তন্মধ্যে জগনিবাস ও জগমন্দিরই সর্ব্ধপ্রধান। জগনিবাস উদয়সাগরের তীরে ও সেই হুদের মধ্যবর্তী ক্ষুদ্র দ্বীপোপরি জগমন্দির নির্দ্ধিত হয়। কি ভিত্তি, কি ক্তম্ভ, কি স্থানাগার, কি তড়াগ, কি ক্তমিম করণা উক্ত হই প্রাসাদের সমস্তই মৃল্যবান মর্দ্ধরপ্রস্তরে নির্দ্ধিত। আবার বার ও বাতায়নাদি নানাবর্ণের কাচনির্দ্ধিত কবাটসমূহে পরিশোভিত, দেখিলেই নয়ন মন বিমুগ্ধ হয়। এতব্যতীত গহলোৎকুলের অভ্যাদয় হইতে একাল পর্যাস্ত্র যে সকল প্রাসিদ্ধ ঘটনা ঘটিরাছে, প্রাসাদের প্রকোষ্ঠসমূহে সেই সমস্তই চিত্রিত। দেখিলেই প্রক্ষত্ত বলিয়া বোধ হয়।

এ ছাড়া অংগংসিংহ মালবুরুজ, সিংহর্ণার ও ছত্রশাট প্রভৃতি অভ্যান্ত ভগ্নহান গুলির পুন: সংস্কার করিয়াছিলেন।

১৭১০ সম্বতে তিনি পরলোক গমন করেন এবং তাঁহার জ্যেষ্ঠপুত্র বীরবর রাজসিংহ সিংহাসনে অভিবিক্ত হন।

জগৎবিলাস নামক গ্রন্থে জগৎসিংহের সময়কার ইতিহাস কথঞিৎ বর্ণিত জাছে।

শ্রাকা শিবপ্রসালও কাপংশেঠ ফতেটাদের জ্যেষ্ঠ সংহারর রার ফ্রুপটালের বংশে কল্পরহণ করেন। ফ্রুপটালের পৌত্র দলটাদে ছহা-রাক্র ক্রেপটালের পূল্ল রাক্রা উত্তমটাদ, তংপুল বাবু গোপীটাদ, তংপুল রাক্রা শিবপ্রসাদ।

জগৎসিংহ অমনুদের একজন রাজা। মহারাজ প্রভাগ নিংছের প্রা: স্বাইলগৎসিংহ নাবে খ্যাত। প্রভাপনিংছের बुळा हहेरन ১৮०७ बुझारक हैनि बाजनन नाक करवन। এ সমরে সমত রাজপুতানা মহারাইদিগের প্রবন আক্রমণে নিভাত শোচনীর অবস্থার পতিত হইরাছিল। এই সময় মহারাইলেতা হোলকর ও সিদ্ধিরা এবং ছদান্ত আমীর খা প্রভতি পাঠানদক্ষা ভারতের নানাডানে অরাজকভা আরম্ভ कतिवाहिन। अवित्क हेंहे हैं शिवा काम्भानी वाकानाव पूर्व প্রভূপ স্থাপনপূর্বক ভারতের অপরস্থানে আধিপত্য বিস্তারে শ্রাসর। বুটীশ রাজনৈতিকগণ দেখিলেন এ সমরে রাজপুত রাজপণ নিতান্ত অবসর হইয়া পড়িডেছেন, এ সমরে মহারাষ্ট্র-দিগের অভ্যাচার হইতে সেই সমস্ত রাজ্ঞবর্গকে বুক্ষা করিবার আশা দিয়া ভাঁহাদের সহিত সন্ধিবন্ধনে আবদ্ধ হওয়া ভাঁহাদের পক विरमव ऋविशासनक। এই উদেখে वज्नां अदारन-मिन ১৮०० बुहोर्स ১२हे फिरमस्त यहात्राख सगरिंगरहत महिल সন্ধি করিলেন। এই সন্ধি অনুসারে মহারাজ জগৎসিংহ ইংরাজরাজের মিত্র বলিয়া গণ্য হইলেন এবং আপদে বিপদে পরস্পার পরস্পারকে সাহাধ্য করিতে প্রতিশ্রুত হইলেন। তংপরে কর্ণভয়ালিস বড়লাট হইয়া আসিলে তিনি ব্ঝিলেন যে দীৰ্ষসূত্ৰী রাজপুতরাজের সহিত ঐক্সপ সন্ধিসূত্রে বন্ধ থাকায় फाँहारमञ्ज दकाम नाक नाहे। असल महात्रास सगर्निः रहत्र दकान প্রকাশ্র দোষ না থাকিলেও ডাঁহার উপর বুথা দোরারোপ করিয়া সন্ধি ভক্ত করিলেন। সন্ধিভলের সংবাদ জনপুরে না ঘাইতে বাইতে বর্ড বেকের সহিত হোলকারের সমরানল প্রজনিত হয়। মহারাজ জনৎসিংহ সেই সমরে নর্ড নেককে যথেষ্ট সাহায্য করিয়া পূর্বস্থান রক্ষা করিয়াছিলেন।

পরে বধন সন্ধিভক্ষের প্রস্তাব হয়, তথন লওঁ লেক বিশেষ প্রাক্তিবাদ করিলেও সার জন্ধ বার্লো লওঁ কর্ণওরালিসের রাজনীতির অনুসরণ করিয়া সন্ধি বন্ধন বিচ্ছিন্ন করিলেন। মহারাজ জয়সিংহ তাহাতে বৃট্টশজাতির উপর অত্যন্ত বিব্রক্ত হইলেন এবং ইংরাজকে দ্বণা করিতে লাগিলেন।

সেই সময় মারবারের প্রধান সামন্ত পোকর্ণের অধিপতি স্বাইসিংছের সহিত মারবারপতি মানসিংহের দারুল মনোবিবাদ উপস্থিত হয়। চতুর স্বাইসিং পূর্বাতন মারবারপতি
ভীমসিংহের পূক্র রাজকুমার ধনকুলসিংহকেই মারবারের
প্রেক্কত উত্তরাধিকারী বলিয়া ঘোষণা করিলেন। কিন্তু তাহাতেও
তাহার অভীট মিনির পক্ষে স্ক্রিধা না হওয়ার মাহাতে
ক্রমপ্ররাজের সহিত মানসিংহের বিবাদ বাঁধে তাহারই পথ
পরিকার করিলেন। এ স্মরে মেবার্রাজকুরা কুঞ্কুমারীর

জনের কথা রাজপ্তানার প্রসিদ্ধ ইইরাছিল। [ কুক্রুমারী কেথা ] স্বাইসিং বজ্তাবে জগৎসিংছকে জানাইলেন, "রাণা ভীষসিংছের কলা কুক্রুমারী প্রমাস্থ্রী, আগনি ভাহাকে বিবাহ করিবার জল রাণার কাছে প্রভাব করুন।"

ইক্রিপ্রারণ জগৎসিংক লোকস্থা ক্রঞ্কুমারীর রূপের कथा श्वभित्रा प्रविनाद वहम्बा छेशकोकनमङ कांत्रिमस्य रेमछ ও বিবাহ প্রস্তাব উত্থাপন করিবার জন্ত একজন দৃতকে পঠিছি-লেন। পোক্ৰাধিপ ক্থন গুনিলেন বে, ক্ষপুর হইতে মেবার অভিবৃথে দৈল বাইতেছে, তিনি মাহবারপতি মানসিংহকে গিরাও ঐ কথা জানাইরা বলিলেন, "রাণা ভীমসিংতের ক্যার महिक कामारात मुख महाताक कीमिनिश्हन विवाद श्राखाव হইরাছিল। এখন শুনিতেছি, জয়পুরপতি জগৎসিংছ তাঁহাকে বিবাহ করিবার জন্ধ উপহার দ্রুব্য পাঠাইতেছেন। জগৎসিংহ यि क्रिक्सातीरक नाम करतन. जाहा हहेरन मान्यात्रतारकत আর কলভের সীমা থাকিবে না।" এ কথার মারবারপতির মন বিচলিত হইল, তিনিও চাত্রীকালে অভিত হইলেন। তিনি অবিলয়ে সামস্তগণের সহিত তিনহাজার সৈতা লইয়া ব্যালিত চুট্টালন এবং ক্ষমপুৰের সৈত্ত্বপথ মেবারে প্রবেশ করিতে না করিতে ভাহাদিগকে আক্রমণ করিয়া দ্রব্যাদি काफिबा नहरनम ।

এই সংবাদ পাইবা মহারাজ জগৎসিংহ আপনাকে অতিশর অপমানিত বোধ করিলেন এবং মানসিংহকে সমচিত দও দিবার অভ উত্তেজিত হইলেন। জগৎসিংহ ও মানসিংহে বিবাদ সংবাদ পাইরা চর্দান্ত মহারাষ্ট্রনারক সিদ্ধিয়া জগণ-সিংহের নিকট প্রাচুর অর্থ চাহিরা বসিলেন এবং অর্থ না দিলে তাহার সৃষ্টিত কোন ক্রমে কৃষ্ণকুমারীর বিবাহ হইতে निर्दर्भ मा, जोक्षेत्र छत्र दिश्वीहर्मम । अत्रश्रुत्रधिश शिक्षित्रात कथात्र कर्गाण कतिरमन ना। धिमरक मिसिता निक উरमण मिकित जड स्मरांत काक्रमां चाराम हरेला । तांगां कीम-দিংহ দিন্দিরার আসমনবার্তা পাইরা জরপুরপতির নিকট সাহায্য চাহিলেন, ভদকুসারে অগৎসিংহ একজন দুভসহ কএক बाजांव रेमक स्वताद्व शांठावेता वित्तान । मिकिका वांगा ভীমসিংহকে বলিয়া পাঠাইলেন বে. "ভিনি কোনক্রমে জগং-সিংছের সহিত নিক ক্ষার বিবাহ দিতে পারিবেন না।" স্থাণা জীমনিংহও তাঁহার প্রস্তাৰ অগ্রাহ্ত করিয়া নিজিরার প্রতিরোধে পতাসর হইলেন। কিন্তু ছার্দান্ত মিন্ধিরার আক্র-মণে লাগা ভীমসিংছের স্কল কোলল ব্যর্থ হইল, জিনি মহা-बाह्रेभिरभन अल्डाहान-लरम जनगरनम रेम्बर्काटक विमान निरल वाश इहेरनन ।

এদিকে মহারাজ জগৎসিংহ মানসিংহের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিরাছিলেন। সেই সময়ে চতুর স্বাইসিং কুমার ধনকুল-সিংহর্কে লইয়া জগৎসিংহের সহিত যোগদান করেন। জগৎ-সিংহ ধনকুলকে মারবারের প্রক্লত রাজা বলিয়া গ্রহণ করিবলন এবং জতি জল্লদিনের মধ্যে লক্ষাধিক সৈল্ল সংগ্রহ করিয়া মারবার জল্লে অগ্রসর ইইলেন। ইতিপুর্বের জন্মপুরের কোন রাজাই এত অধিক সৈজ্লের একজ্ল স্মাবেশ করিছে পারেন নাই, স্কুতরাং জগৎসিংহের সেই বিপুলবাহিনীসংগ্রহ

গালোলী নামক স্থানে জগৎসিংছ মানসিংহকে সম্পূর্ণক্ষপে পরাস্ত করেন, এই সময়ে মারবারের প্রধান সামস্তগণ সবাই সিংহের উদ্ভেজনায় সকলেই জগৎসিংহের পক্ষ হইয়াছিলেন। জগৎসিংহ ও অপরাপর নেতাগণ মানসিংহের শিবির লুঠন করিয়া প্রভৃত ধনরত্ব ও যুদ্ধসজ্জাদি লাভ করিয়াছিলেন। পরের সবাইসিংহের পরামশ মত জগৎসিংহ যোধপুর রাজধানী অধিকার করেন।

মানসিংহ হুৰ্গ মধ্যে আশ্রয় লইলেন। জগৎসিংহ ক্রমাগত ছয় মাসকাল পুর্গ অবরোধ করিয়া রহিলেন। কিন্তু তুর্গস্থিত গোলারর্ধণে তাঁহার বিস্তর দৈতা ক্ষয় হইয়াছিল। এই সময়ে জ্পৎসিংহের অধীনত আমীর খা নামে একজন দেনাপতি স্বাধীনতা অবলম্বন করিয়া মারবারের নানাস্থান লুঠন করিয়া যথেষ্ট অর্থ সঞ্চয় করিতেছিল, তাহাতে জগৎসিংহ আমীরখার উপর আরও বিরক্ত হইয়া তাঁহাকে শাসন করিবার ইচ্ছা করেন। আমীরখা জয়পুরপতির মনোভাব জানিতে পারিয়া জয়পুরে পলাইয়া যায় এবং সহসা হারপুরীয় সৈঞ্জিগকে আক্রমণ করিয়া অরক্ষিত রাজধানী লুঠন করিতে থাকে। মহারাজ জগৎসিংহ र्याधभूत इहेरल कहे मःवान कुनिरमन, क्वर आभनात রাজনীতি রক্ষা করা একাস্ত প্রয়োজনবোধে শিবির পরি ত্যাগ করিয়া চলিলেন। এই সময় রাঠোর-দৈত্যগণ তাঁহাকে আক্রমণ করিয়া সর্বাস্থ কাড়িয়া লইল। পুর্বেই যোধপুর অববোধে তাঁহার ধনাগার শৃক্ত ও বিস্তর দৈতা বিনষ্ট হইয়াছিল, এখন আরও হীনবল হইয়া পড়িলেন। যে কৃষ্ণারীর জক্ত এত ধনব্যু, এত সমর, জগৎসিংহের ভাগ্যে সে कुक्ककूमात्री-त्रक्र शांख इहेंग ना । अमिरक हांग-করের দৈয়াবর্গ বার বার জয়পুর রাজ্য আক্রমণ করিতে লাগিল, ছুরু ভ আমীরখাও হোলকরের নামে অনেক প্রদেশ ৰুয় ক্রিয়া চৌধশ্বরূপ দেই স্থানের আয় ভোগ করিতে লাগিল। সেই সময়ে জগৎসিংহের চরিত্র অত্যন্ত কল্যিত रहेबां किंग। तमकर्भुत नाटम अक यननीटक महेबा किनि উন্মত হইরা পড়িয়াছিলেন ৷ সেই বেখাকে তিনি অর্থেক রাজ্য ভাগ করিয়া দিয়াছিলেন। এমন 奪 মহারাজ স্বাই-অয়সিংহ যে সকল অমূল্য গ্রন্থ সম্বান ক্রিয়া হান, তাহার मकाश्म भवि तारे विश्वादक धानान करतन । तारे समाछ গ্ৰন্থ বিশ্বক হয় এবং বাৰ্বিলাদিনীর আত্মীমুগ্ৰ ধনসুস্তি বণ্টন করিয়া লয়। এমন কি যে কেহ সেই বেখাকে অবজ্ঞা করিত, ভাহাকেই অগংসিংহ বন্দী করিতে লাগিলেন। তাহাতে বীরচেতা রাজপুত-সামস্থগণ জগৎসিংহকে অন্তরের সহিত খুণা করিতে লাগিলেন। তাঁহাকে রাজ্যচ্যুত করিবার অভ বড়বল্ল চলিতে লাগিল। এই সময় তাঁহার কয়জন মিত্র রাজসন্মান রক্ষার জন্ম রসকর্পুরের চরিত্র সম্বন্ধে অতি ঘুণিত ব্যবহার অগৎসিংহের কর্ণগোচর করেন, জগৎসিংহও সহজেই সেই সকল বিশাস করিলেন। তিনি রসকপুরিকে যাহা যাহা দান করিয়াছিলেন সমস্তই কাডিয়া লইলেন এবং তাহাকে मामान वनीत नाम कातागारत वनी कतिया वाशितन।

এ দিকে বিলাতে কোর্ট অব্ ডিরেক্টারেরা জন্মপুরের সহিত কোম্পানীর দক্ষিভঙ্গ দদেহজনক বলিয়া পুনরায় জন্মপুরের সহিত সন্ধিরক্ষা করিবার জন্ম আদেশ করেন। কিন্তু এত বিপদে পড়িয়াও মহারাজ জগৎসিংহ ইংরাজের সহিত সন্ধি স্থানন সন্মত হন নাই, কিন্তু যথন দেখিলেন হুর্ত্ আমীরখা জন্মপুর আক্রমণ করিবার জন্ম মধুরাজপুরে আসিয়া গোলা বর্ষণ করিতেছে, এবং ইংরাজ কোম্পানী তাঁহার সহিত দন্ধি করিতে প্রস্তুত, তিনি তথন আর কালবিলম্ব না করিয়া সন্ধি করিতে বাধ্য হইলেন। এই সন্ধিপত্রেও পুর্বের সকল কথা রহিল, এ ছাড়া স্থির হইল যে, ২য় বর্ষে ৪ লক্ষ, ৩য় বর্ষে ৫ লক্ষ, ৪য়্থ বর্ষে ৬ লক্ষ, ৫ম বর্ষে ৭ লক্ষ ও ৬য়্ট বর্ষে ৮ লক্ষ টাকা দিল্লীর কোষাগারে হুটাশ গ্রমেণ্টকে দিতে হইবে।

ভারপর বরাবর তাঁহাকে ৮ লক্ষ টাকাই দিতে হইবে,
কিন্তু রাজ্যের আয় ৪০ লক্ষ টাকার অধিক হইলে ৮ লক্ষ
টাকা ব্যতীত বন্ধিত আয়ের বোল ভাগের ৫ ভাগ অভিরিক্ত
দিতে হইবে। সন্ধিতে জগৎসিংহ মিত্র রাজা বলিয়া
গণ্য হইলেও এইরূপে প্রকারাস্তরে তিনি অচতুর বৃটীশের
করদরাজ হইয়া পড়িলেন। ১৮১৮ খৃষ্টাব্দে ২রা এপ্রেলে এই
সন্ধি হয়, এই বর্ষে ২১এ ডিসেম্বর তারিথে তিনি ইহলোক
পরিত্যাগ করেন।

জগৎসিংছ, > বিসেন-বংশীর একজন হিন্দী কবি। গোড়া ও ভিন্নার রাজবংশে ইহার জন্ম। ইনি দেউবহা পরগণার তালুকদার ছিলেন ও শিব-অর্সেলা নামক কবির নিকট কাব্য শিক্ষা করেন। পরে হিন্দীভাষার ছন্দশৃদার ও দাহিত্য-স্থানিধি নামে একথানি সদ্ধার রচনা করেন। ইনি প্রায় ১৭৭০ খুটাকে বিছমান ছিলেন।

২ মউরাজ্যের একজন প্রবল রাজা, ইনি সম্রাট্ট শাহ-জহানের সহিত ভরানক বৃদ্ধ করিরাছিলেন। কবি গঞ্জীররায় এই বৃদ্ধকাহিনী উজ্জল ভাবার বর্গনা করিরা প্রিরাছেন। (J. As. Soc. Beng. XLIV.)

ও হরবংশীর সুকুন্দসিংহের পুত্র, ইনি একজন মহা বোদা। অরক্সিবের সমর জীবিত ছিলেন।

জ্বপ্রিংছ, ইতিহাসে ইনি জগৎরাজ নামে বিখ্যাত। বুল্লোথণ্ডের রাজা ছত্রশালের পুত্র। ইহারা চারি সহোদর—হৃদরসিংহ, জগৎক্রাজ, পাঞ্সিংছ এবং ভারতীসিংহ। রাজা ছত্রশাল
তাঁহার রাজ্য ছইভাগে বিভাগ করিয়া পঞ্চারাজ্য জ্যেষ্ঠপুত্র
হৃদয়সিংহকে এবং জৈতপুর রাজ্য বিভীয় পুত্র জগৎসিংহকে
প্রদান করেন। ভগুপড়, বোড়াগড়, বর্ষা, অন্ধরগড়, রণগড়,
জৈতপুর, চর্যারি প্রভৃতি স্থান জৈতপুররাজ্যের অন্তর্গত। জগৎ
রাজ জৈতপুররাজ্যে অধিষ্ঠিত হইলে ক্রন্থাবাদের নবাব মহস্থান বাল বুল্লোলখণ্ড জয় করিবার জন্ত দলীল খাঁ নামক
জনক সেনাপতিকে প্রেরণ করিবেন।

জগৎরাজ সলৈতে যুদ্ধার্থ বহির্গত হইলেন, নদপুরীর।
নামক স্থানে উভর সৈতে পরস্পার সাক্ষাৎ হইল। প্রথম
বাবের যুদ্ধে জগৎসিংহ ভয়ানক আহত হইয়া ভূমিশারী হইলে
তাঁহার রাণী অমরকুমারী সৈতাগণকে উৎসাহ দিয়া নিজে
যুদ্ধার্থ বাহির হইলেন। জগৎরাজ রক্ষা পাইলেন।

কিছুদিন পরে মৌএর যুদ্ধে দলীল খাঁ নিহত হইলে মুসলমানসৈক্ত ছত্রভঙ্গ হইরা প্রায়ন করিল। জগৎরাজ রাণী অমরকুমারীর প্রতি অতান্ত সন্তুষ্ট হইরা তৎপুত্র কীর্তিসিংহকে সিংহাসন দিবেন বলিরা প্রতিজ্ঞা করিলেন।

এদিকে দলীল খাঁর পরাজয়ের পর নবাব মহম্মদ খাঁ
ক্রোধে অধীর হইরা সদৈত্তে আবার ব্দেলথপ্ত আক্রমণ করিলেন। জগৎরাজ বহুবার পরাজিত হইরা পর্কতে আপ্রর লইলেন।
পরে পেশোবা বাজিবাওর সাহায্যে নবাবকে পরাস্ত করিরা
পুনরার রাজ্যলাভ করিলেন। ইহার কিছু দিন পরেই রাণী
অমরকুমারীর পুত্র কীর্জিসিংহের মৃত্যু হইল। জগৎরাজ কীর্ত্তির
পুত্র শুমানসিংহকে "দেওরান্ স্বায়ী" উপাধি প্রদান করিলেন।
অরদিন পরেই মহোবার নিকটবর্তী মোগ্রামে জগৎরাজ উৎকটরোগে ১৮১৫ সম্বতে (১৭৫৮ খুঃ অঃ) পরলোক গমন করেন।
তাহার পাঁচ পুত্র জন্মে—পাহাড্সিংহ, কেশরীসিংহ, সিনপতসিংহ, বিহারসিংহ এবং রাণী অমরকুমারীর গর্ভজাত কীর্জিসিংহ।

জগৎসিংহপুর, উড়িব্যার কটকজেলার অন্তর্গত একটা গগুগ্রাম। অকা ২০ ১৫ ৫০ উ:, জাখি ৮৯ ১২ পু:, মাহর্গাও থালের ধারে অবস্থিত। এথানে প্রায় ছই হাজার লোকের বসবাস আছে।

জগৎসেডু (পুং) জগতঃ সেডুরিব ৬তং। ১ পরমেশ্বর। পক্ষেপুর সং।

क्रशम ( प्रः ) वक्क, भागक।

"বংসো জগদৈঃ সহ বহুংশ্চ রুদ্রানাদিত্যান্।" (পারস্বরগৃং ৩।৪) জগদস্তক ( পুং ) জগতামস্তকঃ ৬তং । জগদ্বিনাশক, মৃত্যু

"উच्चमा भूनः स्थानकको सकम्।" ( छाश्ये । । । ।

জগদস্থা (জী) লগতো হয় ১৩৭। হুর্গা।

क्षशमिक्। (जी) कनम्या-चार्थ कन्-छान् इंचक । इनी।

"সৃষ্টিছিভিবিনাশানাং বিধাত্রী জগদিকা।" (ভগবভীগীতা) জগদাদি (পু:) জগভ জাদিঃ কারণম্ ৬তৎ। ১ পরমেশ্বর। ২ এক্ষাদি। "জগদাদিরনাদিক্তং।" (কুমারসং)

জগদাদিজ (পুং) জগতাং আদৌ হিরণ্যগর্জরপেণ জারতে প্রাহর্ভবৃতি জন-ড উপসং। প্রমেশ্বর।

"প্রাক্তিক্সকাং ভোক্তা সহিষ্ণুর্জগদাদিকা:।" (বিষ্ণুসণ)
জগদাধার (পুং) জগত আধার: ৬তং। > বায়ু। (দলচক্রিকা)
২ জগতের আশ্রর। "কালোহি জগদাধার:।" (তিথিতব)
জগদানক্দ (পুং) জগত আনক্ষ:। > পরমেশ্রর। ২ কএকজন সংস্কৃত গ্রন্থকার—একজন কবি, পদ্যাবলীতে ইহার কবিতা
উদ্ভ হইরাছে। একজন বিখ্যাত নৈরায়িক। এক ব্যক্তি
ক্রত্যকৌমুদী নামক শ্বতিসংগ্রহ করিরাছেন। অপর একজন
১৬৪৩ খুটাকো কাশীধামে কৌলার্জনদীপিকা রচনা করেন।

জগদায়ু (পুং) জগতামায়ু: প্ৰোদরানিং সকারবোপ:। জগৎপ্রাণ, জগতের জীবন।

"অহং কেশরিণ: কেত্রে বায়ুনা জগদায়ুনা।"(ভারং ৩।১৪৭ অ:)
জগদায়ুস্ (ক্লী) জগত আয়ু: ৬তং। জগৎপ্রাণ, জগতের জীবন।
"বায়ু বা বিপদাং শ্রেষ্ঠ: কথিতো জগদায়ুবা।"

(ভারত ১০।৩৪০ অ: )

জগদীশ (পুং) জগতামীশ: ৬তং। ১ বিষ্ । ২ বিধাতা। (কুমার ২।৯)

৩ শূলপাণির শ্রাদ্ধবিবেকের ভাবার্থলীপিকা নামে টাকাকার। ৪ খুটার বোড়শ শতান্ধীর একজন হিন্দী কবি।

জগদীশ তর্কালক্কার, অপ্রসিদ্ধ নৈয়ারিক, দীধিতিগ্রাছের অক্তম টীকাকার। চৈত্তলদেবের খণ্ডর সনাতনমিপ্রের অধন্তন চতুর্থ পুরুষ। পুরুষ গণনার হিসাবে ইহাকে চৈতজ্ঞের স্থানাধিক শত বংসর পরবর্তী শীকার করা হাইতে পারে। মৰবীপে জগদীশের বংশধরেরা আজিও বর্ত্তমান আছেন, পুরুষ গণনার জগদীশ হইতে এখন ১০।১১ পুরুষ পাওয়া যায়। ইহাতে তাঁহাকে ৩০০ বংসরের পূর্ববর্তী বলিতে কোন আপত্তি হইতে পারে না।

অপদীশের পিতার নাম বাদবচক্স বিস্থাবাগীল। ইহারা পাশ্চান্ত্য বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ। বাদব একজন প্রধান বৈরারিক ছিলেন, তাঁহার পাঁচপুত্র, তন্মধ্যে অগদীল তৃতীয়। বধন অগদীশের বর্ষ ৫।৭ বংসর, তথন তাহার পিতৃবিয়োগ হর। অগদীশ বালককালে অত্যন্ত তৃই স্বভাব ছিলেন, পিতৃবিরোগে তাঁহার ছর্ত্তা আরও বাড়িয়া উঠিল। তাঁহার জ্যেষ্ঠ বন্তীদাল তাঁহাকে অনেক তিরস্কার করিতেন, কিন্তু অগদীশ তাহাকে বড় একটা গ্রাহ্ম করিতেন না। তুর্ত্তার মধ্যে পক্ষিশাবক ধরা একটা প্রধান রোগ ছিল।

কোন এক দিন জগদীশ পক্ষিশাবক পাড়িবার মানদে এক প্রকাও তালগাছে আরোহণ করিয়া ছানা বাহির করিবার জন্ম পাথীর বাসায় হাত ঢ্কাইয়া দিলে এক প্রকাও সর্প ফণা বিস্তার করিয়া তাহাকে দংশন করিতে উন্থত হইল। এই আক্সিক বিপদে জগদীশ বিচলিত হইলেন না, আর কোন উপায় না দেখিয়া দৃঢ়মুষ্টিতে সর্পের মুথ চাপিয়া ধরিলেন। তথন সাপও লেজ দিয়া তাহার হাত জড়াইয়া ধরিল; কিন্তু জগদীশ ইহাতেও ভীত হইলেন না। তালবুকের ধারাল প্রান্তে ঘর্ষণ করিয়া সাপের গলা কাটিয়া মুখটীকে দুরে নিকেপ করিলেন এবং অক্ষতশ্রীরে বুক্ষ হইতে অবতরণ ক্রিলেন। এক জন সর্যাসী জগনীশের অসাধারণ সাহস ও তীক্ষবৃদ্ধির এইরূপ পরিচয় পাইয়া ভাছাকে নিকটে ডাকিয়া অনেক উপদেশ দিতে লাগিলেন ৷ জগদীশও এই বিপদের সময়ে মনে মনে প্রতিজ্ঞা করিয়া ছিলেন যে, এ যাত্রায় রক্ষা পাইলে এমন কার্য্য আর कथन ७ कतिरान ना, এখন সন্ন্যাসীর कथाय छाँ हात्र निकटि च्यशायन कतिए क्रुडिंगः कह हरेलन।

জগদীশ যথন অধ্যয়নে প্রবৃত্ত হন, তথন তাহার বয়স
অষ্টাদশ বংসর। এখনও তাঁহার বর্ণপরিচয় হয় নাই। জগদীশ প্রগাঢ় পরিশ্রমে দিবারাত্রি অবিশ্রাস্ত অধ্যয়ন
করিতে লাগিলেন এবং অতি অয়কাল মধ্যেই ব্যাকরণ ও
কার্যাদি পাঠ সমাপ্ত করিলেন। এই সময়ে জগদীশ অক্ল
হংপ্লাপরে জালমান, রাত্রিতে তৈলাভাবে তাহার পাঠ হইত
না। তজ্জ্ঞা তিনি বাশের পাতা জালিয়া তাহার আলোকে
অধ্যয়ন করিতেন। এইরূপ হৃংধে পড়িয়াও জগদীশ অধ্যরন পরিত্যাগ করেন নাই, সর্ম্বদাই অবিচলিত অধ্যবসায়ে
অধ্যয়ন করিতে লাগিলেন।

কাব্যাদি পাঠ শেব হইলে ক্মপ্রদিদ্ধ অধ্যাপক ভবানন্দ সিদ্ধান্তবাগীশের চতুশাঠীতে স্থার অধ্যরন করেন। তিনি আপনার প্রতিভাবলে অরকান মধ্যেই সমস্ত স্থারশাত্র অধ্যরনে বিশেষ ব্যুৎপত্তি লাভ করিরা চতুশাঠীর মধ্যে সর্ব্ব প্রধান হইরা উঠিলেন। এই চতুশাঠীতে পাঠ সমাপ্ত করিরা জগদীশ সিদ্ধান্তবাগীশ কর্ত্বক তর্কাল্যার উপাধি প্রাপ্ত হুইলেন।

তিনি নবৰীপে একটা চতুশাঠা খুলিতে ইচ্ছা করেন, কিছু
অর্থাভাবে কিছুদিন তাঁহার সেই বাসনা পূর্ণ হর নাই। পরে
গ্রামস্থ লোকের সাহায্যে তাঁহার চতুশাঠা স্থাপিত হর।
অর্নিন মধ্যেই তাহার চতুশাঠা রুম্কাইরা উঠিল, দেশ বিদেশ
হইতে অসংখ্য ছাত্র আসিরা তাহার চতুশাঠা পূর্ণ করিল।
তাঁহার পূর্বে দীধিতিগ্রন্থ অনেক স্থলে অনেকেই হুদরকম
করিতে পারিত না, এই কারণে অধ্যয়নের বাাঘাত হইত।
জগদীশ সেই অভাব পূরণ করিবার জন্ম দীধিতির টীকা
রচনা করেন। তৎকৃত অনুমানদীধিতি টীকার মঙ্গলাচরণ
ক্ষোক এই—

"প্রাট্যেরস্থতিতবিবিধক্ষোদৈঃ কলুবীক্কতোহধুনা। দীধিতিযুত্মণিবেষ শ্রীক্ষগদীশ প্রকাশিতঃ ক্ষুর্ডু ॥"

লোকপরম্পরায় শুনিতে পাওয়া যায় যে, এই সময়ে জগদীশ অর্থাভাব পূরণ করিবার জন্ত ৩৬০ ঘর শুদ্র শিঘ্য করেন।

कशनीम यथाकरम अनुमाननीधिजित ठर्क, नामाछाडाव. ব্যপ্তামুগম, দিংহব্যাঘ, পক্ষতা, উপাধিবাদ, টিপ্পনী এবং वाश्रासमानमीधिकित असमिकि, वााश्रिभक्षक, मिश्हवााधी, পূর্ব্বপক্ষ, সিদ্ধান্তলকণ, বাধিকরণ ধর্মাবিছিয়াভাব, অবচ্ছেদক নিক্লজি. বিশেষ নিক্লজি বা ব্যাপ্তিগ্রহোপায়, অতএব চতুর্চম-তর্ক, সামাগুলক্ষণা, সামাগুভাব, পক্ষতা, পরামর্শ, কেবলাম্বনী, কেবলবাতিরেকী, অম্বর্বাতিরেকী, বাধ, অসিদ্ধি, সংপ্রতিপক্ষ, वााश्चारूनम, व्यस्त्रभारहाती, व्यवस्त, ह्यां छात्र, नाधात्रन, স্ব্যভিচারী প্রভৃতি, দীধিতিপ্রকাশিকার টিপ্পনী, গঙ্গেশোপাধ্যায় ক্বত অহুমানমযুথ গ্রন্থের ভাষ্য, প্রশস্তপাদ আচার্য্যের ক্বত বৈশেষিক ক্রের দ্রব্যভাষ্যের টিপ্লনী, শিরোমণি ক্লভ ন্তার-नीनावजीश्वकांभ-तीरिंजि श्रास्त्र ग्रीका ও भसमञ्ज्ञिश्वकांभिका त्रह्मा कतिया श्रायक्षशट व्यमाधात्र कीर्किनां कतितन्त । ইহা ছাড়া ইহার ক্বত তর্কামৃত গ্রন্থ এবং রহস্তপ্রকাশ নামে কাব্যপ্রকাশের একথানি টীকা পাওয়া যায়। নবৰীপের পণ্ডিত হরিনাথ তর্কসিদ্ধান্তের ঘরে হন্তলিথিত একথানি "কাব্যপ্রকাশ রহস্তপ্রকাশ" আছে। পুথির শেষে লেখকের বাক্যাত্মসারে জানা যায় যে ১৫৭৯ শকে ঐ পুত্তক লিখিত হয় এবং সই সেময় পর্যায় জগদীশ তর্কাল্যার জীবিত ছিলেন (১) । জগদীদের ছই পুত্র রতুনাথ ও ক্লেম্বর উভরেই পরম পঞ্জিত ভিলেন।

জগলীশ প্তিত মহাপ্রভু চৈড্ডানেবের একজন প্রধান পরি-कत्। देवकवकवि चानचठळ नाम जाभवजानत्मत्र चारमरण "কগদীশচরিত্রবিজ্যু" রচনা করেন, এই গ্রন্থে লগদীশ পণ্ডি-তের জীবনী বিস্তৃতভাবে বর্ণিত আছে। তৎপাঠে জানা याय-श्रक्तांत्राय अधेनाताय्ववरान ( श्रवच्छ ) कमलाक वन्त्रा वात्र করিতেন, জাঁহার পত্নীর নাম ভাগাবভী। এই ভাগাবভীর গর্ডে বৈষ্ণবপ্রধান জগদীশ পণ্ডিত জন্মগ্রহণ করেন। জগদীশ বালাকাল হইতে সর্বাদাই ক্লঞ্জ ক্লঞ্চ বলিয়া কথন হাসিভেন, कथन काॅनिएउन, जातात्र कथन कृष्णमृश्चि शिष्ट्रशा तथना कति-তেন। পাঠে তাঁহার তেমন মনোযোগ ছিল না, কিন্তু গুরু-महानग्र यथन (य अन्न कतिरकन, अनागारम्हे काहात केवत দিতেন। আট বহুৰ্য তিনি অনেক শাস্ত্র পাঠ করেন, এই সময় জীমত্তাগবত পাইয়া তাঁছার মনে ক্লডভক্তি আরও প্রবল হইয়া উঠে। এই সময়ে তিনি সকলের নিকটই ভব্জিতত্ত্বের প্রাধান্ত স্থাপন করিবার জন্ম বিশেষ যন্ত্রবান ছিলেন। কিছু দিন পরেই জগদীশ একজন মহাপণ্ডিত বলিয়া খ্যাত হইয়া পড়িলেন। জাঁহার টোলে অনেক ছাত্র আসিতে লাগিল। তিনি তাঁহাদের শিক্ষা দিতে লাগিলেন এবং মধ্যে মধ্যে তাঁহাদের লইয়া নাম-সংকীৰ্ত্তন করিতেন। তথনও চৈত্রসন্ধেৰ আবিভূতি হন নাই।

জগদীশের এক ভাই ছিল, তাঁহার নাম মহেশ পণ্ডিত। জগদীশ তপনের কন্তা ত্থিনীকে বিবাহ করিয়াছিলেন। পিতামাতার মৃত্যুর পর তিনি ছোট ভাই ও ভার্যাকে লইয়া গঙ্গাতীরে নব্দীপে আদিয়া বাস করেন।

তিনি চৈতন্তের শিতা জগন্নাথের গৃহের নিকটেই বাস করিলেন। এথানে জগন্নাথ মিশ্র ও ছিরণ্যভাগবভের সহিত জগদীশের বেশ আলাপ হইল। ছিরণ্যভাগবতের সহিত তিনি সর্বাধাই ক্লফাপ্রসঙ্গ করিতেন।

যথাকালে চৈতক্সদেব জন্মগ্রহণ করেন। জগদীশের পত্নী ছথিনীর সহিত শচীঠাকুরাণীর প্রাণয় ছিল, এখন উভয়েই নিমাইকে লাকন পালন করিতে লাগিলেন।

এক দিন একাদশী। জগদীশ মিত্র হিরণ্যভাগবতের সহিত একাদশী ব্রত করিলেন। সেইদিন নিমাইচাঁদ কাঁদিরা আকুল, বলিলেন "জগদীশ ও ছিরণ্য একাদশী ব্রত করিয়াছে, ভাহার। হই মনে বিষ্ণপুজা করিবার জন্য নৈবেছ সাজাই-মাছে, দেই নৈবেছ আনিরা দাও, ভবে আমি চুপ করিব।" শচীমাভা নিমাইএর কথা গুনিরা থেদ করিতে লাগিলেন, এদিকে হই বিপ্র বালকের কথা গুনিয়া তৎক্ষণাৎ নৈবেছ আনিয়া নিমাইকে খাইভে দিলেন।

পর একাদশীর দিন বালক নিমাই আপনি গিয়া জগদীশের বাড়ীতে উপস্থিত হইলেন, দেখিলেন জগদীশ ক্লেকর উদ্দেশ্তে নৈবেছা অর্পণ করিয়া এক মনে ক্লক্ষের ধ্যান করিতেছেন। এই স্থবাগে নিমাই নৈবেছের ফল ধাইতে বসিলেন। জগদীশ ধ্যানাত্তে চাহিয়া দেখেন, নিমাইচাঁদ বেশ আহার করিতেছেন। তথন ভিনি নিমাইকে আপন ইউদেব ভাবিয়া সাউালে প্রণিপাত করিয়া কত ত্তব স্থতি করিতে লাগিলেন। নিমাই কহিলেন, "আপনি রন্ধ, মহাপণ্ডিত। আমি ক্ষুদ্র বালক, আমাকে এক্লপ ত্তব স্থতি করা আপনার উচিত নহে।" এই সময়ে জগদীশের পত্নী হুথিনীদেবী সেধানে আসিয়া দেখিলেন.—

"ধ্বজ বজাৰুশ চিহ্ন পদতলে শোহে।
চারিভূজ শব্দ চক্র গদাপদ্ম তাহে।
বক্ষস্থলে বনমালা কটিতটে ধড়া।
ললাট অলকার্ত তহুপরি চূড়া॥ (জগদীশচ ৭ আঃ)

দেখিয়াই ছখিনী মুচ্ছিত হইয়া পড়িলেন। কণপরে জ্ঞান হইলে পতীপদ্ধী উভয়ে মিলিয়া নিমাইএর পূজা করিতে লাগি-লেন। তথন বালক নিমাই এইরূপে আত্মপরিচয় দিলেন—

ভূমি দোঁহে মোর পারিবদ ছিলা পূর্বে। ভকত হইরা জন্ম লভিয়াছ এবে।

ভোমা সহ মিলিলাম স্বার অগ্রেভে।

তবে সর্ব্ধ ভক্তসহ মিলিত পশ্চাতে ॥

মিলি সব ভাগবত ধর্ম আচরিব।

হরিনাম সংকীর্ত্তন প্রচার করিব n

विषयात्व मछ और आरम् कनिकारन।

হরিনাম দিয়া আমি তারিব সকলে ॥" ( জগদীশচং )

এইরূপে চৈত্তক্তের সহিত জগদীশের মিলন হইল। পরে গৌরালের নামসংকীর্জন কালে জগদীশ তাঁহার সহিত যোগ দিলেনা [চৈতক্তচক্র দেখ।]

কিছুদিন পরে তিনি চৈতস্থাদেকের অসমতি লইর। নীলাচিলে গমন করেন। এখানে তিনি অগলাথের প্রেমে বিমুগ্র হইয়া পড়েন। ভগবান্ জ্যোতির্ময় নীলকাস্তমণিমর্ক্রপে তাঁহাকে দেখা দেন। তিনি প্রেমে গদ্ গদ্ হইয়া জগলাথ-দেবকে বলিয়াছিলেন—

<sup>(&</sup>gt;) "পাকে রজুনজি বাণকিভিপরিগণিতে মাধ্যানে দক্ষ্যাং পকে চৈবাৰলকে এইপতিদিবনে জীববুগ্ বুগালগ্নে। ন্যালালভারধীরো নিজভুলগচিতং পুভ্নেত্ব সম্ভং বীরং বীল্লাভো ব্যালিগভ্নদলসেহে গ্যাপনার্থং সুবেক্ ঃ

"ভোমার যে কলেবর, আছরে বৈকুঠস্থল,
মন্দিরের উত্তরাংশে।
বদি তব আজ্ঞা পাই, সেই মূর্দ্তি লই যাই,
সেবা প্রকাশিব গোড়দেশে॥"
তথন ভগবান্ ভক্তকে কুপা করিরা বলিরাছিলেন—
"অদিকার করিল্ঁ তোমার।
চলি যাহ একেশ্বর, লই মোর কলেবর,
যেই স্থানে তব ইচছা হয়॥" (জগদীশচরিত্র ৮ ব॰)
পরে জগদীশ পণ্ডিত জগরাধমূর্ত্তি আনিয়া জসোড়াগ্রামে
স্থাপন করিলেন। জসোড়ার রাজা দেবসেবার জন্তু জগদীশকে
আনেক ভূমি দান করিলেন, এখানে পণ্ডিত পত্নী ও ল্রাতাকে
আনাইরা বাদ করিতে লাগিলেন। অর দিন পরেই মহেশ
পণ্ডিতের বিবাহ হইল, তিনি শ্রুরালয়ে গিয়া বাদ

ষ্থাকালে জ্বনোড়াগ্রামে জগদীশ পণ্ডিতের তিন পুত্র জিমাল। এক দিন চৈতভাদেব নিত্যানলকে সঙ্গে করিয়া গ্রহে আসিয়া উপস্থিত হইলেন। আনন্দদাস লিখিয়াছেন. এখানে চৈত্রজনের প্রমাল থাইতে ইচ্ছা করেন। জগদীশের গৃহিণী চৈতত্ত্বের আগিমনে আনন্দে বিহবল হইয়া রন্ধন করিতেছিলেন, দেই সময় মহাপ্রভু জগদীশকে বলিয়া-ছিলেন, "আমার বড়ই হাত জালা করিতেছে, তুমি রন্ধন-শালায় গিয়া ঔষধ আন।" জগদীশ রন্ধনশালায় আসিয়া দেখিলেন, ছখিনী দেবী কাঠির পরিবর্তে নিজ হস্ত ধারা প্রমান্ন নাডিতেছেন, তাহাতে তাহার ক্রকেপ নাই। জগদীশ বুঝিলেন যে এই জক্তই মহাপ্রভুর হাতে জালা করিতেছে। তিনি পদ্মীকে ডাকিয়া বলিলেন, "তুমি হাত দিয়া রাঁধিতেছ, হাত যে পুড়িয়া যাইবে।" এতক্ষণ ছথিনীর জ্ঞান ছিল না। তিনি কিছু অপ্রস্তত হইয়া হাত সরাইয়া শইলেন এবং কহি-লেন, "আমার হাতে ত কিছুই লাগে নাই।" জগদীশ কহিলেন, "ভোমার লাগে নাই বটে, কিন্তু ভক্তবৎসল মহা-প্রভুর হাত জালা করিতেছে।"

চৈতক্সদেব মহাপরিতোবে প্রমায় ভোজন করিলেন।
তথন পৌষ মাস, নিত্যানল সেই অকালে জগদীশের নিকট
আম খাইয়া প্রম প্রিতোষ লাভ করিলেন। এথানে উভয়ে
কিছুদিন থাকিলেন। সেই সময়ে জগদীশের বিফুদেরী তিন
পুজের মৃত্যু হয়। চৈতক্সদেব ছ্থিনীকে সান্ধনা করিয়া
চলিয়া আসিলেন।

জগদীশ এক গোরাক্ষমৃতি স্থাপন করিয়া তাঁহার পূজা ক্রিতে লাগিলেন। সেই মূর্তির নাম হইল গোরগোপাল। কৰি আনন্দলাস লিখিয়াছেল, সেই গৌরগোপাল মুর্ভি ছখিনী দেবীকে মা বলিয়া ভাকিতেন ও দেবী উাহাকে কোলে লইয়া ভঙ্গাল করাইতেন। চৈতভাদেব শান্তিপুরে অহৈতের গৃহে সেই কথা প্রকাশ করেন এবং সমূর্তি দেখিবার জন্ত আর একবার জলোড়ার আগমন করিলেন।

চৈতক্সকে দেখিয়া ছখিনী দেবী গোরগোপাল মূর্ত্তি লুকাইয়া রাখিলেন। নিত্যানন্দ ও চৈতক্সদেবের আহারের অক্ত কুইখানি আসন পাতা হইলে চৈতক্তদেব বলিলেন, "পণ্ডিত। শুনিলাম এক ভাষর আসিয়া আমার মূর্ত্তি গড়িয়া গিয়াছে, তুমি তাহাকে আমি ভাবিয়া পূজা কর, সেই মূর্ত্তিও নাকি ছখিনী দেবীকে মা বলিয়া ডাকে। তাহার জন্ম একথানি আসন পাতিয়া দাও। তাতে আর আমাতে ভেদ নাই। সেই মূর্ত্তি বাহির করিয়া আন, আমরা তিনজনে একস্থানে ভোজন করিব।"

জগদীশ গৌরগোপালমূর্ত্তি বাহির করিলেন। নিত্যানন্দ সেই মূর্ত্তি দেখিয়া অবাক্ হইলেন। একবার চৈতন্তের দিকে চান, একবার মূর্ত্তি দেখেন। উভয়ে কোন প্রভেদ দেখিতে পাইলেন না। তিনজনের ভোগ হইল, জগদীশ শেষে প্রসাদ পাইলেন। তৎপরে চৈতন্ত ও নিত্যানন্দ নিদ্রিত হইলেন। নিত্যানন্দ নিদ্রাভলে দেখিলেন, গৌরগোপাল হুখিনীর কোলে থাকিয়া মাতৃসম্বোধন ও তত্ত্বপান করিতেছে। তদ্দশনে নিত্যানন্দ আপনাকে ধহা মনে করিলেন।

প্রভাত হইল, চৈতন্তাদেবও ছ্থিনীকে "মা" সংখাধন করিয়া কহিলেন, "ভোমার গৃহে ছই গৌর রহিয়াছে, এক গৌরের নীলাচলে যাইবার ইচ্ছা। একজনকে বিদায় দিন।" গৌরের গমনের কথা শুনিয়া ছ্থিনী তৎক্ষণাৎ গৌরগোপালকে কোলে লইলেন। গৌর তাঁহার মনের ভাব ব্ঝিয়া মিষ্ট কথায় সম্ভ্রষ্ট করিয়া নিত্যানন্দ সঙ্গে জ্গোণা পরিত্যাগ করিলেন। (জগদীশচ°৮ বঃ)

কিছু দিন পরে চৈতভাদেব নীলাচলে আসিলেন, এথানে আসিয়া তিনি জগদীশকে ডাকিয়া পাঠাইলেন। জগদীশ নীলাচলে গিয়া চৈতভাৱ চরণবন্দনা করিয়া নিজ প্রামে ফিরিয়া আসেন। নীলাচলে গৌরচক্র ভগবান্ আচার্য্যকে বলিয়াছিলেন যে, তোমার পুত্র হইলে তাহার রঘুনাথ নাম রাখিবে এবং তাহার শিক্ষা ও দীক্ষার জন্ম তাহাকে জগদীশ পণ্ডিতের নিকট রাথিয়া দিবে। তদমুসারে বৃদ্ধ জগদীশপণ্ডিত বিথ্যাত রঘুনাথা-চার্য্যের গুকু হইয়া তাঁহাকে রাধাক্ষক মদ্রে দীক্ষিত করেন। [রঘুনাথাচার্য্য দেখা]

জগদীশপণ্ডিতের উক্ত তিন পুরের মৃত্যুর পর বৃদ্ধ বর্ষে এক পুত্র ও এক কভা হইয়াছিল, সেই পুরের নাম রামভজ ও কল্পার নাম রসমঞ্জী। নিত্যানন্দের দৌহিত্র ও সাধবের পুত্রের সহিত রসমঞ্জীর বিবাহ হয়।

পৌষমানে শুক্ল-ভৃতীয়ার দিন অগদীশ পশুত অন্তর্ধান করেন। গোড়ীর বৈক্ষব মাত্রেই এখনও অগদীশকে বিশেষ ভক্তিশ্রদ্ধা করিয়া থাকেন। উক্ত শুক্ল-ভৃতীরার দিন এখনও একটা বৈক্ষবপর্ম বলিয়া খ্যাত। অগদীশ-ভক্তগণ ঐ দিন অগদীশ পশুতের পূজা করিয়া থাকেন।

জগদী শৃপুর, অবোধ্যার স্থলতানপুর কেলার অন্তর্গত (মুসাফর ধানা তহসীলের) একটা পরগণা। ইহার পশ্চিমদিকে গোমতী নদী প্রবাহিত। পরিমাণ ১৫৫ বর্গমাইল। লোক-সংখ্যা প্রায় ৯৫০০০। ভর রাজাদিগের আধিপত্যকালে জগদীশপুর সাতন ও ক্লফী নামে হুই পরগণাতে বিভক্ত ছিল। মুসলমানেরা ভরবংশ উচ্ছেদ করিবার পর হুইতে হুই পরগণা এক হুইয়া জগদীশপুর নামে অভিহিত হুইয়া আসিতেছে। এই পরগণাতে সর্বান্তর ১৬৬ ধানি গ্রাম আছে।

ইহার প্রধান নগর নিহালগড়। জগদীশপুর হইতে একটা বাঁধা রাস্তা রায়বরেলী এবং ফরজাবালে গিরাছে। এথান হইতে উংপর শক্ত, বস্ত্র এবং অঞ্চ নানাবিধ দ্রব্য বিদেশে রপ্তানি হইরা থাকে। ফরজাবাদের রাস্তা এবং গোমতী নদী ছারা বাণিজ্যের বেশ স্থবিধা হইরা থাকে।

ं জগদীশপুর, বিহারের অন্তবর্ত্তী শাহাবাদ জেলার একটা নগর। ইহার পরিমাণ ৬৫১৮ একর। লোকসংখ্যা প্রায় ১২,৪৭৫। ১৮৫৭ খুষ্টাব্দের সিপাহি-বিজ্ঞোহের সময়ে এই নগর কুমার সিংহ নামে একজন ক্ষত্রির রাজার অধীনে ছিল। জগদীশ-পুরের উত্তরপূর্ব্বদিকে প্রার ১৪ মাইল দুরে নালন্দা বা বড়গাঁ। व्यविष्ठ। नामना পूर्वकारम এकी ममुक्तिमानी वोक नगत ছিল, এখন তাহার ধ্বংসাবশিষ্ট প্রকাণ্ড প্রকাণ্ড স্তৃপ মাত্র দৃষ্ট হইয়া থাকে। অগদীশপুরের অতি নিকটে এইরূপ একটা প্রকাপ্ত জুপ দেখিতে পাওয়া যায়, ইহার পরিমাণ প্রায় ২০০ वर्ग कि । এই खुन्नी अधिक উচ্চ नट्ट, क्वन पिक्नन्त्र-ভাগ १ • বর্গ ফিট্। এই স্তুপের দক্ষিণদিকে একটা বৃহৎ নিম্ব বুক্ষ আছে। বৃক্ষের নিম্নে অনেকগুলি প্রস্তরপোদিত প্রতি-मुर्खि (मिथिएक পां अत्रा यात्र)। हेरात्र मत्या এक नै मुर्खि (वांध-গয়ান্থিত বোধিবৃক্ষতলে উপবিষ্ট বৃদ্ধদেবের মূর্ত্তির মত। कानीमश्रुव श्रेटिक प्रार्टिक पूर्व प्रभूश्रव। शंकातियांग स्क्रकात्र অন্তর্গত করহারবাড়ী হইতে পাথুরে করলা আনরন অন্ত মধুপুর হইতে করহারবাড়ী পর্যান্ত একটা কুদ্র রেলওয়ে লাইন शिवाहि। कश्मीमश्र वह गहित्तव वक्षी हिमन।

জগদীশপুর নিহালগড়, অবোধ্যাপ্রদেশের স্থশতানপুর

জেলার জন্তর্গত জগদীশপুর প্রপণার প্রধান নগর। ইছার লোকসংখ্যা প্রায় ২০০০ গ নগরটা; জুক্ত। এখানে একটা গবর্মেন্ট বিভালর আছে।

জগদীশ্ব (পু:) লগভামীশ্বঃ ৬তং। [লগদীশ দেখ।]

क्रशनीश्वती (जी) जगनीश्वत-डील्। क्रावकी, नार्सकी।

জগদেকনাথ (পু:) জগত একে ছবিতীরো নাথ:। জগতের প্রধান অধীবর, সম্ভাট্, একছত্ত ধরণীপতি।

জগদেব, ইহার অপর নাম জগদেব ও অিভ্বনমল। দাকিগাত্যে মহিন্ত্র প্রদেশে শাস্তরবংশীর একজন রাজা। খুটার

দাদশ শতালীর মধ্যভাগে ইহার প্রাহ্রভাব। জগদেবের

শিতার নাম কাম এবং মাতার নাম বিজ্ঞানাদেবী। ইহারা

হই স্হোদর, কনিছের নাম সিংহদেব। জগদেবের পুত্রের নাম
বন্মরস। শাস্তরবংশীয়রাজগণ চালুক্যরাজাদিগের অধীনে করদ

হিলেন। এক দিন জগদেব চালুক্যভুপতি তৈলের আদেশে
ওরক্লের নিকটবর্তী অনুমকুও আক্রমণ করেন। কিন্তু যুদ্ধে
পরাজিত হইয়া পলাইয়া যান।

জগদেব প্রমার, ভক্তমানগ্রন্থ বর্ণিত একজন ভক্ত বৈষ্ণব। ইনি বেরাজ্যে বাদ করিতেন, দেই রাজ্যের রাজকুমারী সাধুতা ও গুণশ্রবণে মোহিত হইয়া ইহাকে বিবাহ করিবার প্রস্তাব করেন। রাজা কক্সার কথার সন্মত হইরা ইহাকে আনাইয়া अत्मक यम्न करत्रम, किन्न विषय-निन्तृह अगरानव किन्नूटिंह সন্মত हरेलान ना। ताकक्माती अ अगलिय छित्र व्यथत यहत মালাদান করিবেন না প্রতিজ্ঞা করিলেন। রাজা উভয় সঙ্কটে পড়িয়া জগদেবকে ভুলাইবার জন্ত একদিন পরমরূপসী टकान अक्टी नाविकांबाता हित्रनाम गान कत्राहेट नागित्नन, রাজনিমন্ত্রণে জগদেবও তথার উপস্থিত ছিলেন। তিনি নর্ত্তকীর মুধে হরিগুণগান শুনিয়া তাহার পুরস্কার-স্বরূপ আপনার মাথা কাটিয়া অর্পণ করেন। তাহাতে রাজকুমারী শোকাতুরা इहेब्रा ज्रशास्त्रतं कांग्रेमु ७ ऋतर्ग थात्म त्राचित्रा व्यवत्माकन क्तिएक नाशिरनन। कथिक चाह्ह रा, जगरनरवत्र कारोम्खरी अ নাকি আপনার প্রতিজ্ঞা ছাড়িল না, রাজকুমারীর মুখ না দেধিরা উপুড় হইরা পড়িল। অনেক বত্বেও তাহাকে রাধা গেল না। শেষে জগদীশের দেহে মুগু মিলিত করিলে জগদেব বাঁচিরা উঠিলেন। রাজকুমারীর প্রার্থনার ও তাঁহার বৈঞ্ব-ভাব দর্শনে সম্ভষ্ট হইয়া জাঁহার পাণিগ্রহণ করিলেন। পরে किছু कान সংসারে থাকিয়া গৃহপরিত্যাগ করেন। ( ভক্তমান ) कंगरित्वताम्, महिन्द्र ७ मार्लिम त्राका । हैनि विकासनगताधि-

জান্দের রায়, মহিন্দর ও সালেমের রাজা। হান বিজয়নগরাাধ পতি জীরজের জামাতা।

১৫৭৭ খৃষ্টাবেশ মুসলমানেরা জীরঙ্গের রাজধানী পেরকুও

আক্রমণ করিলে জগদেবরায় সদৈন্যে অগ্রসর হই যা মুসলমান দিগকে পরান্ত করিয়া তাড়াইশ্বা দেন। প্রীরঙ্গ সম্ভূত হই য়া তাঁহাকে প্রস্থার স্বরূপ প্রভূত ভূসম্পতি দান করেন। ১৫৮৫ খুটান্দে প্রীরক্ষের মৃত্যুর পরে তাঁহার প্রাতা বেক্কটপতি চক্র-গিরিতে রাজধানী স্থাপন করেন। জগদেবরায় এ সময়ে চেল্লপত্তন নামক স্থানের রাজপ্রতিনিধি হই য়াছিলেন।

জ্ঞাপদ্প্রকে (পুং) জগতোগুরু: ৬তং। ১ পরমেখর। ং শিব প্রভৃতি।

০ জগতের উপদেষ্টা নারদ প্রভৃতি। (নৈষধচ )

৪ বৃত্তকৌমুলী নামে সংস্কৃত গ্রন্থকার।

জগদ্গৌরী (ত্রা) জগৎস্থ মধ্যে গোরী। ১ ছর্গা। ২ মনদা দেবী।
"বিষহরী জগদ্গোরী মনদা দিশ্ধযোগিনী।" (মনদান্তব)
জগদ্দেল (পুং) দরদের একজন রাজা।

"সাহারকার্থমানিন্যে দরদ্রাজঃ জগদদন্।" (রাজতর চ।২১০) জগদদেল, ২৪ পরগণার অন্তর্গত একটা গ্রাম। এখানে পূর্বেন মহারাজ প্রতাপাদিত্যের এক কাছারী বাটী ও জর্মাদিণের এক কুঠি ছিল। এখনও প্রতাপাদিত্যের অন্তঃপুরের পুক্রিণীটা আছে, লোকে তাহাতে "রাণীপুখুর" বলে।

জগদলেক, আফগানস্থানের একটা নদী, একটা উপত্যকা ও একটা গিরিপথের নাম। নদীটা কোটাল নামক গিরিপথের নিকট উথিত হইয়া কাব্ল নদীতে মিশিয়াছে। উপত্যকায় জবলথেল ইত্রাহিম ও ঘিলজাই জাতি কর্তৃক অধিবেশিত। গিরিপথটি উচ্চ, অপ্রশস্ত, আকাবাঁকা, ৪০।৫০ গজের অধিক বিস্তার কোণাও নাই, একস্থানে আবার ৬ ফিট্মাত্র বিস্তৃতি। ১৮৪২ খৃষ্টাব্লে ১২ জাক্রারী তারিথে পলায়নপর ভারতের ইংরাজনৈত্যগণ এই গিরিপথে বিনষ্ট হয়, কএকজন মাত্র গণ্ডামকে পলাইতে পারিয়াছিল।

জগদলপুর, মধ্যপ্রদেশের অন্তর্গত বন্তার রাজ্যের প্রধান
নগর। এই নগরে বন্তারের রাজবাড়ী। অক্ষাণ ১৯০৬ উ:
এবং জাদিণ ৮২০ ৪ পু:। এই নগর শত গল বিস্তৃত
ইক্ষাবতী নদীর তীরে অবস্থিত। নগরের এক দিকে নদী
অপর তিনদিকে মৃথারপ্রাচীর ও গভীর থাদ, মধ্যে কেবল
কুঠার। মুসলমান বণিকেরাই এথানকার ধনী। যে সকল
পথবাহী বণিক উট্র, টাটুঘোড়া, চোগা, থর্জ্বর প্রভৃতি
বেচিতে আসে, তাহারা নগর প্রাচীরের বাহিরে থাকে।
নগরের নিকটে একটা বৃহৎ দীঘী আছে। চারি পার্থে বেশ
ধোলা অমি, মধ্যে মধ্যে ক্রেগ্রাম ও বাগান। এই নগরের
৪০ মাইল দ্বে জরপুর রাজ্যের জরপুর নগর। এথানকার
লোকসংখ্যা (১৮৯১ খু: গণনা হিসাবে) মোট ৫০৪৪, তর্মধ্যে

হিন্দু ৪৬০১, মুনলমান ৩০৯ ও জৈন ২ জন। এখানকার জনত্য জবিবাদীরা গোই নামে থাত। [ভদ্রাচলম্ দেখ।]

জগদীপ (পুং) জগতোদীপইব প্রকাশক:। ১ ঈশর। ২ শিব। জগদেব, ছর্লভরাজের পুত্র, স্বপ্রচিস্তামণি-রচরিতা।

জ্ঞগদ্ধর, একজন সংস্কৃত কবি, দর্শদ্দনকাব্য ইহার প্রশীত।

জগদ্ধর, যজুর্বেদের টাকাকার কাশ্মীর-দেশীয় পণ্ডিত গৌরধরের পৌত্র। ইহার পিতার নাম রক্তধর। ইনি স্ততিকুস্থমাঞ্চলি, কাতস্থের বালবোধিনীটাকা এবং অপশক্ষনিরাকরণ এই তিন-থানি গ্রন্থ রচনা করেন।

জগদ্ধর, মধ্রাবাসী একজন সংস্কৃত কবি। ইনি অনেক গ্রন্থের টীকা লিথিয়া গিয়াছেন, তন্মধ্যে দেবীমাহাম্মাটীকা, ভগ-वनगीजाञ्चनीभ, मानजीमाधवर्षीका, त्रननीभिका नारम रमचन्छ-गिका, उन्नेतिभनी नारम वामवनखां जिका वदः दिवीमः हान्ने जिका পাওয়া যায়। তৎকৃত তত্ত্বদীপনীতে তাঁহার এইরূপ পরিচয় পা ওয়া যায়—চেওেখরের পুত্র বেদেখর (বা বেদধর), বেদেখরের পুত্র রামেশ্বর (বারামধ্র), রামেশ্বরের পুত্র গদাধ্র, গদাধ্রের পুত্র বিত্যাধর, বিত্যাধরের পুদ্র রত্বধর। এই রত্বধর জগদ্ধরের পিতা। জগদ্ধাত (পুং)জগতাং ধাতা ৬তং। ১ ব্রহ্মা । ২ বিষ্ণু। ৩ শিব। জগদ্ধাত্রী (স্ত্রী) জগতাং ধাত্রী ৬তৎ। > হর্গামূর্তিবিশেষ। ভারতবাদী হিন্দুধর্মাবলম্বী আস্তিকগণের মধ্যে বহুকাল হইতে মূর্জিনির্মাণ করিয়া ইহার পূঞ্জা প্রচলিত আছে। কোন্ সময়ে কোনু মহাত্মা কর্তৃক প্রথমে এই পূজা আরম্ভ হয়, তাহার কোন বিবরণ পাওয়া যায় না, তবে এই মাত্র বলা যাইতে পারে যে, শারদীয় ছুর্গাপুজা প্রচলিত হইবার পরে জগদ্ধাত্রীপুজা প্রচলিত হইয়াছে। বালালায় কাহারও বিশাস যে রাজা ক্লফচন্দ্রই প্রথমে মৃথায়ী প্রতিমা গড়িয়া জগদাত্রী পুজা করেন।

যে নিয়মে, যে পদ্ধতিতে এবং যে ফলকামনায় মহা
ধুমধামে তিনদিনবাাপী শারদীয় দ্র্গাপুজা সম্পন্ন হইয়া থাকে,
সেই নিয়ম, সেই পদ্ধতি ও সেই কামনায় এক দিনে তিনবার
জগদ্ধাত্রীপুজা করা হয়। ইছাকে একরূপ সংক্ষেপে এক
দিন-নিম্পাত হুর্গাপুজা বলা যাইতে পারে।

কাত্যায়নীতন্ত্র, শক্তিসঙ্গমতন্ত্র, উত্তরকামাথ্যাতন্ত্র, কুজিকাতন্ত্র প্রভৃতি ভন্তর, ভবিষ্যপুরাণ, স্থতিসংগ্রহ ও হুর্গাকর প্রভৃতি গ্রন্থে অরবিস্তর জগদাত্রীপূজার উল্লেখ আছে।

নিগমকল্লসার জ্ঞানসারস্বত গ্রছে জগন্ধাত্রীপূজার কাল ও বিধি এইরূপ লিখিত আছে। কার্তিকমাসের শুক্লপক্ষের নবমীতিথিকে ছুর্গানবমী বলে। সেই দিনে ছুর্গাপূজা করিলে চতুর্বর্গ লাভ হয়। প্রাতে সান্ধিকী, মধ্যাকে রাজ্যিকী এবং সারংকালে তামসী এই ত্রিকালিকী পুরা করা উচিত। সপ্তমী হইতে নবমী পর্যন্ত ত্রিবিধ পুরা করিয়া দশমীতে বে প্রকার বিসর্জনের বিধান আছে, সেইরূপ ইহাতে একদিনে ত্রিবিধ পুরা করিয়া দশমীতে বিসর্জন করিতে হয় (১)। এই নবমী তিথি কোন দিনেও ত্রিসম্মাব্যাপিনী না হইলে বেদিন প্রাতঃকালব্যাপিনী নবমী হইবে, সেই দিনে তিনবায় পুরা করা উচিত। কিন্ত এইরূপ হলে যদি নবমী প্রাতে মূহর্ত্ত-ব্যাপিনী না হয়, তবে পুর্বাদিনেই করা উচিত। এক সময়ে তিন পুরা করা অবিধেয়, অতএব তিন বেলা তিন পুরা করিবে (২)। এরূপ হলে দশমীতে বলিদান দেওয়া নিবিদ্ধ নহে (৩)। কাত্যায়নীতয়, শক্তিসঙ্গমতয় প্রভৃতিরও এই মত।

এতত্তির কাত্যায়নীতত্ত্বের মতে চক্ত কুন্তরাশিগত হইলে কার্তিকের নবমী তিথিতে উষাকালে সুর্যোদয়ে পুত্র, আরোগ্য ও বলকামনায় এবং শনিবার বা মঙ্গলবারে যোগ থাকিলে চতুর্বর্কামনায় হুর্গাপুজা করিবে (৪)। কাত্যায়নীতত্ত্বে ইহার উৎপত্তি-বিবরণ এইরূপ লিখিত আছে—

এক সময়ে কএকজন দেবতা মনে মনে ভাবিলেন যে, আমরাই ঈশ্বর, এতত্তির অপর ঈশ্বরের অন্তিম্ব স্থীকার করিবার দরকার নাই। দেবগণের এতাদৃশ গর্কা জানিয়া জগন্মাতা চৈতক্তরন্পিণী ভগবতী হুগা দেবগণকে প্রবোধ দিবার অভিপ্রারে জ্যোতির্মন্ত্রীরূপে দেবগণের নিকটে আবিভূতি হইলেন, লোক-ভরঙ্কর কোটীক্রের ক্রায় দীপ্রিযুক্ত সেই ভেজোরাশি অব-

(১) "কার্ত্তিকে গুলুপাক্ষেত বা দুর্গানবমী ভিধি।
সা প্রশন্তা মহাদেব। মহানুর্গান্তপ্রকার
প্রাত্তক সাথিকীপুলা মধাক্ষে রাজনী মতা।
সারাক্ষে ভাষনী পুলা ত্রিবিধা পরিকীর্তিতা।
সপ্রাালিনবস্যান্তঃ পুলাকাল্যিতীরিত্য।
ত্রিলিনে ত্রিবিধা পুলা দশস্যক বিস্ক্রিরেও।
পুলা পরেছকি দেবেশ ত্রাপাত্র বিস্ক্রিন্থ।"

- (২) "ত্রিস্কাহিবাপিনী ব্লিন্ডারবনী তিখি:।

  ত্রিকালে ত্রিবিধা পূলা কথং দেব্যা লগনান ।

  ইতি প্রস্কেল

  নাপ্রাভব্যাপিনী বত্র বাসরে নননী ভিখি:।

  ত্রিস্কাং পূক্রেডক বাসরে লগদখিকান্।

  মুদ্রভ্রাপিনী চাপি ভক্র ক্রাকা মহেবর ।" ( কুর্গাক্স )
- (০) "মন্মী ডিখিলাপ্রিড। বত্র পুলাবিধির্ডবেং।
  নিষিদ্ধং বলিলানত দশস্যাং তত্ত স্ক্লবি ।"
  "ন্বমী দিনসাধ্রিতা পুল।বিধিরিহোদিতঃ।
  দশস্যাং বলিদারত মিহিদ্ধানত নাত্র পার্কতি ॥"
- ( a) "পুত্রারোপাবলং লেভে লোকসান্দিত্মের্চ। তা: তিথিং প্রাপাসন্তঃ শ্নিভৌষ্টিনে বলি ।" (কাত্যাণ তার ৭৮)

লোকনে বেবগণ ভীত হইয়া কিছুই স্থিত্ত করিয়া উঠিতে शांतिरमन ना । अनखर नकत्म मिनिया श्रामर्भ कविया श्रामर्क ওটা কি পদাৰ্থ ভাষা নিশ্চৰ কবিবাৰ নিমিত পাঠাইবা দেন। বায়ু জ্রুতগমনে সেই তেজঃপুঞ্জের নিকট উপস্থিত ছইলে তেজোময়ী দেবী বায়ুকে সংখাধন করিয়া বলিলেন—'বলি ভূমি এই তুণটী লইরা বাইতে পার, তবে ভোমাকে বলবান বলি।' বায়ু অনেক চেষ্টা করিলেন, কিন্তু তুণটীকে নড়াইতে পারিলেন না, অপ্রস্তুত হইয়া চলিয়া আসিলেন। ইহার পরে অগ্নিদেব আসিয়াও সেই তণগাছিকে দথ করিতে না পারিয়া ফিরিয়া যান। ইহার পরে সকল দেবতা মিলিত হট্যা তাঁহাকে ঈশ্বী শীকার করিয়া স্তব করিতে লাগিলেন, তাঁহা-দের ত্তবে তুট হইয়া সেই তেজ:পুঞ্জ হইতে জগদাতী আবিভ তা হন। কেনোপনিষদে হৈমবতীর আবির্জাব সম্বন্ধে এইরূপ একটা গর লিখিত আছে। ইহাতে অনেকেই উভয়কে অভিন্ন বলিয়া স্বীকার করেন। ইনি মুগেন্দ্রের উপরে উপবিষ্ঠা, মুথ হাস্তযুক্তা, শরীর সর্বালকারে বিভূষিতা, ইহার চারিথানি হাত, পরিধানে



রক্তবন্ধ, শরীরের বর্ণ নবোদিত শুর্ব্যের স্থার ও কোট চল্লের স্থার আভাযুক্ত নাগযজোপবীত ও তিনটী চক্ষু এবং দেবর্ষি ও মুনিগণ সর্কাদাই ইহার সেবার নিযুক্ত আছেন। ইহার ধ্যান—

"সিংহস্কাধির ঢ়াং নামালকার ভূবিতাম্।
চতুর্ভু কাং মহাদেবীং নাগবক্ষোপবীতিনীম্ ॥
শঙ্খচক্রধন্থ কাণলোচন ত্রিতরাবিতাম্।
রক্তবন্ত পরীধানাং বালার্কসদৃশীং তত্ত্ব্ ॥
নারদাতৈ মুনিগণৈঃ সেবিতাং ভবস্থ নারীম্।
ত্রিবলীবলয়োপেতনাভিনালমূণালিনীম্॥

ন্ধন্ধীপে বহাৰীপে সিংহাসনসমন্বিতে। আত্মকক্ষণার্ভাং খ্যারেতাং ভবগেহিনীম্॥"

(কাত্যারনীতন্ত্র ৭৭ পটন)

জগন্ধানীর যন্ত্র—প্রথমে তিনটী ত্রিকোণ অন্ধিত করিরা ত্রিবিশ্ব ও ত্রিরেথাযুক্ত অন্তদল পদ্ম ক্ষত্বিত করিবে। তৎপরে যথাবিধানে বক্ত ভূপুর লিখিতে হয়। ইহাকে জগনাত্রীযন্ত্র বলে। ইহার অপর বিবরণ তুর্গা ও চুর্গাপুজা শক্তে দুইবা।

২ সরস্থতী। "জগজাত্রীমহং দেবী মারিরাধরিয়ু: গুডাম্। কোন্থে প্রথম্য শিরসা বজ্জবোনিং সরস্থতীম্।" (মার্কণ ২০)০•) জগল্পল (পুং) জগতাং বলমন্মাৎ বছব্রী। বায়ু। উপনিষ্দের মত পর্যালোচনা করিলে জানা বায় যে, প্রাণীগণের বল কার্য্যের প্রতি বায়ু (ব্যান বায়ু) প্রধান কারণ, এই কারণে বায়ু কে জগদ্বল নামে উল্লেখ করা হয়। [ইহার অপরাপর বিবরণ বায়ু শব্দে দেখ।]

জ গদ্ধোনি (পু:) জগতাং যোনিরুৎপত্তিস্থানং ৬তৎ। ১ শিব।

"জগদ্যোনিং জগৰীজং জয়িনং জগতোগতিম্।" (ভা॰ ৭।২০০।১৩)

২ বিষ্ণু । "তং সমেত্য জগদ্যোনিমনাদিনিধনং হরিম্।"

(বিষ্ণু ১।১২।৩২) ৩ ব্রহ্মা। "জগদ্যোনির্যোনিস্থানিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যানিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যোনিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানির্যানিস্থানিস্থানিস্থানির্যানিস্থানিস্থানিস্থানির্যানিস্থানির্যানিস্থ

জগন্ধদা (পুং) জগতাং বন্দাঃ ৬তৎ। জগৎপুজা, রক্ষ।
"ববন্দে চরণৌ মুর্জা জগন্ধনাঃ শিতৃত্বঃ।" (ভারং ২।২।০)
জগদ্ধ (জী) জগন্ধি বহতি ধার্মতি জগদ্বহ-অচ্টাপ্।
পুথিবী। (বিকাশ্ডং)

জ গছফু শর্মা, একজন বিখ্যাত পণ্ডিত, রঙ্গপুর জেলার অন্তর্গত কাকিনার রাজা শস্তুচক্র রায়ের জন্মগ্রহে ইনি আরব্যোপজ্ঞাদের প্রথম ৫০ রাজির গল্পতিল সংস্কৃত ভাষার গভ পদ্যে অন্তর্গদ করেন। এই সংস্কৃত আরব্যোপভাসের নাম "আরব্যথামিনী"। ইহাতে মোট ১৫৮৪১ প্রোক আছে।

জগ ভিনাশ (পুং) জগতাং বিনাশো ধবংলো যত্র বছরী। বুগান্ত, প্রলরকাল। (হলার্ধ) প্রলীরকালে সমস্ত জক্ত তাব-পদার্থের বিনাশ হর বলিরা তাহাকে জগদ্বিনাশ বলে। [ইহার বিশেষ বিবরণ প্রালয় শব্দে দ্রেইব্য।]

জগনকবি, কালিদাস ত্রিবেদীকত "হাজারা" নামক কবিতা-সংগ্রহ ধৃত জনৈক কবি। ইনি ১৫৯৫ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন।

জগনন্দক বি, একজন হিন্দী কবি, বৃন্দাবনে ইহার বাস ছিল।
১৬০১ খুষ্টাব্দে ইনি জন্মগ্রহণ করেন। অপ্রাপর বৃন্দাবনী
কবিদিগের ভাষ ইহার কবিতামালাও কালিদাস ত্রিবেদীকৃত
হিন্দীকবিতা-সংগ্রহ "হাজারা" নামক পুস্তকে উদ্ধৃত হইয়াছে।

জগনিক, ইহার আগর নাম লগনায়ক। ১১৯১ খুঠাজে ইনি
আসিদি লাভ জরেন। ইনি রাজপুতালার প্রসিদ্ধ রাজকবি
চাঁদবর্দাইদের সম-সাময়িক। ইনি রাজকবি ছিলেন। বুলেলথণ্ডে মহোবা নামক ছানের রাজা পরমর্জীর (পরম্বা) সভার
থাকিতেন। ইনি পূথীরাজের দহিত পরমর্জীর বুদ্ধর্যাপার
লইয়া কাব্য লিখিরাছেন। চাঁদকবির "পূথীরাজ-রাদ" নামক
মহাকাব্যের মহোবা থণ্ডাট অনেকের মতে প্রক্রিপ্ত এবং এই
জগনিক কবির লিখিত বলিরা অন্থাতি হয়।

জগনেশকবি, বাঁকিপুরের প্রসিদ্ধ হিন্দুছানী কবি, ভারতেন্দ্ হরিশ্চন্দ্রের "স্থলরীতিলক" নামক কবিতাসংগ্রহে এই কবির কবিতা উদ্ধৃত হইয়াছে।

জগরাথ, ভারত মধ্যে এখনকার সর্বপ্রধান পুণ্যক্ষেত্র।
উৎকলের দক্ষিণপূর্ব্ব প্রান্তে পুরীকেলার মধ্যে (অক্ষা॰ ১৯° ৪৮´
১৭´ উ: ও জাখি॰ ৮৫° ৫১´ ৩৯´´ পৃ:) সমুদ্রতীরে অবস্থিত।
এই স্থান নীলাচল, পুরী, পুরুষোত্তম, শ্রীক্ষেত্র, শহ্মক্ষেত্র ও
কেবল ক্ষেত্র নামেও বিধ্যাত।

দাক্ত্রক শ্রীক্লগন্নাথের স্পাবিষ্ঠাব হেডু এই স্থান সর্ব্বতই কগন্নাথ নামে প্রসিদ্ধ।

ভারতবাসী উচ্চ নীচ স্কল হিন্দুর মিকট জগরাথ অপেকা পুণা হান আর জগতে নাই, এথানে স্থপ্নার, এথানে বৈকণ্ঠ, এখানে ভৃত্তিমুক্তিদাতা স্বন্ধ ভগবান্ দাক্ষপ্রক্ষরূপে বিরাজ করিতেছেন, এখানে ছোট বড় বিচার নাই, প্রাহ্মণ, ক্রিয়, বৈশু, শৃদ্র, অস্তাজ সকলেই এখানে সমান, এখানে প্রাহ্মণ চণ্ডাল সকলেই একত্র মহাপ্রসাদ ভক্ষণ করেন, এমন শাস্ত পবিত্রভাব আর হিন্দুজগতে কোথাও নাই, তাই ক্লাদিণি কৃদ্র ভক্ত হইতে অতি বড় মহারাজাধিরাজ সকলেই এই হান প্রকৃত নির্বাণ-মুক্তির স্থান বিলয়া জ্ঞান করেন, তাই লক্ষ্ ক্ষ যাত্রী ধনপ্রাণে ক্রক্ষেপ না করিয়া শতসহন্র কই জোগ করিয়াও মহাপ্রভু জগরাথ দর্শনে আসিয়া থাকে। এমন মহাপুণা স্থানের বিবরণ কোন্ হিন্দুর না জানিতে ইচ্ছা হয়?

ব্রহ্মপুরাণ, নারদপুরাণ, ক্ষ্মপুরাণে উৎকলথগু, কুর্ম, পদ্ম ও ভবিদ্যপুরাণীয় পুরুষোত্তমমাহাত্ম্য, কপিলসংহিতা, নীলাদ্রি-মহোদয়, পুরাণসর্বন্ধ, বিষ্ণুরহন্ত, মুক্তিচিন্তামণি, রঘুনন্দন-ক্ষত পুরুষোত্তমপুরাণ, আগমকরতক, পুরুষোত্তমপুরীমাহাত্ম প্রভূতি সংস্কৃত গ্রন্থে, উৎকল ভাষায় লিখিত মাগুনিয়াদাস ও শিশুরামক্ষত ক্ষেত্রপুরাণ ও দাক্ষক্ষ, মহাদেবদাসক্কত নীলাদ্রিমহোদয় এবং বেছটাচার্যারচিত তৈলদভাষায় জগরাথমাহাত্ম্য, বদক্বি মুকুন্দরামক্ষত জগরাথ-মঙ্গল এবং পুরুষোত্তমচক্রিকা নামক গ্রন্থে জগরাথদেব ও

জগরাধক্ষেত্রের মাহাম্মানি অরবিস্তর বর্ণিত আছে, এতারির মংস্তপুরাণ, বরাহপুরাণ ও প্রস্তানধতে পুণ্যধাম পুরুবোত্তম ক্ষেত্রের উল্লেখ আছে।

কগন্ধাথের উৎপত্তি।—পৌরাণিক গ্রন্থসমূহে জগন্ধথের উৎপত্তি সম্বন্ধে অরবিস্তর মতজেদ আছে, সংক্ষেপে ভাহার পরিচয় দিতেছি।

নারদপুরাণে উত্তরভাগে ( ৫২-৫৬ আ: ) লিখিত আছে—
'একদিন স্থমেরূপর্কতে লক্ষ্মী নারারণকে জিজ্ঞাসা করেন,
"নাথ! পৃথিবীতে এমন কি আছে, বাহাতে মানব সংসারসাগর হইতে মুক্তিলাভ করিতে পারে ?"

ভগবান্ বলিয়ছিলেন,—"দেবি! পুরুষোত্তম নামে এক
মহাতীর্থ আছে, ত্রিলোকের মধ্যে তেমন স্থান আর কোণাও
নাই। দক্ষিণ সমুদ্রের তীরে একটা করস্থারী বটর্ক আছে,
এই করবুক্ষের উত্তরে গিয়া ভাহার কিছু দক্ষিণে কেশবপ্রতিমা
আছে, স্বয়ং ভগবান্ কর্ত্ক দেই মৃর্জি নির্মিত হইরাছে। সেই
মৃর্জি দর্শন করিলে মানব বৈকুঠলাভ করেন (১)। একদিন
ধর্মরাজ দেই মৃর্জি দেখিতে গিয়াছিলেন এবং আমার নিকটে
গিয়া বিস্তর তাব স্কৃতি করিয়া বলিয়াছিল, 'ভগবান্! আপলার ইন্দ্রনীলমরী প্রতিমা দর্শন করিয়া সকলেই মৃক্ত হইতেছে, স্কৃতরাং আমার কার্য্য কিছুই হইতেছে না (২)। সতএব আমার একান্ত নিবেদন, আপনার ইন্দ্রনীলমরী মৃর্জি
গোপন করন। তথন আমার দেই মৃর্জি বল্লীমধ্যে গোপন
করিলাম।" (৩) (নারদ উঃ ৫২ অঃ)

'সতাযুগে ইক্সন্থার রাজা জন্মগ্রহণ করেন, একদিন তাঁহার বিষ্ণুপুজা করিতে ইচ্ছা হইল, কিন্তু তিনি কি প্রকারে কোথার বিষ্ণুর আরাধনা করিবেন, এই দারুণ চিন্তার অন্থির হইলেন। মনে মনে সকল তীর্থস্থানই একবার ভাবিরা লইলেন, কিন্তু তর্ তাঁহার মন উঠিল না। তিনি পুরুষোত্তম ক্ষেত্রে আগমন করিলেন। এখানে আসিয়া তিনি অব্যামধ-যজ্ঞ, ব্রাহ্মণদিগকে ভূমিদান এবং পুরুষোত্তমে প্রাসাদ নির্দ্মাণ করিলেন। (নারদণ উ° ৫২) কিন্তু সেই প্রাসাদে তিনি কি

( मात्रमण् छेखः १२।५६)

- (২) "ইন্দ্রনীলময়ে স্ট্রা শ্রন্তিমা সার্কাশমিনী।
  ডাং দৃষ্ট্রা প্রাকাশভাবেনৈকেন শুদ্ধা।
  বেভাগাং ভূবনং বাভি নিভামাকৈর মানবাঃ ।" (৫২/১৫ ।)
- (৩) "ততঃ সা প্রতিমা দেবি বলীভির্গোপিত। মর ।। বধা তল্প স্বত্তি সমুদাঃ বর্গ বাঙ্কিশঃ ।" (৫২।২৮।)

মূর্ত্তি স্থাপন করিবেন, কিরুপে ভিনি সর্গন্থিত্যক্তকারী পুরুষো-उत्पन्न नाम कतिरवन, छोहात थाई वस कावना हहेन। আহার নিদ্রা ত্যাগ করিবেন, কেবল বিষ্ণুর তব স্থতি করিতে লাগিলেন। ভাবিতে ভাবিতে ইত্রহার কুশারনের উপর ঘুমাইয়া পড়িলেন, এই সময় ভগবান্ তাঁহাকে খগে দেখা निया करिलन—'(र मरीभान! छामात यांग यांक ७ छकि শ্ৰদায় আমি বড়ই প্ৰীত হইয়াছি। তুমি আমার স্নাতনী প্রতিমা প্রাপ্ত হইবে। আজ যথন নিশা অবসানে নির্মাণ ভাম্বর উদিত হইবে, ভূমি সাগরভীরে মলে হলে এক মহা বুক্ষ দেখিতে পাইবে (৪)। একাকী পরও হস্তে তথায় যাইবে। সেই বৃক্ষে আমার প্রতিমা নির্মাণ করিবে।" এই বলিয়া ভগবান্ অন্তহিত হইলেন। ইক্সতাম প্রাতে উঠিয়া अथरम मागत-मनित्न मान कतिरानन, भरत भिवासार कहे চিত্তে সাগরকৃলে সেই মহারক্ষ দেখিতে পাইলেন। দেরপ वृक्ष जिनि कथन ९ (मर्थन नार्टे ; वृक्षित्तन खगवात्नव कृषा হইয়াছে। অনতিবিলয়েই স্বয়ং বিষ্ণু ও বিশ্বকর্মা ত্রাহ্মণরূপ ধারণ করিয়া তথায় উপস্থিত হইলেন (c)। নৃপতি ইক্সছায় পরভবারা দেই বৃক্ষ ছেদন ক্রিতেছিলেন, এমন সময় বিফু त्मरेथात आंत्रियां कहितनन, "महावाद्यां! এर निर्मन शहतन ममुज्जीदा এकांकी किरमंत्र कश दृक्त रहमन कतिराउह, তোমার কি প্রয়োজন ?" রাজা দেই তেজঃপুঞ্চ ত্রাহ্মণরূপী বিষ্ণুকে নমন্বার করিয়া কহিলেন—"জগংপতির পূজার জভ তাঁহার প্রতিমা নির্মাণ করিতে আমার বড় ইজা হইয়াছে, সেই জক্ত এই বৃক্ষছেদন করিতেছি।"

বিষ্ণু রাজার কথা শুনিয়া হাসিয়া বলিলেন, "রাজন্! ভোমার উদ্দেশ্য মহৎ, আমার সহিত বিশ্বকর্মার সমকক্ষ একজন শিল্পী আসিয়াছে, যদি ভোমার ইচ্ছা হয়, তাহা হইলে এই শিল্পী প্রতিমা নির্মাণ করিতে পারে।"

ইক্রত্যের তথনই সম্মত হইলেন এবং বিশ্বক্রমার নিকট গিরা উাহাকে এইরূপ প্রতিমা নির্দাণ করিতে কহিলেন,— প্রথমটা পদ্মপত্রারতনয়ন, শৃশুচক্রগদাধর, শাস্ত ক্লফ্রম্র্ডি; বিতীয়টী গোক্ষীরসদৃশ গৌরবর্ণ ও লাক্ষণার্ত্তধারী মহাবল

- ( a ) "জলং তথৈব বেলারাং দৃশ্যকে বত্ত বৈ মহৎ। লবণজোদৰৌরাজংকরলৈঃ সমভিগ্নতঃ a কুলালবী মহাযুক্ষঃ ছিডঃ ছলজলেবুচ।" ( নারদপুণ উণ ৫৪/২২-২০। )
- (৫) "বিষক্ষী চ বিকৃত বি শ্রপথরা বৃতে। আলক্ষত্ মহাত্মানে তথা তুল্যা শ্রদ্মনে। ঃ"
  (নারদৃপ্ত উ॰ ৫৪।২৬)

ভানতমূর্তি এবং তৃতীয় বাস্থলেবের ভগিনী স্বভদার রুল্পবর্গ ও স্থানাভান মৃতি হইবে। তদস্পারে বিশ্বকর্মা করে বিচিত্র কুওল-বিভূষিত ও হতে চক্রলাঙ্গলাদিশোভিত ঐরপ মৃতি নির্মাণ করিলেন (৬)। মৃতি অবলোকন করিয়া ইন্দ্রহায় প্রেমে ভাসিতে লাগিলেন। তথন তিনি সাষ্টাঙ্গপ্রণিপাতপূর্বক ব্রাহ্মণঙ্গাণী দেবৰম্বকে কহিলেন, "দেব, দৈত্য, যক্ষ, গন্ধর্ম, অথবা স্বরং হ্বীকেশ, আপনারা কে ? আমায় যথার্থ পরিচয় দিন।"

'ৰিজ্ঞানী বিষ্ণু পরিচয় দিলেন, "আমি স্বয়ং পুরুষোত্তম। আমিই বিষ্ণু, আমিই ব্রহ্মা, আমিই দিব, আমিই স্বয়ং দেবরাজ ইন্দ্র। হে রাজন্! আমি তোমার উপর সন্তুষ্ট হইরাছি, তুমি দশহাজার নর শত বর্ষ রাজত্ব করিবে, তৎপরে পরাৎপর নির্দেপ নিগুলি পরমপদ প্রাপ্ত হইবে। যতদিন চন্দ্র স্বর্যা সমুদ্র ও দেবগণ থাকিবে, ততদিন তোমার কীর্ত্তি স্বায়ী হইবে। তোমার যজ্ঞাজ্যসন্তুত ইন্দ্রহায়সরোবর মহাতীর্থ মধ্যে গণ্য হইবে। সেই সরোবরের দক্ষিণে নৈশ্বতকোণে বটর্ক্ষ আছে, তাহার নিকট কেতকীবন-ভূষিত নানা পাদপরাজি-বেষ্টিত মণ্ডপ আছে, আষাদ্যাসের শুক্রপঞ্চমীর

(৬) 'ভাত্তৈভ্ৰচনং ভগ্ৰ বিশ্বর্থা ফুকর্মকুৎ। ভৎক্ষণাৎ কার্যামান প্রতিমা: শুভলক্ষণা:। কুণ্ডলাভ্যাং বিচিত্ৰাভ্যাং কুৰ্ণাভ্যাং স্থ বিরাজিতা:। **চ**ज्ञनाञ्चनविन्यान्यद्याच्याः नार्यन्यञाः । প্ৰথমং শুকুৰণীভ শার্দেন্দুসমগ্ৰন্ ञ्जकाङ्क-महाकागः क्रोदिकउँमछक्म्। শীলাখরধরং চোঞাংবলংবলমদোদ্ভেম্। क् ० रेज क भन्नः किवाः सहामृयज्ञ वाति गम् । विजीवः পুछत्रीकाकः नीमको मृजनविज्ञ। অভসীপুল্সদাশং পদ্মপত্রারতেক্ষণম্। ব্ৰীবংসৰক্ষসং ভাৰুৎ পীভবাসসমচ্ত্যম্। **ठळ** পूर्वक बर भिवार मर्क्य भाग हतः इति म् । তৃত্তীয়াং অৰ্বৰ্ণাভাং পদ্মপ্ৰায়তেক্ষণাম্। विक्रिज्यस्थानः इत्राः हात्राक्ष्रुत्रकृतिकाम् । বিচিত্রাভরণোপেতাং রত্নমালাবিদ্বিভান্। পীনোরতক্চাং রস্যাং বিশ্বকর্মা বিনির্মনে।" ( नात्रम्भू• छ• वहावध-७४ (ज्ञांकः।)

"क्ष्म् नभवः भाषः श्रेष्मभाषः व्याप्तवाद्यः स्वर्णः ।

विद्रुतः को ख्रुष्ट वरः नथः ठक्त्रणां प्रदेशः ।

जोवना व्यवः द्वरः क्ष्मद्वाशः वर्षः वर्षः वर्षः ।

जोवना व्यवः द्वरः क्षमद्वाशः वर्षाक्ष्मम् ।

क्ष्मितीः वाद्यः वर्षः क्षमद्वाशः द्वर्णाक्षमा ।

क्ष्मितीः वाद्यः वर्षः क्षम्यः नद्वनः वर्षः वर्षः ।

দিন সাতদিন যাবৎ সহোৎসৰ করিরা তথার ইপ্তদেবকে স্থাপন করিবে।"

'আজ ইক্রছায় ধন্ত হইলেন। নৃত্যানীতবাদ্যাদিপ্রক মহাসমারোহে পুরোহিতাদি-পরিবৃত হইরা দেই মৃতিত্তির রথে করিয়া আনিয়া প্রাসাদে বিধিবৎ প্রতিষ্ঠা করিলেন। অনস্তর বহুতর যাগষজ্ঞাদি করিয়া কৃতক্বতা হইয়া বৈকুঠে গিয়া বিকুর পরম পদ লাভ করিলেন।' (নারদ পৃং ৫৪ আঃ)

বৃদ্ধবাণেও অগনাথের উৎপত্তি সম্বন্ধ ঠিক এইরপ উপাধ্যান বর্ণিত আছে। নারদপুরাণে ইক্সত্যাম ব্যতীত আর কোন রাজার উল্লেখ নাই, কিন্তু ব্রহ্মপুরাণে লিখিত আছে, যে রাজা ইক্সত্যাম প্রথম পুরুষোত্তম ক্ষেত্রে উপস্থিত হইলে কলিঙ্গরাজ, উৎকলরাজ এবং কোশলরাজ আদিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিয়াছিলেন (৭)।

ক্ষমপুরাণীয় উৎকল্থণ্ডে অন্তপ্রকার উপাধ্যান বর্ণিত আছে, তাহা এইরূপ—

রেক্ষা চরাচর স্পষ্ট করিলেন, যথান্থানে তীর্থ সকল স্থাপন করিয়া ভাবিতে লাগিলেন, কি উপায়ে ত্রিতাপে সন্তপ্ত প্রাণীগণ মুক্তিলাভ করিবে, কি উপায়ে আমি এই গুরুভার বহন হইতে নিছ্বতি হইব, এইরূপ ভাবিয়া চিন্তিয়া ভগবানের স্তব করিতে লাগিলেন। বিষ্ণু তাঁহাকে দেখা দিয়া তাঁহার মনের কথা জানিয়া বলিলেন, 'সাগরের উত্তরকূলে মহানদীর দক্ষিণে এক প্রদেশ আছে, এখানে পৃথিবীর সর্বতীর্থের ফল হয় (৮)। মানব পূর্বজন্মার্জিত পুণ্যফলে এখানে আসিয়া বাস করে, অরপ্ণ্য ও ভক্তিহীন মানব এখানে জন্মিতে পারে না। একামকানন হইতে দক্ষিণসমুদ্রতীর পর্যান্ত প্রতিপদে ক্রমশঃ শ্রেষ্ঠতম বলিয়া জানিবে। পৃথিবীর মধ্যে তোমারও তর্লভ অতিগুপ্ত নীলাচল সমুদ্রতীরে বিরাজ করিতেছে, আমার মায়ায় আচ্ছাদিত বলিয়া দেবদানব কেইই জানিতে পারে নাই। আমি সেই পুরুষোত্তমক্ষেত্রে সর্বাস্ক-পরিজ্ঞাণ পূর্বক সশরীরে বাস করিতেছি। এই পুণ্যধাম স্থিষ্ট বা

- ( 1 ) ''কলিলাধিশতিং শ্রম্ৎকলাধিশক্তিং তথা। কোশলাধিশতিকৈব।'' ইত্যাদি ( ত্রলপুং ৪৫ অ: )
- (৮) "সাগরতোভয়েতীরে মহানদাভ হক্ষিণ।

  স প্রদেশ: পৃথিয়াংহি সক্ষতীর্থকলপ্রদঃ।

  একাস্কাননাৎ বাবদক্ষিণোদ্ধিতীরতুঃ।

  পদাৎ পদাৎ শ্রেষ্ঠতমা ক্রমেন পরিকীর্ভিতা।

  সিন্ধুতীরে তুবো ব্রহ্মন্ রাজতে নীলপর্বভঃ।

  পৃথিবাাং সোপিতং ছানং তব চাপি অ্তুর্লভন্।

  ক্রাক্রাবতিক্রম্য বর্ত্তেংহং পুরুবোভমে।

  পৃথীবারেন নাক্রাভং ক্রেরে মে পুরুবোভমন্।" (উৎক্রবণ)

প্রবন্ধবিশ্ব আক্রান্ত হয় না। এখানে চক্রানিটিক্তি আমার ধেরূপ দেখিতেছ, দেখানেও ইহার অনুদ্ধপ মূর্ত্তি দেখিতে পাইবে। তথায় কর্মৃত্য ও তাহার পশ্চিমে রৌহিণকুও আছে। আমাকে দর্শন করিরা সেই কুণ্ডের নির্মাণ বারি পান করিলে মানব আমার সাযুজ্য প্রাপ্ত হয়।"

'विकुत कथा छिनिया बच्चा नीगांहरन गमन कन्निरनम। এখানে আসিয়া দেখিলেন একটা কাক রোহিণকুণ্ডে মান ও জলপান করিয়া ভগবানকে দেখিবামাত্র বিকুম্র্তি ধারণ कतिया नीमभाषात्त्र शार्ष वाम कतिए गांशिल। अमिरक ধর্মারাজ সংবাদ পাইয়াই ভাডাভাডি আসিয়া ভগবানের স্কব क्तिएक नाशित्नन । मीनमांध्य मुख्डे इटेब्रा नचीरक मेमिक क्रिति (परी विणित्म,--"धर्मात्राक ! जुमि अत्र शहित्राह, त्य যদি সকলেই কাকের মত মুক্ত হয়, তবে আর তোমার আধিপতা থাটিবে না, এ আশহা অমূলক। এই পুরুষোত্তম ক্ষেত্র ব্যতীত আর সকল স্থানেই তোমার অধিকার, কেবল এখানে কেহ প্রাণভ্যাগ করিলে তুমি ভাহাকে পরিত্যাগ করিবে। পরার্ক্কাল পর্যান্ত আমরা এখানে নীলকান্তমণি-মরী মুর্স্তিতে অবস্থান করিব, পরে অপরার্দ্ধের প্রারম্ভে খেত বরাহকল্পে স্বায়স্তব মহন্তরে ব্রহ্মার পঞ্চম পুরুষ রাজা ইন্দ্র-ছান্ত্রের আসিবার পূর্ব্বেই আমরা অন্তর্হিত হইব। ইব্রহার শত অখনের যজ্ঞ করিলে পর পুনরায় দাক্রময়ী চারিটী মূর্জিতে আৰিভূতি হইয়া অপরার্দ্ধকাল পর্যান্ত এথানে অবস্থান করিব।" তথন ব্ৰহ্মা ও ধর্মবাজ স্ব স্ব স্থানে চলিয়া আসিলেন।

'অপরার্দ্ধের প্রথমে বিতীয় সত্যযুগে রাজা ইন্তছ্যম অবস্তিনগরে আবিভূতি হইলেন। তিনি পরম ভাগবত হইরা উঠিলেন। একদিন পূজার সময় বিকুমন্দিরে গিয়া কএক कन त्रमित्रक त्रिशां किछात्रां कतित्त्रम, "आश्रनात्रां कि विनारं भारत्रन, व्यामि এই हर्ष-हत्क क्रांबात्यत्र कर्नन भारे, এমন পবিত্রস্থান কোথায় আছে ?" তথায় একজন ভীর্থ-পৰ্যাটক পণ্ডিভ উপস্থিত ছিলেন। ভিনি রাজার কথা শুনিয়া কহিলেন, "রাজন! আমি বহু কাল হইতে অনেক তীর্থ পর্যাটন করিভেছি ও অনেক ভ্রমণকারীর নিকটও বহু তীর্থের কথা ভ্রমিয়াছি, কিন্তু পুরুষোভ্রমক্ষেত্র অপেকা পুণাস্থান আর কোথাও নাই। দক্ষিণ সমুদ্রতীরে ওড়দেশে काननावुछ नीनावन मध्या श्रृक्रदशंखमत्कव, वहे त्कव मध्या क्लामवाभी अक्षी कन्नवंह, छाहात शक्तिमखाल त्राहिनकुछ, এবং এই কুণ্ডের পূর্বভাগে নীলকান্তমণি-নির্মিত ভগ-বানের নীলমাধব মুর্ত্তি আছে, আপনি তথায় গিয়া সেই देकरलामाधिनी मृद्धि मर्गन कक्सन।"

তিশালী ব্রাহ্মণ এই বলিরা সর্ব্ধ সমক্ষেই অভার্হিত হইলেন। তথ্য ইক্সছার সেই ব্রাহ্মণের কথা ঠিক কি না জানিবার জন্ম প্রোহিতের ব্রাভা বিভাগতিকে পাঠাইরা দিলেন।

'বিস্থাপতি নানাম্ভান অভিক্রম করিয়া মহানদী পার হইয়া দক্ষিণ সমুক্রতীরে আসিলা উপস্থিত হইলেন। এথানে চারি-मिर्टक निविक बन, विमााशिक द्वाशांत्र वाहरवन, किह्रहे छित করিতে পারিলেন না। কুশাসনে বসিরা এক মনে ভগবানকে ডাকিতে লাগিলেন। এমন সময় বেদধ্বনি তাঁহার কর্ণগোচর হইল. সেই শব্দ লক্ষ্য করিয়া নীলগিরির পশ্চাতে শবর্ষীপে শৰরালন্তে আসিয়া উপস্থিত ছইলেন। এই সময় বিখাবস্থ मारम এक वृक्ष भवत छत्रवारनत श्रुका कतिया निर्मानं हम्मन छ ভোগাবশেষ गইয়া গ্রহে আসিল। সে বিল্যাপভির নিকট তাঁহার উদ্দেশ্য শুনিরা প্রথমে ভগবানকে দেখাইতে অসমত ছইল। পরে ত্রহ্মশাপের ভয়ে বিদ্যাপতিকে রোহিণকুতে লইরা গেল, বিপ্রবর তথার স্থান করিয়া নীলমাধবকে সাষ্টাঙ্গে নমন্তার করিয়া অনেক তাব স্তুতি করিলেন। শবরের সহিত শবরালয়ে আসিয়া তৎপ্রদত্ত ভোগার আহার করিলেন ও পরে বিখাবস্থর সহিত বন্ধতা করিয়া রাজার জন্য एएटवर निर्माना नहेंग्रा खरमर्ट किरिया व्यामिरनन ।

'ইক্সছায় দেবের নির্দ্ধাল্য পাইয়া প্রুষোন্তমে যাইতে ক্ত-সংক্র হইলেন ও বিদ্যাপতিকে আহ্বান,করিয়া কহিলেন, "আমি এ রাজ্য ছাড়িয়া সেই ক্ষেত্রে গিয়া বছশত নগর, গ্রাম ও হুর্গ নির্দ্ধাণ করাইয়া তথায় বাল করিব এবং জগলাথের প্রীতির জক্ত শত অখনেধ বক্ত করিব।" এই সময় নারদ আসিয়া উপস্থিত হইলেন ও রাজার অভিপ্রায় ভনিয়া তিনিও হাইচিতে রাজার সহিত যাইতে সন্মত হইলেন।

'লৈষ্ঠমানে শুক্লসপ্তমী পৃখ্যানক্ষত্রে শুক্রবারে রাজা ইন্দ্রছায় সদলে পুরুষোত্তম অভিমুখে যাত্রা করিলেন। উৎকলের
সীমায় আসিয়া মৃগুমালাবিভ্বিত করালবদনা চণ্ডিকাদেবীকে
দর্শন ও তাঁহার পূজাদি করিলেন। তৎপরে চিত্রোৎপলানদীতীরে ধাতুকলর নামক বনে উপস্থিত হইলেন। মধ্যাহকালে বিশ্রাম করিতেছেন, এমন সময় গুজুরাক উপহার লইয়া
তাঁহার সহিত দেখা করিয়া বলিলেন, "হে অবস্থিরাকা!
দক্ষিণ সাগরের ক্লে নিবিড় বন মধ্যে নীলাচল অবস্থিত, তাহা
অতি ছর্গম, লোকের কথা দুরে থাক, দেবতারাও তথায়
ঘাইতে পারেন না। অল্লানি হইল, শুনিলাম যেদিন বিদ্যাপতি
শবরপতির সাহায়ে নীলমাধ্ব সন্দর্শন করিয়া অবস্থিপ্রে
ফিরিয়া যান, সেইদিন সন্ধ্যাকালে প্রবল বেগে ঝড় বহিতে
থাকে, তাহাতে সাগরের প্রাক্তমি ইইতে প্রভৃত বালুকারাশি

উদ্দিশ্ধ নীলাচক্ষকে ঢাকিয়া কেলিয়াছে। সেই দিন হইতেই আমার কাজ্যে ভীবণ ছজিক ও নহামারী উপস্থিত হইয়াছে।" প্রজা ইত্রেছায় এক্সপ সংবাদ শুনিরা, ভয়োৎদাহ হইরা আক্রেপ করিতে লাগিলেন; উাহাকে সাল্লনা করিয়া নারদ বলিলেন, "রাজন্! বিশ্বত হইবেন না, বিশ্বতক্ষের কোন কার্যাই র্থা হর না; আপনি তথায় গেলে অবশ্বই নীলমাধ্ব মূর্ত্তি দর্পনা পাইবেন। ভগবান্ আপনার প্রতি কুপা করিয়া, চতুর্ধা মৃর্ত্তিতে দেখা দিবেন।"

'পরে সকলে মহানদী পার হইরা, একান্রকাননে আসিরা পৌছিলেন। এখানে নারদের মূখে একান্তের উৎপত্তির কথা শুনিয়া ইক্রতায় ত্রিভ্বনেশ্বরের পূঞ্জাদি সমাপন করি-লেন। ত্রিভ্বনেশ্বর তাঁহার প্রতি সম্ভ্রুত হইয়া তাঁহাকে দেখা দিয়া বলিলেন, "রাজন্! তোমার মত বৈঞ্চব আর নাই, তোমার অভিলাষ পূর্ণ হইবে।"

'এখন ইব্রতাম পুরুষোত্মক্ষেত্রের দিকে অগ্রসর হই-লেন, পথে কপোতেখর ও বিবেশ্বর দর্শন করিয়া পুরুষো-ত্তমের প্রান্তসীমার নীলকণ্ঠের নিকট আসিলেন। এথানে ইক্রত্নাম অনেক কুলকণ দেখিতে লাগিলেন, ইহার কারণ জিজ্ঞাসা করায় নারদ বলিলেন, "মন্দ হইতেই আবার ভাল হয়। স্তরাং আপনি বিষয় হইবেন না। আপনার পুরো-হিতের কনিষ্ঠ সহোদর বিদ্যাপতি, নীল্মাধ্ব দর্শন করিয়া যাইবার পর, নীলাচল বালুকায় ঢাকিয়া গিয়াছে এবং সেই নীলমাধব পাতালে প্রবেশ করিয়াছেন।" এ নিদারুণ কথা ভনিয়ারাজা মুর্জিত হইয়া পড়িলেন ও পুনরায় সংজ্ঞালাভ कतिरम विमाश कतिरक माशिरनम। मात्रम छाँशरक भाख করিবার জন্ত কহিলেন, "রাজন্! আমি বার বার বলিতেছি, শুভকার্য্যে পদে পদে বিশ্ব হইয়া থাকে, এজন্ম আপনার ছঃখিত হওয়া উচিত নহে। এখন স্থির চিত্তে শত অখ্যমেধ यक कतिया शमाध्यतक मुख्छे कक्रन, ठारा रहेल ठारात (पथा शाहरवन।"

'রাজা নারদের কথা শুনিয়া নীলকণ্ঠের পূজা করিলেন এবং তাহার জনতিদ্রে জাৈচ শুক্লদাদী তিথিতে স্বাতি নক্ষত্রে নৃসিংহদেবের প্রতিষ্ঠা করিলেন। ইহারই সমুথে তিনি শত অখনেধ ধজে দীক্ষিত হইলেন।

'যজের ষষ্ঠদিনে শেষরাত্রে তিনি স্বপ্নে খেতদীপত্ত তগবানের অপূর্ক্র মৃস্তি দেখিতে পাইলেন। নারদ রাজার মূথে তাহা ভানিয়া কহিলেন, "হর্ষ্যোদয়কালে স্বপ্ন দেখিয়াছেন, অতএব দশদিনের মধ্যেই ইহার কল প্রত্যক্ষ হইবে। এই বজ্ঞ খেব হইলেই বৈত্বপুঠনাথ দেখা দিবেন।"

বিজ্ঞাবদানে বাজিকপণ উলান্তাদিশ্বরে বৈদিক শুতিপাঠ করিতেছেন, এমন সময় রাজনিযুক্ত ক্ষতকশুলি রাজণ আসিয়া রাজাকে জানাইলেন, "এই মহাসাগরের তীরে লান করিবার পথে মঞ্জিনার ক্লায় বর্ণ এক বৃক্ষ আসিয়া পড়িয়াছে, তাহাতে শুলা ও চক্রের চিক্ত আছে। এরূপ বৃক্ষ আমন্ত্রা কথন দেখি নাই, ভাহার স্থান্ত সমুদ্রভীরে ব্যাপ্ত ইইয়াছে (১)।"

ভথন নারদ সহাত্মমুথে রাজাকে বলিলেন, "নূপবর! আপনার যজের ফল-শ্বরূপ এই কার্চ আদিয়া পড়িরাছে। আপনি শ্বপ্লে শেতদ্বীপে যে মূর্ত্তি দেখিয়াছেন, তাঁহারই অলখালিত রোম বৃক্ষরপে পরিণত হইয়াছে। ভগবানের অংশাবতার অপৌরুষের যে মূর্ত্তি দেখিয়াছেন, ভগবান এই তরুতে সেই মূর্ত্তি ধারণ করিবেন।" নারদের কথা মত ইক্রছায় সমুদ্রে গিয়া অবভূত দ্বান করিলেন এবং শ্বপ্লে যে রূপ দেখিয়াছিলেন, এই বছশাথ বৃক্ষেও সেইরূপ চতুর্তু জ মূর্তি দেখিলেন। মহাসমারোহে নৃত্যগীত বাদ্য করিয়া সেই মহাতরু লইয়া আদিলেন এবং সেই তরুরূপী যজেশ্বরেক যজের মহাবেদীতে স্থাপন করিলেন। পূজান্তে রাজা নারদকে জিজ্ঞানা করিলেন, "এখন বিফুর কিরূপ প্রতিমা নির্মাণ করাইবং" নারদণ্ড রাজাকে কহিলেন, "তিনি অচিস্কা, জগৎপতি, জগৎপ্রহা, তাঁহার রূপ কে স্থির করিতে পারেং"

(a) 'লিকিংগ ভট্টুলেশে বিশ্বেরসমীপত: I নিযুক্তা দেবকা রাজ্যে সমংভ্রমমুপত্রিতা: 🗚 ক্সবেদরংক্তং নূপতিং কৃতাঞ্লিপুটা বিদ্ধা:। (नग पृरक्षे अकातृक्क छिष्ट्रभो क्राह्म स्थः । অবিষ্ঠান: সম্ভাতক লোলগবমূলক:। মালিচবর্ণ: সর্বতা শশ্চক্রাকিড: গ্রন্। ল্লানবেশ্বসমীপে২সৌ দৃষ্টোহল্লাভি: পরো২ড্কত:। म पृष्टेभूटस्ता तृष्णांश्वम् पार स्पानिकारसम्। গ্লেন বাসয়ন্ স্কাং ভটভূসিং কুগলিনা। क्षम: नाथात्रां नातः लक्ष्मार्क स्पर्कृत्रहः । क कि कि विक्रमें वाका मांगरिका ने का कि अपने । निवृद्धानाः वहः व्यक्ष ब्राक्षा नावप्रविदेश তৎ কিংনিমিত্তং যদুষ্টং তক্সশ্রেষ্ঠং বছন্তি তে। नावषः शहमन् वाकाम् वाह नृशमख्यः । পুৰ্ণাহতিসমাথে তু ৰেন ভাং সফল: ক্ৰডু:। উপছিতং তে ভদ্ধাগাং यक्ष रक्षेरान् भूदा। (याजनीरण वक्त मूर्खि पृष्टि। या विक्तवातः। ভৰ্তমালিভং রোম ভক্তমুপপদাভে ৷ कः भावतातः चारूक शृथियाः भवस्यक्षिनः । তক্ৰপীচ ভক্ষাতি ভগৰান ভক্তবংসল:। क्रांभाक्ती (भीक्रावत काक्रमः ७७ वर्णाम ।" (वेदक्रमथः ১৮ मः) এমন সমন্ত্ৰ আকাশবাণী হইল, "এই আপৌকবের ভগবানকে ১৫ দিন ঢাকা দিয়া রাধ, একজন শঙ্রপালি বর্জকি আসিয়া প্রবেশ করিলে বারক্তর করিয়া দিবে, যে পর্যন্ত না ভগবানের প্রতিমা নির্মিত হয়, দে পর্যন্ত তোমরা বাহিরে থাকিয়া নানা বাদ্য ধানি করিবে। যে প্রতিমা-নির্মাণের শক্ত ভনিবে, তাহান্ন বংশনাশ ও নরকে বাস হইবে। যে বেদী মধ্যে প্রাবেশ করিবে ও দর্শন করিবে, দে বুগে যুগে অন্ধ হইবে। সেই মৃত্তি মধ্যে ভগবান্ শ্বয়ং আবিভূতি হইবেন (১০)।"

'ইক্সফ্রায় দৈববাণী শুনিয়া তদমুদারে সকল কার্য্যই করিলেন। বিশ্বকর্মা বৃদ্ধ ক্তর্থাররূপে আসিয়া মহাবেদী মধ্যে
প্রবেশ করিলেন। ক্রমে ১৫ দিন অতীত ইইল। রাজা
খপ্রে বেরূপ প্রতিমা দেখিয়াছিলেন, ক্রৈয়েইমানের পূর্ণিমার
দিন দার উদ্ঘাটন করিয়া ঠিক সেইরূপ মৃর্ধ্বি দেখিতে পাইলেন। তিনি দেখিলেন—

'ভগবান্ বৈকুঠনাথ বলরাম, স্থভদ্রা ও স্থলশনের সহিত দিব্য রক্তমর সিংহাসনে বিরাজ করিতেছেন। জগরাথের হত্তে শঙ্ম, চক্রন, গদা ও পল্প, মাধার উজ্জ্বল মুকুট; বলরামের হত্তে গদা, মৃধল, চক্র ও পল্প (কর্ণে) কুগুল ও মাধার উপর ছত্রাকারে সাতটা ফণা; উভয়ের মধ্যে ব্র, অভয় ও পল্পধারিশী চারুমুখী স্থভদাদেবী বিরাজ করিতেছেন।'

উৎকলথণ্ডের মতে, এই স্বভ্রাই স্বরং চৈতন্তরাপিণী লক্ষ্যী, ইনিই ক্ষণবিতারে রোহিণীর গর্ডে বলদেবের রূপ চিস্তা করিয়া বলভ্রা রূপে জন্মগ্রহণ করিয়াছিলেন। ইনি নীলমণির বিচ্ছেদ কথন সহিতে পারেন না। বলদেব ও ক্লেঞ্চ কিছুই ভেদ নাই। বলদেব ও স্বভ্রা একগর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন, এই জন্ত লৌকিক ব্যবহারে ও পুরাণে স্বভ্রা বলদেবের ভগিনী বলিয়া বর্ণিত হইয়াছে। কিন্তু লক্ষ্মী ত্রীপুরুষ উভয়-রূপেই সর্ক্ষদা বিরাজ করেন! তাঁহারই পুং নাম বিষ্ণু ও ত্রী নাম লক্ষ্মী। ব্রক্ষবিদেরা সকলেই জানেন বে লক্ষ্মী-নারা-

(>•) "অগৌকবেরাভগবারবিচারপথে ছিত:।

স্থপ্তারাং সহাবেদ্যাং শরং নোৎদ্য বরিব্যক্তি ।

প্রজ্ঞারাং সহাবেদ্যাং শরং নোৎদ্য বরিব্যক্তি ।

প্রজ্ঞারা তাং দিনাভেব বাবং পঞ্চদানি বৈ ।
উপছিতোরং বো বৃদ্ধঃ শর্রপাণিত্ত বর্ধকী ।

ক্রমন্তঃ প্রবিশ্রের বাবং ব্যক্ত বফুতঃ ।

বহির্বাধ্যানি কুর্বন্তি বাবতদ্বটনা ভবেং ।

শরকে বস্তিকৈর কুর্ব্যাং সভাননাশনং ।

নাভঃ প্রবেশনং কুর্ব্যারপপ্তেচ্চ ক্লাচন । '

স্তর্মুল্টাপি সহাজীতির্ভ্রতাচ বুগে বুগে ।'' (১৮ শ্রঃ)

নণে কিছুমাত্র তেন নাই। চতুর্দশ ভ্ৰন মধ্যে স্বরং ভগ্নান্ বাজীত কেহই ফণাগ্রহারা এই চতুর্দশ ভ্রনধারণে সমর্থ নহে। বে অনন্ত, এই ব্রন্ধানেওর ভার বহন করেন, ভিনিই বলদেব। বলদেব ও ক্লাভের। তাঁহার শক্তিবরূপা এই লক্ষীই ভগিনীরূপে কীর্তিত। শাধাগ্রভ্রমধ্যস্থ যে স্থলপ্নচক্র বিক্লুর হত্তে সর্ব্ধাই বিরাজমান, সেই স্থলপ্ন বিক্লুর তুরীয়রূপ চতুর্ধ মৃত্তি (১১)।

ইক্সগ্রেয় ঐ চারিম্র্তি অববোকন করিরা সাঠাপে
প্রেণিপাতপূর্বক তব করিতে লাগিলেন। এই সমর আবার
আকাশবাণী হইল, "রাজন্! নীলাচলের উপর বে করবৃক্ষ
আছে, তাহার বায়ুকোণে শতহত্ত দুরে নৃসিংহম্তি
বিরাজ করিতেছেন, তাঁহার উত্তরে যে বিস্তৃত ভূমি
আছে, তাহাতে হাজার হাত উক্ত এক প্রালান নির্দাণ করিয়া
তন্মধ্যে ভগবানের মূর্তি স্থাপন কর। পূর্কে এই নীলাচণে
ভগবান্ অবস্থান করিতেন, তথন বিশ্বাবস্থ নামে এক
শবরপতি তাঁহার পূজা করিত। তোমার পুরোহিতের
সহিত তাহার বৃদ্ধ ছিল। নেই বিশ্বাবস্থ রংশধর আছে,

(>>) "निर्सर्वाह चन्नः (करः क्रमार नक्रमण मित्न। চতুৰু জি: न ভগবান্ यथाপুৰ্বাং মরোদিত: । छामृत्राविर्वञ्चारमो त्याकः वर्वितः भूता । मियानिःशाननाक्राको यनक्रमाञ्चलक्रीः। **नथ्**ठक्रत्रमाभक्त**न्यराहर्क्**मार्फनः । ननामृग्रमाखाः बात्रम् भवनाकृष्टिः ॥ ছত্রাকৃতিকণা স্তমুক্টোজ্লক্ওল:। ऋकत्रा ठाङ्गवमना वदा**का**कत्रपातिनी ४ नम्बोः शाइर्वष्ट्रदशः मर्क्टहरुक्रतानी । हैतः कृष्णांवलास्त्रहि स्त्राश्चिम गर्जमस्या । বলক দ্ৰাকৃতিৰ্যাচা বলস্পাস্থ চিস্তুৰাৎ । क्रगः न प्रदर्जना हि (प्राक्तुः नीनारकादिगम् । म (छएखाक्रिका विश्रा: कृष्ण्य ह वन्त्र ह । এ क्गर्ड अपूरुषाचा वहा (त्राश्व को किक: । क्रिनी वनामयक देवा श्रीतानिकी कथा। পুংরূপে ত্রীবরূপের লক্ষ্মী সর্বতে ভিঠতি 🛊 श्रुःनामा क्षत्रविकू जीनामा क्षत्रनागना । দেবতেতি ৰকুৰ্যাকৌ বিজ্যোক্তন ৰয়ো: পুন: a কোহত: পুণৱীকাকাত বনানি চতুৰ্দল। थांब्रावज् कर्गाःजन माध्यास्थानमार्शकः। তক্ত শক্তিবঙ্গগেরং ভগিনী 🚉: প্রকীর্ষ্টিত: । স্দৰ্শনন্ত বচ্চত্ৰং সদা বিকো: কয়ে স্থিতন্ । পথি এত ভৰণ্যং ভক্ৰপত্ত ভূমীয়কন্। **এरड मृर्डद्राप्तन हलाता दि अमाणिकाः।" (উरम्मार्थ >> मः**) ভাহাদিগকে আনিয়া জগৎপতির লেপ-সংস্থার ও উৎস্থাদি নির্কাহ করিও।"

'দৈববাণী শুনিরা ইক্সছার বিশ্বাবহার পুত্রবর্গকে আনিরা গেপ-সংশ্বার ও প্রাসাদ নির্মাণ ক্রিয়া তাহার গর্ভপ্রতিষ্ঠা করিলেন। পরে ব্রহ্মার শ্বারা জগরাথের প্রতিষ্ঠাদি করিবার জক্ত নারদের সহিত ব্রহ্মলোকে যাত্রা করিলেন।

থধন ভিনি ব্রহ্মলোক উপস্থিত হন, তথন ব্রহ্মা দেবগণের সহিত পূর্ণব্রহ্মের দীলা-গান শুনিতেছিলেন। এক আই ইন্দ্র-ছায় কিছু না বলিয়া অপেকা করিতে লাগিলেন। গান শেষ হইল, ব্রহ্মা তাঁহার অভিপ্রায় জানিয়া বলিলেন, "ইন্দ্রছায়! তোমার অভিপ্রায় পূর্ণ করিতে আমি সক্ষত, কিন্তু এই যে ক্ষণকাল বিলম্ব করিলে ইহাতে ৭১ সূগ অতীত হইয়া গিয়াছে। এখন ভোমার রাজ্য বা বংশ কিছুই নাই, ইতি মধ্যে কোটি কোটি রাজা রাজ্য করিয়া কালের আতিথ্য স্থীকার করিয়াছে। শেই দেবতা ও দেবপ্রাসাদের সামান্ত চিহ্নমাত্র আছে। এখন স্থারোচিষ মন্থর অধিকার চলিতছে। তুমি কিছুকাল এখানে বিশ্রাম কর, ঋতু পরিবর্ত্তন হইলে নরলোকে যাইও। দেবতা ও প্রাসাদ বাহির করিয়া প্রতিষ্ঠার দ্রব্য সংগ্রহ করিও। আমি পশ্চাৎ যাইতেছি।"

'ইক্সত্যন্ধ বিধাতার আদেশে নারদের সহিত পুনরায় মর্ত্য-লোকে আগমন করিলেন এবং অনেক অনুসন্ধান করিয়া দেবমন্দির বাহির করিলেন।

'তথন উৎকলে গাল নামে এক রাজা রাজত্ব করিতেছিলেন, তিনি মাধব নামে দেবের এক প্রস্তর-মূর্ত্তি নির্ম্মাণ করিয়া সেই প্রাসাদে স্থাপন করিয়াছিলেন, পরে তিনি আরও পাঁচটী ছোট প্রাসাদ নির্মাণ করিয়া তাহাতে মাধ্ব প্রতিমা স্থাপন করেন। এখন ইন্দ্রহায় নামে একব্যক্তি আদিয়া দেই প্রাদাদে দেবপ্রতিষ্ঠা করিতেছে শুনিয়া গাল মহাক্রোধে সদৈত্তে नीनाहरन आनिया उपन्नित हरेलन। किन्न वर्णान আসিয়া হর্লভ দেবমূর্ত্তি দর্শন করিয়া তাহার মন একবারে গলিয়া গেল। ভিনি দেখিলেন যে ব্রহ্মলোক হইতে আসিয়া ইক্সপ্তার একা ও নারদের সাহায্যে সেই মৃর্ত্তি প্রতিষ্ঠা করি-তেছেন। গাল নৃপতির দে রাগ কোথার চলিয়া গেল, তিনি আব্দ দারুত্রক দর্শন করিয়া কুতার্থ হইলেন। (২৫ অঃ)। हेसकाम्राह्म अक्षा अनाधात्रण वास्त्रि ভाविष्ठा छाँशात यथा-বিধি সংকার করিলেন এবং তাঁহার নিকটে থাকিয়া আজ্ঞা-বাহী ভূত্যের স্থায় সকল কর্ম সম্পন্ন করিতে লাগিলেন। বন্ধা আসিয়া ভর্মাজ মুনিকে প্রাসাদ প্রতিষ্ঠা করিতে আজা দিলেন, ভদ্মুদারে বৈশাথমাদে বৃহস্পতিবার পুয়ানকতে ত্তর অষ্ট্রমী তিথিতে প্রাসাদপ্রতিষ্ঠা ও এক ধ্বজা হাপিত হইল। সে সমরে ভগবান্ ইক্সহায়কে সংঘাধন করিয়া বলিয়া ছিলেন, "তোমার নিভাম কার্য্যে আমি প্রাসর হইরাছি, ভূমি কোটি কোটি অর্থব্যর করিরা আমার এই আরতন নির্মাণ করিয়াছ, কালে ইহা ভয় হইলেও আমি এছান পরিত্যাগ করিব না। আমি অপরার্দ্ধকাল পর্যন্ত এই স্থানে দারু-ব্রহ্মরূপে অবস্থান করিব।" দেবের নিত্যপূজা ও বিবিধ উৎস্বাদি চলিতে লাগিল। যথাকালে ইক্সহায় এই নশ্বর জগৎ পরিত্যাগ করিবেন।' (১৫—২৯ অঃ)

উৎকলথণ্ডে যেরপ বর্ণিত হইয়াছে, কপিলসংহিতাতেও
ঠিক এইরপ বর্ণনা পাওয়া যায়। নীলাদ্রিমহোদয়েও দেবের
উৎপত্তি-বিবরণ অপর সকল বিষয়ে কপিলসংহিতা ও উৎকলথণ্ডের মত, কেবল জগয়াথের আবির্ভাব সম্বন্ধে সম্পূর্ণ
মতভেদ আছে। উৎকলথণ্ড ও কপিলসংহিতার ভগবানের
চতুর্দ্ধা মৃর্ক্তিতে আবির্ভাবের কণা আছে; কিন্তু নীলাদ্রিমহোদয়ের ৪র্থ অধ্যায়ে লিথিত আছে—

পঞ্চদশদিন আদিলে, স্বরং ভগবান জনার্দন তথায় দিব্য রত্নসিংহাদনে বলদেব, ভদ্রা, স্থদর্শন, বিশ্ববাত্রী, লক্ষী ও মাধবের সহিত আবিভূতি হইলেন।

'জগদানন্দকন্দ (জগ্নাথের) নীলমেঘের মত বর্ণ, প্রপতের মত আয়তলোচন, প্রাসনে অবস্থিত থাকায় চুইটী করকমল শুপ্ত ও ছইটা উত্তোলিত। বলভদ্রের সপ্ত ফণাবেষ্টিত বিকট मछक, वर्ग कूरमम्माध-धवन, श्रमाना, अश्रशान, इरे হস্ত গুপ্ত ও চুইটা উত্তোলিত। ভক্তের মুক্তিলায়িনী শুভাননা স্বভদার মৃত্তিও ঐরপ, তাঁহার করপন্ম অধোলম্বিত ও বর্ণ কুদ্মাত। সুদর্শন স্তন্ত্রমণী ও জিতেক্রিয়। মাধবও ভগ-বানের স্বরূপ, কিন্ত হ্রস্বায়তন। স্থহাস্ত-বদনা লক্ষী চতুর্জ্ঞা, ছই হাতে বর ও অভয় এবং তুই হাতে দিব্যক্ষল, তিনি कमनामत्न উপবিষ্ঠা, চারিটা গম ভঙ্গারা স্থর্ণকলস ধরিয়া অমৃতহারা তাঁহার অভিবেক করিতেছে। দেবী বিশ্বধাত্রীও পদাসনে অবস্থিতা, তিনি দকিণ করে জ্ঞানমুদা ও বাম-করে চারুকমল ধরিয়া আছেন। প্রকাশার মূর্ত্তি ধবল বর্ণা। ১৫ দিন পরে সকলে ভগবানের এইরূপ সাতটী দারুময়ী মূর্ত্তি দেখিতে পাইল, কিন্তু দেই স্ত্রধারকে কেছ আর দেখিতে পাইল না।' (১২)

(১২) "দিনে পঞ্চলে প্রাপ্তে তদা বিশ্রা: স্বরং বিজু:।
রক্তসিংহাসনে দিবো তাবদাবিব জুব হ ।
বলেন ভত্তমাযুক্ত তথা সহ স্বদর্শন:।
বিশ্বধান্তাত লক্ষাত সাধ্বেদ সমং তদা ।

উপরে বাহা নিথিত হইন, তাহা সংস্কৃত ব্রাহের কথা, কিছ উৎকলের দেশীর ভাষার নিথিত আধুনিক গ্রাহে ও প্রধাদে জগরাথের উৎপত্তি সম্বন্ধে একটু ভারতম্য আছে।

মাভনিয়া দাস ও শিশুরাম দাস লিখিরাছেন—

'মালবদেশে ইশ্রহায় রাজত করিতেন। একদিন দেবর্ষি নারদ তাঁহার সভায় স্থাসিয়া কহিলেন, "রাজন্! তুমি বিস্কুকে লাভ করিবে, ভোমার মহিমা জগতে প্রকাশিত হইবে।"

ইন্দ্রভান্ধ ক্ষতাঞ্চলিপুটে জিজ্ঞাসা করিলেন, "কোথার ভগবান্ আছেন, কোথার তাঁহাকে পাইব ?" নারদ তথন কহিলেন, "নীলাচলে ভগবান্ নীলমাধবরূপে আছেন, একজন শবর অভি গুপ্তভাবে তাঁহার পূজা করিয়া থাকে।" এই বলিয়া নারদ চলিয়া গেলেন। ইন্দ্রভান্ধ চারিদিকে দৃত পাঠাইয়া সংবাদ লইতে লাগিলেন। বিদ্যাপতি নামে একজন আহ্মণণ্ড প্রেরিভ হইলেন। তিনি নানাস্থান পর্যাটন করিয়া নীলাচলে বস্থ শবরের গৃহে আসিয়া অতিথি হইলেন। বস্থ শবরের ললিতা নামে এক যুবতী কন্ধা ছিল। বিস্থাপতি এথানে কিছুদিন বাস করিলে বস্থ শবর তাঁহাকে অনুরোধ

मक्षरानिर्द्धाता (एवः वदः ठळ बनाप्तमः। क्रशनामन्त्रकारकार्यः । शमानवज्या विश्वा **शश्चवरभागिमक्छ:।** माञ्चक्रमत्रीत्रम अकारमाश्क्रम छ्छल । নীলজীমুতসঙ্কাশঃ পত্মপত্রারতেক্ষণঃ। (भागायसभा: विभान एकानामकत्रकत: ) वनसङ्ख्यामध्यन्।विक्रेष्टकम्। क्रमम्भव्ययमः अकारमाञ्चलकात्मः । थशानकदार्खाकनमूर्खानिष्ठमञ्जः। ककानामनगारेवर उपा कक्षांनि कल्या : অংশলম্ভিং বাজা কুলুমাভা ওভাগনা। স্বদর্শনন্তভারণী বভুব বিজিতেজ্ঞিয়: ঃ वारकाः चत्रभमकक्षमाध्या द्वमानकः। শালীশ্চতুভূমা বিপ্ৰাবরাভর্ণরা সভী 🛊 **छटेपन। खनुभः मिनाः बात्रज्ञ छि जिल्लानना ।** ष्ठज्ञीन करबारिक श्रञ्चर्ग कमामृदेख: । क्ठां किरव कमना कमना मनमः विका পহাসনগভা দেবী বিষধাত্রী তথা হিলা ৷ कानमुद्धाः कत्त्र कत्क वात्मि ठाक्नशक्कम् । शासपासि अपारमधी ध्यकामा ववनाकृतिः । **७७: शक्यमेशकांक विवासीमध्य करा।** अयः मछविषा विष्णातीक्षत्रंभवत्रमा देव । व्यक्तानमुर्खेरम्। (यम्।१: नक्किक म निमार्ड ॥"

( नोगाजिय हा वह वर्ष भः)

করে, "আমার এই একমাত্র আবরের কন্তা, আমার ইছা, তোমার সহিত ললিতার বিবাহ দিই।" বিদ্যাপতি শবরের প্রভাবে অসমত হইলেন, তথন শবর বহু তর্জন র্যজন করিয়া বলিন, "আমার পিডা একটা বাবে শীক্ষকের প্রাণসংহার করিরাছিলেন। আমি কি ভোর মত একটা বাব্দণকে বধ করিতে পারি না।" তথন ছিল্লবর নিভান্ত ভীত হইরা কহিলেন, "ভোমার বাপ কিরপে শ্রীক্ষকের প্রাণসংহার করিয়া ছিল, অত্যে ভাহা বল, ভবে আমি ভোমার কন্তাকে বিবাহ করিব।"

'তথন শবর এইরূপ পরিচর দিল, "ভগবান বস্থাদেবের মারার বারকাপুরীতে কুকুরাভর ঘটিল। ভগবান যালবগণকে শইয়া কুকুয়া বিনাশ করিতে অগ্রসর ছইলেন। কুকুয়া পলাইয়া গেল। তথন ধারকানাথ প্রভাসক্ষেত্রে একটা कमचलक गका कतिशा किट्टिनन, এই लक्ष्मात्नरे कुक्शा লুকাইয়াছে। বলরাম অভিশয় ক্রেছ হইয়া সেই গাছে মুধলা-খাত করিলেন, দেখিতে দেখিতে সেই কদম গাছ হইতে ত্ত্বৰং নিৰ্যাস বাহির হইল। যাদবগণ সকলে মিলিয়া সেই কাদম্বী পান করিতে লাগিলেন। ক্রমে কাদম্বীপানে সকলে मख हहेगा भत्रम्भत्र विवास चात्रक कतिरमन । এই विवासि যতুকুল নির্দাণ হইল। বলরাম সাগরসলিলে দেহপাত করি-লেন। ক্লফ সিয়ালীপাতায় শুইয়া বিলাপ করিতে লাগি-লেন। এই সময় আমার পিতা মৃগ অবেষণে সেই বনে বেড়াইতে ছিলেন। তিনি লতার ডিতর কুঞ্চপদ দেখিয়া তাহা মুগকর্ণ ভাবিয়া শর প্রয়োগ করিলেন ৷ সেই বাণে कुक विक इटेश "अर्ब्बन आभात तका कत" विनेश ही श्कात করিয়া উঠিলেন। আর্দ্তনাদ শুনিয়া আমার পিতা দেই শ্বানে গেলেন ও ক্লেণ্ডর অলে শরাঘাত দেখিয়া ভয়ে হতচেতন হইয়া পড়িলেন। তিনি সংজ্ঞালাভ করিলে পর জীক্তঞ্চ তাঁহাকে কহিলেন, "শবর । আমি নিরপরাধে ভোমার পিভাকে বধ করিয়াছি, তাহারই এই প্রায়ন্তিও। পূর্বজন্মে বালী ভোমারই পিতা ছিল এবং ছুমিই অক্দ। প্রর। তুমি হত্তিদার গিয়া পাওবদিগকে সংবাদ দাও বে আমি মৃত্যুপ্য্যায় শর্ম করিয়াছি।" যথাকালে পাগুবগণ্ও সেই সংবাদ পাইলেন এবং অবিলয়ে শবরের সহিত তথার আসিলেন। ক্লফ তাঁহা-मिश्रांक (मिथिया नाना **आत्मिश कविद्यान ७ अर्ज्जुतन वन इ**त्र করিরা দেহ ত্যাগ করিলেন। পাওবগণ স্কুক্ষের পবিত্র দেহ চিতার অর্পণ করিলেন, কিন্তু সাত্রদিন চেষ্টা করিয়াও সেই পুতদেহ দ্ব করিতে পারিদেন না। আকাশবাণী হইল, 'ভোমরা কি পাণাল হইয়াছ ? এ দেহ কি আনি লয় করিতে পালে ? পাপতে কৈ সিন্ধা কাও। ক্লিণ্ডে নীলাচলে দাক বন্ধ রপে
ইহা প্রিত হইবে।' পাক শাস্তবে আকাশবাণী শুনিরা সাগরে
সেই বেহ ভাসাইখা দিখ।

এই রূপ বর্ণনা করিরা বস্থ শবর বিদ্যাপতিকে কছিল, "কানি সেই শবরের পুত্র, তুনি বদি আমার কলাকে বিবাহ না কর, তালা ইউলে নিশ্চরই ডোমার প্রাণ বাইবে।"

"বিদ্যাপতি তথন ফাঁপরে পড়িয়া ললিতার পাণিগ্রহণ ফরিয়া শবরগৃহে উভয়ে বাস করিতে লাগিলেন। ললিতা দেখিল যে তাহার স্বামীর মনে স্থুখ নাই, সর্ব্বদাই চিন্তার কাতর। একদিন শবরবালা বিদ্যাপতিকে অতি আদরে ডাকিয়া বলিল, "নাথ! তোমার কিসের ভাবনা, সর্ব্বদাই তোমাকে বিষয় দেখি কেন ? তোমার মলিন মুখ দেখিলে আমার বুক ফাটিয়া যায়। পায়ে ধরি, তোমার মনের কথা খুলিয়া বল।" বিদ্যাপতি কহিল, "ভুমি সত্য বল যে তোমার পিতা প্রতিদিন শেষরাত্রে কোণায় যান, আর মধ্যাহ্ণ সময়ে কোথা হইতে আনেন। সেই সময় তাঁহার শরীর হইতে কেন চন্দন গল্প বাহির হয় ?"

শবরকন্তা বলিল, "এই জন্ত তোমার চিন্তা। নীলাচলে নীলমাধব আছেন, একথা কেহ জানেনা, আমার বাবা অতি গোপনে তাঁহাকে পূজা করিয়া আসেন। আজ আদিলে তাঁহাকে বলিব। তুমি জগনাথের দর্শন পাইবে।"

'রৃদ্ধ শবর ঘরে আসিলে লালিতা তাঁহাকে গিয়া ধরিল। লালিতার মূপে সকল কথা শুনিয়া শবর বিস্মিত হইল ও কল্পাকে অত্যস্ত ভর্ৎসনা করিয়া কহিল, "আমি পুরাণে শুনিয়াছি যে রাজা ইক্রত্যেম জগরাথের পূজা করিবেন। বোধ হয় এই ব্রাহ্মণ তাঁহারই চর। ইহাকে দেখিতে দিলে নিশ্চয়ই জগরাথকে হারাইৰ।" লালিতা কাঁদিতে লাগিলেন। কলার কেন্দানে শবরের মন ফিরিল এবং বিদ্যাপতির চক্ল্ বাঁধিয়া শইরা গিয়া জগরাধকে দেখাইতে সম্মুত্ত হইল।

দশিতা বিদ্যাপতিকে পিতার মনোভাব জানাইল।
বিদ্যাপতি কহিলেন, "যদি আমার চকুই বাঁধা থাকে, তবে
আর আমার দর্শনে কাজ নাই।" দশিতা কহিল, "তার জন্ত
ভাবনা কি, আমি পথ চিনিবার উপায় করিয়া দিব। তোমার
টেকে তিল বাঁধিয়া লও, যাইবার দম্ম পথের হুইপার্থে সেই
ভিন্ন ছড়াইতে ছড়াইতে যাইবে। গাছ বাহির হুইলে তুমি
আপনি পথ চিনিয়া যাইতে পারিবে।"

প্রদিন প্রভাতে শবর বিভাপতিকে অন্ধের ন্যায় চকু বন্ধন করিরা কইরা চলিল, বন মধ্যে গিয়া শবর ব্রাক্তেশর চকু খুলিয়া দিল। বিভাপতি বটরক বুলে বহুদিনের নাথ নীল্মাধ্য মূর্ত্তি দেখিতে পাইলেন। শ্বর রাজণকে বটরুক মূলে ব্রিভে বিলয়া ফল আনিতে চলিল। এই সমন্ত বিভাগতি দেখিলেন, একটা ভ্ৰঞী কাক খুমের বোরে বৃক্ষ কইছে নিক্টছ রোহিণকুণ্ডে পড়িয়া গেল, পড়িয়াই চতুভূ জ হইয়া চলানহক্ষে গিয়া বিলল। তাহা দেখিরা বিভাগতিও চতুভূ জ লাভ ও এই সংসার হইতে মুক্ত হইবার আশায় আপনিও রোহিণকুণ্ডে বাঁপ দিতে গেলেন। ওখন সেই ভূবঞী কাক তাঁহাকে বাঁধা দিয়া বলিল—"রাজণ! তুমি যে কাজে আসিয়াছ, আল কি তাহা ভূলিয়া গেলে। তোমা হইতে মন্ত্যলোকে ভগবান্ জগন্নাথ প্রকাশিত হইবেন। তুমি তাহাতেই কুতার্থ হইবে।"

বিত্যাপতির আর ঝাঁপ দেওয়। হইল না। এই সমর
শবরপতি ফল মূল লইয়া উপস্থিত হইল ও নীলমাধবকে
নিবেদন করিয়া কহিল—"মহাপ্রভো! আমার এই সামান্ত
উপহার গ্রহণ কর।" বৃদ্ধ বার বার মিনতি করিলেও
সেদিন আর ভগবান্ শবরের ফলমূল গ্রহণ করিলেন না।
শবর নিভান্ত হংথিত হইয়া কহিলেন, "ভগবন্! আমি কি
অপরাধ করিয়াছি, আমার উপর ক্রোধ হইল কেন ?"

তথন দৈববাণী ছইল, "শবর ! তুই ব্রাহ্মণকে কেন এথানে আনিলি! এতদিন তোর কাছে কল্মুল থাইয়াছি, কিন্তু ভাহা আর ভাল লাগে না। রাজা ইক্সজ্যের দেখা দিয়াছে। আর ভোর কাছে থাকিব না। নীলাচলে দাক্রহ্মরূপে দেখা দিব। নানা উপচারে ভোগ পাইব। স্থরাস্থ্রনর আমার সেই মূর্ত্তি দেখিয়া কৃতার্থ ইইবে। ব্রহ্মার আর্র্ব অর্জ্কাল এখানে ছিলাম, অপরার্জ্ব দাক্রহ্মরূপে বিরাজ্ক করিব।"

শবর দৈববাণী শুনিয়া মাথার হাত দিয়া বসিয়া পড়িলেন।
"হায় হার আমার মেরে হতেই আমার সর্কনাশ হইল,"
এই বলিয়া কতই বিলাপ করিতে লাগিল। এইরূপে কিছুকাল আক্ষেপ করিয়া আবার ব্রাহ্মণের চকু বাঁধিয়া গৃহে
ফিবিয়া আসিল।

বিভাগতির মনস্কামনা সিদ্ধ হইয়াছে। এদিকে তিলবৃক্ষ গজাইরা উঠিয়াছে, তাহা লক্ষ্য করিয়া ব্রহ্মণ সকল পথ ভাল করিয়া চিনিয়া লইলেন। এখন কিন্ধপে দেশে যাই-বেন, সেই ভাবমাই বেলী হইল। একদিন ললিভা স্বামীকে উদ্বিশ্ব দেখিয়া তাহার কারণ জিজ্ঞাসা করিলেন। বিভাগতি ভংথিতভাবে উত্তর করিলেন, "অনেকদিন হইল আমি দেশ ছাড়িয়া আসিয়াছি, আমার আত্মীর স্বন্ধন কে ক্ষেমন আছে, জানিমা, তাহাদের দেখিবার সম্ভ আমার মন আছুল হইতেছে।"

তথন গণিতা কাতরভাবে বলিল, "এখন সানিকার, ভূমি

মাজা ইন্দ্রহারের চর। বাহা হউক, পিতাকে বনিরা ভোলার দেশে পাঠাইরা দিব। তুমি আমার প্রাণসর্কার, বি দালীর নিবেদন, আমাকে বেন পরিত্যাপ করিও না।" বিভাপতিও লনিতার চিবুক ধরিরা আদর করিরা কহিলেন, "তুমি আমার কনিটা পত্নী, ভোমাকে কি আমি পরিত্যাগ করিতে পারি ?"

শবরপতি কস্থার অন্থরেধে বিভাপতিকে পথ দেখাইরা দিল। বিজ্বর আকাশগগুকী নামক স্থানে শবরের নিকট হইতে কলমূল লইরা বিদার হইলেন। ঘথাকালে তিনি ইক্সারের প্রানাদে আদিয়া পৌছিলেন। দোবারিক গিরা রাজাকে বলিল, "ব্রাক্ষণ বিভাপতি আদিয়াছেন। তাঁহার দেহে শত্মকের চিহ্ন দেখিয়াছি।" ইক্সহায় গোবিল নাম করিয়া ভাবিলেন যে, বিভাপতি নিশ্চয়ই জগৎপতির দর্শন পাইয়াছে। তিনি তৎক্ষণাৎ বিদ্যাপতিকে তাঁহার সমক্ষে আনিতে আদেশ করিলেন। বিভাপতি রাজসমক্ষে উপন্থিত হইয়া নিবেদন করিলেন, "মহারাজ! আমি ভগবান্কে দেখিয়া আদিয়াছি, তিনি নীলমাধব মূর্জিতে বটর্ক্ষমূলে অবস্থান করিতেছেন। আমি স্বচক্ষে দেখিয়াছি, তথায় রোহিণকুণ্ডের জলে পড়িয়া কাকও চতুর্ভু জ হইয়াছে।"

'তথন রাজা ইক্সফায় বিদ্যাপতির পাদ বন্দনা করিয়া কহি-লেন, "আপনার প্রসাদে আমি উদ্ধার হইব।" পরে মন্ত্রীগণকে আজ্ঞা করিলেন, "আমি নীলাচলে যাত্রা করিব, শীঘ্র প্রস্তুত হও।"

'যথোপযুক্ত ক্রব্যাদি ও সৈক্তসামন্ত লইরা অবস্থিরাজ রাজধানী পরিত্যাগ করিলেন। বিশ্বাপতি তাঁহার পথপ্রদর্শক হইরা চলিলেন। যথাকালে নীলাচলে সেই ক্সগ্রোধ তরুমূলে সকলে আদিয়া উপস্থিত হইলেন। কিন্তু রাজা এখানে নীল-মাধব বা রোহিণকুণ্ড কিছুই দেখিতে না পাইয়া বিশ্বাপতিকে জিজ্ঞাসা করিলেন, "নীলমাধব কোথায় ?"

'নারায়ণের মায়ায় তখন সকলি অন্তর্থিত হইরাছিল।
কিন্তু বিত্যাপতি তাহা না জানিয়া রাজাকে কহিলেন, "বোধ
হয় বস্থ শবর কোথায় লইয়া গিয়াছে।" ইব্রহায় শবরকে
ধরিয়া আনিবার অস্ত তথনই লোক পাঠাইলেন।

'রাজপুরুষগণ শবরালয়ে উপস্থিত হইল। বস্তু তাহাদিগকে দেখিরা কাতরভাবে ভগবানকে ডাকিতে লাগিলেন, "জগ-ঘন্ধো! আমার কি শেষে এই দশা করিলে। এতকাল ডোমার সেবা করিলাম, এখন কি তাহার এই ফল হইল।"

ভেক্তাধীন ভগবান্ তথন দৈববাণীরপে ইস্ত্যুরকে ভনা-ইলেন, "এখন আমার দর্শন পাইবে না। আমার মন্দির নির্মাণ কর, বেবলোক হইডে ত্রমাকে আনিরা মন্দির প্রতিটা কর, তবে আমার দেখা গাইবে।

'রাশি রাশি বউলমালা পাধর সংগৃহীত হইল (১)। বৈশাধ মাসে প্রানক্ষত্রে বৃহস্পতিবারে শুরু পক্ষীতিথি মহেন্দ্র লয়ে বন্দির-নির্দাণ আরম্ভ হইল। বহু অর্থ ব্যর করিয়া ইক্র-ছার মন্দির সম্পূর্ণ করিলেন। এই সময় নারদ আসিরা উপস্থিত হইলেন। ইক্রছার নারদের সহিত তাঁহার চেঁকিতে চড়িরা ব্রহ্মলোকে পমন করিলেন। এখানে ব্রহ্মা রাজার মনোগত ভাব জানিয়া তাঁহাকে কহিলেন, "তৃমি কণকাল অপেক্ষা কর, আমি পুজাতর্পণাদি শেষ করিয়া তোমার সহিত জগতে গিরা মন্দির প্রতিষ্ঠা করিব।"

'সেই সময় মধ্যে শতাকী কাটিয়া গেল। সাগরের তরকে
ইক্সছারের রচিত প্রাসাদও ক্রমে ক্রমে বালুকামধ্যে ঢাকা
পড়িল। রাজা গালে হাত দিয়া ব্রহ্মার হারে অপেক্রা করিতে
লাগিলেন (২)। এদিকে স্থদেব, বস্থদেব, শ্রীপতি প্রভৃতি
রাজগণ রাজত্ব করিয়া ইহলোক পরিত্যাগ করিল। মাধ্ব
নামে এক ব্যক্তি উড়িয়্যার রাজা হইয়া ১৩৭ বর্ব রাজ্যশাসন
করিলেন। মাধ্ব মকর দশমীর দিনে পাত্রমিত্র লইয়া সমুজে
লান করিতে হাইতেছিলেন, অপ্রে অগ্রে তাঁহার অহ্চরগণ
পথ পরিক্রার করিতেছিল। সেই সময় হঠাৎ তাহায়া মন্দিরের
চূড়া দেখিতে পাইল ও রাজাকে সংবাদ দিল। রাজা সেই স্থান
থনন করাইতে আরম্ভ করিলেন। দীর্ঘকাল খননের পর
সমস্ত মন্দির দেখা গেল। মাধ্ব ভাবিলেন যে, বোধ হয়
আমারই কোন পূর্বপুক্ষর এই মন্দির নির্মাণ করিয়া গিয়াছেন,
আমিও ইহাতে মূর্জি স্থাপন করিব।

'ব্রহ্মার তর্পণ শেষ হইল। তিনি ইক্র্ছায় ও নারদের সহিত নীলাচলে আগিলেন। তাঁহারা এখানে দেখিলেন যে মন্দির পূর্ববংই রহিয়াছে, মন্দিরের হারদেশে কতকগুলি দৌবারিক অপেক্ষা করিতেছে। তাঁহারা ব্রহ্মা প্রভৃতিকে মন্দিরে প্রবেশ করিতে নিষেধ করিল, কিন্তু ইক্রছায় ভাহাদের কথার ক্রক্ষেপ না করিয়া মন্দিরে চুকিলেন। তথন দৌবা-রিক গিরা রাজা মাধবকে জানাইল যে, "একটা চতুর্মুধ ও ইক্রছায় নামে একটা লোক আপনার আদেশ অগ্রাছ্ করিয়া মন্দিরে প্রবেশ করিয়াছে।"

'মাধব দৌবারিকের কথা ভনিদ্না অত্যন্ত কুত্ব হইরা

<sup>(</sup>১) ৰাণ্ডনিলালাস লিখিলাছেল বে কুৰ্মণৰ সেই সকল পাথল পূৰ্তে বহন কলিলা আনিলাছিল—"কুৰ্মিনাক পিঠলে। আনতি বহাই পথৰে।"

<sup>(</sup>२) बुक्मतास्यत बननाप बन्नरमध बहेक्य क्या निवित्र आरंधन

ঘশিনে গিয়া বন্ধা ও ইত্রহায়কে বলিলেন, "ভোমরা কি অস্ত এখানে জাসিরাছ।" ইত্রহার উত্তর করিলেন, "আমি প্রতিষ্ঠা করিছে জাসিরাছি।" মাধব সদর্গে বলিল, "এ মন্দির আমার, ভোমার ইহাতে কোন অধিকার নাই।"

'এইরপে মাধব ও ইন্দ্রছায়ে বোর বিবাদ আরম্ভ হইল।

বন্ধা মধ্যত্ব হইরা বলিলেন, "ভোমাদের কাহার কি সাক্ষী
আছে ?" মাধব কহিলেন, "আমি নিজে মন্দির করিয়াছি,
ভাহার আবার সাক্ষী কি ?" ইন্দ্রছায় বলিলেন, "আমার
সাক্ষী আছে। আমার প্রথম সাক্ষী ভ্যগুটী কাক, বিতীয়
সাক্ষী ইন্দ্রেমসরোবরবাসী কুর্ম্মগণ।" ব্রহ্মা সাক্ষ্য গ্রহণ
করিলেন, ভদক্ষারে কাক ও কুর্ম্মগণ সকলেই ইন্দ্রছায়ের
হইরা সাক্ষ্য দিল। ব্রহ্মা রাজা মাধবকে বলিলেন, "ভূমি
মিধ্যা বলিয়াছ, সেই জন্ম কলিযুগে ভূমি লিঙ্গ হইবে, কেইই
ভোমার পূজা করিবে না।"

'তারপর ব্রহ্মা মহাসমারোহে মন্দির প্রতিষ্ঠা করিয়া ব্রহ্ম-লোকে চলিয়া গেলেন। মন্দির প্রতিষ্ঠা হইল বটে, কিন্তু কিরূপে দারুব্রহ্ম স্থাপন করিবেন, কেবল তাহাই ভাবিতে লাগিলেন। একদিন রাত্রিকালে ভগবান্ স্বপ্নে দেখা দিয়া ইক্রহায়কে বলিলেন, "কাল প্রাতে সাগরতীরে যাইবে, তথার বাঁকিমোহনার দারুব্রহ্মরূপে আমার দর্শন পাইবে।" প্রদিন রাজা সসৈন্তে সাগরতীরে আদিয়া বাঁকিমোহনার দারুব্রহ্মের দর্শন পাইলেন।

'তথন সকলে মিলিয়া সেই মহাকার্চকে তীরে তুলিয়া আনিবার জস্তু অগ্রসর হইল, কিন্তু হস্তী ও ময়্বা সকলে মিলিয়া কিছুতেই সেই কার্চ্বও সরাইতে পারিল না। অবস্তিপতি মহা চিস্কার পড়িলেন। সেই দিন রাত্রিকালে আবার বিষ্ণু তাঁহাকে দেখা দিয়া কহিলেন, "ইক্রছাম! ভক্ত ভিয় কেহ এই কার্চ্চ নাড়িতে পারিবে না। সেই বস্থ শবরকে ডাকাইয়া আন। সে ও তুমি স্পর্ল করিলেই উঠিয়া আসিব।" শরদিন প্রাতে রাজা বিভাপতিকে পাঠাইয়া বস্থ শবরকে ডাকিয়া আনিলেন। ইক্রছায় ও শবরের স্পর্ণ মাত্র দাক রথে উঠিল। মন্দিরের সম্ব্ধে গরুভ্সক্তেরে নিকট প্রথমে দারু হাপিত হইল।

'বাদশ শত স্ত্রধার জগরাথমূর্ত্তি নির্দাণে নিযুক্ত হইল।
সাতদিন পরে রাজা কিরুপ মূর্ত্তি হইতেছে দেখিতে আসিলেন,
কিন্তু মূর্ত্তি হওয়া দূরে থাক, দেখিলেন—যেমন কাঠ ঠিক
তেমনি আছে। স্ত্রধারেরা বিনীতভাবে বলিল, "মহারাজ!
আমালের বারা কিছুই হইবে না, দেখুন আমাদের অন্ত্র শত্র ভালিয়া সিরাছে।" রাজা তাহাদের উপর চটিয়া বলিলেন— यनि ভাগামী কলা দেবমূর্ত্তি প্রস্তুত লা হয়, তারা ইইলে ভোমাদের প্রাণদপ্ত করিব।

'শ্ত্রধারেরা কঠোর রাজাক্তা শুনিরা সকলেই হাহাকার করিয়া জগরাথকে ডাকিতে লাগিল। দৈববাণী হইল— "শ্ত্রধারগণ। তোমাদের কোন শুর নাই। আমি কল্য স্নাজার সহিত দেখা করিয়া তোমাদের রক্ষা করিব।"

'পরদিন স্বয়ং ভগবান্ (৩) বৃদ্ধস্ত্রধারের বেশে রাজহারে উপস্থিত হইলেন। তাঁহার পারে গোঁদ, পিঠে কুঁজ, চল্ছে পিচুটী, এদিকে আবার কালা। হারবান্ তাঁহাকে প্রাসাদে প্রবেশ করিতে দিল না। পরে তিনি রাজার আদেশে সভার আনীত হইলেন। বৃদ্ধকে দেখিয়া সকলেই অবাক্ হইল। মন্ত্রী বলিলেন—ইহার মরণ নিকটবর্ত্তী, তব্ ধনলোভ ছাড়িতে পারে নাই।" রাজা উচ্চৈ:স্বরে বলিলেন, "তোমার নাম কি १" বৃদ্ধ হাসিয়া উত্তর করিলেন, "আমার নাম বাস্থদেব মহারাণা, আমি বিশ্বকর্মার গুরু, আমার অসাধ্য কোন কার্যাই নাই। যাহা বলিবেন, আমি তৎক্ষণাৎ তাহা করিয়া দিব "

রাজা বুড়াকে সঙ্গে করিয়া সেই মহার্ক্ষের নিকট আনিলেন। বুড়া নথ দিয়াই সেই গাছের ছাল তুলিয়া ফেলিলেন।
দেখিয়া সকলেই অবাক্। তথন বুড়া রাজাকে নিবেদন
করিলেন, "মহারাজ! আমি মন্দিরের ভিতর থাকিয়া প্রতিমা
গড়িব। ২১ দিন ছার রুদ্ধ থাকিবে। এই কয়েকদিন কেহ
ছার খুলিতে পারিবে না।" রাজাও তাহাতে সম্মত হইলেন।

বৃদ্ধ মন্দির মধ্যে প্রবেশ করিলেন। রাজা ছারক্তম করিয়া চলিয়া আসিলেন। শুণ্ডিচা নামে ইক্তছায়ের পাটরাণী ছিলেন। একদিন তিনি রাজাকে জিজ্ঞাসা করিলেন, "নাথ! তৃমি আমায় জগয়াথ দেথাইবে বলিয়াছিলে ? কৈ দেথাইলে না ত ?" রাজা বলিলেন, "এক বৃদ্ধ মূর্ত্তি নির্মাণ করিতেছে। আজ ১৫ দিন হইল। আর ছয়দিন পরে দেথিতে পাইবে।" শুণ্ডিচা হাসিয়া কছিলেন, "বারশ ছুতার আসিয়া যথন কিছুই করিতে পারিল না। তথন একটা বৃড়া কি করিবে ? বোধ হয়, এতদিন সে আনাহারে মরিয়া গিয়াছে।" রাণীর কথা শুনিয়া রাজারও কিছু চিস্তা হইল। তিনি মন্ত্রীকে সক্ষেকরিয়া মন্দিরে গমন করিলেন। ছারে কাণ পাতিয়া কোন শক্ষ না পাইয়া ভাবিলেন, বৃথি বৃড়া মরিয়া গিয়াছে।

'প্রথমে মন্ত্রী দার খুলিতে নিবেধ করিয়াছিলেন, কিছ রাজা তাঁহার কথা ভনিলেন না, দার খুলিয়া ফেলিলেন, তথন মধ্যে দেখিলেন, সিংহাসন উপরে দারুত্রক জগলাধ-

<sup>(</sup>७) नीनाजिमस्थापस्त्र निविष् चास्य-चन्नरान् एवशाव साम चानिया निवम् विथान करवन ।

শুর্ক বিশ্লাক করিতেটেন, তাহার হাত অনুনি কিছুই নাই।

বৃদ্ধও অন্তর্ভিত হইরাছে। রালা বৃদ্ধকৈ দেখিতে না পাইরা

অধিমে জবাক্ হইলেন, পেঁবে সভ্যক্তন করিরাছেন ভাবিরা

বিলাপ করিতে লাগিলেন। পেবে কুপাশব্যা রচনা করিরা

ভাহাতে ভইরা থাকিলেন। জামে অর্দ্ধরাত্তি কাটিয়া গেল,
গভীর রজনীকালে জগরীধ রাজাকে দেখা দিয়া বলিলেন,
'ভোমার কোন চিস্তা নাই। কলিদ্গে আমি হস্তপদহীন
বৃদ্ধরূপে এখানে থাকিব। তৃমি সোণা দিয়া আমার হাত
গড়াইরা দিও (৪)।"

'তথম রাজা হাতজোঁড় করিয়া জিজাসা করিলেন, "প্রতে। কে আপনার পূজা করিবে।"

'নারারণ বলিলেন, "যে শবর বনে আমার পূজা করিত, তাহার পূজ পঞ্চালক দৈতাপতি আমার সেবক হইবে। তাহার সন্তানগণ চিরকাল দৈতাপতি নামে আমার সেবক থাকিবে।" বলভদ্র গোত্রীয় "অরার"-গণ আমার রন্ধনকার্য্যে নিযুক্ত হইবে।" আমার প্রসাদ সকল জাতিই জাতিভেদ ভূলিয়া একত ব্রিয়া আহার করিতে পারিবে।"

'তদকুসারে রাজা ইন্দ্রহায় দেবলৈবার বন্দোবত করিয়া দিলেন। এখনও সেই নিয়মেই পূজাদি নির্দ্ধাহ হুইতেছে।'

উপরে যে উপাখ্যানটা লিখিত হইল, উড়িব্যার অধিবাসীদিগের মধ্যেও ঐকপ প্রবাদ প্রচলিত আছে। বোধ হয়
প্রবাদের উপর নির্ভর করিয়াই শিশুরাম, মৃকুন্দরাম, মাগু
নিয়া দাস, বেঙ্কটাচার্য্য প্রভৃতি জগন্ধাথের বিবরণ লিপিবদ
করিয়া গিয়াছেন।

এই উনবিংশ শতাদীর ঐতিহাসিক ও পুরাবিদ্পণ জগলাপের উৎপত্তি সহয়ে অনেক আলোচনা করিয়াছেন। প্রাণিং, রাজা রাজেল্রলান, কানিংহাম, ফার্জু সন্, হন্টর, অক্ষয়কুষার দত্ত, প্রভৃতি সকলেই এক বাকো লিখিয়া গিয়াছেন, বৌদ্ধানিগের মাল মসলা লইয়াবে জগলাধনেবের স্থাই হইয়াছে, তাহাতে গন্দেহ নাই। এখন বাহাকে আমরা জগলাথ, ক্তেলাও বলরাম বলি, তাহাই বৌদ্ধান্ত্রাক্ত বৃদ্ধ, ধর্ম ও দাক্তের রূপান্তর। তাহারা সকলে প্রমাণ করিতে চেটা করিয়াছেন যে ঐ মৃত্তিত্র বৌদ্ধত্ব ক্রপ।

প্রত্নতাবিদ্ রাজেক্রলাল প্রভৃতি এইরূপ লিথিয়াছেন— প্রেটীয় ৪র্থ শতাব্দে ইলুভাষায় দলদাবংশ লিখিত হয়, এই

( ০ ) "মুই বউজ কপ ইই।

কলিমুগরে বিবৃষ্টি ।

হংগ হাত গোড় করি।

গড়াহি বেব দঙ্গারী ঃ (মাগুলিয়ামানা।)

এছ অবলম্ব করিয়া খুটার ১২৭ প্রভানীয় লেবভাবে বাব थीकु वरम वा नाबवरम**् प्रक्रिफ इटेबाटम्। अटे** नाबवरम পাঠে জাদা যায় বে, কুজের নির্মাণের পর জাঁহার জির শিখ্য क्म्म कनिनाधिशिष्ठि उत्तर्भक्षत्क नुरक्षत्र मस धार्मन करत्न। ব্ৰহ্মণত ভক্তিপূৰ্বক সেই ৰম্ভ হতপুর নামক মিজ ব্লাজ-ধানীতে প্রতিষ্ঠা করিলেন। ব্রহ্মকত্তের মৃত্যুর পর ভাঁহার वर्मभरत्रता वहनिन छेरकन ७ छोहात निक्रवेखी ताका धनि শাসন করিরাছিলেন। সেই প্রাচীনকাল হইতেই উজিয়ার বৌদ্ধর্মা প্রতিষ্ঠা লাভ করে। অলভিগিরি, থওসিরি, থৌল প্রভৃতি স্থানে এখনও বৌদ্ধার্মের যথেষ্ট নিদর্শন রহিরাছে। খুষ্টীর ৩য় শতানের শেষে রাজা গুহুশিব উড়িয়ায় আধিপত্য করিতেন। প্রথমে তিনি হিন্দু ছিলেন। একদিন নাগরিক-গণকে উৎসবে মন্ত দেখিয়া জিজ্ঞাসা করেন এক্সপ উৎসবের কারণ কি ? কলিকবাসী শ্রমণগণ ডাঁহার কাছে বৌদ্ধর্ম ও ৰুদ্ধদন্তের ইতিহাস বর্ণনা করিয়া শেষ জানাইলেন, "আজ সেই वृक्षपञ्चत्व गरेम्रा मरश्राप्त्रव श्रेराज्य ।" व्यत्मक कर्क विकर्कद्र পর মহারাজ গুহশিব বৌদ্ধর্ম্ম গ্রহণ করিলেন ও ব্রাহ্মণ্যধর্মাব-শ্বী সচিবগণকে তাড়াইয় দিলেন। ত্রাক্ষণেরা অপমানিত হইয়া মগধরাজ পাণ্ডুর নিকট উপস্থিত হইয়া অনেক অভিযোগ করিলেন। তথ্ন মহারাজ পাও চৈতন্ত নামে এক সামন্ত-রাজকে শুহশিবের বিরুদ্ধে পাঠাইয়া দিলেন। ধার্ম্মিক শুহশিব যুদ্ধ না করিয়া অতি বিনীতভাবে নানা উপহার লইয়া চৈতল্য-রাজের সহিত সাক্ষাৎ করিলেন ও তাঁহাকে অভ্যর্থনা করিয়া निक आगार गरेबा आगिरलन । এখানে চৈতক বলেন, "পাও-রাজের আদেশ আপনার উপাক্ত দেবতার সহিত আপনাকে वसी कविशा गरेका शहिए इहेटव।" ब्राखा छहिमव পाछ-রাজের আজ্ঞা পালন করিতে সন্মত হইলেন। এথানে চৈতন্ত श्वर्गित्वत्र मूर्प तोष्क्षधत्यत्र निर्मान छेन्द्रान श्वनित्रा द्वोषक्षत्य দীক্ষিত হইলেন। উত্তের বুদ্ধরত লইয়া পাটলীপুত্রনগরে রাজাধিরাজ পাণ্ডর সহিত সাক্ষাৎ করিতে জাসিলেন। পাণ্ড क्छ नष्टे कतियात अग्र जानक एन्ट्री कतिलाम, किछ. कुछकारी ৰ্ইতে পারিলেন না। তখন ডিনি ঐ দক্তের অন্ত এক প্রকাও मिलत निर्याण कतिशा मिलन। अमितक श्रिक्तिशाम एक আনিবার জন্ম পাটলীপুত্র আক্রমণ করিলেন। সেই যুদ্ধে রাজাবিরাজ পাওু নিহত হইলেন। তৎপরে রাজা ভছশিব दम्हे पर्छ चानिया भूनताय प्रस्पुद्ध हानन चित्रिन।

'মালবদৈশের এক রাজপুত্র বৃদ্ধন্ত দর্শন করিবার জন্ত দত পুরে আগমন করেন। তাঁহার সহিত গুরুশিবের কল্প হেন্দ্রনালার বিবাহ হর। মালব-প্রাক্তর্যার ক্ষেত্র অব্যক্ত, ইইটা দত্ত- সুমার সাবে থাকে হইলেন। স্তিপ্রের রাজা কীরধারের মৃত্যুর পর তাঁহার আতৃশ্রুগর আরও চারিজন রাজার মহিত বৃহদত প্রহণ করিবার জন্ত দত্তপুর আক্রমণ করেন। রণকেত্রে রাজা শুহলিবের মৃত্যু হয়। দত্তকুমার গোণনে রাজবাটী হইতে বাহির হইরা এক বৃহৎ নদী জতিক্রম করিরা নদীজীরে বাশুকার মধ্যে সেই দত্ত প্রোথিত করেন। পরে শুপ্তভাবে হেমমালাকে আনিরা সেই দত্ত উদ্ধার করিরা তাত্রলিপ্ত নগরে আগমন পূর্বাক। এথানে তিনি অর্ণবংপাতে বৃহদত্ত লইয়া সন্ত্রীক সিংহলে উপস্থিত হইলেন।

হন্টর, ফাপ্ত সন্ প্রভৃতি অনেকেই লিথিয়াছেন—উক্ত দত্ত এই জগলাথকেতেই; ছিল, এই প্রীধামেরই প্রাচীন নাম দত্তপুর \*। এখনও অনেকে বলিয়া থাকেন, জগলাথের দেহ মধ্যে বে বিষ্ণুপঞ্জর আছে, তাহা এরপ কোনপ্রকার পবিত্র অস্থিই হইবে।

ডাক্তার রাজেন্দ্রলালের মতে—পুরীকে দস্তপুর বলিয়া গ্রহণ করা যাইতে পারে না। পুরী দস্তপুর হইলে দস্তকুমার পুরী হইতে স্থাপ্রবর্তী তাদ্রলিপ্তনগরে গিয়া অর্ণবিপোতে আরোহণ করিতেন না। মেদিনীপুরের অন্তর্গত দাঁতন নামক স্থানই সম্ভবতঃ দস্তপুর, তথা হইতে তাদ্রলিপ্ত বা তমলুক অধিক দ্রবর্তী নহে। তিনি আরপ্ত বলেন, পুরী দস্তপুর না হইলেও এথানে বৌদ্ধর্ম্ম বহুদিন প্রবল ছিল, তাহাতে সন্দেহ নাই। বৃদ্ধদেবের দস্তোৎসবই এখন জগ-লাথের রথ্যাত্রাদ্ধপে পরিণত হইয়াছে। [রথ্যাত্রা দেখ।]

উক্ত ঐতিহাসিক ও পুরাবিদ্গণের মত অবলম্বন করিয়া শ্রীযুক্ত অক্ষয়কুমার দত্ত লিখিয়াছেন—

"জগলাথের ব্যাপারটীও বৌদ্ধর্মমূলক বা বৌদ্ধর্ম মিশ্রিত বলিরা প্রতীরমান হর। জগলাথ বৃদ্ধাবতার এইরূপ একটা জনশ্রুতি সর্ব্বে প্রচলিত আছে। চীনদেশীর তীর্থ-যাত্রী কাহিল্লন্ ভারতবর্ষে বৌদ্ধতীর্থ-পর্যাটনার্থ যাত্রা করিয়া পথিমধ্যে ভাতারদেশের অন্তর্গত খোটান নগরে একটা বৌদ্ধমহোৎসব সন্দর্শন করেন। ভাহাতে জগলাথের রথ-যাত্রার স্তান্থ অবিকল এক্ রথে তিনটা প্রতিমূর্ত্তি দৃষ্টি করিয়া আইসেন। মধ্যস্থলে বৃদ্ধমূর্ত্তি ও তাহার ছইপার্মে ছইটা বোধিসন্থের প্রতিমূর্ত্তি সংস্থাপিত ছিল।

"খোটানের উৎসব যে সময়ে ও যতদিন ব্যাপিয়া সম্পন্ন হইত, জগলাথের রথষাত্রাও প্রার সেই সময়ে ও ততদিন ব্যাপিয়া অন্ত্রিত হইয়া থাকে। মেজর জেনেরেল কনিংহেম

अञ्चलका वहें आंत्र किहारे नक। तनरे किनहीं वृद्धि-दृष्क, धर्म प नव्य। बोरक्ता नहताहरू के शर्यारक की क्रम बनिया वर्गन করিয়া থাকে। ভিনি জগরাথের স্রভনা। জীক্ষেত্রে বর্থ-বিচারপরিত্যাগপ্রধা এবং জগন্নাথের বিশ্রন্থ মধ্যে বিশ্রু-পঞ্জরের অবস্থিতিপ্রবাদ, এ ফুটা বিষয় হিন্দুধর্ম্মের আনুধ্ত নয়; প্ৰক্যুত নিতাম্ব বিহুদ্ধ। কিন্তু এই উভয়ই সাক্ষাৎ त्वोद्भमक विगटन वना यात्र। मनावकादतत विज्ञ निर्देश वृद्धाव-তার-ছলে অগলাথের প্রতিরূপ চিত্রিত হয়। কাশী এবং মথুরার পঞ্জিকাতেও বৃদ্ধাৰতার স্থলে জগন্নাথের রূপ আলে-থিত হইরা থাকে। এই সকল পর্য্যালোচনা করিতে করিতে জগল্লাথের ব্যাপারটা বৌদ্ধর্ম্মূলক বলিয়া স্বর্ভই বিখাস रहेश छेर्छ। अग्राथक्किकी शूर्व वक्षी वोक्किक्वरे ছিল, এই অমুমানটি জগন্নাথবিগ্রহন্থিত উল্লিখিত বিষ্ণুপঞ্জৱ-বিষয়ক প্রবাদে একরূপ সপ্রমাণ করিয়া তুলিতেছে। যে সময়ে বৌদ্ধেরা অত্যন্ত অবসন্ন হইয়া ভারতবর্ষ হইতে অন্ত-ৰ্হিত হইতে ছিল, সেই সময়ে অৰ্থাৎ খুষ্টান্দের বাদশ শতাব্দীতে জগলাথের মন্দির প্রস্তুত হয়, ইহা পুর্বে স্কুম্পষ্ট প্রদর্শিত হইয়াছে। এই ঘটনাটিতেও উল্লিখিত অহুমানের স্থলরক্ষপ পোষকতা করিতেছে। চীনদেশীয় তীর্থযাত্রী হিউএন প্রক উৎকলের পূর্বাদক্ষিণপ্রান্তে সমুদ্রতটে (অর্থাৎ উড়িম্বার যে অংশে পুরী সেই অংশে) চরিত্রপুর নামে একটা স্থপ্রসিদ্ধ বলর দেখিয়া যান। এই চরিত্রপুরই এক্ষণকার পুরী বোধ হয়। উহার নিকটে পাঁচটি অত্যন্ত স্তুপ ছিল। শ্রীমান্ এ কনিংহেন্ অত্যান করেন, তাহারই একটা অধুনা-তন্জগরাথের মন্দির। স্তুপের মধ্যে বুজাদির অন্থিকেশাদি সমাহিত থাকে, এই নিমিত্তই সুগনাথের বিগ্রহ মধ্যে বিষ্ণুপশ্বরের অবস্থিতি-বিষয়ক উল্লিখিত প্রবাদ প্রচলিত क्ट्रेगांटक ।"+

विरयना करतन, के किन्छी मूर्डि शूर्ट्सक द्वीक्रम्डिवाइत

পরিশিষ্টে তিনি আবার লিথিয়াছেন--

"জেনেরেল কনিংহেম্ ঐ ( দারুম্র্তি ) তিনটী বৌধ্ধদিগের বৃদ্ধ, ধর্ম, সভ্য এই মুর্তিত্রেরের বিজ্ঞাপক হওয়াই অতিমাত্র সম্ভাবিত বলিয়া বিবেচনা করেন। তিনি সাঞ্চি, অবোধ্যা, উজ্জ্বিনী প্রভৃতি নানাস্থান হইতেও এমন কি শক্রাজাদিগের মূলা হইতেও ঐরপ ধর্ম্যন্ত অনেকগুলি সংগ্রহ করিয়া প্রকাশ করিয়াছেন। ঐ ধর্ম্যন্ত বায়ু, অয়ি, মৃত্তিকা, জল ও আকাশ বীজ্স্বরূপ য র ল ব ন এই গাঁচটী পালি অক্ষরের সমষ্টি শ্বরূপ

<sup>•</sup> Hunter's Statistical Account of Bengal, vol. XIX. p. 42; Fergusson's Indian Architecture, p. 416.

উপাসক সম্প্রকার ২য় কাপ উলং ২৭২ পৃঠা ট

বলিলা বিবেচিত হইরাছে । উলিপিত তিনটা ধর্মকার সহিত জগলাখাদি ভিনন্তির অভেন বা লোনালুক্ত দেখিতে পাওরা वात्र। (जानादान् कनिःरहम् चिन्ता-चृश-विवत्रक रक्षिनारधाक চিত্ৰপটে ঐ উভরকেই পার্বাপার্থি করিরা মুক্তিত করিরাছেন। त्मिश्लारे औरक्रावत देवकव-विमूर्कि जिन्छ। द्वीक्रार्व्यवता অত্নকরণ বলিরা সহজেই প্রতীর্ষান হইরা থাকে। ঐ তিনটা যন্ত্ৰ সমগ্ৰ বৌদ্ধ ত্ৰিস্থির পরিচারক হউক বা না হউক. যধন ৰগদাণপুৰীৰ তিনমূৰ্ত্তি কোনৰূপ পরিজ্ঞান্ত দেবাস্থৃতি. পৰাক্ষতি বা প্ৰাক্ষত সমুখ্যাকৃতি নৰ এবং বধন ঐ তিন ধৰ্ম ব্ৰের সহিত ভাহার অত্যন্ত সাদুর দুঠ হইরা থাকে, তথন উল্লিখিত অমুমানটী দৰ্মভোভাবেই দ্বভাবিত ও দৰত বলিয়া স্বীকার করিতে হর। আরকাবাদ প্রদেশের অন্তর্গত रेलात्रात्र निक्ठेक अक्छै त्वोद्धालवानत्र जनालि जनतात्थत मिन्द्र विनिधा विशांछ। हेहाट हिन्द्र प्रवाद क्राबांच अहे नामगि । तोक्रामत्र निक्र इरेट गृशे अरेक्षण व्यक्तानर मरन করা যাইতে পারে।" (২)


রাজা রাজেজনাল লিখিরাছেন—'মহারাজ ব্যাতিকেশরী সাধারণের বিশাস অক্র রাখিবার জ্ঞাই সেই মৃতিত্রর দাক্ষরক্ষরণে গ্রহণ করেন, সেই সঙ্গে পোচীন বৌদ্ধতুপও হিন্দিগের প্রধান আরাধ্য দেবরূপে গণ্য হয়। তিনিই হিন্দু-

ৰ হভৱা

পারিবেন বে, ধর্মবন্ধের সহিত এখনকার দারুবন্ধমৃতির কিরুপ সংক্ষ। রাজেজনাল, কানিংহাম্, অকরতুষার প্রভৃতি সকলেই দারুবন্ধের মৃতিরেরে দেব, পণ্ড বা মহুয়ের রূপ না দেখিরাই উহা ধর্মবন্ধ বলিয়া ছির করিয়াছেন। কিন্তু এ বৃক্তি সমীচীন নহে, নারদ ও ব্রহ্ম প্রভৃতি প্রাণে, কপিলসংহিতা ও উৎকলথণ্ডে বেরূপ মৃতির পরিচর আছে, তাহা পূর্কেই ষশীছদারে পূজা সংকার প্রভৃতি অচলন ও বৌশ্বনাম পরিবর্তন করিরা বান +। বেলপে প্রৌশ্বনিপের প্রধান তীর্থ গলাধান হিন্দুতীর্থ বলিরা গণ্য হইরাছে, বোধ হর নেই মত প্রবোধন-ক্ষেত্রও হিন্দুনিগের প্রধান তীর্থ বলিরা গণ্য হইরা আদিতেছে।

উৎকলের দেশীর ও বিদেশীর প্রাবিদ্যণ এক বাক্যে সকলেই বলেন বে লগনাধন্দেত্রের মাহাদ্ম্যপ্রকাশক প্রাণাদিও ঐ ববাতিকেশরীর পরে রচিত হইরাছে।

জগরাথের ইতিহাস। - উপরোক্ত পুরাবিদ্যপের মত গ্রহণ করিলে বলিতে হয় - বৌদ্ধর্ণের অবসান ও রাজা ববাতি-কেশরীর অন্থাদর হইতে হিন্দুলগতে জগরাথের আবির্ভাব। বাজ্যবিক কি ভাই? বে লগরাথকের হিনালর হইতে কুনারিকা পর্যান্ত ভারতীর হিন্দুগণের প্রধান প্রান্তান বলিরা গণ্য, প্রাচীন পুরাণাদিতে বাহার মাহাত্ম্য বর্ণিত, সেই পুণাস্থান বৌদ্ধর্থমূলক ও এত আধুনিক! ইহা বড়ই আশ্চর্য্যের কথা! সাঞ্চি হইতে যে চিত্র প্রদর্শিত হইরাছে, ভাহাকেই বখন কেবল অস্থান বারা বৌদ্ধর্থমূলর বলা হইরাছে, ভাহাকেই বখন কেবল অস্থান বাতীত দাক্ষপ্রক্রের মূর্ত্তিগ্রহ ধর্ম্ম্যর বলিরা গ্রহণ করিতে পারি? বিশেষতঃ এখন যেরপ দাক্ষপ্রক্রের মূর্ত্তিগ্রহ ধর্ম্ম্যর বিহার ধর্ম্ম্যর বিহার বি



লিখিরাছি, তাহা পাঠ করিলে প্রক্লত দেবমূর্ত্তি বলিরাই বোধ হর, এখন আমরা বে মূর্ত্তি দেখিতেছি পূর্ব্বকালে এ মূর্ত্তি ছিল না। এ মূর্ত্তি আধুনিক, ইছার বিবরণ পরে লিখিব। ইলোরার বৌদ্ধদেবালর জগরাথদেবের মন্দির বলিরা গণ্য হইলেই বে জগরাথকে বুদ্ধ বলিতে হইবে, এ কথার কোন অর্থ নাই; অথবা হই একথানি আধুনিক পঞ্জিকা অথবা অঞ্জ চিত্রকর আহিত আধুনিক হই একথানি ছবিতে দশাবতারের বুদ্মূর্ত্তি

<sup>\*</sup> Mitra's Antiquities of Oriesa, vol. II. p. 126.

<sup>(</sup>३) छेनामक मध्यवात २त छात्र ७१ ३-२४ मः।

<sup>\*</sup> Dr. Mitra's Antiquities of Orissa, vol. II. p. 109/.

হানে অগলাথ অভিত হইলেই অগলাথকে বুদাবতার বলা হাইতে পালে না। প্রাচীন হিন্দুমন্দিরে বেথানে দলাবতারের বুদ্রুর্তি খোদিত আছে, তথার থানী বুদ্রুর্তি দৃষ্ট হল ; এখন-কার মত হতপদহীন অগলাথস্তি দেখা বার না। যেমন প্রাচীন বোধপনা হিন্দুর করতলগত হইবার পরেও বায়ুপুরাণীর গলাবাহান্ত্যে বোধিত কম্লে বৃদ্ধকে নমস্বার করিলা পিগুদি প্রদান করিবার-ব্যবস্থা আছে; সেইলপ বদি অগলাথ বোদ্ধতীর্থ হইত, তাহা হইলে পুরাণাদি কোন না কোন সংস্কৃত গ্রন্থে নিশ্চরই বৃদ্ধের কোনক্রপ আভাস থাকিত। বরং উৎকলথতে দিখিত আছে—

"অতো দশাবভারাণাং দর্শনাদ্যৈন্ত যৎ কলম। ভংকলং লভতে মর্জ্যো দৃষ্ট্য শ্রীপুরুষোত্তমম্॥" (৫১ অঃ) উক্ত লোকে দশাবভার হইতে জগরাথের প্রভেদ বর্ণিত হইরাছে। মাগুনিয়া দাসাদির কথা নিতাত্ত আধুনিক ও च्यामानिक वनिवा च्यां । त्रास्त्रक्तान त्य क्रातार्थत त्क-त्वभाषित्र कथा निविद्याह्म, छाहात्र अभाग नारे। नीनाजि-मरहान्दत्र क्राज्ञारथत्र मुक्रात्रर्यमानित नमखरे छेत्त्रथ चार्टर, कि दु वृद्धादात्मत्र कथारे नारे। এ हाफ़ा उँक भूतादिन्गन শ্রীক্ষেত্রে বর্ণবিচারপরিত্যাপপ্রধা উল্লেখ করিয়া বৌদ্ধর্মের প্রাধান্ত প্রকাশ করিতে চেষ্টা করিরাছেন, তাহাও ঠিক নহে, শ্রীকেত্রে বিলক্ষণ বর্ণবিচার প্রথা প্রচলিত আছে, কেবল এখন মহাপ্রসাদ ভক্ষণ সম্বন্ধে নাই, কিন্তু এ প্রথা আধুনিক, যথাস্থানে ভাহা প্রকাশ করিব। অগলাথের রথবাতা যে वृद्धारायत्र त्रथमाञ्जात्र व्यक्षकत्रण, छाहा ठिक वणा यात्र ना। কারণ রথবাত্রার প্রধা বহু প্রাচীন, জগরাধ ব্যতীত অপরাপর हिन्दू (मयरायीत्रथ त्रथंबाजात विवत्र शाख्या वात्र। এ ছाড़ा বৃদ্ধের পূর্ববর্তী প্রাসিদ্ধ জৈনতীর্থকর পার্থনাথ ও মহাবীর चामीत त्रथराजांत व्यमान बाता त्योकशर्मात अञ्चामत्त्रत शृर्क **इहे** एक दे प्रथाना का किन, काहीर कांत्र प्रस्कृ वांकिएज्राह्म ना । [ त्रथवाळा भरक विक्छ विवत्रण एमथ । ]

আমরা বেরূপ প্রমাণ পাইরাছি, তাহাতে পুরুষোত্তমকে আর্য্যজাতির এক প্রাচীনতম দেবপ্রতিমা বলিরা মনে করি। শাখারনপ্রাশ্ধণে লিখিত আছে—

> "আদৌ বন্ধারু প্রবতে দিকোঃ পারে অপুরুষম্। ভলা লভত্ত তুর্নো তেন বাহি পরং স্থলম্॥"

শাঝায়ন-ভাত্যকার লিখিরাছেন—'আনে বিপ্রক্রন্তনেশ বর্তমানং বন্দারু দারুময় প্রুবোভমাখ্যদেবতাশরীরং প্রবতে ললভোপরি বর্ততে অপুরুবং নির্দ্ধাত্রহিতদেন অপুরুবং তৎ আলভব চুদ্নো হেহোতঃ তেন দারুময়েণ দেবেন উপাত্তমানেন পরং ভ্লং বৈক্ষবং লোকং গড়েভার্থঃ।' আদিকাল হইতে বিপ্রাক্তরেশে বে অপৌক্ষের দারম্থি সমুক্ততীরে ভাসিরাছে, ভাহার উপাসনা করিলে লোক পরমলোকে গমন করে।

সার্ত্ত রঘুনন্দন ও বাচম্পত্য-রচরিতা পণ্ডিত ভারানাথও অথর্কবেদের নাম দিরা এই বচনটা উদ্ধৃত করিরাছেন—

"আদৌ বলাক প্লবতে সিন্ধোর্মধ্যে অপুক্ষম্।
তদালভম্ম ছদুনো তেন বাহি পরং ছলম ॥"

কিন্তু উক্ত বচনটা সুদ্রিত অথবাবেদে পাইলাম না, বোধ হয় ঐ বচনটা সাধান্তরে অথবা অথবাবেদীয় অপর কোন গ্রন্থ হইতে উদ্ভ হইরা থাকিবে। অনেকেই এই বচনটা করিত বা প্রক্রিপ্ত বলিয়া গ্রহণ করিতে চান, কিন্তু ঐ বচনটা প্রক্রিপ্ত বা আধুনিক নয়, তাহারও প্রমাণ আছে। আমরা সাত শত বর্ষের হাতের লেখা উৎকলপণ্ডের পুথি পাইরাছি, তাহাতে উক্ত বচনের অন্তক্তনে এইরূপ শ্লোক দৃষ্ট হয়—

"ব এব প্লবতে দারু: দিন্ধুপারে হুপৌরুব:।
তম্পান্ত হুরারাধ্যং মুক্তিং বান্তি হুহুর্নভাষ্ ॥"
(উৎক্র ধ° ২১।৩ প্লোক)

ব্র ক্লোকের পর লিখিত আছে—
"ব্রক্ষজাননিধিঃ সাক্ষারদঃ প্রত্যুবাচ তং।
লহি প্রবৃত্তিবিক্ষান্ত বিনা বেদং প্রবর্ততে।
পরেবাং বস্ত বা স্টো প্রতিপ্রামাণ্যবান্ প্রভঃ।
বিনা প্রতিং প্রবৃত্তে তং কন্তৎ প্রামাণ্যমৃত্তি।
তন্মাৎ ন্বতিপ্রসিদ্ধোহয়মবতারোহত্র ভূপতে।
বেদান্তবেয়ং পুরুষং গীতং তং সামগীতিরু।
প্রতিমামেব জানীহি নিংশ্রেয়সকরীং নৃণাম্।
সন্ত্যের প্রতরঃ পূর্কমেতদর্চাপ্রকাশিকাঃ।"

উক্ত প্রমাণের দারা অস্থমিত হয় বে সময়ে বেদান্তবেশ্ব উপনিবলে একার মহিমা কীর্ত্তিত হইতেছিল, সেই প্রাচীন কালে অথবা তাহার অনতিকাল পরে দাক্তবেদার প্রতিমা প্রকাশিত হইয়া থাকিবে।

আমরা খবেদ হইতেই বিঞ্র মাহান্ম শুনিতে পাই।
[বিঞ্ দেখ।] বোধ হয় যখন বিঞ্মতাবদশী আর্ব্যগণ
প্রথম উৎকলরাজ্যে প্রবেশ করেন, সেই সময় এখানে অনার্য্যগণের আধিপত্য দেখিতে পান। পৃথিবীর নানা হানেই
আদিম অসভ্য জাতিগণ এখনও কাঠপ্রভানির পূজা করিয়া
খাকে। সাঁওতাল প্রভৃতি জাতির মধ্যে তাহার প্রমাণের
অসভাব নাই। ঋথেদের ঐতরেররাজ্যণে বিশামিত্রপুত্র হুর্ধর্ম
শবরজাতির উল্লেখ আছে। [শবর দেখ।] উৎকল ও দক্ষিণ
কোশলে বহু পূর্ককাল হইতে শবর্ষণ প্রবল ছিল।

বোধ হর, আর্ব্যাণ এথানে আসিরা প্রথমে সেই শবরবিগাকে সমূলতীরে কার্চ ও প্রক্রের পূজা করিতে দেখেন।
ক্রমে এখানে কোন পরাক্রান্ত শবর বা আনার্ব্য ক্রান্তির
সহিত আর্ব্যাণ মিলিক হইরা পড়েন এবং এখানকার দারু ও
প্রেরমূর্ত্তির পূজা করিতে থাকেন। বোধ হর উৎকল্যাত
আর্ব্যাণ এখানে সেই আরাখ্য দারু বা প্রস্তরকেই অপৌরুবের
বিষ্ণু বা ব্রদ্ধান্ত বলিরা প্রচার করিরা থাকিবেন। নারদ ও ব্রদ্ধান হইতেই আমারা ইহার কতকটা রূপক আভাস প্রাপ্ত হই।

নারদ ও বন্ধপ্রাণে শবরপ্রসঙ্গ, ইক্সছ্যয়-নির্মিত মন্দিরের বালুকা মধ্যে আজ্বাদন ও বন্ধলোক হইতে বন্ধার আগমনের কথা কিছুই নাই। এতদ্বারা উৎকল্পশুও ও কণিলসংহিতা প্রেভৃতির আথ্যান অপেক্ষা নারদ ও ব্রন্ধপ্রাণের বিবরণ মৌলিক বলিরা বোধ হয়। ভাহাতে অন্থমান করা বার যে—বখন আর্থ্যগণ নিন্ধুতীরে দাকবন্ধ প্রকাশ করেন, তখন শবর বা অনার্থ্যগণ নিন্ধুতীরে দাকবন্ধ প্রকাশ করেন, তখন শবর বা অনার্থ্যগণ নিন্ধুতীরে দাকবন্ধ প্রকাশ করেন, তখন শবর বা অনার্থ্যগণ বিশ্বত তাহারা পূর্ব্বসংশ্রব ত্যাগ করিয়াছিলেন। ইক্সছ্যার এখানে আসিয়া প্রথমে দাকবন্ধের দর্শন পান নাই। নারদ ও বন্ধপ্রাণে লিখিত আছে, তখন পুরুষোত্তম সমুজ্রের বলীমধ্যে গুপু হইয়াছিলেন। ইক্সছ্যার আসিয়া কেবল বেদী দর্শন পান ও ভাহাতেই শত অন্ধমেধ বক্স করেন। যথন পঞ্চ পাণ্ডব এখানে আগমন করেন, তখনও তাঁহারা কেবল মহাবেদী দর্শন করিয়া স্তবপাঠ করিয়াছিলেন। মহাভারত্তে বনপর্ক্ষে লিখিত আছে—

"ততঃ প্রসরা পৃথিবী তপসা তক্ত পাশুব।
পুনক্ষর সলিলাবেদীর পাছিতা বজৌ।
সৈবা প্রকাশতে রাজন্ বেদী সংস্থানলকণা।
আক্ষাত্র মহারাজ বীর্যাবান্ বৈ ভবিশুনি।
সৈবা সাগরমাসাথ রাজন্ বেদী সমাপ্রিভা।
এতামাক্ষ ভত্ততে খমেকস্তর সাগরম্।
অহঞ্চ তে স্বস্তারনং প্রযোক্ষ্যে খমেনামধিরোহ্মেহগু।
স্পৃট্বা হি মর্ত্রোন ততঃ সমুদ্রমেষা বেদী প্রবিশত্যাক্ষমীয়া।
ওঁ নমো বিশ্বপ্রায় নমো বিশ্বপরায় তে।
সারিধ্যং কুক দেবেশ সাগরে লবণান্তনি॥
অর্মিন্নো বোনিরাপোহ্ব দেব্যো বিশ্বরেত্ত্বমৃতক নাজিঃ।
এবং ক্রবন্ পাশুব সভ্যবাক্যং ততোহবগাহেত প্রিং নদীসাম্॥"
(বনপ্র্র ১১৪।২২-২৭)

পৃথিবী তপং প্রভাবে প্রসন্ধ হইয়া সলিল মধ্য হইতে উঠিয়া বেদীরূপে বিরাজমান হইলেন। মহারাজ ঐ সেই রেদী লক্ষিত হইতেছে, ইহাতে আরোহণ করিলে বীর্দ্যবান হইবেন। বেদী সাগরকে আধ্রয় করিয়া আছে, ইহাতে আহ্বোহণ করিলে একাকীই ( অব ) সাগর পারে বাইকে পারিবেন।
আমি স্বস্থারন করিতেছি, আপিনি স্পর্ণ করুন। হে দেবেশ।
তুমি বিখের ঈশর, ভোসাকে নমবার। তুমি সবগনাগরের
সমিতিত হও। তুমি অমি, তুমি মিত্র, তুমি সবিলের আধার,
তুমি দেবীস্করপ ও অস্তের আকর, এইরূপে তব করির।
বেদীতে প্রবেশ কর।

এখনও প্রুবোদ্ধনবাদী শাল্পক্ষ পণ্ডিতগণের বিখাস যে অগলাথের দারুম্বি অপেকা তাঁহার মহাবেদীই প্রকৃত সিদ্ধানীঠ ও মহাপ্রাপ্তান । বেশীদিনের কথা নয়, মন্দির অভ্যান্তরে একথানি প্রভার ধনিলা পড়ায় দারুম্বিগুলি হানান্তর করা হইলাছিল, সে সমলে অগলাথের প্রসাদ অনেকেই আহার করেন নাই। পণ্ডিতগণ বলেন যে—ভগবান মহাবেদীতে না থাকিলে মহাপ্রসাদ হইতে পারে না। নারদ, বন্ধ প্রভৃতি প্রাণেও এই বেদীর মাহান্ধ্য বর্ণিত আছে, অগলাথের রথোৎসবও উৎকলথতে "মহাবেদী-উৎসব" বলিয়া কথিত ছইলাছে। (উৎকলথতে ৩২০৩ অঃ)

উৎকলথন্ত, কপিলসংহিতা ও নীলাজিমহোদরের মতে, এই বেলীতেই ইক্সচার শত অখমেধ বক্ত করিরাছিলেন। এই বেলীতেই দাকরক্ষের প্রতিষ্ঠা হয়। শাঝায়নবর্ণিত অপৌ-ক্ষবের দাক্ষমূর্তিও বোধ হয় এই বেলীতেই অধিষ্ঠিত ছিলেন।

উপরোক্ত প্রমাণ হারা প্রতিপর হইতেছে যে—বৌদ্ধর্ম্মের অজ্যাদরের অনেক পূর্ব হইতেই পুরুষোত্তমক্ষেত্র হিন্দুর নিকট মহাতীর্থ বলিরাই গণ্য ছিল। মহাভারতে পাঞ্চব কর্তৃক বেদীর নিকট বে শুব বর্ণিড আছে, তাহা দারুত্রন্ধ (१) পুরুষোত্তম-উদ্দেশক শুব বলিরাই মনে হয়।

অনস্তর উৎকলরাজ্যে বৌদ্ধদিগের অধিকার বিভ্ত হইল।
তাহাতে স্থলীর্থকাল লাকরদ্বের বা মহাবেদীর মাহান্মা হিন্দু,
অগতে অপ্রকাশিত রহিল। বৌদ্ধদের পরাক্রম থর্ম হইলে
অনার্য্য শবরগণ কলিকরাজ্যে আধিপত্য বিস্তার করিল ও
ক্রমে তাহারা আর্য্য সংস্রবে সন্ত্য হইরা পড়িল। ব্রান্ধণআতির
উপর অনার্য্যাতির চিরকাল আক্রোশ। [ভোম, গাঁওতাল
প্রভৃতি দেখ।] কিন্ত স্থচভূর শবররাজ্যণ বৈন্ধিভাব বিসর্জন
দিরা ব্রান্ধণের সহিত মিলিত হইল, বৌদ্ধ-কর্ত্বক উৎপীড়িত
ব্রান্ধণগণও অলত্য শবরের সহিত বোগদান করিতে কৃষ্টিত
হইলেন না।

রারপুর, সম্বনপুর ও কটক জেলা হইতে আবিক্ষণ্ড ভাত্র-শাসন ও শিলালিপি পাঠে জানা যার, পূর্বতন শবহরাজগণ সকলেই বিভূজক ছিলেন, মহাকোশলে রাজত্ব করিতেন এবং আপন্যানিগকে ত্রিক্যিকাধিপতি বলিয়া পরিচয় বিভেশ।

শ্রীপুর, দাখিদ, ছর্গ ও কটক প্রভৃতি স্থানে শবররাজগণের ब्राज्यांनी हिन। मयाधारात्नव अवर्गक महानमीकृतव শিরপুর নামক প্রাচীন গ্রাম হইতে আবিস্কৃত শিলালিপিতে निथिछ चाছে--(১৫)

'শবর বংশে উলয়ন \* নামে এক রাজা জন্মগ্রহণ করেন, তৎপুত্র ইক্রবল, তৎপুত্র নরদেব, ইনি অনস্তেশ্বর নামক দেবালয় নির্মাণ করেন, তৎপুত্র চন্দ্রগুপ্ত, তৎপুত্র হর্ষগুপ্ত, তৎপুত্র মহাবীর শিবভাগ, ইহার অপর নাম বালার্জ্জন + ।

বিখ্যাত কনিংহাম এই শিবগুপ্তকে ৪৭৫ হইতে ৫০০ খুষ্টান্দের লোক বলিয়া স্বীকার করেন, কিন্ত প্রত্তত্ত্বিদ ক্লি ট্রাহেব তাহা স্বীকার করেন না। তাঁহার মতে উক্ত শিলালিপির অক্ষর কিছুতেই খুষ্টায় ৮ম বা ৯ম শতান্দীর পুর্ববর্ত্তী বলিয়া গ্রহণ করা ঘাইতে পারে না, এরূপ হলে শিবগুপ্ত ঐ সময় বর্ত্তমান ছিলেন, তাহাতে সন্দেহ নাই।

স্তরাং খৃষ্টীয় ৭ম শতাব্দীরও পূর্ব্ব হইতে শবরগণ প্রবল হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। বাণভট্ট-রচিত হর্ষচ্রিত-পাঠে জানা যায় যে যথন মহারাজ হর্ষবর্দ্ধন ভগিনী রাজ্য-প্রীকে অমুসন্ধান করিতে বাহির হন, তথন বিদ্ধাপ্রদেশে শবররাজ শরভকেতুর পুত্র ব্যাঘ্রকেতু রাজত্ব করিতেছিল এবং সেই শবররাজের সাহায্যেই হর্বরাজ ভগিনীর সন্ধান

তথনও উড়িয়া শবর-রাজগণের অধিকারে ছিল। উড़ियात भूताविष्गंग यापनाभक्षीत त्माहाँहै पिता निधि-शांक्न, त्य भितानव ता भांखनात्मत्त्र त्रांकफ्कारन (२8€

পাইরাছিলেন। বোধ হয় হর্বরাজ যখন উৎকল জয় করেন.

শকে বা ৩২৩ খৃষ্টাব্দে) রক্তবাহু নামে ধবন অর্ণবপোতে আসিয়া নগর আক্রমণ করেন, রাজা যবনের ভয়ে জগলাথ মৃতি ও সমস্ত তৈজ্ঞস পত কইয়া শোণপুর জঙ্গলে পলাইরা যান। রক্তবাত মন্দির পুঠন করিয়া নগরবাসীর উপর বড়ই অত্যা-চার আরম্ভ করে। রাজা শিবদেব ঐ সংবাদ পাইরা দারু ব্ৰহ্মমূৰ্ত্তি মৃত্তিকা মধ্যে প্ৰোথিত করেন।

রায়পুরের অন্তর্গত ছর্গ নামক হান হইতে আবিহৃত শিলালিপিতে শিবদেব ও পুরুষোত্তমের নাম উৎকীর্ণ আছে, ঐ শিলালিপির অক্ষরের সহিত শির্পুর হইতে প্রাপ্ত শিব-গুপ্তের চারি থানি শিলালিপির অক্ষরের সম্পূর্ণ সাদৃশ্য আছে। কটক জেলার অন্তর্গত মহানদীতীরস্থ কপালেখর নামক প্রাচীন গ্রাম হইতে আবিষ্কৃত তাম্রশাসন পাঠে প্রতীয়মান হয় যে মহারাজাধিরাজ শিবগুপ্তের পুত্র ভবগুপ্ত ত্রিক্সিক ও কোশলরাজ্যে আধিপত্য করিতেন। (Indian Antiquary, vol. V. p. 59.) পুর্বোক্ত তুর্গ, রাজিম শির্পুর, শোণপুর প্রভৃতি স্থানগুলি প্রাচীন দক্ষিণ কোশলের অন্তর্গত ছিল। ইত্যাদি প্রমাণ দারা হর্ণের শিলালিপি-বর্ণিত শিবদেব ও শবররাজ শিবগুপ্ত উভয়ে অভিন্ন ব্যক্তি বলিয়া বোধ হয়। শবররাজ্ঞগণ মহানদীতীরস্থ রাজিমনগরে রাজস্ব করিতেন ও এথানে বছসংখ্যক বিষ্ণুমন্দির প্রতিষ্ঠা করেন, রাজিম-মাহাত্ম্যে তাহাদের বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ আছে। এখন রাজিমনগরে জগল্লাথদেবের এক প্রাচীন মন্দির জাছে। এথানকার লোকের বিশ্বাস এবং রাজিমমাহান্ম্যেও লিখিত चाटह. के मिन्तिद य नांक्रमशी अंश्रांथ-मूर्ख वितासमान, তাহা প্রথমে ঐক্তের মহামন্দির হইতে আনীত হয়। দারু-ব্রহ্মের মত রাজিমস্থ দারুম্র্তিরও লেপসংস্কারাদি হইয়া थात्क। देशांख त्वांध हरेटछ एव यवत्नत्र छ ता महाताक শিবগুপ্ত শ্রীক্ষেত্র হইতে পবিত্র মূর্ত্তি আনিয়া নিজ রাজধানীতে श्रापन करतन। এथान এकी र्गामर्गा डिठिए भारत. মাদলাপঞ্জীর মতে ২৪৫ শকে শিবদেব কর্তৃক জগলাথমৃত্তি স্থানান্তরিত হয়, কিন্তু পূর্বে বলা হইয়াছে শিবগুপু খুষ্টায় অষ্টম বা নৰম শতাশীতে বিশ্বমান ছিলেন। স্নতরাং উভয়ে এক ব্যক্তি কিরূপে স্বীকার করা যার ? আমরা গাজের শকে প্রমাণ করিয়াছি যে উৎকলের ঐতিহাসিকগণ মাদলাপ্রীর দোহাই দিয়া যে সকল প্রাচীন কথা লিথিয়াছেন, ভাহার

(১৫) এই শিলালিপির মূলের পাঠ এ পর্যান্ত কোন পুতকে মূজিত না হওয়ার সাধারণের অবগতির হল ঐতিহাসিক অংশ উদ্ভ বইল-

> "আসীতুদরমো নাম ভূপতিঃ শবরাহ্বর:। अञ्चलक्षिमा जुलाखन्यापिक्षवरका वनी । ততঃ শীন্মদেৰোহভূদভিমানমহে। বর:। शूर्गानत्त्वप्रज्ञात्था। यण्डकात्र (प्रतालवः । চক্র গুপো ভূৰো সোধা তদা জল্জে ক্তোভ্য:। **७ ह: बै** हर्व श्रः श्राष्ट्र ब्ल नहर्व विवर्धनः । ভস্যান্ত্ৰি শুরণঃ শিবগুৱো মহীপতি:। অভূতিলন্ম্বােষ: খাাভাে বালার্ক্নাবারা। (च अंत्रजिन छा: मः स्वा क्या यः स्व मिनीम्।

ৰদ্য নি আছি নি আছি ভা হড়ত। ইব দায়ক:।" ইতাাদি।

\* প্রবরাল নিক্বর্মা প্রবমরের তামশাসনেও এই শ্বররাজের নামোরের আছে। নলিবর্তা ই হাকে বৃদ্ধে পরাত করিরা ইহার মনুর-পুঞ্রচিত দর্পথ্যক কাড়িয়া লইরাছিলেন। (Indian Antiquary, Vol. VIII. p. 375.)

ो भित्रभूतक शंरक्षकत मिलादात भिनाक्तारक छ हैनि रकरन वार्गार्ख्य নাৰে অভিহত হইবাছেন। (Cunningham's Archeological Survey Reports, vol. XVII. plate XX.)

আবিকাংশন শ্রমণ্নক। এখনকার আরতজ্বিদ্ ক্লিট্নাহেবও
ত্থীকার করিয়াছেন, বে সচরাচর উৎকলবাল ববাতি কেলরীর
ক্রেলপ সমর নিরুপিত হইবা থাকে, অন্তঃ তাহার চারিশত
বর্ষের পরে ওাঁহার সমর ছির করিতে হইবে \*। রাজ্বিক
আমরা নানা প্রমাণ পাইরাছি বে মহারাজ শিব্ধপ্র গুরীর
৮ম শতাকে আধিপত্য করিতেন।

উৎকলের ঐতিহাসিকগণ রক্তবার ঘবনকে এীক বলিরা অহমান করেন, কিন্তু প্রীয় ৮ম শতাবে এীক কর্তৃক উৎকল-প্রাপ্ত আক্রমণের কথা অপর কোন ইতিহাসে গুলা বার না। যববীপের অধিবাসীগণও ঘবন বা কবন নামে খ্যাত। খুষ্টীয় ৮ম ও ৯ম শতাকে ঘবহীপীরগণ অভিশন্ধ প্রবল হইরা অর্থবণাতে গিরা চীনসমুদ্রবর্ত্তী কলোক হইতে ভারতের পূর্ব্ব উপকূলবর্ত্তী নানাস্থান লুঠন করিরাছিল, তন্মধ্যে ৭০৯ শকে তাহারা কলোকে বে ভীবণ উৎপাত করিরাছিল, তথাকার প্রাচীন সংশ্বত্ত লিলাকলকে তাহা অলম্ভ ভাষার বর্ণিত আছে ।

আমাদের বোধ হয়—কথোজের মত জবনগণ আর্ণরপোতে আদিয়া শ্রীক্ষেত্রেও লুঠন করিয়াছিবা। পরাক্রান্ধ জবন-সৈল্পের ভরেই রাজা শিবগুপ্ত জগরাথ স্থানাস্তরিত করিতে বাধ্য হইয়াছিলেন।

শবররাজ শিবগুপ্তের পর তংপুত্র মহারাজ ভবগুপ্ত ব্রিক্লিকের অধিপত্তি হইরাছিলেন। উৎকল ও মধ্যপ্রদেশের নানাস্থান হইতে ভবগুপ্তের সমরকার খোদিতলিপি আবিষ্ণৃত হইরাছে। ইনি মহাভবগুপ্ত নামেও আপনার পরিচয় দিরাছেন। কটক জেলার কপালেশ্বর প্রাম হইতে প্রাপ্ত তব-গুপ্তের ভাষ্ণাদনে উৎকীর্ণ সম্পদ্দ দৃষ্টে বোধ হর, ইনি বছ দিন রাজ্য করিরাছিলেন।

মহারাজাধিরাজ তবগুণ্ডের রাজন্বকালে উৎকলের বিখ্যাত রাজা ব্যান্তির পিতা জনমেজর প্রাকৃত্ হন। এখনকার কোন কোন ঐতিহাসিক শিথিরাছেন যে, মহারাজ ব্যাতি-কেশরী মগধ হইতে আসিয়া উড়িয়া। জয় করেন, কিন্তু এ কথা ঠিক নছে, এক্ষেখরের শিলালিপিতে শিথিত আছে— ব্যান্তির পিতা চল্লবংশীয় জনমেজয় তিলক হইতে আসিয়া পভ্রাজ্যকে প্রাজ্য করিয়া উড়িয়্যারাজ্য গ্রহশ করেন (১৩)।

\* Fleets' Corpus Inscriptionum Indicasum, Vol. III. p. 294.

শবলপুর হইতে প্রাপ্ত ও কটকের জালেইরী আপিনে রক্ষিত ছইখানি ভাষ্ণশাসনে ব্যাভির পিতা জনমেজরের সাম পাওরা বার, ভিনি ত্রিকলিকাধিপতি মহারাজ ভবগুণ্ডের অধীনে উৎকল-রাজ্য শাসন করিতেন ।

মহারাজ ব্যাতির তাত্রশাসন বারাও জানা বার বে তিনি জবগুণ্ডের পুত্র মহারাজাধিরাজ ত্রিক্লিজাধিপতি মহাশিব-গুণ্ডের (অধীনে) সমরে উৎক্লেরাজ্য শাসন করিতেন † ।

উৎকলের ঐতিহাসিকগণ ব্যাতির পিতার নামোরেখ না করিলেও তাঁহার ১১শ পুরুষ পরে জনমেজয়কেশরী নামে কেশরীবংশীর এক রাজার নাম লিখিয়াছেন। পুরুষোত্তম-চক্রিকা প্রভৃতির মতে জনমেজয়কেশরী ৬৭৬—৬৮৫ শক অর্থাৎ ৭৫৪—৭৬০ খুটাক্ পর্যান্ত রাজত্ব করেন ‡।

পূর্বে বেরূপ লেখা হইরাছে, ভাহাতে ব্যাতির পিতা জনমেজর ঐ সমরের লোক হইভেছেন বটে।

ভারশাসন পাঠে জানা বার—বে শবরাধিপ ভবগুপ্তের সমরে রাজা জনমেজরদেব এবং ভবগুপ্তের পুত্র মহাশিবগুপ্তের সমর রাজা ববাতি আবিভূতি হন। উৎকলের ঐতিহাসিকগণের মতে ৩৯৬ শকে রাজা ববাতি রাজত্ব করিতেন। পুর্কেই লিখিরাছি যে প্রকৃত ঘটনা হইরাছে, এরূপ স্থলে খুটার নবম চারিশত বর্ব পিছাইরা লওরা হইরাছে, এরূপ স্থলে খুটার নবম শতাব্দে ব্যাতির আবিভাব স্থীকার করিতে হর। রাজা ব্যাতির ভাত্রশাসনে উৎকীর্ণ বর্ণমালা বারাও তাঁহাকে খুটার নব্দ শতাব্দীর পূর্কবর্তী ব্লিরা গ্রহণ করা বাইতে পারে না।

উৎকলগণ্ড ও তৎপরবর্তী গ্রন্থসূহে শবর কর্ত্ক যে পুরুষোত্তমের পূজাদি লিখিত আছে, তাহা শবর-রাজগণের সময়কার কথা হওয়াই সমধিক সম্ভব। য্যাতি শবররাজধানী হইতে দারুত্রজমূর্ত্তি আনিয়া নানা যাগ যক্ত করিয়া আহ্মণ ছারা পুন: প্রতিষ্ঠা;করেন। বোধ হয় এই উপলক্ষ করিয়াই উৎকলগণ্ড প্রভৃতি গ্রন্থে ব্রহ্মা কর্ত্ব দারুত্রজ্বের প্রতিষ্ঠার কথা বর্ণিত হইয়া থাকিবে।

নারদ বা ত্রদ্ধপুরাণে শবর বা ত্রদার প্রসদ্ধ না থাকার আমাদের দৃঢ় বিবাস হইতেছে, যে শবরপ্রসদম্পক উৎকলথগু ২য় ইক্রছায় উপাধিধারী য্যাতির সময়ে বা তাঁহার কিছু পরে

<sup>†</sup> Inscriptions Sanskrites de Campa et du Cambodge par M. Abel Bergaigne, p. 23. (1894.)

<sup>(&</sup>gt;৩) 'ত্বংশেহলনি গুল্লী বিশ্বত্যা বিশ্বত্যাব্যক্ত।

নালাইলন্মেলর: ন নিপ্রা কৃত্তিস্কাবিশ:।

ক্তান্তিকরাক্রিখনমিনাত্রে নিপ্ণাং বিপে

বঃ কৃত্যাব্রেট্রেপন্পতের্নলীং সমাকৃত্যান্।"

লম্বের্টিশি ২ রোক।

Journal Asiatic Society of Bengal, 1877, pt. I
 p. 153, 175.

<sup>†</sup> ভারণ।লনে উৎকলরাজ জনবেরুর ও তংগুরু ফ্রাজি নোলবংশীর বালিরা প্রিচিত।—J. A. S. B. Vol. VII. p. 558.

<sup>1</sup> Dr. Hunter's Orises, Vol. I. p. 200.

রচিত হইরাছে । তিনি ব্রাহ্মণারা শ্রীমৃর্ত্তি পুনঃপ্রতিষ্ঠা করিরা বে সকল বন্দোরত করেন, তাহাই উৎকলপপ্তরচরিতা নারদ ও ব্রহ্মপুরাণ অবলম্বন করিয়া বিস্তৃতভাবে অনেক অপরাপর কথার সহিত লিপিবছ করিয়া গিয়াছেন। তথনও শবররাজার আধিপত্য ছিল বলিয়াই রাজা ব্রাতি শবরদিগকে জগল্লাথের সেবকরূপে গ্রহণ করিতে বাধ্য হইয়াছিলেন। সেইজ্মই পরবর্ত্তী সকল প্রত্বে কালাথের লেপসংখারাদি সকল কার্য্যে শবরের পূর্ণ অধিকারের কথা লিপিবছ হইয়াছে। এখনও সেই পূর্বতন জগল্লাথ-সেবক শবরদিগের বংশধরেরা দৈতাপতি (১৪) নামে খ্যাত ও পূর্ব্ব অধিকার ভোগ করিতেছে, কিন্তু অপরাপর কোন শবরের মন্দির প্রালণে প্রবেশ করিবারও অধিকার নাই।

উৎকলথতে লিখিত আছে—মহারাজ (সন্তবতঃ ২র) ইক্সচার জগরাথ দর্শন করিবার জন্ম যথন চিত্রোৎপদা নদীতীরে উপনীত হন, তথন উৎকলরাজ আদিরা তাঁহার সহিত দেখা করেন। কপিলসংহিতার লিখিত আছে—

> "উৎপলেশং সমাসাম্ভ বাবচ্চিত্রা মহেম্বরা। তাবৎ চিত্রোৎপলা থ্যাতা সর্ব্বপূণ্যপ্রলা নদী॥"

এই লোক অসুসারে বেধানে উৎপলেশ্ব আছে, সেই ছানেই চিত্রোৎপলানদী প্রবাহিত। রাজিমমাহাজ্যের মতে বেধানে মহানদী ও প্রেতোজারিণী নদী সিণিত হইয়াছে, সেই স্থানেই উৎপলেশ্বর বিরাজমান।

রাজিম নগরেই মহানদী ও প্রেডোছারিণী বা পাইরি
মিলিত হইরাছে, ব্যাতির সমরে ঐ স্থানে শবররাজের
রাজধানী ছিল। যদি উৎকল্থতের বিবরণ প্রক্ত হয়, তাহা
হইলে স্বীকার করিতে হইবে মহারাজ (২য়) ইক্সহায় এই
রাজিম নগরেই উৎকল্যাজের নিকট নীলাচলের সংবাদ পান।
প্রেই লিখিত আছে, জবন-আক্রমণকালে এই রাজিমনগরে
লগরাথমূর্ত্তি আনীত হইয়াছিল এবং এখনও এখানে দারময়ী
লগরাথমূর্ত্তি স্বানীত হইয়াছিল এবং এখনও এখানে দারময়ী
লগরাথমূর্ত্তি রহিয়াছে। বোধহয় ব্যাতি এখানকার মূর্ত্তি দেখিয়াই
নীলাচলে দারুব্রেরর পুনঃ প্রতিষ্ঠা করিতে ইচ্ছা করেন।

উৎकमश्रक निविज चाट्य-रेजराम । वर्ग गमन

\* কণিলসংহিতা, নীলান্তিমহোদর প্রভৃতি প্রস্থ অপেক্ষা উৎকলগও প্রাচীন, ভাছা আলুসলিক এমাণ দারা লানা সিরাছে। করিলে বহ বৃগ ধরিরা মহামন্দির সমুক্রের বাস্কার ঢাকিরা গিরাছিল, গাল নামক একজন রাজা সেই মন্দির উদ্ধার (সংকার) করেন এবং আরম্ভ পাঁচটা প্রস্তরমন্দির নির্মাণ করিয়া তাহাতে প্রস্তরম্বী মাধ্বের প্রতিমা স্থাপন করেন—


"সোহপ্যত্ৰ প্ৰতিমাং ক্বছা মাধ্বাধ্যাং চূলদ্মীং। স্থাপরিস্থাত্ৰ প্ৰাসাদে পূজ্জামান ক্ষিমান্॥ ব্রীয়ান্ পঞ্প্ৰাসাদান্ নিশ্মার নৃপস্তমঃ।

ভত্র তাং স্থাপরামাস ততো নিস্কৃত্য সামরম্॥'' (উৎ ২৬।৪৬) প্রসিদ্ধ চীনপরিব্রাজক হিউএন্ সিরং খৃষ্টীয় ৭ম শতালে

চরিত্রপুরে (বর্ত্তমান পুরী) আসিয়া উক্ত পাঁচটা প্রাসাদের উচ্চ চ্ছা দর্শন করিয়াছিলেন। চীনপরিত্রাজক উক্ত পঞ্চমন্দিরের গাতো নানা সিন্ধবির মূর্ত্তি দেখিয়া গিয়াছিলেন ‡। বোধ হয়, চীনপরিত্রাজকের সময়ে জগরাথের মূলমন্দির বালুকালায়ী অথবা ভয় হইয়াছিল। উৎকলের ইতিহাসে লিখিত আছে, সেই মন্দিরের পুনঃসংস্কার বা পুনরক্ষার করিয়াই ঘ্যাতিকেশরী বিতীয় ইক্তয়ের উপাধি লাভ করিয়াছিলেন ১।

মাদলাপঞ্জী ও বংশাবলী অবলম্বন করিরা উৎকলের ঐতি-হাসিকগণ বেরূপ কেশরীবংশের বিবরণ লিপিবদ্ধ করিরাছেন, তাহা প্রকৃত বলিয়া বোধ হর না। ব্যাতি ও তহংশীরগণের সমরে উৎকীর্ণ যে সমস্ত শিলাফলক ও তাম্রশাসনাদি আবি-ফুত হইয়াছে, তাহাতে বর্জ্ঞমান উৎকলেতিহাস বর্ণিত য্যাতি ও জনমেজরের নাম ব্যতীত আর কাহারও নাম পাওরা যার না, এতন্থারা ইতিহাসবর্ণিত কেশরীরাজগণের নামগুলি অধিকাংশই কল্লিত বলিয়া বোধ হয়। [জুবনেশ্বর শক্ষে বিস্তৃত বিবরণ দেখ।]

ব্রহ্মেখর-শিলালিপি ছারা আমরা ঐ বংশীর মোট ৮ জন রাজাকে সিংহাসনে অভিষিক্ত দেখি। বধা—



<sup>‡</sup> ক্ষিংহাম্ সাহেৰ ও উাহার অনুবর্তী হইরা আক্রর্কারকা ঐ বৃহৎ পাঁচটা ক্ষিরকে অসক্ষে পাঁচটা ভূপ বলিয়া বর্ণনা ক্ষিরকাছেন, কিন্ত অসিক চীনভাবাবিদ্ বিল সাহেব ঐ অস সংশোধন ক্ষিরা সিয়াহেন। (Beal's Si-yu-ki or Records of Western Countries, Vol. II. p. 206.)

<sup>(</sup>১০) পূর্ব্বালে আর্গণ অসভা অনার্গণেকে বৈভা, অহর গ্রন্থতি নামে সংখ্যক করিছেন। সেইরূপ শ্বরণতিনিবৃক্ত জগরাংখর সেবক-দিগকে গোধ হর উৎক্লবাসীগণ "দৈতাপতীর" অর্থাং দৈতা বা শ্বরণতি নিবৃক্ত বলিয়া উপহাস করিতেন, কালে সেই 'বৈতাপতীর' শব্দ অপঅংশে দৈতাপতি বালে খ্যাক হইবাজে।

<sup>†</sup> जात्रारमञ्ज विश्वकृतात देनिहे श्रथम देखकुछ । देनजी-छेननिवरम देवात नाम मुद्दे दशः।

<sup>§</sup> Sterling's Oriess, (Printed at the De's Utkal Press) p. 114.

ব্রন্ধের-নিপিতে নিখিত আছে, রাজা অপবারের কোন পূল সন্তান ছিল না, তাঁহার মৃত্যুকালে জনমেজর-তনর (রুছ্ক) বিচিত্রবীর দেশান্তরে ছিলেন, পরে উৎকলে আসিরা রাজচ্ছত্র গ্রহণ করেন। শিলালিপিতে উজোতকেশরী ভিন্ন এই বংশীর আর কোন রাজার কেশরী উপাধি পাওয়া যার নাই। বোধ হর, এই উন্যোতকেশরী হইতেই কেশরী নাম বিখ্যাত হইয়া থাকিবে। ইনি একজন পরাক্রমশালী রাজা ছিলেন, ইনি গৌড় ও চোড় প্রভৃতি রাজগণকে মুদ্ধে পরাজয় করিয়া ছিলেন (১৫)। থঙগিরির অনস্বস্তহা ইহারই ১৮শ অছে নির্শ্বিত হয় (১৬)।

পুর্বে নিধিয়াছি খুঁয়ীয় ৯ম শতাবে মহারাজ ব্যাতি আবিভূত হন, এরপন্থলে তাঁহার লাতার চতুর্থ প্রুষ মহারাজ
উন্থোতকেমরী (৩ পুরুষে এক শতালী গণনা হিসাবে) খুষ্টীয়
১১শ শতাবে আবিভূতি হইয়াছিলেন।

এই ১১শ শতাব্দে গালেমরাজ মহাবীর চোড়গঙ্গ উৎকলরাজ্য অধিকার করেন। চোড়গঙ্গ যথন উৎকল রাজ্য আক্রমণ
করেন, তথন উৎকলে কেশরীবংশীয় কোন রাজা ছিলেন কি না,
এখনও শিলালিপি হইতে সে সন্ধান পাওয়া যায় নাই। উভোতকেশরী ও চোড়গঙ্গের সময়ে উৎকীর্ণ শিলালিপিতে পরম্পর
সম্পূর্ণ সাদৃশ্য থাকার অনুমান হয় যে উভোতকেশরী অথবা
তাঁহার বংশধরের সময়ে মহারাজ চোড়গঙ্গ উৎকল জয় করেন।
[চোড়গঙ্গ দেখ।] এই সমরেই বোধ হয় কেশরীবংশীয় রাজগণ
দক্ষিণাভিমুখে পলাইতে বাধ্য হন। পার্লা কিমেদীয় রাজগণ
উক্ত কেশরী-বংশীয় বলিয়া আপনাদের পরিচয় দিয়া থাকেন।
[জগরাথ গজপতি নারায়ণ দেব শব্দে দেখ।]

গঙ্গবংশীয় ২য় নরসিংহের তাম্রশাসনে লিধিত আছে—
'গল্মের চোড়গঙ্গ উৎকলরাজসিদ্ধকে মন্থন করিয়া কীর্ত্তিরূপ চন্ত্র, পৃথিবীরূপা রাজ্যলন্ত্রী, মদমন্ত সহত্র হন্তী, দশহাজ্ঞার
ভাষা ও অসংখ্য রত্ন লাভ করিয়াছিলেন।

'এই বিশাল ভূমওল যাহার চরণ, অন্তরীক্ষ বাঁহার নাভি, দশদিক্ বাঁহার কর্ণ, স্থা ও চক্র বাঁহার নয়নয়্গল এবং স্থর্গ লোক বাঁহার মন্তক, সেই ত্রিলোকব্যাপী পরমেশ্বর পুরুষো-ভমের বাসবোগ্য মন্দির নির্মাণ করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে ? এই ভাবিয়াই যেন পূর্কতন নরপতিগণ পুরুষোত্তমের

अक्तवत्रनिभि ५० म हु ५५न गःकि ।

মন্দির নির্দ্ধাণে উপেক্ষা করেন, কিছু গলেখন চোড়গল উপেকা না করিবা এই মহা মন্দির নির্দ্ধাণ করাইবা ছিলেন(১৭)।

ভারশাসনের উক্ত বিবরণ বারা বোধ হইতেছে, মহারাজ ববাতি যে মন্দিরের সংশ্বার করিরা ২র ইক্সছার উপাধিলাভ করেন, কালে সেই মন্দির বিশ্বস্ত অথবা ভয় হইরা ছিল, ববাতিবংশীয় কোন রাজা ভাহার সংশ্বার অথবা নৃতন করিয়া নির্মাণ করাইরা দেন নাই, ভাঁহারা শিবমন্দির নির্মাণেই ব্যস্ত ছিলেন, কিন্তু মহারাজ চোড়গঙ্গ পুরুবোত্তমের মহামন্দির নির্মাণ করিয়া বৈঞ্চবগণের আনন্দবর্জন করিয়াছিলেন।

ভূবনেশরের নিকটবর্তী কেদারেশরন্বারে উৎকীর্ণ শিলা-লিপি পাঠে জানা যায় যে ১০০৪ শকে চোড়গলের আধিপত্য-কালে কেদারেশর মন্দির নির্মিত হয়, বোধ হয় ঐ সময়েই বা কিছু পুর্বেজ জগলাথের মহামন্দির নির্মাণ হইতে থাকে ।

উৎকলের সকল ঐতিহাসিক লিখিয়াছেন, মহারাজ অনক্ষতীমদেব পরমহংস বাজপেয়ীর তত্বাবধানে ৩০।৪০ লক্ষ টাকা ধরচ করিয়া ১৯৯৬ খুটান্দে ঐ মহামন্দির নির্মাণ করেন। কিন্তু এ কথা কতদ্র সত্য তাহা ছির করিতে পারিলাম না। গলবংশীয় রাজগণের সময়কার পঞ্চাশ ষাট্থানি খোদিত শিলাফলক ও তামশাসন পাওয়া গিয়াছে, তাহার কোন খানিতে অনক্ষতীমদেব কর্ভ্ক মহামন্দির নির্মাণের কথা আদৌ নাই, কিন্তু তৎকর্ভ্ক অপরাপর শত শত মন্দির-নির্মাণের প্রকৃষ্ক বর্ণিত থাকায় স্মীকার করিতে হইবে, যে অনক্ষতীমদেব উক্ত মহামন্দির নির্মাণ করেন নাই। চাটেখরের শিলাফলকে তৎকর্ভ্ক প্রাচীন মন্দির সংস্কারের কথা লিখিত থাকায় অনুমান হয় যে তাঁহার সময়ে উক্ত মহামন্দিরের সংস্কার হইলেও হইতে পারে।

জগলাথের দেউল-করণেরা বলিয়া থাকেন যে, মহারাজ চোড়গল্পই জগলাথের প্রাত্যহিক বিবরণমূলক মাদলাপঞ্জী লেথাইবার ব্যবহা করেন, তৎপর হইতে বরাবর আজি পর্যান্ত প্রত্যহ তালপত্রে মাদলাপঞ্জী লিখিত হইয়া থাকে। উপর্যুগরি মুদ্রমান আক্রমণে তৎপূর্কবর্তী প্রাচীন মাদলাপঞ্জীর

(२व नवनिः द्वत काञ्चनात्रम २७- २५ (क्रांच । )

<sup>(</sup>১৫) "বালজীড়াভিরেব প্রতিভটন্ধিনং সিংহলং চোড়গৌড়ৌ বুজে সমন্ধবোধন্বিদ্বলবলঘটাসক্ষরং বো বিজিতা।"

<sup>(</sup>১৬) উক্ত শুহার এখনও "ক্রীবছ্ল্যোক্তমেশ্রিদেবক্ত প্রবন্ধ গানে বিষয়বালো স্বং ১৮" উৎকীর্ণ ক্ষাছে।

<sup>(&</sup>gt;९) "বিশ্নিখোৰে কলনাজনিজুমপানং গলেখন: প্ৰাপ্তবান্
এক: কীৰ্তিজ্বাক্তনং পৃশুক্তৰং লল্পীজনগা সৃষং।
আলুক্তিসক্তম্বনিযুতং নদ্ধান্তংগাদি বা
তৎসিজো: কিমিনং প্ৰকৰ্মখনা জনজন্মাখিন: দু
পালে) বত ধনাভৱীক্তমখিলং নাজ্জি স্ক্ৰা জিলঃ
ক্ৰোত্তে নেজৰুগং স্থীকুবুগলং মৃ্ভাপি চ ভোলেনা দ আসালং পুৰুবোত্তম্ভ নৃপত্তি: কোনামক্ষ্তুং ক্ষনত্তেভ্যোভানুগৈক্সপেক্ষিক্তমনং চক্ৰেখ গলেখন: দু"

অধিকাংশই নই হইরা গিরাছে, এই জন্মই মাদলাপঞ্জীর দোহাই
দিরা উড়িছার পশ্লীকারগণ যে প্রাচীন বংশাবলী আওড়াইরা
থাকেন, ভাহা অধিকাংশই করিত এবং এই জন্মই উৎকলের
ঐতিহাসিকগণ মুসলমান আক্রমণের পূর্ববর্তী যে সকল বংশাবলী ও ঘটনা লিপিবন্ধ করিয়াছেন, উৎকলরাজগণের সাময়িক
ধোদিত লিপির সহিত ভাহার অধিকাংশই মিলে না।

গলবংশীর রাজ্বগণের আধিপত্যকালেই জগরাথের সমৃদ্ধি বাড়িয়া উঠে। গলবংশীর রাজ্বগণ উৎকলের অধিকাংশ আরই জগরাথের সেবায় ব্যয় করিতেন এবং আপনাদিগকে জগরাথের ঝাড়ুদার বলিয়া পরিচয় দিতেন। এখনও য়ে রথ-যাত্রার দিন জগরাথ রথে উঠিবার সময় সর্কাত্রে পুরীর রাজা ঝাঁড় দিয়া পথ পরিকার করিয়া থাকেন, এই প্রথা গলবংশীয় রাজ্বগণের সময় হইতে চলিয়া আসিতেছে।

গঙ্গবংশীর রাজগণের প্রতাপ থর্ক হইলে স্থ্যবংশীর কপিলেক্রদেব কর্ণাট হইতে আসিরা উৎকলরাজ্য অধিকার করেন, ইনি ও ইহার মন্ত্রীগণ দকলেই পরম বৈষ্ণব ছিলেন। জগরাথের মহামন্দিরে উৎকীর্ণ শিলালিপি পাঠে জানা যায় যে মহারাজ কপিলেক্রদেব জগরাথের দেবার্থ বিস্তর জমি জমা উৎসর্গ করিয়াছিলেন। [গোপীনাথপুর দেখা]

কপিলেক্রের পর তৎপুত্র পুরুবোত্তমদেব উৎকলের সিংহাসন লাভ করেন। তাঁহার সময়ে উড়িন্মার নানাস্থানে বিঞ্মন্দির প্রতিষ্ঠিত হইয়াছিল, তাহা তাঁহার নামান্ধিত শিলালিপি পাঠে জানা যায়। রাজা পুরুবোত্তমদেবও জগরাথের
একজন প্রধান ভক্ত ছিলেন। পুরুবোত্তমদেব শব্দে বিভ্ত বিবরণ দেখ। ইনিও দারুব্রহ্মের উদ্দেশে বিভর ভূসম্পত্তি
দান করিয়াছিলেন। এখন জগরাথের মহামন্দিরের চূড়ায় যে নীলচক্র (১৮) বিরাজ করিতেছে, তাহা এই পুরুবোত্তম দেব কর্তৃক প্রদন্ত। ঐ নীলচক্রের মধ্যেও পুরুবোত্তমদেবের
সময়ে উৎকীণ থোদিত লিপি দৃষ্ট হয়, তাহার উপর পুনঃ পুনঃ
বর্ণ-সংস্কার হওয়ায় এখন দেই লিপি অনেকটা অস্পষ্ট হইয়া
গিয়াছে।

পুরুষোত্তমদেবের পুত্র প্রতাপরুজদেব ১৫০৩ খুটান্দে সিংহাদনে আরোহণ করেন, ইহার সময়ে শ্রীক্ষেত্রে নব

(১৮) তাহার বছ পূর্বে হইডেই নীলচক ছিল। ব্রহ্ম, নার্চ প্রভৃতি প্রাচীন পুরাপেও ইছার উল্লেখ স্থাছে।

''ठकः पृष्टे । इत्तर्भार आतारमानतित्रशिष्ठम् ।

সহসা মুচাতে পাণাল্লে ভিক্তা অশ্যা তং ।" ( নারদপু: উত্তর ।)
বোধ হল আচীন চক্র ভগ্ন হওয়ার পুরবোত্তরদেব একটা নৃত্র চকু
ছাপন করেন।

যুগের আবির্ভাব হইরাছিল। ঐতিচতজ্ঞানের ইহার সমরেই দীর্ঘকাল ঐতিক্ষত্রধামে বাস করিরাছিলেন। এই সমরেই তিনি কতকগুলি ন্তন উৎসব প্রচার করেন এবং এই সময়ে মহাপ্রসাদের প্রাধান্ত স্থাপিত হয়। (মহাপ্রসাদের বিবরণ পরে লিখিত হইবে।)

একবার প্রতাপরুদ্র দাক্ষিণাত্য জরে বহির্গত হন, এই স্থানাের বলের মুসলমান স্থবাদার সদৈক্তে আসিরা উড়িয়া আক্রমণ করেন। মুসলমানসৈপ্ত শ্রীক্ষেত্র অবধি নুঠন করিয়া-ছিল। এই সময়ে জগলাথের সেবকগণ দারুত্রক্ষমুর্ত্তি গিরিগজ্বরে পুকাইরা রাথিবার জন্ত গুপুভাবে নৌকার করিয়া চিকারদে লইরা আইসে। পরে প্রতাপরুদ্র ফিরিয়া আসিয়া ফ্লেছে-দিগকে তাড়াইয়া দারুত্রক্ষ মুর্ত্তির পুনঃ প্রতিষ্ঠা করিলেন।

প্রতাপক্ষরের মৃত্যুর পর তাঁহার বহুসংখ্যক পুত্র ও মন্ত্রী
মধ্যে রাজ্য লইয়া বিবাদ হয়, ক্রমে মন্ত্রী ও সামস্তর্গণ প্রবল
হইয়া ক্রমে ক্রমে সিংহাসন অধিকার করিতে থাকে, এই
গোলযোগের সময় জগয়াথদেবের সেবারও বিশেষ বিশৃত্যলতা
ঘটিয়াছিল। রাজ্যবিপ্লব মিটিতে না মিটিতে দেবছেষী কালাপাহাড়ের রণ্টকা উৎকলক্ষেত্রে নিনাদিত হইল। মুকুল্দেব
তথন উৎকলের রাজা, কিন্তু ইতিপূর্ব্বেই অন্তর্বিপ্লবে গঙ্গপতিরাজগণের প্রতাপ অনেকটা থ্ব হইয়াছিল।

মুদ্দমান দেনাপতি কালাপাহাড় বহুদংখ্যক দৈল্লসহ যাজপুরে উপস্থিত হইল। এথানে উৎকলবাসীগণ প্রাণপণে তাহার গতিরোধ করিল, এই যুদ্ধেই রাজা মুকুন্দদেব নিহত হইলেন। উৎকলরাজের পরাজয়বার্তা জগলাথে পৌছিল। এবারও সেবকগণ দাক্তক্রের মুর্তিগুলি রক্ষা করিবার জন্ত চিহাছদের নিকটে পারিকুদে আনিয়া একটা গর্তমধ্যে সুকাইয়া রাখিল। ছর্দান্ত কালাপাহাড় শত শত দেবমূর্তিও দেবমন্দির ছুর্ণ বিচূর্ণ বা অঙ্গহীন করিয়া জগলাথের মহামন্দিরে আসিয়া উপস্থিত হইল, এখানে বিস্তর লুঠনাদি ও অপচয় করিয়া দাকত্রক্রমূর্তির সন্ধান করিবার জন্ত চারিদিকে চর পাঠাইয়া দিল।

সেবকেরা বছষদ্ধ করিয়াও কালপাহাড়ের করাল কবল হইতে পবিত্র মৃর্জি রক্ষা করিতে পারিলেন না। কালাপাহাড় পারিকুদ হইতে দারুব্রককে বাহির করিয়া টানিয়া লইয়া গলাতীরে উপস্থিত হইল। এথানে অপাকারে কার্চ সাজাইয়া অয়ি প্রদানপূর্বক তয়৻ধ্য দারুব্রকার্ম্তি নিক্ষেপ করিল, পরে সেই দগ্ধম্র্ডি অয়ি হইতে লইয়া গলার জলে কেলিয়া দিল। মাদলাপঞ্জীতে লিখিত আছে, দারুব্রক্ষকে অয়িমধ্যে প্রদান করিবামাত্র তাহার সর্বাল খসিয়া গেল ও বে মৃত্যু-

রূপে পতিত হইন। তাহার অন্তচ্চেরা কর্ম সেই পবিত্র বৃত্তি পলার জনে নিক্ষেপ করে, তথন দেবের এক প্রধান ভক্ত বেসর মহান্তি বেশিতে পাইরাছিলেন। তিনি কভি গুণ্ড-ভাবে সেই দ্যু দেবমূর্তি নইরা উৎকলের কুজন ছর্মাধিশতি থণ্ডাইত গৃহে রন্ধিত করেন। তাহার কুজিবর্ব পরে রাজা রামচন্ত্রদেবের রাজন্বকালে লাক্ষত্রক কুজন হুইতে আনীত হয়।

এ সময়ে উৎকলের অধিকাংশই পাঠানের হত্তগত হইয়া ছিল। কিন্তু অক্বর বাদশাহের আদেশে মুনিম খাঁ তংপর খাঁজহান আসিরা পাঠানদিগকে সম্পূর্ণরূপে পরাত্ত করিয়া > १ १ ५ पृष्ठीत्म उरकन त्राका निक्रीचरत्र क्षिकात कुक कति-লেন। উক্ত বুদ্ধ ঘটনার সমঙ্গে জগরাধদেবকেও ছই তিনবার চিকারদে আনিয়া রক্ষা করা হইয়াছিল। মোগল পাঠানের युक्कारन छे दकरन य बाद बदानक छ। चित्राहिन, जाहार छ मत्मर नारे। ১৫৮० वृष्टीत्म উড़िशाब मामखनग धकव হইয়া দলাই বিভাধরের পুত্র রণাই রাওতাকে রামচক্রদেব নাম দিয়া সিংহাসনে অভিধিক্ত করিলেন। এই সমরে অকবরের অক্তম প্রধান সেনাপতি স্বাই জরসিংহ, বাদ-नात्वत्र कार्यमद्भारतत्र कम छे एका अवदान कतिराक्षिरणन, ভিনিও রামচক্রদেবের অভিবেক কার্ব্যে অমুমোদন করিলেন। তংকালে জন্মিংছের আদেশেই রামচক্রদেব ৰংশপরস্পরায় উৎকলের অপর দকল সামন্তরাজ হইতে প্রাধান্ত লাভ করি-লেন। রাজা রামচক্র ও তাঁহার বংশধরই জগরাখের প্রধান रमवन्त्रतथ नियुक्त इटेरनन। त्रामहक्त ताका इटेग्राटे भावीत বিধানে নিম্কার্ছে দাক্তমের নবকলেবর স্থাপন করিয়া মহাসমারোহে পুন: প্রতিষ্ঠা করিলেন। (নবকলেবরের বিবরণ পরে লিখিত ছইবে)। পূর্ববং বোড়গোপচারে দেবের পূজা চলিতে লাগিল, किन्न इः ध्वत विवय अञ्चलिन ना रहेए হইতেই আবার গোলকু গ্রার আদিলশাহীরাজ উড়িব্যা আক্রমণ कतित्रा तामहत्त्वात्मवाक भतान्य कतित्वन ।

১৫৯২ খৃষ্টাব্দে রাজা মানসিংহ উড়িব্যায় আসিয়া জগরাথ-ক্ষেত্র দর্শন করেন। তিনি রাজা রামচক্রদেবের ব্যবহারে সম্ভই হইরা ভাঁহাকে মহারাজ উপাধি এবং জগরাথ ও তাহার চারিপার্যহ ১২৯ কিলার শাসনভার প্রদান করেন। এই সমর হইভেই খোর্দারাজ সর্বপ্রকারে প্রাধান্ত লাভ \* করিলেন। তংশরে কিছু দিন জগরাথে আর কোন গোলবোঁ হর
নাই। তব্দিরং-উল্ নাজিরিন্ নামক পারনী রোজনামচার
নিধিত আছে—

'বাদশাহ অরক্জেব জগলাথের মন্দির ধ্বংস করিবার জন্ত নবাব ইক্লামখাকে আদেশ করেন। তথন ঐ মহামন্দির রাজা জব্যসিংহদেবের অধীনে ছিল। রাজা শীরমূহস্মদকে নবাবের নিকট তাঁহাকে পরিচিত করিয়া দিবার জন্ত অপুরোধ করেন এবং মন্দির ভালিয়া বিরাট্মূর্ত্তি স্মাটের নিকট পাঠাইয়া দিতে সম্মত হন। তদহসারে রাজা সিংহ্লারে রক্ষিত একটা রাক্ষ্সমূর্ত্তি ও ভারের সমূধ্য হুইটা তোরণ ভালিয়া ফেলেন। এই সমরে একটা বৃহৎ চম্মনকাঠের মূর্ত্তি ও দেবের নেত্র-ছানে রক্ষিত হুইটা প্রোণা হীরক বিজাপুরে অরক্জেবের নিকট পাঠান হয়।'

উক্ত বিবরণ পাঠে বোধ হইতেছে দেববেবী অরদ্ধেবের ভীক্ষ দৃষ্টি হইতে অগন্নাথমূর্ত্তিও এড়াইতে পারেন নাই। কেবল খোর্লারাজের কৌশলেই দারুরক্ষমূর্ত্তি রক্ষা পাইয়াছিল। উক্ত জ্বাসিংহের সময় অগন্নাথের পাকশালা নির্মিত হয়।

তাহার কিছু দিন পরে উৎকলে হর্দাস্ত মহারাষ্ট্রদিগের আধিপতা বিস্তৃত হয়। এ সমর অর্থলোজী মহারাষ্ট্রদিগের নির্যান্তনে পড়িরা উৎকলবাসীগণ কিরূপ কট্ট জোগ করিয়াছিল, তাহা বর্ণনা করা যার না, কিন্তু এ হংসময়ে জগরাথদেবের সেবার কোনরূপ ক্রটী হর নাই। মহারাষ্ট্রনারকগণ জগরাথদেবের সেবার কোনরূপ ক্রটী হর নাই। মহারাষ্ট্রনারকগণ জগরাথদেবকে অতিশর ভক্তি শ্রুরা করিতেন এবং তাঁহার সেবার জন্ত বিস্তর অর্থাদিও দান করিয়াছিলেন। পুর্বের মহা মন্দিরে সিংহ্রারের সমুখে গরুড়তান্ত ছিল, বোধ হয় কালাপাহাড় প্রভৃতি মুসলমানের আক্রমণে সেই গরুড়তান্ত নই হইয়াছিল, খুইার অন্তাদশ শতানীর প্রথমভাগে মহারাষ্ট্রগণ কোণার্কের অক্লণক্ত ভুলিয়া মহামন্দিরের সমুখে স্থাপন করেন, এখনও সেই একথানি ক্রক্ষ প্রস্তুরে নির্ম্বিত প্রার ২৮ হাত উচ্চ স্থানর বিস্তৃত্ব অক্লণক্ত মহামন্দিরের সম্মুখে স্থাপিত রহিয়াছে।

১৮০৪ খৃষ্টাব্দে খোর্দারাব্দের অধিকৃত সমস্ত ভূভাগ বৃটীশ অধিকৃত হইল, এই সমরে মন্দিরের তত্বাবধানের ভার কিছু-দিনের জন্ত বৃটীশ গ্রমেণ্টের হল্তে আসিল। ইংরাজরাজ বাত্রীদের নিকট হুইভে কর আদার করিতে লাগিলেন।

খৃষ্টান গবর্মেন্ট কর্ত্ব হিন্দুমন্দিরের তত্বাবধান খৃষ্টীর মিসনরীগণের অসহ বোগ হইল, তাঁহাদের পুন: পুন: উত্তেজনার গবর্মেন্ট পুরীর রাজাকে আবার মন্দিরের তত্বাবধারক নিমৃক্ত করিলেন এবং দেবদেবার জন্ম উপযুক্ত আরের সম্পত্তিও ছাড়িয়া দিলেন। এখন পুরীর রাজাই সেই দেবসেবা

শ এখনও ইহারই বংশধর পুরীর ঠাকুর রাজা বলিরা থাত। এখন পুরীর রাজা জপরাথের মোহাত ভির আর কিছুই নর, ভাহার সে আধিপতা, সম্পত্তি জিছুই নাই বরিলেই হর। কিন্তু উল্লিয়ার পঞ্জিকার এখনও সেই পুরীরাজের রাজ্যাক গৃহীত হুইরা থাকে।

নির্নাছ করিয়া থাকেন। জগলাথের সকল কার্য্যে এখন উাহারই অধিকার।

ক্ষেত্রর সীমা ও মাছাত্মা।—নীলান্তিমহোদরের মতে—
"ব্যবিক্ল্যাং সমাসাল বাবং বৈত্তরত্মী নদী।
ভাবং ক্ষেত্রক্ত মাহাত্মাং বর্ততে মুনিপুরবা:।
সমুদ্রভাত্তরং ভীরং মহানভাত্ম দক্ষিণম্।
ভটমারভ্য তৎ ক্ষেত্রং রাজয়ানং চ পাবনম্।
বর্ততে তৎ সমারভ্য সমস্তাদ্দধ্যাত্মনম্।
পদে পদে শ্রেষ্ঠত্মং তৎক্ষেত্রং বর্ততেহন ঘা:।
ভরীলাচলপর্যক্তং ভ্কিম্কিক্সপ্রদ্ম্॥"

শবিক্ল্যা নদী হইতে বৈতরণী নদী পর্যন্ত ক্ষেত্রের
মাহাত্ম্য আছে, মহানদীর দক্ষিণ ও সাগরের উত্তরকৃল নীলাচল
পর্যন্ত দশবোজনের মধ্যে স্থানে স্থানে শ্রেষ্ঠতম ক্ষেত্র আছে।
"যৎক্ষেত্রস্পর্শতো বিপ্রাঃ সমুদ্রন্তীর্থরাট্ স্বতঃ।
ক্রোপত্ররোর্রন্তিবৃত্তে ক্ষেত্রে প্রীপ্রবোত্তমে।
শংথাকারেহপি ভ্রাধ্যে রাজতে নীলভ্ধরঃ॥"

যে ক্ষেত্র স্পর্শ করিয়া সমুদ্র তীর্থরাজ বলিয়া গণ্য হই-য়াছে, সেই তিন ক্রোশ বিভ্ত শখাকার পুরুবোভ্য-ক্ষেত্রে নীলাচল অবস্থিত।

উপরোক্ত প্রমাণ দারা বোধ হইতেছে শবিকুল্যা হইতে বৈতরণী পর্যান্ত সমস্ত স্থান ক্ষেত্র বলিয়া গণ্য হইলেও পুরুষোত্তম-ক্ষেত্র তিন ক্রোশব্যাপী। এই ক্ষেত্র শংথাকার হইলেও উৎকল্পণ্ডে লিখিত আছে—

"ইনং ক্ষেত্র: সসর্জানে স্বমূর্তিসদৃশং বিভূ:।" (৫৫ জঃ)
এই ক্ষেত্র ভগবান্ নিজ মূর্তির অন্তরপ্ করিয়া স্টি
ক্রিয়াছেন।

কপিলসংহিতার নিথিত আছে—

"সর্কেবাং চৈব ক্ষেত্রাপাং রাজা শ্রীপুরুবোত্তমন্।

সর্কেবাক্ষৈব দেবানাং রাজা শ্রীপুরুবোত্তম:॥" ৫।৩৯।
পুরুবোত্তম ক্ষেত্রই সকল তীর্থের রাজা এবং জগরাথদেবও
সকল দেবতার রাজা।

নারদ ও ব্রহ্মপুরাণাদির মত অবলম্বন করিয়া চৈত্যু-ভাগবতে বর্ণিত হইরাছে—


"পিত্মতীরে বটমূলে নীলাচল নাম।
ক্ষেত্র শ্রীপুরুষোত্তম অতি রম্য স্থান।
আনন্ত ব্রহ্মাগুকালে যথন সংহারে।
তবু সে স্থানের কিছু করিতে না পারে।
সর্বাকাল সেই স্থানে আমার বসতি।
প্রাতিনিক আমার ভোজন হয় তথি।

সে ছানের প্রভাবে ধোজন দশ ভূমি।
তাহাতে বসদ্ধে বত জন্ধ কীট ক্ষমি।
সবাবে দেশবে চতুর্জু জ দেবলগ।
মরণ মঙ্গল করি কহি বে সে ছাল।
নিজার বে ছানে সমাধির কল হয়।
শরনে প্রণাম ফল বথা বেদে কয়।
প্রদক্ষিণ ফল পায় করিলে ভ্রমণ।
কথামাত্র যথা হয় আমার স্তবন।
বেন সে ক্ষেত্রের অতি প্রভাব নির্মাণ।
মংশু থাইলেও পায় হবিবারে ফল।
নিজ নামে স্থান মোর হেন প্রিয়তম।
তাহাতে যতেক বৈসে সে আমার সম।
সেধানে নাহিক ব্যদ্ভ অধিকার।

चामि क्षेत्र ভान मन विहात मवात ॥" (दिह खा चारा २) मन्द्रितानि।-- अर्गनात्थत वर्डमान महामन्द्रित कका > > १४ ১৭ জ: এবং ৮৫° ৫১ ৩৯ পু:, ২২ ফিটু উচ্চ জমির উপর অবস্থিত। পূর্ব্বে এই অঞ্চলই নীলাচল নামে প্রসিদ্ধ ছিল। বর্ত্তমান মন্দির-প্রাঙ্গণ দৈর্ঘ্যে পূর্ব্বপশ্চিমে ৬৬৫ ফিট্ ও প্রন্থে উত্তরদক্ষিণে ৬৪৪ ফিট্। ইহার চারিদিকে ২৪ ফিট উচ্চ মুগনি পাথরে নির্দ্ধিত মেঘনাদ নামক প্রাচীর-বেষ্টিত। এই প্রাচীর রাজা পুরুষোত্তমদেবের সময় নির্শ্বিত হয়। ইহাতে চারিটা বার আছে, পূর্বাদিকে সিংহ্ছার, পশ্চিমে থাঞ্জাদ্বার, উত্তরে হস্তি-দার এবং দক্ষিণে অশ্বদার। সিংহ্লার কালপাথরে নির্মিত, ইহাতে যথেষ্ট শিল্পনৈপুণ্য আছে, ইহার ছইপার্ম্বে ২টী সিংহ मृति। ইহার কপাট শালকাঠে ও ইহার ছাদ চূড়াকারে নির্মিত। এই ছারদেশে জয় ও বিজয়ের মূর্ত্তি আছে। এই ছারের সমুখে ৪৪ ফিট্ উচ্চ প্রাসিদ্ধ অরুণস্তম্ভ রহিয়াছে। থাঞ্জাদ্বারে কোন মূর্ত্তি নাই, অপর ছইলারের নামামুদারে ছইটা করিয়া অশ্ব ও হন্তীমূর্ত্তি আছে।

- পূর্বহারে প্রবেশ করিয়া বামভাগে শ্রীকাশী বিশ্বনাথ ও রামচক্রমূর্ত্তি দেখা যায়। তারপর বাইদ্ পৈঠা অর্থাৎ ২২টা ধাপ পার হইলে ভিতর প্রাক্তণ। এই প্রাক্তণও পূর্বপশ্চিমে ৪০০ ও উত্তরদক্ষিণে ২৭৮ ফিট। ইহারও চারিদিকে চারিটা প্রবেশ-ঘার আছে, এই প্রাক্তণের মধ্যে জগরাধদেবের বিখ্যাত মন্দির এবং তাহার চারি পাশে অনেক ছোট বড় দেব দেবীর মন্দির আছে।

জগরাথদেবের মন্দিরও চারিভাগে বিভক্ত-- সর্ক পশ্চিমে জগরাথের মৃলমন্দির, তাহার সন্মুথে মোহন, মোহনের সন্মুথে নাটমন্দির ও তৎপূর্বে ভোগমগুণ। ভোগমগুণের দেয়ালে ও পোতার অতি উৎরুষ্ট কার্য্য এবং সেই সঙ্গে যথেষ্ট কুরুচির পরিচরও আছে। ইহা পূর্ব্বপিন্টিমে ৫৮ ফিট্ ও উত্তরদক্ষিণে ৫৬ ফিট্ ভূমির উপর গঠিত, ইহার ঘারোপরি অতি কুন্দর নবগ্রহমূর্ত্তিআছে। ইহারও চারিটা প্রবেশদার, এখানে অরভোগ হয় বলিরা ইহার পূর্ব্ব, দক্ষিণ ও উত্তরদার স্ব্রদাই বন্ধ থাকে।



ম্লম্নির খোহন নাট্মন্তির ভোগম্পুণ

তৎপরে নাটমন্দির। ইহা লখা চওড়ার প্রায় ৮০ ফিট্। ইহারও চারিটা প্রবেশ ছার; পূর্বভারে জয় বিজরের ক্ষুদ্র স্থিতি আছে। নাটমন্দিরের পশ্চাতে মোহন বা জগমোহন, ইহাও ৮০ ফিট্ ভ্থতের উপর গঠিত। মোহনের ছাদ ১২০ ফিট উচ্চ দেখিতে পিরামিডের মত। পশ্চাতে মূলমন্দির বা মহামন্দির, এই দেউলই মহারাজ চোড়গঙ্গ নির্মাণ করেন, অপর অংশ তাঁহার জনেক পরে নির্মাত হয়। এই মূলস্থানও ৮০ ফিট্ ভ্মির উপর নির্মাত। এই মূলমন্দিরের চূড়া কলিকাতার মন্থমেণ্ট অপেক্ষা উচ্চ, উচ্চতায় ১৯২ ফিট; এই জয় বছদ্র হইতেই ঐ চূড়া দৃষ্টিগোচর হইয়া থাকে।

মন্দিরের অগ্নিকোণে বদরীনারারণ, তাহার পশ্চিমে প্রীরাধাক্ষণমূর্ত্তি, উভরের মধ্যে পুরাতন পাকশালার দরজা, তাহার পশ্চিমে বটকৃষ্ণ, তাহার পশ্চিমে বটমৃলস্থিত অন্তশক্তির অন্ততমা মঙ্গলাদেবী (১৯)। উৎকলধণ্ড, কপিলসংহিতা ও নীলাদ্রিমহোদরের মতে মঙ্গলার দর্শন ও পূজা করিলে মানবের

(১৯) উৎকলখণ্ড ঐ অন্তশক্তির নাম এইরপ লিখিত আছে—

শব্দলা বটমূলে তু পশ্চিমে বিমলা তথা।

শব্দে পৃষ্ঠভাগে তু সংছিতা সর্কমসলা ঃ

অর্জালনী তথা লখা ক্বেরলিশি সংগ্রিতা।

কালরাত্রি দক্ষিণভাগে পূর্কভান্ত মরীচিকা।

কালরাত্রাত্তথা পশ্চাৎ চঙ্গ্রপা ব্যবস্থিতা।

এভাভিক্রপ্রপাভিশেভিভিগে প্রিরক্তিম্য

বটনুলে মঙ্গলা, গলিংমে বিমলা, শথের পশাস্থাকে সর্বামল্লা, উত্তর দিকে অস্থাননী ও লখা, দক্ষিণে কালয়ানি, কালয়ানির গলাতে চঞ্চল। এবং প্রাণিকে মনীচিকা। এই অষ্টশক্ষি ক্ষেত্রমুক্ষা করিয়া থাকেন। মোহবন্ধ দ্র হর। ভাহার ঈশানকোণে মার্কভেরেশর ও ভাহার দক্ষিণে বটমূলে বটেশর লিজ।

নারদ, ব্রহ্ম প্রভৃতি প্রাণে এই বটই অক্ষরবট বা করবুক্ষ
নামে বর্ণিত। এখানে আসিরা করবুক্ষকে তিনবার প্রদক্ষিণ
করিয়া বিক্ষ্রপে তাহার পূজা করিতে হর। জগরাথক্ষেত্র
বৌষমূলক বলিরা ঘাঁহাদের বিখাস, তাঁহারা বলেন বৌদ্ধেরা
বোধগরান্থ বোধিক্রমের শাখা লইরা গিরা নানান্থানে স্যত্রে
রোপন করে, এই অক্ষরবটও সেইরূপে স্থাপিত হইরা
থাকিবে। কিন্তু অন্থ্যান ভিরু বিশেষ প্রমাণ না থাকার
সমীচীন বলিরা বোধ হইল না, বুদ্ধের অভ্যাদরের পূর্ববর্তী
মহাভারতাদি গ্রন্থে অক্ষরবটের উরেথ থাকার আমরা এই
অক্ষরবটকেও বৌদ্ধন্থাপিত বলিতে পারিলাম না।

মার্কণ্ডেরেশ্বরের উত্তরে ইক্রাণী, বটেশরের নৈশ্বতে স্থ্য-মৃত্তি, তাহার পশ্চিমে ক্ষেত্রপাল, তৎপশ্চাতে মৃত্তিমণ্ডপ। রাজা প্রতাপক্ত চৈডক্তদেবের অবস্থিতিকালে ৩৮ ফিট ভূমির উপর এই মৃত্তিমণ্ডপ প্রস্তুত করাইয়াছিলেন। সময়ে সময়ে এই মণ্ডপে নানাদেশীয় পণ্ডিতগণ আগমন করেন ও ধার্ত্রী-দিগকে শাক্সবাধ্যা শুনাইয়া থাকেন।

মুক্তিমগুপের পশ্চিমে নরসিংহমুর্স্তি। তাঁহার পশ্চিমে
মণ্ডপ, এখানে দেবের অন্তুলেপনাদি ঘর্ষিত হয়। তাহার
পশ্চিমে গণেশ ও বায়ুকোণে ভূষভীকাকের মুর্স্তি। গণেশের
পশ্চিমভাগে একটী কুও। উৎকলখণ্ড, কপিলসংহিতা প্রভৃতি
গ্রন্থের লানমাহাত্ম্য বর্ণিত আছে।

উক্ত কুণ্ডের পশ্চিমভাগে অইশক্তির অন্ততমা বিমলা নেবীর মন্দির, মন্দিরটা দেখিলেই অতি পুরাতন বলিয়া বোধ হয়। উৎকলছ তান্ত্রিকগণ বলিয়া থাকেন যে বিমলাই ক্ষেত্রের প্রকৃত অধিষ্ঠাত্রী আন্তাশক্তি, জগল্লাথ তাঁহারই ভৈরব। বাস্তবিক এখনকার অপর সকল শক্তিমূর্ত্তি অপেক্ষা বিমলা প্রধান ও প্রাচীন, তাহা মৎস্তপুরাণ পাঠে জানা যায় (২০)। আদিনমাসের মহাইমীর অর্দ্ধরাত্রে জগল্লাথের শন্তনের পর এই দেবীর সমুথে ছাগবলি হয়, এ ছাড়া ক্ষেত্র মধ্যে আর কোথায়ও ছাগবলি হইতে পারে না। বলরামের উৎকৃষ্ট ভোগালে বিমলার ভোগ হইয়া থাকে। বিমলার উত্তর ও দক্ষিণভাগে রাধায়ক্ষমূর্ত্তি। পশ্চিমছারের দক্ষিণভাগে ভাণ্ড-গণেশ, এই ঘারের উত্তরগায়ে গোপীনাথমূর্ত্তি, তাহায় উত্তরে মাথমচোরার মূর্ত্তি, তাহায় উত্তরে সরক্ষতী ও নীলমাধ্য মূর্ত্তি।

নীলমাধবের উত্তরে লন্ধীর মন্দির, ইহার গঠন অতি স্থানর; জগলাথের মন্ড এই মন্দিরও ভোগমগুপ, নাটমন্দির,

<sup>(</sup>२०) "जबाबार मक्का नाम विमना श्रुक्तदाख्यम ह" (मर्क्क्यू >०० मः)

মোহন ও মৃলমন্দির এই চারি অংশে বিভক্ত। ইহার মৃলমন্দির দর্শন করিলে অতি প্রাচীন বলিয়াই বোধ হয়। নরসিংহদেবের জাত্রশাসনে মহারাজ চোড়গঙ্গ কর্ত্তক লন্দ্রীদেবীর প্রতিষ্ঠার আভাস আছে। [গাঙ্গের শংসর ক্রোড়পত্র ২৮ শ্লোক দেখ।] বোধ হয়, মহারাজ চোড়গঙ্গ জগরাথের মন্দিরের ভারে এই মন্দিরটীও নির্দ্ধাণ করাইয়া ইহাতে লন্দ্রীদেবীকে প্রতিষ্ঠাকরেন। লন্দ্রীদেবীর স্বতন্ত্র পাকশালা আছে। তাহাতে সাধারণ বিপ্রহিদিগের ভোগায় প্রস্তুত হইয়া থাকে।

শন্ধীমন্দিরের পশ্চিমে একটী ছোটমন্দিরে সর্ব্যাক্ষণা নামে কালীমূর্ত্তি বিশ্বমান। লক্ষীর নাটমন্দিরের উত্তরে তুইটা রাধাক্তক্ষের মন্দির ও ঈশানকোণে স্ব্যানারায়ণ, তাহার পুর্ব্বে স্থোর্র মন্দির, এ মন্দিরের কারুকার্য্যও অতি স্থানর, কেহ কেহ বলেন নরসিংহদেবের সময় এই মন্দিরটা নির্দ্ধিত হইয়া থাকিবে। ইহার পূর্ব্বে জগরাথ, তাহার পূর্বের পাতালেখর, তাহার নিকটেই উত্তরম্বার। ইহার পূর্বেভাগে রুফ্ক ও তাহার নিকট বাহনদিগের মন্দির। তৎপূর্বের মহামন্দিরের ঈশানকোণে রাধাশ্রাম ও তাহার দক্ষিণে ভোগমগুপের ঈশানকোণে গৌরাক্ষদেবের মূর্ত্তি। রাধাশ্রাম ও গৌরাঙ্গের মধ্যত্বলে একটা মার আছে, এই ম্বার দিয়া স্থানবেদীতে যাইতে হয়। এই বেদীতে জ্বোথসেব বা স্থানযাত্রা হইয়া থাকে। স্থানমগুপের অ্যানিকোণে চাহনিমগুপ। এথানে লক্ষী আদিয়া দেবের স্থানেশ্বের দেবের স্থানেশ্বের দেবের স্থানেশ্বের দেবের

সিংহল্বরের দক্ষিণভাগে ভেটমণ্ডপ। জগন্নাথ গুণ্ডিচা-মন্দিরে গমন করিলে লক্ষীদেবী এথানে আসিয়া তাঁহার প্রতীক্ষা করিয়া থাকেন। বাইশপইঠার উত্তরে পাণ্ডাগৃহে মহাপ্রসাদ বিক্রয় হইয়া থাকে।

হস্তিছারের নিকট প্রদক্ষিণার মধ্যে বৈকুণ্ঠনামে একটা বিতল গৃহ আছে। এধানে কতকগুলি নিম কাঠ থাকে, যে কাঠে গভবারে নবকলেবর হইরাছে, ইহা তাহারই অবশিষ্ঠ, প্রতিবর্ধে স্নান্যাত্রার পর এখানে দেবের কলেবর চিত্রিত হইরা থাকে। বৈকুণ্ঠের পশ্চিমাংশে এক পাকা চত্তর আছে, সেইথানে কলেবর প্রস্তুত হর। (নবকলেবর প্রসঙ্গে অপরাপর বিবরণ দেখা) ঐ চত্তরে ফুইটা বেদী আছে, একটাতে পুরাতন-মৃধি রাখা হয় ও অপরটাতে নৃতন মূর্তি থোলিত হইরা থাকে।

শ্রীমৃত্তি ও মহাবেদী।—রত্নন্দনের প্রবোত্তমত্তথ্য ব্রহ্মাওপুরাণে লিখিত আছে,—মন্দিরে প্রবেশ করিয়া অগ্রে ক্রবট ও গরুড়কে নমস্কার করিয়া পরে স্থভ্জা, বলরাম ও ক্লগরাথ দেবকে দর্শন করিবে, তাহাতে পরমগতি লাভ হয়। মন্দিরাভ্যস্তরে গিয়া প্রথমে রত্ববেদীকে তিনবার প্রদ ক্ষিণ করিতে হয়। অনস্তর প্রথমে বলরাম, তৎপরে ছাদশ-কর মত্ত্বে শ্রীজগরাথদেবকে, পরে মূলমত্ত্বে স্ভ্রাদেবীকে পূজা করিবে। (পুরুষোত্তমতত্ত্ব)

সচরাচর যাত্রীগণ সিংহ্বার দিয়া মন্দিরে গিয়া প্রাক্তণন্ধ্যে অপরাপর দেবতা দর্শন করিয়া নাটমন্দিরের উত্তর বার দিয়া তর্মধ্যে প্রবেশ করে। পরে জগমোহনে আসিয়া, গরুড়মূর্ত্তিকে প্রদক্ষিণ ও নমস্কার করিয়া থাকে। জগমোহনের মধ্যে একটা বেড়া আছে, এই বেড়ার বাহিরে দাঁড়াইয়া, তাহারা শ্রীমূর্ত্তি সন্দর্শন করে।

শ্রীমন্দিরের ভিতর অন্ধকার, তুইটীমাত্র দীপ জ্বলে, স্থতরাং যাত্রীগণ আলো হইতে আদিরা এথান হইতে প্রথমে মৃর্তি দেখিতে পায় না, জনেকক্ষণ পরে অস্পষ্ট মৃর্তি দেখিতে পায় । যাহাদের দর্শন শক্তি কম, হয়ত তাহারা কিছুই দেখিতে পায় না। এই জন্মই সাধারণের বিশ্বাস যে, সকলের ভাগ্যে জগরাথ দর্শন ঘটে না। এথানে দেবদর্শন উপলক্ষে যাহা প্রণামী দেওয়া হয়, তাহা পাগুরাই আত্মসাৎ করে। যাহারা কিছু বেশী থরচ করে, তাহারাই দক্ষিণন্বার দিয়া মৃলমন্দিরে যাইতে পায়। এথানে যাহা দক্ষিণা দেওয়া যায়, তাহা মন্দিরের আয় বয় হিসাবে জমা হইয়া থাকে। এথানে রয়বেদী বা মহাবেদীর সমূথে দাঁড়াইয়া দর্শক কর্প্রালোকে দেবদর্শন ও পুজাদি করিয়া থাকেন।

রত্নবেদী প্রস্তারে নির্মিত, দৈর্ঘ্যে ১৬ ফিট ও উর্দ্ধে ৪ ফিট। প্রবাদ এইরূপ—ইহার মধ্যে লক্ষ্ণ শালগ্রামশিলা প্রতিষ্ঠিত আছে, এই জন্ম দাকুত্রক্ষমূর্ত্তি অপেক্ষা ইহার মাহাত্ম্য অধিক, এই জন্ম ইহা মহাবেদী বা সিদ্ধপীঠ বলিয়া গণ্য।

এই রত্মবেদীর উপর প্রথমে দক্ষিণপার্শ্বে বলরাম, তৎপরে স্কুড্রা, তৎপরে জগরাথ এবং তৎপরে স্থদর্শন মূর্ক্তি অধিষ্ঠিত।

ইহাদের সন্মুধে স্বর্ণনির্দ্মিত লক্ষীমৃর্তি, রন্ধতের বিখ-ধাত্রী মৃতি ও পিত্তলের মাধবমৃতি আছে।

প্রধান চতুমুর্তি কেবল স্থানযাত্রা ও রথোৎসব উপলক্ষে বাহিরে আনা হয়। ভিন্ন ভিন্ন সময়ে দাক্ষমৃতির নানা প্রকার শৃকার (বেশ) হইয়া থাকে, প্রথমে প্রাতঃকালে মকল-আরতি-শৃকার, তৎপরে অবকাশ-শৃকার, তৎপরে দ্বিপ্রহরের সময় প্রহর্শকার, সন্ধ্যার পূর্বে চলনশৃকার এবং সন্ধ্যার পর বড়শৃকার বেশ হইয়া থাকে। সময়ে সময়ে দামোদর, বামন প্রভৃতি বেশও হয়।

দেবের প্রাত্যহিক বিধি।—প্রথমে জাগরণ, এই সময়ে হৃন্দৃতি ধ্বনি, মদল আর্ডি, পরে যথাক্রমে দস্তকাঠ প্রদান, ব্যাপরিধান, বালভোগ ও সকাল ভোগ হয়। বালভোগে

ধই, ঘননী, দ্ধি ও নারিকেল এবং স্কাল ভোগে ধেচরান্ন ও শিপ্তকাদি কেওরা হর। ডংপরে অন্তর্গানাকি যুক্ত বিপ্রহর ভোগ হইয়া দার বন্ধ হর। পরে ৪ টার সমর নিজাভল ও বিলাপি ভোগ, পরে নানা প্রকার মিপ্তারযুক্ত সন্ধ্যাকোগ, পরে বড়পুলার ভোগ হইর। থাকে, এই সমরে রাজবাতী হইতে "গোপালবল্লড" নামে মিপ্তান্ন আন্দেশ্য ডেল্যা দেবের ভোগ হর। স্কল ভোগের পূর্কে পূজা ও পরে আার্ডি হইরা থাকে।

মহাপ্রসাদ।—জগরাথ উদ্দেশে বাছা জোগ দেওয়া হর, ভাহা মহাপ্রসাদ নামে গণ্য। এই মহাপ্রসাদের জঞ্ছ জগরাথ এখন সাধারণের নিকট এক বিখ্যাক।

এই অপূর্ব্ধ মহাপ্রাসাদের মাহান্ম্যের জন্ধই আচণ্ডাল সাধারণে জগরাথকে মহাপ্রা স্থান ব্লিয়া জ্ঞান করে। বে হিল্পুনাজে পরস্পর আহারাদির উপর বিশেব লক্ষ্য রাধিয়াই জাতি-ভেদ-প্রথা রক্ষিত হইয়া থাকে, সেই হিল্পুনাজে মহাপ্রসাদের এরপ আদর, কম আশ্চর্যের কথা নর।

পুরাবিদ্গণ সকলে এক বাক্যে নিধিরাছেন বে, জাতি-ভেদ ভূলিয়া হিন্দু সাধারণে বে মহাপ্রাসাদ গ্রহণ করিয়া থাকে, এ প্রথা বৌদ্ধনিগের নিকট হইতেই গৃহীত হইয়াছে। পূর্বেই নিধিয়াছি, এ প্রথা বৌদ্ধনিগের নিকট হইতে গৃহীত হয়াছে। পূর্বেই নিধিয়াছি, এ প্রথা বৌদ্ধনিগের নিকট হইতে গৃহীত হয় নাই, তাহা হইলে বোধগয়া প্রভৃতি স্থানে যেথানে বৌদ্ধর্ম বিশেষ প্রবল্গ ছিল ও যেথানে আজও হিন্দু কর্তৃক বুদ্ধদেব পূজিত হইয়া থাকে, সেথানে কেন এ প্রথা প্রচলিত নাই ও এইরপ নেপাল প্রভৃতি স্থানে যেথানে এখনও বৃদ্ধদেব হিন্দু কর্তৃক পূজিত হইয়া থাকে, সেথানেও ত এ প্রথা নাই, স্বতরাং যদি বৌদ্ধনিগের নিকট হইতে এ প্রথা গৃহীত হইত, তাহা হইলে যেথানে আজও বৃদ্ধদেব হিন্দুর কাছে পূজা পাইয়া থাকেন, সেথানে নিঃসন্দেহে এই প্রথা প্রচলিত থাকিত, ইত্যাদি কারণে আমরা ঐ প্রথা বৌদ্ধনুক বলিতে পারিলাম না।

আমাদের বিশাস যে, ষধন জগরাথক্ষেত্র শবররাজগণের অধিকারে ছিল, তথন ইহা সামান্তভাবে প্রকাশ পায়, পরে চৈত্রতদেবের সময় সর্বাধারণে প্রচারিত হইরা পড়ে।

শবরের হাতে কোন উচ্চ হিন্দুই এখন আহার করেন না,
কিন্ত বধন সমস্ত কলিকরাজ্যে শবররাজ্যণের আধিপত্য
ছিল, যধন সোমবংশীর রাজা ম্যাতি শবররাজ্যের অধীনে
উড়িত্যা শাসন করিতেন, যধন শবরসেবকেরা জগরাথের
পূজাও জগরাথের জোগ প্রস্তুত্ত করিত, বধন শত শত
আহ্বণ শবরের আশ্রিত হইরাছিলেন এবং জগরাথের প্রসাদ
ভক্ষণ করিয়া আপনাকে ক্রতার্থ জ্ঞান করিতেন, সেই স্মরেই

খুলীর ৯ব বা ১০ম শভাবে মহাজাসালের আনরের ক্ষাপাভ হর। অনার্ব্য বা নীচজাভি কোন সভ্য বা আর্ব্যজাভির উপর আধিপভ্য পাইলে সভ্যজাভিকে আপনাদিগের নহাজ-ভূক করিয়া নিজেয়াও বড় হইবার চেটা করে, ইহা সচরাচর দেখিতে পাওরা বার। এইরপ ছচ্ছুর শবররাজগণ ভাঁহাদের অধীনত্ব সোমবংশীর রাজগণকে আরভ করিয়া, ভাঁহাদিগের ভার ভাঁহারাও আপনাদিগকে চক্রবংশীর বলিয়া পরিচর দিতে কুটিত হইলেন না। ভাহা শবররাজ শিবওাই ও ভবওথের সমরে উৎকীর্ণ শাসনপ্রপাঠে জানা বার।

এইরূপে শ্বরেরা হিন্দুদিগের মহিত মিলিত হইয়া হিন্দুর আরাধ্য দেবতা অগন্নাথের নিকট নিক্ত আত্মীরবর্গকে সেবক রূপে নিযুক্ত করিলেন, মিত্রতা ও অধীনভাগালে বন্ধ রাজা ষ্বাতি ও তাঁহার অনুগত ব্রাহ্মণগণ, প্রবল পরাক্রান্ত শ্বর-तारबात विकास त्कान कथा विनास शांतित्वन ना, वतः দাকক্রপী পরমত্রক্ষের নিকট জাতিভেদ থাকিতে পারে না, ছোট বড সকলেই ভাঁহার সেবার সমান অধিকারী এবং फैक्र नीह मकरनारे त्मरवत धामान आकल शहर कतिएक भारत, পুণ্যস্থানে তাহাতে কিছুমাত্র দোষ হইতে পারে না, এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়া থাকিবেন। তৎপরবর্তী উৎকলধত্ত, किश्निमः हिला প্রভৃতি গ্রাম্থে তাহাই মহাপ্রসাদমাহাত্মো বৰ্ণিত হইয়াছে। তাই উৎকলখণ্ডে লিখিত আছে—"ভগ-बात्नत (महार्क्तवातिनी अमूना देवकवी मेळि ( नक्षीतनवी ) अबः অমৃত সদৃশ আর পাক করেন, স্বয়ং নারায়ণ তাহা ভোজন করেন, তাঁহার ভোগাবশিষ্ট উচ্ছিষ্ট আর পবিত্র ও সমস্ত পাপ বিনাশ করিয়া থাকে। এমন পবিত্র বন্ধ হুগতে আর किছूरे नारे। देवविनंक रूडेक वा भूजरे रूडेक वा करूरे शांक कक्रक. चार नची बांताहे त्म शांककार्या मन्ध्र हरे-রাছে জানিবে, স্থতরাং অপরাপর লোকের সম্পর্কেও কোন रमांव इत्र ना। त्रकन खांकि, मीकिक, समिरहांकी श्रकृति সকলেই মহাপ্রসাদ ভোজনে পবিত্র হয়, যেমন গলাজল **Бथान** म्लार्ग जलिक इन ना महेकल करे महाश्रमान्छ किह्न एक अभिक इम ना। हैरात क्य विकास का नाई। ७३ वा पृत इरेटक सानित्म ७ ७६, यथन य अव-স্বার পাওয়া যার, তথনই ভোজন করা উদ্ধিত, ইহাতে স্কল भाभ पूत्र इव (२১)।

(২১) ''চলসংকারজবাণি কোরাকোলানিকানি বৈ।
বহুরিরোলনেতজ পজুং তৈবর্ণিকার্পঃ 
আচার্যান্ বাধ শ্জান্ বা তিবর্ণসিন্দেবকান্।
কৌকিক্সবহারোহরং পচ্ছি ক্ষঃ কুরং কুরবু 

।

এ সমরে বোধ হর কোন কোন আহ্মণ পণ্ডিত মহাপ্রসাদ তক্ষণ অপান্তীয় প্রবাশ করিতে চৈটা পাইরাছিলেন, কিন্তু অগরাবের সেবক্ষণ ব্যাইরা দিলেন— "সাধারণং ধর্মপারং ক্ষেত্রেহ্মির বিচার্য্যন্তে। অরন্ত পরমো ধর্ম্মো বো দেবেন প্রবর্ত্তিতঃ॥ আচারপ্রভবো ধর্ম্মো ধর্মান্ত প্রভ্রচ্যুতঃ।" (উৎকল্পণ ৩৮ জঃ) সাধারণ ধর্মপান্ত এখানে ধাটিতে পারে না। এই (মহাপ্রসাদ-জক্ষণ-রূপ) ধর্ম স্বরং ভগবান্ প্রচার করিয়াছেন। আচার হইতেই ধর্মের উৎপত্তি এবং স্বরং ভগরাপই ধর্মের কর্মা।

বাস্তবিক যথন জগন্নাথ শবররাজের পূজা পাইতেন, নীচ শবর জাতি কর্তৃকই জগন্নাথের ভোগ প্রস্তুত হইত, তথন ২য় ইক্সহায় উপাবিধারী ব্যাতি আহ্মণ দ্বারা দেবের পুনঃপ্রতিষ্ঠা করিলেও শবররাজের অধীন ছিলেন বলিয়া জগন্নাথের পূর্কা-

> कुद्रक नाजाप्रता निकार क्या शकर महीवरान । अप्रकृत ककि देनदबवार भागन्नर मुर्कि धानदनर ।" "दिक्वी गक्तियुक्ता विकृत्महार्स्साविधी। क्रु (जारामः मा राहडि क्रुड् (क नावावराधकु: । মহি তৎসদৃশং পুণাং বস্তুতি পৃথিবীতলে। व्यात्र कि खमाने बांगाः भागामाः भिक्र के विकार क्षत्रवर्गाम्भणात्रत्थक्तार्गानामिकः। পাৰসংখ্যাস্কর্ণাং সম্পর্কোংত ন ইঘাতি। शचाचाः प्रश्चिषात्मम मर्द्य ह अहमः खुडाः।" প্রিক্তি বে ভর্মুতং মূচাঃ পণ্ডিকমানিনঃ। श्रद्धाः म्रक्षवास्त्रव् महत्व मानवाधिनः । তেহামত সম্ভল্ডেছুবা তেহাং হি ছগডি:। क्रुडोशास्य महाधात्व शहास्य छ हि पांचान । विक्रम्क कर्मा वानि अम्चवन का विकाः। विश्वालाः क्रमशेषक भाषिणाशामि क्रिक्त । क्रिव्यप्रणि मःख्याः नीष्ठः या ब्राह्मण्डः। মধা তথৈৰ জুক্তং তৎ সৰ্ক্লাপাণনোদনৰ্ ঃ'' (উৎকলৰণ ৬৮ জঃ) "अर्थावक देमरवद्याः प्रश्नाककनामनम्। क्रक्षां क्लबात्यांकि क्लिनारकाविषानवः । ७०। কিং ছেৰ ন কুতং পাপং কিং তেন চ কুতং ভগঃ। **क्रांक्टिश (वन नांद्राशः प्राप्त अवस्त्र निर्दर)** स्मनद्वारक्ष वक्ष माक्काव्यर्गमात्र्वित्या अन्यम् इ स्टोबन मुक्तिप्रः स्प्राः स्वत्राथक (का विसाः। स्त्राख्यक्ष्यः वाणि छक्ष्याज्ञ भवाणि वा ॥ क्रक्रभावनीयदेळव विवाधीनाक मुक्किन् । मूक्तदाखमारभार क्रिका नाहि नाहि नहीस्ताः **।** विकास स्थानकार मज लुझांस श्राकः। क्षणां वर्षा मन्द्रम् नथ वार श्रृत्याक्षणम् ॥" (क्षिनतर क्षः)

পার পদ্ধতি এককালে পরিবর্ত্তন করিতে পারেন নাই।
বাদ্ধণেরা পূক্ষ হইলেন বটে, কিন্ত তথনও শবরেরা ভোগ
শব্দত করিত। তাহাদের তাড়াইবার যো ছিল না। যথন
জগরাথনেবক বাদ্ধণগণ দেখিলেন বে, তীর্থাত্তীগণ আদিরা
সকলেই পরম পরিতোমে মহাপ্রসাদ ভক্ষণ করিতেছে,
সাধারণ লোকে বড় আর গোলযোগ করিতেছে না, তথন
তাহারা শবরসেবকদিগকে যজ্ঞোপবীত দিয়া এক স্বতন্ত্র প্রকার
বাদ্ধণ করিয়া লইলেন, এখনও জগরাথের স্প্রকারগণ সকলেই
বলভদ্রগোত্তীর 'শওয়র' বলিয়া পরিচিত। শ্বর হইতেই
শশওয়র" নাম হইরাছে, তাহাতে সদ্দেহ নাই। সেই শ্বরেরাই
এখন বলভদ্রগোত্তীর বাদ্ধণ।

আনাদের স্থির বিশ্বাস বে য্যাতির পূর্বে মহাপ্রসাদ-ভক্ষণপ্রথা প্রচলিত ছিল না (২২)। নারদ প্রভৃতি পুরাণে বিস্তৃত ভাবে জগমাথের মাহাস্থ্য বর্ণিত থাকিলেও মহাপ্রসাদের নামোলেথ পর্যাত্ত নাই। ইহা আধুনিক প্রথা বলিয়াই রঘুনদন প্রভৃতি আর্ত্তগণ জগ-ল্লাথের মাহাত্ম বিস্তৃতভাবে বর্ণনা করিলেও মহাপ্রসালের কথাই তোলেন নাই। বহুদেশীয় প্রধান প্রধান সার্ভ পণ্ডিত জগন্নাথ দর্শনে গিয়া এখনও কেহ কেহ মহাপ্রসাদ গ্রহণ করেন না, কেবল দেবদর্শন করিয়াই আপনাকে কুতার্থ জ্ঞান করেন। পুর্বের পুরুবোত্তন মধ্যে কোন কোন প্রধান পণ্ডিক মহাপ্রসাদ ভক্ষণ করিতেন না, তাহার কথা खना यात्र। टिज्ञात्मव यथन श्रुक्ताखाल्य शमन करत्रन, তখনও রাজা প্রতাপক্ষদ্রের প্রধান পণ্ডিত প্রদিদ্ধ নৈয়ায়িক সার্বভৌষ ভট্টাচার্য্য মহাপ্রসাদ আহার করিতেন না। হৈতভাচরিতামূতে শিথিত আছে, সার্বভৌম ভট্টাচার্য্য হৈতভের ভক্ত হইলে একদিন তাঁহাকে পরীক্ষা করিবার অভ মহাপ্রভ অক্তেণাদমকালে মহাপ্রসাদ আনিয়া ভট্টাচার্য্যকে প্রদান করি-লেন। ভট্টাচার্য্যের স্থানান্তিক কিছুই হয় নাই। কিন্ত আজ

(১২) এই ৰবাতির সমরে শ্বররালের অধিকারকালে বোধ হয়, ভূবসেমরেও মহাপ্রসাদ-ভোজনথাথা প্রচলিত হইরা থাকিবে। কণিল-সংহিতার লিখিত আছে—

"একামবিশিনে বিপ্রা লিজং সাকাং সনাতনৰ্।
সৈবেদ্যকত বাছুতি শতাব্যাতিদিবৌকসং । ৩০
ক্ষথাহানীশনৈবেদ্যং দ ভোতবামিতি বিজাং ।
বানি বাক্যানি ভাতত নাতিবতে ক্ষাচন । ৩০
কাভাবেকায়কে সেতে তথোকানেখনে বিজাং ।
সহাপ্রসাধ্য দৈবেদ্যবিভি প্রাহম্পর্বন্ন: ।
ভল্নাদৃত্য নরকং বাজি নাভাত্ত সংশন্ন: ১' (ক্লিন্ন: ১৬ আঃ )
উক্ল প্রায় কামও ভূববেশ্বে প্রচ্জিত কাছে ।

নার্কভৌম চৈতভের হাতে মহাপ্রসাদ পাইরা আনন্দে ভক্ষণ করিলেন। চৈতভাদের চিরভজিবিবেরী দার্কভৌমের ব্যবহার দৃষ্টে প্রেমাবিট হইয়া বলিয়াছিলেন, "আজ আমার সকল ইছে। পূর্ণ হইল। আজ আমি ত্রিভ্বন জর করিলাম, আজ আমার বৈকুপ্ঠ লাভ হইল, সার্কভৌমের মহাপ্রসাদে বিশাস হইয়াছে।"
[ চৈতভাচন্দ্র ৪৩৭ পৃষ্ঠা দ্রস্টবা। ]

टिज्जारमर्वित कथात्र जार्वित काना गरिएक एव. व्यत-কেরই মহাপ্রসাদে বিখাস ছিল না, তাঁহারই গুণে মহাপণ্ডিত गार्क्स छोटमत महाश्रामात विश्वाम हहेशा हिन। त्थारमत অবতার চৈত্রদেব জগন্নাথে পা দিরাই জগবন্ধুর প্রেমে আত্মহারা হইয়াছিলেন, তাঁহার নিকট জগয়াথদেবের যাহা कि इ ममल है जाशीर्थिव ७ जातो किक, सुल द्वाः त्य महाश्रूक्ष हिन्तू यवनत्क ममजारव त्कान नियाष्ट्रितन, जिनि रव भवत-পক মহাপ্রসাদও সাদরে গ্রহণ করিবেন, তাহা কে না বিশ্বাস করিবে ? তাঁহার দেখাদেখি শত শত চৈতন্তভক্ত, মহাপ্রদাদকে অমৃত ভাবিয়া গ্রহণ করিয়াছিলেন; সেই সময় হইতেই মহাপ্রসাদের প্রাধান্ত স্থাপিত হয়। যে চৈত্রলেবকে উৎকলবাদীগণ দকলেই ভগবানের অবতার विनम्न श्री कतिमार्छन अवः य शोतास्त्र मृर्खि उरकरनत আট শতাধিক মন্দিরে এখনও পুঞ্জিত হইয়া থাকে, সেই रिहज्जातित्व अभाविक महाअभाव उरक्तातिक आवान-বুদ্ধবনিতা সকলেই গ্রহণ করিবেন, তাহাতে আর সংশয় কি ?

"নীলাচলে প্রভুর ভোজন মহারক।

ইহার শ্রবণে হর চৈতত্তের সঞ্ব॥"

চৈত্রভাগবতের এই কবিতাও আমাদের কথার সমর্থন করি তেছে।

বাস্তবিক আমরা জগরাথে গিয়া দেখিরাছি যে শাক্তগণ অপেক্ষা বৈষ্ণবেরাই মহাপ্রসাদের বেশী আদর করিরা থাকেন এবং তাঁহারা দেশদেশাস্তরে গইরা অতি ভক্তিভাবে মহাপ্রসাদ বিতরণ করিয়া থাকেন। এখনও অনেক শাক্ত জগরাথের অরপ্রসাদ গ্রহণ করেন না, কিন্তু মহাপ্রসাদের মাহান্ম্য শুনিরা অর ব্যতীত অপরাপর প্রসাদ গ্রহণ করিয়া থাকেন।

পুরুষোত্তমক্ষেত্র প্রত্যহ হাজার হাজার টাকার মহা প্রসাদ বিক্রের হইয়া থাকে, বিশেষতঃ কোন কোন রথ-যাত্রার সময় একদিনে লক্ষ টাকার মহাপ্রসাদবিক্রয়ের কথা শুনা যায়। মহাপ্রসাদবিক্রয়ে পুরীর ঠাকুর রাজা ও পাগুণ পড়িহারীদিগের মথেই লাভ হইয়া থাকে।

মহোৎসব ৷—প্রাত্যহিক নিত্য নৈমিত্তিক কার্য্য ব্যতীত জগন্নাথের অনেকভালি যাত্রা বা উৎসব হইরা থাকে—

- > বৈশাধ মাসে অক্ষরভূতীরা হইতে ২২ দিনব্যাপী গন্ধলেপন বা চন্দনবাত্রা<sup>8</sup>। এই সমন্ন জগনাথের ভোগমুর্জি মদনমোহনকে প্রভাহ নিকটবর্জী নরেক্সসরোবরে লইরা গিরা নৌকার পরিভ্রমণ করান হয়।
- ২ বৈশাথের শুক্ল আইমীতে প্রতিষ্ঠোৎসব। এই দিন ইক্রছায় কর্তৃক দেবের প্রতিষ্ঠা হয়।
- ত জ্যৈষ্ঠমানে শুক্ল একাদশীতে ক্লেণীহরণ। এইদিন মদনমোহন শুশুচার গিয়া ক্লিণীকে হরণ করিয়া আনেন। রাত্রিকালে বটমূলে উভয়ের বিবাহ হয়।
- ৪ জ্যৈষ্ঠমানে পূর্ণিমার দিন ন্নান্যাত্রা বা জন্মযাত্রা। এই
  দিন দারুম্ন্তিগুলি ন্নান্বেদীতে আনিয়া রাধা হর, এবং
  আক্রয়-বটম্লস্থ রোহিণকুণ্ডের জল লইয়া দেবের ন্নান্কার্য্য
  সম্পন্ন হয়, এসময়ে লন্দ্রীদেবী চাহনিমগুপে বসিয়া ন্নানোংসব
  দর্শন করেন। ন্নানের পর শৃঙ্গারবেশ হয়। এই দিন মহাধ্মধামে পূজাদি হইয়া থাকে। তৎপরে দারুত্রক্ষ জগমোহনের
  পার্যন্তি নিরোধন (আঁতুড়) ঘরে গিয়া১৫ দিন থাকেন।

এই সময় ১৫ দিন কপাট ও পাকশালা বন্ধ থাকে।
এই কয়দিন মহাপ্রসাদ হয় না, অথবা কেহ দেবদর্শন
করিতে পায় না। পাণ্ডারা বাহিরের লোকদিগকে বুঝাইয়া
দেন, অতিরিক্ত জলসেচন বারা জগরাথ মহাপ্রভুর অর হইয়াছে, এই জক্ত তাঁহারা পাচন ভোগ দিয়া থাকেন। বাস্তবিক পাণ্ডাদিগের এই সকল কথা মিথ্যা, এই ১৫ দিন
নিরোধনগৃহে অনেক কার্য্য হইয়া থাকে। তথনকার গুপ্ত
ব্যাপার সাধারণে জানিবার জক্ত বড়ই উৎস্কুক হইয়া থাকেন।
নীলান্তিমহোদয়ে ১৫ দিনের কার্য্যাদি এইরূপ বর্ণিত হইয়াছে—

'ল্লানোৎসবের পর ১৫ দিন ছারক্তর বংশার্ত স্থানে প্রভুকে রাথিয়া ঐ বংশাবরণ চিত্র বিচিত্র বস্ত্র ছারা আর্ত করিয়া রমণীয় একথানি পর্যান্ধ উহার নিকটে রাথিবে, পরে দার্ভ হস্তত্রয়পরিমিত মোটা কাপড়ে ক্রফ বলরাম প্রভৃতির মৃত্তি চিত্রিত করিবে। বলরাম-মৃত্তি খেতবর্ণ, চতুর্ভুজ, শঝ্, চক্র, হল ও ম্বলধারী এবং নানা প্রকার অললারে অলক্ত। ক্রফমৃত্তি মেঘের ভাল্প নীলবর্ণ পদ্মাসনস্থ, ইহার হস্ত চতুইয়ে শঝ্, চক্র, গদা ও পদ্ম থাকিবে এবং বনমালা ও কৌন্তভাদি নানা আভরণ চিত্রিত হইবে। স্বভ্রামৃত্তি পীতবর্ণ, পদ্মা-সনস্থ, চতুর্ভুজ, হস্ত চতুইয়ে পদ্মন্তর, বর ও অভয় থাকিবে। এই প্রকারে ত থানি পটে উক্ত মৃত্তিত্রয় চিত্রিত করিয়া প্রকার হইতে আরম্ভ করিয়া মন্দির প্রদক্ষিণ করিবে, প্রদক্ষিণাত্তে পূর্ব্বোক্ত বংশার্ত স্থানে ঐ মৃত্তিত্রয় স্থাপন করিবে। অনস্তর পূর্বভাগিত পর্যান্ধ বনদেবের সন্মুধ্ভাগে

রাম, মৃসিংহ ও রুক্ষের চিত্রিত মূর্তি, স্বভ্রার সন্মুধভাগে ৰিখধাত্ৰী ও লন্দ্ৰীর মূর্ত্তি এবং জগলাথের সমূধভাগে শ্রীকৃষ্ণের মূর্ত্তি স্থাপন করিবে, উক্ত ক্লফ (ক্লগদ্ধার্থ) মৃত্তির নিকটে স্থাপন চক্রক্রপী নারারণ-চক্র স্থাপন করিবে। এইরূপে মূর্ত্তি সকল স্থাপিত হইলে দর্শণাদির প্রতিবিধে পঞ্চামৃত প্রভৃতি বারা মহালান সমাপন করিয়া মধ্যাক্বিহিত পূজা করিবে। ঐ দিন হইতে জ্রমে প্রর দিন যথাসময়ে লান ও পূজা করিতে হয়। দাকবেক মৃর্তির মহালানে শরীর অলস হয় এজন্ত প্রধান মন্দিরে পূজা প্রভৃতি যাবদীয় উৎসব ব্যাপার নিষিদ্ধ। ঐ পনর দিন নিশাল্য ও উক্ত বংশাবরণের মধ্যেই রাখিয়া দিবে। গ্র সমরে মিশ্রি ও চিনির জল প্রশন্ত পুজোপকরণ। বিভাপতি ও বিশ্ববিশ্ব-বংশীয় ব্যক্তিগণই সমস্ত কার্য্য করিবেন। ক্রমে ৬ দিন পর্য্যস্ত দারুমূর্ত্তির লেপনাদি কার্য্য হইলে ৭ম দিবদে স্থবাসিত তিলতৈল মর্দন করিবে। ৮ম দিবসে রমণীয় পট্টস্ত্ত ৰার। দারুমুর্তির সর্বাঙ্গ জড়াইয়া শুক সর্জ্জরক্ষের রস চুর্ণ করিয়া স্থবাদিত তিলতৈলে মিশাইয়া সর্বালে মর্দন করিবে, পরে ৯ম দিবসে চিক্কণ আর্দ্র বস্ত্র ছারা পূর্ব্বদন্ত অফুলেপন বার বার পুচিয়া ফেলিবে। ১০ম দিবসে অতি চিক্কণ বস্ত্রদার। माक्रम् खिं आध्वामन कतिया द्रक वन्तन, नात्रवन्तन, कछ ती, কুছুম ও কর্পুর প্রভৃতি স্থবাসিত দ্রব্য একত্র করিয়া লেপন कतिरव, পরে ১১শ দিবদে সায়ংকালীন পূজাসমাপনাস্তে नानाविध वाश्यक्ति इहेटण शूनक्षात्र शूर्व्हाक हमानाि जवा ষারা লেপন করিবে। প্রথম বারের লেপনে দারুমূর্ত্তিতে রক্ত কল্পনা, বিতীয় বারের লেপনে মাংসকল্পনা করিবে। অনস্তর ১২শ দিবলে পুনর্কার বস্ত্রাচ্ছাদনপুর্কক পূর্কোক্ত লেপন করিরা চর্ম্মকরনা করিবে। ঐ দিন পূজা, স্নান ও লেপনাদিতে ट्रिफ् थ्रहत चडीं इट्रेंग नानाविध मन्ननवां अपूर्वक स्पृष् বস্ত্র ও পূর্ব্বোক্ত লেপন ছারা পদম্বয় নির্মাণ করিবে। ঐ লেপনের শব্দ শ্রুতিগোচর হইলে বধির হইয়া থাকে, অতএব याहाएक भन्न ना इब्र क्षेत्रार्थ त्वर्गनां कि कार्या कतिरव। রোমকল্পনার্থ কর্পুরের লেপ দিতে হয়। পক্ষান্তের দিন যথন নেত্র চিত্রিত হইয়া থাকে, তাহাকে নেত্রোৎসব বলে (২৩)।

(২৬) "রানোৎসবক ভক্তাতে নিরোধনগৃহে বিজুং।
ভাপরে কেবলং ব্রজরিভোতৎ কবিতং ভ্রা।
ভলপক্দিনাকেব বংলাবরণবেটিতং।
ভক্তব্যং তার কিং কর্ম নোকের কমলাসন।
পূর্ রাজন্ মহাপ্রাক্ষ বানোৎসবস্মাপনে।
ভবংশাবরণে ভূতে বিচিত্রং ব্সনং বহ ।
বজা চাক্ষজরং কুবা পর্যাকং তৎপুরো তাসেং। সং

ধ আবাদুমানের শুক্ল বিতীয়ার রথবাত্রা। এই দিন জগরাথের প্রধান উৎসব হইরা থাকে। উৎকল্পঞ্জ, কপিল-সংহিতা, নীলাদ্রিমহোদর প্রভৃতি গ্রাহে রথবাত্রাদর্পন-মাহাত্ম্য বিস্তৃত ভাবে বর্ণিত আছে, উক্ত করথানি গ্রহের মতে রথবাত্রাদর্শন করিলে আর পুনর্জন্ম হয় না। তাই রথবাত্রাদর্শন করিবার জন্ম লক্ষাধিক তীর্থবাত্রী আদিরা থাকে।

সাৰ্ছহভারতিমৃতে তালেখ প্রতিমাং ভারেং। চিত্রৈবিদিশিকং রামং গ্রুপ্ চডুপু অব্ नदीः ठळः इनः छावसवानः वृतकः नद्वत् । ভত্ত সংশিধা পরীমভূ বিশৈরভিশোভিতং। কুর্বাাৎ পট্রেরং রুষ্যমিশং ভাষৎ প্রমাণ্কম্। হুভত্ৰাং শীতৰণাভাং প্যাসনগ্ৰাং গুভাস্। চতুভূজাং করে ৰব্বে ধৃতপথৰয়াং পরাস্। वतासम्बद्धारेक्य नामाकृष्यकृषिकाम् । শটে চ তাদৃশে ভত্ৰ বিলিধ্য প্ৰদ্ৰৱাৰ্চনেং। নীলজীমুভদভাশং পদ্মাসন্বিরাজিভন্ a শৰ্চক্ৰপ্ৰাপন্নবিলসংক্র**প্ত**ক্ষ্ চতুভূৰিং চাক্লভূবং পদাপত্ৰান্তেক্শন্ ঃ 🖣 বংসকৌভভোরকং ব্যসালাবিজ্বিতম্। তাদুশে পট্মধ্যেছপি চিত্রে সংলিধ্য ডং ছরিম্ ।... ७९ भद्रेजयमानीय भूर्कपात्रशास्त्राहः। আসাদং অসমিভাধ ওছংশাবরণে ভাসেং ৷ ততভবৈৰ পৰ্বাকে ভুলিমাপাতরেৎ প্রাম । वायः नृतिः इः कुक्क क्षाजिमाञ्चलभावितन् । খাপরেৎ বলদেবাথে ভাদুলং প্রতিমাত্রয়ং। कळात्राः भूत्रत्वा कृण विषयाजीः त्रमाः करमर । -লগদীশক্ত পুরত: জীকুকং স্থাপরেওলা। চক্রাত্রে তত্র পর্যাক্ষে নারারণসংখ্য ভ্রেবং 🛚 च वर्णमहत्त्रकार अभिकासिक्षम्। **পূचरत्रतः ७४। ७७**गा गर्छे मृर्तिः न कत्रात्रर । এवः সংখাপা विविवः अक्रिविष्य छक्तः भन्नम् । পঞামুতৈমহালামং কুৰ্ব্যাদাচাৰ্ব্য এব চঃ ७८७। मध्रारुश्याक श्वकः श्र्ववरश्विः। क्यां उक्तिमनात्रका क्षण्यक ह वामनाम् । ... তথা চতুর্বকালার্জা: কার্যান্ধাচার্য্যবর্গ । **छतिर्द्धारमा क्षित्रामः न कूर्याळ क्लाह्य।** क्यां व्यवस्य (यात्र भगान्त भृष्धी स्तः। चन्नांगरम चात्रमात्म बन्नगः भृषिशीभरण ह द्यवद्यश्रमि कारमञ्जिम्दमारम्य।मणि काञ्चद्वर ।... विद्याशिक्ष बद्धा व्यागक विरम्पणि ह निष्ठां अभागोक्य विकृत मकरेशक अभूकरत्र । कालबाहरिंग मुगाक निर्मानार मा बहिमाबर ।

काछि वर्ष फिनशांनि न्डन स्थ व्यक्त स्व । स्थापित स्थ ०२ हांड छेक ७ देवर्षा व्यक्त १८ कि छे छाहारण १ कि है वातरात २७ है लोह एक सारक, हुए स एक वा शक्त भन्नी स हुई थारक, रनर कड़ व्यर्थ है स्थरक एक वा शक्त प्रथम परन । वनतारम स्थ ६८ कि छेक, रेतर्पा व्यक्त ७८ कि छै वर

अकाककिवृद्धाक्षक्ष्राचाववनवाक्ष्यः। निजाधनाम्यक किछ। प्रकादः मत्नाहतः । हिस्तिका शबर अन्न करा कळ अन्नर्रावर । विवादमात्रवृद्धा वःना विद्यान्यक्ष्या । छमा मोजयस्थान विकासमार पूनः पूनः। बख्डम्भाजनाक विक्क्षां परेनः परेनः । व्यागतम्बिकाांभा कक्ष्म मश्रामश्रद्धाः । ञ्यानिकक् करेखनः मध्यत्रवृत्विरमाख्यः । **प्रहेमश्हिन एकानि शक्क क्र**हितानि देव । वक्षा विक्राच्याः विकाश नर्तात्त्र नाष्ट्रिकतन्य । **७७: मर्ककाकाःकीदः ७६: मः**ह्र्गा वक्रणः। च्यानिरेडखिलाङ्केडिखेलय् छन् मर्किङः । **७७ हुन्: हरदर्गात्व स्वन्यका अकद्य ।** नवस्थरहिन बार्कक क्ष्मार्जाः क्षमाजना ९। (भाषात्रसामुभः (स्वाः (स्वाः स्वृ ह नर्सरः । मनाम विवास व्याख विजयहारकरेकः भूवः । विष्णाः गर्वाक्षवाखामा एकः (नानिककानाः। **ठलवानि ठ क्छुतिः कूडूमः हिमरालूकाम् ।** ७वा हलनगांद्रक मर्खायकच र्भवत्त्र । এकामधाः किथो विकाः मात्रः भूवावमान्छः । **७७: काट्शन्याः श्वाविकार्ये बार्ड मानावाम । ७ळ्मनाहिकः विद्याः नवीत्वतु विरम्शदार ।** ভবিলিপ্য ততে। ম্যাংসকলনা আলুপোত্তম। षाष्ट्रभरद्भि एक्नामि पृष्टामि वननामि ह । मचा यद्भन भवनः व्यभः वचा भूनपूर्वम् 🖈 **हर्भ क्यात्रभाक्**र्याख्या क्ल्यविद्यानगर । ज्ञा ज्भ भूनर्वाताः चरेक्क इंडवाः खरे कः । 🖣 हत्त्रः भागवहनाः क्यारवात पृतः छन। । बाक्षणश्रम् बार्ष्टश्री मार्ख्याम नृत्याख्य। चक्रीवर्षमण्यातार निःच्या ह प्राः प्राः छर्लापहरूकाः मरमा म दक्त अहराज वर्षा । क्का न कर्नकः कटनो बाहबटक वनिहत्रो वर्षान्। चडराष्ट्र दर्शः सार्याः व्यक्तिकः सुभगतमः। ष्परेजन ७९९८मा जामम् ७न सहिमितिमानः 🗈 कर्न् वक्षितीस्त्रत्थः नक्तास्त्रम् श्लक्टव । विविधिक करा कुर्यसञ्ज्याः लामशक्साम् । क्षरमान्धानिकः कथ वर्षेद्रवद विक्रमनः। य्याज्ञाणः अञ्चर्धाः क्यार्ट्यन्तरः व रमोन्धकन् ।

ইহাতে ৬ কিটু ব্যাবের ১৪টা চক্র থাকে। এই রথের স্থাধার তাল চিহু থাকে বলিরা ভালধান লাম হইরাছে। স্থান্তার রথ ৪৩ কিটু উচ্চ ও বৈর্থে ও প্রত্যে ৩২ কিট, ইহাতে ৬ কিট ব্যাবের ১২টা চক্র থাকে। ইহার মাধার প্রচিত্ত থাকে বলিরা ইহার প্রথমক লাম হইরাছে (২৪)।

দৈতাপজিগণ সৃষ্টি বৰ্দ করিয়া রথে আনিয়া ছাপন করে। অগরাথ ও বলরাবের কোনরে রেশনের দড়ি বাঁধিরা ঝুলাইরা লইরা বার। এ সমরে পাঞারাও ধরিরা থাকে। ছভ্জা ও অনুর্লমকে মাথার ভূলিরা আনা হর। অগরাথের রবেই স্থাপনিকে রাথা হর। এই সমর শ্রীমৃষ্টির রাজপ্লার বেশ ও অর্থের হন্তপদ দেওরা হইরা থাকে।

প্রথান্ত্রপারে প্রীর রাজা রাজবেশে আসিয়া রথের সন্মুখভাগ বুকাণটিত সমার্ক্তনী হারা প্রথমে পরিকার করিয়া দেন, পরে মূর্ভির পূজা করিয়া রথের দড়ি ধরিয়া টানিতে থাকেন। এ সময় ৪২০০ কালবেড়িয়া নামক কুলি রথের রক্ষ্ ধরিয়া রাজার সাহাব্য করিয়া থাকে। তৎপরে সাধারণ বাজীগণ রথ টানিতে আরম্ভ করে। সেই দিনই শুশুচাতে

ৰধাৰিথ নুশশ্ৰেষ্ঠ চিত্ৰবিচিত্ৰকৰ্মণি।
চতুৰ্থনীদিনে চাপি তথা প্ৰকাশী দিনে।
দিনব্ৰেহণি তৎকৰ্ম চিত্ৰং চাক্ৰত্ৰং চৱেৎ।;
নিৰ্মোধনপুৰাজন্মাহ্বহিক্ত্য নূপোগ্ৰম।
ব্যৱস্থানেৰ ভন্দগাৎ তুজাং নিৰ্মাল্যায়ৰ বিং

(मीनासिमरहाकत्र >६ चः )

(২০) "আরতের রথং কৃষা বিশ্বরাল বংহাৎসবন্। বাড়গানৈ: বোড়শভিক্ট কর্লোহননৈর নৃ হৈ: । বৃক্তং বিদ্যোগন ক্রাজ্বভালং দৃচকুবরন্। বিচিত্রঘটিকং কার্চপুরলীপরিবেটিজন্ । নব্যে বেলিসমাজ্যাবিচালমঙ্গলাজিকন্। চড়ুজোরগাসংস্কং চড়ুখ রিহুশোজনন্ । নানাবিচিত্রবহণং বেলগাবিভূবিতম্। । । রবমেবং হয়ে: কুর্যাৎ কার্সাং হুপারিপঃ। চটকর্মানাবিভিত্র করণং কুর্যাক্ত সৌরিপঃ। চটকর্মানাবিভিত্র কুর্যাৎ ক্রাজার সৌরিপঃ। চটকর্মানাবিভ কুর্যাৎ ক্রাজার সৌরিপঃ। বিভ্রমানাবিভাই কুর্যাৎ বিভ্রমানাবিভাই বিশ্বরাধন ক্রাণ্ড বিরুদ্ধিক ক্রাণ্ড বি

( शूक्रवाखनगराचा )

"वाल्रप्यवस्था विरुद्धाः चक्रप्यकः ह हिस्तिकः । शेषस्यान् च्याकाः चनाः वर्गमद्धाः वदः । वगणानिः क्रमाः विद्याचानसम्बद्धाः ॥" ( मीमाजिन्नद्रशस्य . वसः ) ৰাইবার কথা, কিন্ত দেখানে বাইতে প্রায় চারি দিন লাগে।
ক্রমনিট করদিন জীম্তিগুলি গুলিচা-মন্দিরে অবস্থান করেন।
ক্রমনীর দিন পুনর্যাক্রা হইরা থাকে, এ সময়ও মহাসন্দিরে
প্রীক্তিতে চারি দিন লাগে।

পূর্ব্বে বিশেষ জনতার কারণ রথচক্রের নিরে পড়িয়া কাহার কাহার মৃত্যু হইড, কেহ বা ছংসাধ্য ব্যাধি হইতে মৃক্ত হইবার জন্ত রথচক্রে প্রাণত্যাগ করিত। এখন প্লিসের বিশেষ লক্ষ্য থাকিলেও কোন কোন বর্ষে এরপ ছবটনা ঘটিয়া থাকে।

- ভ সাবাদ্যাসের শুক্লএকাদশীর নাম শয়নএকাদশী, এই দিন মন্দির মধ্যে এককোণে থাটের উপর বলরাম, স্বভদ্রা ও জগরাথ মৃত্তিকে শোরাইরা রাথে।
- ৭ প্রাবণমাসে শুক্লএকাদশী হইতে পূর্ণিমা পর্যস্ত সুক্রন্যাত্রা। এই কয়দিন রাত্রিতে সুস্ক্রিত মুক্তিমগুপের দোক্রমঞ্চে গিয়া মদনমোহন উপবেশন করেন, এই কয়দিন এখানে বিবিধ নৃত্যুগীত হইয়া থাকে।
- ৮ ভাজমানে জন্মাষ্ট্রমীতে একজন আহ্মণ ও এক ভিতর-সায়িনী (দেবনর্জকী) বস্থদেব ও দেবকী সাজিয়া জন্মাষ্ট্রমীর অভিনয় করে। এই দিন মহাধুম ধামে পূজা হয়।
- লাবণমাসে কৃষ্ণএকাদশীর দিন কালীয়দমন যাত্রা
  ছয়। এই দিন মদনমোহনকে মার্কণ্ডেয় সর্রোবরে আনিয়া
  কালীয়দমনের অভিনয় হইয়া থাকে।
- ১০ ভাজমাসের শুক্লএকাদশীর দিন দেবের পার্থ-পরিবর্ত্তন; এই দিন ভগবান্ শরনগৃহে পর্যান্ধে শুইরা পার্থ-পরিবর্ত্তন করিয়া থাকেন, শরনগৃহেই তাঁহার যথাবিধি পূজা হয়। এই দিন বামন-জন্মোৎসর হইয়া থাকে। দেবের বামনাকৃতি মূর্ত্তি ছত্ত্ত কমগুলুস্হ শিবিকার লইয়া পরিভ্রমণ করান হয়।



>> व्याचिममारम रक्षांभाज भूगिमात्र निम चूमर्गरमारमय

হইরা থাকে। এই দিন ছনর্শনকে শিবিকার সইরা নৃত্যুগীতাদি সহ নগর পরিভ্রমণ করান হইরা থাকে। এই দিন নহামনিরে শ্রীর পূজা ও সকলেই রাভিজাগরণ করিরা থাকে।

- ১২ কার্ডিকমাসের শুক্লএকাদশীর দিনে উত্থানএকাদশী। এই দিন প্রাতঃকালে সকর ও অর্জরাত্রে পূজা করিয়া কেবকে শ্যা হইতে উঠান হয়।
- ১৩ কার্ত্তিক্যানের পূর্ণিমার দিন মহাস্মারোছে রাস্বাজ। হইয়া থাকে।
- ১৪ অধ্বহারণ মানে শুক্লবন্ধীতে দেবের প্রাবরণোৎসব। উড়িরারা ইহাকে বরনাগি বলে। এই দিন দেবকে শীভবস্ত দেওরা হয়।
- ১৫ পৌষমানের পৌর্ণমাসীতে অভিবেকোৎসব। এই দিন দেবের ক্মন্তর শূলারবেশ হইরা থাকে।
- ১৬ মকরসংক্রান্তির দিন মকরোৎসব হইরা থাকে। এই দিন নুজন নুজন প্রব্য ছারা দেবের ভোগ হয়।
- ১৭ মাঘমাসে শুক্লপঞ্চমী বা চৈত্রমাসে শুক্লপন্তমীতে গুণ্ডিচা উৎসব। এই সমন্ন মদনমোহন শুণ্ডিচা মন্দিরে আনীত হর। উৎকলপতে রথবাত্রাকালে জগনাথের শুণ্ডিচা-মন্দিরে আগ্রনকেও শুণ্ডিচোৎসব নামে বর্ণিত হইরাছে।
- ১৮ মাখীপূর্ণিমা, এই দিন ভোগমূর্ত্তি সাগর-সলিলে আনিয়া স্থান করান হর। এই দিন সকলে সমুক্তজনে তর্পণ করেন। উৎকল্পঞাদিতে লিখিত আছে, সাগর-সলিলে স্থান করিয়া দেব দর্শন করিলে শতপুরুষ উদ্ধার হয়।
- >> काञ्चन मारमंत्र शृशिमात्र (नामयाजा। मिल्यात्र केलांग कार्या प्रकारम् आर्घ, जाहारज्ये (नामयाजा हरेगा थारक। এই সময়ে দেবের গাতে সকলে का निर्म्मण करता। शृर्का এখানে मृगम् जिंचानीज हरेज, किञ्ज ताजा शोषीत्र (गावित्तत्र समझ मर्क्षत्र कार्क छालिया कार्याथरम् अफिया शिवा मक छालिया याज्याय, तारे व्यविध कर्गनार्थर भविवर्ष समन्तामहरूनद साम हत्र।
- ২০ রামনব্মীর দিন জগরাথ ও তাঁহার ভোগ মূর্স্তিকে রামবেশে সাজাইরা মহাসমারোহে পূজা হইরা থাকে।
- ২> চৈত্ৰপ্ৰক্ষজ্যোদশীর দিন দমনকভঞ্জিকা। জগরাথ-বলভ নামক বাগানে এই দিন দমনকপত্তের মালা গাঁথিরা মদনমোহনের মাথার সাজাইরা দের এবং বোড়শোপচারে পূলা হইরা থাকে।

উৎক্রথণাদিতে গিণিত আছে, উপরোক্ত যে কোন উৎসব দর্শন করিলেই মহাপুণ্য লাভ হইরা থাকে।

नव करनवत्र।-डिशर्दाक डेश्नवामि वाजीक नवरक नयरत

আন্তির জীর্ণ দেহপরিত্যাগ ও ন্তন মূর্তি ছাপিত হয়, এই নৃতন মূর্তি প্রতিঠা উৎসবই নবকলেবর নামে বিখ্যাত। এই সমর লক লক যাত্রী বছ দূর দেশান্তর হইতে ্রীমূর্তি দর্শনে আসিরা থাকে, জগলাথে যত উৎসব হয়, তল্পরে এই কলেবর উৎসবই সর্ব্ধপ্রধান। এ সমরে বেরূপ মহাসমারোহ হইয়া থাকে, এমন আর কথন হয় না। সাধারণের বিখাস বে প্রতি হাদশ বৎসরান্তে দেবের নৃতন কলেবর হইরা থাকে। কিন্তু জগলাথের পূজাপছতি মূলক গ্রন্থ সমূহে হাদশ বৎসরান্তে যে নবকলেবর করিতে হইবে, এমন কোন কথা লিখিত নাই। উড়িয়ার পণ্ডিতগণ বলিরা থাকেন, বে আবাঢ় মানে ছইটী:পূর্ণিমা ও মলমাস হইলে, সেই সমন্ত্র নবকলেবর হইবে, এরূপস্থলে সাতবর্ষ হইতে ত্রিশ বর্ষ মধ্যে উক্ত নির্দিষ্ট সমরে নবকলেবর হইরা থাকে। নীলান্তিমহোদরে লিখিত আছে—

"বর্ষাণাং শততো বাপি ওদর্ধং বা নৃপোত্তম। আবির্জাব-ভিরোভাবে ওবিয়জো হরে: কলো। বর্ষ-বিংশতিতো বাপি পঞ্চবিংশতিতশ্চ বা। জীর্য্যতাং দারুদেহানাং দেবানাং ঘটনা ভবেও।" শত বর্ষেই হউক আর পঞ্চাশ বর্ষেই হউক কলিকালে হরির আবির্জাব ও তিরোভাব হইবে। কুড়ি বর্ষেই হউক আর ২৫ বর্ষেই হউক জীর্ণ দারুম্রির পুনর্নিশ্বাণ হইরা থাকে।

নৰ কলেবর হইবার ব্যবস্থা থাকিলেও অনিষ্ট আশ্বার এখন কেবল সংস্থার হইরা থাকে, আর কলেবর হয় না। সাধারণে বলিয়া থাকে, পূর্ব্বোক্ত নব কলেবরের সময়েই রুটীশ গবর্মেন্ট কর্ত্ক থোর্দারাজ নির্বাসিত হন। আজ তিনবর্ষ হইল, নবকলেবর হইবার কথা হইয়াছিল এবং তাহা দেখিবার জন্ত প্রায় দশলক যাত্রী জীক্ষেত্রে গিয়াছিল, কিন্তু রাজমাতা পুজের অনিষ্ট আশেষা করিয়া নব কলেবর হইতে দেন নাই, কেবল দেবের পূর্ণসংস্কার হইয়াছিল মাত্র। নীলাজিমহোদয়ে নবকলেবরের বিধান এইরূপ বর্ণিত হইয়াছে—

"আবাঢ়ন্ত চ মাসত বলা বৃদ্ধির্জবেকুবি।
তলা তলারুম্বিঃ ভাদ্ধশীলন্পাজয়া।
বৈশাবে ভরুপক্ষেহপি ভড়ে লগে ভড়ে দিনে।
বিভাপতিকুলোভুতা দিলাঃ সভৃতরোহমলাঃ।
বিশাবসোল কুলজাত্তথা তে গহনং বনম্।
নৃপাজয়া গমিছারি দারুশাতনভংপরাঃ।
পবিবং শোভনং ততু বনং শোভনমূত্তমম্।
রাজঃ প্রতিনিধিতাবদ্গমিহারি সমং বিলৈঃ।
চত্রেদবিদা বিপ্রা রাজকৈব প্রোহিতাঃ।
শিল্পবিভাল্ন নিপুণা বৃদ্ধিপ্রবর্গত বে।

তে সর্বে চ গমিক্ততি ওড়াজামাল্যভূমিতাঃ। वक्रमः छात्रमश्चिः धाविकं छातृमः वनम्। শাভরিছা নিৰভক্তং মহাভং ঋকুমুন্তমম্। মহোরগ্সমাবাসং সমস্তাৎ শোভনং নগম্। ठजुः नाथावूकः त्रमार कीवेशकामिविक्किन । তাদুশং দালসংগুৰুং শাত্ৰিয়া মৃত্যু হ:। তথ্যলৈ সংস্কৃতে দিবৈয়মার্ক্সিতে গোমরাভূতি:। **ठिक्टिं इन्मनात्काञ्चिम्भादेत्रर्यत्नाहरेतः**। ধ্যাদা তং গৰুড়ারড়ং পুত্ররিদ্ধা জগৎপতিস্। উপোশ্ব তত্ৰ ত্ৰিদিনং ত্বেকং বা দুঢ়ভক্তিত: । ভবাহকুল্যং দৃষ্ট্রাথ রাত্রৌ স্বপ্নগতং চ ভে। (विमाध्यस्तरः मुख्य बाक्षणाः स्थानित्रस्तरम्। ভন্নামকীর্ত্তনং ভত্ত কুর্বস্তুশ্চাপি সম্ভতম। মন্ত্রাজং জপস্কশ্চ তত্ত্ব কেচন সত্ত্যাঃ [ এবং ব্ৰতং কুৰ্বতাং তদ্গভানাং সাধুব্যু নাম্।..... ভতঃ প্ৰভাতে বিমৰে নিত্যং কৰ্ম সমাপ্য তে। ব্রতাম্ভে তক্ত তৎপূঞাং কুদা সর্মেচ মানবা:। হবিশ্বঞ্চ করিয়ান্তি তম্ভজিনুচ্চেডস:। कारनी गरनमः मःभुका कुर्ताक मक्रवः व्रविम । বিষ্ণুঞ্চ ধরণীনাথং স্তোয়ান্তি নিজ ভক্তিত:। वक्रगाकीः ७७: क्र्रां मःकन्नः (ममकानविर । স্বস্থিবাচনকং কর্ম্ম বত কুর্য্যাৎ প্রয়ন্ত:। আচার্য্যবন্ধণেরের বরণং তত্ত্ব কার্য্যেৎ। মন্ত্রবাজেন তেনৈব মহুনা মহুজাধিপ। হোমং কুর্য্যাৎ প্রবন্ধেন তহ্ম দালিধাকেতবে। পাতালনরসিংহেন জুত্রাদ্বিসহস্রকম্। অযুতং নিযুতং বাপি সমিদ্ধোমং চ বৈ চরেৎ। পুর্ণাহতিং ততঃ কুর্যান্তজিভাবসম্বিত:। ৰশক্তা দক্ষিণাং দভাদাচাৰ্য্যায় বিজয়নে। আচার্ব্যস্তত্ত গছাধ মন্ত্রবাজ্য পর্য জপন্। কুঠারং পরিপ্র্যাসে চন্দনেন চ পুশত:। চতুর্দিকু চতুর্বেদান্ পঠৎক্স ব্রাক্ষণের চ। **पदः हिन्मानिष्ठकः मरहारम्यञ्चा ७७:**। তে সর্বেব ধ্রিকিগণাঃ পশ্চাত্তং তরুসভ্তমম। ছেদ্বিতা মৃদা বুক্তান্তলানপরিকীর্জনাং। পাত্যমানে ভরে তত্ত ভচ্চ কুর্ব্যাদ্ধিখণ্ডকম। अथमः जगनीनक विषक्षः कांत्रवत्र १। वनक ह ज्था क्वांडवार्यक विश्वक्य। একং অন্দৰ্শনভাৰ্থে ভথৈকং মাধ্যভ ।।

नकीर्थः इधिकः निवाः विश्वशः कन्नाम्बद्धः। ই খং খাদশখঞানি ক্লমা ভচ্চতুরপ্রক্ষ। শাখাপত্রাণি বন্ধানি তানি সর্কাণি তত্র হি। দীর্ঘণতে সমারোপ্য প্রোথয়েৎ শক্লানি তং। **इक्ट्राक्ट्र किर्ताय प्रामायस्य किर्ह्म**ा । সমারোপ্য চ তান্থেব ছাদয়িত্বা পরং ততঃ। मृज्भिताचितः स्टेन्सम् ह्यादमाहकदेतः भटेतः। বদ্ধাং দৃঢ়তরং তত্র পট্টরজ্ঞ্যু সমস্ততঃ। আনয়েয়ুক তাত্যেব ছত্রচামরবীক্রনৈ:। সায়ংকালেহপি চ তথা যজেত্তং চোপচারত:। শীতদ্রবামরৈরেডারৈরেরাররেৎ পরমেশরম্। এবং এতিদিনং তত্ত্র পূব্দয়েজ্জগতীপতিম্। প্রাসাদোত্তরতো দ্বারে তদ্ধারতমবেশনম্। কার্য়িতা দিব্যশালান্তরে তৎ স্থাপয়েয় প। স্থাদিনে স্থামূহর্তে চ ভডে লগে নৃপোত্তম। শ্রীমর্ত্তের্ঘটনা কার্য্যা চতুর্ব্বর্গফলাপ্রয়ে। चंदेनात्रङ्कारन ह कूर्यगिष्ठक्षभूजनम्। বিদ্যাপতেন্তথা বিশ্বাবদোশ্চ কুলসম্ভবান্। বস্ত্রালক্ষারগন্ধত্রক সৎকারেঃ পরিতোষয়েৎ। শিল্পিকাংশ্চ তথা কুর্য্যাত্তে সর্ব্ধে তত্র চোদ্যতা:।... বট্তিলৈশ্চ: যবং প্রোক্তো মৃষ্টি: স্থাভচ্চতৃর্যবৈ:। ষণ্মৃষ্টিভিভিবেদ্ধন্তচ্চতুর্ভিশ্চ ধেত্নকম্। হিত্বা ভতো দ্বিভাগৌ চ তচ্চতুৰ্দশভাগতঃ। যবানাং তচ্চতুরশীত্যেবমুচুব্ধা নূপ। তন্মানেন তদা কুর্য্যাদাশিখং পাদপীঠত:। ত্তথৈব ভূজভাগাস্তং দৈর্ঘ্যমায়তিকং সমম্। চক্রাক্বতিতয়া ভালং কুর্য্যাদ্ঘাত্রিংশভাগতঃ। মস্তকাশুথপৰ্য্যন্তং চতুদিশকভাগকম্। ত্রিপাদাধিকষ্ট্ত্রিংশৎ যবতো মানমুচ্যতে। চতুর্বন্ধ: প্রকুরীত দিনেশ্ববমানত:। হাদয়ং স্থান্নবয়বৈস্তদ্যং বস্থভাগত:। সাদ্দিণ্যবতো মধ্যং পরিধাপনসংজ্ঞকম্। এতচ্চতুর্ভাগমিতি কথিতং তৎপুরো ময়া। তৎপাদপদ্মং ষড্ভাগং পাদহীনকলাযবৈ:। **ठ**ळूत्रनी ियवटेक त्रिषः द्वान न ভाগ कम्। অষ্টাবিংশতিমানেন ষট্পঞাশদ্যবৈভূ ভৌ ॥ করৌ পার্যভূজৌ তাবচ্চত্র্দ্ধপ্রমাণতঃ। চতৃ-চতুর্যবৈঃ পার্যভূজয়োরায়তির্ভবেৎ॥ শ্লাত্বং করয়োঃ কুর্যাৎ চতুর্যবপ্রমাণতঃ।

তবেদমানং ভুজ্জোরদ্ধ করবেছুধ:। নাসাধোদাদশ্যবৈত্তপূর্দ্ধং মন্তকাবধি॥ भागशैनभक्षविः भक्षमानः त्रहात्रः कृषी। 🕮 মুখায়তিমানন্ত কুর্য্যাক্তিংশদ্যবৈস্তথা ॥ कृषि अक्षश्राभनार्थः हुकूष्म्भरेतः कुठम्। করমেত্তৎ পদং রমাং ত্রহ্মদারুত্বরূপিণঃ॥ এতাদুশী জগন্নাথঘটনা জায়তে নূপ। অতঃপরং প্রবক্ষ্যামি বলদেবস্থ নিশ্বিতিম্॥ শঙ্খাক্বতিরসৌ খ্যাতঃ পশুতাং সর্বকামদঃ। দারুলাত্রিংশভাগান্চ পঞ্চানীতি যবৈমিতি:॥ তন্বক্ত্ৰামুজনিৰ্মাণমেকত্ৰিংশদ্যবান্বিতম্। তদুর্দ্ধং ফণনির্মাণং জেয়ং পঞ্চষ্টবঃ পরম্॥ চতুর্বদ্ধস্থিতিজ্ঞের। ক্রন্ত্রসংথ্যৈর্ঘবৈনুপ। कूर्याञ्चवयवः ছिज्रः मस्तानः द्वमवस्तम्॥ নবানাং যবতঃ কুর্য্যাৎ হৃদয়ঞ্চ বিচক্ষণঃ। দার্দ্দিগ্যবতো নূনং পরিধাপনমূত্রমম্॥ **अष्टीमभूयटेवः मार्टेकः जीशानमत्रमीक्रहम्।** পঞ্চাশীতিয়বাঃ প্রোক্তা হোবং হলভূতঃ প্রমা॥ ভুজৰয়বিভাগঞ চতুর্বন্ধবিভাগকম্। প্রত্যেকঞ্চ বিজানীয়াৎ চতুর্বিংশতিভির্যবৈ:। তত্র ক্ষরোপরিভাজৎ ফণায়াশ্চ যুগং যুগম্। যবেনার্ক্সযুজা জ্বেরং ঘটিতং স্থান্ত্র ॥ রন্ধু মর্দ্ধববং প্রোক্তং তদাধারতয়া ভবেৎ। চতুর্বন্ধপ্রমাণেন হক্তো পার্মভূজো তথা॥ যবানামেকবিংশত্যা মুথস্থায়তিক্তমা। নাসাধোহটোযবাঃ প্রোক্তা উর্জমন্তাদশা যবাঃ॥ ললাটং ষ্বমাত্রং স্থাৎ ফণাঃ পঞ্চ্যবাঃ মুতাঃ। ইখং শ্রীবলদেবস্থ নির্শিতিনু পদত্তম ॥ विश्वकानम्बरेवः मार्टिक्डमा भन्नाकृष्टिङ्द्द । তদীয়ং শ্রীমুথং নম্রং ভবেৎ সপ্তদদৈর্ঘবৈ:॥ यदेवः शक्षनरेगञ्ज विखात्रसम्बद्ध ह। ধিমল্ল: সার্দ্ধত্রিযবো হৃদয়ং ত্রিযবং ভবেৎ ॥ त्रविगःशायवः मधाः পরিধাপনসংজ্ঞকम्। ৰবাঃ সপ্তদশ প্ৰোক্তান্তৎপাদযুগপঙ্কম্॥ यदेवः शक्षमदेनः थाराको ज्राको ठारधागरको किम्। তথা পার্শভকো সপ্তদদৈশ্চাধোগতো নূপ। এবং ভদ্রাকৃতির্দিব্যা ভব্যশিল্পিকনির্শিক।। স্থদর্শনো গদাকারো ভবের পতিসতম। চতুরশীভিয়বকৈ দৈর্ঘ্যেণ পরিভাবিতম্ ॥

ভদারতিঃ পরিখ্যাতা চৈকবিংশতিভির্যবৈঃ। এবং স্থদর্শনো জ্ঞেয়ঃ সর্কবিশাকরো মহান্॥"

(नीनाजियाशानत ०৮ व्यः।)

य वर्शत व्यायाव्यादन मनमान हहेद्द, के वर्शत त्राकात আদেশে রাজার প্রতিনিধি স্বরূপ কোন ব্যক্তি বৈশাধ্যাসে ভভদিনে ভভদরে বিভাপ্তিবংশীয় ও বিশাবস্থবংশীয় নিষ্ঠাপর ব্যক্তিগণ রাজপুরোহিত, চতুর্বেদক্ষ ব্রাহ্মণ ও শিল্পনিপুণ বৰ্দ্দকীগণের সহিত নানারিধ পুজোপকরণ লইয়া পরিত্র অরণ্যে व्यट्न कतिया छ्ङ्रांशाश्यक, मत्रन, कौछे शङ्कामित मः भन-বর্জিত, আয়ত নিম্বুক সংগ্রহ করিবে, তাহার মুল্দেশ গোময়জল হারা পবিত্র করিয়া বৃক্ষমূলে চল্পনাদি হারা অহ-टन्यन क्त्रिट्व। शक्क जिल्ल खगवादनक शान, नानाविध उपहादक অর্চনা, বেদপাঠ, মন্ত্রবাজ জপ ও প্রভুর নাম কীর্ত্তনপূর্বক উপবাস করিয়া ভিন দিন বা একদিন অভিবাহিত করিবে। প্রদিন প্রাতঃকালে প্রাতক্তা সন্ধাবন্দনাদি নিতাকর্ম नमाननपूर्वक ध्रथरम গণেশ, ह्र्गा, भक्त, त्रवि, विकृ ७ বরুণের পূঞা করিয়া স্বত্তিবাচনপূর্বক সঙ্কর করিবে। পরে ष्पाहार्यावत् । अ अञ्चलवत् । कतिया मञ्जला वाता दशम कतित्व, ঐ হোমের পর "পাতাল নরসিংহেন" ইত্যাদি মল্লে ছই হাজার বার আছ্তিপ্রদান, অযুত বা নিযুত সংখ্যক সমিধ্ হোম, তাহার পর ভক্তিপুর্মক পুর্ণাহতি দিয়া আচার্য্যকে मिकना नित्त, जाहार्या के वृत्कत मुनातन अजूत मजताज जन করিরা গন্ধপুষ্পাদি ছারা কুঠারের অর্চ্চনা করিবে। বেদপাঠক वामानगन वृत्कत हजूम्मार्थ (वनश्वनि कतिर्दे थाकिरवन, ष्पार्हार्या चन्नः व तुक्ताक्त्वन कतित्व वर्षकिशन खेशात्क अध्व अध्व कतिया नहेत्। श्राभणः इहे थश्र कतिया এक ४७ हहेए क्राजार्थत मुर्कित क्रम धादः दनाम्य ७ स्टब्स मुर्खित क्रम धरे খণ্ড করিবে. পরে অপর এক খণ্ড হইতে মাধ্বমূর্ত্তির জন্ম এক খণ্ড, স্থদর্শনচক্রের জন্ত এক খণ্ড এবং সকলের জন্ত অতিরিক্ত হুই খণ্ড সমষ্টিতে ছাদশ খণ্ড করিয়া ঐ থণ্ডগুলিকে প্রথমে চতুরত্র করিয়া লইবে। ঐ বৃক্ষের শাথা পত্র ও বন্ধশাদি সমস্ত একটা গর্ছে প্রতিয়া চাকিয়া রাধিবে। পরে রমণীর বন্ত্র ও পট্রস্ত্রাদি ছারা ঐ খণ্ডগুলিকে আচ্ছাদন ও বন্ধন করিয়া চারি চাকার গাড়ীতে উঠাইয়া ছত্র ধারণপূর্বক চামরাদির বাজন করিতে করিতে চলিয়া আসিবে, তারপর প্রতিদিন नानाविध ভোগাদি উপচারে ত্রৈকালিক অর্চনাদি করিবে। মন্দিরের উত্তরাংশে রমণীয় গৃহে ঐ খণ্ড সকল রাথিয়া শুভদিনে গুভলগে মূর্ত্তি নির্মাণ আরম্ভ করাইবে। আরম্ভের সমস বর্জ-ণের পূজা এবং বিশ্বাৰক্ষর বংশীর বিজ্ঞাতি ও বিদ্যাপতি বংশীম-

দিগকে মালা, চন্দ্র, বস্ত্র ও অবজার বারা সন্তই করিবে ৷ ঐ সময়ে শিলীগণকেও মালাচন্দ্রনারি বারা সন্তই করিতে হয়।…

ছন্নটা তিল পর পর সংলগ্ধ করিয়া সাক্ষাইলে যতটুকু দৈখ্য र्य, अ পরিমাণের নাম এক यব, अन्नभ চারি যবে এক মৃষ্টি. ছর মৃষ্টিতে এক হাত, চারিহাতে এক ধমু। ইহার ১৬শ ভাগের ২ ভাগ পরিত্যাগ করিয়া ১৪শ ভাগে যে পরিমাণ হয়, ঠ পরিমাণে জগল্লাথদেবের পানপীঠ হইতে শিখা পর্যান্ত নির্মাণ হইবে। ভূজবয়ও ঐ পরিমাণে আরত। ঐ পরিমিত মৃত্তির ७२म अःरमंत्र এक अःरम ठळाकात कशासरमम निर्माण করিতে হয়। মতাক হইতে মুধ পর্যান্ত ১৪শ জংশে বিজ্ঞক হইবে। পরে বার যবে চতুর্বন্ধ, ৯ অষ্টমাংশে ৯ যব পরিমিত कामग्रकान, मार्क मण यद मधाकान धादः इत्र छाट्य भागवत छ সার্দ্ধ দশ যবে পরিধানক নির্ম্মিত হইবে। পরে ছাপ্লাল যবে ভূক্ষর এবং করপার্য ও ভূক্স চতুর্বন্ধ প্রমাণাত্মসারে করিতে হইবে। হস্তৰ্য়ে চারি যব পরিমিত ছইটা শুল চিহ্ন নির্মিত হইবে। পার্শ্ব ও ভূজের আত্মত চারি যব, নাসিকার অধোভাগ বার যব, শ্রীমুথের আয়তন ত্রিশ যব। ব্রহ্মস্থাপনার্থ ১৪শ যব পরিমিত জনমন্তান কর্ত্তব্য। এই প্রকারে জগন্নাথ-দেবের মূর্ত্তি করিতে হয়। বলদেবের মূর্ত্তি শঙ্খাকৃতি, ৮৫ যবে मण्पूर्ग हहेरव, जन्नासा ७० यरव श्रीमूथ हहेरव। मूरथेत छ र्फ ৎ যব পরিমিত ফণা থাকিবে। একাদশ যবে চতুর্বন্ধ, নয় यद क्रमग्र हान, नार्क मन यद निव्धानन এवः नार्क अष्टीमन যবে পদ্বয় নির্শ্বিত হইরে। ২৪ যবে ভুল্বয় বিভাগ এবং চতুর্বন্ধ বিভাগ করিতে হয়। ক্ষত্তের উপরিভাগে অর্দ্ধ যব পরিমাণে ছটি ছটি করিয়া ফণা প্রস্তুত করিবে, পার্ম ও ভুজ মুথের আয়াম এক বিংশতি যব, নাসিকার অধোদেশ অষ্ট যব, ननां मार्फ कहानम यव পत्रिमिछ हटेरव, এই প্রকারে বলদেবের মূর্ত্তি নির্মাণ করিতে হয়। স্কুভ্রমা-মূর্ত্তির পরিমাণ দার্দ্ধ দিপঞাশৎ যব, আফুতি পল্মের তুলা। স্বভদ্রার মুখ ১৭ যব আয়ত, ১৫ যব বিশ্বাচ, কেশুকলাপ নাৰ্দ্ধ তিন যব পরিমিত, জানমন্তান ৩ যব, মধ্যস্থান ১২ যব, পালম্বর ১৭ यव, भार्च ७ जूब मार्क मधन्त्र यव भद्रियाण श्रञ्ज हरेरव। এই প্রকারে ভুভদ্রার মৃতি রচনার পর ভুত্রন ও গদা এক-বিংশতি যব পরিমিত করিতে হর।' (নী° ম°)

পাণ্ডারা বলিয়া থাকেন বে নব কলেবর নির্শিত হইলে প্রধান পাণ্ডা জগন্নাথের পূর্বদেহস্থ বিষ্ণুপঞ্জর লইয়া নব মূর্ত্তির হৃদয় মধ্যে স্থাপন করেন। কিন্তু কোন প্রাচীন গ্রন্থে ঐ বিষ্ণুপঞ্জরের উল্লেখ নাই।

এখন राक्तभ नवकृत्ववत्र इहेक्षा शास्क, छाहाह नीवाजि-

বাহাদরে বর্ণিত হইরাছে। (মৃর্ত্তির প্রতিরূপ পূর্ব্বেই প্রকাশিত হইরাছে।) কিন্তু পূর্ব্বে দেবের এরপ কলেবর হইত না। নারদ ও বৃদ্ধানের চতুর্ভু ক মৃর্ত্তি এবং ক্ষভদ্রার দিতৃত্তার জগরাণ ও বলরামের চতুর্ভু ক মৃর্ত্তি এবং ক্ষভদ্রার দিতৃত্বমৃত্তির উল্লেখ আছে। উক্ত গ্রন্থগুলির বিবরণ পাঠ করিলে বোধ হর বে, ভ্বনেশ্বরত্ব অনস্তবাহ্ণদেবের মন্দিরে জগরাথ, বলরাম ও ক্ষভদ্রার যেরপ প্রস্তরময়ী মৃর্ত্তি আছে, পূর্বে শিক্ষেত্র দারুময়ী শ্রীমৃর্ত্তি গুলিও প্ররূপ নির্মিত হইত্র। নীলাজিমহোদয়ের চারিমৃর্ত্তির স্থানে সপ্তমৃর্ত্তির উল্লেখ আছে, কিন্তু শ্রিটিচতগ্রদেব যথন জগরাথদর্শনে গমন করেন, তথনও তিনি চারিটী মৃর্ত্তিই দেখিরাছিলেন, সপ্তমৃর্ত্তির দেখেন নাই। (চৈতগ্রভাগবত ২ অঃ)

চৈতক্তের জীবনচরিতলেথকগণও লিথিয়াছেন যে, তিনি অগন্ধাথের চতুর্ভ জ মূর্ত্তিই দর্শন করিয়াছিলেন। শ্রীচৈতক্তদেব দীবনের অধিকাংশ সময়ই এই ক্ষেত্রধামে অতিবাহিত করেন, ভিনি শ্রীক্ষেত্রন্থ তীর্থ, উপতীর্থ প্রভৃতি সমস্তই দর্শন করিয়া-ছিলেন। কপিলদংহিতায় অলাব্কেশ্বর নামে এক প্রসিদ্ধ লিক্সের উল্লেখ আছে। চৈত্ত এথানে যে যে তীর্থ দর্শন করেন, তাঁহার পারিষদবর্গ তাহা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, কিন্তু তাঁহারা অলাবুকেখবের নাম পর্যান্ত উল্লেখ করেন নাই, উৎকল্পণ্ড, পুরুষোত্তমমাহাত্ম্য এবং ১৩৯৬ শকে রচিত পুরাণসর্ব্বে জগন্নাথম্থ নানাতীর্থ ও নিজাদির উল্লেখ থাকি-ट्रिक व्यमानुदक्षादतत व्यादि छेटल मारे, रेक्सिन कांत्रत স্পষ্টই বোধ হইতেছে যে ১৩৯৬ শক অথবা চৈতন্তদেবের পরে অলাবুকেশ্বর লিঙ্গ প্রতিষ্ঠিত হইয়ছে(১)। স্বতরাং এরূপ স্থলে স্বীকার করিতে হইবে যে, অলাবুকেশর প্রসঙ্গ-मृनक किनमारिकां उठिक्यामायत भारत तिक रहेमारि । রঘুনন্দনত্ত্বত পুরুষোত্তমতত্ত্ব প্রভৃতি গ্রন্থে কপিলসংহিতার चामि উল্লেখ ना थाकात्र এই প্রস্তাবের কতকটা সমর্থন করিতেছে। কপিলসংহিতায়ও দেবের চতুত্ব স্থির স্পষ্ট উল্লেখ আছে, ইহাতে স্বীকার করা যায় গৃষ্টীয় ১৫শ ও ১৬শ শতাব্দেও অগন্নাথাদির চতুতু জ মৃত্তি ছিল, এথনকার মত অপূর্ক মূর্তি ছিল না, বোধ হয় সেই জন্তই এথনও লান-যাত্রাদির সময়ে জগন্নাথ ও বলরামের চতু জু জ মূর্জিই চিত্রিত হইরা থাকে। শ্রীমন্দিরের ছই মাইন পশ্চিমে লোকনাথ নামে এক প্রসিদ্ধ শিবমন্দির আছে।

নারদ ও ব্রহ্মপুরাণে, উৎকলথন্ড, কলিকসংছিতা ও প্রাশসর্কান্থে অথবা চৈতন্তাদেবের তীর্থন্তমগল্পক এই লোকনাথের
উল্লেখ না থাকিলেও নীলাদ্রিমহোদরে লোকনাথের বিষয়প
বর্ণিত আছে, এরূপ স্থলে চৈতন্তাদেবের আবির্জাব ও কপিলসংহিতা রচিত হইবার পরে বে লোকনাথ আবির্জ্ ত হইরাছেন, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই, এরূপ স্থলে বোধ হর
লোকনাথ-প্রসঙ্গ-মূলক নীলাদ্রিমহোদর্গও খৃষ্টার বোড়শ
শতাদীতে অথবা তাহার অনতি পরে রচিত হইরাছে। মুসলমান ঐতিহাসিকগণের মতে ১৫৬৮ খৃষ্টার্মে কালাপাহাড়
উড়িয়া জল্ল করেন। সকলে জানেন বে ত্রন্থ কালাপাহাড়
উড়িয়া জল্ল করেন। সকলে জানেন বে ত্রন্থ কালাপাহাড়ই
জগরাথমূর্তি আনিরা অগ্নিতে নিক্ষেপ করে। বেসর মহান্তি
সেই দর্মমূর্তি লইরা গিয়া কুজঙ্গে থণ্ডাইতের ঘরে রক্ষা করেন।
তৎপরে রাজা রামচক্রদেব সেই মূর্তি আনিরা প্রতিষ্ঠা করেন।
মাদলাপঞ্জীতে লিখিত আছে, রামচক্রদেবের সমর দেবের
নব কলেবর হইরাছিল।

বোধ হয়, প্রীম্রিগুলি দগ্ধ হইবার পর বে রূপ প্রাপ্ত হইরাছিল, সেই মৃর্স্তিই এথন আমরা দেখিতে পাই এবং তাহারই
আদর্শে প্রীম্র্সির নব কলেবর হইয়া থাকে। এই অভিনব
মৃর্সির বিবরণই নীলাদ্রিমহোদয়ে বর্ণিত হইয়াছে। ভারতের
নানা স্থানে শ্লেছ কর্তৃক শত শত অঙ্গীন দেবমৃর্স্তি দেখিতে
পাওয়া যায়, সেই সকল দেবের মন্দিরাদি বারমার প্রাংসংস্কার
হইলেও দেবমৃর্সির আর প্রাংসংস্কার হয় না, সেই ভয়র্মপেই
পূজা পাইয়া থাকেন। বোধ হয় জগরাধের দগ্ধ মৃর্স্তিও সেইরূপে পূজা পাইয়াছিল, সেই রূপ পরিবর্ত্তন করিতে কেই
সাহসী হয় নাই।

অক্সান্ত তীর্থ ও উপতীর্থ।—মহামনিরের অর্ক্নমাইল উক্তরে মার্কণ্ডেরছদ। নারদ ও ব্রহ্মপুরাণ কপিলসংহিতা ও উৎকল-থতে এই মারুল্ডেরছদের মাহাম্মা বর্ণিত আছে। শ্রীক্ষেত্রের পঞ্চ তীর্থের মধ্যে ইহাও একটা। এথানে মার্কণ্ডেরবট ছিল। ক্রিলিসংহিতার মতে স্বরং শ্রীকৃষ্ণ মার্কণ্ডেরের মঙ্গলার্থ মার্কণ্ডেরের বট নির্দ্ধাণ করেন। ব্রহ্মপুরাণে লিখিত আছে—মার্কণ্ডের-ছদেলান ক্রিরা মার্কণ্ডেরেরর নিব দর্শন ক্রিরো দশ ক্ষর্মন্দের কল, সকল পাপ হইতে মুক্তি ও নিবলোক লাভ হয়।

মার্কণ্ডের সরোবরের দক্ষিণ কুলে মার্কণ্ডেরের মন্দির।
এই মন্দির নাটমন্দির, মোহন ও মূল্যান ডেলে তিন
আংশে বিভক্ত। ইহার চারিদিকে আঞ্চনাথ, হরণার্মতী,
কার্তিকের, পঞ্চপাশুবলিদ, বঞ্চনাতা প্রভৃতির মূর্তি আছে।

<sup>(</sup>১) উড়িবার ঐতিহাসিকগণের সতে অলাবুকেবরের মলির রাজা অলাবুকেপরীর সময়ে নির্মিত হর; কিন্তু অলাবুকেপরী নামে কোন রাজা উৎকলে রাজত্ব ক্রিন্তের কিনা বোদিতলিশি বা আনাশিক এছে ভারার অবাশাভাব।

সরোবরের পূর্কাংশের মধ্যভাগে কালির সর্পের কণান্ত উপর
দণ্ডান্তমান বংশীধারী কৃষ্ণমূর্তি রহিরাছে। কালির দমনোংসবের সমর এখানে মদনমোহন আসিরা লীলা করিরা
থাকেন। উত্তরভাগে একটা মন্দিরে চতুত্রা সপ্ত মাছ্কা,
গণেশ, নবগ্রহ ও নারদের প্রস্তরমন্ত্রী মৃত্তি আছে।

ইক্সতাম সরোবর।-মহামন্দিরের প্রায় এক ক্রোশ দূরে এই সরোবর। ত্রহ্ম ও নারদপুরাণের মতে ইব্রহ্যামের যজ্ঞান্তা হইতে এই তীর্থের উৎপত্তি হইয়াছে। উৎকল-থণ্ডের মতে রাজা ইন্দ্রতায় যজের দক্ষিণাশ্বরূপ যে সকল পাতী দান করিয়াছিলেন, সেই সমস্ত গাভীর খুরাগ্র হইতে যে গর্ত হইয়াছিল, তাহাই ইক্সত্নাম সরোবর। এখানে স্নান করিয়া দেব ও পিত উদ্দেশে তর্পণ করিলে সহক্র অশ্বমেধের केन इस. এই জন্ত এই তীর্থের অপর নাম অশ্বনেধাক। এই সরোবর দৈর্ঘ্যে ৪৮৬ ফিট ও প্রস্থে ৩৯৬ ফিট, চারিদিকে পাথর দিয়া বাঁধান। ইহাতে অনেক বড় বড় কচ্ছপ আছে। প্রবাদ এইরূপ যে, ইন্দ্রতায় পাছে বংশ থাকিলে আপনার কীর্তিলোপ হয়, এই ভাবিয়া জগন্নাথের নিকট বংশনাশের জক্ত প্রার্থনা করেন। জগরাথের বরে ইক্সন্তামের পুত্রগণ কচ্ছপরূপে পরিণত হইয়াছে। সরোবরের দক্ষিণকূলে নৃসিংহ ও পশ্চিম তীরে নীলকঠের মন্দির আছে। কপিলসংহিতার মতে ইক্র-ছায় সরোবরে স্থান করিয়া ঐ তুই মূর্ত্তির পূজা করিলে অলেষ পুণালাভ হয়। উক্ত নীলকণ্ঠ ক্ষেত্রের অষ্টলিকের মধ্যে একটা (২৫)। উক্ত লিঙ্গ হুইটা অতি প্রাচীন হুইলেও উভয়ের মন্দির তেমন পুরাতন নহে।

গুণ্ডিচাগার—ইক্সন্থের সরোবর হইতে কিরিয়। আসিবার পথে শ্রীমন্দির হইতে ২ মাইল দ্রে এই বিধ্যাত মন্দির। এথান কার লোকেরা বলিয়া থাকে রাজা ইক্সন্থায়ের গুণ্ডিচা নামে পাটরাণী ছিলেন, উাঁহারই নামাত্মসারে এই মন্দিরের প্রতিষ্ঠা হয়। কিন্তু কোন প্রাচীন গ্রন্থে ইক্সন্থায়ের স্ত্রীর নামোলেথ নাই অথচ নারদ, ব্রহ্ম, সাম্ব প্রভৃতি প্রাণেও গুণ্ডিচা-গারের উল্লেখ আছে। কিন্তু এথনকার গুণ্ডিচা-মন্দির দর্শন করিলে সমধিক প্রাচীন বলিয়া বোধ হয় না। বর্ত্তমান গুণ্ডিচা-মন্দিরের চারিদিকে ৫ ফিট্ বিস্তৃত ও ২০ ফিট্ উচ্চ প্রাচীর আছে, ইহার প্রাঙ্গণ দৈর্ঘ্যে ৪৩২ ফিট্ ও প্রস্থে ৩২১

(২০) "কপালমোচনং নাম কেত্রপালং বমেষরম্।
মার্কভেষং তথেশামং বিবেশং নীলকঠকম্।
বটমূলে বটেশক লিজানটৌ মহেশেতু।" (উৎকলধণ ঃ আ:)
কণালমেচন, কেত্রপাল, যমেষর, মার্কভেষ, উশান, বিবেশর, বটেষর
ধানীলকঠ মহেশের এই অউলিজমূর্তি ক্রিকেত্রে বিরাজ ক্রিভেছেন।

ফিট্। প্রাচীরের পশ্চিমাংশে সিংহ্বার, উত্তরাংশে বিজ্ঞর্বার
ও মধ্যম্বলে দেবাগার। এই দেবাগার আবার চারিভাগে
বিভক্ত—দেউল বা মৃলমন্দির দৈর্ঘ্যে ৫৫ ফিট্ ও প্রস্তে ৪৬ ফিট;
মোহন দৈর্ঘ্যে ৪৮ ফিট্, নাটমন্দির দৈর্ঘ্যে ৪৮ ফিট্ ও প্রস্তে
৪৫ ফিট্ এবং ভোগমগুণ দৈর্ঘ্যে ৫৯ ফিট্ ও প্রস্তে
২৬ ফিট্। মৃলমন্দির বা দেউল উচ্চে ৭৫ ফিট, ইহার মধ্যে
কালপাথরে নির্মিত ১৯ ফিট দীর্ঘ ও ০ ফিট উচ্চ এক রম্বন্দির আহে। রথ্যাত্রার সময়ে দারুমূর্ত্তি আসিরা এই রম্বন্দির উপর সাত দিন অবস্থান করেন। রথ্যাত্রাকালে দারুত্রহ্ম সিংহ্বার দিয়া এখানে প্রবেশ করেন এবং বিজ্ঞান্থার
দিরা বাহির হন। প্রবাদ আছে, এই স্থানেই বিশ্বকর্মা।
প্রথমে দারুত্রক্ষের ওঁকার মৃত্তি নির্মাণ করেন।

চক্রতীর্থ। বালগণ্ডি-নালার ধারে সমুদ্রতীরে একটা ক্র্ড্র সরোবর আছে, তাহারই নাম চক্রতীর্থ। পাণ্ডারা বলিয়া থাকে, এই চক্রতীর্থের ধারে প্রথমে ব্রহ্মদারু ভাদিরা আদিয়া ছিল। এথানে আদিয়া শ্রানাদি করিয়া লোকে বালুকার পিণ্ড প্রদান করে। শ্রীক্ষেত্রের মধ্যে এই চক্রতীর্থের জ্লাই সর্কাপেক্ষা স্থমিষ্ট। এই চক্রতীর্থের নিকট উত্তরভাগে চক্রনারায়ণ মূর্ক্তি ও তাহার স্ক্রশানকোণে শৃত্যালবদ্ধ হন্মানের মূর্ক্তি আছে।

শেতগঙ্গা নি মহামন্দিরের উত্তরভাগে অবস্থিত। ব্রহ্ম ও নারদপুরাণ, কপিলসংহিতা ও উৎকলধণ্ডে এই তীর্থের মাহান্ম্য বর্ণিত আছে। অতি পুণাতীর্থ ভাবিয়াই প্রায় সকল যাত্রীই এই তীর্থ দর্শন করিয়া থাকে। ইহার ধারে শেতমাধব ও মংস্থমাধবমূর্ত্তি আছে। কপিলসংহিতা ও উৎকলধণ্ডের মতে, শেতগঙ্গায় লান করিয়া শেত ও মংস্থমাধব দর্শন করিলে সকল পাপদুর ও শেতহীপ লাভ হয়।

যমেশ্বর। মহামন্দিরের অর্জ মাইল দূরে যমেশ্বরের মন্দির। উৎকলপণ্ডের মতে মহাদেব এখানে যমের সংযম নাই করিয়া যমেশ্বর নামে খ্যাত হন। কপিলসংহিতার মতে যমেশ্বরের পূজা করিলে যমদণ্ড এড়াইয়াঁ শিবছ লাভ করে।

অলাব্কেশর। যমেশরের পশ্চিমে অলাব্কেশরের মন্দির।
এই লিঙ্গ দেখিতে অনেকটা অলাব্র মত, বোধ হয় সেই জয়
ইহার অলাব্কেশর নাম হইয়াছে। কপিলসংহিতার মতে
এই লিঙ্গ দর্শন করিলে অপুত্র পুত্রবান্ এবং কদাকার ব্যক্তিও
স্কল্য হইয়া থাকে।

কপালমোচন। অলাব্কেশ্বরের নিকটই কপালমোচন, কালী প্রভৃতি স্থানে কপালমোচনের ধেরূপ মাহাত্ম্য বর্ণিত হইয়াছে, এথানকার কপালমোচনের উৎপত্তি ও মাহাত্ম্য সেই রূপ কথিত হইয়া থাকে। শর্মার । মহামন্দিরের নৈশ্বতকোণে অর্থনাইল দ্রে,
সম্জের বেলাভূমিতে অর্থবার । প্রবাদ এইরূপ এলা
ইক্রহামের প্রার্থনার এইথানেই প্রথম অবতরণ করেন । যাত্রীগণ এইথানে আসিয়া সম্জে লান করিয়া থাকে । এথানে যে
কোন সমরে লান করিলেই পুণালাভ হয় । পুরুষোন্তমমাহাত্মাের
মতে প্রাগ্রহণের সময় এখানে লান করিলে কোটা জন্মের
শাপ দ্র হয় । ইহার নিকট অর্গরারসাক্ষী ও কাণপাতা
হন্মান্ মৃত্তি আছে । প্রবাদ এইরূপ সাগরের তরক্রশব্দে
অভ্যা তীত হইলে তাঁহার হাত উদর মধ্যে প্রবেশ করে,
তাহাতে জগরাথ সাগরকে বলিয়া দেন "যেন আমার মন্দির
মধ্যে তোমার শব্দ আর না আসে ।" সেই জন্ম ভগবানের
আক্রার হন্মান্ কাণপাতিয়া সাগরের গব্দ ভনিতেছে ও সাগরের
তেওঁ যাহাতে মন্দিরের নিকট না আসে সেজল্য চৌকী দিতেছে ।

লোকনাথ। ব্যক্তির পশ্চিমসীমায় লোকনাথের মন্দির। সাধারণের বিশ্বাস রামচক্র এই লোকনাথ মন্দির প্রতিষ্ঠা করেন। কিন্তু পূর্ব্বেই লিখিয়াছি লোকনাথ অধিক প্রাচীন নহে, মন্দিরের গঠন দৃষ্টে বোধ হয় যে মহারাষ্ট্র-দিগের সময়ে এই মন্দির নির্মিত হইয়া থাকিবে। আমাদের এদেশে থেমন তারকেশ্বর, উৎকলে সেইরূপ লোকনাথ। পুরীর লোকেরা জগন্ধাথ অপেকা লোকনাথকে অধিক ভয় করিয়া থাকে। লোকনাথ লিন্দ সর্ব্বদাই পীঠের মধ্যস্থ একটা ক্রত্রিম উৎস মধ্যে ভ্রিয়া আছে; নিকটম্ব কোন সর্বোবরের সহিত ঐ উৎসের যোগ থাকায় মন্দির মধ্যে ধীরে জল উঠিতেছে ও অতিরিক্ত জল পীঠের উপর দিয়া চলিয়া যাইতেছে। কেবল শিব-চতুর্দ্দশীর দিন লোকনাথলিক বাহির হন। এই সময়ে এখানে বিশ ত্রিশ হাজার যাত্রী আসিয়া থাকে। এখানে অপর সময়েও হরপার্ব্বতীর উদ্দেশে অনক ঘাত্রী হইয়া থাকে।

মঠ। জগরাথকেত্রে নানা সম্প্রদায়ীর আগমনে এথানে বিত্তর সম্প্রদায়ীর মঠ স্থাপিত হইরাছে। কেহ কেহ এথন ৭৫২টা মঠ গণনা করেন। উক্ত মঠগুলির মধ্যে নিমাই- চৈতন্তের মঠ, বিদ্রপুরী বা মূলকদাসের মঠ, স্থদামাপুরী ও পাতালগন্ধার নিকট নানকসাহী মঠ, অতলম্পনী স্বর্গবারত্তন্তের নিকট কবীরপন্থীর মঠ ও বালুসাহীর শঙ্করমঠ প্রধান। 
ই সকল মঠে সেই সেই সম্প্রদায়ভুক্ত সন্ত্র্যাসীরা আশ্রম ও আহারাদি পাইরা থাকে। শঙ্করমঠে বিত্তর বৈদান্তিক গ্রন্থ আছে।

আঠারনালা। পূরীর বড় রাস্তা দিয়া গমন করিলে শক্তিকতে প্রবেশ করিবার সময়েই প্রথমে আঠারনালা সমুথে পড়ে। প্রবাদ এইরপ রাজা মংশুকেশরী মৃটিরানদী পারা-পারের স্থবিধার জন্ম আঠারটী ফোকরযুক্ত একটী সেতু প্রস্তুত্ত করিয়া দেন, তাহাই আঠারনালা নামে খ্যাত। আবার কেহ বলে, ইক্রহাম যাত্রীদের পারাপারের স্থবিধার জন্ম নিজের ১৮টা প্রের মাথা কাটিয়া ১৮টা নালায় প্রদান করেন, তাহাতে আঠারনালা হইয়াছে। আবার কোন কোন বৈষ্ণব বলেন, চৈতপ্রদেব এখানে আসিয়া নদী পার হইতে না পারায় জগন্মাথদেব তাঁহার স্থবিধার জন্ম এক রাত্রি মধ্যে ঐ নালা প্রস্তুত্ত করিয়া দেন। বাস্তবিক কথন ঐ আঠারনালা হয়, এথনও তাহা স্থির হয় নাই।

জলবায়। জগদাথকেত্রের জলবায় ভাল নহে। এই জন্ত অধিক যাত্রীর সমাগম হইলেই এথানে নানাপ্রকার পীড়া সংক্রামিত হইয়া পড়ে। এথানে দাতব্য চিকিৎসালয় আছে, তাহাতে সাধারণে বিনা অর্থব্যয়ে চিকিৎসিত হয়।

কার্য্যালয়। সমুদ্রের ধারে আদালত প্রভৃতি আছে। পূর্ব্বে গ্রীম্মকালে উৎকলস্থ বড় বড় সাহেব কর্মচারীগণ এখানে হাওয়া থাইতে আসিতেন।

নিষেধ। জগন্নাথের প্রীমন্দিরের প্রদক্ষিণার মধ্যে যবন ব্যতীত বাওরি, শবর, পাণ, হাড়ি, কাওরা, চামার, ডোম, চণ্ডাল, চিড়িরামার, সিউলী, তীবর, ছলিয়া, পাত্র, তন্তবার, কাণ্ডার (চৌকিদার), কস্বী, সর্বপ্রকার জললিয়া, রাজদণ্ডে দণ্ডিত ব্যক্তি, কুন্তকার, রজক এই কয় জাতির প্রবেশ নিষিদ্ধ। এতভিন্ন নীলালিমহোদয়ে লিখিত আছে—

পাককর্মে অধিকারী ভিন্ন যতি, ব্রাহ্মণ, সন্ন্যাসী, ব্রহ্মচারী, বাণপ্রস্থাশ্রমী ও শূল অথবা উহাদের পূল্রগণ দেবের পাক-শালায় যাইতে পারিবে না, পাকশালায় প্রবেশ করিলে সমুদর ভোক্ষ্য-ভোক্ষ্য দীর্ঘথাতে ফেলিয়া দিবে (২৬)। জ্বগান্থ পুং) জগতাং নাথ: ৬তং। ১ প্রমেশ্রর। ২ বিষ্ণু।

জগন্ধাথ ( সুং) জগভাং নাব- ওভং। সুসায়বেৰ সাংধাৰ কি কুলীবংশীয় একজ্ঞন রাজা। ইহারই অনুগ্রহে কবি নরসিংহ ভটু অবৈতচ ক্রিকা এবং ভেদাধিকারটীকা প্রণয়ব করেন। নিরসিংহ দেখা।

(২৬) "পাক্ষণ্মণি যো মর্জ্যোথ্যকারী তং জনং বিনা।

ন লজ্বরেৎ কোণ্টণি বিজ্ঞোং পাক্ষনিব্যক্ষীয় ।

বচরো আক্ষণিশ্যক সর্রামী অক্ষচারিশঃ।

বাণপ্রস্থান্ত শুজান্ত যে কেচিচ্চ তথাক্ষরাঃ ।

ন কেণ্টি পাক্ষালাং বৈ গচ্ছের শুক্ত নরেশর।

বদা দৈবাৎ পাক্ষালাং যত্যাঘ্যান্ত বিশক্তি থৈ।

তদা তদ্য বানিক্ষরং দ্বীর্ঘণতে নিপাত্তরেৎ।"

( नीवाजिमस्यायम् १ प्रः)

- ২ একজন কাথোজনাল। ইহারই জন্মতে কৰি স্থন-। বিশ্র জগনাথপ্রকাশ প্রশাসন করেন।
  - ৩ নিহাদিভ্যের পিতা। [ নিহাদিতা দেখ।]
  - ৪ অন্নভোগকরতরুনামে সংস্কৃত প্রছ্প্রণেডা।
- বংশদবর্ণক্রমলকণ, ঝংখদসর্কাত্ত্রমণিকাবিবরণ ও দীকানীপন নামে সংস্কৃত গ্রন্থপ্রণেতা।
  - ৬ পর্কদম্ভব নামক সংস্কৃত জ্যোতিষপ্রছ-রচয়িতা।
- মানসিংহকীর্ত্তিমুক্ত বিদামান ছিলেন।
  - ৮ বেদান্তাচার্য্যভারাহারাবলী নামে সংস্কৃত গ্রন্থপ্রণেতা।
  - > শঙ্কবিলাসচম্পুরচয়িতা।
- > শর্ভরাজবিলাদপ্রণেতা, এই প্রছে ভঙ্গোরের শর্ভোজী রাজের বিবরণ জাছে।
  - ১১ সারপ্রদীপক নামক সংস্কৃত ব্যাকরণরচয়িতা।
- ১২ সিদ্ধান্ততত্ত্ব নামক দর্শনমূলক একথানি সংস্কৃত ব্যাক্ষণ-রচরিতা 1
  - ১৩ বৈদান্তিসিদ্ধান্তরহস্ত নামক সংস্কৃত গ্রন্থকার।
  - ১৪ হৌত্রমন্ত্রী নামে সংস্কৃত গ্রন্থরচরিতা।
- ১৫ নারায়ণ দৈববিদের পুত্র, ইনি সংস্কৃত ভাষায় জানবিশাসকাব্য রচনা করেন।
- > একজন মৈথিল ব্রাজণ। ইহার পিতার নাম পীতাকর্ম, শিতামহের নাম রামভদ্র। ইনি ফতেশাহের অন্তমতি
  অনুসারে অভক্রচন্ত্রিকা নাটক রচনা করেন।
- ১৭ কোগদংগ্রহ নামক বৈছকগ্রছপ্রণেতা, ইহার পিতার নাম সন্ত্রণ। ১৬১৬ খুষ্টাকৈ যোগসংগ্রহ রচিত হয়।
  - ১৮ অমিটোমপদভিকার, ইহার পিতার নাম বিভাকর।
- ১৯ একজন প্রসিদ্ধ লৈয়ারিক। ইনি প্রসিদ্ধ নৈরায়িক গোর্কুলনাথের কনিষ্ঠ ভ্রান্তা ও বংশধরের মাতুল।
- ২০ রাজা ভগবানদাসের প্রাতা। রাণা প্রতাপের বুদ্দে প্রাসিদ্ধি লাভ করেন। ইনিই জগমলের পুত্র রামদাসকে বধ করিরাছিলেন।
- জগন্ধাথ অবস্থি, জনৈক হিন্দী কবি। ইনি প্রথমে অবোধ্যার
  মহারাজ মানসিংহের সভার ছিলেন। [মানসিংহ দেখ।]
  তৎপরে অলবরের মহারাজ শিবদীনসিংহের আপ্রয়ে গমন
  করেন। ইনি সংস্কৃত সাহিত্যে বিশেষ বৃংপত্তি লাভ করিয়া
  ছিলেন। হিন্দীভাষার ইহার কতকগুলি কবিতা আছে।
  স্বমেরপুরে ইহাপে বাস ছিল। মিঃ প্রিরার্সন্ অস্মান
  করেন, কবিতার ইনি জগন্ধাথদান নামে খ্যাত।
- क्रश्रम्भिकलाविर, नामाक्रकः क्रश्रम् कृत्नामार नात्म शार्क।

একজন আসিত্ব সজীতলাক্ত্রিং। মোগলবাদশাহ পাহজহানের দরবারে থাকিতেন। সম্রাট্ ইহাকে "মহাক্রিরাজ" উপাধি আদান করেদ।

জগনাথ গজপতিনারারণ দেব, দান্দিশতো গলাম্ জেলার কিমেদী নামে এক বছবিত্ত জনিদারী নাছে। ইহা তিন ভাগে বিভক্ত; পারলা কিমেদী, পেজ্ঞা কিমেদী ও চিনা কিমেদী। এই তিন স্থানের জনীদারেরাই এক বংশোভূত এবং উড়িব্যাধিপতি কেশরীবংশীর বলিয়া পরিচর দিয়া থাকেন। পার্লা-কিমেদীর জনীদারগণের কাগলপত্র দেবিরা যভদ্র বুঝা যার, তাহাতে ইহাদের বংশাবলী এইরূপ পাওরা যায়—

**ক**পিলদেব ( >>> -> > > > > ( > नेत्रिश्हरम्य (२म) ( >284->264 ) ममनदम व ( > < > < - > < > > ) नात्रात्रगटनव ( なのと―・ののよく ). वाननारमव (1000-6001) **অনন্তরুদ্রদেব** (3504-5024) अग्रज्ञ जित्र ( >02e->069 ) नची नत्रिंश्र छाञ्चरनव ( >069->072) मधुकर्ग (एव ( 5054-5840 ) মৃত্যুঞ্জর ভারুদেব ( 2850-2869 ) মাধ্ব মদমস্থলর ভাতুদেব ( 8684-7858 ) চন্ত্ৰবৈতাল ভাত্মদেব ( >878->429 ) ऋवर्गनिक ভারদেব ( >659->666 ) শিবশিদনারায়ণ দেব ( > 6 9 6 -- > 6 9 0 )

( >6> -- >6> ) मूक्नक्षनाताय (पव ( >>> -- > > ( ) मुकुन्म ( म व ( 3484-3498 ) অনন্ত পদ্মনাভদেব ( > 998--> > > ) नर्कछ काज्ञार्यनात्राज्ञ (प्रव ( > 9 - 9 - 9 - 9 ) नक्रिश्हरमं (२४) ( >9 • २ -- > 9 २ > ) বীর পদ্মনাভনারায়ণ দেব ( >92>-->984 ) বীর প্রতাপক্রনারায়ণ দেব ( >984->966 ) ইনি অপুত্ৰক বলিয়া দত্তক লয়েন जगन्नाथनात्राम् ए एव ( ४१७७-- ४৮०७ ) গৌরচন্দ্র গঙ্গপতিনারারণ দেব ( 20-0-7209 ) পুরুষোত্তম গজপতিনারারণ দেব ( 2402-2480) ৰগরাথ গৰুপতিনারারণ দেব ( >>40-->+€.) বীর প্রতাপক্ত গঙ্গপতি नात्रीत्रण त्वर

( >bet • )

স্থবৰ্ণকেশরীনারারণ দেব

জগরাথ তর্কপঞ্চানন, বলদেশের একজন অধিতীর পণ্ডিত।
সন ১১০১ অবল আধিন মাদের গুরুপঞ্চমী তিথিতে ছগলি
কোশার অন্তর্গত ত্রিবেণী প্রামে জন্মগ্রহণ করেন। ইহার
পিতার নাম কর্মদেব তর্কবাগীশ। রুদ্ধ বরুসে কুল্রদেবের প্রথমা
শ্রীর মৃত্যু ছর । পূজাদি না থাকার তিনি বন্ধুগণের
অন্তরাধে ৬৪ বৎসর বয়ঃক্রমকালে বাহ্মদেব ত্রন্ধচারীর
কল্পা অধিকার পাণিগ্রহণ করেন। বিবাহের করেক বৎসর
পরে জগরাবের জন্ম হর। রুদ্ধবয়সের পুত্র বলিয়া কর্মদেব
জগরাথকে বড়ই আদের করিতেন, আদের পাইয়া জগরাথ
ক্রমেই ছর্দ্ধব হইয়া পড়িলেন। প্রতিবেশী সকলের উপর
বড়ই অত্যাচার আরম্ভ করিলেন। এই জন্ম রুদ্রদেব তাঁহাকে
মধ্যে মধ্যে তিরস্কার করিতেন।

নাত বংসর বয়সে জগরাথ পিতার নিকটে ব্যাকরণ পাঠ আত্মন্ত করিলেন। কিন্তু তিনি প্রায়ই পুত্তক পাঠ করিতেন না। একদিন ক্রন্তদেব তাঁহার উপর নিতান্ত বিরক্ত হইয়া মারিতে গেলে তিনি ব্যাকরণের পরীক্ষা দিতে সম্মত হইলেন। কিন্তু পরীক্ষাতে তিনি সমন্ত প্রশ্নেরই বথাবথ উত্তর প্রদান করিলেন। বাল্যকাল হইতেই তাঁহার অসাধারণ স্থতিশক্তির পরিচর পাওয়া যায়।

জগরাথের ৮ বংসর বয়: ক্রমকালে তাঁহার মাতার মৃত্যু হয়। কিছুদিন পরে তাঁহার জ্যেষ্ঠতাত ভবদেব আরালকার পড়াইবার জ্যু তাঁহাকে ত্রিবেণীর নিকটবর্তী বংশবাটী গ্রামেলইয়া গেলেন। জগরাথ জ্যরদিনের মধ্যেই সাহিত্য ও অলকারশাল্রে ব্যুৎপন্ন হইলেন। একদিন ভবদেব তাঁহার পিতা হরিহর তর্কালকারের জ্যেষ্ঠ সহোদর চন্ত্রশেথর বিদ্যাবাচস্পতির প্রণীত বৈতনির্ণর নামক শ্বভিসংগ্রহ জনক ছাত্রকে পড়াইতেছিলেন, তাঁহার এক হলে সল্পেহ হওয়াতে জগরাথ ভাহা স্কালকরপে ব্যাইয়া দিলেন। ভবদেব বারপর নাই সন্তর্গ্র হইয়া তাঁহাকে শ্বভি পড়াইতে জ্যারভ করিলেন।

পঞ্চদশ বৎসর বয়:ক্রমকালে জগল্লাথের বিবাহ হয়।
ভাঁহার পদ্মীর নাম দ্রোপদী। ইহার কিছুদিন পরেই ভবদেবের মৃত্যু হইল। ভবদেবের মৃত্যুর পরে জগল্লাথ ত্রিবেণীতে
কামালপুরনিবাসী রভুদেব বিদ্যাবাচস্পতির টোলে অধ্যয়ন
ক্রিতে লাগিলেন। এই সমল্লে একদিন রভুদেবের সহিত
ভাারলাল্লের প্রসিদ্ধ টীকাকার জগদীশবংশীয় নবদীপনিবাসী
রমাবল্লভ বিভাবাগীশের ঘোরতর তর্ক উপস্থিত হয়। জগল্লাথ
সেই তর্কের নীংমাসা করিয়া দেন। তিনি অধ্যাপকের নিকট
ভাারশাল্ল এবং অবসর মত নিজে অভান্ত পাল্ল পাঠ করিতেন।
২৪ বর্ষ বন্ধক্রমকালে জগল্লাথের পিতা পরলোক গমন

করেন। পিতার মৃত্যুর পরে তাঁহার অভিশব হরবছা বটিল। পিতার আদাদি সমাপনের সহিত তাঁহারও পাঠ পের হইল।

জগন্নাথ "তর্কপঞ্চানন" উপাধি বাভ করিক্স নিক্স বাটীতে একটী চতুস্পাঠী খুলিলেন। কিন্তু অন্নদিনের শ্বংগ্রই কাঁহার যশং সমস্ত বলদেশে ব্যাপ্ত হইল। দিন দিন ছাত্রসংব্যার বৃদ্ধি পাইতে লাগিল। তিনি দেশবিধ্যাত হইলা উঠিলেন। এক-দিন বর্দ্ধমানাধিপতি মহারাজ ত্রিলোকচক্র তাঁহার অসাধারণ বিদ্যাবতার পরিচর পাইল্প তাঁহাকে পাঞ্যা পরগণার অন্তর্গত হেহুয়াপেত নামক গ্রাম নিক্র দান করিলেন। পরে বর্দ্ধমানরাজ তাঁহাকে আরও অনেক ব্রক্ষোত্তর ভূমি ও একটা প্রকাশন্ত পুক্রিণী দান করিরাছিলেন।

মুর্শিদাবাদের নবাবের দেওরান রায়-রাঁয়া নক্ষকুমার উাহার শুবে সাতিশ্ব প্রীত হইয়া নবাবের সহিত তাঁহার পরিচয় করাইয়া দেন। নবাব তাঁহাকে বথোচিত পারি-তোষিক প্রদান করিয়াছিলেন। নবাবের অভ্যতিক্রমে তাহার বস্তবাটী ইষ্টক নির্মিত হয়।

কোন সময়ে নবৰীপাধিপতি ক্লফচন্দ্রের সহিত জগন্ধাপ তর্কপঞ্চাননের মনাস্তর ঘটে। রুষ্ণচক্র তাঁহাকে অবমানিত করিবার অভিপ্রায়ে বাজপেয় যজের অতুষ্ঠান করিয়া তাঁহাকে বাদ দিয়া ভারতবর্ষের আর আর সমস্ত প্রধান প্রধান পশ্তিত-গণকে নিমন্ত্রণ করিলেন। 'পাছে পশুতগণ মনে করে যে জগরাথ তর্কপঞ্চাননের নিমন্ত্রণ হইয়াছে, কিন্তু তিনি পরাজয়-ভয়ে মভার উপস্থিত হইতেছেন না।' এইরূপ চিস্তা করিয়া তর্কপঞ্চানন বিনা নিমন্ত্রণেই স্পিন্তে ক্লুচন্ত্রের যজ্ঞসভায় উপন্তিত হইলেন। তাঁহার আশ্রুর্য শাস্ত্রমীমাংসায় সকলেই চমৎকৃত হইল। কুঞ্চল তাঁহার আগমনে অত্যন্ত শচ্ছিত হইলেন। তৎপরে জগন্নাথ অপমানের প্রতিশোধ দিবার জন্ত নক্ষকমারের নিক্ট গিয়া আত্মোপাস্ত সমস্ত বলিবেন। नन्-কুমার তৎক্ষণাৎ কৃষ্ণচন্ত্রকে বাকীথাজনার জন্ত ধ্রিয়া আনিতে লোক পাঠাইলেন। কৃষ্ণচক্ত মুর্শিদাবাদে আনীত ছইলেন। সেধানে জানিতে পারিলেন যে সমস্তই জগন্নাথ তর্কপঞ্চানন হইতে হইয়াছে। অনেক স্বতি মিনতির পর वाक्रगरक मञ्जूष्टे कतिया क्रुकाहक व्यवग्रहिक शहिरमन।

জগন্নাথের ৬২ বংদর বয়দে তাঁহার পদ্মীবিরোগ হর। তাঁহার তৃই পুদ্র ও তিন কঞা জন্মে। এই সময় হইতে তিনি অধিক সময় পূজা আহিকে অভিবাহিত করিতেন।

১৭৬৫ খৃষ্টাব্দে ইংরাজেরা বালালার দেওয়ানী লাভ করেন। হিন্দ্দিগের বিচারের নিমিত্ত তৎকালে ভাঁহাদিগের বোধগাম্য গ্রাহ্ম না থাকার ভাঁহারা জগরাথ ভর্কপঞাননকে ঐক্লপ গ্রন্থ সঙ্গনে নিযুক করিলেন। তিনি স্বতিসমূল মছন করিয়া "বিবাদভদার্গবেস্তু" নামক স্বতিসংগ্রন্থ রচনা করিলেন।

ইংরাজগণ তাঁহার শুণে বাধ্য হইরাছিলেন। ক্লাইব, হেষ্টিংস্, হার্ডিঞ্, কোলক্রক, জোন্স্ প্রভৃতি মহাত্মগণ তাঁহার বাটীতে আসিয়া মধ্যে মধ্যে ছক্কছ বিষয়ের মীমাংসা করিয়া লইয়া যাইতেন।

১৭৭২ খুটান্দে স্থপ্রীমকোর্ট স্থাপিত হয়। তাহার জন্ম একজন প্রধান পণ্ডিতের আবশ্রক হইলে জগরাথকে ঐ পদ দিবার প্রান্থাব হয়। কিন্তু তিনি অন্ত্রীকার করিলে তাঁহার জ্যেষ্ঠ পোত্র ঘনস্থামকে ঐ পদ দেওয়া হইল।

তিনি করেকথানি গ্রন্থ প্রাণয়ন করিয়াছিলেন, কিন্তু তাহার মধ্যে রামচরিতনাটকের কির্দংশ ব্যতীত আর কিছুই পাওরা যার না।

বন্ধীর ১২১৪ সালে আখিন মাসের ক্লঞ্গক্ষীর তৃতীয়া তিথিতে গলাগহ্বরে ১১৩ বংসর বয়সে তিনি নখর দেহ ত্যাগ করিরা স্বর্গধামে গমন করেন। মৃত্যুকালে তিনি দশ পৌত্রকে সমান ভাগে ১ লক্ষ টাকা এবং নিজ্প আছে ও দৌহিত্র প্রভৃতির জন্ত ছত্রিশ হাজার টাকা রাখিরা যান।

আর একজন জগরাথ তর্কপঞ্চাননের নাম পাওয়া যায়, ইনি জগরাথীয় নামক স্থায়গ্রন্থ প্রণয়ন করেন।

জগন্নাথদাস, উৎকলের একজন প্রসিদ্ধ সাধুপুরুষ। উৎকলবাসী বৈষ্ণবদিগের নিকট ইনি গোলোকবাসিনী জীরাধিকার
অবভার বলিয়া থ্যাত। জগরাথচরিতামৃত নামক প্রাচীন
উড়িয়া গ্রন্থে লিখিত আছে, একদিন বৈকুণ্ঠধামে জীরাধারুষ্ণ
পরস্পর পরস্পরকে দেখিয়া প্রেমাবেশে হাস্ত করিয়াছিলেন,
তাহাতে রাধার হাস্ত হইতে জগরাধদাস এবং জীক্তকের হাস্ত
হইতে চৈতভাদেব আবিভূতি হইয়াছিলেন।

প্রীক্তকের আদেশে পাপীদিগকে উদ্ধার করিবার জন্ত জগন্নাথ দাস উৎকলে এবং প্রীচৈতক্তদেব নববীপে উভয়ে এক সময়ে জন্ম গ্রহণ করিলেন।

খ্টীর পঞ্চল শতানীর শেষভাগে পুরী জেলার অন্তর্গত কপিলেম্বরপুর নামক রাদ্ধণাসনে উৎকল রাদ্ধণের গৃহে ভাজমালে শুকাইমী বুধবারে মাহেল্র ক্ণে অগ্রাথদাস আবি-ভূতি হইয়াছিলেন। ইহার পিডার নাম ভগবান দাস পুরাণ পাঙা ও মাতার নাম প্যাবতী।

বাল্যকাল হইতেই জগলাথের হৃদরে কৃষ্ণপ্রেম অস্কুরিত হয়, কালে তাহারই সৌরভ বিস্তৃত হইয়া উৎকলবাসীকে বিম্যা করে। ইনি অল্লবন্ত্রেই কলাপ, বর্দ্ধান প্রভৃতি ব্যাক-রণ, বজু: ও সামবেদ অধ্যয়ন করেন। তৎপরে বোড়শ কি সপ্তদশ বর্ষ বরংক্রমকালে জ্রীক্ষেত্রে আসিরা ভাগবত পাঠ

কিছুদিন পরে চৈতজ্ঞদেব পুরুবোদ্ধম দর্শনে আসিলেন।
একদিন ভিনি দারুত্রহ্ম দর্শন করিয়া ফিরিয়া আসিভেছেন,
এমন সময় বড় গণেশের নিকট জগয়াধদাসকে দেখিতে
পাইলেন। জগয়াধের মুধনিংস্ত ব্রহ্মন্ততি শুনিয়া চৈতত্তের
মন মুধ হইল। এই দিন হইতে চৈতস্কদেব প্রত্যহ তাঁহার
ভাগবতপাঠ শুনিতে আসিতেন, কিছু গৌড়ীয় ভক্তগণের
ভাগাবতপাঠ শুনিতে আলিতেন, কিছু গৌড়ীয় ভক্তগণের
ভাগাবতপাঠ শুনিতে আলিতেন কথা আগ্রাহ্ম করিয়া উত্তর
করেন, "উপদিষ্ট কি অমুপদিষ্ট যেই হউক, যাহার মুথে বিশুদ্ধ
ভগবৎ নাম শুনিব, সেই আমার অমুরাগের পাত্র।"

স্বাধাণাগও এই সংবাদ পাইলেন, তিনি চৈতন্তের
মঠে আসিরা যথাবিধানে বৈক্ষবধর্ম্মে দীক্ষিত হইলেন এবং
পরমন্তক্তিতে চৈতত্তের সেবা করিতে লাগিলেন, তাঁহার প্রেম
ও ভক্তিতে বিম্ম হইয়া চৈতন্তদেব তাঁহাকে "অতি বড়"
উপাধি প্রদান করিলেন। গোড়ীয় বৈক্ষবগণের হৃদয়ে
তাহাতে আঘাত লাগিল, তাহারা পরস্পার বলাবলি করিতে
লাগিল, "আমরা এত করিয়া প্রভুর সেবা করি, তবু আমাদের
উপর প্রভু কিছুমাত্র ভুই নন, একটা উড়িয়াকে কিনা তিনি
আমাদের অপেক্ষা অধিক ভালবাসেন।"

চৈতক্সদেব সর্বাদাই জগরাথকে "অভিবড়" বলিয়া ডাকি-তেন, তাহাতে কোন কোন গৌড়ীয় বৈষ্ণব মনে মনে কুণ্ণ হইয়া পুরুষোক্তম পরিত্যাগপূর্বক যাজপুরে চলিয়া আসিয়া-ছিলেন। চৈতক্ত ভক্তগণের এক্লপ ব্যবহার শুনিয়া বরং জগরাথদানের উপর বেশী অন্তগ্রহ করিতে লাগিলেন।

ৰুগন্নাথচরিতামৃতে লিখিত আছে যে ৰুগন্নাথদাস ছয় ৰংসর কাল চৈত্সস্তান অতিবাহিত করেন।

চৈতত্তের প্রেম দেখির। জগরাথদাসের হৃদররাজ্যে সেই
রূপ প্রেমতরক্ষ প্রবাহিত হইল। তিনি নিত্য নৈমিত্তিক
সকল কর্মা বিসর্জন দিয়া কেবল পুরুষোন্তমের ভক্ত হইরা
পড়িলেন। তাঁহার ভক্তিদর্শনে শ্রীক্ষেত্রের শত শত ব্যক্তি
তাঁহার ভক্ত হইরা পড়িল। তাঁহার ভক্তির কথা রাজা
প্রতাপক্ষদের কর্ণগোচর হইল। একদিন তিনি জগরাথের
সেবকদিগকে ভাকিয়া কহিলেন, "জগরাথদাসের কি দোষ
আছে, তোমরা সন্থর আমাকে জানাইবে।"

এক দিন নিশীথ সময়ে মেধা ও স্থমেধা নামে তুইজন দেবদাসীকৈ জগরাথের গুহে প্রবেশ ক্রিতে দেখিয়া সেবহকরঃ রাজাকে আসিরা সংবাদ দিল। প্রতাপরুত্র ও তাহা প্রত্যক্ষ করিরা যেমন জগরাধকে ধরিতে যাইবেন, দেখিলেন সেই দেবদাসীঘর কোথার অন্তর্হিত হইল। রাজা বিশ্বিত হইরা জগরাথের পা জড়াইরা ধরিলেন। প্রভাতে পাত্রমিত্র আসিয়া উপস্থিত হইল। সকলের সন্মুখেই জগরাথদাস আপনাকে পুরুষোত্তমের দাসী বিশিয়া পরিচর দিলেন। জগরাথচরিতামৃতরচয়িতা লিখিয়াছেন— এই সমরে সার্বভৌম ভট্টাচার্য্য জগরাথের পুরুষ-অলে স্ত্রীচিক্ষ ও তাঁহার কৌপীনবাসে রক্ত দেখিয়া রাধিকার অবতার ভাবিয়া তাঁহার পাদবন্দনা করিয়াছিলেন। জগরাথচরিতামৃতে জগরাথ-দাস সম্বর্ধে এইরূপ অনেক অলৌকিক কথার প্রসঙ্গ আছে।

তৎপরে জগদ্ধাথ ব্রহ্মধর্ম প্রচার করিতে লাগিলেন। প্রথম ১৬ জন সাধু তাঁহার শিশ্বত্ব গ্রহণ করেন। ক্রমে আরও অনেক লোক তাঁহার শিশ্ব হইয়াছিল। এই সময় তিনি উৎকল ভাষায় শ্রীমন্তাগবত, প্রেমসাধন, ব্রহ্মাণ্ডভূগোল, দৃতীবোধ প্রভৃতি ভক্তিগ্রন্থ প্রচার করেন।

৬০ বর্ষ বয়ঃক্রেমে তিনি পুরুষোত্তমের অঙ্গে বিলীন হইলেন। (জগরাপচরিতামৃত)

এথনও উৎকলের অনেকেই জগলাথকে বিশেষ ভক্তি শ্রুদা করিয়া থাকেন।

জগন্নাথদীঘী, ত্রিপুরা সদরের অধীন একটী থানা। এই থানায় কতকগুলি আদিন অসভ্য জাতির বাস আছে, তাহারা পাহাড়িয়া নামে থ্যাত। ইহারা বলে যে প্রায় ৩০।৪০ বংসর হইল, তাহারা ইংরাজ রাজ্বতে আসিয়া বাস করিতেছে, কারণ ইতিপুর্ব্বে তাহারা স্ত্রীপুত্রহরণ, গ্রামদাহ ইত্যাদি নানা কারণে উৎপীডিত হইত।

জগন্ধাথদৈব, মাক্রাজ প্রেসিডেন্সির অন্তর্গত রক্ষা জেলার
অধিপতি। ১৪২৭ খৃঃ অব্দে কোণ্ডবীডু-রাজবংশ মুসলমানকর্ত্তক পরাজিত হইলে ইনি রক্ষাজেলায় আধিপত্য বিস্তার
করেন। পরে বিজয়নগরাধিপতি রক্ষদেব রায় ১৫০৯ (?)
খৃষ্টাব্দে ইহাকে পরাস্ত করিয়াছিলেন। জগন্নাথ দেব
বিদ্রোহাদি নানা উৎপাতে সর্বাদাই বিব্রত থাকিতেন।
রক্ষাজেলার অন্তর্গত মাচল্লাগ্রামে বিভৃতিকুও নামে একটী
তীর্থ আছে। ঐ কুওসমীপে ১০৬৬ শকে উৎকীর্ণ শিলাফলকে
বর্ণিত আছে যে ক্ধিরোদ্গারী নামে জনৈক ব্যক্তি অধিপতি
জগন্নাথদেবের সম্মানার্থ ভূমিদান করিয়াছিলেন।

জগন্ধপ্থানন, আনন্দ্র্যার একজন টাকাকার।
জগন্ধথপ্তিত, ১ তঞ্জোরনিবাদী একজন বিখ্যাত পণ্ডিত।
ইনি অখ্যাটীকাব্য, রতিমন্ম্থ নাটক ও বস্থমতীপরিণয়
নাটক রচনা করেন।

- २ "সংবাদবিবেক" नामक छात्रश्रम त्रविका।
- ৩ তঞ্জোরবাসী শ্রীনিবাসের পুত্র, জনক-বিজয়ভাণ-রচয়িতা।
- ৪ বিশ্বনাথের পুত্র, ইনি ১৫৯৬ খুষ্টাব্দে ঐপ্তিকৈকাহিক-পদতি রচনা করেন।

জগন্নাথপণ্ডিতরাজ্ব একজন বিখ্যাত তৈলক পণ্ডিত। ইহার পিতার নাম পেরম। ইহার শিক্ষাগুরুগণের নাম জ্ঞানেক, মহেন্দ্র, থণ্ডদেব, বিভাধর, পেরুভট্ট ও লক্ষীকাৰ। ইনি দিলীতে বাস করিতেন ও প্রসিদ্ধ কবি ছিলেন। ইহার কাব্যে শব্দলালিত্য ও অলঙ্কারের মাধুর্য্য অতি স্থন্দর। মোগলসমাট শাহজহানের জোঠপুত্র দারার হত্তে ১৬৫৯ খুষ্টাব্দে ইনি নিহত হন। ইহার রচিত গ্রন্থ অনেক: তন্মধ্যে অমৃতলহরী (যমুনাজোত্র), আসফ্বিলাস (নবাব আসফ্থার গুণকীর্ত্তন), করুণালহরী, গঙ্গালহরী, চিত্রমীমাংসাখগুন, জগদাভরণ, পীয়ুবলহরী, জ্ঞানাভরণকাব্য, ভামিনীবিলাস. মনোরমাকুচমর্দন, যমুনাবর্ণনচম্পু, রসগঙ্গাধর (অলছার গ্রন্থ), লক্ষীলহরী ও স্থালহরী ( স্থাতোতা ) পাওয়া যায়। ইহার মধ্যে কোন কোন পুতকে কবির যে "ভট্ত" উপাধি ছিল, তাহা জানা যায়। প্রবাদ এইরূপ যে ইনি কেবল অপ্লয়দীক্ষি-তকে আপনার সমকক জ্ঞান করিতেন। ইনি বালবিধবার বিবাহের পক্ষপাতী ছিলেন। অল্পর্যুদে ইহার এক ক্সাবিধ্বা হইয়াছিল, তাহার পুনবিবাহ দিবার জন্ম জগন্নাথ অনেক শাস্তীয় প্রমাণ সংগ্রহ করেন। কিন্তু অপর পণ্ডিতেরা তাঁহার বিরোধী হইয়াও শাস্ত্রযক্তিতে তাঁহাকে পরাস্ত করিতে না পারিয়া তাঁহার মাতাকে আসিয়া ঐ সমাদ দেন। জগন্নাথ নিজ বালবিধবা ক্সার পাত্র স্থির করিয়া মাতার অনুমতি লইতে গেলেন। जगन्नार्थत माठा পूरल्यत कथा छनिया कहिरलन, "यथन বিধবাবিবাহ শাস্ত্রদঙ্গত, তথন আমার একটা কথা আছে। তোমার কলা প্রেমরদে বঞ্চিতা, কিন্তু আমি যথন উপভুক্ত হইয়া বিধবাবিবাহ শাস্ত্রসঙ্গত জানিতেছি, তথন অগ্রে আমার বিবাহ দেওয়া কর্ত্তব্য।" মাতার কথা শুনিয়া জগল্লাথ সঙ্কল পরিত্যাগ করিলেন।

জগন্ধাথপাঠক, দেবনাডের পুত্র, স্বভাবার্থনীপিকা নামে বিষ্ণুপুরাণের টীকাকার।

জগন্ধাথপাত্তা, দাক্ষিণাত্যের একজন পাত্যরাজ, চক্সবংশীয় ৮০শ রাজা। মছরাস্থাপয়িতা কুলশেণরপাত্য হইতে ৬২ পুরুষ অধস্তন। কথিত আছে—কাঞ্চীপুরের চোলরাজ ইহার সময় পাত্যরাজ্য আক্রমণ করেন, কিন্তু ইনি তাঁহাকে পরাস্ত করিয়া জৈনধর্ম পরিত্যাগ করাইয়াছিলেন ও চোলের জৈন্-গণকে খানিগাছে নিম্পেষিত করেন। এই ঘটনা কাহারও

মতে ইহার পিতা অরিমর্লনের সমরে বটিরাছিল। ইহার পুরুদ্ধের নাম বীরবাছ। [পাঞ্জ দেখ।]

জ্ঞালাখপুর, > ছোট নাগগুরের অন্তর্গত রাঁচি সহরের ৩ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত একটা গ্রাম, বর্জমান এই প্রামে পারাজ্যের উপর জগরাধদেবের এক বৃহৎ মন্দির আহে। পুরীর মহামন্দিরের অন্তক্ষরণে এখানকার এই মন্দির নির্মিত হইরাছে। কতদিন হইল এই মন্দির নির্মিত হইরাছে, তাহা জানা বার না, তবে অনেক প্রাচীন ভাষাতে সন্দেহ নাই। রথ-বাজার সমগ্য এখানেও প্রায় ৬া৭ হাজার বাজীর সমাগ্য হয়।

২ কটকজেলার জঙ্গৎসিংহপুর উপবিভাগের অন্তর্গত একটা থানা।

জপনাথভটাচাৰ্য্য, মন্ত্ৰেশৰ নামে ভাত্তিকগ্ৰন্থ প্ৰণেতা। জগনাথ মহামহোপাধ্যায়, শিকাৰতৰ নামক সংস্কৃত ব্যাক্ষণ-প্ৰণেতা।

জগন্ধাথ মিশ্রে, ২ একজন নৈধিল গণ্ডিত, সংস্কৃতে সাধু কথোপ-কথন সহজে সভাতরক নামে একখানি গ্রন্থ রচনা করেন। ২ একজন রাদীর প্রাহ্মণ, ইনি সংস্কৃত ভাষার কথাপ্রকাশ রচনা করেন। ৩ চৈতক্তদেবের পিতা। [ চৈতক্তচক্র দেখ।] জগন্ধাথ যক্তি, একজন বিধ্যাত বৈদান্তিক, প্রশ্নস্ক্রভায়-দীপিকারচয়িতা।

জ্বানাথরায়, সারস্বত ব্যাকরণের একজন টীকাকার। জ্বানাথশাস্ত্রী, ১ ব্রজেশরী কাব্যপ্রণেডা। ২ স্থারশাস্ত্রীর

সামান্ত নিক্সিউটিকারচন্নিতা।
জ্ঞানাথসাটে, একজন বিখ্যাত অঙ্কশাস্ত্রবিদ্। ইনি সংস্কৃত
ভিন্ন আরও অনেক ভাষা জানিতেন। জন্মপুররাজ জন্মিংহের
আনেশে ১৭৩০ খুটাকে ইনি সংস্কৃত ভাষার রেখাগণিত ও

দিদ্ধান্তসারকৌন্তত বা সম্রাট্সিদ্ধান্ত রচনা করেন। রেথাগণিত ইউক্লিডের জ্যামিতি অবলম্বনে রচিত হইরাছে।

জগন্নাথ সরস্থতী, হরিহর সরস্থতীর শিষ্য, অবৈতামৃত, তক্ষীপন নামে হইখানি সংস্কৃত গ্রন্থ প্রশন্তন করেন।

জগন্ধাথসূরি, একজন বিখ্যাত স্থতিবিদ্, ধর্মকর্মবিবন্ধে 'সমুদায়-প্রকরণ' নামে এক গ্রন্থ রচনা করেন।

क्र भन्नाथरमन् करेनक कवि, शम्मावनी अर्लेखा ।

জগল্পাথেসেন কবিরাজ, গ্লাদাসকত ছল্মেন্সরীর এক টীকাকার। ইহার পিতার নাম জটাধর।

জগন্নাথা (স্ত্রী) লগনাথ-টাপ্। তুর্গা। "নমোহস্ত তে লগনাথে প্রিরে দাক্তে মহাত্রতে।" (হরিবংশ ১৭৮ অঃ)

জগনারায়ণ, ভ্বননারায়ণের পুত্র ও দেবীভক্তিরসোলাস নাবে সংক্ষত গ্রন্থ প্রতি। জগিরিবাস ( গং ) নিবস্তাত নি-বস্-ঘঞ্। নিবাস, আত্রর।
হানং জগভাং নিবাসঃ ৬৬২। ১ প্রমেখর। ২ বিভা

"লগরিবানো বস্থদেবসন্থনি।" (মাঘ ১৪১) প্রালয়কালে সমত লগৎ পরমেখরে ও পৌরাণিক মতে বিষ্ণু দারীরে দীন হইরা অব্যাহিতি করে, এই কারণে বিষ্ণুর অগারিবান নাম হইরাছে। [প্রালয় দেখ।]

জগন্ধু (পুং) স্বগতা বিশ্বকীবন্ধাতেন নম্যতে স্বগৎ-নম-ডু। ১ কন্ত । ২ স্বায়ি। (বিশ্ব)

জ্বৰ্গন্মক ল ( हो ) জগভাং মকলং ৰশ্মাৎ বহুত্ৰী। কালীর কবচৰিলেব।

"শ্ৰীক্ষগন্মকাং নাম কৰচং পূৰ্ব্বস্থিত ।" (ভৈন্নবীখও) জগনায় (পুং) ক্ষগৎস্বৰূপ, বিষ্ণু।

"ভূতভাবন ভূতেশ দেবদেব জগন্মর।" (ভাগবত ৮।২২।২১) জগন্মরী (স্ত্রী) জগন্মর-ত্রীপ্। বিনি সমস্ত জগৎ ব্যাপিরা আছেন, শক্তি।

"প্রিরভক্তে কগন্মাতঃ শৈলপুত্তি বহুদ্ধরে।" (হরিবংশ ১৭৮ অঃ) ২ লক্ষী। (মার্কণ্ডের পু° ১৮/৩২)

জগন্মদন ( দেশক ) বৃক্তেদ। ( Justicia gandarussa.) . জগন্মান্ত ( ত্রী ) জগতাং মাতা ৬তৎ। ১ ছর্গা।

জগন্মোহন বসু, সাধারণের নিকট "দেওয়ানজী" নামেই পরিচিত। ১৮০১ খুঃ অবেদ মেদিনীপুর জেলার অন্তর্গত भिक्रना आदम हैशात जन्म इत । भिजा मधुरुपन विभिष्ठ धनभानी ব্যক্তির সন্তান ছিলেন, কিন্তু শেষাবন্ধায় তিনি সমস্তই নষ্ট করেন। তাঁহার চারি পুত্র ও ছই কন্তা অলবরদেই মৃত্যুমুথে পতিত হয়। জগমোহন বাল্যকালে পঠিশালায় তৎকাল-প্রচলিত পারত ভাষা শিখিবার জত্ত থিদিরপুরে এক প্রতিবেশীর গৃহে উপস্থিত হন। তাঁহার বাসায় থাকিয়া পাকাদিকার্ব্যে নিযুক্ত হইয়া পারস্ত ভাষা শিক্ষার **टिहांत्र फितिएड गांगिरनन। इहे दिना वह राहकत्र भाकां**पि-কার্য্যের পরিশ্রমে ও অধিক রাত্রি জাগরণপূর্কক অধ্যয়ন कत्राय रानक जगत्याहर विषय खत्रतारंग चाळांख हरे-লেন। ভাঁহার নির্দর আড়ু এই সমরে ভাঁহাকে পাকাদি कार्या जन्दू तनिया भार्यवानि किह्नूरे ना निया जाजारेया দিলেন, এমন কি তাঁহার শীতবন্ধথানি যাহা তিনি मित्राहित्मन, छारा ७ का फित्रा महेत्रा विमन्न मित्मन (व "जूमि এখান হইতে চলিয়া যাও, এখানে कांनिए পাইবে না, काँनिए इस विनित्रभूद्वत (शांदन विनित्र। काँन शिवा।" वर्ग-ব্যোহন বাসা হইতে আসিরা ৰান্তবিক বিদিয়পুরের পোলে বসিয়া অনাবৃত অঙ্গে পৌষমাসের লাভণ শীতে সাঁপিতে

कालिएक कालिएक गांशिलन । अवस्थाय कालांत्र चरम्भीय একজন দ্বালু মহাজন ভাঁহার এই ত্রবস্থা দেখিয়া ভাঁহাকে লেশে পৌছাইরা দেন। এত কট পাইরাও জগন্মোহন লেখাপড়া ছাড়িতে পারিলেন না। তাঁহার বাটা হইতে প্রায় এক জোশ দূরে এক মুসলমান মৌলবী বাস করিতেন, অগবোহন তাঁহার নিকট পারস্ত ভাষা শিকা করিতে লাগি লেন। অগেন্মোহনের বাসস্থানের কিছু দুরেই একটা খাল ছিল, বৰ্বাকালে কেহই নৌকা বা ডোলা ব্যতীত ঐ খাল পারাপার হইতে পারিত না, কিন্তু জগন্মোহন প্রত্যহ পারা-পারের পর্সা দিতে পারিতেন না, কাজেই তিনি প্রত্যহ প্রাম্মছা পরিয়া পুস্তক ও পরিধেয় কাপড় মাথায় বাঁধিয়া থাল সাঁতারিয়া পার হইতেন ও মৌলবীর নিকট ঘাইতেন। এই সময়ে তিনি গ্রাসাক্ষাদননির্বাহের জন্ম প্রায় সমস্ত রাতি আগরণপুর্বাক স্বহন্তে তৎকালের পাঠশালার ব্যবহার্য্য পুত্তক দাতাকর্ণ, গলার বন্দনা প্রভৃতি লিখিয়া দিয়া কৃষক্দিগের নিকট যে তওলাদি পাইতেন, তাহাতেই দপরিবারে প্রাণ ধারণ করিতেন। এইরপ অদম্য উৎসাহে ও চেষ্টায় তিনি একজন স্থপ্রসিদ্ধ মুন্সি হইয়া উঠিলেন।

**अथाय को बनाती जानागर** मानिक द होको दिखान কার্যারম্ভ করেন। তাঁহার কার্য্যকুশলতা ও বিভাবভার সম্ভ হইয়া কালেক্টর সাহেব তাঁহাকে মীর মুন্দীর পদ প্রদান করেন। ঐ সময়ে তিনি একবার তিন বৎসরের জন্ম মেদিনীপুরের দক্ষিণ মাজ্না প্রভৃতি পরগণার তহসীলদারের পদে নিযুক্ত হন। ১৮৪৬ খুষ্টান্দে তিনি অভিলবিত কালেক্টারীর দেওয়ানের পদ পাভ করেন। কএক বৎসর কার্য্য করিয়া জগন্মোহন অনেক অর্থসঞ্চর করেন, কিন্তু সে কালের আমলাগণের ভার বিশেষ কৃটপন্থা ভাষলম্বন করিতেন না। তিনি অত্যস্ত উন্নত-মনা 😮 দয়ার্কচেতা ছিলেন। দেওয়ান হইলে পর তাঁহার পরিচিত লোকের সম্পত্তি তিনি জানিতে পারিলে বাকী রাজ্বস্বের জন্ত নিলামে বিক্রীত হইতে পারিত না। টাকা দিয়া বিষয়রক্ষা করিতেন। তিনি নিজ গ্রামে এক অতিধি-শালা করেন। প্রতিবংসর জগন্নাথের ও গঙ্গাসাগরের শত শত সন্ত্যাসী বাত্ত্ৰীদিগকে আহাৰ্য্য বস্ত্ৰ ও কিছু কিছু পাথেয় প্ৰদান করিতেন। মেদিনীপুরের নিজ বাটীতে অনেক দরিত্র সম্ভানকে অল দিয়া লেখাপড়া শিথাইতেন এবং অনেক शिन निविद्य बांक्स ७ व्यक्षां शिक्टक वार्षिक वृद्धि निर्देशन । ক্ষ্যাদারগ্রস্ত বে কোন লোক তাঁহার নিকট আসিলে তিনি লালোকারের জন্ত যথেষ্ঠ সাহাষ্য করিতেন। তাঁহার দেওয়ান হইবার কিঞ্চিৎ পূর্কে পিললা অঞ্চল ছণ্ডিক হয়, তিনি প্রত্যেক দরিজের খবে ধরে গিরা ভাহাদের জীবন রক্ষার উপায় করিয়া দিয়াছিলেন। অধিক কি, ভাঁহার পূর্ব্বোক্ত নির্দয় প্রভ্যুর মৃত্যু হইলে ভাঁহার পুত্রকে লালন পালন করেন ও স্থীয় ভাগিনেয়ীর সহিত ভাহার বিবাহ দিয়াছিলেন।

সাধারণের জলকট্ট নিবারণার্থ তিনি কতক গুলি সরোবর ধনন করাইরাছিলেন। সাতপুত্র রাধিরা ও বৎসরকাল পেন্সন্ ভোগ করিরা জগন্মোহন ১৮৬৫ খৃষ্টান্দে প্রলোক গমন করেন।

জগমোহিনী (জী) জগন্তি মোহরতি মুহ-ণিচ্-ণিনি ৬তৎ জিয়াং ভীপ্। ১ মহামায়া। ২ হুর্গা।

জগন্মোহনী সম্প্রদায়, বাঙ্গালাদেশের পূর্ব্বথণ্ডে এই নামে এক শ্রেণীর সম্প্রদায় আছে। বজে যথন মুসলমান অধিকার, তথন রামক্রফ গোসাই নামে এক ব্যক্তি এই সম্প্রদায় প্রব্রেতিক করেন। এই সম্প্রদায়ীরা বলে যে রামক্রফেরও পূর্বেজ জগন্মোহন গোঁসাই নামে এক ব্যক্তি এই ধর্ম্মোণাসনার স্ত্রপাত করিয়া গিয়াছিলেন বিনিয়া তাঁহারই নামে সম্প্রদায়ের নামকরণ হইয়াছে। প্রবাদ আছে, জগন্মোহন উৎকলের একজন রামানন্দী বৈষ্ণবের নিক্ট উপদেশ গ্রহণ করিয়া ভেক ধারণ করেন। জগন্মোহনের শিশ্য গোবিন্দ গোঁসাই, গোবি-ন্দের শিশ্য শাস্ত গোঁসাই, এই শাস্তের দিশ্য রামক্রফ গোঁসাই।

রামক্ষের সময়ই এই মতের সমধিক প্রচলন হয়। এই সম্প্রদায়ের লোকেরা বলে বে ন্যনাধিক পাঁচহান্তার লোক এখন এই সম্প্রদায়ভূক। বাঙ্গালার পূর্বাঞ্চলে ইহাদের অনেক-গুলি আথ্ড়া আছে। আথ্ড়ার প্রধান প্রুষ্থের উপাধি মোহাস্ত। শিশ্বনিগের অভীপ্ত সিদ্ধ হইলে তাহারা আথ্ড়ার মানসিক ভোগাদি প্রদান করে, এইরূপে সংগৃহীত অর্থ ও জ্ব্যাদি হারাই ঐ সকল আথ্ড়ার ব্যয় চলে। ইহারা নিশ্রণ উপাসক, কোন সাকার দেবতার অর্চনা করে না। গুরুকেই মৃর্ষ্থিমান্ পরমেশ্বর বলিয়া স্বীকার করে ও তাঁহাকেই আণকর্ত্তা বলে।

দীক্ষাকালে ইহারা "গুরু সতা" এই বাক্য উচ্চারণপূর্বক গুরুকে প্রত্যক্ষ দেবতা বলিয়া স্বীকার করে ও তাঁহার নিকট ব্রহ্মনাম গ্রহণ করিয়া তাঁহার উপাসনা অবলম্বন করে। ইহাদের কোন সাম্প্রদারিক গ্রন্থ নাই, কতকগুলি ধর্মসঙ্গীতই প্রধান অবলম্বন। এই সকল সঙ্গীতের নাম নির্ব্বাণ-সঙ্গীতঃ।

সাবুদ্ধে ভাই, পূর্বজ ওল কেমন ভাবে পাই। ছাড়িয়া স্কল মায়া, প্রভুর পদে লও ছারা; ্জন্তকালে কার লক্ষ্য নাই।

এখালে একটা নির্কাণ-সঙ্গীত উদ্ভ হইল— রাগিনী সায়ল।

আছান্ত উপাসক সম্প্রদায়ের ভার ইহারা গৃহী ও উদাসীন এই বিবিধ, তন্মধ্যে গৃহীই অধিক।

জ্ঞান্বংশী, অঘোধ্যার অন্তর্গত ফতেপুর জেলার কোরা পরগণার মধ্যে এক শ্রেণীর রাজণ আছে, তাহারা আপনাদিগকে
জগন্বংশী বলিয়া পরিচয় দেয়। ইহাদের জমীদারী আছে।
শাহজহানপুরের গৌতম ঠাকুরেরাও এই শ্রেণীভূক বলিয়া
বেধধ হয়। কোরার মধ্যে অর্থাল নামক হানে এক বংশের
লোকেরা আপনাদিগকে গৌতম ঠাকুরদিগের আদিবংশ
বলিয়া পরিচয় দেয় এবং গৌতম ঠাকুরেরাও তাহা শ্রীকার
করেন। শাহজহানপুরে ৩৭ থানি গ্রাম গৌতম-ঠাকুরদিগের
অধীনে আছে।

জগর (পুং) জাগর্তি যুদ্ধক্ষেত্রেখনেন জাগৃ-অচ্, প্যোদরাদিবৎ গাধু:। কবচ। (ছেম)

জগল (পুং) জন-ড, জঃ জাতঃ সন্গলতি গল-অচ্। ১ মদ্যক্ত,
মেওয়া। (অমর) পর্যায় মেদক। ২ মদ্নবৃক্ষ। ৩
মদিরাবিশেষ, পিইম্লা। [মদ্য দেও।] (অ.) ৪ ধ্র্ত।
(মেদিনী)(ক্লী) ৫ কবচ। ৬ গোমর। (রত্নালা)

क १२ (हिन्ही) जात्रशा, ज्ञान।

জগা, কাশীর 'ভট্ট' উপাধিধারী রান্ধণ শ্রেণীর মধ্যে একশাথা জগা নামে থ্যাত। এই ভট্টগণ জনৈক মহারাষ্ট্র রান্ধণ ময়ুর-ভট্টের ঔরসে ও সর্ক্রিয়া জাতীয়া কোন কামিনীর গর্ভে উৎপন্ন হইয়াছে। ইহারা সঙ্করদোধান্তি কি না জানা বার না।

জগাই, একজন বিধ্যাত বৈষ্ণবদ্ধেরী, নিত্যানন্দের অস্থ্রহে বৈষ্ণবধ্ধে দীক্ষিত হয়। [নিত্যানন্দ দেখ।]

জগাৎ ( আরবী ) > ভিক্ষা। ২ কোরাণ-নির্দিষ্ট ভিক্কের দেবায় দত্ত সম্পত্তি। ৩ গুরু, কর।

জগাতী (আরবীজ) ভ্রু আদায়কারী।

জ্বগান্দি ( লগাঙ্জি ) পঞ্জাব প্রদেশের অধালা জেলার উত্তরপূর্ব তহসীল। পরিমাণ ফল ৩৮৭ বর্গমাইল। গম, যব, বাজ্রা, ছোলা এই তহসীলের প্রধান শস্তা। এথানে একজন তহসীলদার একজন স্কোফ ও অবতৈনিক ম্যাজিট্রেট থাকে। ৩টা দেও-য়ানী ও ২টা ফৌজদারী আদালত আছে। ইহার সদরের নাম

> শ্বিনাশে কর মন, বৃদ্ধি কর দিতি, হেলার ভরিবা ভব, পাইবা মুক্তি, হীন রামদানে বলে, আমি হেলার বড় হীন। কুপা করি য়াব পদে না বাসিও ভিন।

আরও কতকণ্ডলি গান দেখা পিরাছে, সকল গুলিতেই রাম্ধাস ও গোবিদ্দাস ইত্যাকার দাসাপ্ত ভবিতা দেখা বার, কোধ হর ইহালেরও উদাসীনেতা দাসাপ্ত নাম গ্রহণ করিয়া থাকে। क्यां जि । हैरा ७० >० क्यां वर जाचि १९ २० 82 । यत्ना নদী হইতে পশ্চিমে অতি অৱ দূরে অবহিত। লোকসংখ্যা ১৩०२२, हिम्मूत मरथाहि अधिक। निथ अञ्चानदात शृद्ध এখানে সামাক্ত গ্রাম মাত্র ছিল। निश्विकशी वृष्टिश-निवानी রায়সিংহের যতে বণিক ও শিরকারের। বাস করে ও তাঁহার সময় হইতেই জগালি বিখ্যাত হইয়া উঠে। নাদিরশাহ এই नगत थ्वःत्र करतम, किन्ह ১৭৮० चुहोरम त्राव्रतिः हेहा भूनताव श्रापन करत्रन। ১৮२२ पृष्टीरक এই दान देश्त्राकाधिकारत আদে। নিকটবৰ্ত্তী পাৰ্বভ্যিপ্ৰদেশ হইতে এথানে লোহা ও তামা আমদানী হর। ঐ সকল ধাতুনির্বিত পাত্রের জন্ম এই সহর প্রসিদ্ধ। থোদিত পিত্তলের কারুকার্য্য এখানে যেমন স্থন্দর হয়, এমন কোপাও হয় না। এখানকার পিতল ও তামার वांगनानि छै: भः अप्तर्भ ७ ममछ भक्षारव ब्रश्नानी इहेग्रा পাকে। পার্কতা প্রদেশ হইতে সোহাগা পরিষারের দ্রবাদি आमनानी इत अवः अथान इहेट वाकानारमर तथानी इत। এখানে তহুসীল কাছারী, থানা ও সরাই আছে। এথানকার একজন দেশীয় মহাজন পৃথিক ও নিরুপায়দিগকে অর্দ্ধসের হিসাবে আটা দান করেন।

জ্পালুর, মহিস্থররাজ্যে চিত্তলত্র্প জেলার একটা গ্রাম।
ইহাই আবার কল্পপা তালুকের সদর। ইহা চিত্তলত্র্প সহর
হইতে ২২ মাইল পশ্চিমে। এথানকার লোকসংখ্যা ২৫১০,
অধিকাংশ লিলায়ত। এথানকার বাড়ীগুলি সুেটের মত
পাথরে নির্ম্মিত হয়। এখানে একটা বৃহৎ সরোবর আছে।
জ্বনী, ময়ুরশ্রেণীভূক্ত একপ্রকার পক্ষী। ইহাদিগকে সিমলার
পাহাড়ে ও তিরিকটবর্ত্তী হলে দেখা যায়। উত্তর পশ্চিম
প্রদেশে ইহাদিগকে জেওয়ার, জোওয়ার, জবাহীর বা জৈর
বলে। সিমলার পাহাড়ে জহ্গা ও লুকি এবং কুমায়ন
প্রদেশে শিংমানাল অর্থাৎ শৃক্ষবিশিষ্ট মোনাল বলে।
সিমলা পাহাড়ে শিকারপ্রের সাহেবের। ইহাদিগকে আর্গাস্
কেজান্ট বলে।

ইহাদের মধ্যে পুরুষগুলির মন্তক কৃষ্ণবর্ণ, চূড়ার অগ্রতাগ রক্তবর্ণ, গলার পার্শ্বর গাঢ় রক্তবর্ণ, পৃষ্ঠদেশ গাঢ় পাটল, এই সকল স্থানে সঙ্গ সরু অনিয়মিত কৃষ্ণবর্ণের ডোরা আছে, ডানার পালক গাঢ় রক্তবর্ণ। পালকের কলমগুলি কৃষ্ণবর্ণ, দীর্ঘপুচ্ছের পালক কৃষ্ণবর্ণ, কিন্তু প্রত্যেক পালকের গোড়ার দিক্ হইতে শ্বেভান্ত পাটল ডোরা টানা। গলা ও ঘাড় সিন্দুর বর্ণ। এই সিন্দুর বর্ণের নিমেই ধ্যল ও পীত-বর্ণের কতকগুলি কাঁটার মত কঠিন পালক আছে, বক্ষত্বল ও নিয়ন্তাগ কৃষ্ণবর্ণ, কিন্তু মান রক্তবর্ণের অব্র ছায়া পাওয়া খার; এই ছানের প্রত্যেক পালকে একটা করিয়া শালা বিন্দু
আছে। ঠোঁট ক্ষণত। ঠোঁটের ছই পার্ছে প্রের স্থার
মাংসল কাটা জয়ে।

ইহা লবে প্রায় ২৭।২৮ ইঞ্চ। স্ত্রী জাতীরের মন্তক হইতে লমত দেহের উপরিভাগে গাঢ় ও তরল পাটল বর্ণ এবং ক্লয়ান্ত-বর্ণের মিশ্রবর্ণের পালক এবং পালকের মুখে মুখে পীতবর্ণের ক্লুদ্র ক্লুদ্র রেখা আছে। দেহের নিয়ভাগ পাংগু পাটল কিন্তু সর্ব্বের শালা বিন্দু আছে। স্ত্রীজাভির পুল নাই। ইহারা লবে ২৪ ইঞ্চ। পুংশাবক প্রথমে ঠিক স্ত্রী পক্ষীর মত দেখাইতে থাকে, তৎপত্রে বর্থন বর্গ বিত্তীয় বৎসরে পড়ে, তথন হইতে দেহের বর্গ পরিবর্ডিত হইতে থাকে এবং তৃতীয় বৎসরে বর্ণাদিতে ঠিক পুংপক্ষীর পূর্ণদেহ প্রাপ্ত হয়।

এই জাতীর স্থান্ত পক্ষী পশ্চিম নেপাল হইতে উ: প:

হিমালরের বহুদ্র পর্যন্ত দেখা বায়। অনেকে বলেন সিমলা বা
মুসৌরীর নিকট এই পক্ষী অধিক দেখা বায় না। আলমোরাতে
ইহাদের সংখ্যা অধিক। চিরত্বারার্ত হানের অভি নিকটে
নিম্নে গভীর অকলে ইহারা বাস করে। এক হানে একটিমাত্র
বা দ্রে দ্রে কতকশুলি থাকে। শীতে ইহারা নামিয়া আরও
নিম্নে ওক্, বাদাম ও দেবদারু বনে বাস করে। পাহাড়ে
বাশের হুর্গম ঝোপেই ইহারা থাকিতে ভালবাসে। যেথানে
দল বাঁধিয়া থাকে, সেখানে ২২টার বেশী থাকে না। প্রতি
বৎসর শীতে এক হানে আসিয়া বাসা বাঁধে। বড় ঝড় বা
আন্ত উৎপাতে ইহারা বন হইতে বিতাড়িত হইলে পাহাড়ের
ঝোপে গিয়া বাস করে।

ইহারা ভয় না পাইলে কথন শব্দ করে না। ইহারা
ভীত হইলে ক্রমাগত ঠিক ভেড়া বা ছাগল ছানার মত চেচার,
প্রথমে আলাপ আরম্ভ করিয়া পরে স্বরের মাত্রা চড়াইতে
থাকে, শেষে অতি চীৎকার করিয়া সঙ্গে সঙ্গেরা গলায়।
বেখানে ইহারা উত্তাক্ত হয় না, সেখানে ইহারা বড় নিশ্চিস্ত
হয়া বাস করে, এমন কি অতি নিকটে মাহুষ আসিলেও
ভয় পায় না। উড়িবার সময় ইহারা ডাকিতে থাকে, কিন্তু
একবার উড়িয়া পুনরায় বসিলে আর ডাকে না। একটাভয়
পাইয়া ভাকিয়া উঠিলে একত্র য়তগুলা থাকে, সবগুলা
একবারে ডাকিয়া উঠে। ইহারা উড়িলে উপরে উঠে না,
ক্রমাই নিয় পর্বভের ঝোপের দিকে বা বৃক্ষাভিমুখে নামিতে
থাকে। ইহারা চিলের মত পাক দিয়া উড়ে। ইহারা
বড় চড়ুয়। বরক গলিতে আরম্ভ হইলে ইহারা শীতের:বাসা
পরিভাইন ক্রিয়া উপরের দিকে চলিয়া যায় এবং পরম্পার
ছড়াইয়া পড়ে। যতদ্র পর্যান্ত বৃক্ষণতাদি দেখা যায়, ইহারা

৭ ইন্দ্রংশীর একাদশ রাজচক্রবর্তী। (হেম ৩।৩৫৮) ৮ নারারণের পার্যচর। জয় ও তাহার প্রাতা বিজয় বৈকুঠে বিকৃর ঘার রক্ষা করিতেন, কোন লমতে উভরে শনকাদি বিবিগাকে হরিদর্শনে বাধা প্রাদান করিরাছিলেন, ঋষিগণ ক্ষ হইয়া ইহাদিগকে অভিশাপাত করেন। সেই অভিশাপে লয় প্রথমে হিরণাক্ষ, পরে রাবণ, তৎপরে শিশুপাল হইয়া এবং বিজয় প্রথমে হিরণ্যকশিপু, পরে কুন্তকর্প ও তৎপরে দন্তবক্র হইয়া সত্যা, কেতা, ঘাপর, এই ভিনযুগে জন্মগ্রহণ করে এবং নারায়ণ-হত্তে হত হইয়া মুক্ত হয়। সর্বাণি ভূতানি জয়তীতি, জীয়তে সংসারং অনেন বা। ৯ বিকৃ।

সর্বাণি ভূতানি জয়তীতি, জীয়তে সংসারং অনেন বা । ৯ বিষ্ণু । ( ভারত ১৩১৪৯৩ )

১০ নাগবিশেষ। (ভারত ৫।১০৩।১৬)

১১ একজন দানবরাজ। ( হরিবংশ ২৩৪।৮৩)

১২ দশম মন্বন্তরীয় একজন ঋষি। (ভাগণ ৮।১৩।২১-২২)

১৩ ধ্রুবংশীর বংসর নৃপতির পুত্র। ( ভাগ' ৪।১৩।১২ )

১৪ বিশ্বামিত্র ঋষির এক পুত্র। (ভাগ॰ ৯।১৬।৩৬)

১৫ উর্বাশীগর্জনাত পুরুবস্থর এক পুত্র। (ভাগণ ৯।১৫।১)

১৬ একজন রাজর্ষি। (ভাগ° ২৮।১৪)

১৭ ধৃতরাষ্ট্রের একটা পুত্র। ( ভারত ১।৬৩।১১৩)

১৮ সঞ্চারাজের পুত্র। (ভাগবত ৯।১৭।১৬)

১৯ মুযুধান নৃপতির পুত্র। (ভাগবত ৯।২৪।১৪)

২০ ভারতাদি শান্তবিশেষ।

"অষ্টাদশ পুরাণানি রামস্ত চরিতং তথা।
বিষ্ণুশর্মাদিশান্তাণি শিবধর্মান্ট ভারত ॥
কাষ্ণ্য গঞ্চমো বেদো যন্মহাভারতং স্মৃত্য।
শৌরান্ট ধর্মা রাজেক্স । মানবোক্তা মহীপতে॥
জায়েতি নাম এতেষাং প্রবদন্তি মনীবিশ:।" (ভবিশ্বপূং)

২১ দকিণদারিগৃহ। (শকার্থচিস্তামণি)

২২ বার্হস্পত্যসম্বৎসরের প্রোষ্ঠপদ নামক ষ্টযুগের ভূতীয় বংসর।

এই বর্ষে অভ্যন্ত উদ্বেগ ও বৃষ্টিপাত হয়। ( বৃহৎস' ৮।৩৮) এই বৎসরে ক্ষান্তির, বৈশ্র, শুদ্র, নটনর্ভক সকলই পীড়িত হইয়া থাকে। (এজ্যাতি )

২২ অগ্নিমন্থ বৃক্ষ। ( অমর ) ২৩ পীতমুলা। (ছেম ৪।১৩৮) ২৪ স্থা।

শুজুয়ো বিশালো বরদো সর্ক্ষধাতুনিষেচিতা।" (ভা॰ এ।এ।২৪) ২৫ ইক্স। (হেম) ২৬ দেবভেদ। (বায়ুপু॰)

২৭ ইক্সপুতা জয়ন্ত। "জয় ইতি চ নৈপ্পতি ক্রেশ্চানিলে ২ডান্তরপদেরু।" (বরাহ—বৃহৎসংহিতা ৫২।৪৮)

২৮ বিদেহরাজবংশীয় স্ক্রাতের প্রা । (বিষ্ণুপু । ৪।৫।১৪)

২৯ শ্রুতের এক পুত্র। (ভার্গণ সাস্থাবর )

৩০ সংক্রতির এক প্রা ( ভাগ ৯।২৭।১৮ )

७) मक्षत्र भूजरकम् । (कांगः भारभार )

৩২ করের পুত্র অশোক। (বৌদ্ধশাস্ত্র)

জয়ক (ত্ৰি) জন-কন্ (আৰ্কবাদিভাঃ কন্। পা cicies) জনবুক। জয়কণ্ঠ, শক্তিকণাৰ্ভ একজন প্ৰাচীন কৰি।

क्युकद्रव [ बददाम छात्रभक्षामन (मर्थ । ]

জয়ক্ষ, ১ একজন সংস্কৃত গ্রন্থকার। ইনি বদরিকাশ্রমধাত্রা-পদ্ধতি, ভক্তিরন্ধাবলী, হরিভক্তিসমাগম প্রভৃতি গ্রন্থ রচনা করেন।

২ রূপদীপক্সিজল-রচয়িতা।

ত একজন বিধ্যাত সংস্কৃত কবি, বালক্ষের পুত্র। ইনি অজামিলোপাথ্যান, ক্ষক্ষেত্রে, ক্ষকরিত্র, প্রবচরিত, প্রহলাদ-চরিত, বামনচরিত্র প্রভৃতি সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করেন।

৪ কবিচন্তোদর ধৃত একজন কবি।

একজন হিন্দী কবি, তবানীদাসের পুত্র। হিন্দীতে
 ছন্দসার প্রথমন করেন।

জয়ক্বাঞ্চ তর্কবাগীশ, একজন সার্ত্তপণ্ডিত, ইনি আদ্ধর্ণণ নামে স্বতিসংগ্রহ, দারাধিকারক্রমসংগ্রহ ও জীমৃতবাহনরচিত দারভাগের দারভাগদীপ নামে টীকা রচনা করেন।

জয়কৃষ্ণমোনিন্, একজন বিধ্যাত শালিক। রঘুনাথভটের পুত্র ও গোবর্জনভটের পৌত্র। ইনি কারকবান, লঘুকৌমুনী-টীকা, বিভক্তার্থনির্ণয়, বৃত্তিদীপিকা, শলার্থতকামৃত, শলার্থ-সারমঞ্জরী, ভ্রজিচক্রিকা, ক্যোটচক্রিকা, সিজান্তকৌমুনীর বৈদিকপ্রক্রিয়ার স্থবোধিনী নামে টীকা প্রভৃতি রচনা করেন।

জয়কেস্রিন্, হর্গলোকার্থ নামে হর্গামাহাল্ক্যের টাকাকার।

জয়কেতৃ, কাসকুজের একজন রাজা। ( তাপীৰও )

জায়কেশি, > গোরার একজন কাদম রাজা। ইনি ১-৫২ খৃঃ
অবল রাজ্য করিতেন। ২ উক্ত জায়কেশির পৌতা। ৩ ঐ বংশীর
একজন রাজা, বিজয়াদিডোর পূত্র। ইনি ১১৭৫ খৃঃ হইতে
১১৮৮ পর্যান্ত রাজ্য করিতেন।

জয়কোলাছল (পুং) জয়ত কোলাছলো যত্র বছরী, জয়ত কোলাছলঃ, ৬তং। ১ কলকলম্বনি, জয়ধ্বনি, জয়স্চক শস্ব-বিশেষ। ২ জয়পুত্রক, পাশকডেদ। (শন্তর্মুং)

क प्रत्के (क्री) भूगा हान वित्व ।

জয়গড়, বোৰাই প্রেসিডেলির রন্ধগিরি জেলার অন্তর্গত একটা বন্দর। অক্ষা ১৭ ১৭ উ:, দ্রাখি ৭৩ ১৫ পু:। বোৰাই সহর হইতে প্রার ৯৯ মাইল ক্ষিণে শাল্রী বা সক্ষেশ্বর নদী-তীরে অবস্থিত। এখান হইতে গুড় এবং আলানী কার্চ রপ্তানি হয়। বিবেশ হইতে লবণ ও চাউলের আমদানি হইরা থাকে। স্তাভি ইহার সমুদ্ধির আনেক প্রাম্ হইরাছে। এথানে একটি বৃহৎ তুর্গ আছে। তুর্নটি বিজয়-প্রের রাজার নির্দ্মিত। নারক নামে একজন বস্থা এই তুর্নে আড্ডা ছাপন করিয়াছিল। ১৫৮৩ এবং ১৫৮৫ খুঃ অক্ তাহার সহিত পর্জু গীজদিগের এবং বিজরপুররাজের যুদ্ধ হইরাছিল। বুদ্ধে উভরেই পরাত্ত হইরাছিলেন। ১৭১৩ খুঃ আকে তুর্গটি অলিুর নামক মরাঠা-নৌদ্ব্যের হত্তগত হয়। তৎপরে ১৮১৮ খুঃ অক হইতে পেশবাদিগের অধঃপতনের পরে ইংরাজারাজ ইহার অধিকারী হইরাছেন।

জয়গুপ্ত, শার্ক ধরগৃত একজন কবি। জয়গে†পাল, সেবাফলবিবরণ-টাকা-প্রণেতা।

सप्तराशील उर्कालकात्र. এक्यन विशां शिखा । नरीता জেলার (বর্ত্তমান ঘশোর জেলার) অন্তর্গত বজরাপুর গ্রামে ১৭৭৫ খুষ্টান্দে জন্মগ্রহণ করেন। ইহার পিতা কেবলরাম তর্কপঞ্চানন নাটোর-রাজের সম্ভাপপ্তিত ছিলেন। কেবল-त्रास्मत । পूल-त्रपुरुम, मनाभित, तनकत, कानिमाम ও জরগোপাল। রত্ত্ব সর্বজ্যে ও জরগোপাল সর্বাক্ষিত। ইহাদের কৌলিক উপাধি ভট্টাচার্য। কেবলরাম বৃদ্ধ বন্নসে ১৭৮% चुड़ीरन कनिर्ड भूख सम्मानामान महत्र कत्रिया कानी-বাসী হন। জ্যেষ্ঠপুত্র রঘুত্তম নাটোরের সভাপতিতের পদসাভ कतिया "वागीकर्थ" आथा। धाश इटेग्नाइटन्न । हेनि नार्हात-রাজসভায় স্বীয় অসাধারণ পাণ্ডিভ্যের পরিচর দিয়া এক क्यिमात्री नाङ करतन। वक्षताश्रात्रत्र छहे। हार्यावः भ त्महे क्यिमात्री ভোগ করিতেছেন। স্বর্গীর বিভাসাগর মহাশর এই রভ্তম বাণীকণ্ঠের নিকট হইতে প্রাপ্ত একখণ্ড হস্তলিখিত "উত্তর-রচিত" নাটক ও কাশী হইতে প্রাপ্ত অপর একখণ্ডের সাহায্যে সর্বপ্রথম উত্তরচরিত মুদ্রিত করেন। বিভাসাগর মহাশয় উত্তরচরিতের ভূমিকায় এই কথা স্বীকার করিয়া গিরাছেন।

জনগোপাল কানীতে শিক্ষালাভ করেন। সাহিত্যাপারে তাঁহার অসাধারণ বাৃৎপত্তি ছিল। তাঁহার সমসামন্নিকদিগের মধ্যে তিনি একজন অধিতীর শান্ধিক ছিলেন। ১৭৯৫ খুটান্ধে জনগোপালের প্রথম বিবাহ হর। ১৮০৩ খুটান্ধে তাঁহার পিতা ৮কানী লাভ করেন। পিতার সৃত্যুর পর তাঁহার সাংসারিক কট উপস্থিত হর। নানাছানে জনেক চেটার পর ত্রিশবর্ধ বরক্তমকালে ১৮০৫ খুটান্ধে প্রারশ্যের কেরি সাহেবের কর্ম শীকার করেন। তিনি ৪৬ বর্ষ বরসে বিতীর্ধনার দারপরিগ্রহ করিবাছিলেন।

্ জনগোপাল খীন প্রজিভাবলে ১৮১৩ খুয়ান্দে সংস্কৃত কলেজেন সাহিত্য অধ্যাপকের পদে নিযুক্ত হন। ১৬ বর্ষ

তিনি কলেভে ছিলেন। বিভারাগর, তারাশকর, মদনমোহন, আশচন্ত্র প্রভৃতি বলরত্বগণ সকলই তাঁহার ছাত্র। জয়গোপাল তখনকার ত্বশ্রীমকোর্টের জজ পশ্তিতদিগের অস্ততম ছিলেন। স্থবিখ্যাত মিসনরী কেরী ও মার্সম্যান তাঁহার নিকট সংস্কৃত ও বালালাভাষা অধ্যয়ন করেন। উপরোক্ত মিসনরীদ্ব কর্তৃক জীরামপুরে বালালা মুক্রাযত্ত্রের প্রতিঠা হইলে ক্বভিবাসের রামারণ ও কাশিরামদাসের মহাভারত জয়গোপাল তর্কালভার কর্তৃক পরিশোধিত হইয়া প্রথম প্রকাশিত হয়। বঞ্জাবার বর্ত্তমান উন্নতির স্ত্রপাত মিসন্রীদিগের যত্নেই হইয়াছিল। ধরিতে গেলে জয়গোপালই এই উন্নতির মূলে সর্বপ্রথম শক্তি-সঞ্চার করিয়া মাভূভাষার নব-জীবন দান করিয়াছেন। স্নতরাং বাঙ্গালী মাত্রেই তাঁহার নিকট ঋণী। অপর দিকে জয়গোপাল একজন স্থকবি ছিলেন। তিনি বাদালা ভাষায় যে সকল কবিতা রচনা করিয়া গিয়াছেন তাহার সকলই স্থললিত ও कविष्मपूर्व। व्यक्ष्मा वक्रावान एव क्रु छिवारमञ्ज त्रामात्रण ७ কাশীদাসের মহাভারত প্রচলিত আছে, উহার অধিকাংশই জন্মোপালের ক্বিত্বের সাক্ষান্তল। আসল রামান্ত্রণ মহাভারত এখন মিলে না। ক্লিভিবাস ও কালিরামদাস দেখ।

যদিও জরগোপাল একজন স্থকবি ও স্থপণ্ডিত ছিলেন,
প্রথমে রামারণাদি প্রকাশ করিরা দরিত্র বলবাসীর অনেক
উপকার করিয়া গিয়াছেন, কিন্তু তিনি বালালার প্রাচীনতম
গ্রন্থ রামারণের সংস্থার করিয়া প্রাচীন বলসাহিত্যের ঘোর
আনিষ্ট করিয়া গিয়াছেন। প্রাচীন বালালাভাষা কিন্নপ ছিল,
জানিতে হইলে প্রাচীন গ্রন্থ অবিকল মুদ্রিত হওয়া উচিত,
কিন্তু জয়গোপাল তাহা না করিয়া রামায়ণ সংশোধন ও নিজ
রচনা সংযোজিত করায় মুদ্রিত রামায়ণের অনেক স্থানে
রসভল এবং প্রাচীনম্বের লোপ হইয়াছে।

শ্রীরামপুর সংস্করণের মহাভারতে বিরাটপর্কের স্চনার—

"বন্দ মহামুনি ব্যাস তপস্থা-তিশক

মহামুনি পরাশর যাহার জনক"

ইত্যাদি ভারতপ্রণেতা ব্যাসের যে একটা স্তব আছে, উহা জয়গোপালের সম্পূর্ণ নিজস্ব। অন্ত কোন সংস্করণের পুস্তকে আমরা ঐ স্তবটা দেখিতে পাই না।

এতথ্যতীত তিনি কবি বিষমদলক্ষত হরিভক্ত্যাত্মিক। সংস্কৃত কবিতাগুলির বদাস্বাদ, পারশী অভিধান নামাভিধের একখানি অভিধান ও ষড়ঝতুবর্ণনা প্রভৃতি কতকগুলি কুজ কবিতা রচনা করিয়া গিরাছেন।

তীহার রচনার নমুনা স্বরূপ বিষম্পলক্ষত প্রথম শোকের ব্লামুবাদ নিমে উদ্ত হইল— "চতুর্বেদে চতুর্মুখ চতুর হইরা নিরস্তর নাভিপত্তে নিবাস করিরা তথাপি না জানিলেন যে সন্ত্রীপভিকে সে সন্ত্রীপভিকে দেখ গোধৃলি-ভূবণ, তীরে লয়ে ক্রীড়া করে গোপ গোপীগণ।"

জয়গোপালের সময় তাঁহার জয়ড়ৄমি বজরাপুরে সংস্কৃত ভাষার বিশেষ চর্চা ছিল। তাঁহার ভ্রাভা ও ভ্রাতুস্ত্রগণ ফ্রায়, জ্যোতিব ও সাহিত্যশাল্পে সমধিক বাংপন্ন ছিলেন। বিশ্বন্দের বলাহ্বাদের ভূমিকার তিনি স্বনামের নিম্নলিথিত স্লাথাস্চক পরিচয় দিয়াছেন—

"চারি সমাজের পতি, ক্লফচন্দ্র মহামতি,
ভূমিপতি ভূমিস্থরপতি।
তাঁর রাজ্য শ্রেষ্ঠ ধাম, সমাজ-পূজিত গ্রাম,
বজরাপুরেতে নিবসতি॥
শ্রীজরগোপাল নাম, হরিভক্তিলাভকাম,
উপনাম শ্রীতকালছার।
ভক্তবৃন্দ মধ্য রবি, শ্রীবিষমকল কবি,
কবিতার প্রকাশে প্যার।"

বিষমকলের বজাত্বাদের শেষ ভাগে তিনি একটা সংস্কৃত শ্লোক রচনা করিয়া তাঁহার পরম অন্তন্ধ বজরাপুরনিবাসী মহেশচন্দ্র চটোপাধ্যারের নাম গ্রন্থে সংযোজিত করিয়াছেন। তৎপাঠে জানা যায় যে জয়গোপাল মহেশচন্দ্রের আদেশেই বিষমজনের অন্তবাদ প্রকাশ করেন।

জয়গোপাল বারেক্স ব্রাহ্মণবংশসস্কৃত। ইনি ছই বার দার পরিগ্রহ করিয়াও সস্তান মুখাবলোকনে বঞ্চিত ছিলেন। অবশেষে পোষ্যপুত্র গ্রহণ করেন। তাঁহার সেই পোষ্যপুত্র অস্থাপি জীবিত আছেন। ইহার ছই পুত্র ও ছই ক্সা।

(১৮৪৪ খুটান্দে) ১৭৬৬ শকে চাক্র চৈত্রের বিতীয়া তিথিতে জয়গোপাল ইহলোক পরিত্যাগ করেন।
জয়গোপালদাস, ভক্তিভাবপ্রদীপ নামে ভক্তিগ্রন্থর হিলা ।
জয়গোষার কিনাজের রাঠোরবংশীয় শেষ রাজা। ১২২৫ সম্বতে উৎকীর্ণ লিপিতে ইনি জয়চক্র নামে অভিহিত হইয়াছেন।
[কনোজ ৮১ পৃঠা দেখ।] ইহার পিতার নাম বিজয়চক্র,
তিনি দিলীয়র অনলপালের ছহিতার পাণিগ্রহণ করেন।
জয়চাদ তাঁহারই গর্ভসভ্ত। এক সময়ে সার্কভৌমপদের
নিমিত্ত রাঠোররাজের সহিত অনলপালের ভূম্ব সংগ্রাম হয়।
এই সংগ্রামে অজমীররাজ চোহানবংশীয় সোমেশ্র অনল-পালের যথেই সাহায্য করিয়াছিলেন, দিলীয়র এই উপকারের

প্রতিদান স্বরূপ তাঁহার সহিত্ত স্থীয় ক্যার বিবাহ দিয়াছিলেন। এই ক্যার গর্জে পৃথীরাজের জ্যা হয়। জনলপাল
দৌহিত্রহরের মধ্যে পৃথীরাজকেই সম্বিক্ত ক্ষেত্র করিজেন।
তাঁহার পূজাদি ছিল না। তিনি আপেন রাজিশিংহাসন পৃথীরাজকে প্রদান করিরা পরলোক গমন করেন। মাতামহের
উদ্প পক্ষপাতিতা দর্শনে কুটলমতি জরচাঁদের হাদরে ঈর্যানল
প্রধ্মিত হইতে লাগিল। তিনি ভাহার সম্চিত প্রতিক্ল
প্রদানে ক্যতস্কর হইলেন। রাঠোররাজ মহা পরাক্রাভ
ছিলেন, তাহার চিরশক্র চোহান জাতিও তাঁহার প্রশংসাবাদ
করিতেন। তিনি সিন্তর পশ্চিমপ্রাভবর্তী নৃপতিকে পরাজ্য
করিয়া অনহলবাড়ার অধিপতি সিন্ধরাজকে হইবার যুদ্ধে পরাভূত করেন। তাঁহার রাজ্য নর্ম্মানদী পর্যান্ত বিভূত হইয়াছিল। তিনি রাজচক্রবর্তী উপাধি লাভের জ্যু গর্কিতিচিত্তে
রাজস্ম-ব্জাফ্রটানে প্রান্ত হইলেন।

এই যজ্ঞ অতি মহান ব্যাপার। ভোজনপাত্র প্রকালন পর্যান্ত ইহার সমস্ত কার্য্য রাজগণ কর্ত্তক সম্পন্ন হওয়া আবশুক। যজ্ঞ দংবাদ প্রবণে সমগ্র ভারতবর্ষ আন্দোলিত হইয়া উঠিল। যজ্ঞসমাপ্তির পরেই জয়চাঁদের কক্সা সংযুক্তা (সংযোগিতা) সমবেত নুপতিবর্গের সমকে স্বয়ম্বরা হইবেন, নিমন্ত্রণ প্রমধ্যে এ সংবাদও প্রেরিত হইল। যজ্ঞহলে সকল নুপতিই উপস্থিত হইলেন, কেবল পৃথীরাজ এবং পৃথীরাজের ভগিনীপতি সমর-निःश উপস্থিত **श्रेटानन ना। अध्य**र्गीन **डांशानत अ**यमानना করিবার উদ্দেশে তাঁহাদের স্থবর্ণ মূর্ত্তি নির্মাণপুর্ব্ধক দৌবারিক-বেশ পরিধান করাইয়া যজ্ঞশালার ছারে স্থাপিত করিলেন। यकारक व्यक्तीमक्का मध्याशिका व्यक्ताक नृशक्तिश्वरक উপেক্ষা করিরা পৃথীরাজের স্থবর্ণমূর্ত্তির গলে বরমাল্য প্রদান कतिराम । এই সংবাদ ध्वन कतिया पृथीताक मरेमछ यक्छ-ক্ষেত্র উপস্থিত হইয়া বাছবলে জয়চাঁদ-চুহিতাকে হরণ করিয়া লইয়া যান। ক্লোভে ও লজ্জার জয়চাঁদের পূর্ব্ধ হইতেই প্রথমিত ঈর্ব্যাবহ্নি প্রজ্ঞানত হইয়া উঠিল। তিনি গজনীপতি मार्ट्र उम्मीन रचात्रीरक माहायार्थ बाह्यान कत्रिरनन। ऋरगांश ट्रिश्वा त्वात्री ७ जाहात्र श्रार्थना शूर्व कतित्वन । मुयवजी नमी-তটে ১১৯৩ খু: অন্দে মুসলমান সৈত্যের সহিত পুখীরাজের শেষ युक्त रहेन। পृथीतां क तनी ७ निरुष्ठ रहेतन । युक्त कर तिशा মুদ্দমানগণ বিজ্ঞান্মত হইয়া ভীমদর্পে ভারতবক্ষে বিচরণ করিতে লাগিল। এদিকে জয়চাঁদ আপন ক্লতকার্য্যের ফল অচিরেই প্রাপ্ত হইলেন। কিছুদিন পরেই মুস্লমানগণ কনোজ আক্রমণ করিল, কনোজ শক্র হস্তগত হইলে, জরটান জীবন-রক্ষার্থ পলায়নে প্রবৃত্ত হইলেন; পলায়নকালে নৌকাম্ম

হইরা তাঁহার জীবন-প্রদীপ নির্কাণ হইল। ইহারই কুটিলতা, স্বার্থপরতা এবং বিখাস্থাতকতা হেডু ভারতগোরবরবি চির-কালের জন্ত অস্তমিত হইল। রাজপ্তানার ভাটেরা জন্তাদ সম্বন্ধ এইরূপ লিখিয়াছেন।

কিছ মুসলমান ঐতিহাসিকগণের মতে জয়চাঁদ রপক্ষেত্রেই
বীরের ভার প্রাণ্ড্যাগ করিরাছিলেন। মিন্হাজের
তবকাত-ই-নাসিরির মতে—কুতব্ উদ্দীন্ ৫৯০ হিজিরায়
সিপাসালার ইচ্ উদ্দীনের সহিত বারাপদীরাজ জয়চাঁদকে
আক্রমণ করেন। চন্দবাল নামক স্থানে জয়চাঁদ পরাভ হন।
কামিল্-উৎ-তবারিধ নামক পারসী ইতিহাসে লিখিত আছে
বে, সাহেব উদ্দীন্ ঘোরী য়মুনাতীরে জয়চাঁদকে আক্রমণ
করেন। তথন মালব হইতে চীন পর্যান্ত জয়চাঁদের অধিকার
বিস্তুত ছিল। রণক্ষেত্রে জয়চাঁদের সহিত সাত শত নিবাদী ও
প্রায় লকাধিক সৈত্র উপস্থিত ছিল। সেই যুদ্ধে জয়চাঁদ
নিহত হন।

তাজ্উল্ মাণীরের মতে—কুতব্ উদ্দীনের হস্ত-নিক্ষিপ্ত তীর আসিয়া জয়চাদের চকুতে বিদ্ধ হয়, তিনি হাতীর হাওদা হইতে পড়িয়া যান, তাহাতেই তাঁহার মৃত্যু হয়।

জয়চাঁদ, জয়পুরনিবাদী একজন গ্রন্থকার, ১৮০৬ খৃঃ অবেদ ইনি সংস্কৃত ও হিন্দীভাষায় স্বামিকার্তিকেয়াছপ্রেক্ষ নামক এক খানি জৈন ধর্মসম্বন্ধীয় গ্রন্থ প্রণয়ন করেন।

জয় চাঁদ, নাগরকোট বা কাল্ডার রাজা। সন্ত্রিরর সময়ে ইনি প্রায়ভূতি হইয়াছিলেন।

জয়ে ঢকা (জী) জয়ার্থা ঢকা, মধ্যলো । বাছবিশেষ। জয়ধ্বনি করিবার জন্ম এই বাদ্য বাদিত হইত।

জ্যুতীর্থ (ক্লী) > তীর্থবিশেষ। (শিবপুরাণ)।

২ একজন বিখ্যাত দার্শনিক। পদ্ধনাত ও অক্ষোত্যতীর্থের শিহ্য। ইহার পূর্বনাম চুকু রঘুনাথ, সন্ন্যাসগ্রহণের পর জরতীর্থ নামে বিথ্যাত হন। ইনি সংস্কৃত
ভাষার অনেক গ্রন্থ রচনা করেন। আনন্দতীর্থ রচিত প্রায়
সকল গ্রন্থেই ইনি টীকা লিখিয়াছেন। তন্মধ্যে এই
কএকথানি টীকা পাওয়া যায়। ব্রহ্মস্বভাষ্মের তন্ধপ্রকাশিকা নামে টীকা, উপাধিথগুনের ভন্তপ্রকাশিকাবিবরণ নামে টীকা, ব্রহ্মস্বত্র্যাখ্যানের ভারস্ক্রধা নামে টীকা,
অন্ব্র্যাখ্যানাহর্মবিবরণের পঞ্জিকা, প্রমাণলন্দণের ভারকরলতা নামে টীকা, ঈশোপনিবদ্ভাষ্যের টীকা, অথবিবেকের
টীকা, কথালন্দণের টীকা, তন্থোন্দ্যোতের টীকা, মারাবাদথপ্রনের টীকা, প্রশ্নোপনিবদ্ভাব্যের টীকা, প্রশাধ্যাধা-

ছুমানথণ্ডের টাকা, ভগৰদগীতাভাগ্যের প্রমেগদীপিকা নামে টাকা, সীতাতাৎপর্যানির্গরের স্থানদীপিকা নামে টাকা, বিষ্ণু-ভন্তনির্গরের টাকা ও অণুভাগ্যের টাকা। এ ছাড়া জয়তীর্থ বটুপঞ্চাশিকা, বেদান্তবাদাবলি, প্রমাণপদ্ধতি প্রভৃতি স্থায় ও বেদান্তস্বন্ধীয় কএকথানি গ্রন্থ প্রথমন করেন। ১২৬৮ খুটান্দে জয়তীর্থের তিরোভাব হয়। নৃসিংহ স্বত্যর্থসাগরে ইহার মত উদ্ভূত করিয়াছেন।

জয়তুশ্বনাড়, তিবাৰ্ড রাজ্যের একটা প্রাচীন বিভাগ। স্চীভ্রম মন্দিরে রাজা আদিত্যবর্দার সময়ের যে শিলালিপি
পাওরা যার, তাহাতে তিবাঙ্কর রাজ্য ১৮ নাড়ে (বিভাগে)
বিভক্ত ছিল, এরূপ উল্লেখ আছে। তল্মগ্যে জয়তুলনাড়
তিবাঙ্করাজের রাজ্যানী ছিল। জয়তুলনাড়ের অপর নাম
জয়সিংহনাড়। কিন্তু বর্ত্তমান সমর্যে জয়তুলনাড়ের সীমা
নির্দ্ধারণ অনুমানসাপেক, বোধ হয় ঘাটপর্বতের প্রাদিকে
ইহা অবস্থিত ছিল।

জয়তোড়া, মানভূম জেলার অন্তর্গত একটা পরগণা। পরিমাণ প্রায় ২২.৫০ বর্গমাইল। ইহা পঞ্কোটের রাজার জমিদারীর। অন্তর্ভুত।

জয়ৎসেন, ১ বিষ্ণাটিগৃতে গুপ্তাবহান-স্থপে নকুলের একটা নাম। ২ মগধের এক রাজা।

"মগধেষু জন্নংদেনস্তেষামাদীং দ পার্থিব:। অস্টানাং প্রবরাস্তেষাং কালেয়ানাং মহাস্করাং॥"

(ভারত আদি ৬৭ অ:)

৩ পুরুবংশীয় সার্বভৌম রাজের পুত্র। সার্বভৌমের ঔরদেও কেকয় রাজকয়্সার গর্ভে ইছার জন্ম। (ভারত আদি° ৯৫ অঃ) ৪ সোমবংশীয় অহীনন্প পুত্র।

क्यान ( वि ) क्याः ननाठि व्या-ना-किल्। जायनाठा।

জায়দত্ত (পুং) জায়েন বিজায়েন দত্তএব। ১ ইন্দ্রপুত্র। ২ একজন রাজা। ইহার পুত্রের নাম দেবদত্ত।

ত একজন বিখ্যাত আয়ুর্বেদবিদ। বিজয়দত্তের পুত্র। ইনি সংস্কৃত ভাষায় অষ্টবদ্যক নামে অষ্চিকিৎসা সম্বনীয় একথানি এছ রচনা করিয়াছেন।

জয়তুর্গা (জী) ছর্গা মৃর্জিবিশেষ। তল্পসারে জয়ত্র্গার এইরূপ মৃত্তি বণিত হইরাছে—

"কালাভ্রান্তাং কটাকৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেল্রেথাং
শব্ধং চক্রং ক্রপাণং ত্রিলিথমপি করৈরদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
দিংহস্করাধিরতাং ত্রিভ্বনমথিলং তেজসা পুরয়ন্তীং
ধ্যাদ্যেদুর্গাং ক্রয়াথ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিক্ষকামৈঃ।"
দ্র্গা দেখ।

জয়দেব, এই নামে সংশ্বত সাহিত্যে আমরা জনেক করির সদান পাই, জন্মধ্যে গীতগোবিলপ্রণেতা জয়দেবই সর্বপ্রধান ও সর্বতি বিখাতি।

১ গাঁতগোবিন্দ-প্রণেতা জয়দেবের পিতার নাম ভোজদেব
ও মাতার নাম রামাদেবী। বীরভূম জেলার অন্তর্গত কেন্দ্বিশ্ব (বর্ত্তমান কেন্দ্র্লি) গ্রামে এই স্থবিধ্যাত বলীর কবি
জন্মগ্রহণ করেন। জয়দেবচরিত লেথকের মতে—ইনি
গৃষ্টীয় ১৫শ শতান্দে বিশ্বমান ছিলেন। কিন্তু আমাদের বিবেচনায় জয়দেব তাহা অপেকা অনেক প্রাচীন। স্থপ্রসিদ্ধ লক্ষণসেনের মহাসামন্ত বটুদাসের প্র শ্রীধরদাসের স্ক্রিকণামূতে
জয়দেবের বিমোহিনী কবিতামালা উদ্ধৃত হইয়াছে। গাঁতগোবিন্দের একথানি প্রাচীন প্রির শেষে লিখিত আছে—

"সমাপ্তঞ্চেদং ত্রীগীতগোবিন্দান্তিধং সমীচীনতমং শাস্ত্রং সম্পূর্ণম্। ক্রতিঃ ত্রীভোজদেবাত্মক ত্রীরামাদেবীপুত্র গ্রীজন্দব-পণ্ডিতরাজত্তেতি প্রেয়ঃ॥ ত্রথ সক্ষণসেন নাম নূপতিসময়ে ত্রীজন্মদেবস্থ কবিরাজপ্রতিষ্ঠা॥"

উক্ত প্রমাণ ছারা স্পষ্টই জানা ষাইতেছে বে, মহাকবি জয়দেব কিছু দিন গৌড়াধিপ লক্ষণসেনের সভার ছিলেন দিল্লী মৃসলমানাধিকত হইবার পূর্ববর্তী রাজা মাণিকাচক্রে আদেশে রচিত অলকারশেথরে লিখিত আছে, জয়দে উৎকলরাজের সভাকবি ছিলেন।

ভক্তিমাহাম্মা (সংস্কৃত) ও ভক্তমাল প্রভৃতি গ্রা জয়দেবের এইরূপ পরিচয় আছে—

অল্প ব্যবেষ জন্মদেব বৈরাগ্য অবলম্বন করিয়া পুরুষোত্ত ক্ষেত্রে আগমন করেন। এখানে তিনি সর্কানাই পুরুষোত্তমে: সেবা করিয়া দিনাতিপাত করিতেন। জগন্নাথও তাঁহার ভক্তি-গুণে মুগ্ধ হইগাছিলেন। দেখানে কএক ব্যক্তি জন্মদেবের শিশুত্ব গ্রহণ করিয়াছিলেন এবং উৎকলাধিপতিও তাঁহাকে ভালবাসিতেন।

একজন ব্রাহ্মণের পুত্র সন্তান না হওয়ায় বছকাল জগয়াথের আরাধানা করিয়া একটী কল্পা লাভ করেন। সেই কল্পার নাম পদ্মাবতী। বিবাহযোগ্য হইলে ব্রাহ্মণ কল্পাকে জগরাথ-দেবের শ্রীচরণে উৎসর্গ করিবার জল্প আনিলেন, তদ্দর্শনে পুরুষোত্তম প্রত্যাদেশ করিলেন, "জয়দেব নামে আমার এক সেবক সংসারধর্ম বিসর্জ্জন দিয়া আমার নাম সার করিয়াছে, তুমি তাহাকেই এই কল্পা সম্প্রদান কর।" তথন ব্রাহ্মণ কল্পাকে লইয়া জয়দেবের নিকট উপস্থিত হইলেন ও তাঁহাকে সেই কল্পার পাণিগ্রহণ করিবার জল্প অনেক অনুরোধ করিলেন। কিন্তু জয়দেব আর

সংসারী হইতে ইচ্ছা করিলেন না, তিনি ব্রাহ্মণের কথা অগ্রান্থ করিলেন। ব্রাহ্মণ কল্পাকে তাঁহার নিকট রাখিরা চলিরা আসিলেন। করদেবও তথন নিতান্ত অপ্রস্তুত হইরা কল্পাকে কহিলেন, "তুমি কোথার বাইবে বল, সেই-থানে তোমাকে রাখিরা আসি, এখানে থাকা হইবে না।" পদ্মাবতী কাতরস্বরে বলিলেন, "পিতা কগরাথের আদেশে তোমার হাতে সমর্পণ করিয়াছে, তুমি আমার স্থামী, হৃদয়ন্দর্যক্র, তুমি বদি আমার ত্যাগ কর, আমি তোমার ছাড়িব না, কারমনোবাকো তোমার চরণসেবা করিব।"

পণ্ডিতকবি জয়দেব তথন কি করেন, পদ্মাবতীকে পরিত্যাগ করিতে পারিলেন না, আবার সংসারী হইলেন। এক
নারায়ণবিগ্রহও প্রতিষ্ঠা করিলেন, এবার তাঁহার হৃদরে ক্লফপ্রেমের স্রোভ বহিতে লাগিল, সেই স্রোতে ভাসিতে ভাসিতে
অপূর্ব্ব পীযুষপূরিত গীতগোবিন্দ প্রচার করিলেন। কথিত
আছে—জয়দেব গীতগোবিন্দে সকল রস ও সকল ভাবের
অবতারণা করিলেন বটে, কিন্ত থপ্তিতা মধুর রসের বর্ণনা
করিতে পারিলেন না, যাঁহাকে তিনি জগৎপিতা পরমপুরুষ
বলিয়া জানেন, সেই শীক্লফ প্রকৃতি রাধিকার পারে ধরিবে,
এ কথা তিনি লিখিতে সাহসী হন নাই। দৈবক্রমে একদিন
তিনি সম্ক্রমানে বাহির হইয়াছেন, এই সময়ে সয়ং জগরাথ
জয়দেবের বেশে তাঁহার গৃহে প্রবেশ করিয়া তাহার পুণি
থুলিয়া "দেহি পদপল্লবম্দারং" কবিতাটী লিখিয়া দিলেন।

পদ্মাবতী এত শীঘ্ৰ জয়দেবকে আসিতে দেখিয়া কহিলেন, "এই মাত্র তুমি ল্লান করিতে গেলে, এর মধ্যে ফিরিয়া আদিলে কেন ?" জন্মদেবরূপী শ্রীকৃষ্ণ উত্তর করেন, "যাইতে যাইতে একটা কথা মনে পড়ে গেল, পাছে ভুলিয়া বাই, সেই জন্তুই আসিয়া লিখিয়া গেলাম।" জয়দেবক্সপী প্রীকৃষ্ণ এই বলিয়া যেমন চলিয়া গেলেন, ভাহারই অনতি-পরে জয়দেব লান করিয়া গ্রে উপস্থিত হইলেন। এবার পদ্মাবতীও অবাক্ হইয়া বলিলেন, 'এই তুমি লান ক্রিতে গিয়াছিলে, এসে এই কতক্ষণ লিখিয়া গেলে, আবার এত खद्र ममन् माधा किकाल बामितन ? এখন बामान मान मानह হইয়াছে. যে লিখিয়া গেল সেই বা কে, আর তুমিই বা কে 📍 বৃদ্ধিমান জয়দেব তথনি গিয়া আপনার পুণি খুলিরা দেবাকর দর্শন করিলেন। পুলকে প্রেমাবেশে তাঁহার হৃদর বহিয়া অঞ্জ-বিগলিত হইতে লাগিল। পদাবতীকে সম্বোধন করিয়া কহি-লেন, "তুমিই ধন্ত, ভোমারই জন্ম সার্থক, ভোমার ভাগো মহাপ্রভুর দর্শন লাভ হইল, স্মামি হতভাগ্য, সেইজন্য তাঁহার पर्नन **भारेनाम** ना ।"

করদেবের গীভগোবিদের মহিমার কথা চারিদিকে রাষ্ট্র হইল। তক্ত ও ভাবৃক্মাজেই গীভগোবিদের গান শুনিরা আত্মহারা হইরা পড়িভেন। প্রবাদ এইরূপ, একদিন এক মালিনী কেত্রে বিনরা গীভগোবিদ্দ গান করিভেছিল, কগরাথ তাহা শুনিভে যান, ভাহাতে তাহার গারে ধূলা ও কাঁটা লাগে। উৎকলরাক্ত মন্দিরে গিরা দেবের প্রীক্তকে ধূলা কাঁটা দেখিরা কিরুপে লাগিল, ভাহার কারণ বিক্তাসা করেন। তথন প্রত্যাদেশ হর যে, অমুক স্থানে এক মালিনী গীভগোবিদ্দ গান করিতেছে, ভাহার গান শুনিভে গিরা প্রীক্তকে এইরূপ কাঁটা লাগিরাছে। উৎকলরাক্ত ভখনই শিবিকা পাঠাইরা সেই মালিনীকে আনাইরা গীভগোবিদ্দ গান করাইলেন। এখনও এই মালিনীর বংশীর রমণীগণ কগরাথের প্রীমন্দিরে গীভগোবিদ্দ গান করিরা থাকে।

শীতগোবিন্দের এত আদর দেখিয়া উৎকলরাজও একথানি গীতগোবিন্দ লিখিয়া জগরাখদেবের পাদপলে অর্পণ
করেন। কিন্তু ভগবান প্রবোত্তম জরদেবের পীতগোবিন্দথানি রাখিয়া রাজার গীতগোবিন্দ ফেলিয়া দিলেন।
তাহাতে উৎকলরাজ অত্যন্ত মর্ম্মপীড়িত হইয়া সাগরে ঝাঁপ
বিতে যান। তথন জগরাখদেব রূপা করিয়া কহিলেন,
"তুমি মরিও না, জয়দেবের গীতগোবিন্দের প্রথমেই তোমার
রচিত ১২টা লোক থাকিবে।" রাজা তাহাতেই ক্লুভ্রতার্থ
হইলেন। সেইদিন হইতে এখনও পর্যন্ত প্রত্যন্ত জগরাথদেবের মন্দিরে গীতগোবিন্দ পাঠ হইয়া থাকে। কোনদিন
গীতগোবিন্দ পাঠ না হইলে সে দিনের পূজা সিক্ষ হয় না।

জন্মদেবের উপর রাধামাধবের বড়ই যন্ত্র। ভক্তমালে লিখিত আছে, একদিন জন্মদেব নিজ কুটীরের ছাপ্পর ছাইতে ছিলেন, তথন বিষম রৌজ, হরির তাহা দেখিয়া ছংখ হইল। তিনি শীঘ্র কার্য্য শেষ হইবে ভাবিয়া গির ফুড়িয়া দিতে লাগিলেন। জন্মদেব ভাবিলেন, বৃঝি পালাবতী গির ফুড়িয়া দিতেছেন। কিন্তু নামিরা জাসিয়া দেখেন, কেহ কোথায় নাই, রাধামাধবের হাতে ঝুল ময়লা লাগিয়াছে। বৃঝিলেন, ভক্তবৎসল হরি ভক্তের জন্ম কট করিয়াছেন। জয়দেবের মনে বড়ই ছংখ হইল। তিনি হরির জীচরণে পড়িয়া কতই কার্কুতি মিনতি করিলেন। এইরূপে জীহুরি জয়দেবরূপ ধরিয়া এক দিন পারার হত্তে প্রস্তুত্ত জার ভোজন করিয়াছিলেন। রাধামাধবের সেবা ও উৎসবের জন্ম অর্থ-প্রয়োজন হইল। কবিয়াজ জয়দেব তজ্জ্য দেশান্তর বাত্রা করিলেন। পথে ভাকাতেরা বরিয়া ভাহার সর্বাত্ত লাভ্রেরা গাইল ও তাঁহার হাত পা কাটিয়া একটা কুপ মধ্যে কেলিয়া গেল। সেই স্থান দিয়া একজন রাজা সুগয়া

ক্রিতে বাইতেছিলেন, ভিনি ভনিলেন, কে বেন কুপ মধ্য **ছইতে "কৃষ্ণ" "কৃষ্ণ" ক্রিতেছে। খর ভ**নিয়া কুপের নিকট আসিরা জন্তদেবকে দেখিতে পাইলেন এবং তাঁহাকে কুপ হইতে তুলিরা অতি সমাদরে শিবিকার করিয়া রাজপ্রাসাদে আনিশেন। এখানে জন্দদেবের কথামত রাজা প্রভাহ বৈষ্ণব-ভোজন করাইতে লাগিলেন। একদিন সেই ডাকাতেরা বৈঞ্ব সাজিয়া ছল্পবেশে রাজভবনে উপস্থিত হইল। জয়দেব তাহা-मिश्र**क प्रि**विश्राहे खोहारमत खळावांत्र कक विरमय वर्त्मावस कविद्या मिटनन । अत्रद्भारतत्र आमत्र अভार्थनाम् छाकाछ-चानत नित्रा त्मरम नकरनत व्यागवध कतिरव। जाहाता পলাইবার চেষ্টা করিল। কিন্তু জয়দেবের অনুমতি ভিন্ন কেত তাহাদিগকে ছাড়িল না। জয়দেব তাহাদের অভিপ্রায় বঝিয়া বছ অর্থ ও সঙ্গে লোকজন দিয়া বিদায় করিলেন। কিছু দুরে গিয়া তাহারা রাজকর্মচারীদিগকে চলিয়া আদিতে বলিল, আরও কহিল-- "আমরা এক রাজার বাডী চাকর ছিলাম. দেই রাজা ঐ বাবাজীকে মারিতে আদেশ করেন. আমরা বাবাজীর হাত পা কাটিয়া ছাডিয়া দিই। এখানে আসিয়া ভণ্ড মহান্ত হইয়াছে, কিন্তু পাছে ভাহার কথা প্রকাশ হইয়া পডে, সেই জন্ম দে অর্থ দিয়া আমাদিগকে বিদায় করিল।" এই কথা বলিতে না বলিতে গুরুর্ত্ত ডাকাতগণ তৎকণাৎ ভতলশায়ী হইল। ভতাগণ আদিয়া এই অপুর্ব্ব ঘটনা রাজার নিকট জানাইল। তথন জয়দেব ডাকাতদিগের ব্যবহারের কথা প্রকাশ করিয়া রাজার সন্দেহ ভঞ্জন করিলেন। শেষে বলিলেন, "পর্হিংসা করা কর্ত্তব্য নহে। ছষ্ট লোককেও দয়াকরা উচিত। সেই জন্মই হুইদিগের কোন অনিষ্টাচরণ না করিয়া অর্থ দিয়া ভাহাদিগকে সমানিত করিয়াছি।"

এদিকে রাজপত্নীর সহিত পদ্মাবতীর বেশ প্রণয় জন্মিয়াছিল।
এক দিন রাণী তাঁহার ভাতার মৃত্যুতে ভাতৃপত্নীর সহগমনের
কথা শুনিয়া রোদন করিতেছিলেন। তাহা শুনিয়া পদ্মাবতী
বলেন যে 'পতির মৃত্যুতে পতিপ্রাণা রমণীর প্রাণ থাকে না।'
সে কথা রাণীর মনে জাগিয়া থাকিল। তিনি একদিন পদ্মাবতীকে পরীকা করিবার জন্ম জয়দেবের মৃত্যুর কথা রটাইলেন। পতিপ্রাণা পদ্মাবতী সে হংসহ সংবাদ শুনিবামাত্র প্রাণ
পরিজ্ঞাগ করিলেন। তথন সাধক জয়দেব আসিয়া তাঁহার
কালে ক্লঞ্জনাম দিয়া তাঁহাকে প্নজীবিত করিলেন। এবার
জয়দেবের বৃদ্ধাবনদর্শনে ইছে৷ ইইল। তিনি নিজ ইইদেব
রাধামাধ্বকে স্থুলিতে করিয়া লইয়া বৃদ্ধাবনে যাত্রা করিলেন।
এথানে আসিয়া কেশীথাটে তিনি কিছুদিন অবস্থান করেন,

কোন মহাজন রাধামাধবের ভজিতে মুখ হইরা তাঁছার জন্ত এই কেশীঘাটে একটা মন্দির নির্দাণ করাইরাছিলেন। জয়-দেবের অপ্রকট হইবার পর জন্মপুররাজ সেই মুর্দ্ধি লইয়া 
প গিয়া জন্মপুরে ঘাটি নামক স্থানে স্থাপন করেন।

জন্মদেব জীবনের শেষাবন্থার জন্মভূমি কেন্দুলী প্রামে আসিয়া বাস করেন। কেন্দুলী হইতে গলা ১৮ ক্রোশ। প্রবাদ আছে, প্রতিদিন জন্মদেব সেই ১৮ ক্রোশ পথ ইাটিয়া গলালান করিতেন। একদিন ঘটনাক্রমে তিনি গলালানে ঘাইতে না পারায় তাঁহার মনে বড়ই ক্যোভ হইল। কিন্তু গলাদেবী ভক্তের ক্যোভ দূর করিবার জন্ম কলনাদে প্রবাহিত হইয়া কেন্দুলীগ্রামে আসিয়া উপস্থিত হইলেন। জন্মদেবের মনস্কামনা সিদ্ধ হইল। এই গ্রামেই জন্মদেব ইহলোক পরিত্যাগ করেন। এখনও তাঁহার অরণার্থ এখানে প্রতিবর্ষে মাঘ-সংক্রান্তিতে একটা মেলা হয়, তাহাতে প্রায় পঞ্চাশহাজার লোক সমবেত হইয়া থাকে।

জয়দেবের গীতগোবিন্দ ভাবুক ভক্তের এক অপার্থিব জিনিয়। হিন্দী, বালালা, উড়িয়া, আসামী প্রভৃতি ভারতীয় নানা ভাষায়, এতদ্ভির অনেক বিদেশীয় ভাষায়ও গীতগোবিন্দের অহ্বাদ প্রকাশিত হইয়াছে। [গীতগোবিন্দ দেখ়।] উদয়নাচার্য্য, কমলাকর, কুস্তকর্ণ মহেক্র, ক্ষণাত, ক্ষলাস, গোপাল, চৈতভাদাস, নারায়ণভট্ট, নারায়ণদাস, পীতাম্বর, ভগবদাস, ভাবাচার্য্য, মানাক্র, রামতারণ, রামদন্ত, রূপদেব পশুত, লক্ষণভট্ট, লক্ষণস্থির, বনমালিভট্ট, বিট্ঠল দীক্ষিত, বিশেষর ভট্ট, শকরমিশ্র, শীহর্ষ, হাদয়াভরণ প্রভৃতি পশুতগণগীতগোবিন্দের টীকা লিথিয়াছেন, এতদ্ভির অনির্দিষ্ট গ্রন্থকার রচিত বালবোধিনী, বচনমালিকা প্রভৃতি নাম কয়েকথানি টীকা পাওয়া যায়।

২ একজন প্রসিদ্ধ কবি, ইহার পিতার নাম মহাদেব ও মাতার নাম স্থমিতা, ইনি প্রসন্ধরাথব ও চক্রালোক রচনা করেন।

- ৩ একজন কবি, ইনি তিপুরীস্কলরীতোত প্রণয়ন করেন।
  ৪ একজন নৈয়ায়িক, নৃসিংহের পুত্র। ইনি স্থায়মঞ্জীসার
  প্রণয়ণ করেন।
- একজন শাস্ত্রবিদ্ বৈছা। ইনি রসামৃত নামে বৈছাশাস্ত্র
  প্রণয়ণ করেন।
- ৬ মিথিলাবাদী বিথ্যাত নৈয়ায়িক, ইহার উপাধি পক্ষধর, ইনি হরিমিশ্রের শিশু ও ভাতুপুত্র। নবদীপের প্রানিদ্ধ নৈয়ায়িক রঘুনাথ শিরোমণির সমসাময়িক। ইনি তম্বচিস্থান্মণ্যালোক বা চিস্তামণিপ্রকাশ, ভারপদার্থমালা ও ভার-দীলাবতীবিবেক নামে বিথ্যাত ভারপ্রস্থ এবং জব্যপদার্থ নামে

देवटनविक क्षष्ट व्यन्त्रम करत्रन । अहे क्याबोनि कार्डक करवा खब्दिकामगारमांक नामक क्षड्डे ब्रांक दृहर क्षवर नित्तांत्रिक मार्क्वे ब्रांक ममान्त्र क्याबो भारकन । क्रिन्नांविद्यांमविद्यांमविद्यांम

- १ এक्कन इनःशंखकात्र।
- ৮ नवार्रभती नांद्य मध्यक कायावादाका।
- > वैभवन नात्य क्यपानि वाक्त्रपद्माना । .
- ১০ অলভারণভক-রচরিতা।

১১ একজন মৈথিল কৰি, কৰি বিভাগতির সমসাম-রিক। ইনি স্থাপ্তনা-রাক শিবসিংহের সভার অক্ছান করিজেন।

स्रशासक, धरे नाटम त्निशासक इरेकन काकांत्र मांक भावता যার। একজন অভি প্রাচীন, তিনি কোন সময়ে রাজ্য করি-**उन. जाहा अधनक किंग्र हत नाहै।** २व करामादव प्रमञ्जात উৎकीर्ग निमामित्रि चार्यक्रिक रहेतारह । अरे निमामितिरक লিখিত আছে—মহারাজ শিবদেব মৌবরিরাজ ভোগবর্ণার कञ्चा এवर मभरताच चानिकारमत्मत्र सोहिती दश्मरमयीत পাণিগ্ৰহণ করেন **এই वरमामवीय गार्ज** (२व ) सन्दर्भव জন্মগ্রহণ করেন, ইহার অপর নাম পরচক্রকাম। ইনি গৌড়, ওড়, কলিল ও কোশলাধিপত্তি জীহর্বদেবের কল্পা ও ভগদত্তবংশীর রাজদৌহিত্রী রাজ্যমতীকে বিবাহ করেন (১)। এই জন্মদৰ রাজকুমার হইলেও ক্লক্বি ছিলেন। ভিনি উক্ত निगानिभिष्ठ शांकरी स्नाक निष्य तक्ना करतन। धहे २त कर्रास्टवर व्याविकार-काम ७ वरमनिर्नत महाद अधानकात প্রধান প্রধান পুরাবিদগণ অভিনৰ মত প্রকাশ করিরাছেন। ইনি কোন হৰ্বদেবের জামাভা ভাহা কেছ এখন শ্বির করিতে পারেন নাই। বর্ত্তমান প্রধান প্রস্কৃতত্ববিং ডাজার বহলর (Bühler) লিখিয়াছেন—'উক্ত ভগদত্ত ও জীহর্বদেব সম্ভবত:

(১) "ৰাজ্য শীনিক্ষেৰ ইত্যভিক্ষতা লোকসা কৰ্তা ভূবং এ বৈৰী বাছৰলাত্যনৌধনিক্ল শীৰ্কাকৃত্যাধনি-ব্যাভিদ্লেশিউবৈনিকৃপভিন্যশীৰভোগৰৰ্শ্বেছৰা এ বৌহিনী সগধাধিগঞ্জ সহতঃ প্ৰ্যাদিত্যসেলক বা ব্যাল শীনিব তেন সা শিতিকুলা শীৰংসদেব্যাদরাং । তৃত্যাকু নিজ্জোশালায়ত লিতারাভেন্নল্লাং গঠন নালশীলসমূহক্তসুসলক্ষানিকৃত্তিহানি-গৌড়োড়া দিক নিজকোসলশভিশীহর্মকোশ্বামা । বেনী নাল্যমতী কুলোচিভঙ্গেন্ লা প্রভুজ্জুনৈ ব্যোল্য অগদত্যাক্ষ্ক্ৰা ক্লীনিক প্রাল্পাঃ "

গণ্ডপতিমন্দিরে উৎকীর্থ বিলালিপি ১০ ৩ ১৫ পঞ্জি

প্রাণ্ডেরাভিব-রাজবংকীর, বে বংশে বুর্রবর্তনর সরকাদরিক কুমাররাজও জন্মগ্রহণ কর্মের (২)।'

তংশরে প্রস্তভাবিৎ ক্লিট্ সাহেব অনেক বিচারের পর প্রকাশ করেন বে, 'জরনেব (২র) ঠাকুরীবংশীর প্লাঞ্জা, ইনি ১৫০ হর্ব সবতে অর্থাৎ ৭৫৮ বৃষ্টাব্যে রাজত করিতেন (০)।' ভাক্তার হোর্ন্নি সাহেবও ক্লিটের কভ বীকার করিয়া গিরাহেন।

অতএব উপরোক্ত প্রস্নুত্ত্ববিৎগণের মত প্রীকার করিলে
বলিতে হর, জরদেবের শশুর শীহর্বদেব সত্রাট্ বর্ববর্জন বাইতে
করে, ঐ হর্বদেব ও জরদেবের দাদাখন্তর উভরেই প্রাণ্জ্যোতিবরাক্তবংশীর ছিলেন এবং নেপালরাজ জরদেব সত্রাট্
হর্ববর্জনের ১৫৩ বর্ব পরে রাজত্ব করিতেন।

व्यायत्रा हेजिशुर्त्सहे ध्यमान कत्रित्राहि। [ श्रुश्चत्राज्यः म भंस ४०० पुः (मधा ] २व अवरमय निष्क्वियः भैव किरनन। निक्वविवश्नीय बाक्शालय निमानिभिएक গুণ-স্বতের অহ আছে। ডাক্তার বৃহনর প্রভৃতির मटल मुआहे इर्ववर्षनारे त्नशान अब कतिवा ख्याब निक সম্বং প্রচার করেন। কিন্তু আময়া এমন কোন বিশিষ্ট প্রমাণ পাই না. বন্ধারা ঐ মত অত্যান্ত বলিয়া গ্রহণ করিতে পারি। जनविक्रनी इहेंगे हर्वनवरलत खेलाथ कतित्राष्ट्रन । अकनि ४८१ शुर्ड शृक्षीरम अवर जगती ७०१ वृष्टीत्क व्यात्रस्थ । छाहात्र मत्छ निर्मातिका हर्ववर्षत्मत्र मुकाब भत द्य रंगागरवांग चर्छ, सार्वे न्यादारे कान्द्रीरतत स्वानचर जात्रख হয় +। কিন্ত চীনপরিব্রাজক হিউএন্-সিরংএর জীবনীতে লিখিত আছে বে শিলাদিত্য হৰ্বৰ্ছন ৬৪৮ খুৱাৰ পৰ্যন্ত শীবিত ছিলেন। স্নতরাং তাঁহার মৃত্যু হইতে হর্বসম্বং আরম্ভের क्षा এकार ज्याह । वित्नवकः १८१ पृष्ठे भूनीत्म त्व इर्व-সমতের উল্লেখ আছে, তাহার আরু কোন প্রমাণ নাই।

কান্দীর ব্যতীত আর কোন ছানে বে কখন হর্ষসহৎ প্রচলিত ছিল, এ পর্ব্যন্ত কোন প্রাচীন প্রছে অথবা কোন প্রাচীন নিলালিপিতে তাহার কোন স্পষ্ট প্রমাণ পাওরা বার নাই। বাগভট্ট ও হিউএন্-সিরং হর্ষবর্জন সহজে অনেক কথা লিখিরা গিরাছেন, কিছ ডংকর্জ্ক সহৎ প্রচলনের কোন কথা লিপিব্রু করেন নাই। এক্সপ ছলে

<sup>(</sup>a) "Bhagadatta and Sriharshadeva probably belong to the dynasty of Prag-jyotisha, to which Harshavardhana's contemporary Kumararaja also belonged." Note 57 by Dr. Bühler in Twenty-three Inscriptions from Nepal, p. 53.

<sup>(\*)</sup> Fleet's Corp. Inscriptionum Indicarum, p. 189. \* Journal Rey. As. Soc. vel. XII, p. 44. (O.S.)

হর্ববর্ধনের সহিত হর্ব-সংবতের কোন সংলব আছে কি না,
তাহা এখন সন্দেহত্তন। এরূপ হলে জরদেব প্রভৃতির
শিলালিপিতে উৎকীর্ণ সহতের জঙ্ক নিংসন্দেহে হর্বসহৎ বলিরা
শ্রহণ করা হার না। [হর্ব শব্দে বিভৃত বিবরণ দেখ।]
নেলালের পার্কভীর-বংশাবলীতে লিখিত আছে, ঠাকুরীবংশীর
প্রথম রাজা অংশুবর্দার খণ্ডরের সমরে বিক্রমানিত্য
নেলালে আগমন করেন এবং এখানে সহৎ প্রচলন
ক্রিয়া বাদ (৪)।

ভর্তনত্রাটুগণের সমরেই নেপালে প্রবল পরাক্রান্ত লিচ্ছবি-রাজগণ রাজত করিতেন। গুপ্তসত্ত্বং-প্রবর্ত্তক মহারাজাধিরাজ >म ठळा खरा (विकास मिका) निष्क्विता करा क्रमात (मदीत পাণিপ্রহণ করেন, তাঁহারই গর্ভে সুপ্রসিদ্ধ মহাবীর সমুদ্রগুপ্ত ব্দমগ্রহণ করেন। যেমন সমাট হর্ষবর্দ্ধনের পিতামহ আদিতা-বর্দ্ধন মহাসেনগুপ্তের ভগিনী মহাসেনগুপ্তার পাণিগ্রহণ विमम स्मोधितत्रांक जानिजावधा वर्षकथात छिनिनी दर्वश्रादक विवाह करतन। त्महेजल মহারাজা-বিক্রমাদিত্য-উপাধিধারী হয় नमुखक्रित भूल চক্ত श्रुप्त दनभारनत्र निष्क्वित्रांक अवरम्दत्र छिनी अवरमतीत পাণিগ্রহণ করিয়াছিলেন। মহারাজ জবদেব ও ঠাকুরী-दश्मीत महामामञ्ज व्यः अवर्षा উভরেই এক সমরের লোক। নেপাল হইতে আবিষ্ণত ৪৮ সহৎজ্ঞাপক শিলালিপিতে महात्रांकारित्रांक अन्तरमत्त्र त्रांकपकारम महात्रांक ष्यः कर्याः কর্ত্ত 'তিলমক' নির্মাণের প্রসঙ্গ আছে। ডাক্তার বৃহলর প্রাঞ্জতি বর্ত্তমান প্রায়তস্থবিদ্যাণ একবাক্যে ঐ ৪৮ অব हर्यमक्ष्यानक बनिया दित कतियाहितन। किन भूर्तिरे আমরা লিখিয়াছি যে, নেপালে যে কোন কালে হর্ষসম্বৎ প্রচা-विक इटेबाइन, जाहात कान विलय श्रमांग नारे। शृद्धिरे লিখিরাছি, পার্বভীর বংশাবলীর মতে রাজা অংশুবর্মার কিছু পূর্বে নেপালে বিক্রমাদিত্য কর্ত্তক গুপ্তসম্বৎ প্রচলিত হয়। এক্লপ স্থানে নেপালরাজ জবদেবের ভগিনী জবদেবীর সহিত श्र **एक श्राह्म विवाह हहेगात्र शृ**ट्क এवः मञ्जरणः विक्रमानिजा উপাধিধারী অপ্ত-সম্বং-প্রবর্ত্তক ১ম চক্রপ্রপ্রের সহিত লিচ্ছবি-वाकक्या कूमावामनीव विवाहकारण नमागछ । म छ्ळा थर्डकर्ष् **ट्रिमारम ७४७४९ छो** छो दिउ हरे हो थो किरव। अक्रि इत्न **चाः वर्षा ७ अवस्ति । जिलामिशित चक् स्य ७४ मध**्य-জ্ঞাপক, জাহাতে আর সদেব থাকিতেছে না।

अञ्चलकरण २त्र अग्रत्मत्वत्र मिनानिभिष्ठ छेवकीर्य २००

আৰু শুপ্ত-সহৎ জ্ঞাপক বলিয়া গ্ৰহণ করা বার। [শুপ্ত রাজবংশ পক্ষ দেখ।] ভাহা হইলে (২৯৯ × ৩৯৯২০ = )

১৯৮১৯ খুটাকে লিজ্মবিরাজ বন্ধ করনেবকে আমন্তা নেপালের
সিংহাসনে সমাসীন দেখি। এ সমরে সম্রাট্ট হর্ববর্ধন
শিলাদিত্য কনোজের সিংহাসনে অধিটিভ ছিলেন। বাণভট্ট
ও চীনপরিব্রাজক বিউএন্-সিরংএর বর্ণনার জানা বার, সম্রাট্
হর্বদেব সমস্ত উভর ভারত এবং সৌড়, ওড় কলিলাদি
আনেক হানে আধিপত্য বিস্তার করিরাছিলেন। এরূপ
হলে বর করদেবের শশুর গৌড়-ওড়-কলিল-কোলাবিপ
শীহর্বদেব ও শিলাদিত্য হর্ববর্জন উভরে বে অভিরব্যক্তি
ভাহাতে সন্দেহ নাই।

প্রধানে একটা কথা উঠিতে পারে। প্রাত্নতত্ত্বিদ্ ক্লিট্
সাহেব লিখিয়াছেল, 'হর্বর্দ্ধনের মৃত্যুর পর কনোজয়াজ্য
বিশৃশ্বল হইয়া পড়িলে মগধরাজ আদিত্যসেন মহারাজাধিরাজ
অর্থাৎ সম্রাট্ উপাধি গ্রহণ করেন। শাহপুর শিলালিপি মতে
তিনি ৬৭২-৭০ খৃষ্টাক্ষে বিভ্নমান ছিলেন (৬)।' স্নৃতরাং
আদিত্যসেনের দৌহিত্রীর পুত্র ২য় জয়দেব ৬১৮ খৃষ্টাক্ষে
বিভ্নমান থাকা একাস্ত অস্তব।

কিছ আমরা ইতিপূর্কে প্রমাণ করিরাছি, "পাছপুরের স্ব্যপ্রতিমার উৎকীর্ণ শিলালিপিতে ৬৬৬ সন্থতে রাজা আদিত্যদেনের কথা বিবৃত আছে।" [ শুপ্তরাজবংশ ৪৩১ পৃষ্ঠা দেখ।] এরূপন্থলে ৬০৯ খুষ্টাকে আদিত্যদেনকে মগধের সিংহাসনে দেখিতে পাই। ঐ সমরেও শ্রীহর্বদেব আধিপত্য করিতেছিলেন। মগধরাজ আদিত্যদেনের পিতা মাধবগুপ্ত হর্বদেবের সহচর ছিলেন এবং সম্পর্কেও আদিত্যদেন দুমাট্ হর্ববর্ধনের একপ্রকার ভ্রাতা হইতেছেন। মতএব আদিত্যদেন ও হর্বদেব উভরে বে সমসামরিক তাহাতে সন্দেহ নাই।

কেই আপত্তি করিতে পারেন বে, বর্ধন মাধবগুপ্ত হর্বের
বন্ধ ছিলেন, তথন তাঁহার পুত্র আদিত্যদেন হর্বদেব
অপেক্ষা বন্ধনে অনেক ছোট। বর্ত্তমান প্রস্কুতন্ত্বিদ্গণ
স্থির করিরাছেন, সম্রাট্ হর্ববর্জন ৬০৬-৭ খুঠান্দে সিংহাসনে
আরোহণ করেন। গুণন ৬০৯ খুঠান্দে আদিত্যদেন
রাজ্যাভিবিক্তা হইলেও ৬১৮ খুঠান্দে তাঁহার দৌহিত্রীপুত্রের রাজ্যপ্রহণ একান্ত অসম্ভব।

উত্তর। চীন-পরিবাজক বিউএন্-সিরংএর জীবনীতে দিখিত আছে—(৬৪ • খুটালে † ) তিনি বঙ্গজীরাজ্যে সিরা

<sup>(</sup>s) Inscriptions from Nepal, p. 38.

<sup>(</sup>e) Epigraphia Indica, vol. I. p. 68.

<sup>(</sup>w) Fleet's Inscriptionum Indicarum, vol. III. p. 14.

<sup>†</sup> Cunningham's Aucient Geography of India, p. 566.

ভথাকার রাজা শ্রুবভট্টকে দেখিরাছিলেন। সম্রাট্ হর্ববর্জনের পৌন্ত্রীর সহিত এই বলভীরাজ শ্রুবভট্টের বিবাহ হয়। ইনি (৬৪৩ খৃষ্টাব্দে) প্রারাগের ধর্ম্মসভার শ্রীহর্বনেবের নিকট উপ-স্থিত ছিলেন (৭)।

বাণভট্টের হর্ষচরিতে শ্রীহর্ষদেবের বিবাহের প্রসঙ্গ নাই, কিন্তু তৎকর্ত্ব দিখিজরের প্রসঙ্গ আছে। এরপত্তলে বোধ হয়, তিনি সম্রাট্ হইবার পর বিবাহ করেন, স্বইচ্ছার প্রথমে বিবাহ করেন নাই।

স্তরাং তিনি বে বেশী বরুসে বিবাহ করিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। ৬০৬ খৃষ্টান্দের পূর্ব্বে তিনি রাজ্ঞপদ পাইলেও ঐ সময়েই বোধহর তিনি সমাট্পদে অভিবিক্ত হন এবং দারপরিগ্রহ করেন। সম্ভবতঃ বিবাহের পর বর্ষে তাঁহার কল্পা রাজ্যমতী জন্মগ্রহণ করেন। রাজ্যমতীর ১০ম বর্ষে (সম্ভবতঃ ৬১৬-১৭ খৃষ্টান্দে) তাঁহার সমব্যক্ত নিচ্ছবিরাজ কুমার ২য় জয়্মদেবের সহিত বিবাহ হয়।

শ্রীহর্ষচরিতে বাণভট্ট ও হর্ষের পরিচর পাঠ করিলে হর্ষকে আর বয়য় যুবক বলিয়া বোধ হর না। বাণভট্ট অনেক দিন হর্ষের সভায় ছিলেন, সম্ভবতঃ বাণভট্টের মৃত্যুর পর প্রোচাবস্থায় হর্ষের বিবাহ ইইয়া থাকিবে। এরূপ স্থলে ৪০।৪১ বর্ষ বয়নের সময় (৬০৬)৭ খৃষ্টাব্দে) হর্ষদেব বিবাহ করিয়াছিলেন। তাহা ইইলে প্রায় ৫৬৫ খৃষ্টাব্দে হর্ষদেব জন্মগ্রহণ করেন। পূর্বেই লিখিয়াছি, মাধবগুপ্ত হর্ষদেবের সহচর ইইলেও তৎপুত্র আদিত্যসেন সম্পর্কে হর্ষদেবের ভ্রাতা, এরূপস্থলে আদিত্যসেন হর্ষ অপেক্ষা ৭।৮ বর্ষের ছোট ছিলেন, এরূপ ধরিয়া লওয়া যায়। এরূপ স্থলে প্রায় ৫৭০।৭১ খৃষ্টাব্দে আদিত্যসেনের জন্ম হইয়া থাকিবে। বোধ হয় আদিত্যসেনের ও তাহার ক্যাবংশীয়ের অরবম্যে পুত্র সন্তান ইইয়াছিল।

যেমন শ্রীহর্ষ ৬১০ খৃষ্টাক্ষ হইতে ৬৪০ খৃষ্টাক্ষের পূর্ব্বেই অর্থাৎ ২৭।২৮ বর্ষের মধ্যেই পুত্র, পৌল্রী ও নাতি জামাইএর মুথ দেখিয়াছিলেন, সেইরূপ আদিত্যসেনেরও (৫৭০ হইতে ৬১৮ খৃষ্টাক্ষের পুর্বেষ্ক ) ৪৮।৪৯ বর্ষ মধ্যে কল্পা, দৌহিত্রী ও দোছিত্রীর পুত্র হইয়াছিল, তাহা অসম্ভব নহে।

মহারাজ আদিত্যদেনের শিলালিপিতে মহারাজাধিরাজ উপাধি দেখিয়াই ক্লিট্নাহেব তাঁহাকে সমাট্ বলিয়া মনে করিয়াছেন, কিন্তু কেবল মহারাজাধিরাজ নাম দেখিয়াই এক জনকে সমাট্ বলিয়া স্বীকার করা বায় না। রাড়েও বরেক্তে মুদলমান আধিপতা বিস্তৃত হইলেও যেমন বলাধিপ লক্ষণ-দেনের পুদ্র বিশ্বরূপ দেব, ক্লুব্রাজ্যের অধীধর হইলেও

মহারাজাধিরাজ পরমভটারক উপাধিতে ভূবিত হইরাছেন্(৮), সেইরূপ আদিত্যসেনও কেবল মগথের রাজা ছিলেন, সমাট্ হন নাই। খিপুরাজবংশ শক্ষ দেখ।

বৃহ্লর সাহেব নেপালরাজ ২র জয়দেবের খণ্ডর ও দাদা খণ্ডর উভরকেই প্রাগ্জ্যোভিব-বংশীর বলিরা হির করিরাছেন, কিছ খণ্ডর এবং শাণ্ড্যীর পিতা কথন একবংশীর হইছে পারে না। সম্ভবতঃ মহাবীর হইদেব কামরূপপতি ভগদত-বংশীর কুমাররাজ ভাত্তরবর্মার কল্পা অথবা ভগিনীর পাণি-প্রহণ করেন, সেই রম্মীর গভেই ২র জয়দেবের পত্নী রাজ্য-মতী জন্মগ্রহণ করেন, এই জল্পই শিলালিপিতে রাজ্যমতী "ভগদত্তরাজকুলজা" বলিয়া বর্ণিত হইরাছেন।

২য় জয়েদেবের শিলাফলকে লিখিত আছে—তাঁহার মাত।
বৎসদেবী মৃতস্থামীর উদ্দেশ্যে পশুপতির উদ্দেশে একটা
রজ্ঞতপন্ম উৎসর্গ করেন। বোধ হয় এই শিলালিপি উৎকীর্ণ
হইবার অনতিপূর্কে জয়দেবের পিতা শিবদেবের মৃত্যু হয়।
বিবাহ হইলেও তথন জয়দেব বালক।

জয়দেবপুর, ঢাকা জেলার অন্তর্গত ভাবালরাজ্যের রাজ-ধানী। [ভাবাল দেখ।]

ক্ষয়ভালে (পুং) বিরাটভবনে ছন্মবেশী সহদেব।

জ্বাদেথ (পুং) জ্বরং রথো যতা বছরী। ১ সিদ্ধুসৌবীর দেশের একজন রাজা। বৃদ্ধক্ষত্রের পুত্র। মুর্য্যোধনের ভগিনীপতি ও ছঃশলার স্বামী। ইনি এক সময়ে কাম্যকবনের মধ্য দিয়া শাৰদেশে ঘাইতেছিলেন। সেই সময় পাওবগণও ঐ वत्न क्टिलन । उन्नोभनीत्क धकाकी वन मर्सा प्रिशी তাহাকে পাইবার জঞ্জ জয়দ্রথের ইচ্ছা হইল। তিনি পারি-ষদ কোটাকাশুকে দৃতরূপে তাঁহার নিকট পাঠাইলেন। কোটীকান্ত দ্রোপদীকে আদিয়া বলিলেন, 'আমি স্থরথরাজার পুত্র, আমার নাম কোটকাস্য। সিদ্ধুদেশাধিপতি রাজা জয়দ্রথ আমাকে আপনার নিকট পাঠাইয়াছেন, আপনি কে ? কাহার ছহিতা এবং কাহারই বা ভার্য্যা, তাহা জানিতে তাঁহার একান্ত ইচ্ছা।' ক্রোপদী আপনার পরিচয় দিলেন। তাহা क्रिनिया अग्रज्ञेथ ट्योभनीत्क हत्रण क्रिया व्यानियात रहेश करत्रन । কিন্ত ভীম ও অর্জনের হত্তে তিনি বিশেষরূপে অবমানিত हरेतन। উভয় ভাতায় अग्रज्ञ प्रांथा मुख्यि । जग-দ্রুপ সেই অবমাননার প্রতিশোধ লইবার অভিপ্রায়ে গঙ্গাঘারে যাত্রা করিলেন। এখানে আসিয়া শঙ্করের তপস্থা করিতে লাগিলেন, "মহাদেব তপে সম্ভষ্ট হইয়া তাঁহাকে বর গ্রহণ

<sup>(1)</sup> Lu Vie de Hiouen-Thsang par Stanislas Julien, p.254.

<sup>(</sup>v) See-The Sena kings of Bengal, by N. Basu.

করিছে যলিলেন। তিনি বলিলেন "ভগবন্। আমি পঞ পাঞ্চৰকে বুকে পরাজর করির।" মহাদেব বলিলেন, "না. তুমি অর্জুন ব্যতীত পাঞ্চবদিগকে পরাজয় করিতে পারিবে। প্রীকৃষ্ণ আৰ্জুনকে সর্বাদা রক্ষা করেন, এই জন্ত অর্জুন দেব-গণেরও অ**জে**র। অতএব আমি বর প্রদান করিতেছি, এক্দিন ভূমি অৰ্জুন ব্যতীত সসৈম্ভ পাগুব চতুইয়কে পরাজয় করিছে সমর্থ হইবে।" তদস্সারে যে দিন দ্রোণাচার্য্য চক্রব্যহ নিশাণ করিয়াছিলেন, সেইদিন ব্যুহ্ঘার রক্ষক হইয়া তিনি পাশ্তব চতুইয়কে সমরে জয় করেন। সেই চক্রব্যুহ মধ্যে অসহার প্রবিষ্ট অভিমত্তা নিহত হন। এই জন্ম অর্জুন জন্মদ্রথকে অভিমন্ত্যুর মৃত্যুর কারণ স্থির করিয়া তাঁহাকে বিনাশ করেন। **জয়ক্রথের** পিতা পুত্রকে বর দিয়াছিলেন যে কেই ইহার মস্তক ভূতলে নিপাতিত করিবে, তথনই তাহার মস্তক শতধা চূর্ণ হইবে। অর্জুন ক্লাঞ্চর মুথে এই কথা শুনিয়া ইহার মন্তক শরীর হইতে বিমুক্ত করিয়া কুরুক্তেত্র-সন্মিহিত সমন্তপঞ্কত্থ তপপ্রায়ণ বৃদ্ধক্ষত্রের অক্ষে স্থাপন করেন। বৃদ্ধক্ষত্র তপস্থান্তে উঠিবামাত্র মন্তক তাহা কর্ত্বক ভপতিত হয়। স্নতরাং তাহারই মন্তক শতধা বিদীর্ণ হইয়া যায়। (ভারত বন ও দ্রোণ) ইহার পুত্রের নাম স্কর্থ।

২ একজন কাশ্মীর দেশীয় বিখ্যাত কবি, ইহার শুরুর নাম স্থভটদত্ত, শিব ও সঙ্গধর। ইহার পূর্বপুরুষগণ সকলেই স্পত্তিত ও কাশ্মীররাজ যশস্কর, অনস্ত, উচ্ছল প্রভৃতির সচিব ছিলেন। ইহার পিতার নাম শুঙ্গাররথ, তিনিও রাজরাজের সচিব ছিলেন। ইহার জ্যেষ্ঠ সহোদর জয়রথকত তন্ত্রালোক-বিবেকগ্রন্থে ইহাদের পূর্বপুরুষগণের পরিচয় বর্ণিত আছে। জয়য়থের মহামাহেশ্বর ও রাজানক উপাধি ছিল। ইনিহরশিবচিন্তামণি, অলঙ্কারবিমর্শিনী ও অলঙ্কারোদাহরণ প্রভৃতি সংস্কৃত গ্রন্থ রচনা করেন।

৩ বামকেশ্বরতন্ত্রবিবরণ নামে সংস্কৃত গ্রন্থকার।

৪ এক থানি যামলের নাম।

জয়ধর্মন্ ( পুং ) একজন কুরুদেনাপতি। (ভারত ৭।১৫৬)

জয়ধ্বজ (পুং) কার্ত্তবীর্যার্জ্জ্নের পুত্র, অবস্তীর এক রাজা। ইহার পুত্রের নাম তালজ্জ্ব। (লিলপুং ৬৮।১২)

জয়ন (क्री) জীয়তে ২নেন করণে-ল্যুট্। ১ অখাদির সজ্জা। জাবে ল্যুট্। ২ জয়।

জ্বার্মার, ২ মানভূম জেলার একটা পরগণা। পরিমাণ প্রায় ৩০ ৩৯ বর্গ মাইল।

২ মগধপতি ইক্সফালের ছুর্গ। প্রবাদ আছে, তিনি
মুসলমানদলপতি মধ্ছম্ মৌলাগালুর কর্তৃক পরাজিত হইয়া

এই ছর্গে আশ্রর পাইরাছিলেন। অভ্যান হর, জরনগর এক সময়ে অতি প্রাসিদ্ধ স্থান ছিল।

ত বঙ্গদেশে হারভালা জেলার অন্তর্গত একটা কুল নগর।
অক্ষা ২৬° ৩৪ ৪৫ উ:, ক্রাঘি ৮৬° ১১ পু:। নেপালসীমান্তে করেক মাইল দক্ষিণে কমলা নদীর কিঞ্চিৎ পূর্ব্বে
অবস্থিত। এখানে একটা মৃত্তিকা-নির্মিত চুর্গ আছে।
বালালার অ্বাদার আলাউদ্দীন্ ১৫৭৩ খু: অব্দে পার্বাজীরদিগের আক্রমণ হইতে দেশরক্ষার নিমিত্ত চুর্গটা নির্মাণ
করাইয়াছিলেন। নেপালযুদ্ধের সময়ে ইংরাজগণ এই চুর্গের
নিকটে শিবির সংস্থাপন করিয়াছিলেন। এখানে নীল ও
চিনির চুইটা কুঠি ছিল; এখন তাহা বন্ধ হইয়া আছে।
নরায়া হইতে হারভালা পর্যান্ত যে রাস্কাটা প্রস্তুত হইয়াছে,
তন্ধারা জয়নগর হইতে জেলার সর্বত্র যাতায়াতের বিলক্ষণ
অবিধা হইয়াছে। জয়নগরের নিকটে শিলানথ নামক গ্রামে
বৎসর বৎসর একটা মেলা হয়।

৪ বলদেশে চিবিশে পরগণার অন্তর্গত একটা নগর।
অক্ষা ২২° ১০´৫৫´ভি:, দ্রাঘি ৮৮° ২৭´৪০´পৃ:। এথানে
মিউনিসিপালিটি, পুলিস, থানা এবং একটা ইংরাজীসুল
আছে। পূর্ব্বে এই স্থানের নিম্ন দিয়া ভাগীরথী প্রবাহিত
হইত। এথন গলা অপসত হওয়ায় তথায় কতকগুলি ঝিল
হইয়াছে। একটা ঝিলের তটে কভিপয় দেবমন্দির আছে।
জয়নগরে প্রতাপাদিত্য কর্ত্বক নির্ম্মিত একটা দেবমন্দির
আছে, কিন্তু তাহাতে কোনও বিগ্রহ নাই। এখান হইতে
থদিরপুর পর্যান্ত একটা থাল আছে, তদ্ধারা কলিকাতায়
যাতায়াত চলে।

জয়নন্দী, হস্তিকণামৃত ধৃত একজন প্রাচীন কবি।

জয়নবেন্দ্রসিংহ, পাতিয়ালার একজন মহারাজ। ইনি একজন স্কবি ছিলেন। ১৮৪৫ খুটান্দে ইহার পিতা করম্সিংহের মৃত্যু হইল ইনি সিংহাসনে আরোহণ করেন। শিপযুদ্ধকালে ইনি বৃটীশগবর্মেন্টের যথেষ্ট সাহায্য করিয়াছিলেন,
তজ্জ্য বৃটীশগবর্মেন্ট ১৮৪৬ খুটান্দে ইহাকে ত্রিশ হাজার
টাকা আয়ের একটা স্বায়গীর প্রদান করেন। তিনি আপনার
রাজ্য মধ্যে অপর সকল প্রকার পণ্যজব্যের মাস্থল উঠাইয়া
দেওয়ায় বৃটীশগবর্মেন্ট পর বর্ষে লাহোররাজ্বের অধীন কতকশুলি সম্পত্তি কাড়িয়া লইয়া রাজা নরেক্সসিংহকে প্রদান
করেন। শিপাহীয়্বের সময়েও ইনি ইংরাজনিগকে য়পেই
সাহায্য করিয়াছিলেন, ভজ্জ্য ইনি হই লক্ষ টাকা আরের রক্ষর
রাজ্য ও পুরুষায়্জেমে দতকগ্রহণের ক্ষমতা প্রাপ্ত হন। ১৮৬১
খুটাক্ষে সলা নবেম্বর ইনি G. C. S. I. উপাধি লাভ করেন।

১৮৬২ খুঁটাকে ১৪ই নবেশ্বর শাদশ বর্ষীর পুত্র মহেজ্রনিংছকে রাজ্য দিয়া ইহলোক পরিত্যাগ করেন।

জন্মনাথ, তমসানদী-প্রবাহিত আদেশের একজন মহারাজ।
উচ্চকরে ইহাদের রাজধানী ছিল, এই জন্ম ইহারা উচ্চকরের
রাজা ধলিয়া খ্যাত। ইনি ঝাত্র মহারাজের ওরতে ও অভ্যিত
দেবীর গর্ভে জন্মগ্রহণ করেন। ইনি ২৭৪ হইতে ১৭৭ ( গুপ্ত
কিয়া কলচুরি) সম্বতে রাজ্য করিতেন। ইহার পুজের নাম
মহারাজ সর্কানাথ।

জ্বরনারায়ণ, ১ একজন সংখ্যত প্রত্কার। ইহার পিভার নাম ক্ষণজ্ব। ইনি শঙ্রস্থীত রচনা করেন।

২ সপ্তশতী চণ্ডীর একজন চীকাকার।

জয়নারায়ণ তর্কপঞ্চানন, একজন বিখ্যাত আলভারিক ও নৈরারিক পণ্ডিত, কলিকাভার দক্ষিণে চবিষশ পরগণার অন্তর্গত মুচাদিপুর গ্রামে পাশ্চাত্য বৈদিক বংশে ১২১১ সালে জন্মগ্রহণ করেন। শৈশবকালেই তাঁহার মাত্রিয়োগ হইয়া-ছিল। তাঁহার পিতা হরিশ্চক্র বিভাগাগর একজন স্থাপেদ অধ্যাপক ছিলেন। জয়নারায়ণ পঞ্চম বৎসর বয়ক্তমকালে বিভাশিক্ষার প্রবৃত্ত হন, অষ্টম বর্ষ বয়দে পিতৃসন্ধিধানে মুগ্ধবোধ वाक्त्रण शांठ चात्रक कतिया चनामास बुद्धिवरण ठऊर्मणवर्ष বয়সের মধ্যেই তিনি ব্যাকরণ, অমরকোব ও কাব্যশাস্ত্রে বিলক্ষণ বাংপত্তি লাভ করেন। পরে ভবানীপুরনিবাদী রাম-তোষণ বিস্থালভারের নিকট অনুভারশান্ত এবং শালিখা-নিবাসী জগুলোহন তক্সিভাল্ডের নিক্ট লার্শান্ত পাঠ করিয়া উভয় শাল্তে অভিজ্ঞতা লাভ করেন। তিনি কখনও আলতে কাল-যাপন করিতেন না। অধ্যাপকের নিকট হইতে অবদর পাই-লেই স্বৃতি প্রভৃতি শাস্ত্র পাঠ করিতেন। কখনও কথনও সংস্কৃত करनास्त्र अधानक नाषुत्राम भावीत निकृष यश्ति। द्यांस অধ্যরন করিতেন। তিনি সময়ে সময়ে অধ্যাপকের সহিত নানান্তানে পশুতসভার নিমন্ত্রণে ষাইয়া বিচারে অনেক প্রাসিদ্ধ পশুতকে পরাম্ভ করিতেন, এ বর অরদিনের মধ্যে তাঁহার নাম বিখ্যাত হটরা পড়িল। তাঁহার ছাবিবশ বংসর বরংক্রম-কালে তাঁহার অধ্যাপক জগন্মোহন তর্কসিদ্ধান্তের মৃত্যু হইল। সকলের অমুরোধে তিনি শালিখার চতুপাঠী স্থাপন করিলেন। নানাখান হইতে ছাত্রমগুলী স্মাগত হইরা তাঁহার সিকটে দর্শনার অধারন করিতে লাগিল। এই সমরে আর্থিক অনটেন জন্ম চাত্রদিগের গ্রাসাক্ষাদনের নিমিত্ত ভাঁহাকে যৎপরোনাতি ক্লেশ পাইতে হইবাছিল। স্থানীর লোকেরা তাঁচার ছাত্রবর্গের বিলক্ষণ সাহায্য করিতেন। এইরূপ অধ্যা-পনা করিতে করিতে তর্কপঞ্চানদ বহাশর এক সময়ে "ল কমিটার" পরীক্ষা দিয়া অন্ত পঞ্জিত হইবার প্রশংসাপত প্রাথ হন। কিন্ত অধ্যাপনা কার্য্যের ব্যাথাত হইবে বলিয়া তিনি লেই কার্য্য প্রহণে সম্বত হইলেন না।

একদিন সংগ্ৰত কলেজের দর্শনপাল্লের অব্যাপক অবিতীর পণ্ডিত নিষ্টান শিরোমণির সহিত তর্কপঞ্চালন বছাশরের निथिक विठांत हत. विठांत्र मालिनत नवह हतेशा निर्द्रायनि বহাণর ভাঁহাকে খীর স্থাস অধিকার করিবার যোগ্য বলিরা निर्फन कतिबाहित्तन। सिमहातत मुकाय भारत ১৮৪० थः অব্যের আগষ্ট মাসে জননারারণ তর্কপঞ্চাদনকে ভাঁছার পদে नियुक्त करा बहेग। जिनि मानिक ৮०, টाका दिज्ञतः मध्युज करनत्वत्र क्षांत्रभारत्वत्र व्यथाभक निवृक्त हरेरनन। किन्न তিনি চতুসাঠীর অধ্যাপনাকার্য্য ত্যাগ করিলেন না। সিম্-লিয়াতে চতুস্পাঠী স্থাপনপূর্ব্জক কলেজের কার্ব্য করিয়া অবসর সমরে প্রাতে ও রাত্রিতে ছাত্রদিগকে বিস্থাদান করিতেন। কিছ ছাত্রসংখ্যা অধিক হওয়াতে তিনি নারিকেলডাঙ্গায় একটা প্রশন্ত বাটা ক্রন্ন করিয়া, তথার চতুসাঠা খুলিলেন। তাঁহার কলেজের ছাত্রগণের মধ্যে পণ্ডিতপ্রবর ঈশরচন্দ্র বিভাসাগর, তারাশঙ্কর তর্করত্ব, দীনবন্ধু ভাররত্ব, রামকমল ভট্টাচার্য্য প্রভৃতি এবং চতুপাঠীর ছাত্রদের মধ্যে মহামহো-পাধ্যার মহেশচন্দ্র স্থাররত্ব, শ্রীনন্দন তর্কবাদীশ, হরচন্দ্র বিভা-ভূষণ ও তারাচাঁদ তর্করত্ব প্রভৃতি সর্বাত্ত যশবী হইরাছেন।"

১৮৬৯ খৃ: অব্দে তিনি পেনসন লইয়া বারাণসীতে গিয়া বাস করেন। সেধানেও তিনি নানা শাল্পের অধ্যাপনায় প্রের্ছ হইলেন। দণ্ডী, পরসহংস, ব্রন্ধচারী প্রভৃতি মহাত্মগণও তাঁহার নিকটে বোগশাল্প শিক্ষা করিতে আসিতেন। তাঁহার অধ্যাপনা-নৈপুণ্যে সকলেই অভ্যন্ত সন্তুই হইতেন। জয়নারায়ণ তর্কপঞ্চানন মহাশয় ১২৮০ সালে কাশীতে পরলোক গমন করেন।

সর্কান কার্য্য নির্ক্ত থাকিতেন বলিয়া, তিনি অধিক গ্রন্থ রচনা করিতে পারেন নাই। কণাদত্ত্ত-বিবৃত নামক একথানি বৈশেষিক গ্রন্থের চীকা, পদার্থতত্বসার নামক একথানি স্থারগ্রন্থ, তারকেশরলতক ও চামুঙালতক প্রভৃতি করেকথানি সংস্কৃত পছগ্রন্থ, শ্রীগুক্ত শিবনারারগ খোবের আদেশে নীরাজনপ্রকাশ, এবং বক্তাকার লিধিক সর্কার্শনসংগ্রহ নামক পুতুক রচনা করেন। এই সর্গর পুতুকে তাঁহার বিভাবতা ও বৃদ্ধিমতার বর্ষেষ্ঠ পরিচয় পাওরা যার। কাশীবাসকালে তিনি একথানি ভারগ্রন্থ প্রশারন করিয়া কাশীবাজকে উপহার দিরাছিলেন।

क्यमात्रीत्रण नीकिक, क्रम्बनी नात्म कानश्रक्त नहिला।

জননী ( ত্রী ) জনন ত্রীনিলে তীপ্। ইক্রকজা।
জন্ম (পুং) লনতীতি জি-বচ্ ( ভুভূবহিবদীতি। উণ্ ৩০১২৮)

> ইত্রপুত্র, পাকশাসনি, ঐক্রি। ২ বিষ্ণু। (ভারত ১০০১৪৯১৯৮।) অভিশরেনারীন্ জয়তে য়য়হেত্রিতি য়য়ভঃ। ত শিব। (মংক্র পৃং ৫।৩০) ৪ চক্র। (ত্রিকা॰) ৫ বিরাটগৃহে ছম্বেনী ভীম। [জয় দেব।] ৬ মরুছতী গর্ডজাত ধর্মের এক পুত্র, ইনি উপেক্র নামে বিব্যাত। (ভাগবত ৬।৬।৮।) ৭ রাজা নশরবের একজন মন্ত্রী। (রামায়ণ ১।০।২-৩) ৮ পর্মভবিশেষ। (হরিবংশ ১০০।১৪) ৯ যাত্রিক যোগবিশেষ, ঘাহার রাশি অপেকা চক্র উচ্চত্ব হইয়া একাদশ স্থানে অব্স্থান করেন, তাহার এই জয়ত্ত যোগ হয় ৬। এই যোগে শত্রুপক্ষ নাশ করে। ১০ তালবিশেষ, ইহা শ্রুবক জাতীয়।

"আদিতালে জয়ন্তঃ স্থাৎ শুকাররস্মংযুক্তঃ।

ক্ষত্রসংখ্যাক্ষরপদ আয়ুর্জ্বিকরঃ পরঃ ॥" (সঙ্গীত দামো ) [জয়ুজ্কিব দেখ।]

জয় স্ত । স্বর্জী বা দীপিকা নামে কাব্যপ্রকাশের একজন
টীকাকার। ইহার পিতার নাম ভারবাজ, তিনি গুজরাটের
বাবেলরাজ সারলনেবের মন্ত্রী-পুরোহিত ছিলেন। সারল
দেবও তাঁহাকে বিশেষ ভক্তিশ্রদ্ধা করিতেন। ১৩৫০ সম্বতে
জ্যৈষ্ঠমাসে ক্ষা তৃতীয়ার কাব্যপ্রকাশদীপিকা রচিত হয়।

২ একজন প্রাসিদ্ধ নৈয়ায়িক, ইনি ভায়কালিকা ও ভায়-মঞ্জনী রচনা করেন। কাশ্মীরে ঐ গ্রন্থ প্রচলিত।

্সারস্বতব্যাকরণের "বাদিঘটমুলার" নামে টাকা-রচয়িতা।

৪ প্রকাশপুরীর মধুস্দনের পুত্র। ইনি তবচক্র নামে প্রক্রিরাকৌমুদীর টীকা প্রাণয়ন করেন।

৫ পতাবলীগৃত একজন প্রাচীন কবি।

ভ জরস্তবামী নামে খ্যাত। ইহার পিতার নাম কাস্ত,
পিতামহের নাম কল্যাণস্বামী, এবং পুজের নাম অভিনল।
ইনি বিমলোদয়মালা নামে আখলায়নগৃহস্তভাষ্য, আখলায়নকারিকা ও ঋথেদের স্বরনির্গর সম্বন্ধে স্বরার্শ নামে
একথানি সংস্কৃত গ্রন্থ প্রেণয়ন করেন। হরিহর, কমলাকর,
নীরকেঠ প্রভৃতি স্বার্ত্তগণ জয়ন্তস্বামীক্র গ্রন্থ উদ্ভূত করিয়াছেন।
জয়ন্তপুর, নিমিরাজভাপিত একটা নগর, ইহা গৌতমাশ্রমের নিকট ছিল।

জয় ব্রিকা (ব্রী) জন্মন্তীর কান্নতীতি কৈ-ক, ততো হুসো নিপাতনাং। > হরিজা। (রাজনি\*) ২ ত্র্গার স্থী। (কাশী-ধণ্ড ৪৭।৪৬) ৩ এক প্রাচীন রাষ্ট্র।

"বত্ত বোজসভলকো লগাদেকাদশে ছিতঃ।
 করাকো নাম বোগোহরং শত্রুপক্ষিনাশক্ষ।" (ক্যোভি॰)

"প্ৰতাধ্বাৰিভটে রমো বিশ্বাভেতি অনুভিকা।"

(म्बांबि॰ २१५७/०७ ।)

জয় জিয়া, জয়ন্তী, বর্তমান আনাম প্রদেশের অন্তর্গত একটা নাজ্য। পূর্ব্বে এই স্থানে স্থাধীন হিন্দু রাজগণ রাজত করেন। ব্রহ্মণত, দেশাবলী, দিখিজরপ্রকাশ প্রভৃতি সংস্কৃত প্রাত্থে এই রাজ্য জয়ন্ত নামে ও বল রাজ্যের অন্তর্গত বলিয়া বর্ণিত হইরাছে। দেশাবলী মতে এখানে জয়ন্তেশী দেবী বিরাজ করেন। বৃহরীণতত্ত্বেও ইহা পীঠন্থান বলিয়া বর্ণিত হইরাছে— "অয়ন্তং বিজয়ন্তঞ্চ সর্ব্বকল্যাণ্ডং প্রিয়ে।" (৫ম পটন)

**এখনও** জয় स्थिनीति का नी मूर्कि पिथियात ज्ञा का कानक যাত্রী এথানে আগমন করিয়া থাকে। প্রতি বর্বে এখানে জয়ন্তরাজ নরবলি দিতেন। জয়ন্তের শেষ রাজা রাজেক্সিংহ এই নরবলির অপরাধেই ইংরাজের কুদৃষ্টিতে পড়েন। ১৮৩২ খুষ্টাব্দে নওগাঁ হইতে কএকজন প্রজাকে ধরিয়া শইয়া গিয়া ব্দরভেশীর সম্মুথে বলি দেওয়া হয়। তত্ত্বতাই বড়লটি ১৮৩৫ খুঠানে রাজা রাজেক্সসিংহকে রাজ্যচ্যুত এবং জয়স্তরাজ্য শ্রীহটের অন্তর্ভুত করিয়া লন। ১৮৬১ খুষ্টাব্দ পর্যান্ত রাজা বার্ষিক ছয়হাজার টাকা করিয়া বৃত্তি পাইতেন। সেই সময় হইতে জয়ন্তরাজ্যের পার্কতীয় অংশ থাসি ও জয়ন্তী পাহাড়ের অন্তর্গত এবং সমতলভাগ প্রীহট্র জেলার অন্তর্গত হয়। এই সমতল অংশের পরিমাণ ৪৬০ বর্গমাইল হইবে। পুর্বেজয়ন্ত-রাজ আপন ইচ্ছামত প্রজাদের নিকট হইতে উৎপন্ন শস্ত বা কর আদায় করিতেন, বুটাশ অধীন হইবার পর এথানে निर्मिष्टे रत्नावछ इय। [ श्रीहाँ ७ अम्रस्थिमा পाहाफ (मध।] জয়ব্বিয়া পাহাড় আনাম প্রদেশের এক উপবিভাগ, নাধারণে (काराहे तत्न। हेरांत्र शिव्रमांग-कन २००० वर्ग मारेन। ইহার উত্তরদীমা নওগাঁ, পূর্বে কাছাড়, দক্ষিণে এই ও পশ্চিমে থাসি পাহাড।

ইহার জোবাই নামক সদরে সহকারী কমিসনরের কাছারী আছে। ১৮৩৫ খুটাল হইতে এই স্থান রটাশ অধিকারভুক্ত হইয়াছে। প্রথমে এখানকার প্রতি গ্রাম হইতে বর্ষে
একটা করিয়া ছাগ আদায় হইত। ১৮৬০ খুটালে এখানে
প্রতি গৃহে উর্জ সংখ্যা ১ টাকা করিয়া কর ধার্য্য হয় ।
প্রথমে ঐ কর আদায় সম্ভব্ধে পোল বাধিয়া ছিল। পাহাড়ীয়া
রাজা ভিদ্ধ আর কাহাকেও কর দিতে স্বীক্ষত হইল না।
তাহাতে তাহাদের সহিত একটা ছোট খাট যুদ্ধ বাঁধে।
যাহা হউক, তাহাদের অস্ত্র কাড়িয়া লওয়া হয়। তৎপরে
এখানে মাছ ধরা ও কাঠ কাঠার উপরও কর ধার্য হয় । কিন্তু
এখানকার পাহাড়ীয়া অসভ্ত হইরা উঠিল। ১৮৬২ খুটালে

জাত্মরারীমানে পূলা উপলকে সকলে একত হইরা ইংরাজ রাজের বিরুদ্ধে অন্তধারণ করিল। পূলিস বর পূড়াইরা দিল। বৃটাশের কোল চিহ্ন পাহাড়ে রহিল লা। ভাহাদের বিরুদ্ধে সিপাহীরেছ প্রেরিভ হইল। প্রথমে এই সিপাহীরা কিছু করিতে পারিল লা, পুনরার গজারোহী ও হুই দল সৈন্য পাঠাইরা ভাহাদিগকে দমন করা হইল। এখন জরন্তিরা পাহাড় ২৩টা পরগণার বিভক্ত; ভর্মধ্যে হুইটাতে কুকী ও হুইটাতে মিকির জাতির বাস। এখানে প্রার্থ পাঁচিশ হাজার টাকা কর আদার হইরা থাকে।

এখানে ঝুম্ নামক ক্ষিপ্রথা প্রচলিত। এখানকার নদী-তট হইতে উৎকৃষ্ট পাথ্রিয়া চ্ণ পাওয়া বায়, তাহা বঙ্গে শ্রীহট্রের চূণ বলিয়া বিক্রীত হয়।

कप्रस्ती, कमप-ताक्शांशत बाक्धांनी रेनवांत्रीत व्यथत नात्र ।

[ वनवात्री (मर्थ। ]

জয়ন্তীপুর, শ্রীহটজেলার উত্তরপূর্কাংশে একটা গ্রাম ও থানা।
অক্ষা ২৫°৮´৭´ উ:, দ্রাঘি ৯২°১•´২´ পুঃ, হরিনদীর পুরাতন গর্চে জয়ন্তর পাহাড়ের পাদদেশে অবস্থিত। এথানেই
জয়ন্তরাজের রাজধানী ছিল। এখনও ইহার নানাস্থানে প্রস্তরনির্দ্মিত স্থান্দর শিল্লযুক্ত মন্দিরের ধ্বংসাবশেষ, শিবলিক ও হিন্দু
দেবদেবীর মূর্ত্তি পড়িয়া আছে। এখানে থাসি ও সন্তেং
বণিকেরা প্রতি সপ্তাহে একবার হাট করিতে আইসে।

জ্য়ন্ত্রী (স্ত্রী) জ্বরতীতি জি-ঝচ্। (তৃভূবহীতি। উণ্ আ১২৮) গৌরাদিশ্বং ভীপ্। হুর্গা।

"জয়ন্তী মদলা কালী ভদ্ৰকালী কপালিনী।

হুৰ্গা শিবা ক্ষমা ধাত্ৰী স্বাহা স্বধা নমোছস্ত তে।" (কালিকাপুণ)

২ ইক্সকন্তা। ৩ পতাকা। ৪ অ্যামন্থক, শুপুরীগাছ। (ভাবপ্রা) ৫ বৃক্ষবিশেষ। পর্যায়—জন্ম, তর্কারী, নাদেয়ী, বৈজয় স্থিকা, বলা, মোটা, হরিতা, বিজয়া, স্ক্রম্লা, বিজ্ঞান্তা, অপরাজিতা। ইহার শুণ—মদগদ্দুক, তিক্ত, কটু, উষ্ণ, ক্রিমিনাশক, কণ্ঠবিশোধন। জন্মন্তী পত্রের শুণ বিবদোধনাশক, চক্ষুর হিতজনক, মধুর, শীতল। (রাজবল্পভ) ইহা নবপ্রিকার ব্যবহৃত হয়।

"कमनी माष्ट्रिमी शाख्यः इतिला मानकः करू।

বিখোহশোকো জয়ন্তী চ ৰিজেয়া নবপত্ৰিকা: ॥" (ভিথিতৰ)

বৈশ্বক মতে—রবিবারে খেতজন্মন্তীর মূল ছথের সহিত পেষণ করিয়া ভক্ষণ করিলে বিত্তরোগ আরোগ্য হয়। "বেতজন্মন্তী মূলং পিষ্টং পীতঞ্চ গব্যপন্নলৈব। বিত্তং নিহন্তি নিয়তং রবিবারে বৈশ্বনাধান্তা।" (চক্রপাণি) ৬ বৈশ্বকোক্ত ব্যবহাবিশেষ। বিষ, পাঠা, অখগদা, বচ, তালীশপত্র, মনিচ, শিপ্ক, নিম ও করতী প্রত্যেক সমজাগ ছাগমুত্রে পিবিরা চণকপ্রমাণ কটা প্রস্তুত করিতে হয়। (রসেক্রসারসংগ্রহ।) ৭ বোগবিশেব, বদি প্রাবণ মাসের ক্লখা অন্তমী তিথিতে অর্দ্ধরাত্রের প্রথম ও শেব দতে কলামাত্র রোহণী সক্ষত্র থাকে, ভাহা হইলে এই বোগ হয়, এই বোগ সকল পাপনাশক।

শ্বরং পুণ্যঞ্চ কুন্ধতে জরন্তীমিতি তাং বিহু: ।
রোহিণীসহিতা কুন্ধা মাদেব প্রাবণেছ্টমী ॥
অর্ধরাত্রাদধশ্চোর্ধং কলরাপি যদা ভবেং।
জরন্তী নাম সা প্রোক্তা সর্বপাপপ্রপাশিনী ॥
(তিথিত )

[ জন্মাষ্টমী দেখ। ] ৮ বাদশীবিশেষ।
''উদ্মীলনী বঞ্লীচ ত্রিম্পূলা পক্ষবর্দ্ধিনী।
জন্ম চ বিজন্ম চৈব জন্মন্তী পাপনাশিনী।

ষাদখ্য ঠৌ মহাপুণ্যা সর্ব্বপাপহরা বিজ ॥" (ব্রহ্মবৈবর্ত্তপু:)

জয়ন্তীব্রত, ক্লাইমীর অপর নাম। [ ক্লাইমী দেখ। } জয়পতাকা (স্ত্রী) জয়স্চ্কা পতাকা অথবা জয়ত পতাকা মধ্যলোও ক্য়লভের পর যে পতাকা উড়ান হয়।

জয়পত্র (ক্লী) জয়জ্ঞাপকং পত্রং মধ্যলো । কোনও বিবাদের বিচারের পর যাহাতে রাজকীয় মন্তব্য লিথিত হয়।

বীরমিত্রোদরে জন্নপতের লক্ষণ ও ভেদ বর্ণিত আছে।
ব্যাদের মতে—কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তিবিষয়ক
বিবাদে অথবা কোন বিভাগের বিবাদে অথবা কোন বাগ্বিরোধ প্রভৃতিতে যথাসম্ভব রাজা স্বন্ধং দেখিরা অথবা
প্রাজ্বিবাকদিগের নিকটে শুনিয়া প্রমাণামূসারে বাহার জয়
বিবেচনা করিবেন, তাহাকে জন্মপত্র লিখিয়া দিবেন (১)। জয়পত্র রাজা ও সভ্যদিগের স্বাক্ষরিত এবং রাজমূদ্রায় অবিত
হইবে। জন্মপত্রে উভন্নপক্ষের মন্তব্য, প্রাপ্ত প্রমাণ, ধর্মণান্তের
মত ও সভ্যদিগের মন্তব্য লিখিত হয়। কোন বিষ্কের জন্মপত্র
আবার পশ্চাৎকার নামে কথিত হয়।

া মাতৃলালরেও বীরবর দেররাজের অধীনতা ভাল লাগিল না, তিনি একথানি প্রাম প্রার্থনা করিলেন। ক্লিড তিনি মুক্তুমির মধ্যে অতি সামান্ত একথপ্ত ভূমি গাইলেন। ্তথার ৯০৯ সহতে ভাটনের-ছর্ম-নির্মাতা জেক্স আসক নিনীয় নাক্রয়ে নিক্ষ দানে দেনগড় বা সেওয়াবত ভাষে প্রস্তিবিধ করিলেন ঃ

ছর্গ বিশ্বাদের ক্ষেত্রত প্রাইক ক্তরাল কারিলেরের বিক্তর
 ট্রেল পাঠাইক বনন । কিছ বেরবাল কেশপলাকন ক্রেনা বারাকগণতে ভ্রাইনের লাসিরা ক্কলের আন বিনান করেন।

প্রবাদ এইরূপ করাহরাজ্যে বেকির আলেনে বধন কেবরাল ছিলেব, একবিন বেকির অলপছিতকালে কটনাক্রমে জাহার রসকুত হরুতে প্রকর্তনাতী রস লাগিরা রেবের সৌহমর অসি স্থবর্ণে পরিণত হয়। তাহা দেখিরা রেবরাল সেই রসকুত সংগ্রহ করেন। ভাহারই বলে ভিনি বেবরাল সেই রসকুত সংগ্রহ করেন। ভাহারই বলে ভিনি বেবরাল নির্মাণ করিছে পারিয়াছিলেল। অফলিন লেই বেকি আলার বিলাগ করিছে সহিত লেখা করিয়া বালেন, "তুমি আলার রোগ্যানের ধন চুরি করিয়া আনিরাছ। বদি চুমি আলার চেলা হও, তবে ভোমার রক্ষা, নহিলে নিজার নাই।" তিনি তৎক্ষণাৎ যোগ্রর শিশ্র হইদেন। ভিনি গৈরিক বাস, কর্ণে স্থা, কটিতে কৌপীন ও হাতে একটা কুম্ছার খোল ধারণ করিয়া ওক্সর আদেশক্রমে "আলখ্" "আলখ্" নাম উচ্চারণপুর্বক জাতিক্টবের হারে হারে বেড়াইতে লাগিলেন। তাঁহার হাতের খোল সোণা ও মুক্রার পরিপূর্ণ হইরাছিল।

দেবরাজ রাও উপাধি পরিত্যাগ করিরা রাবল উপাধি গ্রহণ করিলেন। বোগীর আদেশ মত আজও অরশাল্মের অধিপতি "রাবল" উপাধি গ্রহণ ও অভিষিক্তের সমর দেব-রাজের মত তেক কইয়া থাকেন।

দেবরাজের অধন্তন বঠ পুক্ব রাজা জরশাল। ইনি নিজ
নামে জরশালমের হুর্গ ও নগর নির্দ্ধাণ করিরা তথার
রাজধানী হাপন করেন। তদবধি এই মরুরাজ্যের নাম
জরশালমের হুইরাছে। জরশালের পর এই বংশে জনেক
মহাবীর জয়এহণ করেন। তাঁহারা সর্জনাই মুদ্ধবিগ্রহ ও
লুটপাট লইবা থাকিতেন। এই কারণেই ১২৯৪ খুঁটাকে
ভটিগণ দিল্লীখর আলাটজীনের বিরাগভালন হুইরাছিল।
দিল্লীখর বহুসংখ্যক সৈত্ত পাঠাইরা জয়শালমের হুর্গ ও নগর
জাধিকার করেন। তৎপারে কিছুদিন এই হুান জ্ঞান-মানবহীন হুইরা পড়িরাছিল। মহুবংশীর রাজগণ জনেকবার
পরালিত হুইরাও কেহু মুসলমানের অধীনতা স্থীকার করেন
লাই। রাবল স্বলসিংহই প্রথমে শাহলহানের অধীনতা
স্থীকার করেন এবং দিল্লীর একজন সামন্তরাজ বলিরা গণ্য
হল। তথ্যও জয়শালমের রাজ্য শতক্রন্দী প্রাত্ত বিশ্বত
ছিল। ১৭৬২ শ্বং- অবে মুসরাজের রাজ্যাভিবেক হুইতে

্ত্রপাক্ষেরের ক্রাস্ট্র ক্রমে অভাচলগানী হইতে আরভ ভ্রম । ইহাত্র অনেক হাল বোৰপুর ও বিকানেররাজ্যের অভগত হইরা পঞ্চে।

ৰক্ষৰ পৰিবাই চুৰ্দান্ত মহারাই-দহ্যগণ এই রাজ্যের ক্ষতি দৃষ্টিশাত করে নাই।

্ৰাৰ্থ প্ৰতিকে সাধন নূলরাজের সহিত বৃতীন গৰহেনিট্র প্ৰতি হয়। কিন্তু সাধনকে কেইন কয় নিতে হয় নাই।

কাৰণ বৃষ্টাব্দে দ্লরাজের মৃত্যুর পর এখন পর্যান্ত জরলালমেরে আর কোন গোলমোল ঘটে নাই। ম্লরাজের পর
তৎপুর গলসিংহ রাজা হইরা ১৮৪৬ খুটাব্দে ইহলোক ত্যাগ
করেন, উহার বিধবামহিবী গলসিংহের স্বাকৃপুর রগলিৎসিংকে নম্ভকপুররুপে এছন করেন। ১৮৬৪ খুটাব্দে
রগলিৎসিংহের মৃত্যু হইলে ওাঁহার কনিঠ ত্রাতা বৈরিশাল
মহারারল পর লাভ করেন। ইনি এখনও নীবিত আছেন। (১)

কৃষি। জন্মানমেরে রীতিমত কোন প্রকার কৃষিপ্রণালী নাই। বর্বা জানিলে উঠ্ট ছারা বালুকাত পের উপর লাকল

(১) রাবল জেবরাল হইতে বে বে ব্যক্তি জরশাল্যেরে আবিশত্য করেন, প্রায়ক্ষমে ভাষ্টের তালিকা এবত হইল—

- > । (नवतास+ ।
- ২। সুভৰাচাসুভ।
- ৩। বশীর\*১০০০ সহতে অভিবেশ।
- হসাল\*-->>৽ সহতে অভিবেক।
- ৫। **লপ্তবিজয় রার** ( মুসাজের তর পুত্র )
- 👀 । 🝅 । अप्रतिकरात्र भूज )
- •। করণাল+ (ছুনাকের কোট পুঅ) ১২১২ সহতে করণালমের অভিটাক।
- ৮। भानिशहस्य ( सत्रमात्मत्र अक भूज, ১২২৪ স্বতে অভিবেক)
- »। विक्रमी\* ( भागिवाहरमत्र भूख )
- > । क्लान ( ब्रामाला (ब्राहे न्य, ১২৫१ नव्छ व्यक्तिक )
- ১১। क्यानिकारव (क्रजातित भूख) ১২१० मदाक व्यक्तिक ।
- ১২। করণ ( কালিকরাজের পৌত্র ও তেজসিংছের কনিঠ পুত্র )
- ১৬। ৰন্মণনেৰ+ ( কল্পনের পুত্র ) ১৬২৭ সংগ্ৰে অভিবেক।
- > । भूगामाण (मन्द्रानंत्र भूख )
- ১৪ শিক্ষাৎসিংছ বা জনমিংছ ( কাপিকবেবের পৌত্র ও তেলসিংহের জ্যেষ্ঠ পুত্র-).১৬৬৯ সমতে অভিবেশ:।
- ३७। मुनदाव<sup>क</sup> ( केक सन्दिमिश्टन गूज ) ১७०० मध्राठ काक्टावक ।
  - ্রি৯০১ সম্বতে জার একবার বরুবংশ ধ্বংস হয়, থায় ১৩৫৭ সম্বৎ
    পর্বান্ত বরুবংশীর কেই অয়পালবেরে আধিপত্য করেন নাই।
- >१। प्रावणप्रव (चित्रवरनीय यहवीय सम्मात्मय भूज) >००२ मदछ मृत्रा।
- ১৮। श्रम्भणित्य (১৪শ प्रांका भूगामात्मक व्याप्तरेक, क्रेक्सम्भित्यक श्रीके व व्याप्तरेक क्रिक्सम्भित्यक व्याप्त

বেশ ও বেশী নকীয় হালে বীক বোদে। এবানে খোলার, বালরা, কুমাও ভিল অভৃতি প্রার্ট্যক জলে, গন, হব প্রভৃতি শারদীর পত বড় একটা দেখা নাজ কা। এখানে তেমন, বেশী ভৃতি হব না ঘলিলা ক্ষেত্রে সাল্যন্নরাহের কোন ব্যোগত নাই।

এখনকার কবিজাত ক্রবা খারাই এক প্রকার রাজ্য দেওরা হয়। পম কি ছোলা জ্যিলে রাজা জাহার চতুর্থ হউতে বর্চজাগ পর্যন্ত এবং প্রাবৃট্ট গত সপ্তম হইতে প্রকারশ জাম প্রহণ করিরা পাকেন। রাজার প্রাণা আংশ এই জিন সমরে আলার হয়। প্রথম যখন কেন্ডে খাকে, তংপরে কাটা হইলে (মাজিবার পূর্বে), একং লেনে মাজা হইলে পয়। এ ছাড়া কমকদিগকে কেত্ররক্ষক, রাজ্যকর্মচারী, ভাভারপতি ও রাজার জল-সর্বরাহকারীকেও কিছু কিছু দিতে হয়। গৈনিক বিভাগে বাহারা কর্ম করে, তাহারিয়া হত ইছো জমি লইরা চাববাস করিতে পারে, তাহাদিগকে কিছুই রাজ্যর দিতে হয় না। জারস্বীরদারেরা এক জোড়া বলনে বতটা জমি চাব করিতে পারে, দেই পরিমাণ জমির উপর বার্ধিক ২ টাকা ছারে কয় লইরা থাকেন।

বাশিজা। এখানে বাষনা বাশিজাের স্থবিধা নাই। পশন, মৃত, উদ্ভূঁ, গাে, মেবালি এখান হইতে গুলুরাট ও সিদ্ধ্ প্রদেশে নীত হইরা বিক্রীত হয়। শহু, চিনি, বিলাজী কাপড়

- ১৯। কেযুর ( ওলসিংহের গতকপুত্র, ওলসিংহের মৃত্যুর পর রাণী বিষকা বেবী ক্টতে সিংহাসন লাভ করেন। তৎপুত্র কল্যাণ ভিল্ল ছালে রাজত করেন)
- २०। अप्रदिशः ( ट्रामीत्त्रत भुज ७ (क्युत्तव एउक )
- २>। यूनकर्ग ( अत्ररमिः(हर्ते क्रिके )
- ২২। ভীৰ<sup>ক</sup> ( সুৰকৰ্ণের পৌতা হররাজের পূত্র )
- ২০। মনেহির দাস<sup>০</sup> ( সুনকর্ণের পৌতাও কল্যাণ্যালের পুতা)
- ২৪। ছবল সিংহ ( সুনকর্পের সধ্যম পুত্র মন্নানেরের প্রপৌত্র )
- ২৫। অবরসিংহ ( সুবলসিংহের পুত্র ) ১৭৫৮ সম্বন্ধে মৃত্যু।
- २७। वर्णावस जिश्ह ( जमस्त्रत भूख ) ১१৫৮ जनस्य अक्रिस्य । "
- ২৭। সক্ষাসিংহ ( বলে।বল্ডের জ্যেষ্ঠপুত্র জগৎসিংহের পুত্র )
- २৮। एकजिरहरू (यत्भावरक्षत्र भूज, यमभूक्षक निरहामम व्यविकाम करमन)
- ২৯। স্বাইসিংহ (ভেজসিংছের শিশুপুত্র)
- ७ । পूर्काक सकतिरह ( भूनतात्र )
- ७५। वृजतामण ( अक्तर्रामरहत्र मृत्य ) अ५३६ मक्त्य अकित्यम । ,
- ৩২। গলসিংছ ( মূলরাজের পৌতা) ও দাদসিংকের গুরু।
- 🐠। वर्षकिर गिःह ( शंक्रगिः एवर बाकुल्यूव )
- 98 । देवत्रिणांग ( त्रर्गाव्य-त्रिःश्ट्य मध्यात्र ) अथन वर्खमाम ।
  - 🚜 চিহ্নিত সামপ্রণের বিবরণ ডভৎশব্দে মুদ্রব্য ।

ও তৈজসপত্র এবানে জামদানী হয়। রাজ্যের উৎপত্ন ক্রমানি হারা এবানকার অভাব পূর্ব হয়। নালা এবানে রেবের লোমে একপ্রকার অক্যা ক্রমা একও হয়।

বিচার। এখানে কোন কাজবানী কালালত নাই।
দেওরান রাজখানীতে থাকিরা এবং হাকিমেরা দ্বন্থ প্রানারিতে
থাকিরা কৌজলারী সংক্রান্ত বিচার করিরা থাকেল। এখানে
কোন কারাগার নাই। বিচারক ইচ্ছাম্সারে মূর্ল কিছা
যে কোন ছানে অপরাধীকে বন্দী রাখিতে পারেন। কোথাপড়া শিখিবার উপযুক্ত বিভালরাদিও নাই, জৈন ধাজকেরাই
সামান্ত শিক্ষা দিরা বেড়ান।

এখানে ভাল রাভা ঘট নাই। দ্রদেশ যাভারাভের পক্ষে উট্টই একমাত্র ভরসা।

এই রাজ্যে ২২৯টা পরগণার ৪৬১টা গ্রাম আছে। ৭১টা পরগণা জারগীরদারের অধীন, ৩২টা সনক্ষ হারা ও ১১টা লেখপিড়া করিরা দেওরা হইরাছে। ১০৯টা পরগণার "ভূম" বন্দোবন্ত অধীৎ জন্মশালমের রাজ্যের বধনই প্রয়োজন, তথনই এখানকার জমিদার রাবলের নিকট উপস্থিত হইতে বাধ্য। কতক দেবোত্তর গ্রামও আছে। কোন অপরাধী দেবোত্তর মধ্যে আসিরা আশ্রম লইলে ভাহার উপর জন্মশাল-মের-রাজ্যের আর শাসনকর্ত্ত চলে না।

এখন মহারাবলের অধীনে ৫০০ উট্টারোহী এবং তাঁহার অধীনস্থ সমস্ত জারগীরদারদিগের অধীনে ৪০০ অখারোহী সৈক্ত আছে। অখারোহীদিগের মধ্যে ৪০ জন শিখ, অপর সকলেই রাজপুত। পূর্ব্বে এখানকার সৈক্তগণ যেমন মহাবীর বলিরা গণ্য ছিল, এখন আর সেরপ অবস্থা নাই। কেহ রীতিমত যুদ্দবিভা শিক্ষাও করে না। কতক্ষ্তিল সামান্ত বলুক, অসি, ঢাল ও বল্লমই এখনকার প্রধান অস্ত্র। মহারাবলের ১২টা কামান আছে।

জরশালমের রাজ্যে অক্ষরশাহী টাকা ও দোদিরা পরসা প্রচলিত। ১৭৫৬ থৃষ্টাকে মহারাবল অক্ষরসিংহ এথানে টাকশাল স্থাপন করেন। তাঁহারই নামাত্মসারে এথানকার মোহর ও টাকা প্রচলিত। মূলরাজ নিজ রাজ্যে মুদ্রা চালাই-বার জন্ত দিল্লী-সম্রাটের নিকট হইতে করমাণ পাইয়া-ছিলেন। ১৮৬০ খৃষ্টাক পর্যান্ত এখানে স্বর্ণমুলা প্রস্তুত হইত। এখন কেবল অক্ষরশাহী টাকা ও ছদিয়া পরসা প্রস্তুত হয়।

জ্মুশাল্মের, জরশালমের রাজ্যের প্রধান নগর ও রাজধালী। জক্ষা ২৬° ৫৫ ডি:, ক্রাঘি ৭•° ৫৭ পূ:। একটা বিস্তৃত গিরিমালার পাদদেশে এই নগর অবস্থিত। ১১৫৬ খুইাকো রাবল জ্মুশাল এই নগর স্থাপন করেন। এধানকার পৃহস্তুলি বরিৎরণ বাস্পাথরে নির্বিত। ধনী জনোরাল ও পরিবাল বরিকবিনের গৃহত্তবি প্রভারম ও জ্বার বির্ক্তার্য্ত, নগরের পাশেই সিরির উপর জয়শালমের র্থ অবস্থিত। ইহার নির্বাদ-কৌশল বড় জনংকার, বেনিলেই ক্ষেত্র ওত্ত্ব ও স্বচা বলিয়া বোধ হয়। গড়ের চারিনিকে ছুইগারি ইত্তেজ প্রাচীর বার্যালয়ে প্রান্তিক কিন্তু হিল্লে প্রাচার প্রান্তিক কিন্তু কিন্তু ভালে সংখ্যই মহা-রাবলের প্রান্তান। প্রানালের মধ্যে ভিন্তী ভাল কুপ আছে। হর্ণের মধ্যেই কডকগুলি প্রনিদ্ধ কৈন-মিলর আছে। এখান-কার প্রাচীন মন্দিরটা ১৩২১ খুটাকে নির্বিত হয়। সগরের ও ক্রোশ মধ্যে প্রতিবর্ধে একটা মহামেলা ছইরা থাকে।

জয়িসংহ, মিবারের বিখ্যাত রাণা রাজসিংহের পুত্র। তাঁহার জন্মের কএক ঘটা পূর্বে তীম নামে এক সহােদর জন্মে। বথাকালে উভর প্রাতার রাজ্য লইরা গোলবােগ বাঁধিতে পারে ভাবিরা, একদিন রাণা রাজসিংহ জ্যেষ্ঠ পুত্র তীমকে ভাকিরা তাঁহার হতে অসি দিরা বলেন, "বদি তােমার নিক্টকে রাজ্য করিবার ইচ্ছা থাকে, তবে এই শাণিত অসি বারা তােমার কনিষ্ঠ জরসিংহের মত্তক বিথও কর।" সদাশর তীম তৎক্ষণাৎ উত্তর করিলেন, "সামান্ত রাজ্যলােতে আমি প্রাণাধিক সহােদরের অণুমাত্র অনিষ্ঠ করিতে পারি না। জরসিংহ রাজ্য গ্রহণ করক, আমি প্রতিজ্ঞা করিতেছি, যদি দােবারির সীমা মধ্যে গগুরু মাত্র জল গ্রহণ করি, ভাহা হইলে আমি আপনার প্রস্কাত পুত্র নহি।" এই বলিরা তিনি জন্মভূমির মারা বিস্ক্রেন দিরা মিবাররাল্য পরিত্যাগ করিলেন ও বাহাত্র শাহের সহিত মিলিত হইয়া তাঁহার একজন সেনাণতি হইলেন।

১৭৩৭ সন্থতে মহাবীর রাজসিংহের মৃত্যুর পর জয়সিংহ
নির্বিদ্রে সিংহাসনে আরোহণ করিলেন। যথন বাদশাহ
আরক্ষেবের সহিত রাণা রাজসিংহের খোরতর যুদ্ধ হয়, সেই
সময় জয়সিংহ অশেষ বীরত্ব দেখাইয়াছিলেন। কিন্তু তিনি
সিংহাসনে আরোহণ করিয়াই অরক্ষেবের সহিত সন্ধি
করিয়া ফেলিলেন। কুমার আজম ও দেলবার থা সম্রাটের
প্রতিনিধি স্বরূপ সেই সন্ধিস্ত্র বন্ধন করিলেন। রাজা হইবার পর জয়সিংহ "জয়সমুঁদ" নামে একটী পঞ্চদশ জ্রোশাল
ব্যাপী প্রতিনী খনন করাইয়াছিলেন। এরূপ বৃহৎ কৃত্রিম
জলাশর আর কোবাও নাই। সয়োবর তীরে তিনি "ক্রারান্ত্র"
নামে থাত কমলাদেবীর জন্তও একটা অ্লের প্রাসাদ নির্দ্ধাণ
করাইয়া ছিলেন।

জরসিংহের ছইটা প্রধান রাশী ছিলেন—একজন বুলীরাজ-বংশীরা অমরসিংহের জননী এবং অপ্রের নাম ক্ষরাদেবী।

क्मनारवरीत्कर त्रांगा अधिक छानवानिएजन, किन्न क्मनारवरी ভাহাতে সম্ভট ছিলেন না, তিনি জানিতেন তাঁহারই সপত্নী-পুত্র অমরসিংহ মেবারের আধিপত্য পাইবে, স্থতরাং তাঁহার প্রতি রাণার অহুরাগ বুথা; এই ভাবিয়া তিনি স্পত্নীর गरिष्ठ मानाध्यकादत विवास क्रियाजन । वृत्ती-त्राक्रकशा ভাহাতে অত্যম্ভ ছঃখিত হইরা একদিন পুত্র অমরকে যথেষ্ঠ ভংসনা করেন। তাহাতে অমরসিংহ উত্তেজিত হইয়া ৰুশীরাজ্যে গিরা পিভার বিরুদ্ধে অল্লধারণ করেন। এদিকে মেবারের অনেক প্রধান সামস্ত তাঁহাকে সাহায্য করিতে সন্মত **হইলেন। অমর্সিংহ প্রথমেই ক্মল্মীর**স্থ রাজকোবাগার অধিকার করিবার জন্ম অগ্রসর হইলেন। কিন্তু রাণার পক ্ হইতে কএকজন প্রধান সন্ধার ঝিল্বাড়া গিরিস্কট রক্ষা করিতেছেন ভূনিয়া পিতার সহিত সন্ধি করিতে বাধ্য হইলেন। এক লিক্স দেবের মন্দিরে পিতাপুত্রে মিলন হইল। জয়সিংহ ১৭৫৬ সম্বতে পুত্রকে রাজ্য দিয়া ইহলোক পরিত্যাগ করিলেন। জ্মু সিংছ ( সবাই ), ক্মপুরের একজন বিখ্যাত রাজা এবং ভার-তের একজন অভিতীয় জ্যোতির্বিদ্। ইনি অম্বররাজ মীর্জা জ্বাসিংহের প্রপৌত্র ও বিষ্ণুসিংহের পুত্র। বালককাল হইতে ইনি বিদ্যামুরাগী ছিলেন। ১৭৫৫ সম্বতে (১৬৯৯ থৃষ্টাব্দে)পিতৃ-जिःहाज्ञत्व **आ**रताहु करत्व । त्रास्त्राधिरताहरु अत्रहे हैनि দাক্ষিণাত্যে যুদ্ধ করিতে যান। সেই যুদ্ধে জয় লাভ করিয়া দিল্লী খরের প্রশংসাভাজন হন। সমাট ইহাকে প্রথমে रमफ हासात्री, তৎপরে ছই हासात्री मनमदनात्री अन अमान করেন।

অরলজেবের মৃত্যুর পর যে সময় সাম্রাজ্য লইয়া বাদশাহকুমারগণের মধ্যে রণানল প্রজ্ঞলিত হইয়াছিল, সেই সময়
জয়সিংহ আজিমশাহের পুত্র কুমার বেদারবক্তের পক্ষ অবলম্বন করিয়া বাহাছরশাহের বিরুদ্ধে যুদ্ধ করেন; সেই জভ্তা
বাহাছর শাহ দিল্লীর সিংহাসনে অভিবিক্ত হইয়াই অম্বরাজ্য
বাজেয়াপ্ত করিলেন। পরে অম্বরশাসনের জভ্ত একজন
শাসনক্ত্রাও পাঠাইয়া ছিলেন। এই সময় জয়সিংহের কনির্চ্চ
বিজ্ঞয়সিংহ রাজ্যলাভের চেটা করেন। যথন জয়সিংহ
আজিমশাহের পক্ষ গ্রহণ করেন, বিজয় সেই সময়ে বাহাছরশাহের পক্ষ হইয়া ভীবণ যুদ্ধ করিয়াছিলেন। সেই জভ্তা
বাহাছর উাহাকে ভিনহাজারী মন্সবদারী প্রদান করেন।

বিজ্ঞার মাতা জয়সিংছের বিমাতা। জয়সিংহ বাহাতে কোনক্রপে রাজ্য করিতে না পারে, ইহাই তাঁহার একাস্ত ইচ্ছা। সেই জন্ম স্থযোগ ব্ঝিয়া জনেক মণিমাণিক্য হীর-কাদি সঙ্গে দিয়া বিজ্ঞাকে স্মাটের নিক্ট পাঠাইয়া দিলেন। কিন্তু সমাট্ তাঁহাকে মিষ্ট কথার সন্তই করিরা সৈরদ হসেন আলীখাকে অধ্যরাজ্যের ফৌজদার করিরা পাঠাইলেন।

ঐ সময় জয়সিংহ কিছু দিন রাজসিংহাসনে বসিতে পান নাই। এই সময়ে তাঁহার হাদরে মুসলমানদিগের উপর দারুণ বিষেষবহি প্রজ্ঞানিত হয়। কি রূপে তিনি রাজ্য উদ্ধার করিবেন, সর্বাদাই তাহার উপার অন্তসন্ধান করিতেন।

যে সময় (১৭০৮ খৃষ্টাব্দে) সমাট্ বাহাছরশাই লাতা কাম্বক্সকে দমন করিবার জন্ত দাক্ষিণাত্যে যাত্রা করেন। জয়সিংহ সেই সময় মারবায়য়াজ অজিতসিংহের সহিত মিলিত হইয়া মুসলমান কৌজদারকে তাড়াইয়া আবার সিংহাসন গ্রহণ করিবেন। অজিতের কল্পা স্ব্যকুমারীর সহিত জয়সিংহের বিবাহ হইয়াছিল। তিনি বৈমাত্রেয় বিজয়সিংহকে সম্ভই রাথিবার জন্তু বিজরের প্রার্থনা মত তাঁহাকে অয়য়য়াজ্যের মধ্যে অতীব উর্বরা বস্বা প্রদেশটা প্রদান করেন। কিন্তু তাহাতে বিজয়ের মাতার মন উঠিল না। তিনি প্রকেরাজ্যলাতের লোভ দেখাইয়া উত্তেজিত করিলেন। তদমুসারে বিজয়সিংহ দিল্লীতে গিয়া সমাটের প্রধান প্রধান আমীরকে অর্থ বারা বশীভূত করিলেন ও জ্যেষ্ঠ জয়সিংহের বিরুদ্ধে অনেক অভিযোগ তুলিয়া প্রনয়য় রাজ্যলাভের চেটা করেন। উৎকোচে বশীভূত হইয়া সমাটের প্রধান মন্ত্রী কমার উন্ধীন খাঁ বিজয়ের পক্ষ সমর্থন করিলেন।

কমার-উদ্দীন্ সম্রাট্কে গিয়া জানাইলেন, "বিজয়সিংছ বরাবর আমাদের সহিত সন্থাবহার করিতেছেন। কিন্তু চতুর জয়সিংছ বরাবর আমাদের বিপক্ষ। এরপ স্থলে বিজয়সিংছকেই অম্বরাজ্য প্রদান করা কর্ত্তবা। বিজয়কে রাজা করিলে তিনি পাঁচকোটী টাকা দিতে প্রস্তুত আছেন এবং আমাদের আবশ্রুক মত পাঁচহাজার অখারোহী সরবরাহ করিবেন।" মন্ত্রীর কথা ভনিয়া সম্রাট্ জিজ্ঞাসা করেন, "বিজয়সিংছ যে তাঁহার কথা মত কার্য্য করিবে, তাহার জামিন কে ?" মন্ত্রী উত্তর দিলেন, "আমিই তাহার প্রতিভূ।" তথনই সম্রাট্

খা দৌরান্ নামে একজন প্রধান আমীরের সহিত পাগড়ী-বদল করিয়া জয়সিংহ মিত্রতাপাশে আবদ্ধ হইয়ছিলেন। এখন সেই আমীর গোপনে সকল কথা শুনিয়া জয়সিংহের দর্মবারস্থ উকীল কুপারামকে জানাইলেন। অনতিবিল্পেই কুপারাম অম্বরাজের নিক্ট সেই কুসংবাদ পাঠাইলেন।

ক্লপারামের পত্র পাইয়া বীর জয়সিংহও চিন্তিত হইলেন, তাঁহার প্রাতা যে মোগলসৈত্তের সহিত তাঁহার বিপক্ষে আসিতেছেন, সেই জ্ঞাই তাঁহার চিস্তা। অস্তু কেহ হইলে তিনি ক্রম্পে করিভেন না। তিনি শীঘ্রই অবরের সকল সামন্তকে ভালাইরা আও বিপবের কথা জানাইলেন। সামন্ত-গণ তাঁহাকে অভর দান করিরা বিজরনিংছের নিকট নিজ নিজ মত্রিগাকে পাঁচাইলেন ও তাঁহাকে জানাইলেন, "জাগ-নার বস্বা প্রদেশ লইরাই সন্তঃ থাকা উচিত। জােঠ প্রাতার সহিত জাগনার বিবাদ করা ভারতঃ ও ধর্মাতঃ উচিত নহে। আপনি বাহাতে সসন্থানে বস্বা প্রদেশ ভােগ দখল করিতে পারেন, তজ্জভ আবরা সকলেই প্রতিজ্ঞাবদ্ধ রহিলাম।"

বছ দাধ্য দাধনার পর বিজ্বাদিংহ দামস্কর্গণের প্রস্তাবে দামত হইলেন। বাহাতে উজর আভার পরস্পর দেখা দাক্ষাং হইরা রোহান্ত স্থাপিত হর, দামস্ত্রপণ ভাহারও বন্দোবস্ত করিলেন। স্থির হইল, প্রধান দামস্ত্রের রাজধানীতে উভর আভার দেখা দাক্ষাং হইবে। তথন উভরপক্ষের লোকেরা চুম্ নগরে উপন্থিত হইল। এই সমরে সংবাদ আদিল, "মহারাজী উভয় আভার নরনানন্দরায়ক মিলন দর্শন করিতে ইচ্ছা করেন।" দামস্কর্গণপ্ত মহারাজীর ইচ্ছার বিক্লছে কোন কথা কহিতে পারিলেন না। সকলের সম্বতিক্রমে তথনই মহারাজীর মহালোলা ও পুরমহিলাদিগের জক্ত তিন শত রথ স্থাজত হইল। কিন্তু মহালোলার রাজমাভার পরিবর্ত্তে দামস্থবীর উগ্রাদেন ও বন্ধার্ত প্রত্যেক রথে রমণীর পরিবর্ত্তে ঘই ছই জন দশস্ত্র দৈনিক বিদ্যেন। সামস্তর্গণ পূর্কেই রালা জন্মসংহের সহিত অগ্রসের হইরাছিলেন, ভাঁছারা এ আরোজনের বিন্দু বিস্ক্রি জানিতেন না।

পূর্ব্বেই জয়িসংহ ও সামস্তগণ সন্ধনেরে আসিরা রাজমাতার আগমনপ্রতীকা করিতেছিলেন। একজন দৃত আসিরা তাঁহাদের আগমন সংবাদ জানাইল। তখন সকলেই প্রাসাদা-ভিস্বে ছুটিলেন। প্রাসাদে জয়িসংহ ও বিজয়িসংহ উভয় ব্রাতার মিলন হইল। জয়িসংহ বিজয়ের হতে বস্বার সনন্দ প্রদান পূর্বেক সমেহে কহিলেন, "বিদি অস্বরের সিংহাসন লইতে বিজয়ের ইচ্ছা হয়, তাহাও আমি প্রদান করিতে পারি।" জয়িসংহের সেহবাক্যে হট বিজয়িসংহের মনপ্র বিগলিত হইল, তিনি উত্তর করিলেন, "ভাই, আমার সকল আশা পূর্ণ হইয়াছে।"

ভাহার ক্ষণ পরে একজন ছত্য আসিরা কহিল বে, রাজমাতা আপনাদের সহিত সাক্ষাৎ করিতে ইচ্ছা করেন। তথন
সামস্তগণের অন্থমতি লইরা উত্তর প্রাতা অন্তঃপুরে প্রবেশ
করিলেন। প্রবেশদারে একজন ধোজা ছিল, জনসিংহ
ভাহার হত্তে আপনার অসি প্রদান করিরা কহিলেন, "মাতার
নিক্ট সশস্ত্র ঘাইবার প্রয়োজন কি ?" বিজরসিংহও জ্যেক্টের
ক্রমসরণ করিলেন।

शृंदर धारमधाकर माकाव (बरानिकरनव शविवर्ध विकव-निश्र अग्रिमायक जेबारमानक कर्त्वात आक्रमान वसी ब्हेटन्स । छोरात मूथ ७ रखननानि वाधिया छोराटक त्नरे महासामात হাখিয়া ওপ্তভাবে অহবের রাজধানীতে আনা হইল। সকলে वानित्मन त्व, त्रावमाका धानात्म कितिता गाँदरण्डाह्म । अमिटक वत्रिश्र अक वकी शरत कथकबन अञ्चर्शातीत निरुष्ठ वाहित्त আসিলেন। জাঁহাকে একাকী আসিতে দেখিয়া সকলে ভিজাস। করিলেন, "বিজয়সিংহ কোথার ?" চতুর নীতিক জরসিংহ উত্তর कतिरानन, "आमात्र छेनद्र । यति आश्रनारात्र अख्यिश शारक त्य, विकामिश्य प्रांका क्रेट्य, छाहा क्रेट्स आमारक विमान করিরা তারাকে বারির করুন। বিজ্ঞান নিশ্চর আমার ও আপনা-रमत भव्य । निक्तत रम भव्यमिशरक व्यवस्त व्यानिया व्यामारमत সকলকেই বিনাশ করিত।" সামস্ত্রগণ সকলেই বিশ্বরাপর हहेलन, आंत्र कान छेलांब ना द्विशा नकल नीवरव हिना शिलन। वथन विकासिंग्ह जाबात स्थापन, उरकाल क्यांत-উদ্দীন খাঁ তাঁহার সহিত একদল মোগল অখারোহী পাঠাইয়া ছিলেন। বিজয়সিংহের আসিতে বিলম্ব দেখিয়া সেই মোগল-रमनामरनद नावक छौहांद्र विनय्यत कावन व्यक्तामा करबन। জয়সিংহ তথনই উত্তর করেন, "তোমাদের জানিবার প্রয়োজন नारे, এथनि চলিয়া যাও। নচেৎ তোমাদের সকলের অব কাডিরা লইব।" তৎশ্রবণে মোগল সেনাগণ সকলেই थनायन कतिन। **এই**कार्थ हजूत जाननीजित्त महाजान बर्गिनः श्राभनात्क । बन्नाजृभित्क त्रका कत्रित्नन। विकर्ग-निः इ अञ्चत्र कर्त वन्ती **इटे**बा तहित्तन ।

দিলীখর অম্বরাজের ব্যবহারে অতিশব্ধ ক্র ছইলেন।
কিন্ত অকমাৎ লাহোরে তাঁহার মৃত্যু হওরার সে বাতা জরসিংহ
দিলীখরের প্রবল আক্রমণ হইতে রক্ষা পাইলেন।

বাহাত্রের পর ফরুখ্শিয়ার সিংহাসনে আরোহণ করি-লেন। তাঁহার সহিত জয়সিংহের বিশেষ সভাব ছিল। সম্রাট্ জয়সিংহের উপর সভ্ত হুইয়া তাঁহাকে 'মহারাজাধিরাজ' উপাধি প্রধান করেন।

সমাট্ করুখ্শিরারও বছদিন রাজত্ব করিতে সমর্থ হইলেন
না। তিনি ধৃষ্ঠ সৈরদ আত্বরের ক্রীড়াপুঙলী হইরা পড়িরা
ছিলেন। কিন্তু সমাট্ কিরণে সেই হুঠ সৈরদ্বরের কবল
হুইতে মুক্তিলাভ করিবেন, তাহারও চেটা করিতেছিলেন।
ভাঁহার অভিপ্রার জানিতে পারিরা সৈরদ হুসেনজালী দাব্দিপাত্য হইতে বালাজী বিশ্বনাথের অধীন বছসংখ্যক মহারাইসৈক্ত লইরা দিল্লীতে উপস্থিত হইলেন। তৎকালে মহারাজ
ক্রিনিংহ স্মাট্কে রক্ষা ক্রিবার ক্রা দিল্লীতে উপস্থিত

ছইরাছিলেব, কিন্তু জীরু ফরুণ্শিরার সৈরদ-পরিচালিত মরাঠাদিগের ভরে অন্তঃপুরে গিরা পুলাইলেন। সেই বিপত্তিকালে
জর্মিংহ বারবার সন্ত্রাট্কে বলিরা পাঠাইলেন, "আপনি বাহির
ছইরা আপনার সৈন্তদিগের সমক্ষে প্রকাশ করুন বে সৈরদহর
রাজজ্যেহী, ভাহা হইলে আপনার কোনরূপ বিপদ্ হইবে না,
সকলেই আপনার সাহাব্য করিতে প্রস্তুত, আমিও প্রাণ দিয়া
আপনার সাহাব্য করিব।" কিন্তু জীরু ফরুণ্শিরার হিডেমী
জর্মিংহের কথার ক্রণাত করিলেন না, শেবে অন্তঃপুরেই
বনী হইদেন।

তৎপরে মহত্মদশাহ সমাটু হইলেন। তাঁহার আধিপত্য-**কালে প্রথমে জন্মসিংহ** রাজনৈতিক সংস্রব ত্যাগ করিয়া **टक्यां डिटबर ठकी आवस्य कटतन। कि गुरतां भीम कि** तिनीत्र गकन व्याठीन ७ व्यथाठीन देवळानिक व्याजिवां प्र দংগ্রহ করিয়া পাঠ করিতে লাগিলেন। তাঁহার সহিত ম্যান্ত্রল নামক একজন পর্ত্তাজ পাদরীর সাক্ষাৎ হয়। অম্বরাজ মুরোপে জ্যোতির্কিখার কতদুর উন্নতি হইয়াছে, জানিবার জন্ম সেই পাদরীর সহিত কএকজন বিশ্বস্ত লোককে পর্ত্ত্রালের অধীধর এমান্ত্রলের সভায় প্রেরণ করেন। পর্ত্তালরাজ অম্বরাজের নিকট জেভিয়ার ডি সিল্ভা নামে এক সন্ত্রাস্ত জ্যোতির্ব্বিদকে পাঠাইয়া দেন। ডি निन्छा এখানে आधियां अप्रनिःहत्क शर्कु गाल ि माहाप्रात আবিশ্বত কএকটা যন্ত্ৰ প্ৰদান করেন। এ ছাড়া জয়সিংহ তুকী **टकााजिकिंग्**गार्गत्र वावस्त्र ममत्रकत्म दानिज कथकी यद्य अ বিস্তর বৈজ্ঞানিক শাস্ত্র সংগ্রহ করেন। বাস্তবিক তৎকালপ্রচলিত প্রায় সমস্ত জ্যোতিষ-সমুদ্র মন্থন করিয়া জয়সিংহ প্রকৃত ক্যোতিষামৃত আহরণ করিয়াছিলেন। স্বগতের প্রাচীন ও আধুনিক সমস্ত ইতিহাস পাঠ করিলেও আমরা কোন নূপতিকেই জন্মসিংহের মত জ্যোতির্ব্বিভার পারদর্শী দেখিতে পাই না। বলিতে কি, রাজা জয়সিংহই ভারতে প্রক্লত জ্যোতিষ্শাস্ত্র উদ্ধা-त्तत्र ८५ कतित्राहित्नन ७ अपनकाः म मकन ९ रहेशहितन ।

জরসিংহ স্বর্রাচত "জিজ মহম্মদশাহী" নামক গ্রছে লিথিরা গিরাছেল, তিনি অনবরত সাতবর্বকাল জ্যোতিবশান্ত অম্পালন করিরাছিলেন। বাস্তবিক তাঁহার জ্যোতিবশান্তে অসাধারণ পাপ্তিত্য প্রবণ করিরাই সমাট মহম্মদশাহ তৎকালপ্রচলি ত পঞ্জিলা-সংখারের ভার জয়সিংহের উপর অর্পণ করেন। সেই জয়ই সমাট্ তাঁহাকে "স্বাই" অর্থাৎ সকল রাজকুমার অপেকা শ্রেচ, এই উপাধি প্রদান করেন। এই সমরে (১৭২৮ খুটান্দে) তিনি তাঁহার মন্ত্রী ও জ্যোতির্বিদ্ বিভাধরের পরামর্শ মত বর্তমান জয়পুর নগর স্থাপন করিলেন। [জরপুর দেখ।]

ক্রমে নবাই জনসিংহের স্থাতির কথা ভারতমন্ন রাই হইরা পড়িল। নানাস্থান হইতে প্রধান প্রধান জ্যোতির্বিদ্ ও শান্তবিদ্ পঞ্জিপণ তাঁহার সভার জাসিতে লাগিলেন। জ্যোতি-বিদ্ কুপারাম ও কবি কৃষ্ণরাম তাঁহার সভার থাকিভেন।

বস্ত্রাট্ মহম্মদশাহ তাঁহাকে পঞ্জিকা-সংস্থারের ভার অর্পণ করিলে, তিনি গ্রহনক্তাদির গতিবিধি, চক্ত স্থা্রের উদয়ান্ত, রাশিক্ষ্ট, গ্রহণ প্রভৃতির বিশুদ্ধ গণনা, পরিদর্শন ও অভিনব নক্তা আবিকারের জন্ত নিজ ক্ষমতায় যে সকল যন্ত্রাদির আবিকার করিয়াছিলেন—দিল্লী, জয়পুর, উজ্জিমনী, আগ্রাও মণুরায় বহু অর্থব্যয়ে বৃহৎ বৃহৎ মানমন্দির নির্মাণ করিয়া সেই সকল যন্ত্রাপন করিলেন।

পাশাত্য ও আধুনিক জ্যোতির্বিদ্গণ স্টিতত্ব পরিদর্শন করিয়া এক প্রকার নাত্তিক হইয়া পড়িয়া ছিলেন। কিন্তু পণ্ডিতপ্রবর জনসিংহ স্ক্রামুস্ক্র গভীর বৈজ্ঞানিক তত্বা-লোচনা করিয়াও সর্ব্বএই ভগবানের ঐশ্বর্যা দর্শন করিতেন। তিনি স্বর্রচিত "জিজ মহম্মদশাহী" নামক পার্বাক্ত গ্রাহের প্রারম্ভে মুক্তকঠে লিথিয়া গিয়াছেন—

"ভগবানের সর্ব্যক্ষরময় অনস্তশক্তির তত্ত্ব অবগত হইতে
না পারিয়াই হিপার্কাদ্ নির্দ্ধোধ ক্ষমকের ছায় কেবল বিরক্তি
দেখাইয়া গিয়াছেন। বিশ্বস্তার মহান্ শক্তিকয়নায় টলেমি
বাছড়ের মত সত্যরূপ স্বর্ধার সমীপবর্তী হইতে পারেন নাই।
ইউক্লিডের স্কেগুলি (সেই বিশ্বপাতার) অনস্তস্থাইর অসম্পূর্ণ
আলেখ্যের ক্রিত রেখামাত্র। জন্দেদ দিসি অথবা নাসিরতুসি এইরূপে বৃধা পণ্ডশ্রম ক্রিয়া গিয়াছেন।"

পর্ত্ত্বালের রাজা তাঁহার নিকট যে সকল যন্ত্র পাঠাইরা ছিলেন, তৎসম্বন্ধে জরসিংহ বলিয়াছেন—"প্রকৃত পরীক্ষা ও সমালোচনা দ্বারা দেখা ঘাইতেছে, এই যন্ত্রে চল্লের যে জ্বব্যান স্থিরীকৃত হইরাছে তাহা অর্ধ্ব জংশ কম, স্মৃত্যাং ঠিক নহে। অক্সান্ত গ্রহগণের অবস্থান সম্বন্ধে যদিও ইহাতে কোন গোল নাই, কিন্তু গ্রহণসম্বনীয় গণনায় ৪ মিনিট সময় কম বেশী দেখা যায়।" এইরূপ অবিশুদ্ধ যন্ত্র হইতেই হিপার্কাস, টলেমি, ডিলাহায়র প্রভৃতির গণনায় ভূল হইয়াছে, তাহাও তিনি স্পষ্ট লিথিয়া গিয়াছেন। তাঁহার অক্ষম ও অপূর্ব্ধ কীর্ত্তি স্বরূপ মানমন্দিরঞ্জলি এখনও ভারতে বিশ্বমান রহিয়াছে। মানমন্দির শব্দে বিশ্বত বিবরণ ক্রষ্টব্য। ]

তিনি বিখ্যাত "জিল্ মহম্মদশাহী" গ্রন্থ রচনার পুর্বেতাহার সভাস্থ জগরাথ পণ্ডিত ছারা সমাট্সিকান্ত, রেখা-গণিত নামে ইউক্লিছের এবং নেপিয়ার ক্লক গণিত প্রেকের লংক্লত অনুবাদ প্রকাশ করিয়াছিলেন। জনপুরস্থাপন্নিতা পঞ্জিকা-সংকার সকলে বে সকল মত প্রকাশ করিয়া পিরাছেন, এখন সেই মতামুসারে রাজপুত সমাজে পঞ্জিকা প্রস্তুত হইরা থাকে; কিন্তু এক সমরে সমত মোগল সাম্রাজ্যে তাঁহারই পঞ্জিকা প্রচলিত ছিল।

কয়সিংহ বে কেবল প্রধান ক্যোতির্মিল্ হিলেন এমন নহে। তিনি একজন ঐতিহাসিক বলিয়াও বিখ্যাত ছিলেন। তাঁহারই বত্নে ও নামালুসারে "কয়সিংহকরক্রম" নামে স্বৃত্ৎ স্থৃতিসংগ্রহ সন্থাত হয়।

দোবের মধ্যে জরসিংহ বৃদ্ধ বরসে বড়ই অহিকেনসেবী হইরা পড়িরাছিলেন। এই অহিকেনের দোবেই ডিনি মার-বারপতি অভরসিংহ ও ভক্তসিংহের সহিত যুদ্ধ করিয়া পরাজিত হন ও শেবে বিকানের-রাজকে মারবারের অধীনতাপাশ হইতে মুক্ত করেন। [মারবার ও বিকানের দেখ।]

১৭৩২ খৃষ্টাব্দে সন্ত্রাট্ মহম্মদশাহ ইছাকে মালবরাজ্যের শাসনভার প্রদান করেন। সে সময় মহারাষ্ট্রদিগের বল ক্রমেই বাড়িতে ছিল। তিনি ব্ঝিরাছিলেন যে, ক্রমে ঐ মহারাষ্ট্র-দস্থাগণ সমস্ত হিন্দুস্থান অধিকার করিতে পারে, এই সকল দেখিরা শুনিরা তিনি মহারাষ্ট্রবীর বাজীরান্বের সহিত মিত্রতা স্থাপন করিয়া তাহাদিগকে মালবশাসনকর্তৃত্ব প্রদান করেন। তাহাতে অপর রাজপুত্রগণ জয়সিংহের উপর বিরক্ত হইলেও সন্ত্রাট্র তাহার প্রতি সন্ত্রন্ত হইরাছিলেন।

বুন্দীরাজ্ঞ কবিবর বুধরাও জন্মসিংহের ভগিনীপতি ছিলেন, কোন বিশেষ কারণে জন্মসিংহকে উপহাস করেন, তাহাতে বীর জনসিংহ অত্যক্ত কুল্ক হইয়া (১৭৪০ খুটান্সে) ভগিনীপতির রাজ্য অধিকার করিয়া লইলেন।

বৃদ্ধ বয়সে তিনি সমাজসংকারে বিশেষ মনোযোগ করিয়াছিলেন। রাজপুতসমাজে কন্সার বিবাহ ও প্রাদ্ধ প্রভৃতিতে
সকলকেই সাধ্যাতীত থরচ করিতে হয়। এই জল্প রাজপুতানায় শিশুহত্যা প্রচলিত ছিল। কিন্তু জরসিংহ রাজ্যের
সকল প্রধান প্রধান ব্যক্তিদিগকে ডাকাইরা নিরম করিয়া দেন,
বিবাহকালে কেহ যৌতুক দাবী করিতে পারিবে না, যথাব্যরে
প্রাদ্ধ সম্পন্ন হয় তাহা করিতে হইবে, অকারণ কেহ বেশী
ব্যন্ন করিলে, সে দগুনীর হইবে। এই নিরমে যে সমাজের
মহা উপকার সাধিত হইরাছিল, তাহা বলাই বাহল্য। এতভিন্ন
তিনি পথিকদিগের স্থবিধার জল্প ভারত্রের নানাস্থানে পাছনিবাস, হাট ও স্থন্দর রাজ্য প্রস্তুত করিয়া দিয়াছিলেন।
"একশ নম্প্রণ জন্মসিংহ্ কা" নামক একথানি গ্রন্থে জন্মসিংহের
শুণ গরিমার পরিচয় বিবৃত্ত হইরাছে।

বিশ্ববিখ্যাত রাজজ্যোতির্বিদ, ঐতিহাসিক ও সমাজ-

সংকারক মহারাজাধিরাজ স্বাই জয়সিংহ ১৭৪৩ খুটাজে সেপ্টেম্বর মাসে ইহুলোঁক পরিত্যাগ করেন। তাহার মৃত্যুতে কেবল জয়পুর নয়, সমস্ত ভারত এক অমূল্য রয় হারাইরাছেন। তাঁহার তিনজন প্রধান মহিবীও ভাঁহার সহিত এক চিতার শরন করেন। তাঁহার মৃত্যুর পর তংপুত্র জয়বীসিংহ জয়পুরের সিংহাসন লাভ করেন।

জয়সিংছ ৩য়, জরপুরের একজন কছেবাহ রাজা। ইহার পিতা জগৎসিংহ। পিতার মৃত্যুর পর জরসিংহ জন্মগ্রহণ করেন। ১৮৯১ সম্বতে (১৮৩৪ খুটান্দে) ইহার কামদার জটারামের প্রদত্ত বিষপানে ইনি পরলোক গমন করেন। জয়পুর দেখা

জয়সিংছ, সমাট মহম্মদশাহের সমর ইনি আগ্রার স্থবাদার ছিলেন। তিনি আগ্রা নগরের চারিদিকে সহরপণা অর্থাৎ উচ্চ প্রাচীর নির্মাণ করাইরাছিলেন। তাহাতে অনেকগুলি তোরণ ছিল, এখন কেবল ছইটা আছে।

জয়সিংহ, সিদ্ধরাজ নামে খ্যাত গুজরাটপট্রনের চৌলুক্য-বংশীয় একজন রাজা। ইনি রাজা কর্ণের ঔরসে ও জয়কেশীয় কল্পা মৈণাল-দেবীর গর্ডে জয়এহণ করেন। ঘ্যাশ্রয়কাব্য, প্রবন্ধচিস্তামণি, কুমারপালচরিত প্রভৃতি অনেক গ্রন্থে এই জয়সিংহ সিদ্ধরাজের বিবরণ বর্ণিত আছে। ইনি অয় বয়সেই শত্র ও শাস্ত্রে বিলক্ষণ পারদর্শিতা লাভ করিয়াছিলেন। তাঁহার বীর্যাবতা ও বৃদ্ধিমন্তা দর্শনে শতীব প্রীত হইয়া বৃদ্ধরাজ কর্ণ ইহাকে সিংহাসন প্রদান করিয়া (১০৯০ খুটাকে) বৈরাগ্য অবলম্বন করেন। কর্ণের মৃত্যুর পর তাঁহার সহোদর দেবপ্রসাদ নিজ পুত্র ত্রিভ্বনপালকে জয়সিংহের হন্তে অর্পণ করিয়া চিতারোহণ করেন। স্থ্রসিদ্ধ জৈনরাজ কুমারপাল ঐ ত্রিভ্বনপালের পুত্র।

জয়সিংহের আধিপত্যকালে বর্জরক নামে একজন যবন-রাজ সিদ্ধপুরে আসিয়া দেব ব্রাহ্মণের উপর অনেক জত্যাচার আরম্ভ করেন, অন্তর্ধান দেশের রাজার কনিষ্ঠ প্রাতাও যবন-রাজের পৃষ্টপোষক হইরাছিলেন। মহাবীর সিদ্ধরাজ সেই অত্যাচারের কথা শুনিরাই সসৈক্তে শ্রীস্থলতীর্থে উপন্থিত হইরা বর্জরককে পরাস্ত ও বন্দী করিলেন।

এক দিন এক যোগিনী আসিয়া সিদ্ধরাজকে বলেন—
"উজ্জারনী নগরে বিখ্যাত মহাকালীর মন্দির আছে, তাঁহার
আর্চনা করিলে মহা মশোলাভ হয়। আপনি উজ্জারনীপতির
সহিত মিত্রতা স্থাপন করিয়া তথার পিয়া মহাকালীর পূজা
কর্পন।" তাহা ভনিয়া সিদ্ধরাজ সসৈত্তে গিয়া মালবরাজ্য
আক্রমণ করেন। অবভিনাধ যশোবর্দ্ধা জয়সিংহের হত্তে বন্দী

ছইলেন। অবস্তি ও ধাররাজ্য জয়িনংহের অধিকারত্ত্ত ছইল। তিনি এই সমরে উজ্জিরিনীর পার্যবর্তী সিমরাজকেও পরাজিত ও ৰক্ষী করেন। মালব রাজ্য জয় করিয়া ফিরিয়া আসিবার সময় পথে অনেক রাজা তাঁহাকে স্থ স্থ ছহিতা সম্প্রদান করিয়া তাঁহার সহিত কুটু স্বিতাস্ত্রে আবদ্ধ হইলেন।

তৎপরে কিছুকাল তিনি সিদ্ধপুরে আসিয়া বাস করেন। এখানে সরস্থতীতীরে রুদ্রমাল ও মহাবীরস্থামীর মন্দির নির্মাণ করেন। পরে তিনি সোমনাথ ও গিরনরের নেমিনাথের মন্দির দর্শন, রাহ্মণ ও যাচকগণকে দান, সহস্রলিলস্বোবর খনন, নানাস্থানে দেবমন্দির, সদাত্রত ও শাস্ত্রচর্চার জন্ম বিভালয় স্থাপন করেন।

>>৪৩ খৃষ্টাব্দে মহাবীর সিদ্ধরাজ ইন্ট্রদেবের পদে মনঃ-সংযোগ ও অনশনত্রত অবলম্বনপূর্বক ইহলোক পরিত্যাগ করেন। বিখ্যাত বীর জগদেবপ্রমার সিদ্ধরাজ্বের সেনাপতি ছিলেন। জয়মঙ্গল প্রভৃতি অনেক কবি তাঁহার সভার থাকিতেন। বিখ্যাত জৈনাচার্য্য হেমচক্রও প্রথমে ইহার সভা উজ্জ্বল করিয়াছিলেন।

জয়সিংহ, কাশীরের একজন বিখ্যাত রাজা, স্থান্সলদেবের পুত্র। ইনি ১১২৯ হইতে ১১৫০ খৃষ্টান্দ পর্যান্ত রাজাত্ব করিতেন। কবিবর মন্ধাইহারই আশ্রয়ে থ্যাতিলাভ করেন। কিশ্মীর দেখ।

জয়সিংহ, বাবেরীর একজন রাজা। সিদ্ধান্ততশ্বসর্বস্থ-রচ-রিতা গোপীনাথ মৌনীর প্রতিপালক।

জয়সিংহ, মীর্জা, অহরের একজন বিথাতে রাজা। রাজা
মহাসিংহের পুত্র। মহাসিংহের মৃত্যু হইলে কে অম্বর সিংহাসনে বসিবে, এ সম্বন্ধে আন্দোলন হইতে থাকে। তৎকালে
জগৎসিংহের পৌত্র মহানীর জয়সিংহ ঘোধাবাইএর নিকট রাজ্যা
পাইবার আশা ব্যক্ত করেন। ঘোধাবাইরের উপরোধে
সম্রাট্ জাহাজীর জয়সিংহকেই অম্বরের সিংহাসন প্রদান
করেন। কিন্তু তাহাতে নুর্জাহান্ অত্যন্ত অস্তুই হন।

বীরবর জয়সিংহ সিংহাসনে আরোহণ করিয়া তীক্ষবৃদ্ধি ও বীর্যাবলে রাজ্য বিস্তারে প্রবৃত্ত হইলেন। বাদশাহ তাঁহার প্রতি সম্ভট হইয়া তাঁহাকে মীর্জা উপাধি প্রদান করেন।

যথন দিল্লীর ময়ুরাসন লাভ করিবার জন্ত দারা ও অরক-জেবের বিবাদ বাঁধে, তথন প্রথমে তিমি দারার পক্ষ অবলয়ন করিরাছিলেন, কিন্তু পরে বিশাদ্যাতকতাপুর্বক অরকজেবের পক্ষ অবলয়ন করার দারার সাম্রাজ্যপ্রাথির আশা চিরতরে বিশুপ্ত হয়।

জয়সিংহ অরঙ্গজেবেরও প্রাকৃত উপকার সাধন করিয়াছিলেন।

সমাট্ তাঁহাকে ছয়হাজারী মন্সব্দার পদ প্রদান করেন।
বে সমরে মহাবীর শিবজীর আভ্যানরে মোগল লাম্রাজ্যের
এক প্রান্ত হইডে অপর প্রান্ত পর্যন্ত কম্পানিত হইরাছিল,
মোগল সেনাপতিগণ বাঁহার নিকট পুনঃ পুনঃ পরাক্ত হইরাছিল
ছিলেন, সম্রাট্ অরদজেবেও বাঁহার ভরে সর্কাল সম্পদ্ধিত
থাকিতেন, সেই বীরকুলতিলক শিবজীকে একমাত্র অধ্যরাজ্ঞ অর্মাণ্ড পরাত্ত ও বলী করিতে সমর্থ হইরাছিলেন। কিন্ত
জ্বাসিংহ মহাবীর শিবজীর কথন অব্যাননা করেন নাই,
তিনি শিবজীকে বলী করিয়া দিলীতে আনয়নকালে তাঁহার
নিকট প্রতিজ্ঞা করিয়াছিলেন যে দিলীম্বর তাঁহার কেশাগ্র
স্পর্শ করিতে পারিবেন না। কিন্ত যথন জরসিংহ দেখিলেন
যে তৃত্ত অরক্তেবে শিবজীকে হাতে পাইয়া তাঁহার প্রাণবিনাশের চেষ্টা করিতেছেন, তিনি কালবিলম্ব না করিয়া
শিবজীকে দিলী হইতে পলায়নের স্থবিধা করিয়া দিয়া আপন
প্রতিজ্ঞা রক্ষা করেন। [শিবজী দেখ।]

জয়সিংহের বীর বলিয়া একটু গর্ব্ব ছিল। তিনি দরবারে সর্বসমকে স্পর্দ্ধা করিয়া বলিতেন, "আমি মনে করিলেই সাতারা কি দিল্লীর অধঃপতন ঘটাইতে পারি।" অরক্তেবও এই স্পর্কার কথা শুনিয়াছিলেন, কিন্তু তিনিও জয়সিংহকে ভয় করিতেন, সেই জন্ম প্রকাশ্রে তাঁহার কিছ করিতে পারেন না। তিনি জয়সিংহের কনিষ্ঠ পুত্র ক্ষীরোদ-সিংহকে অদররাজা দিবার লোভ দেখাইয়া তাঁহাকে পিত-হত্যার জন্ম উত্তেজিত করেন। নির্কোধ ক্ষীরোদসিংহ ধর্তের কথায় ভূলিয়া অহিফেনে বিষ মিশাইয়া পূজনীয় পিতার প্রাণ স'হার করিলেন। কিন্তু ক্লীরোদসিংহের পাপের প্রায়শ্চিত হইল। তাঁহার জ্যেষ্ঠ রামসিংহই পিতার সিংহাসনে অভিষিক্ত হইলেন। জয়সিংহদেব, জয়মাধ্ব-মানসোল্লাস নামক সংস্কৃত গ্রন্থকার। জয়সিংহনগর, মধ্যপ্রদেশের সাগর জেলার অন্তর্গত একটা গ্রাম। অকা ২৩ ৩৮ উ:, দ্রাঘি ৭৮ ৩৭ পুঃ। সাগর নগর হইতে ২১ মাইল দক্ষিণপশ্চিমে অবস্থিত। এথানে প্রায় তিন হাজার লোকের বাস।

প্রায় ১৬৯০ খৃষ্টাব্দে, সাগরের শাসনকর্ত্তা জয়সিংহ কর্ত্তক এই পল্লী হাপিত হয়। তিনি সামস্তরাজগণের আক্রমণ হইতে এই হান রক্ষা করিবার জন্ত এথানে একটী হর্গ নির্মাণ করেন, এখনও তাহার ভয়াবশেব দেখিতে পাওরা বায় । ১৮১৮ খৃষ্টাব্দে সাগরের সহিত এই পল্লীও বৃটীশ অধিকারভুক্ত হয়। তৎপরে ১৮২৬ খৃষ্টাব্দে আপা সাহেবের বিধবা মহিবী ক্ষমাবাইর বাসের জন্ত এই হান প্রদান করা হয়। এখানে থানা, ভাক্তবর, বিভালর ও হাট আছে।

জয়সিংছ্মিঞা, চতীভোত্তের একজন চীকাকার। अञ्जातिरहमृति, अरुकन विशाख देनद्राविक, बर्टरव्यव निश्व। छात्रछार भवानी निका वा छात्रमात्रकी भिका त्रक्रिका । क्षत्र (प्रः) व्यव्का राना चन्न । मभरपत्र धक्यम तावा। "শ্রতাযুধক কালিকো করবেনক মাগধঃ।" (ভারত ৭।৪ আঃ) २ जावुन्शवरनीव जहीनत्रांटजत भूख। (छात्रः २।১१।১१) ৩ দার্বভৌষ নৃপত্তির এক পুত্র। (ভাগ সাংখা> ) জয়দোমগণি, একজন বিখ্যাত জৈনপণ্ডিত। ইনি খণ্ডপ্ৰাশন্তি-वृष्डि क्रमा करवन। জয়ক্ষদ্বাবার (ক্লী) কোন খান বহু করিয়া সেই খানে विक्रोताक्तत य भिवित्र इाशिङ इत्र। জয়স্তম্ভ্র (পুং) অরপ্চক: তত্তা। অরপ্চক তত্ত। দেশ প্রভৃতি জয় করিয়া যে স্তম্ভ প্রোধিত হয়, তাহাকে জয়ক্ত কহে। "ত্রিকৃটমেব তত্তোটেচর্জরক্তস্তং চকার সং।" (রখু) জয়স্বামিন ( পং ) কাত্যায়নকর্মত্রের ভাষ্যকার। জ্য়া (ত্রী) জীয়তে ২নয়া জি করণে অচ্ততষ্টাপ্। ছর্গা। "কাত্যারনি মহাভাগে করালি বিজরে জরে।" (ভারত **৬**২২।২২) "क्य: क्नागित्रामा **क्षाकार्या मा**क्रवाहकः। अवः मनाि मा निजाः मा अवा পविकीिर्विजा ॥" ( उक्तरेव॰ ) জর শব্দ কল্যাণবাচক, আকার দাত্বাচক, অভএব যিনি নিতা জন্ম দান করেন, তিনি জন্ম বলিয়া পরিকীর্ত্তিত হন। ২ জন্মন্তীবৃক্ষ। [জন্মন্তী দেখ।] ৩ তিখিবিশেষ। "ত্ররোদশ্রপ্টমী চৈব ভৃতীরা চ তথা জরা।" ( জ্যোতি ) ত্রেদেশী, অষ্ট্রমী ও তৃতীয়া তিথির নাম জয়া। श्रामात्रिमी चामनी जिथिविद्याय । "क्या ह विक्या देवव क्या शी भागनाभिनी। चाप्रभारही महाभूगाः मर्स्तभाभहता विक ॥" ( उक्तरेव ) ৫ হরিভকী। ৬ ছুর্গার সধী। ৭ ছুর্গা। বরাহলৈলে পীঠ-স্থানে ভপবতী জ্বাদেবীর মূর্ত্তি বিরাজিত আছে। (দেবী-ভাগ॰ १।७०।৫२।) ৮ भोखांतुकः। > नीनपूर्वा। >० व्यक्षिमञ्च तुकः। (রাজনি॰)। ১১ পভাকাবিশেষ।

রোজনিং)। ১১ পভাকাবিশের।
"অগ্নিমন্থো জরঃ স ভাজ্বীপর্ণী পণিকারিকা।
জরা জরন্ধী তর্কারী নাদেরী বৈজরন্তিকা॥" (যুক্তিকরতক)
১২ জরন্ধ ঔষধবিশেষ।

জয়াদিন্ত্য (পুং) কান্দীরের একজন বিখ্যাত রাজা ও কাশিকা-বৃত্তিপ্রণেতা। [কারছ, কান্দীর ও জরাপীড় দেখ।] জয়ানীক (পুং) > ক্রপদরাজের এক পুত্র। ২ বিরাটরাজের এক ত্রাতা। [জরপ্রির শব্দ দেখ।] জয়াপীড় (পুং) কান্দীরের একজন রাজা। সংগ্রামাপীড়ের মুজ্য শন্ন (৭৫১ খু: আবে) ইনি নাজনিংহাসনে অধিকাহণ করেন। ইনি নাজা হইনা নিষিত্রর করিবার জন্ত সনৈত্তে বহির্গত হইনে ইহার স্ঞালক রাজনিংহাসন অধিকার করেন। ইনি কএকবিন পরে কিছুল্র গিরা বেধিলেন, তাঁহার অনেক সৈত্ত দল হাড়িয়া রজনীবোগে পলারন করিরাছে। ভাহা দেখিরা ইনি নিজের করদ রাজগণকে অ আ বেশে কিরিয়া বাইতে আলেশ করিলেন। কেবল কভিপর আছ্চরবর্গ ও পলারিত সৈন্তের অর্থন্তিল লইনা প্রেরাগধানে উপন্থিত হইলেন। ঐ স্থানে একটা অন্ত নির্মাণ করিয়া আন্ধণগণকে ৯৯৯৯ অর্থ দান করেন। ঐ অন্তে লিখিত ছিল, আনি একোনলক আর্থ আন্ধণগণকে দান করিলাম। বনি কেহ লক আর্থ দান করিতে পারেন, তাহা হইলে এই অন্ত ভালিয়া দিবেন। [কাশ্রীর ও কারন্থ দেখ।]

জয়াপ্তন (जी) শ্রোভোষনভেদ, করোর পাধর।

"স্রোতোহন্ত্রনং নদীকক ক্ষুস্ত্রোতোলরাপ্তনন্।" জ্য়াদ্ব্য (ক্লী) জরস্তী ও হরীতকী বয়। জ্য়াবতী (স্ত্রী) জরঃ বিদ্যুতে হস্তাঃ অন্ত্যুর্থে মতুপ্ মস্ত ব সংজ্ঞারাং দীর্থঃ, তত ভীপ্। কুমারাস্ক্র-মাতৃতেদ।

( ভারত ৯৷৪৩ অ: )

२ त्रांशिनीविष्मव। धवनची, दिनावनी ७ मनच्छीत्यांश উৎभन्न। (मनीजः)

জয়াবহা (স্ত্রী) জয়ং আবহতীতি আ-বহ-অচ্। ভত্রদন্তী বৃক্ষ। জয়াশিস্ (স্ত্রী) জয়াশীর্কাদ।

জয়াশ্রেয়া (প্রা) জরং আত্ররতি আ-শ্রি-জচ্টাপ্। জড়রীতৃণ। জয়াশ্ব (প্রং) বিরাটরান্তের এক দ্রাতা। (ভারত ৭।১৫৮।৯২) জয়াহ্বা (প্রী) জরস্ত আহ্বা আধ্যা যস্তাঃ। ভদ্রদন্তীর্ক। (রাজনি\*) জ্বান্তিন (ব্রি) ক্রেড্ং শীশমস্ত (জিদৃক্ষিবিশ্রীতি। পা ৩।২।১৫৭)

कि-हेनि। कामीन, विकारी।

"বলং মে পশুমারারাঃ স্ত্রীমব্যা জরিনে দিশাং।" (ভাগণ ৩৩১।৩৮) জ্বয়িষ্ণু (ত্রি) জি-শীলার্থে ইকুচ্। জয়শীল।

छत्रुम् (बि) बि-छिनि। अत्रशीन। "विअवूना तथा वर्ण्यक्तिः।" ( अक् ७।७२।१) "विअवूना वर्ष्यः नावरकः" ( अक् ১।১১१।১৬) 'अयूवा अवनीरनन' ( नावण)

জ্বোৎ (পুং) পুরিরাও কল্যাণবোগে উৎপর রাগিণীবিশেব। ইছা পঞ্চমবর্জিত। যথা—

শগ ম • ধ দি সা খ।" (সদীতর )

জারে হোগারী (জী) জারে ও গৌরীবোগে উৎপর রাগিণী
বিশেষ। (সদীতর )।

अटब्रेडी (जी) রাগিণীবিশেষ। গৌরী ও ব্যবতঞ্জীবোগে উৎপন্ন

ছর। ইহা সামস্ব, ললিভ ও পুরিয়া অথবা তোড়ী, সাহানা ও বিভাস বোগেও উৎপন্ন হইতে পারে। (সঙ্গীতরণ)

জান্তে (পুং) কাশ্মীররাজ বিজয়ের পুত্র। ইহার আজা-স্থান্তি বাত ছিল। ইহার মন্ত্রীর নাম সন্ধিনতি। ইনি ৩৭ বংসর রাজ্য করিয়াছিলেন। [কাশ্মীর দেখ।]

करमध्य ( रः ) এक थाडीन निव निक।

জয় ( বি ) कि क्ल्र्ट्र भकाः। ( শকিলিঙ্চ। গা ৩।৩।১৭২) ইঙি শক্তোষৎ গুণঃ ( ক্লয়জয়ে) শক্যার্থে। পা ৬।১৮১) ইডি বাস্তাদেশঃ। ক্লয়করণযোগ্য।

"নোহয়ং মনুষ্যনোকঃ পুত্রেণৈর কর্মেনান্তেন কর্ম্মন।" ( শতপথব্রাণ ১৪।৪।৩।২৪ )

জর (পুং) জৃ-ভাবে অপ্। জরা, বয়োহানি, র্জাবস্থা। [জরা দেখা]

জারঠ ( জি ) জীর্যাত্যনেনেতি জু-রঠ (জুশমোরণাঠ:। উজ্জ্ব দত্ত ১।১•২) ১ কর্কশ। ২ পাগু। ৩ কঠিন। ৪ বৃদ্ধ।

"নিরীক্ষমানস্তলীলাং মুমুদে জরঠো ভৃশং।" ( ভাগণ ৬।১।২৫) 'জরঠো বৃদ্ধঃ।' (স্বামীটাণ) ৫ জীর্ণ। (হেম) (পুং) ৬ জরা। (বিশ্ব)।

জর্ড়ী (জী) জ্বাত্তকাৎ অড় ততো গৌরাদিস্বাৎ ভীষ্।
তৃণবিশেষ। (রাজনি ) হিন্দীভাষার জরুড় বলে। পর্যায়—
গর্মোটকা, স্থনালা, জয়াশ্রয়া। ইহার গুণ—মধুর, শীতল,
সারক, দাহনাশক, রক্তদোষনাশক, রুচিকর। ইহা ভক্ষণ
করাইলে পশুদিগের হ্যাহয়। (রাজনি )

জ্বেণ (क्री) জনমতীতি জু-ণিচ্-ল্য । > হিন্দু, হিং । ২ কুঠো-ষধ । (ত্রি) ৩ জীর্ণ । (ক্রী) ৪ খেডজীরক ।

"অকাজী জরণং দীপাং মাগধী জীরকং দিতং।" (বৈভকর ) (পুং) ৫ জীরক।

"জীরকো জরণোজাজী কণা স্থাদীর্ঘজীরক:।" (ভাবপ্রকাশ) ৬ কৃষ্ণজীরক। ৭ সৌবর্চনালবণ। (শব্দারণ) ৮ কাসমর্দ। (রাজনিণ) জ্বরণ্ড্রুম (পুং) জরণো জীর্ণ: ক্রুম:। অশ্বকর্ণ বৃক্ষ।

জরণ দেই । প্রাণ্টি । ক্রেন্টির ক্রেন্টির করণ টাপ্। ১ ক্রফজীরক। (রাজনি\*) ২ জীর্ণ।

"পূন্বৈ চক্রঃ পিতরা মুবানা সনা যুপেব জরণা শরানা।"

(ঝক্ ৪।০০০)। 'জরণা জীর্ণো ।' (সারণ) ও বৃদ্ধ ।

"ভদ্রং জীবস্তো জরণামশীমহি।" (ঝক্ ১০।০৭।৬)। 'জরণাং
বৃদ্ধায়ং।' (সারণ)

৪ জরা। "বিপ্রাস্থা জরণামুপেয়ুবঃ" (ঋক্ ১০।৩৯।৮)
 'জরণাং জরাং' (সায়ণ।) ৫ মোক্ষ।

"প্রাক্তাহণে যদ্মিন্ পশ্চাদপদর্পণং তু তজ্জরণং।" (বৃহৎস° ৫।৮৮)
ভ স্কৃতি।

"বকাজরণা অনাকৃতঃ।" (বক্ ১।১৪১।৭) 'জরণা ভডিঃ' (সামণ)

জत्रि (वि) वृत्यनि। चिक्रमात्रका

জরণিপ্রা ( वि ) স্বতিকারক।

"সত্তি স্পৃধো জরণিপ্রা অষ্টাঃ।" ( ঋক্ ১০)১০/১২ ) 'জরণিপ্রা ভোতৃণাং' ( সারণ )

জর । (वि) जीर्ग। (मः किश्रमात छ॰)

জরণা (जी) अता। "वृदः वन्ननः निवं छः अत्रशाहा।"

( 4)ほくくに 事件 )

'क्यत्गामा क्यमा।' ( नाम्)

জর পুর (ঞ্জি) আত্মনঃ জরণং স্ততিং ইচ্ছতি কাচ্-উন্। আপনার স্ততি অভিলামী। "সরৎসরস্যাং কারবে জরগুরং" (ঋক্ ১০।৬১।২৩) 'জরগুর স্ততিমিচ্ছন্।' (সায়ণ)

জরৎ ( ত্রি ) জ্বত্ন। ১ বৃদ্ধ। (অমর) ২ পুরাতন। (হেম° ) (পুং) জরতীতি জু-শৃত্। বৃদ্ধ।

জরৎ কর্ণ (পুং) একজন ঋষি। "অমিহত্যং জরতঃ কর্ণমাবাগ্নিঃ।" ( ঋক্ ১০৮০।৩ )

জ্বত্কারু (পুং) একজন ধবি, যাযাবর। "জরেতি ক্ষমান্তবৈ দারুণং কারুসংজ্ঞিতম।

শরীরং কারু তত্মানীতং স ধীমাচ্ছলৈ: শলৈ: ॥

ক্ষপদ্মানাস তীব্রেণ তপদেত্যত উচ্যতে। জরৎকারুরিতি ব্রহ্মন্ বাস্কর্কেভগিনী তথা॥"(ভার•১।৪০।৩-৪)

জরা শব্দের অর্থ ক্ষয়, কারু শব্দের অর্থ দারুণ। সেই মহর্ষির শরীর অতিশয় দারুণ ছিল, তিনি কঠোর তপ্তা হারা শরীর ক্ষর করিয়াছিলেন, সেই জন্ত তাঁহার নাম জরৎকারু হইয়াছিল।

জরংকার ধ্বি প্রজাপতি সদৃশ ব্রহ্মচারী ও তপঃপরারণ ছিলেন। সকল সময়েই ব্রতায়্ঠান ও উগ্র তপ্সার নিযুক্ত থাকিতেন। তিনি কোন সময়ে অবনীমগুল পরিভ্রমথে নিযুক্ত ইইলেন। যেথানে সায়ংকাল উপস্থিত ইইল, সেই দিন সেই খানেই অবস্থান করিতেন। এইরূপ দীর্ঘকাল ধরিয়া আহার নিদ্রা পরিত্যাগ ও ইল্ডন্ড: পর্যাটন করিয়া তাঁহার কলেবর শীর্ণ ইয়াছিল। তথাপি তিনি বায়ুমাত্র ভক্ষণ করিয়া কঠার ব্রতায়্ঠান করিতেন। একদিন ভ্রমণ করিতে করিছে কোন স্থানে উপস্থিত ইয়া দেখিলেন, কতিপর ব্যক্তি উর্জ্পাদ ও আধামন্তক ইয়া মহাগর্জে লম্বমান রহিয়াছেন। তাহা দেখিয়া তাঁহার দয়া হইল। তাঁহাদিগকে জিল্পাসা করিলেন, "আপনারা কে প কেনই বা ম্বিকচ্ছিয়মূল উলীয়ন্তম্ব মাত্র অবলম্বন করিয়া অধামুধে এই মহাগর্জে লম্বমান রহিয়াছেন প্" তাঁহারা কহিলেন, "আমরা ঘাষাবর নামে শ্বিবংশীয়। স্স্থান কর হওয়াতে অধঃপতিত ইইতেছি। আমাদের ম্বর্জারগারে স্থানিগরে

পরিসীমা নাই। আমাদের অরুৎকারু নামে এক হতভাগ্য পুত্র আছে, সেই গ্রমতি দারপরিগ্রহ না করিয়া অর্ছনিশি কেবল তপস্থায় কালাভিপাত করিতেছে। স্বভরাং কুলক্ষর উপস্থিত দেখিয়া এই মহাগর্জে লম্মান বহিয়াছি। আমা-**(मत वः भवर्षन अत्रः कांक्र आकिएछ। आमत्रा अनाथ ७** ত্ত্বতের স্থার রহিরাছি। ভূমি কে ? কি নিমিত্তই বা বান্ধবের স্থার অমুশোচনা করিতেছ।" তথন জরৎকার কহিলেন, "আমিই সেই আপনাদের হতভাগ্য সম্ভান করৎকার। এখন कि कतिव, आपनाता आखा कक्रन।" छांहाता हैहात वाटका অতিশন্ত সম্ভোষণাভ করিয়া কহিলেন, "বংস! দারপরিগ্রহ कतिया मञ्जात्ना शामनशूर्वक आमानिशतक त्रका कत ।" अतर-कांक्र करित्नन, "आमि প্রতিজ্ঞা করিলাম, যদি কস্তা আমার খনামী হয় এবং তাহার বন্ধবান্ধবগণ খেচ্ছাপুর্বক আমাকে त्रहे कका जिका अक्रभ मान करत, जाहा हहेरम जाहारक आमि যথাবিধি বিবাহ করিয়া ভাহার গর্ভে সম্ভানোৎপাদন করিব।" এই বলিয়া তিনি অভীষ্ট স্থানে গমন করিলেন। একদিন অরণ্যে প্রবেশ করিয়া উচ্চৈ:স্বরে তিনবার ক্সা ভিকা করি-লেন। তাঁহার সেই ভিক্ষাবাক্য প্রবণ করিয়া নাগরাক বাস্ত্রকি নিজ ভগিনী জরুৎকারুকে আনিয়া মহর্ষিকে প্রদান করেন। इति जांशांक यनामी कानिया विधिभूर्सक विवाह कतितन। विवाह कतिवात नमम এই नियम हहेन (य, हेनि कथन७ পত্রীর ভরণপোষণ করিবেন না এবং পত্নীও ইহার অপ্রিয়া-চরণ করিলে তৎক্ষণাৎ ইনি তাহাকে পরিত্যাগ করিবেন। এইরূপে কিছু দিন অভিবাহিত হইলে পর, নাগক্সা জরংকারু মহর্ষি-সংযোগে গভিণী হইলেন। এক দিন মহর্ষি পত্নীর অঙ্কে মাথা রাখিয়া নিজিত আছেন, এমন সময় স্ব্যান্ত হইতে দেখিয়া স্বামীর ক্রিয়ালোপের আশকার ইহার পদ্দী স্বামীর নিদ্রা ভক্ত করিলেন। মহর্ষি বরৎকার নিদ্রাভক্তে কুপিত হইয়া বলিলেন, "তুমি আজ আমার অবমাননা করিয়াছ, এই নিমিন্ত ভোমাকে আৰু জন্মের মত পরিত্যাগ করিলাম। তুমি তোমার ভাঁতাকে কহিও, দেই মুনি চলিয়া গিয়াছে। আরও বলিও তোমার যে গর্ভ হইরাছে, ইহাতে প্রদীপ্তভেজা এক পুত্র জারিবে।" এই ব্রিরা মুনি প্রস্থান করিলেন। পদ্মীর অনেক কাকৃতি মিনতিতেও জরুংকারু আরু কর্ণপাত করিলেন না। (ভারত আদি)

(ক্রী) ২ জরৎকারুর পত্নী, আন্তিকের মাতা, বাস্থকির ভগিনী, মনসাদেবী। [মনসা দেব।] "আন্তিকন্ত মুনের্মাতা ভগিনী বাস্থকিন্তবা। জরৎকারুমুনেঃ পত্নী মনসাদেবী মমোহন্ত তে।" জরৎকারুপ্রিয়া (ত্ত্রী) জরৎকারোঃ শ্বনামখ্যাতজ সুনেঃ প্রিরা (৬৩৭)। সনসাদেশী।

জরতী (জী) জরৎ-ভীস্। (উগিত্ত । পা ৪।১।৬) বৃদ্ধা। (রাজনিশ) জরপুদ্ধ, প্রাচীন পারসিক ধর্ম-প্রচারক। প্রীক্ষিণের নিকট ইনি জরজনেস্ (Zarastrades) বা জোরোজ্যের্ (Zoroastres), রোমক্ষিণের নিকট জোরোজ্যার (Zoroaster) (এই নামেই রুরোপে প্রসিদ্ধ) এবং বর্জমান পার্সীদিগের নিকট জরদোত্ত্ নামে থ্যাত। কিন্তু পারসিক জাতির প্রাচীনত্ম গ্রন্থস্য নামেই অভিহিত।

এখন জরপুত্র বা জরদোন্ত বলিলে কেবল একমাত্র আব-জিক ধর্ম প্রচারককেই বৃঝার। কিন্তু পূর্ককালে একাধিক জরপুত্র ছিল, অবস্তা গ্রন্থে তাহার উল্লেখ আছে। তদ্প্রে বোধ হয়, বয়সে ও জ্ঞানে যিনি সর্কপ্রধান ও রুদ্ধ তাঁহাকেই জরপুত্র বলা হইত। বৈদিক জরদাষ্টি শব্দের সহিত এই জরপুত্র শব্দের অনেকটা সৌসাদৃশ্য আছে।

এখন বেমন "দক্তর" বলিলে অগ্নুপাসক পার্রদিক পুরো-হিতকে বুঝার, পুর্বালনে জরপুত্র বলিলেও এই রূপ বুঝাইত। ধর্মপ্রচারক জরপুত্রও প্রথমে এই রূপ একজন "দক্তর" ছিলেন। ইহার পিতার নাম পৌক্ষষশা।

ইনি স্পিতমবংশে জন্মগ্রহণ করিরাছিলেন বলিরা স্পিতম-জরপুর নামেই প্রাচীন গ্রন্থে বিবৃত। স্পিতমবংশ "হএচড়স্প" নামেও থ্যাত ছিল। এই জন্তই ধর্মবীর স্পিতম জরগুল্পের কক্সা যশ্ম গ্রন্থে "পৌক্ষচিষ্ঠ হএচড়স্পানা স্পিতামী" নামে বর্ণিত হইরাছেন।

কোন কোন গ্রন্থে ইনি "জরথুস্ততেমো" অর্থাৎ শ্রেষ্ঠতম ও সর্ব্বোচ্চ জরপুস্ত্র নামে অভিহিত। ইহাতে বোধ হয় তিনি বর্ত্তমান হস্তর-ই-দম্ভরাণের স্থার সর্বপ্রধান আচার্য্য ছিলেন। অপরাপর প্রাচীন ধর্মবীরদিগের স্থায় জয়থুস্ত্র-সম্বন্ধে প্রকৃত ইতিহাস জানা বায় না।

ব্রীকদিপের মধ্যে লিদিয়াবাসী জন্থােদ্(৪৭০ খঃ পূর্বাজে)
সর্বপ্রথম লেখেন যে, জরদান্ত টুয়য়ুদ্ধের ছয়শত বর্ষ পূর্বেজ
জীবিত ছিলেন। আরিষ্টটন্ ও ইউডায়েদ্ প্লেটোর ছয়
হাজার বর্ষ পূর্বেব ইহার আবির্জাবকাল ছির করিয়াছেন।
প্লিনির মতে টুয়য়ুদ্ধের ৫ হাজার বর্ষ পূর্বেব জরদান্ত আবির্ভূত
হইরাছিলেন। এ দিকে অয়ৢপাসক পারসীগণ বলিয়া
থাকেন—'জন্মঅবতার যিনি কব-বীতাল্প নামে বৃণিত,
ভিনিই পারভরাজ দরায়ুদের পিতা হয়ভাল্পেন্। তাঁহারই
সমর জরদােত আবির্ভূত হন।' এরপ বলে করপুত্র ৫৫০
খ্যাঃ পূর্বাবের লোক হইরা পঞ্জিছেন। কিন্তু প্রশিক্ষ

পারসিক ধর্মণাত্রবিদ্ মার্টিন ছোগের মতে—"ইরাণীর প্রবাদদূলক বীজ্ঞান্প ও গ্রীক-বর্ণিত হরস্তান্পেদ্ এক ব্যক্তি নহেন।
বীজ্ঞান্প কোন্ সময়ে ছিলেন, তাহা এথনও ছির হয় নাই।
পারসিক ধর্মণাত্রগুলি পর্ব্যালোচনা করিলে জরগুল্লকে ১০০০
খৃঃ পূর্বাব্যের পরবর্ত্তী বলিরা গ্রহণ করিতে পারা যার না।"

পারসিকদিগের ধর্মগ্রন্থ অরথুত্র সম্বাদ্ধ অনেক আলোকিক ঘটনার উল্লেখ আছে, তাহাতে অরথুত্রকে অসাধারণ দেবাতীত গুণসম্পার ঈশ্বরত্ব্যা ব্যক্তি বলিয়া মনে হয়। কিন্তু প্রাচীনতম গ্রন্থস্থাই ইনি মন্ত্রপাঠক, বক্তা, অহুরমজ্ন-নিযুক্ত দৃত ও তাঁহার আদিষ্ট উপদেশাদি প্রচারকারী বলিয়া বর্ণিত। নবম যােই ইনি ঐর্থন বএজাে অর্থাৎ আর্য্যনিবাসে প্রসিদ্ধ এবং বন্দীদাদ পাঠে ইহাকে বাধ্ধি (বাহ্নীক) বর্তমান বাল্ধ নামক স্থানবাসী বলিয়া বোধ হয়।

अत्रपुत्र একেশ্বরবাদী ছিলেন। যথন দেবধর্মাবলম্বী ভার-তীর আর্য্য ও অসুর-মতাবলম্বী পারসিক আর্য্যদিগের মধ্যে দারুণ বিবাদ উপস্থিত, যথন অধিকাংশ পার্দিক বিবিধ দেবদেবীর উপাসনা ও কু সংস্থার জালে জড়িত ছিল, সেই সময়ে জরথুস্ত একেশ্বরবাদ প্রচার করেন। পারসিকদিগের প্রাচীনতম গাণা ও প্রাচীনতর যগ্নগ্রন্থে তাঁহার প্রবর্ত্তি জ্ঞান ও ধর্মতন্ত্র অবগত হওয়া যায়। তিনি বৈতবাদী অর্থাৎ প্রাক্কত ও আধ্যাত্মিক জগতের হুইটী মূলকারণ স্বীকার করিতেন। বাক, মন ও কর্ম এই ত্রিতয়ের উপর তাঁহার ধর্মনীতি স্থাপিত। যথন গ্রীকগণ প্রাক্ত জ্ঞানমার্গে বিচরণ করিতে শিথেন নাই, মহাত্মা প্লেটোও যথন নিগৃঢ় আধ্যাত্মিক তত্ত্ব অব-গত হইতে পারেন নাই, তাহার বহুপুর্বে জরগুল্প জ্ঞান ও ধর্ম সম্বন্ধে সুযুক্তিপূৰ্ণ তত্ত্ব প্ৰকাশ করেন। অহনবৈতি গাথায় জরপুত্রের মত বিবৃত আছে। তৎপাঠে বোধ হয়, তৎসাময়িক ও তাঁহার বহু শতাকী পরবর্তী অনেক ভাবুক জ্ঞানী অপেকাও व्यत्नक शंजीत जब मकन ठाँशत श्रमत्य डेनिज श्रेग्री हिन। তাঁহারই প্রভাবে এখনও পারসিকগণ সেই প্রাচীন আবস্তিক ধর্ম রক্ষা করিতে সমর্থ। [পারসিক শব্দে বিস্কৃত বিবরণ দ্রষ্টব্য।] জ্বদৃষ্টি ( অ ) > অতি বৃদ্ধ। "মন্না পত্যা জ্বদৃষ্টির্যথাস:।" ( अक् ১०१४ (१७७ । ) ( श्वी ) २ नीर्च कीवन ।

শ্ব্দারস্তব্দেমামশৃতক্ত শ্রুষ্টিমন্চিত্যমানা ব্যবদষ্টিরস্ত তে।"

( अर्थर्स भारा)

জ্বদগ্র (পুং) জরঞাসো গোশ্চেতি (গোরতনিতদ্কি। পা ৫।৪।৯২)। ইতি টচ্। জীর্ণ ব্ব, বৃদ্ধোক্ষ।

"জরদদ্বঃ সমন্নাতি দৈবাহপগতং তৃশং।" (পঞ্চত্ত ৪।৮৪)। শর্মারুপ জীপ রুষ। ँ निज्ञाक वर्शाक्षाकः भविष्वाद्धाः स्वत्रत्ववः। १० (छातः २०।৯०। ७৮) स्त्रत्वत्वे विष्याचा । विष्याचा विष्याचा, स्वयन्त्राधा छ स्वाक्षा नक्ष्य थाका। (तृहरूनः २।२) [स्वात्रत्वव दाय।] स्त्रत्वि व्यव्याच्या विषयः। विषयः।

"ছামগ্রে অভিথং পূর্কং স্থলম্মানং স্বরসং জরছিবং।" (ঋক্ ৫।৮।২)
'জরছিবং জরতাং বৃহ্ণাণাং বিষং ব্যাপকং জীর্ণোদকং
বা।' (সারণ)

জরস্ত (পুং) জীর্য্যতীতি (জ্বিশিজ্যাংকচ্। উণ্ ৩)১২৬)
ইতি কচ্। ১ মহিষ। ২ বৃদ্ধ। (ত্রিকাণ্ড।) স্ত্রিয়াং ভীষ্।
জরমান (পুং) একজন ক্ষি।

জরয়িতৃ ( ত্রি ) বরণকারী।

জ্বরমু ( আ ) বৃদ্ধ হওয়া।

জরস্ (ক্রী) > জরা। (পুং) ২ শ্রীক্ষেরে এক পুত্র। (হরিবংশ)
জরসান (পুং) জীর্যাতি জরাএত্তো ভবতীতি জ্বরোহানৌ
অসানচ্(ছন্দশু সানচগুজ্ভাাং। উপ্ ২৮৬) পুরুষ। (উজ্জ্ব)
জরা (ঝী) জীর্যাত্যনরা জ্ব্লঙ্ (বিদ্ভিদাহিভ্যোহঙ্। পা
০০০১০৪।) (ঝদ্শোহিভি গুণ:। পা ৭।৪।১৬) ইতি গুণ:।
> ব্রাবহা, বার্কিয়। ২ কালের ক্যা। পর্যার—বিশ্রসা।

"কালকন্তা জরা সাক্ষাৎ লোকস্তাং নাজিনন্দতি। স্বসারং জগৃহে মৃত্যুঃ ক্ষয়ায় যবনেশ্বরঃ॥" (ভাগবত)

ত্রকবৈবর্তপ্রাণের মতে কালক্সা জরাদেবী চতুঃবন্ধী রোগ প্রভৃতি ভ্রাভূগণের সহিত পৃথিবীতে নিয়ভ পরিভ্রমণ করিতেছেন। ইনি অবসর পাইলেই লোকদিগকে আক্রমণ করিয়া থাকেন। যে ব্যক্তি প্রত্যহ চক্ষে জলদান করে, वाशिम करत, भीरमंत्र व्यासांचारण, कर्र्ण ७ मखरक रेजन धानान करत, वमरख ध्याजःमक्तात्र समग करत, यथाकारम वामा जी সম্ভোগ করে, খাতজলে বা শীতলজলে স্নান করে, চন্দনদ্রব একণ করে, কদ্যা জল ত্যাগ করে, সময়ে আহার করে, শরং-कारन (त्रोजवर्জन करत्र, श्रीत्र वाशुरनवन करत्र, वर्वाकारन গ্রমজলে মান করে, বর্ষাকালে বৃষ্টির জল সেবন করে না; সভা মাংস, হ্রাও স্বভ ভোজন করে, কুধার সময় আহার, ভৃষ্ণার সময় জলপান এবং নিত্য তাখুল ভোজন করে, হৈয়কবীন (সন্ত প্রস্তুত ন্বত) ও নবনীত নিয়মিত ভোজন করে এবং শুক মাংস, বৃদ্ধান্ত্রী, নবোদিত রোজ, তঙ্গণ দধি ও রাত্রিতে मिंग, तकः वना, प्राप्तनी, अपूरीमां वा अवज्ञा मात्री मान করে না, জরা এরপ লোকদিগকে ভাতৃগণের সহিত আক্রমণ ক্রিতে পারে না। বাহার। ইহার অভ্যাচরণ করে, জরা নর্মদা जाहारमत्र भंतीरत वांग करत्र । ( बन्नदेवन्छ अञ्चलक )

থ এক কামরপা রাক্সী, দে মগবের এক কাবারে বাস্করিত। এই রাক্সীই অরাসকের অর্কদেনর বোড়া দিরা তাঁহাকে জীবিত করিরাছিলেন। [অরাসর দেখা] এই রাক্সী প্রতিস্থৈ ক্রমণ করিত বলিরা বন্ধা ইহার নাম গৃহদেবী রাখিরাছিলেন। বে ব্যক্তি ইহার নববের্বসস্পারা সপ্রা মৃর্তি গৃহে লিখিরা রাখে, তাহার গৃহ কর্মণা বন্ধান্ত ও প্রেলারানিতে পরিপূর্ণ হয়। এই রাক্সীই বন্ধী নাবে খ্যাত। (ভারত আদি) ও একজন ব্যাধ। শ্রীকৃষ্ণ বখন বছরংশ ধ্বংশের পর বৃক্ষর্থল মৌনভাবে বিদ্যা ছিলেন, সেই সময় এই ব্যাধ মৃগল্লমে উহাকে বধ করে। কথিত আছে, এই ব্যাধ মৃগল্লমে উহাকে বধ করে। তথিত আছে, এই ব্যাধ মৃগল্লমে অবভার। (ভাগা) ও জীরিকা বৃক্ষ, কীরই গাছ। (শক্ষরণ) ৫ ভতি। "অহল বলা তনা গিরা জরারৈ ব্রহ্মণশতিম্" (গ্রক্ ১০০৮১০।) ও অপ্রির্বাদিনী স্রী। "বা চ ভার্যা বির্বাদিনী ক্ষমণা কলহপ্রিরা।

ৰচনোত্তরবক্ত্রীচ সা জরা ন জরা জরা ॥" (চাণক্য)
জ্বন্ধাগ্রন্ত (জি) জরদা গ্রন্তঃ। জরাভিভূত, জরা যাহাকে গ্রাস
করিরাছে।

জরাতুর (ত্রি) জররা আত্রঃ। > জীর্ণ। ২ জরারোগগ্রস্ত।(শলর\*)

"মদেকপুলা জননী জরাতুরা নবপ্রস্তিবরটা তপদ্দিনী।

গতিস্তরোরের জনস্তমর্জবর্হো বিধে দ্বাং করুণা রুণদ্ধি ন ॥"

( নৈবধ ১০০৫)

জরাপুষ্ট (পুং) জননা রাক্ষ্যা পুট: ০ডং। জনাসক। (শব্দরণ) জনাবোধ (পুং) জননা স্বত্যা ব্ধ্যতে ব্ধ-অচ্। স্বতি বানা বোধমান অধি।

"ম্বরাবোধতবিত্তিবিশে বিশ বজ্ঞিয়ার" (ঋক্ ১।২৭।৫) 'ম্বরা শুত্যা বোধমানাখেঃ।' (সায়ণ)

জরাবোধীয় ( গং) জরাবোণেত্যকান্তি ভাব:। সামভেদ।
"অধ্যে মৃত্ক্যা ব্রিকেত চেতি জরাবোণীরমগ্রিপ্রোমসাম কার্য্যং"।
(তাঞ্চাব্রাণ ৪।২।১৫)।

জরাজীক (পুং) জরাতঃ ভীক: । > কামদেব। ( হেম ২।১৪১।) ( ত্রি ) ২ জরা হইতে জরশীণ।

জরায়নি ( গুং ) জরারা রাক্ষ্যা অপত্যং জরা বাহনকাৎ কিঙ্। জরাসন্ধ। ( শব্দর )

জরায়ু (পুং) জরামেতীতি জরা-ইণ্ ঞূণ্। (বিধররো: প্রিণ:। উণ্ ১৪৪।) ১ পর্তবেষ্টনচর্দা। পর্যার—গর্তাবর, উব, বলন। "যা তু চর্দাফুতিঃ স্কা জরায়্: না নিগছতে।" (ভগবভীগীং) ২ বোনি।

"জরায়ুণা মুখে জ্বন্ধে কঠে চ ককবেটতে। খালোমার্গনিয়োগান্ত ন গর্ভন্থ: প্রারোধিতি ॥" ( স্থানত ) ২ অমিলামর্ক। (রাজ্নি') ও লটার্ পজী। (মেরিবী)। ভ কুমারাজ্যসমাজ্জেন।

"পদ্দিকা বংকুণিকা জরার্জ্জরাননা ॥" (ভারত )
জরামুক্ত (জি) শ্বাবো র্ডারতে জনত। গর্তাশরকাত, বে
গর্তাশরে সম্বাহণ করিবাহে, মহন্ত গো প্রভৃতি।

শ্বা জু চর্দাকৃতিঃ হুদ্মা জরারুঃ দা নিগন্ধতে। ভক্রশোপিডরো র্বোগক্তমিন্ সংকারতে বতঃ।

তত্র গর্ডো তবেদ্বন্ধান্তেন প্রোক্তো জরার্জঃ ॥" (ভগনতীগী॰)
বিশুদ্ধ শুক্রপোণিত সংবোগে জরার্তে গর্ড (কুল্লির্ড জীব)
উৎপন্ন হর। গর্ড পরিপুট হইলে নির্দিট সমরে অর্থাৎ ১০৮৮৮৩
মাসে গর্ড প্রস্ত হর। সেই প্রস্ত জীবের নাম জরার্জ।

"शनवन्छ मृशरिक्टव ब्रामारम्हाकद्रकान्छः।

রক্ষাংসি চ পিশাচাক মহন্যাক জরাযুকাঃ।" ( মহু ১।৪৩) জরাসন্ধ (পুং) জননা তদাধানা প্রসিদ্ধনা রাক্তা কতা সদ্ধা **एम्हमः(राजनमञ्ज। मगर्धत्र এक विधाज द्राका। हळ्वरः**नीद রাজা বৃহত্তথের পুত্র। রাজা বৃহত্তথ পুত্রকামনার চগুকৌশি-কের আরাধনা করেন। ভগবান চওকৌশিক তাঁহার কঠোর তপভার সম্ভ হইরা এক ফল প্রদান করিয়া বলিয়া দেন, এই কল মহিবীকে ভক্ষণ করাইলে তুমি অভিলবিত পুত্র লাভ कत्रित्त । त्राका वृहक्रत्थत्र इहेंगे क्षी हिन, त्राका त्नहे स्वत्मख कन इट्थर विकक कतियां भन्नी दश्रक थानान करतन। धे দেবদত কলের আশ্চর্যা প্রভাবে একদা উভন্ন মহিবীই গর্ভিণী हरेलन এবং वर्श नयदि वर्ष वर्ष भूज अन्त कितिन। রাজা বৃহত্তপ অর্দ্ধ অর্দ্ধ পুত্র প্রাস্থের কথা শুনিয়া অত্যস্ত क्क हरेरान धदः कर्क भूखवत्ररक भागारन निरक्ष्म कतियात जारम् कतिरगन । ताजात चारमर्ग वर्ष भूजवत्र भागारन निक्छ इरेग। धरे भागान बतानात्री कामक्रण धक রাক্ষনী বাদ করিত। জরা দেই খণ্ডবর জোড়া দিরা बीविष्ठ कतिरमन, এই अबरे देशत नाम अतानक रहेग। এই কামরূপা রাক্ষ্যী বালককে জীবিভ করিয়া রাজা ब्रह्यस्वत्र निक्छे याहेबा ध्रामान क्विरनन ध्रवर कहिरनन, "মহারাজ এই বালক অভিশন্ন পরাক্রমশালী হইবে এবং रेरात मिक्तिम हिन्न ना रहेरण मुक्ता रहेरव ना, कानिरवन।" क्राय ब्रदानक अफ्रियन भन्नाक्रमभागी रहेना फेठिन। এই জরাসন্ধের স্পত্তি ও প্রাপ্তি নামে হুই কছা ছিল। ঐ কভাবরকে ভিনি কংলের করে অর্পণ করিরাছিলেন। ধরুর্বক্তে আকুকের হতে কংস নিহত হইলে, জরাসর জামাত্রথে নিতাক ছংখিত हरेबा अब्द-निर्वाचन मानदन दकादश अहोतलनात मधूबा चाकमन करतन এবং प्रभूतांवानीनिशस्क कठिनव केश्वीकृत करतन,

किस नवत्रपरास किहूमांच क्रुकार्या रून नारे। जिनि कान-मिवनज्ञश्वान अनियार ब्लाट्याया रहेता गितियम रहेटक क्रकवर মানবে একটা গলা একোনশতবার দুর্ণিত করিরা নিকেপ करतन । छेश मध्तात निकाष्टरे शिक्षक इत । के शना द्व चारन পভिত रद, छारा भनावमान नारम धारिक। सनामक श्रीचन्द्रव वक कतियात मानत्त्र चानक त्रांबादक बन्न कतिया वन्दी करतन। यूथिकित त्राक्त्यत्र वक्क कतिवात नमत्र कतानकरक পরালিত করিতে না পারিলে রাজপুর যজ্ঞ সমাধা হর না ভাবিরা শ্রীক্লকের শরণাগত হইলেন। শ্রীক্লক ভীমার্জনের সহিত ছাতক ব্রাহ্মণের বেশ ধারণ করিয়া জ্বাস্থ্য বধের निविद्य मगर्य योजा कतिरानन । वथा नमरत्र मश्रय उपिष्ठिक हरेश क्रश्तान कर्कनाक करितन. "तथ कर्कन। धरे शितिउक ष्मতीय छत्रमञ्जल। धे रात्थ देवहात, वताह, श्वयंछ, श्विशिति छ टिकाक. এই পাঁচটी পর্বত নগরীর চারিদিকে শোভা পাই-তেছে, এই পাঁচটা পর্বত ঐরপ ভাবে আছে বলিয়া হঠাৎ শত্রুগণ আসিয়া এই নগরী আক্রমণ করিতে সমর্থ হয় না এবং স্থারযুদ্ধেও জরাসন্ধকে পরাজর করা অতীব ত্র:দাধ্য। এই জন্তই অভ আমরা নিজ নিজ বেশ পরিত্যাগ ও বন্ধচারী বেশ পরিধান করিয়া এই স্থানে উপস্থিত হইয়াছি। ঐ যে ভিনটী ভেরী দেখিতে পাইতেছ, রাজা বৃহত্রথ ব্ররপ্রধারী দৈত্যকে সংহার করিয়া তাহারই চর্ম্মধারা ঐ তিনটা ভেরী প্রস্তুত করেন। ঐ ভেরীত্ররে একবার আঘাত করিলে এক মাদ ধরিয়া গভীর ধ্বনি হইতে থাকে। এখন তোমরা শীঘ ঐ ভেরী ভয় কর।" ভীমার্জন শ্রীক্রফের এই কথা ভনিয়া कानविनम् ना कतिया एखतीवाय ख्या कतिरागन । भारत क्रांखरारा ক্লক্ষের আদেশে চৈত্যপ্রাকারের নিক্ট গমনপূর্বক মুপ্রতিষ্ঠিত পুরাতন চৈত্যশৃক ভয় করিলেন এবং হাইচিত্তে মগধপুরে প্রবেশ করিলেন। ক্রেমে তাঁহারা তিনজনে জরাসক্ষ সমীপে সমুপন্থিত হইলেন। ছাতক আক্ষণের বেশ দেথিয়া কেহই তাঁহাদের গতি রোধ করিল না।

জরাসক তাঁহাদিগকে সাতক ব্রহ্মণ বিবেচনা করিয়া
মধুপর্কাদি প্রদান করিয়া কুশল জিজ্ঞানা করিলেন। প্রীক্তন্ধ
জরাসককে কহিলেন, "ইহারা চুইজন এখন নিরমন্থ, পূর্বারা
অতীত না হইলে আলাপ করিবেন না।" জরাসক ককের
এই কথা শুনিরা তাঁহাদিগকে বজ্ঞাগারে রাথিয়া স্বীর গৃহে
গমন করিলেন। পরে অর্করাত্র ধনরে সমুপন্থিত হইয়া
তাঁহাদিগকে সাজক ব্রাহ্মণোচিত পুরালি করিলেন। জীমাক্রিল পূজা গ্রহণ করিয়া ব্রাহ্মণোচিত ক্রিবার্কর প্রেরাগ
করিয়া আশীর্কাদ করিলেন। জরাসক তাঁহাদিগের বেশ দর্শন

